উত্তর✓ ক　বিস্তারিত দেখুন　হালদা নদী বাংলাদেশের পূর্ব-পাহাড়ি অঞ্চলের খাগড়াছড়ি ও চট্টগ্রাম জেলার একটি নদী। নদীটি পার্বত্য চট্টগ্রামের বাটনাতলী পাহাড় হতে উৎপন্ন হয়ে এটি ফটিকছড়ির মধ্য দিয়ে চট্টগ্রাম জেলায় প্রবেশ করেছে। এটি পৃথিবীর একমাত্র জোয়ার ভাটার নদী যেখানে রুই জাতীয় মাছ ডিম ছাড়ে এবং নিষিক্ত ডিম সংগ্রহ করা হয়।

৫৯. ত্রিভুজের তিন বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রসমূহ কয়টি সমকোণ তৈরি করে?

ক. 8　　খ. 9
গ. 12　　ঘ. 16

উত্তর✓ গ　বিস্তারিত দেখুন　ত্রিভুজের তিন বাহুর উপর তিনটি বর্গ অঙ্কন করা যায়। ১টি বর্গক্ষেত্রে সমকোণ থাকে ৪টি।
৩টি বর্গক্ষেত্রে সমকোণ, (৪ × ৩) = ১২টি।

৬০. ইন্টারনেটের মাধ্যমে উন্নত চিকিৎসা পদ্ধতিকে বলা হয়-

ক. ইলেকট্রোমেডিসিন　　খ. ই-ট্রিটমেন্ট
গ. টেলিমেডিসিন　　ঘ. জায়মা প্লাজমা

উত্তর✓ গ　বিস্তারিত দেখুন　টেলিকমিউনিকেশন এর সাহায্যে রোগ নির্ণয় এবং চিকিৎসাসেবা দেওয়াকে টেলিমেডিসিন বলা হয়।

৬১. When I saw the gardener, he —— tree

ক. is cutting down　　খ. will be cutting down
গ. cut down　　ঘ. was cutting down

উত্তর✓ ঘ　বিস্তারিত দেখুন　অতীতের কোন কাজের চলমানতা (continuty) বোঝাতে verb এর form টি past continuous tense এ পরিবর্তিত হয়। .... তখন ব্যক্তি গাছ কাটতেছিল।

৬২. লোক সাহিত্য কাকে বলে?

ক. লোক সাধারণের কল্যাণে দেবতার স্তুতিমূলক রচনাকে
খ. গ্রামের অশিক্ষিত ও অখ্যাত লোকদের সৃষ্ট রচনাকে
গ. লোকের মুখে মুখে প্রচলিত কাহিনি, গান, ছড়া ইত্যাদিকে
ঘ. গ্রামীণ নর নারীর প্রণয় সংবলিত উপাখ্যানকে

উত্তর✓ গ　বিস্তারিত দেখুন　লোকসাহিত্য বলতে জনসাধারণের মুখে মুখে প্রচলিত গাথা কাহিনি, গান, ছড়া, প্রবাদ ইত্যাদি বোঝানো হয়। সাধারণত কোনো সম্প্রদায় বা জনগোষ্ঠীর অলিখিত সাহিত্যই লোকসাহিত্য। অর্থাৎ জাতীয় সংস্কৃতির যে সকল সাহিত্য গুণসম্পন্ন সৃষ্টি প্রধানত মৌখিক ধারা অনুসরণ করে অগ্রসর হয় তাকে লোকসাহিত্য হিসেবে অভিহিত করা হয়।

৬৩. The boy from the village said, "I -- starve than beg."

ক. would better　　খ. better
গ. rather　　ঘ. would rather

উত্তর✓ ঘ　বিস্তারিত দেখুন　দুটি কাজের মধ্যে একটি কে perference (প্রধান্য) দেওয়া বোঝাতে verb formation 'would rather + v_1 + than + v_2 অনুযায়ী হয়।
N.B.: v_1 = প্রথম verb ; v_2 = হয় verb + v_2

৬৪. কোন বাক্যে ভাববাচ্যের কর্তার উদাহরণ দেওয়া হয়েছে?

ক. ছুটি হলে ঘন্টা বাজে　　খ. তাকে গ্রামে যেতে হবে
গ. আমার যাওয়া হবে না　　ঘ. সে গ্রামে যাবে

উত্তর✓ গ　বিস্তারিত দেখুন　যে বাচ্যে কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে ব্যক্ত হয় তাকে ভাববাচ্য বলে। ভাববাচ্যের ক্রিয়া সর্বদাই নাম পুরুষের হয়। যেমন: আমার খাওয়া হলো না।

৬৫. যদি $x + \frac{1}{x} = 5$ হয়, তবে $\frac{x}{x^2 + x + 1}$ এর মান কত?

ক. $\frac{1}{6}$　　খ. $\frac{1}{4}$
গ. $\frac{1}{5}$　　ঘ. $\frac{1}{7}$

উত্তর✓ ক　বিস্তারিত দেখুন　$x + \frac{1}{x} = 5$

$\Rightarrow \frac{x^2 + 1}{x} = 5$

$\Rightarrow x^2 + 1 = 5x$

$\Rightarrow x^2 + x + 1 = 6x$

$\therefore \frac{x}{x^2 + x + 1} = \frac{x}{6x} = \frac{1}{6}$

৬৬. $a + \frac{1}{a} = 3$ হলে $a^2 + \frac{1}{a^2}$ = কত?

ক. 11　　খ. 13
গ. 7　　ঘ. 9

উত্তর✓ গ　বিস্তারিত দেখুন　$a^2 + \frac{1}{a^2} = \left(a + \frac{1}{a}\right)^2 - 2.a.\frac{1}{a}$

$= (3)^2 - 2$

$= 9 - 2 = 7$

৬৭. কোনো স্থানে যত লোক আছে তত পাঁচ পয়সা জমা করায় মোট ৩১.২৫ টাকা জমা হলো। ঐ স্থানে কত লোক ছিল?

ক. ১২৫　　খ. কোনোটিই নয়
গ. ২৫　　ঘ. ৫৫

উত্তর✓ গ　বিস্তারিত দেখুন　৩১.২৫ টাকা = ৩১২৫ পয়সা।
ধরি লোক ছিল x জন
প্রশ্নমতে, $x^2 \times 5 = ৩১২৫$

$\Rightarrow x^2 = \frac{৩১২৫}{5} = ৬২৫$

$\therefore x = ২৫$

$\therefore$ লোক ছিলো ২৫ জন।

www.exambd.net

৬৮. $x^4 + x^2 + 1$ এর একটি উৎপাদক $x^2 + x + 1$ অপর উৎপাদকটি কত?

ক. $x^2 - x + 1$ খ. $x^2 + 1$

গ. $x + 1$ ঘ. $x^2 + x + 1$

উত্তর: ক ব্যাখ্যা: $x^4 + x^2 + 1$
$= (x^2)^2 + 2.x^2.1 + (1)^2 - x^2$
$= (x^2 + 1)^2 - (x)^2$
$= (x^2 + 1 + x)(x^2 + 1 - x)$
$= (x^2 + x + 1)(x^2 - x + 1)$

∴ অপর উৎপাদক $= x^2 - x + 1$

৬৯. I always take an umbrella —— it rains

ক. in case খ. unless

গ. incase of ঘ. if

উত্তর: ক ব্যাখ্যা: পূর্ব সতর্কতা বোঝাতে 'যদি' অর্থে 'if' ব্যবহৃত না হয়ে 'in case' ব্যবহৃত হয়। বাক্যে কর্তা ছাতা সর্বদাই সঙ্গে রাখে এই আশঙ্কায় যে বৃষ্টি আসতে পারে।

৭০. একটি রাস্তার পাশে এক সারিতে ১৫টি গাছ লাগানো আছে। একটি গাছ থেকে আরেকটি গাছের দূরত্ব ১০ মিটার হলে প্রথম ও শেষ গাছ দুটির মধ্যে দূরত্ব কত মিটার?

ক. ১৫০ খ. ১০৯

গ. ১২০ ঘ. ১৪০

উত্তর: ঘ ব্যাখ্যা: প্রথম ও শেষ গাছ দুটির মধ্যে দুরত্ব
$= (১৫ - ১) \times ১০ = ১৪০$ মিটার।

৭১. যার জ্যোতি বেশিক্ষণ স্থায়ী হয় না, তাকে বলে-

ক. ক্ষণপ্রভা খ. রগ

গ. ক্ষণস্থায়ী জ্যোতি ঘ. অনুসূয়া

উত্তর: ক ব্যাখ্যা: কতিপয় এক কথায় প্রকাশ : যে নারীর অসূয়া (হিংসা) নেই-অনসূয়া, যে নারীর হাসি সুন্দর-সুস্মিতা, যে নারী সাগরে বিচরণ করে-সাগরিকা, যার বেশবাস সংবৃত নয়-অসংবৃত, যার কোনো তিথি নেই-অতিথি।

৭২. অন্তঃক্ষরা গ্রন্থি থেকে নিঃসৃত হয় কোনটি?

ক. হরমোন খ. লালা

গ. পিত্তরস ঘ. পেপসিন

উত্তর: ক ব্যাখ্যা: যে সব গ্রন্থি নালিবিহীন, তাই ক্ষরণ সরাসরি রক্ত বা লসিকার মাধ্যমে বাহিত হয়ে দূরবর্তী সুনির্দিষ্ট অঙ্গে ক্রিয়াশীল হয়। সে সব গ্রন্থিকে অন্তঃক্ষরা গ্রন্থি বা অনাল গ্রন্থি (ductless gland) বলে। উদাহরণ পিটুইনারি, থাইরয়েড, অ্যাড্রেনাল ইত্যাদি গ্রন্থি। অন্তঃক্ষরা গ্রন্থির ক্ষরণকে হরমোন বলে।

৭৩. The birds and the bees means-

ক. The basic facts about sex

খ. The bird's eye view

গ. The birds and bees are good workers

ঘ. The relation between the birds and bees

উত্তর: ক ব্যাখ্যা: The birds and the bees (idiom)- যৌনতা সম্পর্কিত কথাবার্তা।

৭৪. A swimming snake bit him in the leg.
Here 'swimming' is a

ক. verbal noun খ. gerund

গ. infinite ঘ. participle

উত্তর: খ ব্যাখ্যা: সাধারণত যে সাপগুলো সাঁতার কাটে সেগুলোকে 'swimming snake' বলা হয়। সেক্ষেত্রে 'swimming' একটি Gerund.

৭৫. কোনটিতে মধ্যস্বরলোপ ঘটেছে?

ক. মশারি খ. লুঙ্গি

গ. চাদর ঘ. গামছা

উত্তর: ঘ ব্যাখ্যা: দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত বা মধ্যবর্তী কোনো স্বরধ্বনির লোপকে বলা হয় সম্প্রকর্ষ বা স্বরলোপ। মধ্যস্বরলোপের উদাহরণ: গামোছা > গামছা, জানালা > জানলা, বসতি > বস্তি, নারিকেল > নারকেল, সুবর্ণ > স্বর্ণ।

৭৬. একজন ব্যাটসম্যান প্রথম তিনটি T-20 খেলায় ৮২, ৮৫, ও ৯২ রান করেন। চতুর্থ খেলায় কত রান করলে; তার গড় রান ৮৭ হবে?

ক. ৮৬ খ. ৮৭

গ. ৮৮ ঘ. ৮৯

উত্তর: ঘ ব্যাখ্যা: চারটি খেলায় মোট রান $= (৮৭ \times ৪) = ৩৪৮$
প্রথম ৩টি খেলায় রান $= (৮২ + ৮৫ + ৯২) = ২৫৯$

∴ চতুর্থ খেলার রান $= (৩৪৮ - ২৫৯) = ৮৯$।

৭৭. 'চাষাভুষার কাব্য' কার সাহিত্যকর্ম?

ক. জীবনানন্দ দাশ খ. বেগম সুফিয়া কামাল

গ. কাজী নজরুল ইসলাম ঘ. নির্মলেন্দু গুণ

উত্তর: ঘ ব্যাখ্যা: 'চাষাভূষার কাব্য' নির্মলেন্দু গুণের সাহিত্যকর্ম। তার উল্লেখযোগ্য কাব্য: প্রেমাংশুর রক্ত চাই, না প্রেমিক না বিপ্লবী, তার আগে চাই সমাজতন্ত্র, দূর হ দুঃশাসন, নেই কেন সেই পাখি।

৭৮. পূর্ববঙ্গ জমিদারী দখল ও প্রজাস্বত্ব আইন পাস হয়-

ক. ১৯৬১ খ. ১৯৫২

গ. ১৯৫০ ঘ. ১৯৫১

উত্তর: গ ব্যাখ্যা: পূর্ববঙ্গ জমিদার অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এই আইন পূর্ববাংলায় জমিতে খাজনা এই পরিপ্রেক্ষিতে বিলটি পাস হওয়ার পর ১৬ মে ১৯৫১ সালে বিলে প্রয়োজনীয় অনুমোদনমূলক সম্মতি পাওয়া যায়।

৭৯. নিচের কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতম?

ক. $\frac{1}{3}$ খ. $\frac{3}{6}$

গ. $\frac{2}{7}$ ঘ. $\frac{5}{21}$

উত্তর: ঘ ব্যাখ্যা: $\frac{1}{3} = 0.33$; $\frac{3}{6} = 0.5$
$\frac{2}{7} = 0.28$; $\frac{5}{21} = 0.24$

৮০. "সব ঝিনুকে মুক্তা মেলে না" - এই বাক্যে 'ঝিনুকে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. কর্তায় দ্বিতীয়া খ. কর্মে দ্বিতীয়া

গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী

উত্তর: গ ব্যাখ্যা: যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমন: সাদা মেঘে বৃষ্টি হয় না।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

www.exambd.net

নিয়োগ পরীক্ষা-২০১৮

সেট : ৭১৪২ | [স্থগিত ২০১৪] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ২৬.০৫.২০১৮ | পূর্ণমান : ৮০

যে ১৫ জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল

টাঙ্গাইল, বগুড়া, জামালপুর, ঝিনাইদহ, খুলনা, নাটোর, পাবনা, নওগাঁ, রাজশাহী, সিরাজগঞ্জ, সিলেট, গাইবান্ধা, দিনাজপুর, রংপুর, বরিশাল।

[দ্রষ্টব্য: উত্তরদাতা প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ (দশমিক দুই পাঁচ) নম্বর কাটা যাবে।]

০১. ১ থেকে ৯৯ পর্যন্ত সংখ্যাসমূহের গড় কত?

ক. ২৫ খ. ৫০
গ. ১০০ ঘ. ১০

উত্তর✓ খ ব্যাখ্যা গড় $= \frac{\text{প্রথম পদ + শেষ পদ}}{২}$

$= \frac{১ + ৯৯}{২} = ৫০$

০২. $\frac{৩}{৪}, \frac{৪}{৫}, \frac{৫}{৬}$ এর গসাগু কত?

ক. ৩০ খ. $\frac{১}{৩০}$
গ. $\frac{১}{৬০}$ ঘ. ৬০

উত্তর✓ গ ব্যাখ্যা ভগ্নাংশের গসাগু $= \frac{\text{লবগুলোর গসাগু}}{\text{হর গুলোর লসাগু}}$

৩, ৪, ৫ এর গসাগু = ১
৪, ৫, ৬ এর লসাগু = ৬০
∴ নির্ণেয় গসাগু $= \frac{১}{৬০}$

০৩. ৬৫৫৮ এর সাথে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?

ক. ৩ খ. ২
গ. −৩ ঘ. ০

উত্তর✓ ক ব্যাখ্যা $\sqrt{৬৫৫৮ + ৩} = \sqrt{৬৫৬১} = ৮১$

০৪. ৭ এর গুণিতকের সেট কোন ধরনের সেট?

ক. সসীম সেট খ. ফাঁকা সেট
গ. সার্বিক সেট ঘ. অসীম সেট

উত্তর✓ ঘ ব্যাখ্যা একটি সংখ্যা দ্বারা যে সকল সংখ্যা নিঃশেষে বিভাজ্য যে সকল সংখ্যাকে প্রথম সংখ্যাটির গুনিতক বলে। একটি নির্দিষ্ট সংখ্যার গুণিতকের সংখ্যা অসীম বা অনির্দিষ্ট।

০৫. বরেন্দ্রভূমি নামে পরিচিত

ক. সুন্দরবন
খ. রাজশাহী বিভাগের উত্তর-পশ্চিমাংশ
গ. ময়নামতি ও লালমাই পাহাড়
ঘ. মধুপুর ও ভাওয়াল গড়

উত্তর✓ খ ব্যাখ্যা বরেন্দ্রভূমি (Barind Tract) বঙ্গ অববাহিকার বৃহত্তম প্লাইসটোসিন ভূ-প্রাকৃতিক একক। প্রায় ৭,৭৭০ বর্গ কি.মি এলাকা জুড়ে বরেন্দ্রভূমি বিস্তৃত। বৃহত্তম দিনাজপুর, রংপুর, পাবনা, রাজশাহী ও বগুড়া জেলা জুড়ে বরেন্দ্রভূমি বিস্তৃত।

০৬. কোন বীরশ্রেষ্ঠের সমাধিস্থল পাকিস্তানের করাচিতে ছিল?

ক. ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান
খ. সিপাহী হামিদুর রহমান
গ. ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর
ঘ. সিপাহী মোস্তফা কামাল

উত্তর✓ ক ব্যাখ্যা ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান ২০ আগস্ট ১৯৭১ ভারতীয় সীমান্তের বিন্দাগ্রামের থাট্টায় শহিদ হন। মাসরুর বিমান ঘাঁটি করাচি, পাকিস্তানে সমাহিত করা হয়, পরে বাংলাদেশ সরকারের উদ্যোগে তাঁর দেহাবশেষ নিয়ে মিরপুর শহিদ বুদ্ধিজীবী কবরস্থান, ঢাকাতে কবর দেওয়া হয়।

০৭. দূরপ্রাচ্যের (Far-East) দেশ-

ক. ওমান খ. জাপান
গ. সিরিয়া ঘ. ভিয়েতনাম

উত্তর✓ খ ব্যাখ্যা সাধারণভাবে রাশিয়ার দক্ষিণাঞ্চল থেকে ভারতবর্ষের উত্তর সীমা পর্যন্ত বিস্তীর্ণ অঞ্চলকে দূরপ্রাচ্য বলা হয়। দূরপ্রাচ্য দেশসমূহ চীন, জাপান, উত্তর কোরিয়া, দক্ষিণ কোরিয়া, মঙ্গোলিয়া ও তাইওয়ান।

০৮. শতকরা বার্ষিক কত হার সুদে কোনো মূলধন ২৫ বছরে সুদে-মূলে ৪ গুণ হবে?

ক. ১৫% খ. ১৬%
গ. ৮% ঘ. ১২%

উত্তর✓ ঘ ব্যাখ্যা ধরি, মূলধন = x টাকা
সুদে মূলে = 4x টাকা
∴ সুদ = 4x − x = 3x টাকা

সুদের হার $= \frac{\text{সুদ} \times 100}{\text{আসল} \times \text{সময়}}$

$= \frac{3x \times 100}{x \times 25} = 12\%$

০৯. ৬০ মিটার দৈর্ঘ্য বিশিষ্ট একটি নলকে ৩ : ৭ : ১০ অনুপাতে টুকরা করা হয়েছে। ছোট টুকরাটি কত মিটার?

ক. ৯ খ. ১০
গ. ৭ ঘ. ৮

উত্তর✓ ক ব্যাখ্যা অনুপাতগুলোর যোগফল = ৩ + ৭ + ১০ = ২০
ছোট টুকরাটি $= ৬০ \times \frac{৩}{২০} = ৯$ মিটার।

১০. সন্ধি বিচ্ছেদ করুন-'ক্ষুৎপিপাসা'

ক. ক্ষুৎ + পিপাসা খ. ক্ষুধা + পিপাসা
গ. কোনোটিই নয় ঘ. ক্ষুধ্ + পিপাসা

উত্তর✓ ঘ ব্যাখ্যা ক্ষুধ্ + পিপাসা = ক্ষুৎপিপাসা (ব্যঞ্জনসন্ধি সাধিত)। দ্ ও ধ এর পরে ক, চ, ট, ত, প, খ, ছ, ঠ, থ, ফ থাকলে দ্ ও ধ স্থলে অঘোষ অল্পপ্রাণ ধ্বনি হয়। যেমন : তদ্ + কাল = তৎকাল।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

www.exambd.net

১১. $x^{-3} - 0.001 = 0$ হলে, x^2 এর মান-

ক. $\frac{1}{100}$ খ. 100

গ. $\frac{1}{10}$ ঘ. 10

উত্তর✓ খ ব্যাখ্যা $x^{-3} - 0.001 = 0$

$\Rightarrow \frac{1}{x^3} = 0.001$

$\Rightarrow \frac{1}{x^3} = \frac{1}{1000}$

$\Rightarrow x^3 = 1000$

$\Rightarrow x = 10$

$\Rightarrow x^2 = 100$

১২. Shakespeare is known mostly for his–

ক. poetry খ. drama

গ. novels ঘ. films উত্তর খ

১৩. $x^2 - 3x + 2$ এর একটি উৎপাদক কোনটি?

ক. $x - 3$ খ. $x + 1$

গ. $x - 1$ ঘ. $x + 2$

উত্তর✓ গ ব্যাখ্যা $x^2 - 3x + 2 = x^2 - 2x - x + 2$

$= x(x - 2) - 1(x - 2)$

$= (x - 1)(x - 2)$

১৪. একটি বৃত্তের যেকোনো দুটি বিন্দুর সংযোজক রেখাকে বলে-

ক. চাপ খ. জ্যা

গ. ব্যাস ঘ. ব্যাসার্ধ

উত্তর✓ খ ব্যাখ্যা বৃত্তচাপের যে কোনো দুটি বিন্দুর সংযোজক রেখাকে জ্যা বলে। বৃত্তের কেন্দ্রগামী জ্যা বৃত্তের ব্যাস।

১৫. মানবদেহের রক্তচাপ নির্ণায়ক যন্ত্র-

ক. স্টেথোসকোপ খ. কার্ডিওগ্রাফ

গ. ইকোকার্ডিওগ্রাফ ঘ. স্ফিগমোম্যানোমিটার

উত্তর✓ ঘ ব্যাখ্যা মানবদেহের রক্তচাপ নির্ণায়ক যন্ত্র- স্ফিগমোম্যানোমিটার, হৃৎপিণ্ড ও ফুসফুসের শব্দ নিরূপক যন্ত্র- স্টেথোস্কোপ, ও হৃৎপিণ্ডের গতি নির্ণায়ক যন্ত্র-কার্ডিওগ্রাফ। উচ্চ কম্পাংকের শব্দ তরঙ্গ বা আলট্রা সাউন্ডের প্রতিধ্বনি ব্যবহার করে হৃৎপেশীর সঞ্চালন ভালভ ও প্রকোষ্ঠের বর্তমান অবস্থা এবং হৃৎপিণ্ডের সংকোচন ও সম্প্রসারণের মাধ্যমে রক্ত প্রবাহ পর্যবেক্ষণ করা হয় ইকোকার্ডিওগ্রাফের সাহায্যে।

১৬. 'সন্ন্যাসী' এর বিপরীত শব্দ কোনটি?

ক. সন্ন্যাস খ. গৃহী

গ. গৃহি ঘ. কোনোটিই নয়

উত্তর✓ খ ব্যাখ্যা কতিপয় বিপরীতার্থক শব্দ : দাতা-গ্রহীতা, দুষ্ট-শিষ্ট, দূর-নিকট, ভিতর-বাহির, চোর-সাধু, আপদ-নিরাপদ।

১৭. নিচের শুদ্ধ বানানটি নির্দেশ করুন

ক. বুদ্ধিজীবি খ. বুদ্ধিজিবী

গ. বুদ্ধিজিবি ঘ. বুদ্ধিজীবী

উত্তর✓ ঘ ব্যাখ্যা কতিপয় বানান : অশরীরী, অশীতিতম, অশ্বত্থ, অসমীচীন, অসূয়া, অসূর্যম্পশ্যা, অহ্ন, অন্ত্যেষ্টিক্রিয়া।

১৮. নিচের কোনটি যৌগিক স্বরধ্বনির চিহ্ন?

ক. আ খ. ঐ

গ. উ ঘ. ঊ

উত্তর✓ খ ব্যাখ্যা বাংলা বর্ণমালায় স্বরবর্ণে যৌগিক স্বর দুটি। যথা : ঐ (অ + ই), ঔ (অ + উ)।

১৯. গেটিসবার্গ শহরের সাথে মার্কিন কোন প্রেসিডেন্টের নাম জড়িত?

ক. উড্রো উইলসন খ. আব্রাহাম লিংকন

গ. জর্জ ওয়াশিংটন ঘ. ট্রুম্যান

উত্তর✓ খ ব্যাখ্যা গেটিসবার্গ অ্যাড্রেস মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি আব্রাহাম লিংকন ঘোষিত একটি বিখ্যাত ভাষণ, আব্রহাম লিংকন আমেরিকার গৃহযুদ্ধের সময় ১৮৬৩ সালের ১৯ নভেম্বর পেনসাল্ভেনিয়ার গেটিসবার্গে তিনি ভাষণ দেন।

২০. নিচের কোনটি মধ্যপদলোপী বহুব্রীহি সমাসের উদাহরণ নয়?

ক. বিড়ালচোখী খ. মেনিমুখো

গ. হাতেখড়ি ঘ. বেতার উত্তর ঘ

২১. ইস্ট (Yeast) কী?

ক. একটি ভাইরাস খ. একটি ছত্রাক

গ. একটি ব্যাকটেরিয়া ঘ. একটি ফার্ন

উত্তর✓ খ ব্যাখ্যা ঈস্ট এক ধরনের এককোষী মৃতজীবী ছত্রাক। পাকা ফল, আখ, খেজুর, তাল ইত্যাদির মিষ্টি রসে জন্মায়। ঈস্ট থেকে বি-কমপ্লেক্স ট্যাবলেট প্রস্তুত হয়। ঈস্ট থেকে প্রাপ্ত উৎসেচক জাইমেজ বিভিন্ন শিল্পে ব্যবহার হয়। বেকারি শিল্পে ঈস্ট পাউরুটি, কেক প্রভৃতি খাবার তৈরি করার জন্য ও ব্যবহার করা হয়।

২২. 'রাবণের চিতা' বাগধারাটির অর্থ কী?

ক. উভয় সংকট খ. শেষ বিদায়

গ. চূড়ান্ত অশান্তি ঘ. চির অশান্তি

উত্তর✓ ঘ ব্যাখ্যা কতিপয় বাগ্‌ধারা : অগস্ত্য যাত্রা (চিরদিনের জন্য প্রস্থান), শাখের করাত (উভয় সংকট), শ্যাম রাখি না কুল রাখি (উভয় সংকট), অগত্যা মধুসূদন (অনন্যোপায় হয়ে), হাতটান (চুরির অভ্যাস), হাড় হাভাতে (হতভাগ্য)।

২৩. 'কপোল' এর প্রতিশব্দ কী?

ক. ভাগ্য খ. গাল

গ. ললাট ঘ. কপাল

উত্তর✓ খ ব্যাখ্যা 'কপোল' এর প্রতিশব্দ : গাল, গণ্ড, মুখবিবর।

২৪. 'এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি' -বাক্যটি কোন কালের?

ক. সাধারণ অতীত খ. নিত্যবৃত্ত অতীত

গ. ঘটমান বর্তমান ঘ. পুরাঘটিত বর্তমান

উত্তর✓ ঘ ব্যাখ্যা ক্রিয়া পূর্বে শেষ হলে এবং তার ফল এখনও বর্তমান থাকলে, পুরাঘটিত বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন: এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। এতক্ষণ আমি অঙ্ক করেছি।

২৫. বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে শিক্ষার জন্য সাংবিধানিক অঙ্গীকার ব্যক্ত আছে?

ক. ১৫ খ. ১৬

গ. ১৭ ঘ. ১৮ উত্তর গ

২৬. 'ডাক্তার ডাক' বাক্যটিতে 'ডাক্তার' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. কর্মকারকে শূন্য বিভক্তি

খ.কর্মকারকে সপ্তমী বিভক্তি

গ. অপাদান কারকে তৃতীয়া বিভক্তি

ঘ. কর্তৃকারকে শূন্য বিভক্তি

উত্তর✓ ক ব্যাখ্যা যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্মকারক বলে। যেমন: ডাক্তার ডাক (কর্মে শূন্য বিভক্তি)।

২৭. ১ মিলিমিটার ১ কিলোমিটারের কত অংশ?

ক. $\frac{১}{১০০০০০}$ খ. $\frac{১}{১০০০০}$

গ. $\frac{১}{১০০০}$ ঘ. $\frac{১}{১০০০০০০}$ উত্তর ঘ

২৮. রেল লাইনের পাশে একটি তালগাছ রয়েছে। ঘণ্টায় ৪৫ কিমি. বেগে ধাবমান ১৫০ মি. লম্বা একটি ট্রেন কত সময়ে ঐ তালগাছটি অতিক্রম করবে?

ক. ১৩ সে. খ. ১৪ সে.
গ. ১১ সে. ঘ. ১২ সে.

উত্তর ✓ খ ব্যাখ্যা ১ ঘণ্টা = (৬০ × ৬০) = ৩৬০০ সেকেন্ড।
৪৫ কিমি = (৪৫ × ১০০০) = ৪৫০০০ মিটার।
৪৫০০০ মিটার যায় = ৩৬০০ সেকেন্ডে

১ " " $\frac{৩৬০০}{৪৫০০০}$ "

১৫০ " " $\frac{৩৬০০ \times ১৫০}{৪৫০০০}$ "

= ১২ সেকেন্ডে।

২৯. 'যা দীপ্তি পাচ্ছে'-এক কথায় প্রকাশ করুন।

ক. আলোকিত খ. দেদীপ্যমান
গ. দীপ্তমান ঘ. উজ্জ্বল

উত্তর ✓ খ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : জ্বল জ্বল করছে যা-জাজ্বল্যমান, যে মেঘে প্রচুর বৃষ্টি হয়-সংবর্ত, পুরুষের উদ্দাম নৃত্য-তাণ্ডব, যে নারী আনন্দ দান করে-বিনোদিনী, যা বলা হয়নি-অনুক্ত, যা প্রমাণ করা যায় না-অপ্রমেয়।

৩০. একটি সমবাহু ত্রিভুজের একটি বাহু ১৬ মিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক. ৬৪ বর্গমি. খ. ৩২ বর্গমি.
গ. ১৬ বর্গমি. ঘ. কোনোটিই নয়

উত্তর ✓ ঘ ব্যাখ্যা সমবাহু ত্রিভুজের একটি বাহু, a = 16 মিটার।

ত্রিভুজটির ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4} a^2$

$= \frac{\sqrt{3}}{4} (16)^2$

= 110.85 বর্গ মিটার।

৩১. ঐতিহাসিক 'একুশে ফেব্রুয়ারি' বাংলা কত তারিখ ছিল?

ক. ৩১ পৌষ খ. ২৯ মাঘ
গ. ৯ মাঘ ঘ. ৮ ফাল্গুন উত্তর ঘ

৩২. 'বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই পৃথিবীর রূপ খুঁজিতে যাই না আর'- কার লেখা?

ক. জসীমউদ্‌দীন খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. জীবনানন্দ দাশ ঘ. সত্যেন্দ্রনাথ দত্ত

উত্তর ✓ গ ব্যাখ্যা জীবনানন্দ দাশের উল্লেখযোগ্য উদ্ধৃতি :

- বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই আমি পৃথিবীর রূপ খুঁজিতে যাই না আর।
- আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে এই বাংলায়/হয়তো মানুষ নয়-হয়তো বা শঙ্খচিল শালিকের বেশে।
- পাখির নীড়ের মতো চোখ তুলে নাটোরের বনলতা সেন।
- তারে আর খুঁজে তুমি পাবে নাকো-বিশালাক্ষী দিয়েছিল বর,/ তাই-সে জন্মেছে নীল বাংলার ঘাস আর ধানের ভিতর।

৩৩. নিচের ভগ্নাংশেগুলোর মধ্যে বৃহত্তম কোনটি?

ক. $\frac{৪}{৭}$ খ. $\frac{৫}{৮}$
গ. $\frac{৭}{১১}$ ঘ. $\frac{২}{৩}$

উত্তর ✓ ঘ ব্যাখ্যা $\frac{৪}{৭} = ০.৫৭$; $\frac{৫}{৮} = ০.৬২৫$;
$\frac{৭}{১১} = ০.৬৪$; $\frac{২}{৩} = ০.৬৭$

৩৪. যদি $x + 3y = 40$ এবং $y = 3x$ হয়, তবে $y = ?$

ক. 10 খ. 12
গ. 18 ঘ. 22

উত্তর ✓ খ ব্যাখ্যা $y = 3x$

$\therefore x = \frac{y}{3}$

$x + 3y = 40$

$\Rightarrow \frac{y}{3} + 3y = 40$

$\Rightarrow \frac{y + 9y}{3} = 40$

$\Rightarrow 10y = 120$

$\therefore y = 12$

৩৫. Which of the noun is used in the feminine form?

ক. anger খ. time
গ. moon ঘ. none

উত্তর ✓ গ ব্যাখ্যা moon, earth ইত্যাদি Noun গুলোকে সাধারণত feminine noun হিসেবে বিবেচনা করা হয়।

৩৬. "এই বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমি" - পঙ্‌ক্তিটির রচয়িতা কে?

ক. সুকান্ত ভট্টাচার্য খ. কাজী নজরুল ইসলাম
গ. সৈয়দ শামসুল হক ঘ. জীবনানন্দ দাশ

উত্তর ✓ ক ব্যাখ্যা সুকান্ত ভট্টাচার্যের উল্লেখযোগ্য উদ্ধৃতি :

- কত গ্রাম কত পথ যায় সরে সরে
  শহরে রানার যাবেই পৌঁছে ভোরে।
- ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়
  পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।
- এ বয়সে তাই নেই কোনো সংশয়-
  এ দেশের বুকে আঠারো আসুক নেমে ॥

৩৭. 'যার দুই হাত সমান চলে' তাকে এক কথায় কী বলে?

ক. সমান তালী খ. সব্যচাষি
গ. সব্যসাচী ঘ. দু'হাতি

উত্তর ✓ গ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : যার সবকিছু হারিয়েছে-হৃতসর্বস্ব, যার দুবার জন্ম হয়-দ্বিজ, যার পূর্বজন্মের কথা স্মরণ আছে-জাতিস্মর, যার বংশ পরিচয় বা স্বভাব কেউই জানে না-অজ্ঞাতকুলশীল, ক্ষমার যোগ্য-ক্ষমার্হ,ধন্যবাদের যোগ্য - ধন্যবাদার্হ।

৩৮. 'Out and Out' means –

ক. Whole heartedly খ. Not at all
গ. Brave ঘ. Thoroughly

উত্তর ✓ ঘ ব্যাখ্যা Out and out (idiom) - হাঁড়ে হাঁড়ে/পুরোপুরি; thoroughly - পুরোপুরি/পুঙ্খানুপুঙ্খভাবে।

৩৯. The train —— from Rangpur.
ক. already arrive খ. has already arrived
গ. have already arrived ঘ. already has been arriving
উত্তর✓ খ ব্যাখ্যা: সাধারণত Already, recently থাকলে বাক্যের verb এর present perfect tense হয়।

৪০. সন্ধি বিচ্ছেদ করুন: 'কথাচ্ছলে'-
ক. কথা + চ্ছল খ. কথা + ছলে
গ. কোনোটিই নয় ঘ. কথা + চ্ছলে
উত্তর✓ খ ব্যাখ্যা: কথা + ছলে = কথাচ্ছলে (ব্যঞ্জনসন্ধি সাধিত)। স্বরধ্বনির পর ছ থাকলে উক্ত ব্যঞ্জনধ্বনিটি দ্বিত্ব (চ্ছ) হয়। যেমন : এক + ছত্র = একচ্ছত্র, পরি + ছদ = পরিচ্ছদ ।

৪১. 'Man of straw' means—
ক. respected person খ. worthless man
গ. gentleman ঘ. noted person
উত্তর✓ খ ব্যাখ্যা: man of straw (idom) - অপদার্থ; Worthless man - যোগ্যতাহীন ব্যক্তি।

৪২. চারটি বিরাম চিহ্নের মধ্যে পূর্ণচ্ছেদ কোনটি?
ক. ড্যাস খ. হাইফেন
গ. সেমিকোলন ঘ. দাঁড়ি
উত্তর✓ ঘ ব্যাখ্যা:

যতিচিহ্ন	ধরন
ড্যাস, হাইফেন, সেমিকোলন	অভ্যন্তর যতি
দাঁড়ি	পূর্ণচ্ছেদ ও অন্ত্যযতি

৪৩. কোনো পরীক্ষায় ৫২% পরীক্ষার্থী ইংরেজিতে এবং ৪২% পরীক্ষার্থী গণিতে ফেল করল। যদি উভয় বিষয়ে ১৭% ফেল করে থাকে, তবে কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে পাশ করেছে?
ক. ২৫ জন খ. ২৬ জন
গ. ২৩ জন ঘ. ২৪ জন
উত্তর✓ গ ব্যাখ্যা: একটি বা উভয় বিষয়ে ফেল করেছে,
$= \{(৫২ + ৪২) - ১৭\}\%$
$= (৯৪ - ১৭)\%$
$= ৭৭\%$।
উভয়ে বিষয়ে পাশ $= (১০০ - ৭৭)\% = ২৩\%$।

৪৪. Find out the correct synonym of 'tenuous'
ক. careful খ. dangerous
গ. vital ঘ. thin উত্তর ঘ

৪৫. If we want concrete proof, we are looking for–
ক. clear evidence খ. building material
গ. a cement mixer ঘ. something to cover a path উত্তর ক

৪৬. The correct sentence of the following:
ক. The Padma is longest river in Bangladesh
খ. The Padma is longest river in the Bangladesh
গ. Padma is longest river in Bangladesh
ঘ. The Padma is the longest river in Bangladesh
উত্তর✓ ঘ ব্যাখ্যা: Adjective এর superlative degree এর পূর্বে definite article 'the' ব্যবহৃত হয়।

৪৭. Nine men were concerned —— the plot.
ক. for খ. at
গ. with ঘ. in উত্তর ঘ

৪৮. কোন আমলে 'মসলিন কাপড়' ঢাকায় তৈরি হত?
ক. পাল আমলে খ. মুঘল আমলে
গ. সেন আমলে ঘ. ইংরেজ আমলে
উত্তর✓ খ ব্যাখ্যা: মসলিন বিশেষ এক প্রকার তুলার আঁশ থেকে প্রস্তুতকৃত সূতা দিয়ে বয়ন করা এক প্রকারের অতি সূক্ষ্ম কাপড় বিশেষ। এটি ঢাকাই মসলিন নামেও সুবিদিত। ফুর্টি কার্পাস নামক তুলা থেকে প্রস্তুত অতি চিকন সুতা দিয়ে মসলিন তৈরী করা হত।

৪৯. 'লাজওয়াব' শব্দটির 'লা' কোন ধরনের উপসর্গ?
ক. ফারসি উপসর্গ খ. হিন্দি উপসর্গ
গ. ইংরেজি উপসর্গ ঘ. আরবি উপসর্গ
উত্তর✓ ঘ ব্যাখ্যা: আরবি 'লা' উপসর্গযোগে (না অর্থে) গঠিত কতিপয় শব্দ: লাজওয়াব, লাখেরাজ, লাওয়ারিশ, লাপাত্তা।

৫০. ১৫ জনের কোনো কাজের অর্ধেক করতে ২০ দিন লাগে, কত দিনে ২০ জন লোক সম্পূর্ণ কাজটি শেষ করতে পারবে?
ক. ২০ খ. ১৫
গ. ৩০ ঘ. ৪০
উত্তর✓ গ ব্যাখ্যা: অর্ধেক কাজ করতে লাগে ২০ দিন
সম্পূর্ণ কাজ করতে লাগে $২০ \times ২ = ৪০$ দিন।
১৫ জনের লাগে ৪০ দিন
১ " " (১৫×৪০) দিন
২০ " " $\frac{১৫ \times ৪০}{২০}$ দিন
$= ৩০$ দিন।

৫১. A 'pilgrim' is a person who undertakes a journey to a –
ক. New country খ. Holy place
গ. Bazar ঘ. Mosque উত্তর খ

৫২. He lives – comfortable life.
ক. a খ. an
গ. the ঘ. none of them উত্তর ক

৫৩. Identify the correct passive form of - 'He is going to open a shop'.
ক. He is being gone to open a shop
খ. A shop is being gone opened by him
গ. A shop will be opened by him
ঘ. A shop is going to be opened by him
উত্তর✓ ঘ ব্যাখ্যা: Active Voice এর verb form টি 'be going to + v_1' হলে passive voice এ রূপান্তরের ক্ষেত্রে verb form টি হবে 'be going to + v_3'।

৫৪. নিচের কোনটি পূর্ণাঙ্গ ইমেইল এড্রেস?
ক. resel.@com খ. rasel@yahoo.com
গ. rasel yahoo.com ঘ. resel.yahoo@com উত্তর খ

৫৫. The world 'Gravity' is –
ক. noun খ. adverb
গ. adjective ঘ. gerund উত্তর ক

৫৬. 'A Voyage to Lilliput' is written by –
ক. William Wordsworth খ. Jonathan Swift
গ. R.L Stevenson ঘ. Thomas Hardy উত্তর খ

৫৭. One should be careful about —— duty.
ক. the খ. his
গ. her ঘ. one's
উত্তর✓ খ ব্যাখ্যা One এর possessive form one's হবে।

৫৮. নোবেল পুরস্কার প্রবর্তকের মূল আবিষ্কার প্রধানত কী কাজে ব্যবহৃত হয়?
ক. সৃষ্টির জন্য খ. ধ্বংসের জন্য
গ. শিল্প উন্নয়নের জন্য ঘ. যোগাযোগের জন্য
উত্তর✓ খ ব্যাখ্যা সুইডেনের রসায়নবিদ ও শিল্পপতি আলফ্রেড নোবেলের উইল অনুসারে নোবেল পুরস্কার প্রদান করা হয়। নোবেল ডিনামাইট আবিষ্কার করেছিলেন, যার মাধ্যমে প্রচুর আয় হয়, আর এই আয়ের অর্থ দ্বারাই তিনি পুরস্কার প্রদানের কথা বলে যান। ১৯০১ সাল থেকে ৫টি বিষয়ে নোবেল পুরস্কার প্রদান করা হয়।

৫৯. কোন ক্ষুদ্রতম সংখ্যা হতে ১ বিয়োগ করলে বিয়োগফল ৯, ১২ ও ১৫ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?
ক. ১৮১ খ. ২৪১
গ. ৩৬১ ঘ. ১২১
উত্তর✓ ক ব্যাখ্যা
৩ | ৯, ১২, ১৫
৩, ৪, ৫
∴ ৯, ১২, ১৫ এর লসাগু = ৩ × ৩ × ৪ × ৫ = ১৮০
নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = ১৮০ + ১ = ১৮১।

৬০. The indirect form of the sentence —— Farida said to her mother, "I shall go to bed now" is-
ক. Farida told her mother that she would go to bed then
খ. Farida told her mother that she will go to bed now
গ. Farida told her mother that she should go to bed
ঘ. Farida told her mother that she will go to bed
উত্তর✓ ক ব্যাখ্যা Reporting verb টি past tense এর হওয়ায় Reported speech এ Indirect narration এর ক্ষেত্রে shall এর হলে 'would' ব্যবহৃত হয়।

৬১. স্বাধীনতা যুদ্ধকালে বাংলাদেশের অস্থায়ী সরকার কোন তারিখে গঠিত?
ক. ২৬ মার্চ খ. ১৭ এপ্রিল
গ. ১৬ ডিসেম্বর ঘ. ২৫ মার্চ
উত্তর✓ Mark ব্যাখ্যা সঠিক উত্তর নেই। ১০ এপ্রিল অস্থায়ী সরকার গঠিত হয় এবং ১৭ এপ্রিল শপথ গ্রহণ করে।

৬২. সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত একটি কোণ 50° হলে অপর কোণটি কত?
ক. 40° খ. 50°
গ. 20° ঘ. 30°
উত্তর✓ ক ব্যাখ্যা অপর কোণটি = 180° – (90° + 50°)
= 180° – 140°
= 40°

৬৩. Nasima arrived while I – the dinner.
ক. cook খ. was cooking
গ. would cook ঘ. had cooked
উত্তর✓ খ ব্যাখ্যা While যুক্ত clause এর verb সাধারণত continuous tense এর হয়ে থাকে। যেহেতু main clause এর verb টি past indifinite tense এর সেহেতু subordinate clause অর্থাৎ while যুক্ত clause টির verb form past continuous tense এর হবে।

৬৪. ৬১২ টাকায় একটি ব্যাগ বিক্রয় করায় ১৫% ক্ষতি হয়। ব্যাগটি কত টাকায় বিক্রি করলে ১০% লাভ হবে?
ক. ৭৯২ খ. ২০০
গ. ৭০০ ঘ. ৬০০
উত্তর✓ ক ব্যাখ্যা
১৫% ক্ষতিতে বিক্রয়মূল্য = ১০০ – ১৫ = ৮৫ টাকা।
বিক্রয়মূল্য ৮৫ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা
" ১ " " " $\frac{১০০}{৮৫}$ "
" ৬১২ " " " $= \frac{১০০ \times ৬১২}{৮৫}$ "
= ৭২০ টাকা।
১০% লাভে বিক্রয়মূল্য = ১০০ + ১০ = ১১০ টাকা।
ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১১০ টাকা
" ১ " " " $\frac{১১০}{১০০}$ টাকা
" ৭২০ " " " $= \frac{১১০ \times ৭২০}{১০০}$ টাকা
= ৭৯২ টাকা।

৬৫. The invigilator made us —— our identity card at the test center.
ক. to show খ. showing
গ. show ঘ. showed
উত্তর✓ গ ব্যাখ্যা বাক্যে 'make' verb এর পরবর্তী verb টি সাধারণত Non-finite verb হিসেবে কাজ করে এবং verb টির form অপরিবর্তিত (present/basic) থাকে।

৬৬. The chain was —— than we thought.
ক. strong খ. stronger
গ. much ঘ. strongest
উত্তর✓ খ ব্যাখ্যা Chain টি আমি যেমনটা ভেবেছিলাম তোর চেয়েও বেশি শক্তিশালী অর্থাৎ এ ক্ষেত্রে Adjective এর comparative form ব্যবহৃত হবে।

৬৭. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘের মহাসচিব ছিলেন-
ক. উথান্ট খ. কফি আনান
গ. কুর্টওয়াল্ড হেইম ঘ. দ্যাগ হ্যামারশোল্ড
উত্তর✓ ক ব্যাখ্যা বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘের মহাসচিব ছিলেন মহা প্রায় সিথু উ থান্ট (মিয়ানমার)। জাতিসংঘের তৃতীয় মহাসচিব। তিনি ১৯৬১ থেকে ১৯৭১ সাল পর্যন্ত মহাসচিব ছিলেন। জাতিসংঘের মহাসচিব হিসেবে কুর্ট ওয়াল্ডহেইম সর্বপ্রথম বাংলাদেশ সফর করেন।

৬৮. ভিটামিন সি এর রাসায়নিক নাম কী?
ক. অ্যাসকরবিক এসিড খ. সাইট্রিক এসিড
গ. ফরমিক এসিড ঘ. নাইট্রিক এসিড
উত্তর✓ ক ব্যাখ্যা

ভিটামিনের নাম	রাসায়নিক নাম	দ্রাব্যতা	অভাবে রোগসমূহ
ভিটামিন এ	রোটিনয়েড	স্নেহ পদার্থ	রাতকানা রোগ
ভিটামিন $বি_১$	থায়ামিন	পানি	বেরিবেরি রোগ
ভিটামিন $বি_২$	রাইবোফ্লেভিন	পানি	জিহ্বায় প্রদাহ ও ক্ষত সৃষ্টি
ভিটামিন সি	অ্যাসকরবিক এসিড	পানি	স্কার্ভি

৬৯. 'আগুনের পরশমণি' উপন্যাসের উপজীব্য বিষয় কী?

ক. বঙ্গভঙ্গ　　খ. তেভাগা আন্দোলন
গ. মুক্তিযুদ্ধ　　ঘ. ভাষা আন্দোলন

উত্তর✓ গ ব্যাখ্যা মুক্তিযুদ্ধভিত্তিক কতিপয় উপন্যাস : রাইফেল রোটি আওরাত (আনোয়ার পাশা), নিষিদ্ধ লোবান, নীল দংশন (সৈয়দ শামসুল হক), জাহান্নম হইতে বিদায়, দুই সৈনিক (শওকত ওসমান), হাঙর নদী গ্রেনেড (সেলিনা হোসেন)।

৭০. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' প্রকাশিত হয় কোন সনে?

ক. ২০১১　　খ. ২০১২
গ. ২০১৩　　ঘ. ২০১৫

উত্তর✓ খ ব্যাখ্যা 'অসমাপ্ত আত্মজীবনী' শেখ মুজিবুর রহমানের আত্মজীবনী সংকলন। ১৮ জুন ২০১২ সালে বইটি প্রকাশিত হয়। বঙ্গবন্ধুর আত্মজীবনীর দ্বিতীয় গ্রন্থের নাম "কারাগারের রোজনামচা" ১৭ মার্চ ২০১৭ তারিখে বইটি বাংলা একাডেমি হতে প্রকাশিত হয়।

৭১. ভারতে প্রথম মুদ্রা প্রবর্তন করেন-

ক. শের শাহ　　খ. মুহম্মদ বিন তুঘলক
গ. ইলতুতমিশ　　ঘ. লর্ড কর্ণওয়ালিশ

উত্তর✓ ক ব্যাখ্যা শেরশাহ ছিলেন মধ্যযুগীয় দিল্লির একজন শক্তিশালী আফগান বিজয়ী। গ্র্যান্ড ট্রাঙ্ক রোড (সড়ক-এ-আজম) শেরশাহ অমর কীর্তি, তিনি প্রথম রুপিয়া নামক মুদ্রার প্রচলন করেন। তিনি মোহর নামে ১৬৯ গ্রেইন ওজনের স্বর্ণমুদ্রা ও দাম নামে তাম্রমুদ্রা ও চালু করেন। তিনি ডাক ব্যবস্থারও অমূল সংস্কার করেন।

৭২. ১৯৪৩ সালের দুর্ভিক্ষের উপর ছবি এঁকে বিখ্যাত হন কোন শিল্পী?

ক. শিল্পাচার্য জয়নুল আবেদিন　　খ. হাশেম খান
গ. রফিকুন্নবী　　ঘ. কামরুল হাসান

উত্তর✓ ক ব্যাখ্যা জয়নুল আবেদিন বিংশ শতাব্দীর একজন বিখ্যাত বাঙালি চিত্রশিল্পী। তাঁর বিখ্যাত চিত্রকর্মের মধ্যে রয়েছে দুর্ভিক্ষ-চিত্রমালা, সংগ্রাম, সাঁওতাল রমণী, ঝড়, কাক, বিদ্রোহী ইত্যাদি। তাঁর দীর্ঘ দুইটি স্ক্রল ১৯৬৯-এ অংকিত নবান্ন এবং ১৯৭৪-এ অংকিত মনপুরা-৭০ জননন্দিত দুইটি শিল্পকর্ম।

৭৩. জনসংখ্যা ও আয়তনের ভিত্তিতে সার্কভুক্ত কোন দেশটি সবচেয়ে ছোট?

ক. ভুটান　　খ. শ্রীলঙ্কা
গ. মালদ্বীপ　　ঘ. নেপাল

উত্তর✓ গ ব্যাখ্যা

দেশ	আয়তন (বর্গ কিলোমিটার)	জনসংখ্যা
মালদ্বীপ	২৯৮	৪ লক্ষ
বাংলাদেশ	১,৪৭,৫৭০	১৬.২৯ কোটি
ভারত	৩২,৮৭,২৬৩	১৩২.৬৮ কোটি
পাকিস্তান	৭,৯৬,০৯৫	১৯.২৮ কোটি
শ্রীলংকা	৬৫,৬১০	২.০৮ কোটি
ভুটান	৩৮,৩৯৪	৮ লক্ষ
নেপাল	১,৪৭,১৮১	২.৮৯ কোটি
আফগানিস্তান	৬,৪৭,৫০০	৩.৩৪ কোটি

৭৪. Which is the correct spelling?

ক. Achievrnent　　খ. Achievement
গ. Achevenent　　ঘ. Achevinent

৭৫. সামন্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান হলে সামন্তরিকটি হবে-

ক. আয়তক্ষেত্র　　খ. রম্বস
গ. ট্রাপিজিয়াম　　ঘ. বর্গক্ষেত্র

৭৬. কম্পিউটারের স্থায়ী স্মৃতিশক্তিকে বলে-

ক. সফটওয়্যার　　খ. RAM
গ. ROM　　ঘ. হার্ডওয়্যার

উত্তর✓ গ ব্যাখ্যা Read Only Memory (ROM) হল ধরণের সংরক্ষণের মাধ্যম। যা কম্পিউটার এবং অন্য ইলেকট্রনিক যন্ত্রে ব্যবহার করা হয়।

৭৭. "সবার উপর মানুষ সত্য, তাহার উপর নাই"-উক্তিটি কার?

ক. রবীন্দ্রনাথ ঠাকুর　　খ. কাজী নজরুল ইসলাম
গ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়　　ঘ. চণ্ডীদাস

উত্তর✓ ঘ ব্যাখ্যা 'সবার উপরে মানুষ সত্য, তাহার উপ নাই'-এই অমর উক্তিটি করেছেন মধ্যযুগের প্রখ্যাত কবি ব ভাষায় বৈষ্ণব পদাবলির আদি রচিয়তা চণ্ডীদাস। তার রাধা- বিষয়ক পদাবলি যুগ যুগ ধরে বাঙালির হৃদয়কে সীমা রসমাধুর্যে পরিপূর্ণ করে তুলেছে।

৭৮. 'কৈশোর' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?

ক. কিশোর + ষ্ণ　　খ. কৈশো + র
গ. কৈ + শোর　　ঘ. কে + শোর

উত্তর✓ ক ব্যাখ্যা কিশোর + ষ্ণ = কৈশোর (তদ্ধিত প্র সাধিত)। 'ষ্ণ (অ)' প্রত্যয় যোগে গঠিত কতিপয় শব্দ: মনু + = মানব, শিব + ষ্ণ = শৈব, শিশু + ষ্ণ = শৈশব, পৃথিবী + = পার্থিব।

৭৯. নিচের কোনটি গ্রিন হাউজ গ্যাস?


ক. নাইট্রোজেন　　খ. অক্সিজেন
গ. CO_2　　ঘ. হাইড্রোজেন

উত্তর✓ গ ব্যাখ্যা বায়ুমণ্ডলের যে সকল গ্যাস তাপ অবলোহিত সীমার মধ্যে বিকিরিত শক্তি শোষণ ও নির্গত করে সকল গ্যাসকে গ্রীন হাউস গ্যাস বলে। যে সকল গ্রীন হাউস গ্যা পৃথিবীর বায়ুমণ্ডলে প্রচুর পরিমানে পাওয়া যায়: জলীয়বাষ্প H_2O কার্বন ডাই অক্সাইড CO_2, মিথেন CH_4, নাইট্রাস অক্সাইড N_2O ওজোন O_3, ক্লোরোফ্লোরো কার্বন সমূহ CFCs, হাইড্রোফ্লু কার্বন সমূহ (HCFCs and HFCs সহ)

৮০. বাংলাদেশের বীরত্বসূচক উপাধিগুলোর মধ্যে কোনটির স্থা মর্যাদার দিক থেকে দ্বিতীয়?

ক. বীর উত্তম　　খ. বীর প্রতীক
গ. বীর বিক্রম　　ঘ. বীরশ্রেষ্ঠ

উত্তর✓ ক ব্যাখ্যা বাংলাদেশে সর্বোচ্চ বীরত্ব খেতাব বীরশ্রেষ্ঠ তারপর বীর উত্তম, বীর বিক্রম ও বীর প্রতীক।



০৩

প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৮

সেট : ৯৫৭৩ | [স্থগিত ২০১৪] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ১১.০৫.২০১৮ | পূর্ণমান : ৮০

যে ২০ জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল

মানিকগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, টাঁপাইনবাবগঞ্জ, কুষ্টিয়া, মাগুরা, বাগেরহাট, শেরপুর, গোপালগঞ্জ, নোয়াখালী, কক্সবাজার, পিরোজপুর, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, পটুয়াখালী, ভোলা, পঞ্চগড়, ঠাকুরগাঁও, লালমনিরহাট।

[দ্রষ্টব্য: উত্তরদাতা প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ (দশমিক দুই পাঁচ) নম্বর কাটা যাবে]

০১. ইউরিয়া সারে শতকরা কতভাগ নাইট্রোজেন থাকে?
ক. ৫৫% খ. ৪০%
গ. ৫০% ঘ. ৪৬%
উত্তর✓ ঘ ব্যাখ্যা ইউরিয়া সারের সংকেত $CO(NH_2)_2$ যাহা মাটিতে ৪৬% নাইট্রোজেন সরবারহ করে। এছাড়া সুপার ফসফেটে ২০% P_2O_5 এবং টি এস পি প্রায় 46%.P_2O_5 সরবারহ করে। চট্টগ্রামের পতেঙ্গায় ট্রিপল সুপার ফসফেট কারখানা ও চট্টগ্রামের কর্ণফুলী নদীর দক্ষিণপাড়ে এদেশের সর্ববৃহৎ ইউরিয়া সার কারখানা প্রতিষ্ঠিত আছে। ফেঞ্চুগঞ্জে একটি ইউরিয়া সার কারখানা আছে।

০২. মুক্তিযুদ্ধে অবদানের জন্য সর্বোচ্চ রাষ্ট্রীয় খেতাব-
ক. বীর উত্তর খ. বীর প্রতীক
গ. বীরশ্রেষ্ঠ ঘ. বীর বিক্রম
উত্তর✓ গ ব্যাখ্যা বীরশ্রেষ্ঠ ৭ জন, বীর উত্তম ৬৯ জন, বীর বিক্রম ১৭৫ জন ও বীর প্রতীক ৪২৬ জন। বীরশ্রেষ্ঠদের মধ্যে সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল প্রথম শহিদ হন। ৩ জন সেনাবহিনী, ২ জন ই পি আর, ১ জন নৌবাহিনী ও ১ জন বিমানবাহিনীর সদস্য ছিলেন।

০৩. $7p^2 - p - 4$ এর একটি উৎপাদক হবে-
ক. 7p খ. 8-7p
গ. 7p-8 ঘ. p-4
উত্তর✓ = ব্যাখ্যা উল্লিখিত প্রশ্নের সঠিক উত্তর নেই।

০৪. দহগ্রাম ছিটমহল বাংলাদেশের নিম্নের কোন জেলায় অবস্থিত?
ক. কুড়িগ্রাম খ. লালমনিরহাট
গ. দিনাজপুর ঘ. নীলফামারী
উত্তর✓ খ ব্যাখ্যা বর্তমানে বাংলাদেশ ও ভারতের মধ্যে কোনো ছিটমহল নেই। ১ আগস্ট ২০১৫ এর পূর্বে ভারত ও বাংলাদেশের মধ্য মোট ১৬২টি ছিটমহল ছিল। যার মধ্যে ভারতের দহগ্রাম ছিটমহলটি বাংলাদেশের লালমনিরহাট জেলায় অবস্থিত ছিল।

০৫. দুটি সংখ্যার লসাগু এবং গসাগু এর গুণফল সংখ্যা দুটির-
ক. গড়ের সমান খ. গুণফলের সমান
ঘ. ভাগফলের সমান খ. কোনোটিই নয়
উত্তর✓ খ ব্যাখ্যা আমরা জানি,
দুটি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু।

০৬. উত্তরা গণভবন কোন জেলায় অবস্থিত?
ক. নাটোর খ.বগুড়া
গ. রংপুর ঘ. রাজশাহী
উত্তর✓ ক ব্যাখ্যা উত্তরা গণভবন বা দিঘাপাতিয়া রাজবাড়ী নাটোর জেলায় অবস্থিত। ১৯৬৭ সালের বাসভবন (The East Pakistan Governor's house of Dighapatia) হিসেবে উদ্বোধন করেন। পরবর্তীতে ১৯৭২ সালের ৯ ফেব্রুয়ারি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নামকরণ করেন উত্তরা গণভবন।

০৭. We couldn't buy anything because —— of the shops was open.
ক. all খ. no one
গ. nothing ঘ. none
উত্তর✓ ঘ ব্যাখ্যা None of the shops - দোকানগুলির কোনোটিই নয়।

০৮. Choose the opposite word in meaning to the word 'Liability'
ক. Property খ. Treasure
গ. Debt ঘ. Assets
উত্তর✓ ঘ ব্যাখ্যা Liability - দায় ; Assets - সম্পদ।

০৯. কোনো ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি হবে-
ক. ৩৬০ ডিগ্রি খ. ২৪০ ডিগ্রি
গ. ২৮০ ডিগ্রি ঘ. ২৯০ ডিগ্রি
উত্তর✓ ক ব্যাখ্যা যে কোনো ত্রিভুজের ক্ষেত্রে তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিস্থ কোণ তিনটির সমষ্টি হবে ৩৬০° ডিগ্রি।

১০. যে পরিমাণ খাদ্যে ২০০ জন লোকের ২০ সপ্তাহ চলে, ঐ পরিমাণ খাদ্যে কত জন লোকের ৮ সপ্তাহ চলবে?
ক. ৫০০ জন খ. ৪০০ জন
গ. ৬০০ জন ঘ. ৩০০ জন
উত্তর✓ ক ব্যাখ্যা
২০ সপ্তাহ চলে ২০০ জন লোকের
∴ ১ " " ২০০ × ২০ " "
∴ ৮ " " $\frac{২০০ \times ২০}{৮}$ " "
= ৫০০ জন লোকের

১১. চাউলের মূল্য ২০% বৃদ্ধি পাওয়াতে ৭৫০ টাকায় পূর্বাপেক্ষা ৫ কেজি চাল কম পাওয়া গেল। ১ কেজি চালের পূর্বমূল্য কত ছিল?
ক. ২৫ খ. ৩৫
গ. ৪৫ ঘ. ৫০
উত্তর✓ ক ব্যাখ্যা
বর্তমান মূল্য ১২০ টাকা হলে পূর্ব মূল্য ১০০ টাকা
" " ১ " " " " = $\frac{১০০}{১২০}$ "
" " ৭৫০ " " " " = $\frac{১০০ \times ৭৫০}{১২০}$ "
= ৬২৫ টাকা
মূল্য বৃদ্ধি (৭৫০ − ৬২৫) = ১২৫ টাকা
∴ ৫ কেজি চালের পূর্ব মূল্য = ১২৫ টাকা
∴ ১ " " " " = $\frac{১২৫}{৫}$ "
= ২৫ টাকা।

১২. নিচের কোনটি চলিত রীতির শব্দ?
ক. শুকনো খ. পড়িল
গ. সম্পত্তি ঘ. তুলা
উত্তর: ক

১৩. $a^2 + \frac{1}{a^2} = 2$ হলে, $a - \frac{1}{a} =$ কত?
ক. 3 খ. 0
গ. 1 ঘ. 2
উত্তর: খ ব্যাখ্যা: $\left(a - \frac{1}{a}\right)^2 = a^2 + \frac{1}{a^2} - 2.a.\frac{1}{a} = 2 - 2 = 0$
$\therefore a - \frac{1}{a} = 0$

১৪. মোডেমের মাধ্যমে কম্পিউটারের সাথে-
ক. টেলিফোন লাইনের সংযোগ সাধন হয়
খ. ইন্টারনেট লাইনের সংযোগ সাধন হয়
গ. টেলিভিশন লাইনের সংযোগ সাধন হয়
ঘ. বৈদ্যুতিক লাইনের সংযোগ সাধন হয়
উত্তর: খ

১৫. 'ধীমান' শব্দটির অর্থ কি?
ক. প্রজ্ঞাবান খ. বুদ্ধিমান
গ. নিরীহ ঘ. শান্ত
উত্তর: খ ব্যাখ্যা: 'ধীমান' বিশেষণবাচক শব্দটির অর্থ : বুদ্ধিমান।

১৬. $\frac{0.001}{0.1 \times 0.1} =$ কত?
ক. 0.01 খ. 0.1
গ. 1.1 ঘ. 0.001
উত্তর: খ ব্যাখ্যা:
$\frac{0.001}{0.1 \times 0.1} = \frac{1 \times 10 \times 10}{1 \times 1 \times 1000} = \frac{1}{10} = 0.1$

১৭. 'অনিল বাগচীর একদিন' উপন্যাসটির রচয়িতা কে?
ক. হুমায়ুন আহমেদ খ. সেলিনা হোসেন
গ. হুমায়ুন আজাদ ঘ. সৈয়দ শামসুল হক
উত্তর: ক ব্যাখ্যা: 'অনিল বাগচীর একদিন' ছাড়াও হুমায়ুন আহমেদ রচিত মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস: জোছনা ও জননীর গল্প, সৌরভ, ১৯৭১, আগুনের পরশমণি, শ্যামল ছায়া।

১৮. 'হাড় হাভাতে'- বাগধারাটির অর্থ কোনটি?
ক. হতভাগ্য খ. ক্ষুধার্ত
গ. রোগা ঘ. দরিদ্র
উত্তর: ক ব্যাখ্যা: কতিপয় বাগ্‌ধারা : আটকপালে (হতভাগ্য)। ইঁদুর কপালে (নিতান্ত মন্দ ভাগ্য), অষ্টকপাল (হতভাগ্য), অদৃষ্টের পরিহাস (ভাগ্যের নিষ্ঠুরতা), কলির সন্ধ্যা (দুর্দিনের সূত্রপাত)।

১৯. নিম্নের কোনটি বাংলাদেশ সরকারের কর বহির্ভূত রাজস্ব?
ক. সম্পূরক শুল্ক খ. টোল ও লেভি
গ. বাণিজ্য শুল্ক ঘ. মূল্য সংযোজন কর
উত্তর: খ ব্যাখ্যা: অনেক দ্রব্য সামগ্রীর উপর আমদানি ও আবগারী শুল্ক বা ভ্যাট আরোপের পর ও অতিরিক্ত যে শুল্ক আরোপ করা হয় তাকে সম্পূরক শুল্ক বলে। মূল্য সংযোজন কর বা মূসক। Valu Added Tax বা VAT। বাংলাদেশ ১ জুলাই ১৯৯১ সালে মূসক ব্যবস্থা প্রবর্তন করা হয়।

২০. The 'Tale of Two Cities' is written by–
ক. Jane austen খ. Thomas Hardy
গ. Charles Dickens ঘ. George Eliot
উত্তর: গ ব্যাখ্যা: 'The Tale of Two Cities' গ্রন্থটি Victorian Novelist Charles Dickens রচিত একটি বহুল পঠিত উপন্যাস।

২১. Rahim discourages me — borrowing.
ক. from খ. in
গ. to ঘ. on
উত্তর: ক ব্যাখ্যা: discourage from - কোনো কিছু হতে নিরুৎসাহিত করা।

২২. ভারত ও শ্রীলঙ্কাকে পৃথক করেছে কোন প্রণালি?
ক. পক প্রণালি খ. জিব্রাল্টার প্রণালি
গ. মালাক্কা প্রণালি ঘ. হরমুজ প্রণালি
উত্তর: ক ব্যাখ্যা:

নাম	পৃথক করেছে	সংযুক্ত করেছে
পক প্রণালি	ভারত-শ্রীলংকা	ভারত মহাসাগর-আরব সাগর
জিব্রাল্টার প্রণালি	আফ্রিকা-ইউরোপ	উত্তর আটলান্টিক-ভূমধ্যসাগর
মালাক্কা প্রাণালি	সুমাত্রা-মালয়েশিয়া	বঙ্গোপসাগর-জাভা সাগর
হরমুজ প্রণালি	আরব-ইরান	পারস্য উপসাগর-ওমান উপসাগর
ডোভার প্রণালি	ফ্রান্স-ব্রিটেন	ইংলিশ চ্যানেল-উত্তর সাগর

২৩. একটি প্রতিযোগিতামূলক পরীক্ষায় ৬০% পরীক্ষার্থী পাশ করেছে। যারা পাশ করেনি তাদের ১৫ জন বিদেশে চলে গেল এবং ৪৫ জন ব্যবসা শুরু করল। কতজন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছে?
ক. ২৫০ খ. ১০০
গ. ১৫০ ঘ. ২০০
উত্তর: গ ব্যাখ্যা: মোট ফেল করেছে (১৫ + ৪৫) = ৬০ জন
৬০% পাস করলে ফেল করে = (১০০ − ৬০) = ৪০%
এখন ৪০% = ৬০ জন
$১\% = \frac{৬০}{৪০}$ "
$১০০\% = \frac{৬০ \times ১০০}{৪০}$ "
= ১৫০ জন

২৪. 'দিবারাত্রির কাব্য' কার লেখা?
ক. মানিক বন্দোপাধ্যায় খ. বন্দে আলী মিয়া
গ. গোলাম মোস্তফা ঘ. সুফিয়া কামাল
উত্তর: ক ব্যাখ্যা: মানিক বন্দ্যোপাধ্যায় রচিত উল্লেখযোগ্য উপন্যাস: দিবারাত্রির কাব্য, পুতুলনাচের ইতিকথা, পদ্মানদীর মাঝি, শহরবাসের ইতিকথা, স্বাধীনতার স্বাদ, ইতিকথার পরের কথা।

২৫. সারাংশে নিচের কোনটির প্রয়োজন নেই?
ক. সংক্ষেপণ খ. প্রাঞ্জলতা
গ. সরলতা ঘ. অলঙ্কার
উত্তর: ঘ ব্যাখ্যা: সারাংশ লিখনে ভাষার বাহুল্য, উপমা, অলংকার-এগুলো বর্জনীয়। সারাংশের মূল উদ্দেশ্য অন্তর্নিহিত তাৎপর্য তুলে ধরা।

২৬. Which is correctly spelt?
ক. Diarrhoea খ. Dirohea
গ. Dirrohea ঘ. Dirrhoea
উত্তর: ক

২৭. 'কুসুম্বা মসজিদ'টি কোথায় অবস্থিত?

ক. কুমিল্লা খ. নওগাঁ
গ. নাটোর ঘ. ঢাকা

উত্তর✓ খ

নাম	অবস্থান	নাম	অবস্থান
কুসুম্বা শাহী মসজিদ	মান্দা, নওগাঁ	কসবা মসজিদ	গৌরনদী, বরিশাল
তারা মসজিদ	আরমানি টোলা, ঢাকা	নয় গম্বুজ মসজিদ	বাগেরহাট
সাত গম্বুজ মসজিদ	মোহাম্মদপুর, ঢাকা	ষাট গম্বুজ মসজিদ	বাগেরহাট
বজরা শাহী মসজিদ	বেগমগঞ্জ, নোয়াখালী	আতিয়া মসজিদ	দেলদুয়ার, টাঙ্গাইল

২৮. ৫০০ টাকার ৪ বছরের সুদ এবং ৬০০ টাকার ৫ বছরের সুদ একত্রে ৫০০ টাকা হলে, সুদের হার কত?

ক. ৬% খ. ১০%
গ. ১২% ঘ. ৫%

উত্তর✓ খ শর্তমতে,

$$৫০০ \times ৪ \times \frac{r}{১০০} + ৬০০ \times ৫ \times \frac{r}{১০০} = ৫০০$$

$$\Rightarrow ২০r + ৩০r = ৫০০ \Rightarrow ৫০r = ৫০০$$

$$\Rightarrow r = \frac{৫০০}{৫০} \quad \therefore r = ১০\%$$

২৯. নিম্নের কোন দেশটি আফ্রিকা মহাদেশের নয়?

ক. নাইজেরিয়া খ. তিউনিসিয়া
গ. আলজেরিয়া ঘ. আলবেনিয়া

উত্তর✓ ঘ আলবেনিয়া দক্ষিণ ইউরোপের একটি দেশ, যার রাজধানী তিরানা ও মুদ্রার নাম লেক। নাইজেরিয়া, তিউনিসিয়া ও আলজেরিয়া দেশগুলো আফ্রিকা মহাদেশে অবস্থিত। আয়তনে আফ্রিকা মহাদেশে বৃহত্তম দেশ আলজেরিয়া আর জনসংখ্যায় - নাইজেরিয়া।

৩০. বৃক্ষ শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?

ক. বনানী খ. পাদপ
গ. বিটপী ঘ. শিখরী উত্তর ক

৩১. মনীষা শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?

ক. মনি + ঈষা খ. মনস্ + ঈষা
গ. মনঃ + ঈষা ঘ. মনী + ইষা

উত্তর✓ খ মনস্ + ঈষা = মনীষা (নিপাতনে সিদ্ধ সন্ধি)। যখন কোনো কর্মকে ব্যাকরণের নিয়মানুসারে ব্যাখ্যা করা যায় না, অথচ তার বৈধতা দেওয়া হয়, তখন সেই ব্যতিক্রমকে বৈধতা দেয়াকে নিপাতনে সিদ্ধ বলে। যেমন: আ + চর্য = আশ্চর্য, বন্ + পতি = বনস্পতি, পর্ + পর = পরস্পর।

৩২. একটি বাঁশের $\frac{১}{৪}$ অংশ কাঁদায়, $\frac{৩}{৫}$ অংশ পানিতে এবং অবশিষ্ট ৩ মিটার পানির উপরে আছে। বাঁশটির দৈর্ঘ্য কত?

ক. ২০ মিটার খ. ১৫ মিটার
গ. ১৬ মিটার ঘ. ১২ মিটার

উত্তর✓ ক ধরি, বাঁশটির দৈর্ঘ্য x মিটার

$$\therefore x - \frac{x}{4} - \frac{3x}{5} = 3 \Rightarrow 20x - 5x - 12x = 60$$

$$\Rightarrow 3x = 60 \Rightarrow x = 20 \quad \therefore \text{বাঁশটির দৈর্ঘ্য ২০ মিটার।}$$

৩৩. কোন সংস্থা বিশ্ব ঐতিহ্য এলাকা ঘোষণা করে?

ক. ইউনেস্কো খ. ডব্লিউএইচও
গ. ইউএনডিপি ঘ. ইউনিসেফ

উত্তর✓ ক UNESCO - United Nations Educational scientific and Cultural Organization. সদর দপ্তর প্যারিস, ফ্রান্স। WHO এর সদর দপ্তর - জেনেভা, সুইজারল্যান্ড। UNDP ও UNICEF এর সদর দপ্তর নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।

৩৪. ৭৫০০ টাকা ১ : ২ : ৩ : ৪ : ৫ অনুপাতে ভাগ করলে বৃহত্তম ও ক্ষুদ্রতম অংশের পার্থক্য হবে-

ক. ২৬০০ খ. ৩০০০
গ. ২০০০ ঘ. ২৫০০

উত্তর✓ গ

অনুপাতগুলোর যোগফল = ১ + ২ +৩ + ৪ + ৫ = ১৫

ক্ষুদ্রতম অংশ = $৭৫০০ \times \frac{১}{১৫} = ৫০০$ টাকা।

বৃহত্তম অংশ = $৭৫০০ \times \frac{৫}{১৫} = ২৫০০$ টাকা।

∴ পার্থক্য = (২৫০০ − ৫০০) টাকা = ২০০০ টাকা।

৩৫. বাংলাপিডিয়া প্রকাশের উদ্যোক্তা কে?

ক. বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি খ. বাংলা একাডেমি
গ. দি ইউনিভার্সিটি প্রেস লি. ঘ. মুক্তিযুদ্ধ জাদুঘর

উত্তর✓ ক ১৯৫২ সালে প্রতিষ্ঠিত 'এশিয়াটিক সোসাইটি অফ পাকিস্তান'। ১৯৭২ সালে 'এশিয়াটিক সোসাইটি অফ বাংলাদেশ' নামধারণ করে। বর্তমান ভবন ঢাকার নিমতলীতে।

৩৬. মানবদেহের কোষে কত জোড়া ক্রোমোসোম থাকে?

ক. ২৪ জোড়া খ. ৩৯ জোড়া
গ. ২৩ জোড়া ঘ. ২৫ জোড়া

উত্তর✓ গ ক্রোমোসোম হচ্ছে বংশগতির প্রধান উপাদান।

উদ্ভিদের নাম	ক্রোমোসোমের সংখ্যা (জোড়ায়)	প্রাণীর নাম	ক্রোমোসোমের সংখ্যা (জোড়ায়)
ধান	১২	মানুষ	২৩
গম	২১	গরু	৩০
ভুট্টা	১০	ছাগল	৩০
পাট	৭	রেশম পোকা	২৩

৩৭. The chairman and secretary —— present at the last meeting.

ক. is খ. have
গ. was ঘ. were

উত্তর✓ গ সাধারণগত দুটি পদবীর একটি Definite article 'the' দ্বারা যুক্ত হলে পরবর্তী verb টির form 'singular' (was) হয়।

৩৮. The word American is-

ক. noun খ. adjective
গ. pronoun ঘ. both noun and adjective

উত্তর✓ ঘ

$$\underset{\text{Article}}{\text{An}} \quad \underset{\text{N}}{\text{American}}$$

$$\underset{\text{Article}}{\text{The}} \quad \underset{\text{Adj}}{\text{American}} \quad \underset{\text{N}}{\text{Soldier}}$$

৩৯. কাজী নজরুল ইসলামের বাল্য স্মৃতিবিজরিত ময়মনসিংহের স্থানটির নাম কী?
ক. কামারপুর খ. গোপালপুর
গ. দরিরামপুর ঘ. জগদীশপুর
উত্তর✓ গ ব্যাখ্যা কাজী নজরুল ইসলামের বাল্য স্মৃতিবিজরিত ময়মনসিংহের স্থানটির নাম দরিরামপুর। ১৯১৪ সালে কাজী রফিকউদ্দিন নামে আসানসোল থানার একজন দারোগা নিজের বাড়ি ময়মনসিংহ জেলার সিমলা গ্রামে কাজী নজরুল ইসলামকে নিয়ে গিয়ে ত্রিশাল বাজারের নিকটবর্তী দরিরামপুর স্কুলে সপ্তম শ্রেণিতে ভর্তি করিয়ে দেন। যদিও তিনি ঐ বছরের ডিসেম্বর মাসে বার্ষিক পরীক্ষা শেষ হবার পরেই কাউকে কিছু না বলে সিমলা ত্যাগ করে রাণীগঞ্জে প্রত্যাবর্তন করেন।

৪০. সর্বমোট কত সংখ্যক গাছ হলে একটি বাগানে ৭, ১৪, ২১, ৩৫ ও ৪২ সারিতে গাছ লাগালে একটিও কম বা বেশি হবে না?
ক. ২৩০ খ. ২৬০
গ. ২১০ ঘ. ২২০
উত্তর✓ গ ব্যাখ্যা
৭ | ৭, ১৪, ২১, ৩৫, ৪২
২ | ১, ২, ৩, ৫, ৬
৩ | ১, ১, ৩, ৫, ৩
১, ১, ১, ৫, ১
∴ ল.সা.গু = ৭ × ২ × ৩ × ৫ = ২১০
∴ ২১০ টি গাছ।

৪১. He is confident —— success.
ক. to খ. of
গ. for ঘ. with
উত্তর খ

৪২. তিস্তা নদীর উৎপত্তিস্থল-
ক. লুসাই পাহাড় খ. হিমালয়ের গাঙ্গোত্রী হিমবাহ
গ. তিব্বতের মানস সরোবর ঘ. সিকিমের পার্বত্য অঞ্চল
উত্তর✓ ঘ ব্যাখ্যা

নদ-নদী	উৎপত্তিস্থল
তিস্তা	সিকিমের পার্বত্য অঞ্চল
মেঘনা	আসামের নাগা মনিপুর পাহাড়ের দক্ষিণ লুসাই পাহাড়
পদ্মা	হিমালয় পর্বতের গঙ্গোত্রী হিমবাহ
ব্রহ্মপুত্র, যমুনা	তিব্বতের হিমালয়ের কৈলাসশৃঙ্গের মানস সরোবর
কর্ণফুলী	ভারতের মিজোরাম রাজ্যের লুসাই পাহাড়

৪৩. $১\frac{২}{৩}$ এর $\frac{১}{৫} \div \frac{১}{৯}$ = কত?
ক. ৬ খ. ৫
গ. ৩ ঘ. ৪
উত্তর✓ গ ব্যাখ্যা
$১\frac{২}{৩}$ এর $\frac{১}{৫} \div \frac{১}{৯} = \frac{৫}{৩}$ এর $\frac{১}{৫} \div \frac{১}{৯} = \frac{১}{৩} \div \frac{১}{৯} = \frac{১}{৩} \times \frac{৯}{১} = ৩$

৪৪. কোনটি উভয়লিঙ্গবাচক শব্দ?
ক. মানুষ খ. টেবিল
গ. সৈন্য ঘ. প্রিয়
উত্তর✓ ক ব্যাখ্যা ভাষার এমন কতকগুলো নামবাচক শব্দ আছে, যেসব শব্দে পুরুষ ও স্ত্রী উভয়ই বোঝায়; এদের উভয়লিঙ্গ বলে। যেমন: মানুষ, সন্তান, লোক, যাত্রী ইত্যাদি।

৪৫. $x + y = 12$ এবং $x - y = 8$ হলে, xy এর মান কত?
ক. 40 খ. 60
গ. 80 ঘ. 20
উত্তর✓ ঘ ব্যাখ্যা আমরা জানি,
$xy = \left(\frac{x+y}{2}\right)^2 - \left(\frac{x-y}{2}\right)^2 = \left(\frac{12}{2}\right)^2 - \left(\frac{8}{2}\right)^2$
$= (6)^2 - (4)^2 = 36 - 16 = 20$

৪৬. Choose the correct sentence :
ক. The man appears to be stronger than other living men.
খ. he man appears to be stronger than many living man.
গ. The man appears to be stronger than all other living men.
ঘ. The man appears to be stronger than any other living man.
উত্তর✓ ঘ ব্যাখ্যা Than any other + Noun (singular)

৪৭. Which word is correct?
ক. Achievment খ. Acheivment
গ. Achievement ঘ. Acheivement
উত্তর গ

৪৮. 'লম্ফ প্রদান করিল'- এর চলিত রূপ কোনটি?
ক. লাফ দিল খ. লম্ফ দিল
গ. লম্ফ প্রদান করল ঘ. লাফ প্রদান করল
উত্তর ক

৪৯. ১০০ জন শিক্ষার্থীর পরিসংখ্যানে গড় নম্বর ৭০, এদের মধ্যে ৬০ জন ছাত্রীর গড় নম্বর ৭৫ হলে, ছাত্রদের গড় নম্বর কত?
ক. ৬৫.৫ খ. ৬২.৫
গ. ৫৫.৫ ঘ. ৬০.৫
উত্তর✓ খ ব্যাখ্যা
১০০ জন শিক্ষার্থীর মোট নম্বর = ৭০ × ১০০ = ৭০০০
৬০ জন ছাত্রীর মোট নম্বর ৭৫ × ৬০ = ৪৫০০
৪০ জন ছাত্রের মোট নম্বর ৭০০০ - ৪৫০০ = ২৫০০
∴ ছাত্রদের গড় নম্বর = $\frac{২৫০০}{৪০}$ = ৬২.৫

৫০. What is the meaning of 'White Elephant'?
ক. A big elephant
খ. A very costly and troublesome possession
গ. A precious and rate possession
ঘ. An elephant of white colour
উত্তর খ

৫১. Which of the following sentence is correct?
ক. Which shirt he bought is blue in colour.
খ. The shirt which he bought is blue in colour
গ. That shirt which he has bought is blue in colour.
ঘ. The shirt that which he bought is blue in colour
উত্তর✓ খ ব্যাখ্যা বাক্যে main clause টি হলো The shirt is blue in colour।
বি.দ্র: 'Which he bought' clause টি একটি Adjective clause ; যেটি বাক্যে কখনোই subject হিসেবে ব্যবহৃত হয় না।

৫২. কোন সংখ্যার বর্গমূলের সাথে ১০ যোগ করলে যোগফল ৪-এর বর্গ হবে?
ক. ৩৬ খ. ৯
গ. ১৬ ঘ. ২৫
উত্তর✓ ক ব্যাখ্যা $\sqrt{x} + ১০ = (8)^2$
$\Rightarrow \sqrt{x} = ১৬ - ১০ \Rightarrow \sqrt{x} = ৬ \quad \therefore x = ৩৬$

৫৩. What is the passive voice of 'who did this?'

ক. By whom this has been done?
খ. Whom did this?
গ. By whom was this done?
ঘ. ho has done this?

উত্তর✓ গ ব্যাখ্যা Who যুক্ত Active Voice কে Passive voice এ রূপান্তরের নিয়ম :
By whom + H.V + Sub (Active voice এর object) + V_3

৫৪. একটি বাড়ি ৪০ ফুট উঁচু। একটি মইয়ের তলদেশ মাটিতে বাড়িটির দেয়াল থেকে ৯ ফুট দূরে রাখা আছে। উপরে মইটি বাড়িটির ছাদ ছুয়ে আছে। মইটি কত ফুট লম্বা?

ক. ৪২ খ. ৪১
গ. ৪৭ ঘ. ৪৫

উত্তর✓ খ ব্যাখ্যা মইটির দৈর্ঘ্য $= \sqrt{(৪০)^২ + (৯)^২}$
$= \sqrt{১৬০০ + ৮১}$
$= \sqrt{১৬৮১} = ৪১$

৫৫. What is the indirect speech of the sentence? - He said "I can do the work".

ক. He said that I will do the work.
খ. He said that he could do the work.
গ. He said that he can do the work.
ঘ. He said that I could do the work.

উত্তর✓ খ ব্যাখ্যা Indirect Narration এ রূপান্তরের ক্ষেত্রে Reporting verb টি Past tense এর হলে Reported speech এর verb টি Past form এ পরিবর্তিত হয়।

৫৬. টাকায় ৫টি মার্বেল বিক্রয় করায় ১২% ক্ষতি হয়। ১০% লাভ করতে হলে টাকায় কয়টি বিক্রয় করতে হবে?

ক. ৩টি খ. ২টি
গ. ৪টি ঘ. কোনোটিই নয়

উত্তর✓ গ ব্যাখ্যা
৫টি মার্বেলের বিক্রয়মূল্য = ১ টাকা

১" " " $= \frac{১}{৫}$ "

১২% ক্ষতির ক্ষেত্রে,
বিক্রয়মূল্য ৮৮ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" $\frac{১}{৫}$ " " " $\frac{১০০}{৮৮} \times \frac{৫}{২২}$ "

$= \frac{৫}{২২}$ টাকা।

১০% লাভের ক্ষেত্রে,
ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য = ১১০ টাকা

" $\frac{৫}{২২}$ " " " $= \frac{১১০}{১০০} \times \frac{৫}{২২}$ "

$= \frac{১}{৪}$ টাকা

অর্থাৎ,

$\frac{১}{৪}$ টাকায় বিক্রয় করতে হবে ১টি মার্বেল

১ " " " " $১ \times \frac{৪}{১}$ " "

= ৪টি মার্বেল।

৫৭. Choose the correct sentence.

ক. Airport is a busy place.
খ. Airport is busy place.
গ. The Airport is a busy place.
ঘ. The Airport is busy place.

উত্তর✓ গ ব্যাখ্যা সাধারণত সমগ্রতা বোঝাতে Airport শব্দটির পূর্বে 'the' definite Article টি ব্যবহৃত হয় এবং Singular Common Noun এর পূর্বে Indifinite Article a/an বসে।

৫৮. বজ্রপাতের সময় থাকা উচিত?

ক. গুহার ভিতর বা মাটিতে শুয়ে খ. খোলা মাঠে দাড়িয়ে
গ. উঁচু দেয়ালের কাছে ঘ. উঁচু গাছের নিচে উত্তর ক

৫৯. 'কর্মে যাহার ক্লান্তি নাই' এই বাক্যাংশের সংক্ষিপ্ত রূপ কী?

ক. অবিশ্রাম খ. অক্লান্ত
গ. ক্লান্তিহীন ঘ. অক্লান্ত কর্মী

উত্তর✓ ঘ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : কাজে অতিশয় কুশল - কর্মঠ, কষ্টে লাভ করা যায় যা-দুর্লভ, দুবার জন্মে যে-দ্বিজ, দেখা যায় না যা-অদৃশ্য, দেখা যায় নি যা-অদৃষ্ট, পরিহার করা যায় না যা-অপরিহার্য।

৬০. মুক্তিযুদ্ধকালীন কোন তারিখে বুদ্ধিজীবীদের ওপর হত্যাকাণ্ড সংঘটিত হয়?

ক. ১৪ ডিসেম্বর ১৯৭১ খ. ১৭ এপ্রিল ১৯৭১
গ. ১৬ ডিসেম্বর ১৯৭১ ঘ. ২৫ মার্চ ১৯৭১

উত্তর✓ ক ব্যাখ্যা ১৪ ডিসেম্বর ১৯৭১ সালে পশ্চিম পাকিস্তানি হানাদারবাহিনী পরিকল্পিতভাবে পূর্ব পাকিস্তানি বুদ্ধিজীবীদের হত্যাকাণ্ড চালায়। তাই ১৪ ডিসেম্বর কে শহীদ বুদ্ধিজীবী দিবস বলা হয়। ১৬ ডিসেম্বর বিজয় দিবস। ১৯৭১ সালের ১৭ এপ্রিল বাংলাদেশের অস্থায়ী সরকার বা মুজিবনগর সরকারের মন্ত্রিপরিষদের সদস্যরা শপথ গ্রহণ করে। ১৯৭১ সালে ২৫ মার্চ রাতে পাকিস্তানি হানাদার বাহিনী পূর্ব পাকিস্তানি নিরীহ মানুষের হত্যাকাণ্ড চালায়। যা অপারেশন সার্চলাইট নামে পরিচিত।

৬১. স্বাধীনতা যুদ্ধকালে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছিল?

ক. ১১টি খ. ৮টি
গ. ৭টি ঘ. ১০টি

উত্তর✓ ক ব্যাখ্যা ১৯৭১ সালে সংগঠিত বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ পরিচালনায় অস্থায়ী বাংলাদেশ সরকার সমগ্র ভূ-খণ্ডকে ১১টি সেক্টরে আর ৬৪টি সাব-সেক্টরে ভাগ করেন। ১০ নম্বর সেক্টরটিতে কোনো নিয়মিত কমান্ডার ছিলেন না। স্বাধীনতার যুদ্ধ মোট ১৭ জন কমান্ডার পরিচালনা করে।

৬২. The antonym of the word 'delete' is ---

ক. dull খ. insert
গ. contract ঘ. discrete উত্তর খ

৬৩. Which one of the following is an adverb.

ক. Someone খ. Somebody
গ. Someday ঘ. Something

উত্তর✓ গ ব্যাখ্যা 'Someday' শব্দটি সময় নির্দেশক হওয়ার এটি 'Adverb of time' হিসেবে বিবেচিত হয়।

৬৪. সংশয় এর বিপরীত শব্দ কোনটি?

ক. প্রত্যয় খ. দ্বিধা
গ. ভয় ঘ. বিস্ময়

উত্তর✓ ক ব্যাখ্যা 'সংশয়' বিশেষ্যবাচক শব্দটির অর্থ : সন্দেহ, দ্বিধা; যার বিপরীতার্থক শব্দ প্রত্যয়। কতিপয় বিপরীতার্থক শব্দ: সংকীর্ণ-প্রশস্ত, সমষ্টি-ব্যষ্টি, সুগম-দুর্গম, স্তুতি-নিন্দা, স্মরণ-বিস্মরণ, সংক্ষেপ-বাহুল্য।

৬৫. 'কপোত' শব্দটির সঠিক অর্থ কোনটি?
ক. ময়ূর খ. কবুতর
গ. কোকিল ঘ. বক
উত্তর: খ

৬৬. Choose the appropriate options to complete the sentences: Today —— people who enjoy cricket is bigger than that of thirty years ago.
ক. a great deal of খ. many
গ. the number of ঘ. number of
উত্তর: গ ব্যাখ্যা: যেহেতু বাক্যের Finite verb টি singular (is) সেহেতু the number of + subject (plural) ব্যবহৃত হবে।

৬৭. 'ইতর বিশেষ' বাগধারাটির অর্থ কী?
ক. অতিশয় অভদ্র খ. অপদার্থ
গ. পার্থক্য ঘ. অভদ্র
উত্তর: গ ব্যাখ্যা: কতিপয় বাগধারা : আমড়া কাঠের ঢেঁকি (অপদার্থ), তামার বিষ (অর্থের কুপ্রভাব), উত্তম মধ্যম (প্রহার), উড়নচণ্ডী (অমিতব্যয়ী), এসপার ওসপার (মীমাংসা)।

৬৮. সংযোগজ্ঞাপক সর্বনাম কোনটি?
ক. যে খ. তাবৎ
গ. কিছু ঘ. স্বয়ং
উত্তর: ক ব্যাখ্যা: যে (সংযোগজ্ঞাপক সর্বনাম), তাবৎ (সাকুল্যবাচক সর্বনাম), কিছু (অনির্দিষ্টতাজ্ঞাপক) এবং স্বয়ং (আত্মবাচক সর্বনাম)।

৬৯. Which one of the following is a common gender?
ক. Teacher খ. book
গ. boy ঘ. madam
উত্তর: ক

৭০. কোনটি ব্রিটিশ আমলের স্থাপত্য?
ক. লালবাগ কেল্লা খ. জাতীয় সংসদ ভবন
গ. আঙ্গিনা মসজিদ ঘ. কার্জন হল
উত্তর: ঘ ব্যাখ্যা: লালবাগ কেল্লা মোঘল আমলে নির্মিত হয়। জাতীয় সংসদ নির্মাণ কাজ শুরু হয়েছে ১৯৬১ সালে সম্পূর্ণ হয় ১৯৮২ সালে। স্থপতি লুই কান। কার্জন হল ভারতের ভাইসরয় লর্ড কার্জনের নামানুসারে রাখা হয়। ১৯০৩ সালে লর্ড কার্জন ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

৭১. পিসিকালচার বলতে কী বোঝায়?
ক. মৎস্য চাষ খ. মৌমাছি চাষ
গ. হাঁস মুরগি পালন ঘ. রেশম চাষ
উত্তর: ক

মৎস্য চাষ	পিসি কালচার	মৌমাছি চাষ	এপি কালচার
রেশম চাষ	সেরি কালচার	পাখিপালন	এভি কালচার
মুক্তা চাষ	পার্ল কালচার	হাঁস মুরগি পালন	পোল্ট্রি কালচার

৭২. কোনটি সঠিক বানান?
ক. নিশীথিনী খ. নিশিথিনি
গ. নিশিথিনী ঘ. নীশিথিনি
উত্তর: ক

৭৩. $\frac{x}{y}$ এর সাথে কত যোগ করলে যোগফল $\frac{2y}{x}$ হবে?
ক. $\frac{2x^2+y^2}{xy}$ খ. $\frac{x^2-y^2}{xy}$
গ. $\frac{2y^2-x^2}{xy}$ ঘ. $\frac{x^2-2y^2}{xy}$
উত্তর: গ ব্যাখ্যা: প্রদত্ত সংখ্যা $= \frac{2y}{x} - \frac{x}{y} = \frac{2y^2-x^2}{xy}$

৭৪. একটি কলম ও বইয়ের মূল্য একত্রে ৯৫ টাকা। কলমটির মূল্য ১৫ টাকা বেশি এবং বইটির মূল্য ১৪ টাকা কম হলে, বইটির মূল্যের দ্বিগুণ হতো। বইটির মূল্য কত?
ক. ৪০ টাকা খ. ৪৯ টাকা
গ. ৪৬ টাকা ঘ. কোনোটিই নয়
উত্তর: গ ব্যাখ্যা: শর্তমতে, $x + y = ৯৫$ ——— (১)
এবং $x + ১৫ = ২(y - ১৪)$
$\Rightarrow x + ১৫ = ২y - ২৮$
$\Rightarrow x - ২y = -২৮ - ১৫$
$\Rightarrow x - ২y = -৪৩$ ——— (২)
এখন,
$x + y = ৯৫$
$x - ২y = -৪৩$
(বিয়োগ করে)
$৩y = ১৩৮$
$\therefore y = ৪৬$

৭৫. যার আগমনের কোনো তিথি নেই, তাকে বলা হয়?
ক. তিথিহীন খ. তীর্থযাত্রী
গ. আগন্তুক ঘ. অতিথি
উত্তর: ঘ

৭৬. নিচের কোন দেশটি আন্তর্জাতিক অর্থনৈতিক জোট জি-৮ এর সদস্য নয়?
ক. সুইডেন খ. রাশিয়া
গ. জাপান ঘ. যুক্তরাষ্ট্র
উত্তর: ক ব্যাখ্যা: উল্লিখিত প্রশ্নের একক সঠিক উত্তর নেই। কেননা জি-৮ এর বর্তমান পরিবর্তিত নাম জি-৭। যার সদস্য নয় সুইডেন ও রাশিয়া উভয়ই। পূর্বের জি-৮ এর সদস্য ছিল না সুইডেন।

৭৭. কোন বানানটি সঠিক?
ক. সান্নুসিক খ. ষাণ্ণাসিক
গ. ষান্নুষিক ঘ. ষান্নুসিক
উত্তর: খ

৭৮. সম্বোধনের পর কোন চিহ্ন বসে?
ক. সেমিকোলন খ. দাঁড়ি
গ. কমা ঘ. কোনোটিই নয়
উত্তর: গ ব্যাখ্যা: কমা (,) চিহ্নের কতিপয় ব্যবহার : (i) সম্বোধনের পর (ii) উদ্ধরণ চিহ্নের পূর্বে (iii) মাসের তারিখ লিখতে বার ও মাসের পর (iv) বাড়ি বা রাস্তার নম্বরের পরে।

৭৯. 'A child likes sweets only' the negative form of the sentence is –
ক. A child likes nothing but sweets
খ. A child likes but sweets
গ. A child likes not more sweets
ঘ. A child likes none but sweets
উত্তর: ক ব্যাখ্যা: Affirmative sentence এ 'Only' থাকলে Negative এ রূপান্তরের ক্ষেত্রে 'Only' এর স্থলে 'nothing but' (বস্তুর ক্ষেত্রে) অথবা none but (ব্যক্তির ক্ষেত্রে) ব্যবহৃত হয়।

৮০. CPU এর পূর্ণরূপ কী?
ক. Computer processing unit
খ. Central power unit
গ. Computer power unit
ঘ. Central processing unit
উত্তর: ঘ



০৪ প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৮

সেট : ৮১৬১ | [স্থগিত ২০১৪] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ২০.০৪.২০১৮ | পূর্ণমান : ৮০

যে ১২ জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল

মাদারীপুর, ফেনী, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, শরীয়তপুর, লক্ষ্মীপুর, ঝালকাঠি, বরগুনা, নড়াইল, চুয়াডাঙ্গা, মেহেরপুর, জয়পুরহাট।

[দ্রষ্টব্য: উত্তরদাতা প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ (দশমিক দুই পাঁচ) নম্বর কাটা যাবে]

০১. 'বরণের যোগ্য যিনি' বাক্যটিকে এক কথায় প্রকাশ করুন।
ক. বরেণ্য খ. বীরপুরুষ
গ. বীর ঘ. বরনীয়
উত্তর✓ ক ব্যাখ্যা: বরণের যোগ্য যিনি – বরেণ্য/বরণীয়, বাক্য ও মনের অগোচর–অবাঙ্মানসগোচর, বহু জনের সমাবেশ – জনতা, বিনা কাজে সর্বত্র ঘুরে বেড়ায় যে – ভবঘুরে, বীর পতি যার – বীরভর্তৃকা, বহু নারীর স্বামী বা প্রিয় ব্যক্তি – বহুবল্লভ, বহু পুরুষের প্রিয় নারী – বহুবল্লভা।

০২. একজন ক্রিকেটারের ১০ ইনিংসের রানের গড় ৪৫.৫। ১১তম ইনিংসে কত রান করে আউট হলে সব ইনিংসে মিলিয়ে তার রানের গড় ৫০ হবে?
ক. ৯৫ খ. ৯৮
গ. ৯৬ ঘ. ৯০
উত্তর✓ ক ব্যাখ্যা:
প্রথম ১০ ইনিংসে মোট রান = (৪৫.৫ × ১০) = ৪৫৫ রান
১১তম ইনিংস পর মোট রান হবে = (৫০ × ১১) রান
= ৫৫০ রান
∴ ১১তম ইনিংসের রান = (৫৫০ – ৪৫৫)
= ৯৫ রান

০৩. The roads of Dhaka are wider...
ক. than Sylhet খ. then those of Sylhet
গ. than those of Sylhet ঘ. then Sylhet's
উত্তর✓ গ ব্যাখ্যা: বাক্যে "The roads of Dhaka" এর সাথে "the roads of Sylhet" এর তুলনা করা হয়েছে। পুনরাবৃত্তি এড়াতে 'than conjunction টির পরবর্তী Noun (the roads) এর পরিবর্তে 'those' pronoun টি ব্যবহার করা হয়েছে।

০৪. চুম্বক দ্বারা আকৃষ্ট হয় না-
ক. লৌহ খ. ইস্পাত
গ. নিকেল ঘ. পিতল উত্তর ঘ

০৫. 'দেশের জন্য সেবা কর' 'দেশের' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য
গ. কর্মে ষষ্ঠী ঘ. সম্প্রদানে ষষ্ঠী
উত্তর✓ ঘ ব্যাখ্যা: কারক ও বিভক্তির প্রয়োগ: হামিদ বই পড়ে (কর্তায় শূন্য), ডাক্তার ডাক (কর্মে শূন্য), তোমার দেখা পেলাম না (কর্মে ষষ্ঠী)।

০৬. I prefer tea —— coffee.
ক. for খ. than
গ. from ঘ. to
উত্তর✓ ঘ ব্যাখ্যা: দুটি বিষয়ের মধ্যে একটিকে অধিকতর পছন্দ করা এরূপ ক্ষেত্রে Perfer + NP + to + NP - structure টি অনুসৃত হয়। বাক্যে কর্তার coffee অপেক্ষা tea বেশি পছন্দ।

০৭. It is 11 am now. The sun —— in the eastern sky.
ক. had been shining খ. shines
গ. is shining ঘ. has been shining
উত্তর✓ গ ব্যাখ্যা: প্রসঙ্গে 'Now' adverb টির উল্লেখ 'একটি চলমান অবস্থা' কে নির্দেশ করে। সেহেতু সংশ্লিষ্ট বাক্যটির verb এর tense present contiruus tense হবে।

০৮. কোন বানানটি শুদ্ধ?
ক. আদ্যক্ষর খ. আদ্যখর
গ. আদ্যাক্ষর ঘ. আদ্যোক্ষর
উত্তর✓ গ ব্যাখ্যা: কতিপয় বানান সতকর্তা : অশ্বত্থ, অলঙ্ঘ্য, অন্ত্যেষ্টিক্রিয়া, অগ্ন্যুৎপাত, অগ্ন্যাশয়, অন্তঃসত্ত্বা, অন্তর্জ্বালা, অনূর্ধ্ব, অধ্যাত্ম, অহর্নিশ।

০৯. জাতিসংঘের অঙ্গসংস্থা নয় কোনটি?
ক. বিশ্বস্বাস্থ্য সংস্থা খ. আন্তর্জাতিক রেডক্রস
গ. বিশ্ব খাদ্য সংস্থা ঘ. আন্তর্জাতিক আদালত
উত্তর✓ খ ব্যাখ্যা: রেডক্রস বিশ্বের দুঃস্থ মানবতার সেবায় নিয়োজিত একটি আন্তর্জাতিক সংস্থা। মুসলিম বিশ্বে রেডক্রসের পরিবর্তিত নাম রেডক্রিসেন্ট। এটি ১৮৬৩ সালে ৯ ফেব্রুয়ারি প্রতিষ্ঠিত হয়।

১০. ০.৩ × ০.০৩ × ০.০০৩ = কত?
ক. ০.০০০০২৭ খ. ০.০০০২৭
গ. ০.০২৭ ঘ. ০.০০০২৭
উত্তর✓ ক ব্যাখ্যা: ০.৩ × ০.০৩ × ০.০০৩ = ০.০০০০২৭

১১. $X = \sqrt{3} - \frac{1}{x}$ হলে, $x^3 + \frac{1}{x^3}$ এর মান কত?
ক. $\sqrt{3}$ খ. 0.0
গ. 1.0 ঘ. 3.0
উত্তর✓ খ ব্যাখ্যা: $x = \sqrt{3} - \frac{1}{x} \Rightarrow x + \frac{1}{x} = \sqrt{3}$
এখন $x^3 + \frac{1}{x^3} = \left(x + \frac{1}{x}\right)^3 - 3.x\frac{1}{x}\left(x + \frac{1}{x}\right)$.
$= (\sqrt{3})^3 - 3\sqrt{3}$
$= 3\sqrt{3} - 3\sqrt{3} = 0$

১২. Choose the correct indirect speech. She asked me, 'Are you happy in your new job?'
ক. She asked me if had been happy in my new job
খ. She asked me if I was happy in my new job
গ. She asked me if I have been happy in my new job
ঘ. She asked me whether I am happy in my new job
উত্তর✓ খ ব্যাখ্যা: Direct speech থেকে Indirect speech এ পরিবর্তনের ক্ষেত্রে reporting verb টি past idifinite (asked) থাকলে এবং Reported speech টি যদি present indifinite tense এর হয় তাহলে reported speech এর tense টি ও past indifinite tense এ পরিবর্তিত হবে।

১৩. Adult Cell ক্লোন করে যে ভেড়ার জন্ম হয়েছে তার নাম দেওয়া হয়েছে-

ক. মলি　　খ. লেলী
গ. শেলী　　ঘ. ডলি

উত্তর✓ খ ব্যাখ্যা ১৯৯৬ সালে অ্যাডাল্ট সেল ক্লোন করে সর্বপ্রথম যুক্তরাজ্যের একদল বিজ্ঞানী একটি ভেড়ার জন্ম দেয়। এটির নাম দেওয়া হয় 'ডলি'।

১৪. 'কচুবনের কালাচাঁদ' বাগধারাটির অর্থ কী?

ক. অপদার্থ　　খ. সাদাসিধা লোক
গ. সৌখিন ব্যক্তি　　ঘ. নিরীহ ব্যক্তি

উত্তর✓ ক ব্যাখ্যা কতিপয় বাগধারা : অগাধ জলের মাছ (সুচতুর ব্যক্তি); আটকপালে (হতভাগ্য), গোঁয়ার গোবিন্দ (নির্বোধ অথচ হঠকারী), ননীর পুতুল (শ্রমবিমুখ), রুই-কাতলা (পদস্থ বা নেতৃস্থানীয় ব্যক্তি), লেফাফা দুরস্ত (বাইরের ঠাট বজায় রেখে চলেন গিন্নি)।

১৫. মৌলিক পদার্থ কোনটি?

ক. বাতাস　　খ. লোহা
গ. পিতল　　ঘ. জল　　উত্তর খ

১৬. 'নন্দিত' এর বিপরীতার্থক শব্দ কোনটি?

ক. বিষণ্ন　　খ. বিষাদ
গ. প্রচ্ছন্ন　　ঘ. নিন্দিত

উত্তর✓ ঘ ব্যাখ্যা কতিপয় বিপরীতার্থক শব্দ : বিষণ্ন–প্রসন্ন, বিষাদ-আনন্দ/হর্ষ, প্রচ্ছন্ন–ব্যক্ত, গৃহী–সন্ন্যাসী, স্বাধীন–পরাধীন, হ্রাস–বৃদ্ধি, স্মৃতি–বিস্মৃতি।

১৭. বহুব্রীহি সমাস কয় প্রকার?

ক. দশ প্রকার　　খ. তিন প্রকার
গ. আট প্রকার　　ঘ. ছয় প্রকার

উত্তর✓ গ ব্যাখ্যা বহুব্রীহি সমাস আট প্রকার। যথা: সমানাধিকরণ, ব্যধিকরণ, ব্যতিহার, নঞ, মধ্যপদলোপী, প্রত্যয়ান্ত, অলুক ও সংখ্যাবাচক বহুব্রীহি সমাস।

১৮. বৃষ্টি পড়ে টাপুর টুপুর–এখানে 'টাপুর টুপুর' কোন ধরনের শব্দ?

ক. পদের দ্বিরুক্তি　　খ. ছড়ার শব্দ
গ. শব্দের দ্বিরুক্তি　　ঘ. ধ্বন্যাত্মক দ্বিরুক্তি

উত্তর✓ ঘ ব্যাখ্যা কোনো কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতি-বিশিষ্ট শব্দের রূপকে ধ্বন্যাত্মক শব্দ বলে। এ জাতীয় ধ্বন্যাত্মক শব্দের দুইবার প্রয়োগের নাম ধ্বন্যাত্মক দ্বিরুক্তি। যেমন: ঝমঝম, টপাটপ, পটাপট, ঝনঝনি।

১৯. লোকসাহিত্য কাকে বলে?

ক. লোকের মুখে মুখে প্রচলিত কাহিনি, গান, ছড়া ইত্যাদিকে
খ. গ্রামীণ অশিক্ষিত ও অখ্যাত লোকের সৃষ্ট রচনাকে
গ. গ্রামীণ নরনারীর প্রণয় সংবলিত উপাখ্যানকে
ঘ. লোক সাধারণের কল্যাণে দেবতার স্তুতিমূলক রচনাকে

উত্তর✓ ক ব্যাখ্যা লোকসাহিত্য বলতে জনসাধারণের মুখে মুখে প্রচলিত গাথা, কাহিনি, গান, ছড়া, প্রবাদ ইত্যাদি বোঝানো হয়। সাধারণত কোনো সম্প্রদায় বা জনগোষ্ঠীর অলিখিত সাহিত্যই লোকসাহিত্য। অর্থাৎ জাতীয় সংস্কৃতির যে সকল সাহিত্য গুণসম্পন্ন সৃষ্টি প্রধানত মৌখিক ধারা অনুসরণ করে অগ্রসর হয় তাকে লোকসাহিত্য হিসেবে চিহ্নিত করা হয়।

২০. কোনটি বাংলাদেশের সীমান্তবর্তী দেশ?

ক. মায়ানমার　　খ. নেপাল
গ. ভুটান　　ঘ. চীন

উত্তর✓ ক ব্যাখ্যা বাংলাদেশের সাথে ভারত ও মিয়ানমারের সীমান্ত রয়েছে। ভারতের সাথে বাংলাদেশের সীমান্ত দৈর্ঘ্য ৪১৫৬ কি.মি এবং মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্ত দৈর্ঘ্য ২৭১ কি.মি.।

২১. একটি কলম ও একটি বইয়ের মূল্য একত্রে ৯৫ টাকা। কলমটির মূল্য ১৫ টাকা বেশি ও বইটির মূল্য ১৪ টাকা কম হলে কলমটির মূল্য বইটির মূল্যের দ্বিগুণ হতো। বইটির মূল্য কত?

ক. ৫০ টাকা　　খ. কোনোটিই নয়
গ. ৪৯ টাকা　　ঘ. ৪৬ টাকা

উত্তর✓ ঘ ব্যাখ্যা এখন, $k + B = ৯৫$ ——— (i)
এবং, $k + ১৫ = ২(B - ১৪)$
$\Rightarrow k + ১৫ = ২B - ২৮$
$\Rightarrow k - ২B = -২৮ - ১৫$
$\Rightarrow k - ২B = -৪৩$ ——— (ii)
(ii) – (i) $k - ২B = -৪৩$
$k + B = ৯৫$
$-৩B = -১৩৮$
$\Rightarrow B = \frac{১৩৮}{৩}$
$\therefore B = ৪৬$
∴ বইটির মূল্য = ৪৬ টাকা।

২২. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ২৭, ৪০ ও ৬৫ কে ভাগ করলে যথাক্রমে ৩, ৪ ও ৫ ভাগশেষ থাকবে?

ক. ১২　　খ. ১০
গ. ১৬　　ঘ. ১৪

উত্তর✓ ক ব্যাখ্যা এখন, ২৭ – ৩ = ২৪
৪০ – ৪ = ৩৬
৬৫ – ৫ = ৬০
এখানে, ২৪, ৩৬ ও ৬০ একমাত্র ১২ দ্বারা নিঃশেষ বিভাজ্য।

২৩. নিম্নের নামগুলোর মধ্যে মুক্তিযুদ্ধে 'বীর প্রতীক' খেতাবপ্রাপ্ত নারী মুক্তিযোদ্ধা কে?

ক. নীলিমা ইব্রাহিম　　খ. বেগম সুফিয়া কামাল
গ. সেতারা বেগম　　ঘ. জাহানারা বেগম

উত্তর✓ গ ব্যাখ্যা মুক্তিযুদ্ধে গুরুত্বপূর্ণ অবদানের জন্য দুইজন নারী মুক্তিযোদ্ধা বীরত্বপূর্ণ বীরপ্রতীক খেতাবে ভূষিত হন। তার হলেন ক্যাপ্টেন ড.সেতারা বেগম এবং তারামন বিবি। সেতারা বেগম ২নং সেক্টরে এবং তারামন ১১নং সেক্টরে যুদ্ধ করেন।

২৪. 'কথায় বর্ণনা করা যায় না যা'- এ বাক্যের সংক্ষিপ্ত রূপ কী?

ক. অনির্বচনীয়　　খ. অবর্ণনীয়
গ. নির্বচনীয়　　ঘ. বর্ণনাতীত

উত্তর✓ ক ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : যা বলার যোগ্য নয় – অকথ্য, যা নিবারণ করা যায় না – অনিবার্য, যার অন্য উপায় নেই – অনন্যোপায়, যার কোনো উপায় নেই – নিরুপায়।

২৫. বাংলাদেশের সবচেয়ে খরস্রোতা নদী কোনটি?

ক. যমুনা　　খ. মেঘনা
গ. কর্ণফুলি　　ঘ. পদ্মা

উত্তর✓ গ ব্যাখ্যা বাংলাদেশের সবচেয়ে খরস্রোতা নদী কর্ণফুলী নদী। কর্ণফুলী নদী ভারতের মিজোরাম রাজ্যের লুসাই পাহাড় থেকে উৎপত্তি লাভ করেছে। খাগড়াছড়ি, রাঙামাটি ও চট্টগ্রাম দিয়ে কর্ণফুলী নদী প্রবাহিত।

২৬. 'মাথা খাও, ভুলিওনা খেয়ো মনে করে'- 'মাথা খাও' বলতে বুঝায়-

ক. মাথার দিব্যি খ. মাথা ব্যথা
গ. মাথা খাওয়া ঘ. মাথা ধরা

উত্তর✓ ক ব্যাখ্যা বাংলা ভাষায় এমন কতকগুলো বিশেষ্য, বিশেষণ ও ক্রিয়াপদ আছে যেগুলো ভিন্ন ভিন্ন অর্থে বাক্যে ব্যবহৃত হয়। এসব শব্দের প্রত্যেকটি নিজস্ব আভিধানিক অর্থের অতিরিক্ত একাধিক বিশিষ্ট অর্থে ব্যবহৃত হয়ে বাক্যের সৌন্দর্য বৃদ্ধি করে। যেমন: 'মাথা খাও, চিঠি দিতে ভুলো না' – এখানে 'মাথা খাও' দিব্যি দেওয়া অর্থে ব্যবহৃত হয়েছে।

২৭. কোনটি জহির রায়হান রচিত উপন্যাস নয়?

ক. শেষ বিকেলের মেয়ে খ. তৃষ্ণা
গ. নিষ্কৃতি ঘ. কয়েকটি মৃত্যু

উত্তর✓ গ ব্যাখ্যা

উপন্যাস	ঔপন্যাসিক
শেষ বিকেলের মেয়ে	জহির রায়হান
তৃষ্ণা	
কয়েকটি মৃত্যু	
নিষ্কৃতি	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

২৮. We were watching the news when the telephone —.

ক. rang খ. rung
গ. ringing ঘ. had rung **উত্তর ক**

২৯. Diamond cuts Diamonds-এর অনুবাদ কোনটি?

ক. মানিকে মানিক চেনে খ. সঙ্গদোষে নষ্ট
গ. সৎসঙ্গে স্বর্গবাস ঘ. সঙ্গ দেখে লোক চেনা যায় **উত্তর ক**

৩০. ঢাকায় প্রথম বাংলার রাজধানী স্থাপন করেন–

ক. সম্রাট জাহাঙ্গীর খ. ইসলাম খাঁ
গ. শায়েস্তা খাঁন ঘ. সম্রাট আকবর

উত্তর✓ খ ব্যাখ্যা ১৬১০ সালে সুবেদার ইসলাম খান চিশ্‌তী ঢাকাকে প্রথম বাংলার রাজধানীতে রূপান্তিরিত করেন।

৩১. 'Among' is a preposition that is used when —— people are involved

ক. two or more than two খ. four only
গ. two ঘ. more than two

উত্তর✓ ঘ ব্যাখ্যা দুই এর অধিক ব্যক্তির মধ্যে বণ্টনের ক্ষেত্রে 'among' (more than two) preposition টি ব্যবহৃত হয়।

৩২. কোনটি সবচেয়ে বড় ডাটার একক?

ক. মেগাবাইট খ. কিলোবাইট
গ. গিগাবাইট ঘ. টেরাবাইট **উত্তর ঘ**

৩৩. বাদুড় অন্ধকারে চলাফেরা করার সময় কিভাবে দিক নির্ণয় করে?

ক. চোখে দেখে খ. ঘ্রাণ শক্তির মাধ্যমে
গ. আলট্রাসনিক শব্দের মাধ্যমে ঘ. সবগুলোই ঠিক **উত্তর গ**

৩৪. 'একাদশে বৃহস্পতি' বাগধারাটির অর্থ কী?

ক. বিপদে পড়া খ. সৌভাগ্যের বিষয়
গ. দিনের প্রথম ভাগ ঘ. আনন্দের বিষয়

উত্তর✓ খ ব্যাখ্যা কতিপয় বাগ্‌ধারা : আকাশ ভেঙে পড়া (ভীষণ বিপদে পড়া), অন্ধকার দেখা (দিশেহারা হয়ে পড়া), অকূল পাথার (ভীষণ বিপদ), কপাল ফেরা (সৌভাগ্য লাভ), চাঁদের হাট (আনন্দের প্রাচুর্য), মণিকাঞ্চণ যোগ/ সোনায় সোহাগা (উপযুক্ত মিলন)।

৩৫. 'Prior to' means-

ক. before খ. during the period of
গ. immediately ঘ. after

উত্তর✓ ক ব্যাখ্যা Prior to (পূর্বে) একটি prepositional phrase।

৩৬. Correct passive form of- 'I have to do it.'

ক. It is to be done by me. খ. Let it be done by me.
গ. It has to be done to me. ঘ. It has to be done by me.

উত্তর✓ ঘ ব্যাখ্যা Active voice এর বাক্যে 'have to/has to + v_1 থাকলে passive voice এর রূপান্তরের ক্ষেত্রে have to be/has to be (person অনুযায়ী) + v_3 structure টি অনুসৃত হয়।

৩৭. কোনো সংখ্যার ৪০% এর সাথে ৪৫ যোগ করলে যোগফল যদি ঐ সংখ্যাটিই হয়, তাহলে সংখ্যাটি কত?

ক. ৭৫ খ. ৭০
গ. ৮৫ ঘ. ৬৪

উত্তর✓ ক ব্যাখ্যা সংখ্যাটি x হলে, $\frac{৪০x}{১০০} + ৪৫ = x$

$\Rightarrow x - \frac{৪০x}{১০০} = ৪৫ \Rightarrow \frac{১০০x - ৪০x}{১০০} = ৪৫$

$\Rightarrow \frac{৬০x}{১০০} = ৪৫ \Rightarrow x = \frac{৪৫ \times ১০০}{৬০} \therefore x = ৭৫$

৩৮. কোনটি বাংলার প্রাচীন জনপদের নাম নয়?

ক. মৌর্য খ. পুণ্ড্র
গ. গৌড় ঘ. রাঢ়

উত্তর✓ ক ব্যাখ্যা ভারতীয় উপমহাদেশের প্রথম শাসনামল মৌর্য সাম্রাজ্য। বাংলার প্রাচীন জনপদগুলো হলো: গৌড়, বঙ্গ, পুণ্ড্র, হরিকেল, সমতট, বরেন্দ্র, তাম্রলিপি, চন্দ্রদ্বীপ, উত্তর রাঢ়, দক্ষিণ রাঢ়, বাঙলা, দণ্ডভুক্তি প্রভৃতি।

৩৯. 'দুর্দান্ত' এর বিপরীতার্থক শব্দ কোনটি?

ক. সুবিনীত খ. কোমল
গ. নিরীহ ঘ. সুস্থির

উত্তর✓ গ ব্যাখ্যা কতিপয় বিপরীতার্থক শব্দ : সুবিনীত-দুর্বিনীত, কোমল-কঠিন/কর্কশ, সুস্থির-অস্থির, অন্তরঙ্গ-বহিরঙ্গ, উৎসাহ-নিরুৎসাহ, গৃহী-সন্ন্যাসী, স্মৃতি-বিস্মৃতি।

৪০. 'নীল লোহিত' কার ছদ্মনাম?

ক. সুনীল গঙ্গোপাধ্যায় খ. রাজ শেখর বসু
গ. সমর সেন ঘ. সমরেশ মজুমদার

উত্তর✓ ক ব্যাখ্যা

ছদ্মনাম/উপাধি	প্রকৃত নাম
নীল লোহিত	সুনীল গঙ্গোপাধ্যায়
পরশুরাম	রাজশেখর বসু
নাগরিক কবি	সমর সেন

৪১. Which of the following sentences is correct?

ক. He had been hung for murder
খ. He was hung for murder
গ. He was hanged for murder
ঘ. He was hunged for murder

উত্তর✓ গ ব্যাখ্যা 'ফাঁসিতে মৃত্যু' - এক্ষেত্রে v_3-form টি 'hung' না হয়ে 'hanged' হবে।

৪২. 'প্রত্যূষ' শব্দের সন্ধি বিচ্ছেদ করুন।

ক. প্রত্যূ + উষ খ. প্রতি + উষ
গ. প্রত্যূ + ঊষ ঘ. প্রতি + ঊষ

উত্তর✓ ঘ ব্যাখ্যা প্রতি + উষ = প্রত্যূষ (স্বরসন্ধি সাধিত শব্দ)। ই-কার কিংবা ঈ-কারের পর ই ও ঈ ভিন্ন অন্য স্বর থাকলে ই বা ঈ স্থানে 'য' বা য (j) ফলা হয়। য-ফলা লেখার সময় পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে লেখা হয়। যেমন: অতি + অন্ত = অত্যন্ত, প্রতি + এক = প্রত্যেক, নদী + অম্বু = নদ্যম্বু।

৪৩. The correct meaning of the word 'deliberate' is-

ক. intentional খ. familiar
গ. willingly ঘ. known

উত্তর✓ ক ব্যাখ্যা deliberate - ইচ্ছাকৃত/বিবেচিত ;
intentional - ঐ।

৪৪. নিচের কোনটি বাংলা লেখার সফটওয়্যার?

ক. সুলেখা খ. সুতনী
গ. রূপসা ঘ. বিজয়

উত্তর✓ ঘ ব্যাখ্যা বাংলা ভাষায় উল্লেখযোগ্য ওয়ার্ড প্রসেসিং সফটওয়্যার গুলো হলো : বিজয়, লেখনী, শহীদ, লিপি, বসুন্ধরা, অভ্র, অনির্বান, প্রশিকা শব্দ, প্রবর্তনা প্রভৃতি।

৪৫. কোনো ছাত্রাবাসে ৪০ জন ছাত্রের ৩০ দিনের খাবার আছে। ৫ দিন পর আরও ১০ জন ছাত্র আসলে অবশিষ্ট খাদ্যে তাদের কতদিন চলবে?

ক. ২৮ দিন খ. ১৫ দিন
গ. ২০ দিন ঘ. ২৫ দিন

উত্তর✓ গ ব্যাখ্যা ৫ দিন পর,
৪০ জন ছাত্রের জন্য খাবার আছে ২৫ দিনের
১ " " " " " ২৫ × ৪০ "

$\therefore$ ৫০ " " " " $\frac{২৫ \times ৪০}{৫০}$ "

= ২০ দিনের।

৪৬. কোনো ত্রিভুজের তিনটি বাহু বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ তিনটি কোণের পরিমাণ কত ডিগ্রি?

ক. ১৮০ খ. ২৭০
গ. ১৫০ ঘ. ৩৬০

উত্তর✓ ঘ ব্যাখ্যা কোনো ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ তিনটি কোণের পরিমান ৩৬০ ডিগ্রি হবে।

৪৭. $\left(\frac{5x}{6}+3\right)$ এবং $\left(\frac{x}{3}+10\right)$ পরস্পর সমান হলে x এর মান কত?

ক. 14.0 খ. 6.0
গ. 7.0 ঘ. $\frac{21}{2}$

উত্তর✓ ক ব্যাখ্যা $\frac{5x}{6}+3=\frac{x}{3}+10$

$\Rightarrow \frac{5x}{6}-\frac{x}{3}=10-3 \Rightarrow \frac{5x-2x}{6}=7$

$\Rightarrow \frac{3x}{6}=7$

$\Rightarrow x=\frac{7\times 6}{3}$

$\therefore x = 14$

৪৮. ২% হার সুদে ১০০ টাকার ৩ বছরের সুদ অপেক্ষা ৩% সুদে ঐ টাকার ৩ বছরের সুদ কত বেশি হবে?

ক. ৪ টাকা খ. ১ টাকা
গ. ২ টাকা ঘ. ৩ টাকা

উত্তর✓ ঘ ব্যাখ্যা
১০০ টাকার ১ বছরের সুদ = ২ টাকা
$\therefore$ ১০০ " ৩ " " = (৩ × ২) "
= ৬ টাকা
১০০ টাকার ১ বছরের সুদ = ৩ টাকা
১০০ " ৩ " " = (৩ × ৩) "
= ৯ টাকা।
বেশি = (৯ – ৬) = ৩ টাকা

৪৯. একটি ক্লাসের শিক্ষার্থীদের মধ্যে ২৭০০ চকলেট বিতরণ করা হলো। প্রত্যেক শিক্ষার্থী ক্লাসের মোট শিক্ষার্থীর সংখ্যার তিনগুণ পরিমাণ চকলেট পেলে ক্লাসে মোট শিক্ষার্থী সংখ্যা কত?

ক. ৪৫ খ. ৬০
গ. ৯০ ঘ. ৩০

উত্তর✓ ঘ ব্যাখ্যা ধরি, ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা = x জন
$\therefore$ প্রত্যেকে চকলেট পাবে = ৩xটি
শর্তমতে, ৩x × x = ২৭০০
$\Rightarrow 3x^2 = ২৭০০$
$\Rightarrow x^2 = ৯০০$
$\therefore x = ৩০$
শিক্ষার্থীর সংখ্যা ৩০ জন।

৫০. নিম্নোক্তগণের মধ্যে কে বীরশ্রেষ্ঠ নন?

ক. হামিদুর রহমান খ. মোস্তফা কামাল
গ. মুন্সী আব্দুর রহিম ঘ. নুর মোহাম্মদ শেখ

উত্তর✓ গ ব্যাখ্যা বাংলাদেশে সর্বোচ্চ বীরত্ব খেতাব বীরশ্রেষ্ঠ। বীরশ্রেষ্ঠ খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাগণ হলেন ল্যান্স নায়েক নুর মোহাম্মদ শেখ, ল্যান্স নায়েক মুন্সি আবদুর রউফ, ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর, ইঞ্জিন রুম আর্টিফিসার বদরুল আমিন, সিপাহি মোস্তফা কামাল, ফ্লাইট লে. মহিউর রহমান এবং সিপাহি মোহাম্মদ হামিদুর রহমান।

৫১. 'প্রাচীন' এর বিপরীতার্থক শব্দ কী?

ক. নতুন খ. বর্তমান
গ. অর্বাচীন ঘ. কোনোটিই নয়

উত্তর✓ গ ব্যাখ্যা 'প্রাচীন' বিশেষণবাচক শব্দটির অর্থ: বয়োবৃদ্ধ; যার বিপরীতার্থক শব্দ অর্বাচীন। কতিপয় বিপরীতার্থক শব্দ: নতুন-পুরাতন, নবীন-প্রবীণ, নিত্য-নৈমিত্তিক, নিরর্থক-সার্থক, নশ্বর-শাশ্বত, ন্যূন-অধিক।

৫২. 'নিকুঞ্জ' শব্দের সঠিক অর্থ কোনটি?

ক. খড়ের ঘর খ. বাগান
গ. খেলার মাঠ ঘ. পাখির বাসা

উত্তর✓ খ ব্যাখ্যা 'নিকুঞ্জ' শব্দের সমার্থক: বাগান, বন, অরণ্য, উপবন, কানন, কুঞ্জ, কান্তার।

৫৩. একটি ভোট কেন্দ্রে উপস্থিত ভোটারদের ৬০% ভোট পেয়ে একজন প্রার্থী নির্বাচিত হয়েছেন। তিনি একমাত্র প্রতিদ্বন্দ্বী অপেক্ষা ৭৫০০ ভোট বেশি পেয়েছেন। ভোট কেন্দ্রে কত জন ভোটার উপস্থিত ছিল?

ক. ৩৭৫০০ খ. ৪২০০০
গ. কোনোটিই নয় ঘ. ২৫০০০

উত্তর✓ ক ব্যাখ্যা শর্তমতে,
২০% = ৭৫০০ ভোট

$১\% = \frac{৭৫০০}{২০}$ "

$\therefore ১০০\% = \frac{৭৫০০ \times ১০০}{২০}$ "

= ৩৭৫০০ ভোট

৫৪. 'অন্বেষণ' শব্দের সন্ধি বিচ্ছেদ করুন।

ক. অন্ব + এষণ খ. অনু + এষণ
গ. অন্ব + এষন ঘ. অন + এষণ

উত্তর✓ খ ব্যাখ্যা অনু+এষণ = অন্বেষণ (স্বরসন্ধি সাধিত শব্দ)। উ-কার কিংবা ঊ-কারের পর উ-কার ও ঊ-কার ভিন্ন অন্যস্বর থাকলে উ বা ঊ-স্থানে ব-ফলা হয় এবং লেখার সময় ব-ফলা পূর্ববর্তী বর্ণের সাথে লেখা হয়। যেমন: সু+অল্প = স্বল্প, সু+আগত = স্বাগত, অনু+ইত = অন্বিত।

৫৫. প্রাচীন বাংলার প্রথম স্বাধীন নরপতির নাম কী?

ক. লক্ষন সেন খ. রাজা শশাঙ্ক
গ. গিয়াস উদ্দীন আজম শাহ ঘ. ফকরুদ্দীন মোবারক শাহ উত্তর খ

৫৬. ক, খ ও গ-এর বেতনের অনুপাত ৭:৫:৩। খ, গ অপেক্ষা ২২২ টাকা বেশি পেলে, ক এর বেতন কত?

ক. ৩৩৩ টাকা খ. ৭৭৭ টাকা
গ. ৮৮৮ টাকা ঘ. ৫৫৫ টাকা

উত্তর✓ খ ব্যাখ্যা ধরি, ক, খ, গ এর বেতন যথাক্রমে ৭x, ৫x ও ৩x
শর্তমতে, ৫x − ৩x = ২২২
⇒ ২x = ২২২
⇒ x = ১১১
∴ ক এর বেতন = ৭x = ৭ × ১১১ = ৭৭৭ টাকা।

৫৭. Which one is the singular of leaves?

ক. Leafe খ. Leaf
গ. Leav ঘ. Leave

উত্তর✓ খ ব্যাখ্যা কিছু কিছু Noun এর শেষে 'f' বা 'fe' থাকলে pural করার সময় 'f' বা 'fe' উঠায়ে দিয়ে ঐ স্থানে 'Ves' বসাতে হয়। যেমন : calf → calves, wolf → wolves, loof → loaves।

৫৮. ΔABC এর $\angle A = 45°$ ও $\angle B = 30°$ হলে $\angle C$ এর মান কত ডিগ্রি?

ক. ৯০ খ. ১০০
গ. ১০৫ ঘ. ১১০

উত্তর✓ গ ব্যাখ্যা শর্তমতে, $\angle C = 180° - (\angle A + \angle B)$
$= 180° - (45° + 30°)$
$= 180° - 75°$
$= 105°$

৫৯. ২০ ফুট লম্বা একটি বাঁশ এমনভাবে কেটে দুভাগ করা হলো যেন ছোট অংশ বড় অংশের দুই- তৃতীয়াংশ হয়, ছোট অংশের দৈর্ঘ্য কত ফুট?

ক. ১০ খ. ৬
গ. ৭ ঘ. ৮

উত্তর✓ ঘ ব্যাখ্যা ধরি, ছোট অংশ = x, তাহলে বড় অংশ (২০ − x)
শর্তমতে, $x = \frac{২}{৩}(২০ - x)$
⇒ ৩x = ৪০ − ২x
⇒ ৫x = ৪০
∴ x = ৮

৬০. বাংলাদেশ মায়ানমার সমুদ্রসীমা মামলার রায় হয়-

ক. ১৫ জুন ২০০৯ খ. ১৪ মার্চ ২০১২
গ. ১৮ এপ্রিল ২০১২ ঘ. ২০ মে ২০১০

উত্তর✓ খ ব্যাখ্যা জার্মানির হামবুর্গে সমুদ্র আইন সংক্রান্ত আন্তর্জাতিক ট্রাইব্যুনাল ১৪ মার্চ ২০১২ সালে এই রায় ঘোষণা করে। এই রায়ে ১ লাখ ১১ হাজার বর্গকি.মি. প্রদান করা হয় ফলে উপকূল থেকে ২০০ নটিক্যাল মাইল পর্যন্ত সমুদ্রসীমায় বাংলাদেশের অধিকার প্রতিষ্ঠিত হয়।

৬১. কোন বানানটি অশুদ্ধ?

ক. উপাধ্যক্ষ খ. উপাদান
গ. উপার্জন ঘ. উপচার্য

উত্তর✓ ঘ ব্যাখ্যা 'উপচার্য' শব্দের শুদ্ধরূপ 'উপাচার্য'। কতিপয় শুদ্ধ বানান: উচ্চৈঃস্বরে, উপলব্ধি, উপর্যুক্ত, উদ্ভিজ্জ, উচ্ছ্বাস, উর্ধ্ব।

৬২. Which pair of words is dissimilar?

ক. fire, flame খ. bag, sack
গ. round, around ঘ. preserve, prevent

উত্তর✓ ঘ ব্যাখ্যা preserve - সংরক্ষণ করা ;
prevent - বাঁধা দেওয়া।

৬৩. The word 'everything' is —.

ক. an adjective খ. an adverb
গ. a pronoun ঘ. a noun উত্তর গ

৬৪. সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় যথাক্রমে ৩ ও ৪ সে.মি. হলে, এর অতিভুজের মান কত?

ক. ৮ সে.মি. খ. ৪ সে.মি.
গ. ৫ সে.মি. ঘ. ৭ সে.মি.

উত্তর✓ গ ব্যাখ্যা $(\text{অতিভুজ})^2 = (3)^2 + (4)^2 = 9 + 16 = 25$
∴ অতিভুজ = 5

৬৫. Choose the correct spelling:

ক. Accilarate খ. Accilerate
গ. Accelerate ঘ. Accelerrate

উত্তর✓ গ ব্যাখ্যা Accelerate - গতিবৃদ্ধি।

৬৬. ১৯৮২ সালের সমুদ্র আইন সংক্রান্ত কনভেনশন অনুযায়ী একটি উপকূলীয় রাষ্ট্রের মহী সোপানের (Continental Shelf) সীমা হবে ভিত্তি রেখা হতে-

ক. ৩৫০ নটিকেল মাইল খ. ৪০০ নটিকেল মাইল
গ. ২০০ নটিকেল মাইল ঘ. ৩০০ নটিকেল মাইল

উত্তর✓ ক ব্যাখ্যা ১৯৮২ সালের সমুদ্র আইন সংক্রান্ত কনভেশন অনুযায়ী একটি উপকূলীয় রাষ্ট্রের মহীসোপানের (Continental Shelf) সীমা হবে ভিত্তি রোখা হতে সর্বোচ্চ ৩৫০ নটিক্যাল মাইল বা ৬৪৮.২ কি.মি. এবং অর্থনৈতিক অঞ্চল ২০০ নটিক্যাল মাইল বা ৩৭০.৪ কি.মি।

৬৭. The meaning of the word 'precedence' is:
ক. a matter to deal with
খ. a case of reference
গ. event that never happened
ঘ. tenure of the President
উত্তর✓ খ ব্যাখ্যা Precedence - দৃষ্টান্ত ;
event that never happened - এমন একটি বিষয় যা কখনো হয়নি বা ঘটে নি।

৬৮. সম্প্রতি বাংলাদেশের কোন অনুষ্ঠানটি জাতিসংঘের ইউনেস্কো সংস্কৃতির ঐতিহ্য তালিকায় স্থান পেয়েছে?
ক. একুশের প্রভাত ফেরি খ. মঙ্গল শোভাযাত্রা
গ. রথ যাত্রা ঘ. একুশের বই মেলা
উত্তর✓ খ ব্যাখ্যা বাংলাদেশে সরকারের সংস্কৃতি মন্ত্রণালয়ের আবেদনক্রমে ২০১৬ সালের ৩০ নভেম্বর বাংলাদেশের 'মঙ্গল শোভাযাত্রা' জাতিসংঘ সংস্থা ইউনেস্কোর মানবতার অধরা সংস্কৃতিক ঐতিহ্যের তালিকায় স্থান লাভ করে।

৬৯. $4x^4 + 1$ কে উৎপাদকে বিশ্লেষণ করলে কোনটি পাওয়া যাবে-
ক. $(2x^2 + 2x + 1)(2x^2 - 2x - 1)$
খ. $(2x^2 + 2x - 1)(2x^2 - 2x + 1)$
গ. $(2x^2 + 2x + 1)(2x^2 - 2x + 1)$
ঘ. $(2x^2 + 2x - 1)(2x^2 - 2x - 1)$
উত্তর✓ গ ব্যাখ্যা $4x^4 + 1 = (2x^2)^2 + 2.2x^2.1 + (1)^2 - 4x^2$
$= (2x^2 + 1)^2 - (2x)^2$
$= (2x^2 + 2x + 1)(2x^2 - 2x + 1)$

৭০. বাংলাদেশের প্রথম এভারেস্ট জয়ী মহিলা পর্বতারোহী কে?
ক. রাবেয়া ভূইয়া খ. নাজিয়া সুলতানা
গ. ওয়াসফিয়া নাজনীন ঘ. নিশাত মজুমদার
উত্তর✓ ঘ ব্যাখ্যা নিশাত মজুমদার বাংলাদেশের প্রথম নারী হিসেবে ২০১২ সালের ১৯ মে শনিবার সকাল ৯.৩০ মিনিটে এভারেস্ট শৃঙ্গ জয় করেছেন। ওয়াসফিয়া নাজরীন সর্বকনিষ্ঠ বাংলাদেশী এবং দ্বিতীয় বাংলাদেশী নারী হিসেবে ২০১২ সালের ২৬ মে বিশ্বের সর্বোচ্চ শৃঙ্গ এভারেস্টের চূড়ায় আরোহন করেন।

৭১. প্রদত্ত উপাদানগুলোর মধ্যক:
১২, ৯, ১৫, ৫, ২০, ৮, ২৫, ১৭, ২১, ২৩, ১১
ক. ১২ খ. ১৫
গ. ১৩ ঘ. ১৪
উত্তর✓ খ ব্যাখ্যা প্রদত্ত উৎপাদক গুলোকে মানের উর্ধ্বক্রমে সাজালে পাওয়া যায়।
৫, ৮, ৯, ১১, ১২, (১৫), ১৭, ২০, ২১, ২৩, ২৫
এদের মধ্যক = ১৫

৭২. বিশ্বের রাজধানী বলা হয় নিম্নের কোন শহরকে?
ক. নিউইয়র্ক খ. রোম
গ. লন্ডন ঘ. টোকিও উত্তর ক

৭৩. He prefers —— European country for spending his vacation.
ক. an খ. a
গ. none ঘ. the
উত্তর✓ খ ব্যাখ্যা শব্দের শুরুতে Vowel 'E' থাকা সত্ত্বেও উচ্চারণ 'ইউ (u)' এর মত হওয়ায় European শব্দটির পূর্বে Article হিসেবে 'a' ব্যবহৃত হলো।

৭৪. মুক্তিযুদ্ধের কোন সেক্টর কেবল নৌ কমান্ডো দ্বারা গঠিত হয়েছিল?
ক. ১ নং সেক্টর খ. ১০ নং সেক্টর
গ. ৯ নং সেক্টর ঘ. ১১ নং সেক্টর
উত্তর✓ খ ব্যাখ্যা মুক্তিযুদ্ধের দশ নম্বর সেক্টরটি নৌ সেক্টর ছিল। এই সেক্টরে কোন সেক্টর কমান্ডার ছিল না। আতাউল গণি ওসমানী এই সেক্টর সরাসরি পরিচালনা করতেন। ১৯৭১ সালের ১৫ আগস্ট ১০ নম্বর সেক্টরের নৌকমান্ডোদের দ্বারা পরিচালিত প্রথম অভিযান 'অপারেশন জ্যাকপট' পরিচালিত হয়।

৭৫. Which one is correct?
ক. You, he and I are present.
খ. You, he and I am present.
গ. He, You and I am present.
ঘ. I, you and he are present.
উত্তর✓ ক ব্যাখ্যা ভাল অর্থে pronoun এর sequence টি হবে $2^{nd} + 3^{rd} + 1^{st}$ (231) এবং বিপরীত অর্থে $1^{st} + 2^{nd} + 3^{rd}$ (123)। উদাহরণ স্বরুপ : I, you, and he are guilty।

৭৬. দুটি সরল রেখা পরস্পর ছেদ করলে যে চারটি কোণ উৎপন্ন হয় তাদের একটির বিপরীত কোণকে অপরটির কী বলা হয়?
ক. পূরক কোণ খ. সম্পূরক কোণ
গ. বিপ্রতীপ কোণ ঘ. সন্নিহিত কোণ উত্তর গ

৭৭. সবচেয়ে বড় সংখ্যা কোনটি?
ক. $\frac{৯}{১০০০}$ খ. ০.০০৯৯
গ. ০.১০০ ঘ. $\frac{৯}{১০০}$
উত্তর✓ গ ব্যাখ্যা (ক) $\frac{৯}{১০০০} = ০.০০৯$
(খ) ০.০০৯৯
(গ) ০.১০০
(ঘ) $\frac{৯}{১০০} = ০.০৯$

৭৮. The sentence 'Empty vessels sound much' refers to-
ক. Pride goes before destruction
খ. Haste makes waste
গ. Barking dog seldom bites
ঘ. A little learning is a dangerous thing
উত্তর✓ গ ব্যাখ্যা প্রশ্নে উল্লিখিত প্রবাদটির অর্থ "শূন্য কলসি বাজে বেশী" এবং option এ উল্লিখিত প্রবাদটির অর্থ "যত গর্জে তত বর্ষে না" দুটোই সমার্থক।

৭৯. 'শৃঙ্খলাকে অতিক্রান্ত = উচ্ছৃঙ্খল'- কোন সমাস?
ক. বহুব্রীহি খ. তৎপুরুষ
গ. দ্বন্দ্ব ঘ. অব্যয়ীভাব
উত্তর✓ ঘ ব্যাখ্যা সামীপ্য (নৈকট্য), বিপ্সা, পর্যন্ত, অভাব, অনতিক্রম্যতা, সাদৃশ্য, যোগ্যতা প্রভৃতি নানা অর্থে অব্যয়ীভাব সমাস হয়। যেমন: কূলের সমীপে = উপকূল, দিন দিন = প্রতিদিন, আমিষের অভাব = নিরামিষ, সাধ্যকে অতিক্রম না করে = যথাসাধ্য।

৮০. What type of noun the word 'infancy' is?
ক. Common খ. Abstract
গ. Material ঘ. Collective
উত্তর✓ খ ব্যাখ্যা Infancy - শৈশব কাল।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS



প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৬

তারিখ : ২৯.১০.২০১৬ [মুক্তিযোদ্ধা কোটা] সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

০১. Seismograph কী?
ক. পানির প্রবাহ মাপার যন্ত্র খ. বায়ু মাপার যন্ত্র
গ. ভূমিকম্প মাপার যন্ত্র ঘ. বৃষ্টিপাত মাপার যন্ত্র

উত্তর✓ গ ব্যাখ্যা

যন্ত্রের নাম	ব্যবহার
সিসমোগ্রাফ	ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র
ব্যারোমিটার	বায়ুর চাপ মাপার যন্ত্র
রেইনগেজ	বৃষ্টি পরিমাপক যন্ত্র
হাইড্রোফোন	পানির তলায় শব্দ নিরূপণের যন্ত্র

০২. 'যা সহজে অতিক্রম করা যায় না'-এ বাক্যাংশের সংক্ষিপ্ত রূপ কী?
ক. অনতিক্রম্য খ. অলঙ্ঘ্য
গ. দুরতিক্রম্য ঘ. দুর্গম

উত্তর✓ গ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : যা অতিক্রম করা যায় না–অনতিক্রম্য, যেখানে যাওয়া কষ্টকর–দুর্গম, যা কষ্টে লঙ্ঘন করা যায়–দুর্লঙ্ঘ্য।

০৩. ভৌগোলিকভাবে গুরুত্বপূর্ণ যে কাল্পনিক রেখাটি বাংলাদেশের উপর দিয়ে গিয়েছে তা হলো–
ক. মূল মধ্যরেখা খ. কর্কটক্রান্তি রেখা
গ. মকরক্রান্তি রেখা ঘ. আন্তর্জাতিক তারিখ রেখা

উত্তর✓ খ ব্যাখ্যা বাংলাদেশের ওপর দিয়ে যে গুরুত্বপূর্ণ ভৌগোলিক রেখা অতিক্রম করেছে সেটি হচ্ছে কর্কটক্রান্তি রেখা বা ট্রপিক অব ক্যান্সার। নিরক্ষরেখা বা বিষুবরেখা হতে ২৩.৫° উত্তর অক্ষাংশকে কর্কটক্রান্তি রেখা বলে। যা এশিয়ার দক্ষিণ ভাগ এবং বাংলাদেশের মধ্যভাগ দিয়ে গমন করেছে। এর অক্ষাংশ ২০°৩০' উত্তর।

০৪. কোনটি আদি স্বরাগম?
ক. রত্ন > রতন খ. স্ত্রী > ইস্ত্রী
গ. গ্রাম > গেরাম ঘ. স্নেহ > সিনেহ

উত্তর✓ খ ব্যাখ্যা উচ্চারণের সুবিধার জন্য বা অন্য কোনো কারণে শব্দের আদিতে স্বরধ্বনির আগমনকে আদি স্বরাগম বলে। যেমন : স্ত্রী > ইস্ত্রী, স্কুল > ইস্কুল।

০৫. 'Contaminate' means
ক. Think খ. Purify
গ. Pollute ঘ. Corruption

উত্তর✓ গ ব্যাখ্যা

Contaminate (v) – দূষিত করা ;	Purify (v) – বিশুদ্ধ করা ;
Pollute (v) – দূষিত করা ;	Corruption (N) – দুর্নীতি ;
Think (v) – চিন্তা করা ;	

০৬. বাক্য সংকোচন : হাতির বাসস্থান-
ক. গজগৃহ খ. হাতিগৃহ
গ. গুরুগৃহ ঘ. খাদা

উত্তর✓ ক ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : অকর্মণ্য গবাদি পশু রাখার স্থান - পিঁজরাপোল, হাতির ডাক - বৃংহিত, অশ্ব-রথ-হস্তী-পদাতিক সৈন্যের সমাহার-চতুরঙ্গ, বিহঙ্গের ধ্বনি-কাকলি।

০৭. কোন দুটি রচনা একই শ্রেণির?
ক. গীতাঞ্জলি ও অগ্নিবীণা খ. ডাকঘর ও অগ্নিবীণা
গ. নীলদর্পণ ও বিষাদ-সিন্ধু ঘ. লালসালু ও বলাকা

উত্তর✓ ক ব্যাখ্যা রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'গীতাঞ্জলি' এবং কাজী নজরুল ইসলাম রচিত 'অগ্নিবীণা' উভয়ই কাব্যগ্রন্থ। 'ডাকঘর' নাটক ও 'শ্রীকান্ত' উপন্যাসের লেখক যথাক্রমে রবীন্দ্রনাথ ঠাকুর ও শরৎচন্দ্র চট্টোপাধ্যায়। 'নীলদর্পণ' নাটক ও 'বিষাদসিন্ধু' উপন্যাসের লেখক যথাক্রমে দীনবন্ধু মিত্র ও মীর মশাররফ হোসেন। 'লালসালু' উপন্যাস ও 'বলাকা' কাব্যগ্রন্থের রচয়িতা যথাক্রমে সৈয়দ ওয়ালীউল্লাহ ও রবীন্দ্রনাথ ঠাকুর।

০৮. অনাদর-এর সঠিক ব্যাসবাক্য কোনটি?
ক. ন আদর খ. আদরের অভাব
গ. অনেক আদর ঘ. নাই আদর

উত্তর✓ ক ব্যাখ্যা ন আদর = অনাদর (নঞ তৎপুরুষ সমাস)। না বাচক নঞ অব্যয় (না, নেই, নাই, নয়) পূর্বে বসে যে তৎপুরুষ সমাস হয়, তাকে নঞ তৎপুরুষ সমাস বলে।

০৯. He is —— European.
ক. a খ. an
গ. none of them ঘ. the

উত্তর✓ ক ব্যাখ্যা word -এর প্রথমে u বা- eu বা ew থাকলে তার উচ্চারণ যদি 'ইউ' বা 'ew' এর মত হয় তাহলে (vowel) হওয়া সত্ত্বেও) তার আগে an না বসে a বসে।

১০. I know that he did the work– বাক্যটির সঠিক পরিবর্তিত voice কী হবে?
ক. It was known to me that the work has been done by him
খ. It was known to me that the work had been done by him
গ. It was known to me that the work was done by him
ঘ. It is known to me that the work was done by him

উত্তর✓ খ ব্যাখ্যা বাক্যে যদি- complex/compound sentence এর হয় তাহলে প্রত্যেকটি clause এর passive Voice করতে হয়। উল্লেখ্য যে, উভয় clause এর Finite verb টি transitive verb হতে হবে। প্রশ্নে উল্লিখিত 'know' এবং 'do' verb উভয়ই - transitive verb সেহেতু উভয় verb এর Passive form ব্যবহৃত হয়েছে।

১১. বাংলা বর্ণমালায় মাত্রাবিহীন বর্ণের সংখ্যা কোনটি?
ক. 10 খ. 8
গ. 11 ঘ. 9

উত্তর✓ ক ব্যাখ্যা বাংলা বর্ণমালায় মাত্রাবিহীন সংখ্যা দশটি। যথা : এ, ঐ, ও, ঔ, ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ।

১২. The —— of the camel was found lying by the side of the canal.
ক. Carcass খ. Corps
গ. Corpees ঘ. Corpse


উত্তর✓ ক ব্যাখ্যা carcass (N) – পশুপাখির মৃতদেহ ;
corpse (N) – মানুষের মৃতদেহ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১৩. একটি বাড়ির উচ্চতা 40 ফুট। একটি মইয়ের তলদেশ মাটিতে বাড়ির দেয়াল থেকে 9 ফুট দূরে রাখা হয়েছে। উপরে মইটি বাড়ির ছাদ ছুঁয়ে আছে। মইটি কত ফুট লম্বা?

ক. 48 খ. 43
গ. 45 ঘ. 41

উত্তর✓ খ জয়কলি শর্ট টেকনিক



ধরি, মইটি BC = X ফুট

এখন, Δ ABC এ,

$BC^2 = AB^2 + AC^2$

$\Rightarrow x^2 = (40)^2 + (9)^2$

$\Rightarrow x = \sqrt{1681}$

$\therefore x = 41$ ফুট

[পিথাগোরাসের উপপাদ্য অনুসারে, অতিভুজ^2 = লম্ব^2 + ভূমি^{2}]

$\sqrt{1681} = 41$

16

81 | 81

81

১৪. কোন দুটি মহাপ্রাণ ধ্বনি?

ক. খ, ঝ খ. ক, খ
গ. ত, দ ঘ. চ, জ

উত্তর✓ ক যেসব ধ্বনি উচ্চারণের সময় বাতাস জোরে সংযোজিত হয়, তাকে মহাপ্রাণ ধ্বনি বলে। যেমন : ক, গ, চ, ঝ ইত্যাদি।

১৫. 'He taught me to read Arabic' বাক্যটির Passive form হবে–

ক. I was taught by him to read Arabic.
খ. I have been taught by him to read Arabic.
গ. I have been taught by him to read Arabic.
ঘ. I was being taught by him to read Arabic.

উত্তর✓ ক বাক্যেটি - tought (past form of 'teach') verb এর me হওয়ায়- passive voice এর subject হিসেবে me এর subjective form 'I' এবং verb হিসেবে Active voice এর verb টির passive form 'was tought' ব্যবহৃত হয়েছে।

১৬. কোনটি ক্ষুদ্রতম সংখ্যা?

ক. $\frac{5}{27}$ খ. $\frac{7}{36}$
গ. $\frac{11}{45}$ ঘ. $\frac{2}{9}$

উত্তর✓ ক

$\frac{2}{9} = 0.222, \frac{5}{27} = 0.185, \frac{7}{36} = 0.194$ এবং $\frac{11}{45} = 0.244$

উক্ত ফলাফল গুলোর মধ্যে $\frac{5}{27} = 0.185$ ফলাফল ক্ষুদ্রতম।

$\therefore$ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা $\frac{5}{27}$।

১৭. কোন শব্দটি পুত্র শব্দের সমার্থক নয়?

ক. আত্মজ খ. নন্দন
গ. তনয় ঘ. শৈলজ

উত্তর✓ ঘ 'পুত্র' শব্দের সমার্থক : আত্মজ, নন্দন, তনয়। 'শৈলজ' শব্দের সমার্থক পর্বতজাত বা পর্বতীয়।

১৮. কোনটি মূল ধ্বনি নয়?

ক. উ খ. অ
গ. এ ঘ. ঔ

উত্তর✓ ঘ বাংলা ভাষায় মূল ধ্বনি বা মৌলিক ধ্বনি দুটি। যথা : ঐ (অ + ই) এবং ঔ (অ + উ)।

১৯. 'ব্রিকস'-এর মূলমন্ত্র কী?

ক. সদস্য দেশের মধ্যে সহযোগিতা বৃদ্ধি
খ. সন্ত্রাস দমনে একে অপরের সহযোগিতা
গ. সদস্য দেশের মধ্যে অর্থনৈতিক শ্রীবৃদ্ধি
ঘ. সাংস্কৃতিক ক্ষেত্রে সহায়তা প্রদান

উত্তর✓ ক ব্রিকস (BRICS) গঠিত হয় ১৬ মে ২০০৮ সালে। ব্রিকস এর সদস্য দেশ ৫ টি। ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন ও দক্ষিণ আফ্রিকা। ব্রিকস উদীয়মান অর্থনীতির পাঁচ দেশের সংগঠন। যার মূল উদ্দেশ্য সদস্য দেশের মধ্যে সহযোগিতা বৃদ্ধি। ব্রিকস সম্মেলন-২০১৭ অনুষ্ঠিত হয় জিয়ামেন চীনে।

২০. Choose the right verb : Rabindranath's stories often —— surprise ending.

ক. had খ. have
গ. has ঘ. have had

উত্তর✓ খ প্রশ্নে উল্লিখিত বাক্যটির প্রসঙ্গ একটি সাধারণ সত্য বিষয়ে verb এর tense present indifinite tense এর হবে। subject (stories) plural হওয়ায় verb হিসেবে 'have' verb টি ব্যবহৃত হয়েছে।

২১. Which is a common noun?

ক. infant খ. Salt
গ. studentship ঘ. Army **উত্তর ক**

২২. কোন রাষ্ট্রগুলো দ্বীপের সমষ্টি?

ক. পাকিস্তান ও ইরান খ. জাপান ও ফিলিপাইন
গ. মিয়ানমার ও রাশিয়া ঘ. ইন্দোনেশিয়া ও মালয়েশিয়া

উত্তর✓ খ জাপান পূর্ব এশিয়ার একটি দ্বীপ রাষ্ট্র। হোক্কাইডো, হনসু, কিউসু জাপানের প্রধান দ্বীপ। ফিলিপাইন দক্ষিণ- পূর্ব এশিয়ার দ্বীপরাষ্ট্র যা ৭,১০৭ টি দ্বীপ নিয়ে গঠিত। ইন্দোনেশিয়া দক্ষিণ-পূর্ব এশিয়ার দ্বীপ রাষ্ট্র। এটি ১৭,৫০৮ টি দ্বীপ নিয়ে গঠিত। পাকিস্তান, ইরান, মিয়ানমার, রাশিয়া, মালয়েশিয়া দ্বীপরাষ্ট্র নয়।

২৩. বাংলাদেশের সংবিধান কতবার সংশোধিত হয়েছে?

ক. 17 খ. 14
গ. 16 ঘ. 15

উত্তর✓ গ বাংলাদেশের সংবিধান সংশোধনী করা হয় সংবিধানের ১৪২ নং অনুচ্ছেদ অনুসারে। সংবিধানের প্রথম সংশোধনী করা হয় ১৯৭৩ সালে এবং সর্বশেষ বা ১৭তম সংশোধনী বিল পাশ হয় ৮ জুলাই ২০১৮ সালে।

২৪. Select the correct ones : Our teacher told the monitor to hand out scripts —— the class.

ক. among খ. between
গ. into ঘ. through

উত্তর✓ ক among the class- ক্লাসের সকল ছাত্র ছাত্রীর মধ্যে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

'Amicable' শব্দের অর্থ–
ক. ঘৃণা
খ. সৌহার্দ্যপূর্ণ
গ. বিরোধী
ঘ. অশান্তি
উত্তর: খ

২. $x + \frac{1}{x} = \sqrt{2}$ হলে, $x^2 + \frac{1}{x^2} = ?$
ক. 0
খ. -2
গ. 3
ঘ. -1

উত্তর: ক ব্যাখ্যা:
$x^2 + \frac{1}{x^2} = \left(x + \frac{1}{x}\right)^2 - 2.x.\frac{1}{x}$ $\because a^2 + b^2 = (a + b)^2 - 2ab$
$= (\sqrt{2})^2 - 2$
$= 2 - 2$
$= 0$

৩. She asked me, "Are you happy in your new job?"
ক. She asked me if I was happy in my new job
খ. She asked me if I have been happy in my new job
গ. She asked me whether I am happy in my new job
ঘ. She asked me if I had been happy in my new job
উত্তর: ক ব্যাখ্যা: যেহেতু Reported speech টি interrogative sentence এর এবং helping verb দিয়ে শুরু সেহেতু Indirect Narration এ রূপান্তরের ক্ষেত্রে Conjunction হিসেবে if/whether ব্যবহৃত হবে। Reporting verb টি Past indifinite tense এর এবং Reported speech টি present indifinite tense এর হওয়ায় Reported speech এর Verb টি past indifinite tense এ পরিবর্তিত হবে।

৪. কোন দেশটি BIMSTEC-এর সদস্য নয়?
ক. বাংলাদেশ
খ. পাকিস্তান
গ. ভারত
ঘ. থাইল্যান্ড
উত্তর: খ ব্যাখ্যা: BIMSTEC এর পূর্ণরূপ Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Co-operation. বিমসটেক প্রতিষ্ঠিত হয় ৬ জুন ১৯৯৭ সালে থাইল্যান্ডের ব্যাংককে। বিমসটেক এর সদর দপ্তর বাংলাদেশের ঢাকায় অবস্থিত। এর সদস্য সংখ্যা ৭ টি। বাংলাদেশ, ভারত, মিয়ানমার, শ্রীলঙ্কা, থাইল্যান্ড, নেপাল ও ভুটান। BIMSTEC এর সহযোগিতার ক্ষেত্র ১৪ টি।

৫. 'ঐশ্বর্য'-এর বিপরীত শব্দ কোনটি?
ক. নিঃস্ব
খ. ঐচ্ছিক
গ. আসক্তি
ঘ. পারত্রিক
উত্তর: ক ব্যাখ্যা:

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
ঐশ্বর্য	নিঃস্ব	ঐচ্ছিক	আবশ্যিক
আসক্তি	নিরাসক্তি	পারত্রিক	ঐহিক

৬. 'রাজর্ষি'-এর ব্যাসবাক্য কোনটি?
ক. যিনি ঋষি তিনিই রাজা
খ. যিনি রাজা তিনিই ঋষি
গ. যিনি রাজা তিনি ঋষি
ঘ. যিনি ঋষি তিনি রাজা
উত্তর: খ ব্যাখ্যা: যিনি রাজা তিনিই ঋষি = রাজর্ষি (কর্মধারয় সমাস)। বিশেষণ ও বিশেষ্য পদ মিলে যে সমাস হয় এবং বিশেষ্যের বা পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে বলা হয় কর্মধারয় সমাস।

৩১. 7 মার্চ 1971 এর বঙ্গবন্ধুর ভাষণের মূল বক্তব্য কী ছিল?
ক. স্বাধীনতা সংগ্রাম তথা মুক্তি সংগ্রামের ঘোষণা
খ. পুনরায় নির্বাচন দাবি
গ. সামরিক আইন জারি করা
ঘ. অনশন ধর্মঘট আহ্বান
উত্তর: ক ব্যাখ্যা: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ৭ মার্চ রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) এক ঐতিহাসিক ভাষণ প্রদান করেন। এ ভাষণের শেষের দিকে তিনি বলেন- 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।' ৩০ অক্টোবর ২০১৭ ইউনেস্কো ৭ মার্চের ভাষণকে 'মেমোরি অব দ্যা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার' এ অন্তর্ভুক্ত করেছে।

৩২. Pragmatic' শব্দের অর্থ
ক. বাস্তবধর্মী
খ. অগ্রবর্তী
গ. অবাস্তব
ঘ. অসাধারণ
উত্তর: ক

৩৩. Choose the correct options. The Government has extended a warm welcome– the visiting delegation.
ক. with
খ. through
গ. to
ঘ. for
উত্তর: গ ব্যাখ্যা: Welcome to - কাউকে স্বাগত জানানো।

৩৪. 99999 এর সঙ্গে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল 2, 3, 4, 5 এবং 6 দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?
ক. 21
খ. 39
গ. 33
ঘ. 29
উত্তর: ক ব্যাখ্যা: 2, 3, 4, 5 ও 6 এর ল.সা.গু

2 | 2, 3, 4, 5, 6
3 | 1, 3, 2, 5, 3
1, 1, 2, 5, 1

ল.সা.গু = $2 \times 3 \times 2 \times 5 = 60$

60 | 99999 | 1666
60
399
360
399
360
399
360
39

∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = (60 – 39) = 21

৩৫. Identify the correct sentence :
ক. He was working hard to standing first
খ. He is working hardly to stand first
গ. He is working hard to stand first
ঘ. He working hard to standing first
উত্তর: গ ব্যাখ্যা: option গুলির মধ্যে সঠিক sentence টির verb present continuous tense এর হবে। Adverb হিসেবে hardly এর স্থানে hard (কঠোর ভাবে) ব্যবহৃত হবে। Adverb টির পরে উদ্দেশ্য বোঝাতে Infinitive phrase (to + v_1) অর্থাৎ 'to stand' ব্যবহৃত হবে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৩৬. কোনটি খাঁটি বাংলা উপসর্গ?

ক. অজ　　খ. ফি
গ. অতি　　ঘ. খাস

উত্তর✓ ক তৎসম উপসর্গ - অতি, খাঁটি বাংলা উপসর্গ- অজ, বিদেশি উপসর্গ- ফি, খাস।

৩৭. $x-\frac{1}{x}=1$ হলে $x^3-\frac{1}{x^3}$ এর মান কত?

ক. 6　　খ. 4
গ. 8　　ঘ. 2

উত্তর✓ খ $x^3-\frac{1}{x^3}=\left(x-\frac{1}{x}\right)^3+3.x.\frac{1}{x}\left(x-\frac{1}{x}\right)$
$=1^3+3.1$
$=1+3=4$

৩৮. শতকরা 5 টাকা হার সুদের 120 টাকা 3 বছরে সুদ-আসলে কত হয়?

ক. 138 টাকা　　খ. 137.50 টাকা
গ. 148 টাকা　　ঘ. 135 টাকা

উত্তর✓ ক আমারা জানি,

$$\text{আসল}=\frac{\text{সুদাসল}\times 100}{100+(\text{হার}\times\text{সময়})}$$

$$\Rightarrow 120=\frac{\text{সুদাসল}\times 100}{100+(5\times 3)}$$

$$\Rightarrow 120=\frac{\text{সুদাসল}\times 100}{115}$$

$$\Rightarrow \text{সুদাসল}=\frac{120\times 115}{100}=138 \text{ টাকা}$$

৩৯. বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি কে?

ক. এ.এইচ.এম কামারুজ্জামান　খ. তাজউদ্দীন আহমদ
গ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান　ঘ. সৈয়দ নজরুল ইসলাম

উত্তর✓ গ ১০ এপ্রিল ১৯৭১ সালে বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার বা মুজিবনগর সরকার গঠিত হয়।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	প্রথম রাষ্ট্রপতি।
সৈয়দ নজরুল ইসলাম	প্রথম অস্থায়ী রাষ্ট্রপতি বা উপ-রাষ্ট্রপতি।
তাজউদ্দিন আহমদ	প্রথম প্রধানমন্ত্রী।
এ এইচ এম কামরুজ্জামান	প্রথম স্বরাষ্ট্র, ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী।

৪০. 2016 সালে সাহিত্যে নোবেল পুরস্কার কে পেয়েছেন?

ক. বব ডিলান　　খ. অমর্ত্য সেন
গ. মিলান কুন্ডেরা　　ঘ. হারুকি মুরা কামি

উত্তর✓ ক ২০১৬ সালে সাহিত্যে নোবেল পান মার্কিন গায়ক ও গীতিকবি বব ডিলান। আমেরিকান সঙ্গীতে নতুন কাব্যিক ধারা প্রবর্তনের জন্য প্রথম গীতিকার হিসেবে তিনি সাহিত্যে নোবেল পান। ২০১৭ সালে সাহিত্যে নোবেল পেয়েছেন ব্রিটিশ সাহিত্যিক কাজুও ইশিগুরো। জগতের সাথে মানুষের সম্পর্কের গভীরতর সত্যকে তুমুল আবেগের সাথে উপস্থাপন তার লেখার অন্যতম দিক। 'দ্য রিমেইনস অফ দ্য ডে' তার অন্যতম জনপ্রিয় উপন্যাস।

৪১. মহাস্থানগড়ের পুরাতন নাম কী?

ক. সুবর্নগ্রাম　　খ. পুণ্ড্রবর্ধন
গ. চন্দ্রদ্বীপ　　ঘ. সিংহজানী

উত্তর✓ খ বাংলাদেশের সবচেয়ে প্রাচীন জনপদ পুণ্ড্র। এ জনপদের রাজধানী 'পুণ্ড্রনগর' বা পুণ্ড্রবর্ধন যা বর্তমানে মহাস্থানগড় নামে পরিচিত। মহাস্থানগড় বগুড়া জেলায় করতোয়া নদীর তীরে অবস্থিত।

৪২. ষোলকলা অর্থ–

ক. সম্পূর্ণ　　খ. সুন্দর কলা
গ. ষোলটি কলা　　ঘ. এক টাকা

উত্তর✓ ক 'ষোলকলা' বাগধারাটির অর্থ : সম্পূর্ণ, পুরোপুরি

৪৩. বাংলা বর্ণমালায় কয়টি 'ব' আছে?

ক. 2　　খ. 3
গ. 4　　ঘ. 1

উত্তর✓ খ বাংলা বর্ণমালায় বর্গীয়-ব এবং অন্তঃস্থ-ব এর আকৃতিতে কোনো পার্থক্য নেই। এখন আকৃতি ও উচ্চারণ অভিন্ন বলে অন্তঃস্থ-ব কে বর্ণমালা থেকে বাদ দেয়া হয়েছে।

৪৪. "লোভে পাপ, পাপে মৃত্যু" -এর ইংরেজি অনুবাদ কোনটি?

ক. Greed leads to sin and to death
খ. Greed leaded to sin and to death
গ. Greed leading to sin and to death
ঘ. Greed leads to sin and death　**উত্তর ক**

৪৫. 1 + 2 + 3 + 4 + ... + 99 = কত?

ক. 4850　　খ. 4950
গ. 4650　　ঘ. 4750

উত্তর✓ খ

আমরা জানি, সমষ্টি $=\frac{n(n+1)}{2}$
$=\frac{99(99+1)}{2}$
$=\frac{99\times 100}{2}$
$=4950$

এখানে
পদসংখ্যা, n = 99
শেষ পদ, = 99
প্রথম পদ = 1

৪৬. xyz = 240 হলে y এর মান কোনটি হতে পারে না?

ক. 2　　খ. 3
গ. 5　　ঘ. 0

উত্তর✓ ঘ y এর মান ০(শূন্য) হতে পারে না। কেননা তখন xzএর মান অসজ্ঞায়িত হবে।

$xyz=240$
$\Rightarrow xz=\frac{240}{y}=\frac{240}{0}=\infty$ (অসজ্ঞায়িত)

৪৭. বাংলা ভাষার প্রথম মুসলমান কবির নাম কী?

ক. শাহ মুহম্মদ সগীর　　খ. ভারতচন্দ্র রায়
গ. শামসুর রাহমান　　ঘ. কবি কঙ্ক

উত্তর✓ ক বাংলা ভাষার প্রথম মুসলমান কবির নাম শাহ মুহম্মদ সগীর। তিনি মধ্যযুগের (আনুমানিক ১৪–এর শেষ থেকে ১৫ শতক) সবচেয়ে প্রাচীন কবি। তিনি বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক প্রণয়োপাখ্যান 'ইউসুফ-জোলেখা' রচনা করেন।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৪৯. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল 1250 বর্গমিটার হলে এর দৈর্ঘ্য কত?

ক. 50 মিটার　　খ. 60 মিটার
গ. 30 মিটার　　ঘ. 40 মিটার

উত্তর✓ ক ধরি, প্রস্থ x মিটার, ∴ দৈর্ঘ্য 2x মিটার।
আমরা জানি, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ = 2x × x
শর্তমতে, $2x \times x = 1250$

$$\Rightarrow 2x^2 = 1250$$
$$\Rightarrow x^2 = \frac{1250}{2} = 625$$
$$\Rightarrow x = \sqrt{625} = 25$$

∴ আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = 2 × 25 = 50 মিটার।

৫০. 60 মিটার দৈর্ঘ্যবিশিষ্ট বাঁশ কে 3:7:10 ভাগ করলে টুকরোগুলোর সাইজ কত?

ক. 9 মিটার, 21 মিটার, 30 মিটার
খ. 12 মিটার, 20 মিটার, 28 মিটার
গ. 8 মিটার, 22 মিটার, 30 মিটার
ঘ. 10 মিটার, 20 মিটার, 30 মিটার

উত্তর✓ ক অনুপাতগুলোর যোগফল = 3+7 + 10 = 20
∴ ১ম টির দৈর্ঘ্য $\left(60 \text{ এর } \frac{3}{20}\right) = 9$ মিটার।
২য় " " $\left(60 \text{ এর } \frac{7}{20}\right) = 21$ মিটার।
৩য় " " $\left(60 \text{ এর } \frac{10}{20}\right) = 30$ মিটার।

৫১. 6 জন স্ত্রীলোক অথবা 8 জন বালক একটি কাজ 12 দিনে শেষ করতে পারে। 3 জন স্ত্রীলোক ও 12 জন বালক ঐ কাজটি কত দিনে করতে পারবে?

ক. 3 দিন　　খ. 12 দিন
গ. 4 দিন　　ঘ. 6 দিন

উত্তর✓ ঘ ১ম শর্তে, বা / অথবা থাকলে

$$\therefore D_2 = \frac{W_1 \times B_1 \times D_1}{W_1 \times B_2 + W_2 \times B_1}$$
$$= \frac{6 \times 8 \times 12}{6 \times 12 + 3 \times 8}$$
$$= \frac{576}{96}$$
$$\therefore D_2 = 6 \text{ দিন}$$

W_1 = ১ম মহিলা = 6 জন
B_1 = প্রথম বালক = 8 জন
D_1 = ১ম দিন = 12 দিন
W_2 = ২য় মহিলা = 3 জন
B_2 = ২য় বালক = 12 জন
D_2 = ২য় দিন = ?

এখানে D_2 চাওয়া হয়েছে এবং এই সব প্রশ্নে D_2 চাওয়া হয়।

৫২. কোন বানানটি শুদ্ধ?

ক. অসমীচীন　　খ. অসমিচিন
গ. অসমীচিন　　ঘ. অসমিচীন

উত্তর✓ ক

অশুদ্ধ	শুদ্ধ
সমিচিন	সমীচীন
মুমূর্ষু	মুমূর্ষু
শ্রদ্রুষা	শ্রদ্রূষা
দরাবস্থা	দুরবস্থা
বিভিষীকা	বিভীষিকা

৫২. $\frac{3}{x} + \frac{4}{x+1} = 2$ **হলে x এর মান কত?**

ক. 2　　খ. 4
গ. 1　　ঘ. 3

উত্তর✓ ঘ $\frac{3}{x} + \frac{4}{x+1} = 2$

$$\Rightarrow \frac{4}{x+1} = 2 - \frac{3}{x}$$
$$\Rightarrow \frac{4}{x+1} = \frac{2x-3}{x}$$
$$\Rightarrow 2x^2 + 2x - 3x - 3 = 4x$$
$$\Rightarrow 2x^2 - x - 3 - 4x = 0$$
$$\Rightarrow 2x^2 - 5x - 3 = 0$$
$$\Rightarrow 2x^2 - 6x + x - 3 = 0$$
$$\Rightarrow 2x(x-3) + 1(x-3) = 0$$
$$\Rightarrow (x-3)(2x+1) = 0$$

এখানে, $x - 3 = 0$　　$2x + 1 = 0$
$\Rightarrow x = 3.$　　$2x = -1$
$x = -\frac{1}{2}$

৫৩. বাক্য সংকোচন কী?

ক. ইঙ্গিতময় শব্দ ব্যবহার করে বাক্য তৈরি
খ. অসম্পূর্ণ বাক্য
গ. ক্ষুদ্রতম বাক্য
ঘ. একটি মাত্র শব্দে ভাবকে প্রকাশ করা

উত্তর✓ ঘ একাধিক পদ বা উপবাক্যকে একটি শব্দে প্রকাশ করা হলে তাকে বাক্য সংকোচন বা বাক্য সংক্ষেপণ বলে। যেমন : যা নিবারণ করা কষ্টকর - দুর্নিবার।

৫৪. 125 এর 125% কত?

ক. 13.25　　খ. 1.25
গ. 150　　ঘ. 156.25

উত্তর✓ ঘ 125 এর 125 %
$= 125 \text{ এর } \frac{125}{100}$
= 156.25

৫৫. NAFTA -এর সদস্য সংখ্যা কত?

ক. 5　　খ. 8
গ. 3　　ঘ. 4

উত্তর✓ গ NAFTA উত্তর আমেরিকার একটি বাণিজ্য চুক্তি। NAFTA এর পূর্ণরূপ North American Free Trade Agreement. এর সদস্য দেশ তিনটি। যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকো। NAFTA চুক্তি স্বাক্ষরিত হয় ১৭ ডিসেম্বর ১৯৯২ সালে এবং কার্যকর হয় ১ জানুয়ারি ১৯৯৪ সালে।

৫৬. মনমাঝি-এর সঠিক ব্যাসবাক্য কোনটি?

ক. মনের মাঝি　　খ. মন রূপ মাঝি
গ. মন মাঝির ন্যায়　　ঘ. মন ও মাঝি

উত্তর✓ খ মন রূপ মাঝি = মনমাঝি (রূপক কর্মধারয় সমাস)। উপমিত ও উপমানের অভেদ কল্পনামূলক সমাসকে বলা হয় রূপক কর্মধারায় সমাস।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৫৭. প্রথম বিশ্বযুদ্ধ চলাকালীন বেলফোর ঘোষণা 1917 এর মূল প্রতিপাদ্য ছিল–

ক. জার্মানির বিরুদ্ধে মিত্র শক্তির নতুন কৌশল অবলম্বন
খ. জাতিপুঞ্জ সৃষ্টি করা
গ. অটোম্যানদের জায়গা দখল করা
ঘ. ইহুদিদের জন্য একটি জাতি রাষ্ট্র গঠন

উত্তর✓ ঘ বেলফোর ঘোষণা হল ব্রিটিশ ইহুদি সম্প্রদায়ের একজন নেতা ব্যারন রথচাইল্ডের কাছে যুক্তরাজ্যের পরবর্তী সচিব আর্থার জেমস বেলফোরের লেখা একটি চিঠি। চিঠিটি লেখা হয় ২ নভেম্বর ১৯৭১ সালে। এই চিঠির মূল বিষয় ছিল - ব্রিটিশ সরকারের কাছ থেকে ফিলিস্তিনে ইহুদি জাতীয় আবাসভূমি প্রতিষ্ঠার জন্য সমর্থনের নিশ্চয়তা।

৫৮. কোন বানানটি শুদ্ধ?

ক. মুমুর্ষু খ. মুমূর্ষ
গ. মুমূর্ষু ঘ. মুমূর্ষু **উত্তর ঘ**

৫৯. Find the correct sentence :

ক. Over a billion people uses Microsoft Windows Operating Systems.
খ. Over a billion people use Microsoft Windows Operating Systems.
গ. Over a billion peoples use Microsoft Windows Operating Systems.
ঘ. Over a billion people using Microsoft Windows Operating Systems.

উত্তর✓ খ Subject verb agreemnent অনুযায়ী subject এর প্রকৃতি plural হলে 'verb' form টি plural হয়। বাক্যটিতে over a billion people plural হওয়ার verb টির plural form 'use' ব্যবহৃত হবে।

৬০. "অ্যাবাকাস" কী?

ক. হাঁস-মুরগির ভাইরাসজনিত একটি রোগ
খ. এক প্রকার সুমিষ্ট ফল
গ. এক প্রকার গণনা যন্ত্র
ঘ. ল্যাটিন আমেরিকার একটি ক্ষুদ্র দেশ

উত্তর✓ গ অ্যাবাকাস হলো পৃথিবীর প্রথম গণনা যন্ত্র। ফ্রেমে সাজানো গুটির স্থান পরিবর্তনের মাধ্যমে এ যন্ত্রে গণনা করা হতো। মনে করা হয় যে, খ্রিস্টপূর্ব ৩০০ - ৫০০ অব্দে মিশর ও চীনে আবিষ্কার হয়।

৬১. একটি গাড়ি 36000 টাকায় বিক্রয় করায় 20% ক্ষতি হলো। কত টাকায় বিক্রয় করলে 16% লাভ হতো?

ক. 50000 খ. 55000
গ. 53000 ঘ. 52200

উত্তর✓ ঘ ক্রয়মূল্য $= \frac{100}{100 - \text{ক্ষতি}} \times$ বিক্রয়মূল্য

$= \frac{100}{100 - 20} \times 36000$

$= \frac{100}{80} \times 36000 = 45000$

বিক্রয়মূল্য $= \frac{100 + \text{লাভ}}{100} \times$ ক্রয় মূল্য

$= \frac{100 + 16}{100} \times 45000$

$= \frac{116}{100} \times 45000 = 52200$ টাকা

৬২. $(x + 3)(x - 3)$ কে $x^2 - 6$ দিয়ে ভাগ করলে ভাগশেষ কত?

ক. -3 খ. -6
গ. 6 ঘ. 3

উত্তর✓ ক

$(x + 3)(x - 3) = x^2 - 3x + 3x - 9 = x^2 - 9$

$x^2 - 6 \overline{\left| \begin{array}{c} x^2 - 9 \\ x_2 - 6 \\ - \quad + \end{array} \right.} 1$

-3

৬৩. বাংলা ভাষার মধ্যযুগ–

ক. 1201 থেকে 1500 খ্রিস্টাব্দ
খ. 600 থেকে 1500 খ্রিস্টাব্দ
গ. 1201 থেকে 1800 খ্রিস্টাব্দ
ঘ. 800 থেকে 1000 খ্রিস্টাব্দ

উত্তর✓ গ বাংলা ভাষাকে তিনটি যুগে ভাগ করা হয়েছে যেমন : প্রাচীন যুগ ৬৫০ থেকে ১২০০ খ্রিস্টাব্দ, মধ্যযুগ ১২০০ থেকে ১৮০০ খ্রিস্টাব্দ এবং আধুনিক যুগ ১৮০১ থেকে বর্তমান সময় পর্যন্ত।

৬৪. কম্পিউটারে কোনটি নেই?

ক. দীর্ঘ সময় কাজ করার ক্ষমতা খ. নির্ভুল কাজ করার ক্ষমতা
গ. স্মৃতি ঘ. বুদ্ধি

উত্তর✓ ঘ কম্পিউটার শব্দটি গ্রিক শব্দ Compute থেকে এসেছে যার অর্থ গণনা করা। সুতরাং কম্পিউটার হলো গণনাকার যন্ত্র। তবে গণনার পাশাপাশি তথ্য সংরক্ষণ, বিশ্লেষণ ও সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। কম্পিউটার মানুষের দেয়া নির্দেশ অনুসারে কাজ করে। তাই কম্পিউটারের নিজস্ব কোনো বুদ্ধি বিবেচনা নেই।

৬৫. $0.9623 - 31$ = কত?

ক. -30.0377 খ. -29.0377
গ. -32.8246 ঘ. -31.0377

উত্তর✓ ক

-31.0000
$\underline{0.9623}$
-30.0377

৬৬. Choose the word correctly spelt.

ক. Soverignty খ. Sovereignty
গ. Sovereiginity ঘ. Soverinty **উত্তর খ**

৬৭. তিন ভাইয়ের বয়সের গড় 16 বছর। পিতাসহ 3 ভাইয়ের বয়সের গড় 25 বছর হলে, পিতার বয়স কত?

ক. 45 খ. 42
গ. 52 ঘ. 41

উত্তর✓ গ পিতা + 3 ভাই = 4 জনের মোট বয়স
$= (25 \times 4) = 100$ বছর
(-) করে 3 ভাইয়ের মোট বয়স $= (16 \times 3) = 48$ বছর
পিতার বয়স $= 52$ বছর

৬৮. কোনটি সঠিক উত্তর?

ক. $\sin 1° = \sin 179°$ খ. $\sin 1° < \sin 180°$
গ. $\sin 1° < \sin 179°$ ঘ. $\sin 1° = \sin 181°$

উত্তর✓ ক $\text{Sin}1° = \sin(180° - 1°) = \sin 179°$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৬৯. মুক্তিযুদ্ধের আত্মসমর্পণের দলিল কোথায় স্বাক্ষরিত হয়?
ক. সোহরাওয়ার্দী উদ্যান খ. শিশুপার্ক
গ. লালদিঘি ময়দান ঘ. রমনা পার্ক
উত্তর✓ ক ব্যাখ্যা পাকিস্তানী বাহিনী আত্মসমর্পণ করে ঢাকার রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) ১৬ ডিসেম্বর ১৯৭১ সালে। পাকিস্তানী বাহিনীর পক্ষে স্বাক্ষর করেন জেনারেল আমির আব্দুল্লাহ খান নিয়াজী। ভারত - বাংলাদেশ যৌথ কমান্ডের পক্ষে স্বাক্ষর করেন জেনারেল জগজিৎ সিং অরোরা। বাংলাদেশের প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন এ কে খন্দকার।

৭০. একটি সংখ্যা 650 হতে যত বড় 820 হতে তত ছোট। সংখ্যাটি কত?
ক. 800 খ. 780
গ. 730 ঘ. 735
উত্তর✓ ঘ ব্যাখ্যা যত বড় তত ছোট জাতীয় কথা থাকলে,
সংখ্যাটি $= \frac{\text{১ম সংখ্যা + ২য় সংখ্যা}}{২}$
$= \frac{650 + 820}{2}$
$= 735$

৭১. 'কলসটি কানায় কানায় পূর্ণ'– কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে সপ্তমী খ. স্থানাধিকরণে সপ্তমী
গ. ভাবাধিকরণে সপ্তমী ঘ. কালাধিকরণে সপ্তমী
উত্তর✓ গ ব্যাখ্যা ক্রিয়া সম্পাদনের কাল এবং আধারকে অধিকরণ কারক বলে। 'কলসটির কানায় কানায় পরিপূর্ণ'- বাক্যে ভাবের অভিব্যক্তি প্রকাশ করায় 'কলসটি কানায় কানায় পূর্ণ' ভাবাধিকরণ কারক। আর 'কানায়' শব্দটিতে 'য়' থাকায় এটি সপ্তমী বিভক্তি।

৭২. He writes a letter. In this sentence, 'Write' is a –
ক. Transitive verb খ. Intransitive verb
গ. Principal verb ঘ. Auxiliary verb
উত্তর ক

৭৩. In order to access the world wide web you need–
ক. An Internet connection, an Internet service provider & Browser
খ. Internet Explorer
গ. Modem & Browser
ঘ. Nothing
উত্তর ক

৭৪. বৈদ্যুতিক ঘন্টায় বিদ্যুৎ শক্তি কোন প্রকার শক্তিতে রূপান্তরিত হয়?
ক. শব্দ শক্তিতে খ. আলোক শক্তিতে
গ. তাপ শক্তিতে ঘ. রাসায়নিক শক্তিতে
উত্তর✓ ক ব্যাখ্যা শক্তির এক রূপ থেকে অন্য রূপে পরিবর্তন হওয়াকে শক্তির রূপান্তর বলে। বৈদ্যুতিক ঘন্টায় বিদ্যুৎ শক্তি শব্দ শক্তিতে রূপান্তরিত হয়।

৭৫. শশব্যস্ত কোন সমাস?
ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব
উত্তর✓ ক ব্যাখ্যা শশকের ন্যায় ব্যস্ত = শশব্যস্ত (উপমান কর্মধারয় সমাস)। যে কর্মধারয় সমাসে সাধারণ কর্মবাচক পদের সঙ্গে উপমানবাচক পদের মিলন হয়, তাকে বলে উপমান কর্মধারয় সমাস।

৭৬. The plural form of 'Nucleus' is–
ক. Nucleausy খ. Nuclei
গ. Nucleis ঘ. Nucleuses
উত্তর খ

৭৭. She said, "Let me come in", Which of the following is correct indirect form.
ক. She requested that she may be allowed to come in
খ. She requested that she might come in
গ. She said that she come in
ঘ. She requested that she may come in.
উত্তর✓ খ ব্যাখ্যা Reported speech টি imperative sentence এর অনুরোধজ্ঞাপক হওয়ায় Indirect speech এ রূপান্তরের ক্ষেত্রে Reporting verb 'Said' এর স্থলে requested ব্যবহৃত হবে এবং that clause এর subject এর পর Helping verb হিসেবে might ব্যবহৃত হবে।

৭৮. 10 টি সংখ্যার যোগফল 400। তাদের প্রথম 6টির গড় 40 এবং শেষ 6টির গড় 30। ষষ্ঠ সংখ্যাটি কত?
ক. 40 খ. কোনোটিই নয়
গ. 20 ঘ. 30
উত্তর✓ খ ব্যাখ্যা ধরি, পঞ্চম সংখ্যা a
এবং ষষ্ঠ " b
প্রথম 6 টি সংখ্যার সমষ্টি $(6 \times 40) = 240$
শেষ 6 টি সংখ্যার সমষ্টি $(6 \times 30) = 180$
$\therefore 240 - (a + b) + 180 - (a + b) + (a + b) = 400$
$\Rightarrow 420 - (a + b) = 400$
$\Rightarrow a + b = 20$
যেহেতু ৫ম ও ৬ষ্ঠ সংখ্যার সমষ্টি 20 এবং অপশনে 20 এর চেয়ে ছোট কোনো মান নেই। তাই উত্তর হবে কোনোটিই নয়।

৭৯. মাইক্রোনেশিয়া এর অবস্থান হলো–
ক. পশ্চিম প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে
খ. এশিয়া ও আফ্রিকার মাঝে
গ. আটলান্টিকের পূর্বে
ঘ. এশিয়া ও ইউরোপের মাঝে
উত্তর✓ ক ব্যাখ্যা মাইক্রোনেশিয়া শব্দের অর্থ ক্ষুদ্র দ্বীপ। ওশেনিয়া মহাদেশে নিরক্ষরেখার নিকটবর্তী দ্বীপসমূহ মাইক্রোনেশিয়া অঞ্চল নামে পরিচিত। এ অঞ্চলে পাঁচটি স্বাধীন দেশ রয়েছে। যথা: মাইক্রোনেশিয়া, কিরিবাতি, নাউরু, মার্শাল দ্বীপপুঞ্জ ও পালাউ। এছাড়া আরো কিছু উপনিবেশিক দ্বীপ রয়েছে। গুয়াম, ওয়াক দ্বীপ, উত্তর মারিয়ানা দ্বীপপুঞ্জ প্রভৃতি।

৮০. A rolling stone gathers no moss. Here 'rolling' is?
ক. Participle খ. Adjective
গ. Gerund ঘ. Varbal Noun
উত্তর✓ ক,খ ব্যাখ্যা rolling stone অর্থাৎ যে stone টি গড়িয়ে পড়ছে। যেহেতু rolling শব্দটি দ্বারা stone এর একটা বিশেষ অবস্থা বোঝাচ্ছে সেহেতু এটি prticiple এবং Adjective দুটোই।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS



০৬

প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৫

সেট : ০১
তারিখ : ৩০.১০.২০১৫

সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল
রাজশাহী, বগুড়া, পাবনা, নওগাঁ, ময়মনসিংহ, সিরাজগঞ্জ, যশোর, বরিশাল, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ঢাকা, রংপুর, কুমিল্লা, চট্টগ্রাম, দিনাজপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা।

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. বারাক ওবামা যুক্তরাষ্ট্রের কততম প্রেসিডেন্ট?
ক. ৪৪ খ. ৪৫
গ. ৪২ ঘ. ৪৩ উত্তর: ক

০২. 'সে এমনভাবে কথা বলে মনে হয় সব জানে' বাক্যটির সঠিক ইংরেজি কোনটি?
ক. He talks after knowing everything
খ. He talks like he knowing everything
গ. He talks knowing everything
ঘ. He talks as if he knew everything
উত্তর: ঘ ব্যাখ্যা: As if এর পূর্বে Present Indefinite থাকলে As if এর পরে Past Indefinite tense হয়।

০৩. 'অর্ঘ্য' শব্দের অর্থ কি?
ক. পূজার উপকরণ খ. পূজার বাদ্য
গ. পূজার মণ্ডপ ঘ. পূজার আধার উত্তর: ক

০৪. ৬৫ ডিগ্রি পূরক কোণের পরিমাণ কত?
ক. ১৩৫ ডিগ্রি খ. ১২৫ ডিগ্রি
গ. ২৫ ডিগ্রি ঘ. ৩৫ ডিগ্রি উত্তর: গ

০৫. FIFA প্রতিষ্ঠিত হয় কবে?
ক. ১৯০৫ খ. ১৯০৪
গ. ১৯২৪ ঘ. ১৯১৪
উত্তর: খ ব্যাখ্যা: ফুটবল খেলার জন্ম চীনে। FIFA এর পূর্ণরূপ Federation of International Football Association. FIFA প্রতিষ্ঠিত হয় ২১ মে ১৯০৪ সালে ফ্রান্সের প্যারিসে। প্রতিষ্ঠাতা সদস্য দেশ ৭ টি। বেলজিয়াম, ডেনমার্ক, ফ্রান্স, নেদারল্যান্ডস, স্পেন, সুইডেন ও সুইজারল্যান্ড। বর্তমান সদস্য সংখ্যা ২১১ টি। FIFA সদর দপ্তর সুইজারল্যান্ডের জুরিখে। বাংলাদেশ FIFA'র সদস্য পদ লাভ করে ১ জানুয়ারি ১৯৭৬ সালে।

০৬. Fill in the blank : Between —— this is the greatest book I've ever read.
ক. you and I খ. you and me
গ. I and you ঘ. you're and I'm
উত্তর: খ ব্যাখ্যা: Between এর পরে pronoun এর objective form ব্যবহৃত হয়।

০৭. 'জীবনতরী' কি?
ক. কাব্যগ্রন্থ খ. ভাসমান হাসপাতাল
গ. সিনেমা ঘ. সংগঠন
উত্তর: খ ব্যাখ্যা: 'জীবনতরী' দরিদ্র মানুষের জন্য ভাসমান হাসপাতাল। ১০ এপ্রিল ১৯৯৯ সালে মুন্সিগঞ্জের মাওয়া থেকে এই ভাসমান হাসপাতালের যাত্রা শুরু হয়। ইম্প্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশ নামের একটি সামাজিক সংস্থা এই প্রকল্পটি চালু করেছে। এটি ব্রিটেনের একটি সাহায্যকারী সংস্থার শাখা, যারা উন্নয়নশীল দেশ সমূহে বিকলাঙ্গ রোগীদের চিকিৎসা সহায়তা দিয়ে থাকে।

০৮. বৃত্তের যে কোনো দুটি বিন্দুর সংযোজক রেখাংশ বৃত্তের একটি–
ক. জ্যা খ. চাপ
গ. ব্যাসার্ধ ঘ. ব্যাস
উত্তর: ক ব্যাখ্যা: বৃত্তের যে কোনো দুই বিন্দুর সংযোজক রেখাংশকে জ্যা বলে।



উক্ত বৃত্তে AB একটি জ্যা।

০৯. প্রাণী জগতের উৎপত্তি ও বংশ সম্বন্ধীয় বিদ্যাকে বলে–
ক. জেনেটিক্স খ. জুওলজি
গ. বায়োলজি ঘ. ইভোলিউশন
উত্তর: ক ব্যাখ্যা: জীববিজ্ঞানের যে শাখায় জীবের বংশানুক্রমিক গুণাবলির উৎপত্তি, প্রকৃতি, বৃদ্ধির সময় ও আচরণ সম্পর্কে আলোচনা হয়, তাকে বংশগতিবিদ্যা বা জেনেটিক্স বলে। গ্রেগর জোহান মেন্ডেল বংশগতিবিদ্যার জনক।

১০. The word 'reproduction' is–
ক. an adjective খ. a verb
গ. an adverb ঘ. a noun
উত্তর: ঘ ব্যাখ্যা: Reproduction শব্দটি noun-এর অর্থ পুনরুৎপাদন।

১১. 'গম্ভীর ধ্বনি'-এর বাক্যসংকোচন করুন।
ক. মন্দ্র খ. মর্মন্তুদ
গ. মধুপ ঘ. মন্ত্র
উত্তর: ক ব্যাখ্যা: মর্মন্তুদ = হৃদয়বিদারক ঘটনা। মধুপ = মধু আহরণকারী বা ভ্রমর। মন্ত্র = হিন্দু বিশ্বাসে ত্রাণকারী শব্দ।

১২. $F(x) = (x - 1)^2$ হলে, $F(5) =$ কত?
ক. 36 খ. 16
গ. 35 ঘ. 28 উত্তর: খ

১৩. ত্রিভুজের যে কোনো দুটি মধ্যমা পরস্পর সমান হলে ত্রিভুজটি–
ক. সমকোণী ত্রিভুজ খ. বিষমবাহু ত্রিভুজ
গ. সমদ্বিবাহু ত্রিভুজ ঘ. সমবাহু ত্রিভুজ উত্তর: গ

১৪. কোন গ্রহের তাপমাত্রা তুলনামূলকভাবে অধিক?
ক. পৃথিবী খ. মঙ্গল
গ. বুধ ঘ. শুক্র
উত্তর: ঘ ব্যাখ্যা: শুক্র গ্রহের বায়ুমণ্ডলের সবটাই (৯৭ ভাগ) কার্বন-ডাই-অক্সাইড গ্যাস। ঘন কার্বন-ডাই-অক্সাইড এর স্তর ভেদ করে সূর্যের তাপ শুক্র পৃষ্ঠে পতিত হয় ঠিকই কিন্তু সেখান থেকে আর ফিরে আসতে পারে না। ফলে শুক্রের তাপমাত্রা হয়ে যায় ৮৭০° ফারেনহাইট পর্যন্ত। তাই শুক্রের তাপমাত্রা তুলনামূলক অধিক।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১৫. বঙ্গবন্ধু শেখ মুজিব কর্তৃক ছয় দফা উত্থাপিত হয়–
ক. রাওয়ালপিন্ডিতে খ. করাচিতে
গ. ঢাকায় ঘ. লাহোরে
উত্তর✓ খ ব্যাখ্যা ছয়-দফাকে বলা হয় 'বাঙালির মুক্তির সনদ' বা 'ম্যাগনাকার্টা'। ৫ ফেব্রুয়ারি ১৯৬৬ সালে লাহোরে বিরোধী দল সমূহের জাতীয় সম্মেলনের বিষয় নির্ধারণী কমিটিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছয় দফা কর্মসূচী ঘোষণা করেন। ছয় দফার প্রথম দফা ছিলো প্রাদেশিক স্বায়ত্তশাসন। ছয় দফা দিবস পালিত হয় ৭ জুন।

১৬. Choose the correct sentence–
ক. Death is preferable than dishonour
খ. Death is more preferable than dishonour
গ. Deaht is more preferable then dishonour
ঘ. Death is preferable to dishonour
উত্তর✓ ঘ ব্যাখ্যা Preferable এর পরে সর্বদা Preposition 'to' বসে।

১৭. 'বাগধারা' কোথায় আলোচিত হয়?
ক. শব্দতত্ত্বে খ. বাক্যতত্ত্বে
গ. ধ্বনিতত্ত্বে ঘ. রূপতত্ত্বে
উত্তর✓ খ ব্যাখ্যা বাক্যের সঠিক গঠন প্রণালি, বিভিন্ন উপাদানের সংযোজন, বিয়োজন, এদের সার্থক ব্যবহারযোগ্যতা, বাক্যমধ্যে শব্দ বা পদের স্থান বা ক্রম, পদের রূপ পরিবর্তন ইত্যাদি বিষয় বাক্যতত্ত্বে আলোচিত হয়। বাক্যতত্ত্বকে পদক্রমও বলা হয়।

১৮. He is a <u>better</u> worker than I.
ক. Adverb খ. Verb
গ. Noun ঘ. Adjective
উত্তর✓ ঘ ব্যাখ্যা Good-এর comparative degree হচ্ছে better।

১৯. 'মহাপৃথিবী' কাব্যগ্রন্থ কার লেখা?
ক. ফররুখ আহমদ খ. জীবনানন্দ দাশ
গ. গোলাম মোস্তফা ঘ. জসীমউদ্‌দীন
উত্তর✓ খ ব্যাখ্যা জীবনানন্দ দাশের ৭টি কাব্যগ্রন্থ : ঝরা পালক, ধূসর পাণ্ডুলিপি, বনলতা সেন, মহাপৃথিবী, সাতটি তারার তিমির, রূপসী বাংলা, বেলা অবেলা কাল বেলা। 'কবিতার কথা' তার রচিত প্রবন্ধগ্রন্থ।

২০. Which pair contains words opposed to each other?
ক. false, Fake খ. honesty, sincerity
গ. innocence, experience ঘ. hope, dream
উত্তর✓ গ ব্যাখ্যা Innocence অর্থ নির্দোষ অন্যদিকে Experience অর্থ অভিজ্ঞতা।

২১. 'আরব বসন্ত' বলতে কি বুঝায়?
ক. আরবীয় মহিলাদের ক্ষমতায়ন
খ. আরবের বিভিন্ন দেশে গণজাগরণ
গ. আরব অঞ্চলে বসন্তকাল
ঘ. আরব রাজতন্ত্র
উত্তর✓ খ ব্যাখ্যা ২০১০ সালের ১৭ ডিসেম্বর থেকে আরব বিশ্বের বিভিন্ন দেশে যে গণজাগরণ সৃষ্টি হয় তাই আরব বসন্ত নামে পরিচিত। তিউনিসিয়া আরব বসন্তের সূতিকাগার হিসেবে খ্যাত। দেশটিতে Jasmine Revolution বা জুঁই বিপ্লব ঘটে ১৪ জানুয়ারি ২০১১ সালে।

২২. 'প্রকৃতি' বলতে কী বুঝায়?
ক. শব্দের মূল খ. শব্দ ও ধাতুর মূল
গ. ধাতুর মূল ঘ. প্রত্যয়যুক্ত শব্দ
উত্তর✓ খ ব্যাখ্যা শব্দ ও ধাতুর বা পদের মূল অংশকে বলে প্রকৃতি। যেমন: চল্ + আ; এখানে 'চল্' হলো প্রকৃতি বা ধাতু। আর প্রত্যয় হলো 'আ'। প্রকৃতি বোঝানোর চিহ্ন -√।

২৩. 'অক্টোপাস' উপন্যাসের লেখক কে?
ক. বেগম সুফিয়া কামাল খ. শামসুর রাহমান
গ. আল মাহমুদ ঘ. আবুল হাসান
উত্তর✓ খ ব্যাখ্যা শামসুর রাহমান মূলত কবি হলেও উপন্যাস রচনায় তাঁর অবদান অনস্বীকার্য। তাঁর উল্লেখযোগ্য উপন্যাস অক্টোপাস, অদ্ভুত আঁধার এক, এলো সে অবেলায়, নিয়ত মন্তাজ।

২৪. Choose the correct sentence?
ক. He was hunged for murder
খ. He has been hunging for murder
গ. He was hanged for murder
ঘ. He has been hunged for murder
উত্তর✓ গ ব্যাখ্যা ফাঁসিতে ঝুলানো অর্থে hang এর Past participle form হবে hanged।

২৫. He said, 'I have been working since sunrise,' Make it indirect speech.
ক. He said that had been working since sunrise.
খ. He said that he has working for sunrise.
গ. He said that he has been working since sunrise.
ঘ. He said that he is working.
উত্তর✓ ক ব্যাখ্যা Narration- এর ক্ষেত্রে Present Perfect continuous থাকলে Past perfect continuous tense হবে।

২৬. The book 'Man and Superman' is written by–
ক. Bernard Shaw খ. Monika Ali
গ. Lord Byron ঘ. Charles Dickens
উত্তর✓ ক ব্যাখ্যা Man and Superman বিখ্যাত নাটকটি রচনা করেছেন Irish নাট্যকার G.B. Shaw।

২৭. কবে থেকে দেশব্যাপী বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয়েছে?
ক. ১ মার্চ ১৯৯৩ খ. ১ এপ্রিল ১৯৯৩
গ. ১ জানুয়ারি ১৯৯৩ ঘ. ১ ফেব্রুয়ারি ১৯৯৩
উত্তর✓ গ ব্যাখ্যা বাংলাদেশে প্রাথমিক শিক্ষা আইন জারি হয় ১৯৭৪ সালে। প্রাথমিক শিক্ষা (বাধ্যতামূলককরণ) আইন পাশ হয় ১৯৯০ সালের ৬ ফেব্রুয়ারি। প্রাথমিকভাবে ৬৮ টি উপজেলায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয় ১ জানুয়ারি ১৯৯২ সালে। সমগ্র বাংলাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয় ১ জানুয়ারি ১৯৯৩ সালে।

২৮. কোন বানানটি শুদ্ধ?
ক. মন্ত্রিপরিসদ খ. মন্ত্রীপরিষদ
গ. মন্ত্রিপরিষদ ঘ. মন্ত্রিপরিশদ
উত্তর✓ গ ব্যাখ্যা কতিপয় শুদ্ধ বানান: মন্ত্রিপরিষদ, মাৎসর্য, ম্লেচ্ছ, ম্রিয়মাণ, মুহূর্ত, মুমূর্ষু, মুহুর্মুহু, মুমুক্ষা, মুখাগ্নি, মার্জনা মার্জার।

২৯. 'উচাটন'-এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. উর্ধ্বটান খ. প্রশান্ত
গ. উঁচুনিচু ঘ. উত্তাপ্রাত্মচরিত।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৩০. স্ত্রী স্বামীর চেয়ে ৫ বছরের ছোট। স্ত্রীর বয়স ছেলের বয়সের ৪ গুণ। ৪ বছর পরে ছেলের বয়স হবে ১১। বর্তমানে স্বামীর বয়স কত?

ক. ৪৫ খ. ৩৩
গ. ৫২ ঘ. ৪৮

উত্তর✓ খ ব্যাখ্যা ছেলের বয়স x বছর
স্ত্রীর বয়স 8x বছর
স্বামীর বর্তমান বয়স = 8x+৫
৪ বছর পর ছেলের বয়স = (x+৪)
শর্তমতে, x+৪ = ১১
x = ১১-৪ = ৭ বছর
∴ স্বামীর বর্তমান বয়স = ৪ × ৭ + ৫ = ২৮+৫ = ৩৩ বছর।

৩১. গুণহীনে ত্যাগ কর। –বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. কর্মে ৭মী খ. অধিকরণে ৭মী
গ. সম্প্রদানে ৭মী ঘ. অপাদানে ৭মী

উত্তর✓ ব্যাখ্যা প্রশ্নে প্রদত্ত বাক্যে কোনো রেখা টানা নেই। 'গুণহীনের' নিচে রেখা থাকলে তা কর্মকারকে সপ্তমী বিভক্তি হবে।

৩২. The right Bangla translation of "He came off with flying colours"?

ক. তিনি গৌরবময় সাফল্য অর্জন করেন
খ. বিজয়ের গৌরব নিয়ে তিনি উড়ে এসেছিলেন
গ. তিনি রং ছিটাতে ছিটাতে এসেছিলেন
ঘ. তিনি উড়ন্ত রং নিয়ে এসেছিলেন

উত্তর✓ ক ব্যাখ্যা Came off অর্থ সাফল্য লাভ করা।

৩৩. 'দ্যুলোক' শব্দের যথার্থ সন্ধি বিচ্ছেদ কোনটি?

ক. দ্বি + লোক খ. দ্বিঃ + লোক
গ. দুঃ + লোক ঘ. দিব্ + লোক

উত্তর✓ ঘ ব্যাখ্যা দিব + লোক = দ্যুলোক (নিপাতনে সিদ্ধ সন্ধি)। আরো কয়েকটি গুরুত্বপূর্ণ নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি হলো: গো + পদ = গোষ্পদ; পর + পর = পরস্পর; বৃহৎ + পতি = বৃহস্পতি; বন + পতি = বনস্পতি; আ + চর্য = আশ্চর্য।

৩৪. Diamond cuts diamonds-এর অনুবাদ কোনটি?

ক. সৎসঙ্গে স্বর্গবাস খ. সঙ্গ দেখে লোক চেনা যায়
গ. মানিকে মানিক চেনে ঘ. সঙ্গদোষে নষ্ট

উত্তর✓ গ ব্যাখ্যা এটি একটি প্রবাদ বাক্য।

৩৫. 'Proclaim' means :

ক. declare খ. circulate
গ. announce ঘ. pronounce

উত্তর✓ ক ব্যাখ্যা Proclaim অর্থ আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা।

৩৬. P^m বলতে কি বুঝায়?

ক. p কে m এর সূচক খ. m কে p এর সূচক
গ. p, m এর লগ ঘ. p কে m এর ভিত্তি

উত্তর✓ খ ব্যাখ্যা সূচক শব্দের অর্থ হলো power বা শক্তি। p^m কে বলা হয় m কে p এর সূচক। p হলো এখানে (base) ভিত্তি।

৩৭. কোনটি সাংবিধানিক প্রতিষ্ঠান নয়?

ক. বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন খ. পাবলিক সার্ভিস কমিশন
গ. রাষ্ট্রপতির কার্যালয় ঘ. নির্বাচন কমিশন

উত্তর✓ ক ব্যাখ্যা সাংবিধানিক প্রতিষ্ঠানগুলো হচ্ছে-নির্বাচন কমিশন, পাবলিক সার্ভিস কমিশন, মহা হিসাব- নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, সংসদ সচিবালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, রাষ্ট্রপতির কার্যালয়, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান যা বিশ্ববিদ্যালয় সমূহকে নিয়ন্ত্রণ করে।

৩৮. 'আফতাব' শব্দের সমার্থ কোনটি?

ক. জলধি খ. অর্ণব
গ. অর্ক ঘ. রাতুল

উত্তর✓ গ ব্যাখ্যা 'আফতাব' শব্দের সমার্থক শব্দ: অর্ক, সূর্য, ভাস্কর, রবি, সবিতা, আদিত্য, বিভাকর, দিনেশ, মিহির। 'জলধি' ও 'অর্ণব' শব্দ দুটো সাগরের সমার্থক শব্দ। আর রাতুল শব্দের অর্থ লাল।

৩৯. Who is the author of 'India Wins freedom?'

ক. Abul Kalam Azad খ. Moulana Akram Khan
গ. Mahatma Gandi ঘ. J.L. Nehru

উত্তর✓ ক ব্যাখ্যা India Wins Freedom বিখ্যাত বইটির লেখক Abul Kalam Azad।

৪০. DOT MATRIX is a kind of :

ক. Software খ. Printer
গ. Scanner ঘ. Operating System

উত্তর✓ খ ব্যাখ্যা printer এর সাহায্যে প্রাপ্ত ফলাফল কাগজে ছাপা হয়। এটি দু'ধরনের। ইমপেক্ট প্রিন্টার ও নন-ইমপেক্ট প্রিন্টার। DOT MATRIX এক ধরনের ইমপেক্ট প্রিন্টার যা প্রিন্টহেড কাগজ স্পর্শ করে প্রিন্ট করে।

৪১. পরপর ২টি পূর্ণ সংখ্যা নির্ণয় করুন যাদের বর্গের পার্থক্য হবে ৫৩।

ক. ২৭ এবং ২৮ খ. ২৬ এবং ২৭
গ. ২৮ এবং ২৯ ঘ. ২৫ এবং ২৬

উত্তর✓ খ ব্যাখ্যা $a^2 - b^2$
$= (a+b)(a-b)$
$= (২৭+২৬)(২৭-২৬)$
$= ৫৩ \times ১$
$= ৫৩$

৪২. A person leaves his or her country to settle in another country–

ক. Foreigner খ. Traveler
গ. Emigrant ঘ. Immigrant.

উত্তর✓ গ ব্যাখ্যা যে ব্যক্তি নিজের দেশ ছেড়ে অন্য দেশে বসবাসের জন্য যায় তাকে Emigrant (দেশত্যাগকারী) বলে।

৪৩. বাংলাদেশের শেয়ার বাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের নাম–

ক. বাংলাদেশ ব্যাংক খ. ডিএসই
গ. বিএসইসি ঘ. অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়

উত্তর✓ গ ব্যাখ্যা BSEC এর পূর্ণরূপ Bangladesh Securities and Exchange Commission. BSEC প্রতিষ্ঠিত হয় ১৯৯৩ সালের ৮ জুন। এই প্রতিষ্ঠান বাংলাদেশের শেয়ার বাজার কার্যক্রম নিয়ন্ত্রণ করে।

৪৪. অন্যের দোষ ধরা সহজ-এর ইংরেজি হলো–

ক. It is easy to Find Fault with others
খ. It is easy to Find out Fault of others
গ. It is easy to Find Fault of others
ঘ. It is easy to Find out Fault of others

উত্তর✓ ক ব্যাখ্যা To find fault with other - অন্যের দোষ ধরা।

৪৫. ঈষৎ পাণ্ডুবর্ণ-এর বাক্য সংকোচন–

ক. পীত খ. কয়রা
গ. ধূসর ঘ. আরক্ত

উত্তর✓ গ ব্যাখ্যা ঈষৎ পাণ্ডুবর্ণ = ধূসর ; ঈষৎ রক্তবর্ণ = আরক্ত; ঈষৎ হলুদ বর্ণ = পীত।

৪৬. Fill in the blanks : Frustration results– violence.

ক. in　　খ. at
গ. with　　ঘ. of

উত্তর✓ ক ব্যাখ্যা Result in - পর্যবসিত হওয়া।

৪৭. উপসর্গের কাজ কী?

ক. নতুন শব্দ গঠন　　খ. ভাবের পার্থক্য নিরূপণ
গ. অর্থ পরিবর্তন　　ঘ. বর্ণ সংস্করণ

উত্তর✓ ক ব্যাখ্যা উপসর্গের কাজ: নতুন শব্দ তৈরি করে; শব্দের অর্থের সংকোচন করে; শব্দের অর্থের সম্প্রসারণ করে; শব্দের অর্থের পরিবর্তন করে; শব্দের অর্থের পূর্ণতা সাধন করে ইত্যাদি। বাংলা ভাষার উপসর্গ মূলত ৩ প্রকার। যথা : (১) খাঁটি বাংলা উপসর্গ (২) তৎসম বা সংস্কৃত উপসর্গ (৩) বিদেশি উপসর্গ।

৪৮. যদি কাচ পানি অপেক্ষা ৩.৫ গুণ বেশি ভারী হয়, তবে ৫০ ঘন সেন্টিমিটার কাচের ওজন কত?

ক. ১০০ গ্রাম　　খ. ১৭৫ গ্রাম
গ. ৫০০ গ্রাম　　ঘ. ১০০০ গ্রাম

উত্তর✓ খ ব্যাখ্যা ১ ঘন সেমি পানি = ১ গ্রাম
৫০ " " " ৫০×১ "

৫০ গ্রাম কাচের ওজন = ৫০×৩.৫ গ্রাম
= ১৭৫.০০ গ্রাম

৪৯. ১৫ জনের কোন কাজের এক-তৃতীয়াংশ করতে ২০ দিন লাগে, কত দিনে ২০ জন লোক পুরো কাজটি শেষ করতে পারবে?

ক. ৪৫　　খ. ২০
গ. ১৫　　ঘ. ৩০

উত্তর✓ ক ব্যাখ্যা $\frac{P_1D_1}{P_2D_2}=\frac{W_1}{W_2}$　　P_1 = ১ম লোক = ১৫

$\Rightarrow \frac{১৫\times২০}{২০\times D_2}=\frac{\frac{১}{৩}}{১}$　　D_1 = ১ম দিন=২০

P_2= ২য় লোক=২০
D_2= ২য় দিন?

$\Rightarrow \frac{১৫\times২০}{২০\times D_2}=\frac{১}{৩}$　　W_1=১ম কাজের অংশ=$\frac{১}{৩}$

$\Rightarrow D_2$= ৪৫ দিন　　W_2= ২য় কাজের অংশ=১

৫০. অমর্ত্য সেন কোন বিষয়ে গবেষণা করে নোবেল পুরস্কার পান?

ক. বৈদেশিক সাহায্যে　　খ. উন্নয়নের গতি ধারা
গ. দুর্ভিক্ষ ও দারিদ্র্য　　ঘ. ক্ষুদ্র ঋণ

উত্তর✓ গ ব্যাখ্যা তিনজন নোবেল বিজয়ী বাঙালীর একজন হচ্ছেন অমর্ত্য সেন। দুর্ভিক্ষ, মানব উন্নয়ন তত্ত্ব, জনকল্যাণ অর্থনীতি এবং উদারনৈতিক রাজনীতিতে অবদান রাখার জন্য ১৯৯৮ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন। অমর্ত্য সেন জাতিসংঘের 'মানব উন্নয়ন সূচক' ধারণার আবিষ্কার করেন।

৫১. দ্বিতীয় বিশ্বযুদ্ধে পার্ল হারবার আক্রমণ করেছিল কোন দেশ?

ক. রাশিয়া　　খ. ইতালি
গ. জার্মানি　　ঘ. জাপান

উত্তর✓ ঘ ব্যাখ্যা পার্ল হারবার মার্কিন যুক্তরাষ্ট্রের হাওয়াই অঙ্গরাজ্যের একটি দ্বীপ। এখানে মার্কিন নৌ ও বিমান ঘাঁটি অবস্থিত। দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন ১৯৪১ সালের ৭ ডিসেম্বর জাপান পার্ল হারবার আক্রমণ করে। এর ফলে ৮ ডিসেম্বর ১৯৪১ সালে মার্কিন যুক্তরাষ্ট্র সরাসরি দ্বিতীয় বিশ্বযুদ্ধে অংশগ্রহণ করে।

৫২. এক স্কুলে ড্রিল করার সময় ছাত্রদের ৮, ১০ বা ১৫ সারিতে সাজানো হয়। ঐ স্কুলে ন্যূনতম কতজন ছাত্র রয়েছে?

ক. ১৪০　　খ. ৯৬
গ. ৮০　　ঘ. ১২০

উত্তর✓ ঘ ব্যাখ্যা ৮, ১০, ১৫ এর ল.সা.গু.

২ | ৮, ১০, ১৫
৫ | ৪, ৫, ১৫
৪, ১, ৩

নির্ণেয় ল.সা.গু. = ২×৫×৪×৩ = ১২০

৫৩. 'Please bring me a cup of tea' What kind of sentence is this?

ক. imperative　　খ. assertive
গ. optative　　ঘ. interrogative

উত্তর✓ ক ব্যাখ্যা Imperative Sentence দ্বারা আদেশ, নিষেধ, অনুরোধ প্রকাশ পায়।

৫৪. কোনটি ক্ষুদ্রতম সংখ্যা?

ক. $\frac{৪}{২৭}$　　খ. $\frac{৭}{৩৬}$
গ. $\frac{১১}{৪৫}$　　ঘ. $\frac{২}{৯}$

উত্তর✓ ক ব্যাখ্যা

$\frac{৪}{২৭}=০.১৪, \frac{৭}{৩৬}=০.১৯, \frac{১১}{৪৫}=০.২৪, \frac{২}{৯}=০.২২$

উক্ত ফলাফলসমূহের মধ্যে $\frac{৪}{২৭}=০.১৪$ ফলাফল ক্ষুদ্রতম।

৫৫. এইচ.আই.ভি কী?

ক. ছত্রাক　　খ. ব্যাকটেরিয়া
গ. সায়ানো ব্যাকটেরিয়া　　ঘ. ভাইরাস

উত্তর✓ ঘ ব্যাখ্যা HIV (Human Immunodeficiency Virus) হলো এক ধরনের ভাইরাস যার সংক্রমণে মানবদেহের রোগ প্রতিরোধ ক্ষমতা নষ্ট হয়ে যায়, ফলে নানা সংক্রামক রোগ ও কয়েক রকম ক্যান্সারে আক্রান্ত হয়ে রোগী মৃত্যুর মুখে ঢলে পড়ে। এইডস রোগের কারণ হলো HIV ভাইরাসের সংক্রমণ।

৫৬. নানান দেশের নানান ভাষা বিনে স্বদেশী ভাষা, পুরে কি আশা' -পঙক্তিটির রচয়িতা কে?

ক. আব্দুল হাকিম　　খ. অতুল প্রসাদ সেন
গ. রামনিধি গুপ্ত　　ঘ. শেখ ফজলুল করিম

উত্তর✓ গ ব্যাখ্যা রামনিধি গুপ্ত বাংলা টপ্পা গানের জনক। তাঁর রচিত উল্লিখিত পঙক্তিটি দেশাত্মবোধক ও গণজাগরণমূলক সঙ্গীত, যা তাঁকে অমর করে রেখেছে। দুর্গাদাস লাহিড়ী সম্পাদিত 'বাঙালির গান' নামক গ্রন্থে তাঁর রচিত ৪৫০টি গান সংকলন করেন।

৫৭. বাংলা ভাষায় যতি চিহ্ন প্রচলন করেন কে?

ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর　　খ. দীনবন্ধু মিত্র
গ. কালীপ্রসন্ন সিংহ　　ঘ. রাজা রামমোহন রায়

উত্তর✓ ক ব্যাখ্যা বাংলা গদ্যের জনক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর তাঁর প্রথম প্রকাশিত গ্রন্থ 'বেতালপঞ্চবিংশতি'তে (১৮৪৭) প্রথম বিরামচিহ্নের সফল ব্যবহার করেন। তাঁর রচিত কয়েকটি মৌলিক গ্রন্থ: প্রভাবতী সম্ভাষণ, বহুবিবাহ রহিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক বিচার, বিধবা বিবাহ প্রচলিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক প্রস্তাব, অতি অল্প হইল, আবার অতি অল্প হইল। অনুবাদ গ্রন্থ: ভ্রান্তিবিলাস, সীতার বনবাস, শকুন্তলা। বিদ্যাসাগর রচিত 'আত্মজীবনী' বাংলা গদ্যের প্রথম আত্মচরিত।

৫৮. Antonym of 'tedious' is :

ক. tiresome খ. refreshing
গ. boring ঘ. monotonous

উত্তর✓ খ Tedious অর্থ ক্লান্তিকর এবং এর বিপরীত শব্দ হচ্ছে Refreshing যার অর্থ প্রফুল্লকর।

৫৯. ক, খ ও গ একত্রে ব্যবসা করে ১২০০ টাকা লাভ করে। যদি ক, খ ও গ এর মূলধনের অনুপাত ৩ : ৪ : ৮ হয় তবে 'ক' কত লভ্যাংশ পাবে?

ক. ২৪০ খ. ২৩০
গ. ২৫০ ঘ. ২২০

উত্তর✓ ক অনুপাতগুলোর যোগফল (৩+৪+৮)= ১৫
ক এর লভ্যাংশ (১২০০ এর $\frac{৩}{১৫}$)= ২৪০ টাকা

৬০. Which one is correct?

ক. Descripline খ. Committee
গ. Resturant ঘ. Lieutenant

উত্তর✓ ঘ Lie-u-ten-ant : মিথ্যা-তুমি-দশ-পিঁপড়া- এইভাবে বানান মনে রাখা সহজ।

৬১. ৫০০ টাকার ৪ বছরের সুদ এবং ৬০০ টাকার ৫ বছরের সুদ একত্রে ৫০০ টাকা হলে সুদের হার কত?

ক. ৬% খ. ৫%
গ. ১০% ঘ. ১২%

উত্তর✓ গ ধরি,
সুদের হার r%
প্রশ্নমতে,
$\frac{৫০০\times৪\times r}{১০০}+\frac{৬০০\times৫\times r}{১০০}=৫০০$
$\Rightarrow ২০r+৩০r=৫০০$
$\Rightarrow ৫০r=৫০০$
$\Rightarrow r=\frac{৫০০}{৫০}=১০\%$

৬২. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ১৬০০ বর্গমিটার। এর পরিসীমা কত?

ক. ২০০ খ. ১৭২
গ. ১৮০ ঘ. ১৬০

উত্তর✓ ঘ ধরি,
বর্গের এক বাহুর দৈর্ঘ্য a মিটার
প্রশ্নমতে,
$a^2=১৬০০$
$\Rightarrow a=\sqrt{১৬০০}=৪০$
∴ পরিসীমা = ৪ × বাহুর দৈর্ঘ্য = ৪ × ৪০= ১৬০ মিটার

৬৩. মুক্তিযুদ্ধের ছয় নম্বর সেক্টরের সেক্টর কমান্ডার কে ছিলেন?

ক. উইং কমান্ডার এম কে বাশার খ. মেজর কাজী নুরুজ্জামান
গ. মেজর এম আবদুল জলিল ঘ. মেজর কে এম শফিউল্লা

উত্তর✓ ক

সেক্টর কমান্ডার	সেক্টর
উইং কমান্ডার এম কে বাশার	৬নং সেক্টর
মেজর কাজী নুরুজ্জামান	৭ নং সেক্টর
মেজর এম আবদুল জলিল	৯ নং সেক্টর
মেজর কে এম শফিউল্লাহ	৩ নং সেক্টর

৬৪. কোন বছরে একটি গ্রামের লোকসংখ্যা ১৫% বাড়ে। বছরের শেষে লোকসংখ্যা ৬৯০০ হলে বছরের শুরুতে লোকসংখ্যা কত ছিল?

ক. ৫৭০০ খ. ৫৫০০
গ. ৬৩০০ ঘ. ৬০০০

উত্তর✓ ঘ পূর্বের লোকসংখ্যা = $\frac{P}{(1+\frac{r}{100})^n}$

এখানে P= ৬৯০০
$=\frac{৬৯০০}{(১+\frac{১৫}{১০০})}$ r=১৫%
$=\frac{৬৯০০}{\frac{১০০+১৫}{১০০}}$ n=১
$=৬৯০০\times\frac{১০০}{১১৫}$
=৬০০০ জন

৬৫. $(x-2)(x-3)<0$ এর সমাধান সেট কত?

ক. $x<3$ খ. $x>2$
গ. $2<x<3$। ঘ. কোনোটিই নয়

উত্তর✓ গ যদি (x–3) এবং (x–2) এর একটি ধনাত্মক এবং অপরটি ঋণাত্মক হয়,
তখন

(x–3)<0	–(x–2<0)
x–3+3<+3	⇒x–2>0 [–1 দ্বারা গুণ করে পাই]
⇒x<3	⇒x–2+2>2
	⇒x>2

নির্ণেয় সমাধান: 2<x<3 [2 এর চেয়ে বড় কিন্তু 3 এর চেয়ে ছোট মান হলো 2.5]

অপরদিকে,
যদি (x–3) ঋণাত্মক এবং (x–2) ধনাত্মক হয়

–(x–3)<0	x–2<0
⇒x–3>0 [–1 দিয়ে গুণ করে পাই]	x–2+2<2
⇒x–3+3>3	x<2
⇒x>3	

নির্ণেয় সমাধান: 3<x<2 যা অসমতাকে অসত্য করে।
তাই নির্ণেয় সমাধান সেট: 2<x<3

৬৬. কোথায় বাংলাদেশ, ভারত ও মিয়ানমারের সীমান্ত পরস্পরকে ছুঁয়েছে?

ক. খাগড়াছড়ি খ. বান্দরবান
গ. সিলেট ঘ. রাঙ্গামাটি

উত্তর✓ ঘ বাংলাদেশের সীমান্তবর্তী জেলা ৩২ টি। ভারতের সাথে সীমান্তবর্তী জেলা ৩০টি। মিয়ানমারের সাথে সীমান্তবর্তী জেলা ৩ টি। রাঙামাটি, বান্দরবান ও কক্সবাজার। এর মধ্যে রাঙামাটি জেলা ভারত ও মিয়ানমারের সাথে একমাত্র সীমান্তবর্তী জেলা।

৬৭. Degree : Temperature–

ক. Time : Length খ. Ounce : Weight
গ. Fathom : Volume ঘ. Mass : Energy

উত্তর✓ খ Temperature মাপার একক Degree এবং Weight মাপার একক Ounce।

৬৮. একটি ত্রিভুজের একটি কোণ যদি ২য় কোণের তিনগুণ এবং ৩য় কোণ যদি ২য় কোণের চেয়ে ৩০ ডিগ্রি বড় হয় তবে কোণটি কত ডিগ্রি?

ক. ৬০ খ. ৫০
গ. ৪৫ ঘ. ৩০

উত্তর✓ খ ধরি,
২য় কোণ = x°
৩য় কোণ = $x+30^\circ$
১ম কোণ = $3x^\circ$
আমরা জানি,
ত্রিভুজের তিন কোণের সমষ্টি = 180°
$\Rightarrow x+3x+x+30^\circ = 180^\circ$
$\Rightarrow 5x = 180^\circ - 30^\circ = 150^\circ$ ∴ ১ম কোণ $(3 \times 30)^\circ$ বা 90°
$\Rightarrow x = \frac{150^\circ}{5} = 30^\circ$ ২য় কোণ 30°
৩য় কোণ 60°
∴ কোণটি $x = 30^\circ$

৬৯. 'কর্বুর' শব্দের অর্থ–

ক. করণীয় খ. রাক্ষস
গ. গন্ধদ্রব্যবিশেষ ঘ. রাসায়নিক পদার্থ উত্তর গ

৭০. ভবন নির্মাণের সময় কি মেনে চলা বাধ্যতামূলক?

ক. বিল্ডিং অধ্যাদেশ খ. বিল্ডিং কোড
গ. ভবন অনুনিয়ম ঘ. ভবন আইন উত্তর খ

৭১. জুলিও কুরি একজন বিশ্ববিখ্যাত–

ক. শিল্পী খ. সাহিত্যিক
গ. কবি ঘ. বৈজ্ঞানিক

উত্তর✓ খ জুলিও কুরির প্রকৃত নাম আইরিন জুলিও কুরি। তিনি ফরাসি বিজ্ঞানী ছিলেন। তিনি নোবেল বিজয়ী মারিয়া কুরি ও পিয়েরও কুরি দম্পতির কন্যা এবং ফ্রেদেরিক জুলিও কুরির স্ত্রী ছিলেন। তিনি এবং তাঁর স্বামী যৌথভাবে কৃত্রিম তেজস্ক্রিয় পদার্থ আবিষ্কারের ফলে ১৯৩৫ সালে রসায়নে নোবেল পুরস্কার পান।

৭২. খোকন ও মন্টুর আয়ের অনুপাত ৯ : ৪। খোকনের আয় ৯০ টাকা হলে মন্টুর আয় কত?

ক. ৪৮ খ. ৬৫
গ. ৪০ ঘ. ৬০

উত্তর✓ গ ধরি,
মন্টুর আয় x টাকা
∴খোকন:মন্টু = ৯০:x
$\Rightarrow 9:4 = 90: x$
$\Rightarrow \frac{9}{4} = \frac{90}{x}$
$\Rightarrow 9x = 90 \times 4$
$\Rightarrow x = \frac{90 \times 4}{9} = 40$ টাকা

৭৩. 'ভূষণ্ডীর কাক' বাগধারাটির অর্থ–

ক. অনভিজ্ঞ ব্যক্তি
খ. দীর্ঘকালের অভিজ্ঞ ব্যক্তি
গ. বিশেষজাতের কাক
ঘ. ভূষণ্ডী নামক স্থানের নাম উত্তর খ

৭৪. 'রয়টার্স' কী?

ক. একটি পত্রিকা খ. বেতার সংস্থা
গ. ক্লাব ঘ. সংবাদ সংস্থা

উত্তর✓ ঘ Reuters (রয়টার্স) ব্রিটেন ভিত্তিক একটি সংবাদ সংস্থা। এর প্রতিষ্ঠাতা পল জুলিয়াস রয়টার্স। প্রতিষ্ঠিত হয় ১৮৫১ সালে। রয়টার্সের সদর দপ্তর লন্ডনে অবস্থিত।

৭৫. Which one is correct form of "Who gave you this pen?"

ক. By whom have you been given this pen?
খ. By whom were you got this pen?
গ. By whom were you given this pen?
ঘ. By whom was you given this pen?

উত্তর✓ গ Active - এ who থাকলে Passive - এ By whom হবে।

৭৬. ১, ৩, ৬, ১০, ১৫, ২১ .... ধারাটির একাদশতম পদ কত?

ক. ৬৬ খ. ৫৬
গ. ৪৬ ঘ. ৭৬

উত্তর✓ ক

	১	৩	৬	১০	১৫	২১	২৮	৩৬	৪৫	৫৫	৬৬
ব্যবধান		২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

৭৭. কোনটি সন্ধিজাত শব্দ?

ক. উন্মনা খ. দখিনা হাওয়া
গ. মিনতি ঘ. ফাল্গুন উত্তর ক

৭৮. তার বয়স বেড়েছে, কিন্তু বুদ্ধি বাড়েনি। – কোন ধরনের বাক্য?

ক. যৌগিক খ. মিশ্র
গ. সরল ঘ. জটিল

উত্তর✓ ক যৌগিক বাক্যের অন্তর্গত নিরপেক্ষ বাক্যগুলো এবং, ও, কিন্তু, অথবা, অথচ, কিংবা, বরং, তথাপি প্রভৃতি অব্যয় যোগে সংযুক্ত বা সমন্বিত থাকে। যেমন: তার বয়স হয়েছে, কিন্তু বুদ্ধি হয়নি। উদয়াস্ত পরিশ্রম করব, তথাপি অন্যের দ্বারস্থ হব না।

৭৯. Choose the correct sentence–

ক. The matter has been informed by the police
খ. The matter was informed by the police
গ. The police were informed of the matter
ঘ. The police informed of the matter

উত্তর✓ গ Inform sb of (something)।

৮০. $a + b = 11$, $a - b = 7$ হলে ab = কত?

ক. 15 খ. 16
গ. 18 ঘ. 12

উত্তর✓ গ আমরা জানি,
$ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$
$= \left(\frac{11}{2}\right)^2 - \left(\frac{7}{2}\right)^2$
$= \frac{121}{4} - \frac{49}{4}$
$= \frac{121-49}{4}$
$= \frac{72}{4}$
∴ $ab = 18$



০৭ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৫

সেট : ০৪
তারিখ : ১৬.১০.২০১৫

সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল

পটুয়াখালী, খুলনা, জামালপুর, কুষ্টিয়া, ঝিনাইদহ, গোপালগঞ্জ, সুনামগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, নোয়াখালী, নেত্রকোনা, চাঁদপুর, ফরিদপুর, নাটোর, সাতক্ষীরা, নরসিংদী,ব্রাহ্মণবাড়িয়া, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, ঠাকুরগাঁও, নীলফামারী, লালমনিরহাট।

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. 'বিকৃত' শব্দের প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর–
ক. বিকার + ইত
খ. বি + কৃত
গ. বি + √কৃ + ত
ঘ. বিকৃ + ইত
উত্তর✓ গ

০২. বাকু কোন দেশের রাজধানী?
ক. লাটভিয়া
খ. রাশিয়া
গ. আজারবাইজান
ঘ. উজবেকিস্তান
উত্তর✓ গ ব্যাখ্যা

দেশ	রাজধানী	দেশ	রাজধানী
আজারবাইজান	বাকু	লাটভিয়া	রিগা
উজবেকিস্তান	তাসখন্দ	রাশিয়া	মস্কো

০৩. সম্প্রতি কোন দিনটিকে 'মুক্তিযোদ্ধা দিবস' ঘোষণা করা হয়েছে?
ক. ১ ডিসেম্বর
খ. ৭ মার্চ
গ. ২৬ মার্চ
ঘ. ২৪ নভেম্বর
উত্তর✓ ক ব্যাখ্যা গত প্রায় এক দশক ধরে বিভিন্ন মুক্তিযোদ্ধা সংগঠন ১ ডিসেম্বরকে মুক্তিযোদ্ধা দিবস হিসেবে পালন করে আসছে। তবে সম্প্রতি সরকারিভাবে ১ ডিসেম্বর 'মুক্তিযোদ্ধা দিবস' ঘোষণা করা হয়েছে।

০৪. নওগাঁ জেলার পাহাড়পুরে অবস্থিত 'সোমপুর বিহারের' প্রতিষ্ঠাতা কে?
ক. রাজা ধর্মপাল
খ. লক্ষণ সেন
গ. রাজা ধর্মসেন
ঘ. রাজা বিক্রমাদিত্য
উত্তর✓ ক ব্যাখ্যা পাহাড়পুর বৌদ্ধ বিহার বা সোমপুর বিহার নওগাঁ জেলার বদলগাছি উপজেলায় অবস্থিত। এটি নির্মিত হয় অষ্টম বা নবম শতকে। নির্মাতা ছিলেন পাল বংশের দ্বিতীয় রাজা শ্রী ধর্মপাল দেব।

০৫. Choose the correct passive voice : His behaviour worried us.
ক. We are worried with his behaviour
খ. We have been worried with his behaviour
গ. We were worried about his behaviour
ঘ. We were worried by his behaviour
উত্তর✓ ঘ ব্যাখ্যা এক্ষেত্রে Passive - এর নিয়ম-Sub + Aux. Verb + মূল verb -এর P.Participle + by + obj।

০৬. কোন সংখ্যার বর্গমূলের সাথে ২০ যোগ করলে ৫-এর বর্গ হবে?
ক. ২৫
খ. ১৬
গ. ৩৬
ঘ. ৪৯
উত্তর✓ ক ব্যাখ্যা ধরি, সংখ্যাটি x
প্রশ্নমতে, $\sqrt{x} + ২০ = ৫^২ \Rightarrow \sqrt{x} = ২৫ - ২০ = ৫$
$\Rightarrow (\sqrt{x})^২ = (৫)^২ \Rightarrow x = ২৫$ [উভয়পক্ষে বর্গ করে]

০৭. 'সন্ধি' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
ক. বাক্য প্রকরণ
খ. রূপতত্ত্ব
গ. ধ্বনিতত্ত্ব
ঘ. পদক্রম
উত্তর✓ গ ব্যাখ্যা ধ্বনির উচ্চারণ প্রণালি, উচ্চারণের স্থান, বর্ণের বিন্যাস, ধ্বনির পরিবর্তন, ণ-ত্ব ও ষ-ত্ব- বিধান, সন্ধি প্রভৃতি ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়।

০৮. CFC কি ক্ষতি করে?
ক. রক্তের অক্সিজেন পরিবহন ক্ষমতা হ্রাস করে
খ. বায়ুর তাপ কমিয়ে দেয়
গ. এসিড বৃষ্টিপাত ঘটায়
ঘ. ওজোন স্তর ধ্বংস করে
উত্তর✓ ঘ ব্যাখ্যা CFC হলো ক্লোরো ফ্লোরো কার্বন যার ট্রেড নাম ফ্রিয়ন। এয়ার কন্ডিশনার, অগ্নি নির্বাপক যন্ত্র, কম্পিউটার ও অন্যান্য যন্ত্রের সার্কিটে ব্যবহৃত হয়। CFC বায়ুমণ্ডলের ওজোন স্তরে পৌঁছে ওজোনের সাথে বিক্রিয়া করে তাকে অক্সিজেনে পরিণত করে। অক্সিজেনে পরিণত হওয়ায় ওজোন স্তর হালকা হয়ে ফুটো হয়ে যায়। ফলে মহাজাগতিক রশ্মি, অতি বেগুনি রশ্মি ও অন্যান্য ক্ষতিকর রোগজীবাণু পৃথিবীতে চলে আসে এবং জীব জগতের ক্ষতি সাধন করে।

০৯. কোনটি খাঁটি বাংলা উপসর্গ?
ক. আভাস
খ. অজানা
গ. গরমিল
ঘ. বেমালুম
উত্তর✓ খ ব্যাখ্যা বাংলা ভাষায় তিন প্রকার উপসর্গ আছে যথা: বাংলা, তৎসম (সংস্কৃত) এবং বিদেশি উপসর্গ। খাঁটি বাংলা উপসর্গ মোট একুশটি। যথা: অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, হুতি, উন (উনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা। জানা শব্দের পূর্বে 'অ' উপসর্গ যুক্ত হয়ে 'অজানা' (অভাব অর্থে) শব্দ সৃষ্টি হয়েছে।

১০. বার্ষিক শতকরা ১০ টাকা হার সুদে কোন মূলধন কত বছর পরে সুদাসলে দ্বিগুণ হবে?
ক. ৯ বছর
খ. ১১ বছর
গ. ১২ বছর
ঘ. ১০ বছর
উত্তর✓ খ ব্যাখ্যা মনে করি, আসল ১০০ টাকা
∴সুদাসল ২০০ টাকা
∴সুদ = (২০০ - ১০০) = ১০০ টাকা
$\text{সময়} = \frac{\text{সুদ} \times ১০০}{\text{আসল} \times \text{হার}} = \frac{১০০ \times ১০০}{১০০ \times ১০} = ১০ \text{ বছর}$

১১. দুটি সংখ্যার অনুপাত ৫ : ৬ এবং তাদের গ. সা. গু ৪ হলে সংখ্যা দুটির ল. সা. গু কত?
ক. ১৩০
খ. ১৫০
গ. ১১০
ঘ. কোনোটিই নয়
উত্তর✓ ঘ ব্যাখ্যা মনে করি,
সংখ্যা দুটি যথাক্রমে ৫x ও ৬x
সংখ্যা দুটির গ.সা.গু. = x
∴ " " ল.সা.গু. = (৫ × ৬)x
৩০x
৩০ × ৪
= ১২০
| x = ৪

১২. একটি ফুটবলের ব্যাস ১০ ইঞ্চি হলে ফুটবলের আয়তন কত?
ক. ৩১.৪১৬ বর্গ ইঞ্চি খ. ৭৮.৫৪ ইঞ্চি
গ. ৩১৪.১৬ ঘন ইঞ্চি ঘ. ৫২৩.৬০ ঘন ইঞ্চি
উত্তর✓ খ ব্যাখ্যা ব্যাস = ১০ ইঞ্চি

$\therefore$ ব্যাসার্ধ, $r = \frac{১০}{২} = ৫$ ইঞ্চি

$\therefore$ ফুটবলের আয়তন $= \frac{৪}{৩} \times \pi r^৩ = \frac{৪}{৩} \times \pi \times (৫)^৩$

$= \frac{৪}{৩} \times \frac{২২}{৭} \times ১২৫ = ৫২৩.৬০$ ঘন ইঞ্চি

১৩. ASCII-এর পূর্ণনাম–
ক. American Stable Code for Institutional Interchange
খ. American Standard Case for Institutional Interchange
গ. American Standard Code for Institutional Interchange
ঘ. American Standard Code for Interchange Institutional
উত্তর✓ গ ব্যাখ্যা ASCII এর পূর্ণ রূপ American Standard Code for Information Interchange, যা ৭ বিট আলফা নিউমেরিক কোড হিসেবে ১৯৬০ সালে চালু হয়। এ কোড দ্বারা ১২৮ টি অংক, অক্ষর এবং চিহ্ন প্রকাশ করা যায়।

১৪. 'সূর্য'-এর সমার্থক প্রতিশব্দ–
ক. হিরণ খ. দ্যুলোক
গ. মিহির ঘ. ধরিত্রী
উত্তর✓ গ ব্যাখ্যা 'সূর্য' শব্দের সমার্থক প্রতিশব্দঃ মিহির, রবি, ভানু, ভাস্কর, তপন, দিননাথ, আদিত্য, আফতাব, বিভাকর প্রভৃতি। 'দ্যুলোক' শব্দের সমার্থক শব্দ : স্বর্গ, স্বর্গলোক, অমরাবতী। 'হিরণ' এর সমার্থক শব্দঃ স্বর্ণ, সোনা, সুবর্ণ, হেম। 'ধরিত্রী' শব্দের সমার্থক শব্দঃ ধরণী, অবনি, ক্ষিতি, বসুধা, বসুন্ধরা, বসুমতী, ভুবন, পৃথ্বী, ধরা প্রভৃতি।

১৫. জাতীয় 'ই-তথ্যকোষ' উদ্বোধন করা হয় কবে?
ক. ২৭ ফেব্রুয়ারি ২০১১ খ. ২১ ফেব্রুয়ারি ২০১১
গ. ১৬ ডিসেম্বর ২০১১ ঘ. ১০ জানুয়ারি ২০১০
উত্তর✓ ক ব্যাখ্যা ২৭ ফেব্রুয়ারি ২০১১ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার নিজ কার্যালয়ে জাতীয় ই- তথ্য কোষের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। জাতীয় ই -তথ্য কোষ হচ্ছে বাংলা ভাষার সর্বপ্রথম জীবন ও জীবিকা ভিত্তিক তথ্য ভান্ডার। UNDP এর অর্থায়নে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (a2i) প্রকল্পের আওতায় ই- তথ্যকোষের ওয়েবসাইটটি তৈরি করা হয়েছে।

১৬. ৪, ৬, ৭ এবং x এর গড় ৫.৫ হলে x-এর মান কত?
ক. ৫.০ খ. ৭.৫
গ. ৬.৮ ঘ. ৬.৫
উত্তর✓ ক ব্যাখ্যা গড় $= \frac{\text{রাশির সমষ্টি}}{\text{রাশির সংখ্যা}}$

$৫.৫ = \frac{৪+৬+৭+x}{৪}$

$\Rightarrow ১৭+x = ২২ \Rightarrow x = ২২ - ১৭ = ৫$

১৭. গম্ভীরা গানের উৎপত্তি কোথায়?
ক. মালদহ খ. চাপাইনবাবগঞ্জ
গ. দিনাজপুর ঘ. রংপুর
উত্তর✓ ক ব্যাখ্যা বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ জেলা ও পশ্চিমবঙ্গের মালদহ অঞ্চলে গম্ভীরার প্রচলন রয়েছে। গম্ভীরা দলবদ্ধ ভাবে গাওয়া হয়। গম্ভীরা গানের উৎপত্তি পশ্চিমবঙ্গের মালদহ জেলায় হিন্দুসমাজে।

১৮. আয়তন অনুসারে এশিয়ার সবচেয়ে ছোট দেশ কোনটি?
ক. মালদ্বীপ খ. ভুটান
গ. মঙ্গোলিয়া ঘ. ওমান
উত্তর✓ ক ব্যাখ্যা আয়তনে ও জনসংখ্যায় এশিয়া মহাদেশের সবচেয়ে ছোট দেশ মালদ্বীপ। ১১৯০ টি দ্বীপের সমষ্টি মালদ্বীপের মোট আয়তন ২৯৮ বর্গ কিলোমিটার এবং লোকসংখ্যা ৪ লক্ষ। মালদ্বীপের রাজধানী মালে, ভাষা দিভেহী এবং মুদ্রা রুপিয়া।

১৯. The verb 'succumb' means-
ক. win খ. conquer
গ. achieve ঘ. submit
উত্তর✓ ঘ ব্যাখ্যা Succumb অর্থ বশীভূত হওয়া।

২০. অতিভুজের বিপরীত থাকে–
ক. সরলকোণ খ. সমকোণ
গ. সূক্ষ্মকোণ ঘ. স্থূলকোণ **উত্তর খ**

২১. Lunar eclipse occurs on–
ক. A moonless day খ. A new moon day
গ. A full moon day ঘ. A half moon day
উত্তর✓ গ ব্যাখ্যা চন্দ্র গ্রহণ ঘটে full moon day- তে।

২২. ৯ জন শ্রমিক ৭২০ টাকা আয় করে ৪ দিনে, ১২ জন শ্রমিক ঐ পরিমাণ টাকা আয় করবে কতদিনে?
ক. ৪ দিন খ. ৬ দিন
গ. ৫ দিন ঘ. ৩ দিন
উত্তর✓ ঘ ব্যাখ্যা
৯ জন শ্রমিক আয় করে ৪ দিনে
১ " " " " $= ৯ \times ৪$ "
১২ " " " " $= \frac{৯ \times ৪}{১২} = ৩$ দিন

২৩. কোন বাক্যটি শুদ্ধ?
ক. তাহার জীবন সংশয়পূর্ণ খ. তাহার জীবন সংশয়ময়
গ. তাহার জীবন সংশয়ভরা ঘ. তাহার জীবন সংশয় পূর্ণ
উত্তর✓ ঘ ব্যাখ্যা সংশয় শব্দটির বিশেষণ সংশয়াপূর্ণ, যার অর্থ সন্দেহপূর্ণ। উক্ত বাক্য দ্বারা গভীর অনিশ্চয়তাকে বোঝানো হচ্ছে।

২৪. $\frac{a}{b} = 4$, $a + 2b = 12$ হলে a এর মান কত?
ক. ৪ খ. ১২
গ. ১৬ ঘ. ৪
উত্তর✓ ক ব্যাখ্যা $\frac{a}{b} = 4$
$\Rightarrow a = 4b \Rightarrow a - 4b = 0$.... (i)
এখন,
$a + 2b = 12$
$a - 4b = 0$
$6b = 12$ [বিয়োগ করে]
$b = \frac{12}{6} = 2$
$\therefore$ b এর মান বসিয়ে পাই,
$a = 4 \times 2 = 8$

২৫. 'পঞ্চম স্বর'-এর অর্থ কী?
ক. কোকিলের সুরলহরী খ. পল্লব
গ. পায়ের পাতা ঘ. দেবতার আরাধনা **উত্তর ক**

২৬. Fill in the blanks : I cannot stop ..... Meanness.
ক. of খ. with
গ. to ঘ. for
উত্তর✓ ঘ ব্যাখ্যা 'কোনো কিছুর জন্য থামা' বোঝাতে stop for (something)।

২৭. 'ব্যর্থ' শব্দটির সন্ধি বিচ্ছেদ হলো–
ক. বি + অর্থ খ. ব্যা + অর্থ
গ. বি + আর্থ ঘ. ব্য + অর্থ
উত্তর: ক

২৮. x^3-1, x^3+1, x^4+x^2+1 -এর ল. সা. গু কত?
ক. $(x-4)$ খ. $(x-5)$
গ. $(x-2)$ ঘ. $(x-3)$
উত্তর: = ব্যাখ্যা: $x^3-1=(x-1)(x^2+x+1)$
$x^3+1=(x+1)(x^2-x+1)$
$x^4+x^2+1=(x^2)^2+2.x^2.1+1^2-x^2$
$=(x^2+1)^2-x^2$
$=(x^2+1-x)(x^2+1+x)$
$=(x^2-x+1)(x^2+x+1)$
$\therefore$ ল.সা.গু. $=(x-1)(x^2+x+1)(x+1)(x^2-x+1)$
$=(x^3-1)(x^3+1)$
$=x^6+x^3-x^3-1$
$=x^6-1$

২৯. ২, ৭, ৫, ৪, ৬ ও ১০ সংখ্যাগুলোর প্রচুরক নিচের কোনটি?
ক. ৪ খ. প্রচুরক নেই
গ. ৫, ৬৭ ঘ. ৫, ৫০
উত্তর: খ

৩০. শেষ মোগল সম্রাট বাহাদুর শাহের কবর কোথায়?
ক. দিল্লি খ. আগ্রা
গ. ইয়াঙ্গুন ঘ. লাহোর
উত্তর: গ ব্যাখ্যা: শেষ মুঘল সম্রাট ছিলেন দ্বিতীয় বাহাদুর শাহ। সিপাহী বিদ্রোহের পর ১৮৫৮ সালে ইংরেজ সরকার তাকে মিয়ানমারের ইয়াঙ্গুনে নির্বাসনে পাঠায়। ১৮৬২ সালে ইয়াঙ্গুনে দ্বিতীয় বাহাদুর শাহ মৃত্যুবরণ করলে তাকে সেখানেই সমাহিত করা হয়।

৩১. The appropriate meaning of the word Deversity (Diversity) is ....
ক. Uniformity খ. Security
গ. Unity ঘ. Variety
উত্তর: ঘ ব্যাখ্যা: Diversity (ভিন্নতা) এর অর্থ variety।

৩২. A beggar must not be a chooser-এ বাক্যের যথার্থ অনুবাদ–
ক. ভিক্ষার চাল মোটা আর সরু
খ. ভিক্ষার চাল কাঁড়া আর আকাঁড়া
গ. ভিক্ষার চাল মোটা
ঘ. ভিক্ষার চাল সরু
উত্তর: খ ব্যাখ্যা: এটি একটি প্রবাদ বাক্য।

৩৩. LAN কার্ডের অপর নাম কি?
ক. Network Interface Card খ. Internet Card
গ. Modem ঘ. Net Connector
উত্তর: ক ব্যাখ্যা: Local Area Network বা LAN হলো একটি কম্পিউটার নেটওয়ার্ক যা বাড়ি, বিদ্যালয়, ল্যাবরেটরি, অফিস প্রভৃতির মধ্যে আন্তঃসংযোগ স্থাপন করে। এই নেটওয়ার্ক স্থাপনের জন্য LAN কার্ডের প্রয়োজন হয়। LAN কার্ডের অপর নাম Network Interface Card.

৩৪. কোন দুটি মূল স্বরধ্বনি নয়?
ক. ঐ, ঔ খ. ঐ, অ
গ. আ, ঔ ঘ. ই, ঔ
উত্তর: ক ব্যাখ্যা: বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি ৭টি। যথা: অ, আ, ই, উ, এ, ও, অ্যা। অন্যদিকে বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক দুটি বর্ণ ঐ (অ + ই) এবং ঔ (অ + উ)

৩৫. বাংলাদেশের সর্বপ্রথম জাদুঘর কোনটি?
ক. মুক্তিযোদ্ধা জাদুঘর খ. সোনারগাঁও জাদুঘর
গ. বরেন্দ্র জাদুঘর ঘ. জাতীয় জাদুঘর
উত্তর: গ ব্যাখ্যা: বাংলাদেশের সর্বপ্রথম জাদুঘর বরেন্দ্র গবেষণা জাদুঘর। এটি রাজশাহী জেলায় অবস্থিত। বরেন্দ্র গবেষণা জাদুঘরটি পরিচালনা করে রাজশাহী বিশ্ববিদ্যালয়।

জাদুঘরের নাম	অবস্থান	প্রতিষ্ঠাকাল
বরেন্দ্র গবেষণা জাদুঘর	রাজশাহী	১৯১০
জাতীয় জাদুঘর	শাহবাগ, ঢাকা	১৯১৩
মুক্তিযুদ্ধ জাদুঘর	আগারগাঁও, ঢাকা	১৯৯৬
লোক ও কারুশিল্প জাদুঘর	সোনারগাঁও, নারায়নগঞ্জ	১৯৮১

৩৬. Synonym of 'defraud'-
ক. debunk খ. fraudulently
গ. None of them ঘ. defray
উত্তর: গ ব্যাখ্যা: Defraud অর্থ প্রতারণা করা। যার সমার্থক এখানে নেই।

৩৭. The synonym of 'Futile' is-
ক. Vain খ. Trifling
গ. Useless ঘ. Fruitless
উত্তর: গ ব্যাখ্যা: Futile (ব্যর্থ) এর সমার্থক Useless (ব্যর্থ)।

৩৮. Who wrote the book 'Paradise Regained'?
ক. John keats খ. William Blake
গ. P.B. Shelley ঘ. John Milton
উত্তর: ঘ

৩৯. দুটি সংখ্যার যোগফল ১৭ এবং গুণফল ৭২। ছোট সংখ্যাটি কত?
ক. ৯ খ. ৮
গ. ৬ ঘ. কোনটিই নয়
উত্তর: খ ব্যাখ্যা: মনে করি,
বড় সংখ্যা a
ছোট সংখ্যা b
প্রশ্নমতে,
$a+b=১৭$ .... (i)
$ab=৭২$ .....(ii)
আমরা জানি,
$(a-b)^2=(a+b)^2-4ab$
$=(১৭)^2-8\times৭২$
$=২৮৯-২৮৮$
$(a-b)^2=১$
$(a-b)=\sqrt{১}=১$ ..... (iii)
$a+b=১৭$
(+) করে $a-b=১$
$2a=১৮$
$a=\frac{১৮}{২}=৯$
$\therefore$a এর মান (i) নং এ বসিয়ে পাই,
$৯+b=১৭$
$b=১৭-৯=৮$ $\therefore b=৮$

৪০. He requested that he might be allowed to come in. Chich of the following is the correct direct speech?
ক. He asked, "Let me allow to come in."
খ. He said, "Let me to come in/"
গ. He said, "May I come in."
ঘ. He requested me, "Let him allowed to come in."
উত্তর: গ

৪১. Choose the word that replaces best the underlined word in the sentence. 'Colonialism has engendered diverse effects around the world'

ক. paralysed খ. entrusted
গ. caused ঘ. betrayed

উত্তর✓ গ ব্যাখ্যা এখানে engendered কে caused দিয়ে replace করা যায়।

৪২. কোনটি সঠিক?

ক. একাত্তরের দিনগুলি (উপন্যাস) খ. গোরা (নাট্যগ্রন্থ
গ. বিদ্রোহী (কাব্যগ্রন্থ) ঘ. পথের দাবী (উপন্যাস)

উত্তর✓ ঘ ব্যাখ্যা 'একাত্তরের দিনগুলি' (১৯৮৬) জাহানারা ইমামের মুক্তিযুদ্ধভিত্তিক স্মৃতিচারণমূলক গ্রন্থ। 'গোরা' (১৯০১) বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের রাজনৈতিক উপন্যাস। 'বিদ্রোহী' (১৯২২) জাতীয় কবি কাজী নজরুল ইসলামের 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থের দ্বিতীয় কবিতা। 'পথের দাবী' (১৯২৬) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের রাজনৈতিক উপন্যাস, যা ব্রিটিশ সরকার কর্তৃক বাজেয়াপ্ত হয় ১৯২৬ সালে।

৪৩. অধ্যাদেশ প্রণয়ন ও জারি করতে পারে কে?

ক. স্পিকার খ. প্রধানমন্ত্রী
গ. রাষ্ট্রপতি ঘ. প্রধান বিচারপতি

উত্তর✓ গ ব্যাখ্যা বাংলাদেশের সংবিধানের ৯৩ অনুচ্ছেদে অধ্যাদেশ প্রণয়ন ও জারির ক্ষমতা রাষ্ট্রপতিকে দেয়া হয়েছে। সংসদ ভেঙ্গে যাওয়া অবস্থায় অথবা সংসদ অধিবেশনে না থাকলে জরুরি প্রয়োজনে রাষ্ট্রপতি অধ্যাদেশ জারি করতে পারেন। অধ্যাদেশ জারির পর অনুষ্ঠিত সংসদের প্রথম বৈঠকে অধ্যাদেশটি উপস্থাপন করতে হয় এবং উপস্থাপনের ত্রিশ দিনের মধ্যে সংসদ কর্তৃক অনুমোদিত না হলে তা অকার্যকর হয়ে যায়।

৪৪. নিচের কোন শব্দে 'ণ'-এর ভুল প্রয়োগ রয়েছে?

ক. চাণক্য খ. মাণিক্য
গ. গণ ঘ. ক্রন্দণ

উত্তর✓ ঘ ব্যাখ্যা সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না। এক্ষেত্রে 'ন' হয়। যেমনঃ সর্বনাম, ত্রিনয়ন, দুর্নীতি, দুর্নাম, দুর্নিবার, পরনিন্দা ইত্যাদি। আবার ত-বর্গীয় বর্ণের সঙ্গে কখনো মূর্ধন্য 'ণ' হয় না, সবসময় 'ন' হয়। যেমনঃ অন্ত, গ্রন্থ, ক্রন্দন। চাণক্য, মাণিক্য, গণ শব্দে স্বভাবতই 'ণ' হয়।

৪৫. 'মরি মরি! কি সুন্দর প্রভাতের রূপ'– বাক্যে 'মরি মরি' কোন শ্রেণির অব্যয়?

ক. অনুকার খ. সমন্বয়ী
গ. অনন্বয়ী ঘ. পদান্বয়ী

উত্তর✓ গ ব্যাখ্যা যে সকল অব্যয় বাক্যের অন্য পদের সঙ্গে কোনো সম্বন্ধ না রেখে স্বাধীনভাবে নানাবিধ ভাব প্রকাশে ব্যবহৃত হয়, তাদের অনন্বয়ী অব্যয় বলে। যেমনঃ মরি মরি! কী সুন্দর প্রভাতের রূপ! (উচ্ছ্বাস প্রকাশে)। কী আপদ! লোকটা যে পিছু ছাড়ে না (ঘৃণা বা বিরক্তি প্রকাশে)।

৪৬. Who is the writer of Treasure Island?

ক. J. Miltor খ. Homer
গ. Stevenson ঘ. Byron

উত্তর গ

৪৮. Which of the following sentence is correct?

ক. The rich is not always happy
খ. The rich did not happy always
গ. The rich are not always happy
ঘ. The riches is not always happy

উত্তর✓ গ ব্যাখ্যা এখানে The rich দ্বারা সকল ধনীদের বোঝানো হয়েছে এবং তা common Noun হিসেবে ব্যবহৃত হয়েছে।

৪৭. নির্মাতা ও খুচরা বিক্রেতা উভয় ২০% লাভে একটি জিনিস বিক্রয় করে, যদি ঐ জিনিসের নির্মাণ খরচ ২০০ টাকা হয় তবে খুচরা মূল্য কত?

ক. ১৪৪ টাকা খ. ২৮৮ টাকা
গ. ৩০০ টাকা ঘ. ১২০ টাকা

উত্তর✓ খ ব্যাখ্যা

নির্মাতার বিক্রয়মূল্য $= \frac{১০০+লাভ}{১০০} \times$ ক্রয়মূল্য

$= \frac{১০০+২০}{১০০} \times ২০০$

$= \frac{১২০}{১০০} \times ২০০ = ২৪০$ টাকা

প্রশ্নমতে,
নির্মাতার বিক্রয়মূল্য = খুচরার ক্রয়মূল্য

$\therefore$ খুচরার বিক্রয়মূল্য $= \frac{১০০+লাভ}{১০০} \times$ ক্রয়মূল্য

$= \frac{১০০+২০}{১০০} \times ২৪০$

$= \frac{১২০}{১০০} \times ২৪০ = ২৮৮$ টাকা

৪৯. 'বিদিত' শব্দটির বিপরীত শব্দ কোনটি?

ক. গৃহীত খ. বিদীর্ণ
গ. বিসর্জন ঘ. অজ্ঞাত

উত্তর✓ ঘ ব্যাখ্যা 'বিদিত' শব্দের অর্থ অবগত বা পরিজ্ঞাত। এর বিপরীত শব্দ অজ্ঞাত।

৫০. একটি ত্রিভুজাকৃতি জমির ভূমি ৭৫ মিটার এবং উচ্চতা ২০ মিটার। প্রতি বর্গমিটারে ২.০০ টাকা হিসেবে ঘাস লাগাতে কত খরচ হবে?

ক. ১২৫০ টাকা খ. ১৫০০ টাকা
গ. ১৪০০ টাকা ঘ. ১৬০০ টাকা

উত্তর✓ খ ব্যাখ্যা ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

$= \frac{১}{২} \times ৭৫ \times ২০$

$= ৭৫০$ বর্গমিটার

ঘাস লাগাতে খরচ হবে $= (৭৫০ \times ২) = ১৫০০$ টাকা

৫১. The right Bangla translation of 'He came of with flying colours.'

ক. বিজয়ের গৌরব নিয়ে তিনি উড়ে এসেছিলেন
খ. তিনি রং ছিটাতে ছিটাতে এসেছিলেন
গ. তিনি উড়ন্ত রং নিয়ে এসেছিলেন
ঘ. তিনি গৌরবময় সাফল্য অর্জন করেন

উত্তর✓ ঘ ব্যাখ্যা Come of with flying colours এর অর্থ সাফল্য বা বিজয় অর্জন করে নিয়ে আসা।

৫২. লেজার রশ্মি কে, কত সালে আবিষ্কার করেন?

ক. হাইগ্যান, ১৯৬১ খ. মাইম্যান, ১৯৬০
গ. বোর, ১৯৬৩ ঘ. রাদারফোর্ড, ১৯১৯

উত্তর✓ খ ব্যাখ্যা লেজার যন্ত্রের মাধ্যমে আলোক তরঙ্গকে কোন স্ফটিকের মধ্য দিয়ে চালনা করা হলে উদ্দীপিত নিঃসরণ ঘটে এবং অতি শক্তিশালী সুসংগত আলোক রশ্মি নিঃসরিত হয়, যা লেজার রশ্মি নামে পরিচিত। বিজ্ঞানী মাইম্যান ১৯৬০ সালে লেজার রশ্মি আবিষ্কার করেন। এ রশ্মি অত্যধিক লক্ষ্যভেদী, সুসঙ্গত, একক রঙের এবং তীব্র শক্তিসম্পন্ন একগুচ্ছ আলো।

LASER এর পূর্ণ রূপ- Light Amplification by Stimulated Emission of Radiation.

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৫৩. 'অপমানের চেয়ে মৃত্যু শ্রেয়'- কোনটি সঠিক অনুবাদ?

ক. Death is Preferable than dishonour
খ. Death is more better then dishonour
গ. Death is Preferable to dishonour
ঘ. Death is more Preferable to dishonour

উত্তর ✓ গ ব্যাখ্যা Preferable এর পরে Preposition "to" ব্যবহৃত হয়।

৫৪. যদি a : b = 3 : 2 এবং b : c = 7 : 6 হয়, তবে c : a = কত?

ক. 2 : 6 খ. 3 : 7
গ. 2 : 7 ঘ. 4 : 7

উত্তর ✓ ঘ ব্যাখ্যা a:b = 3:2 = 21:14 [7 দ্বারা গুণ করে]
b:c = 7:6 = 14:12 [2 দ্বারা গুণ করে]
∴a:b:c = 21:14:12
∴c:a = 12:21 [3 দ্বারা ভাগ করে]
= 4:7

৫৫. 'জায়া ও পতি' সমাস করলে কি হয়?

ক. পতি-পত্নী খ. দম্পতি
গ. জায়া-পতি ঘ. স্বামী-স্ত্রী

উত্তর ✓ খ ব্যাখ্যা দ্বন্দ্ব সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের সমান প্রাধান্য থাকে। আর একশেষ দ্বন্দ্ব সমাসে অন্যান্য পদের বিলুপ্তি ঘটিয়ে প্রথম পদটির সঙ্গে শেষ পদটির সামঞ্জস্য রচিত হয়। সুতরাং জায়া ও পতি = দম্পতি একশেষ দ্বন্দ্ব সমাসের উদাহরণ।

৫৬. নিচের কোনটি মৌলিক সংখ্যা?

ক. ৭২ খ. ৬৩
গ. ৮৭ ঘ. কোনোটিই নয় **উত্তর ঘ**

৫৭. মুক্তা হল ঝিনুকের–

ক. খোলসের টুকরা খ. চোখের মণি
গ. প্রদাহের ফল ঘ. জমাট হরমোন

উত্তর ✓ গ ব্যাখ্যা ছোট্ট কোনো জলজ জীব বা কোন বালুকণা হঠাৎ করে ঝিনুকের মধ্যে ঢুকে গেল। ঝিনুক তখন ঐ ছোট্ট জীব বা বালুকণাটির চারপাশে একটি থলের মতো অংশ তৈরি করে ফেলে। সেই সঙ্গে ঝিনুকটির নিজস্ব কিছু রাসায়নিক পদার্থ সেখানে জমা হতে থাকে। থলেটিও দিনে দিনে বেড়ে উঠে। এভাবেই একসময় তৈরি হয় মুক্তা। তাই মুক্তা হলো ঝিনুকের প্রদাহের ফল।

৫৮. একটি ছাত্রাবাসে ৩০ জন ছাত্রের ৩২ দিনের খাদ্য আছে। কয়েকজন নতুন ছাত্র আসায় ২০ দিনে ঐ খাদ্য শেষ হলে নতুন ছাত্রের সংখ্যা কত?

ক. ২০ জন খ. ৩৩ জন
গ. ২৭ জন ঘ. কোনোটিই নয়

উত্তর ✓ ঘ ব্যাখ্যা
৩২ দিনের খাবার আছে ৩০ জনের
১ " " " = ৩২ × ৩২ "
২০ " " " = $\frac{৩০ \times ৩২}{২০}$ "
= ৪৮ জনের
নতুন ছাত্রের সংখ্যা = ৪৮ − ৩০ = ১৮ জন।

৫৯. Change the narration : he said to me, "Let us go home together."

ক. He urged me to go home with him
খ. He proposed to me to go home together
গ. He proposed to me that we should go home together
ঘ. He asked me to go home together

৬০. একটি গণিতের বই প্রকৃত মূল্যের শতকরা ৮০ ভাগ মূল্যে টাকায় বিক্রয় হলো? বইটির প্রকৃত মূল্য কত?

ক. ৮০ খ. ৯০
গ. ৭২ ঘ. ৯৬

উত্তর ✓ খ ব্যাখ্যা প্রকৃত মূল্য = $\frac{১০০ \times \text{বিক্রয়মূল্য}}{\text{শতকরা মূল্য}}$
= $\frac{১০০ \times ৭২}{৮০}$
= ৯০ টাকা

৬১. Fill in the blanks : His illness is a mere pretext his absence.

ক. for খ. of
গ. with ঘ. to

উত্তর ✓ ক ব্যাখ্যা Pretext for অর্থ অজুহাত।

৬২. 'মান্দারিন' কোন দেশের ভাষা?

ক. চীন খ. জাপান
গ. থাইল্যান্ড ঘ. ভিয়েতনাম

উত্তর ✓ ক ব্যাখ্যা পৃথিবীর সবচেয়ে বেশি মানুষ মান্দারিন ভাষায় কথা বলে।

দেশ	প্রধান ভাষা
চীন	চীনা বা মান্দারিন
জাপান	জাপানিজ
থাইল্যান্ড	থাই
ভিয়েতনাম	ভিয়েতনামিজ

৬৩. Identify the correct passive form of 'He is going to open a shop.'

ক. A shop is going to be opened by him
খ. He is being gone to open a shiop
গ. A shop is being gone opened by him
ঘ. A shop will be opened by him

৬৪. 'ঠাকুর' পরিবারের আসল পদবি ছিল–

ক. ঘোষ খ. কুশারী
গ. মুখোপাধ্যায় ঘ. শাস্ত্রী

উত্তর ✓ খ ব্যাখ্যা রবীন্দ্রনাথ ঠাকুর কলকাতার জোড়াসাঁকোর ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতামহ প্রিন্স দ্বারকানাথ ঠাকুর পিরালি ব্রাহ্মণ হলেও ঠাকুর পরিবারের আসল পদবি ছিল 'কুশারী'

৬৫. 'সানফ্লাওয়ার' কার বিখ্যাত চিত্রকর্ম?

ক. পাবলো পিকাসো খ. লিওনার্দো দ্যা ভিঞ্চি
গ. মাইকেল এঞ্জলো ঘ. ভিনসেন্ট ভ্যানগগ

উত্তর ✓ ঘ ব্যাখ্যা ভিনসেন্ট ভ্যানগগ নেদারল্যান্ডসের বিখ্যাত চিত্রকর। তার বিখ্যাত চিত্রকর্ম 'সানফ্লাওয়ার'। লিওনার্দো দা ভিঞ্চি এবং মাইকেল অ্যাঞ্জেলো ইতালির বিখ্যাত চিত্রকর। পাবলো পিকাসো স্পেনের চিত্রকর।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS


JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৬৬. 'বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর' কোন মন্ত্রণালয়ের অধীন?
ক. কোনোটিই নয়
খ. বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গ. ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
ঘ. প্রধানমন্ত্রীর কার্যালয়
উত্তর✓ খ বাংলাদেশের আবহাওয়া অধিদপ্তর বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত একটি সংস্থা, যা দেশে আবহাওয়া বিষয়ক কার্যক্রম পরিচালনা করে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ঢাকার আগারগাঁও এ অবস্থিত। এর ইংরেজি নাম Bangladesh Meteorological Department (BMD).

৬৭. অনুপাত কী?
ক. একটি মৌলিক সংখ্যা খ. একটি ভগ্নাংশ
গ. একটি বেজোড় সংখ্যা ঘ. একটি পূর্ণসংখ্যা উত্তর খ

৬৮. কোন শহরের উপনাম 'বিগ আপেল'?
ক. মস্কো খ. ক্যানবেরা
গ. নিউইয়র্ক ঘ. ওটোয়া
উত্তর✓ গ আয়তনে পৃথিবীর বৃহত্তম শহর 'নিউইয়র্ক সিটি' মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক অঙ্গরাজ্যে অবস্থিত। এই শহরের আয়তন ৪৬৮.৪৮ বর্গ মাইল। নিউইয়র্ক সিটির কিছু উপনাম হচ্ছে The Big Apple, Capital of the world, Gotham ইত্যাদি। এই শহরে জাতিসংঘের সদর দপ্তর অবস্থিত।

৬৯. ১, ৩, ৬, ১০, ১৫, ২১, ... ধারার দ্বাদশ পদ কত?
ক. ৬২ খ. ৬৬
গ. ৭৮ ঘ. ৫৫
উত্তর✓ গ



৭০. কোন রাষ্ট্রটি 'গ্রুপ অব সেভেন'-এর সদস্য নয়?
ক. কানাডা খ. ভারত
গ. জাপান ঘ. ইতালি
উত্তর✓ খ Group of 7 বা G-7 বিশ্বের শিল্পোন্নত ৭ টি দেশের জোট। এটি প্রতিষ্ঠিত হয় ১৫ নভেম্বর ১৯৭৫ সালে। G-7 এর সদস্য দেশগুলো হচ্ছে- যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান ও কানাডা। G-7 এর লক্ষ্য ও উদ্দেশ্য হল সদস্য দেশগুলোর পারস্পরিক অর্থনৈতিক সহযোগিতা।

৭১. What is catastrophe?
ক. The comic and tragic end of the play
খ. None of the above
গ. The comical end of dramatic events
ঘ. The tragic end of dramatic events
উত্তর✓ ঘ Catastrophe হচ্ছে কোনো নাটকীয় ঘটনার করুণ পরিণতি।

৭২. Fill in the blanks : He is quite ..... in dealing with people.
ক. impotent খ. unstable
গ. imprudent ঘ. diplomatic উত্তর ঘ

৭৩. সঙ্গীত শিল্পী আব্বাসউদ্দিন আহমেদ কত সালে জন্মগ্রহণ করেন?
ক. ১৯১০ খ. ১৯১৭
গ. ১৮৮৯ ঘ. ১৯০১
উত্তর✓ ঘ বিখ্যাত লোকসঙ্গীত শিল্পী আব্বাসউদ্দিন আহমেদ ২৭ অক্টোবর ১৯০১ সালে পশ্চিমবঙ্গের কুচবিহারে জন্মগ্রহণ করেন। তিনি মৃত্যুবরণ করেন ৩০ ডিসেম্বর ১৯৫৯ সালে। আব্বাসউদ্দিন আহমেদ রচিত একমাত্র আত্মজীবনীমূলক গ্রন্থ- 'আমার শিল্পী জীবনের কথা'।

৭৪. 'মৃন্ময়' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. মৃত + ময় খ. মৃদ + ময়
গ. মৃৎ + ময় ঘ. মৃন্ + ময়
উত্তর✓ গ মৃৎ + ময় = মৃন্ময়; এটি ব্যঞ্জন সন্ধির উদাহরণ। কয়েকটি গুরুত্বপূর্ণ ব্যঞ্জনসন্ধি: অহম্ + কার = অহংকার; প্রিয়ম্ + বদা = প্রিয়ংবদা; ষট্ + ঋতু = ষড়ঋতু; মুদ্ + অক = মোদক; সম্ + গীত = সংগীত; সম্ + বাদ = সংবাদ; ষট্ + আনন = ষড়ানন; দিক্ + অন্ত = দিগন্ত; উৎ + শ্বাস = উচ্ছ্বাস।

৭৫. 'সুরঞ্জনা ওইখানে যেও নাকো তুমি'– কোন কবি এ কথা বলেছিলেন?
ক. কামিনী রায় খ. সুকান্ত ভট্টাচার্য
গ. বুদ্ধদেব বসু ঘ. জীবনানন্দ দাশ
উত্তর✓ ঘ উক্ত চরণটি জীবনানন্দ দাশের 'সাতটি তারার তিমির' কাব্যগ্রন্থের 'আকাশলীনা' কবিতার অন্তর্গত। এ কাব্যগ্রন্থের উল্লেখযোগ্য কবিতা: ঘোড়া, নাবিক, রাত্রি, হাঁস, তিমির হননের গান, বিস্ময়, নাবিকী, দীপ্তি, সূর্যপ্রতিম।

৭৬. What is the masculine form of 'Bee'?
ক. Stage খ. Colt
গ. Hart ঘ. Drone
উত্তর✓ ঘ Bee (স্ত্রী মৌমাছি) এর পুংলিঙ্গ হচ্ছে Drone (পুং মৌমাছি)।

৭৭. 'The spirit of Islam' বইটির লেখক কে?
ক. মীর মশাররফ হোসেন খ. হাজী শরীয়তুল্লাহ
গ. সৈয়দ মঞ্জরুল ইসলাম ঘ. সৈয়দ আমীর আলী
উত্তর✓ ঘ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং আইনশাস্ত্রের গবেষণায় অগাধ পাণ্ডিত্যের অধিকারী সৈয়দ আমীর আলীর (১৮৪৯-১৯২৯) উল্লেখযোগ্য গ্রন্থ: Spirit of Islam; History of the Saracens; Ethics of Islam, Mahomedan Law; A Commentary on the Bengal Tenancy Act প্রভৃতি। 'দ্যা স্পিরিট অফ ইসলাম' বইটি পরবর্তীকালে বৃটিশ শাসনের সময় ভারতের আইনে মুসলিম আইন প্রবর্তন করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছিল।

৭৮. 'দম্পতি' কোন সমাস?
ক. অব্যয়ীভাব খ. দ্বন্দ্ব
গ. কর্মধারায় ঘ. তৎপুরুষ
উত্তর✓ খ দ্বন্দ্ব সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের প্রাধান্য থাকে। আর যে দ্বন্দ্ব সমাসে সমস্যমান পদগুলির একটিমাত্র পদ অবশিষ্ট থাকে, তাকে একশেষ দ্বন্দ্ব সমাস বলে। যেমন: জায়া ও পতি = দম্পতি।

৭৯. 'একাদশে বৃহস্পতি'-এর অর্থ কী?
ক. আশার কথা খ. সৌভাগ্যের বিষয়
গ. মজা পাওয়া ঘ. আনন্দের বিষয় উত্তর খ

৮০. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য ৭.৫ ফুট হলে, ক্ষেত্রটির ক্ষেত্রফল কত?
ক. ১২.৭২৫ বর্গফুট খ. ২৮.১২৫ বর্গফুট
গ. ৩৬.৫০ বর্গফুট ঘ. ৯.৩৭৫ বর্গফুট
উত্তর✓ খ আমরা জানি, কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{2}\,a$
প্রশ্নমতে, $\sqrt{2}\,a = ৭.৫$
$\Rightarrow a = \frac{৭.৫}{\sqrt{2}} = ৫.৩০৩$
$\therefore$ বর্গের ক্ষেত্রফল $= a^2 = (৫.৩০৩)^2 = ২৮.১২৫$ বর্গ ফুট

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS



০৮

প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৫

তারিখ : ২৮.০৮.২০১৫ | সেট : ১ | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট | পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল

মাদারীপুর, লক্ষ্মীপুর, কক্সবাজার, পিরোজপুর, ঝালকাঠি, বরগুনা, জয়পুরহাট, চুয়াডাঙ্গা, মাগুরা, শেরপুর, গাজীপুর, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, রাজবাড়ী, ভোলা, পঞ্চগড়, বাগেরহাট।

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. একটি সংখ্যার তিনগুণের সাথে দ্বিগুণ যোগ করলে যোগফল ৯০ হয়। সংখ্যাটি কত?

ক. ১৬ খ. ১৮
গ. ২০ ঘ. ২৪

উত্তর✓ খ ব্যাখ্যা মনে করি, সংখ্যাটি x
প্রশ্নমতে, $৩x+২x = ৯০$
$\Rightarrow ৫x = ৯০$
$\Rightarrow x = \frac{৯০}{৫} = ১৮$

০২. দুটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ১৯৯ হলে, বড় সংখ্যাটি কত?

ক. ৭০ খ. ৮০
গ. ৯০ ঘ. ১০০

উত্তর✓ ঘ ব্যাখ্যা মনে করি, ছোট সংখ্যা a
∴ বড় সংখ্যা (a+1)
প্রশ্নমতে, $(a+1)^2 - a^2 = ১৯৯$
$\Rightarrow a^2+2a+1-a^2 = ১৯৯$
$\Rightarrow 2a = ১৯৯ - ১ = ১৯৮$
$\Rightarrow a = \frac{১৯৮}{২} = ৯৯$
∴ বড় সংখ্যা (৯৯+১) = ১০০

০৩. ৮, ১১, ১৭, ২৯, ৫৩, ... পরবর্তী সংখ্যাটি কত?

ক. ১০১ খ. ১০২
গ. ৭৫ ঘ. ৫৯

উত্তর✓ ক ব্যাখ্যা

৮	১১	১৭	২৯	৫৩	১০১
অন্তর ৩	৬	১২	২৮	৪৮	

০৪. $a + b = 5$ এবং $a - b = 3$ হলে ab এর মান কত?


ক. 2 খ. 3
গ. 4 ঘ. 5

উত্তর✓ গ ব্যাখ্যা আমরা জানি,
$ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$
$= \left(\frac{5}{2}\right)^2 - \left(\frac{3}{2}\right)^2$
$= \frac{25}{4} - \frac{9}{4}$
$= \frac{25-9}{4}$
$= \frac{16}{4}$
$= 4$

০৫. যে চতুর্ভুজের বাহুগুলো পরস্পর সমান ও সমান্তরাল কিন্তু কোণগুলো সমকোণ নয়, তাকে কি বলে?

ক. সামান্তরিক খ. রম্বস
গ. ট্রাপিজিয়াম ঘ. আয়তক্ষেত্র

উত্তর✓ খ ব্যাখ্যা রম্বস: যে চতুর্ভুজের প্রতিটি বাহু সমান পরস্পর সমান্তরাল কিন্তু কোণগুলো সমকোণ নয়, তাকে রম্বস বলে




চিত্রে ABCD একটি রম্বস।

০৬. ২৫৩ ডিগ্রি কোণকে কি কোণ বলে?

ক. সূক্ষ্মকোণ খ. স্থূলকোণ
গ পূরককোণ ঘ. প্রবৃদ্ধকোণ

উত্তর✓ ঘ ব্যাখ্যা প্রবৃদ্ধকোণ: দুই সমকোণ বা ১৮০° অপেক্ষা বড় কিন্তু চার সমকোণ বা ৩৬০° অপেক্ষা ছোট কোণকে প্রবৃদ্ধকোণ বলে।



চিত্রে, ∠AOB = প্রবৃদ্ধকোণ।

০৭. ৬০০ টাকার ৬ বছরের সরল সুদ ১৮০ টাকা হলে সরল সুদের হার কত?

ক. ৫% খ. ১০%
গ. ১২% ঘ. ১৭%

উত্তর✓ ক ব্যাখ্যা সুদের হার $= \frac{\text{সুদ} \times ১০০}{\text{আসল} \times \text{সময়}}$
$= \frac{১৮০ \times ১০০}{৬০০ \times ৬}$
$= ৫\%$

০৮. পিতা ও মাতার বয়সের গড় ৪৫ বছর। আবার পিতা, মাতা ও এক পুত্রের বয়সের গড় ৩৬ বছর। পুত্রের বয়স কত?

ক. ৯ বছর খ. ১৪ বছর
গ. ১৫ বছর ঘ. ১৮ বছর

উত্তর✓ ঘ ব্যাখ্যা
পিতা + মাতা + একপুত্রের মোট বয়স $(৩৬ \times ৩) = ১০৮$ বছর
পিতা + মাতার মোট বয়স $(৪৫ \times ২) = ৯০$ বছর
এক পুত্রের বয়স $= ১৮$ বছর

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

০৯. এক ব্যক্তির মাসিক আয় ও ব্যয়ের অনুপাত ৫ : ৩ এবং তার মাসিক সঞ্চয় ১০,০০০ টাকা হলে তিনি কত টাকা আয় করেন?

ক. ২০,০০০ খ. ২২,৫০০
গ. ২৫,০০০ ঘ. ৩০,০০০

উত্তর✓ খ বুঝি নাই মনে করি, আয় ৫x ও ব্যয় ৩x
∴ সঞ্চয় = আয় − ব্যয়
⇒ ১০,০০০ = ৫x − ৩x
⇒ ২x = ১০,০০০
⇒x = $\frac{১০০০০}{২}$ = ৫০০০ টাকা
∴ আয় হয় = (৫ × ৫০০০) = ২৫,০০০ টাকা

১০. কোন পরীক্ষায় ৮০% গণিত এবং ৭০% বাংলায় পাস করল। উভয় বিষয়ে পাস করল ৬০%। উভয় বিষয়ে শতকরা কতজন ফেল করল?

ক. ১৫% খ. ১০%
গ. ১২% ঘ. ১১%

উত্তর✓ খ বুঝি নাই
শুধু গণিতে পাশ করে = (৮০ - ৬০)%= ২০%
শুধু বাংলায় পাশ করে = (৭০ - ৬০)%= ১০%
এক বা উভয় বিষয় পাশ করে = (২০+১০+৬০)%= ৯০%
উভয় বিষয়ে ফেল করে = (১০০ - ৯০)%= ১০%

১১. দুটি সংখ্যার অনুপাত ৩ : ৪ এবং তাদের ল. সা. গু ১৮০। সংখ্যা দুটি কী কী?

ক. ৭০, ৬০ খ. ৬০, ৫০
গ. ৫০, ৪০ ঘ. ৪৫, ৬০

উত্তর✓ ঘ বুঝি নাই মনে করি, সংখ্যা দু'টি ৩ক ও ৪ক
সংখ্যাদ্বয়ের ল.সা.গু. = ১২ক
প্রশ্নমতে, ১২ক = ১৮০
⇒ক = $\frac{১৮০}{১২}$ = ১৫
∴ সংখ্যাদ্বয় = ৩ × ১৫ = ৪৫ এবং ৪ × ১৫= ৬০

১২. একটি জিনিস ২৫ টাকায় বিক্রি করায় ২৫% লাভ হলো, জিনিসটির ক্রয়মূল্য কত?

ক. ১৫ টাকা খ. ২০ টাকা
গ. ১৭.৫০ টাকা ঘ. ১৮ টাকা

উত্তর✓ খ বুঝি নাই ক্রয়মূল্য = $\frac{\text{বিক্রয়মূল্য} \times ১০০}{১০০+\text{লাভ}}$
= $\frac{২৫ \times ১০০}{১০০+২৫}$
= $\frac{২৫ \times ১০০}{১২৫}$
= ২০ টাকা

১৩. অনুপাত কী?

ক. একটি পূর্ণ সংখ্যা খ. একটি মৌলিক সংখ্যা
গ. একটি ভগ্নাংশ ঘ. একটি জোড় সংখ্যা

উত্তর✓ গ বুঝি নাই অনুপাত: দুই বা ততোধিক জিনিসের মধ্যে একটি অপরটির তুলনায় কতগুণ বড় বা ছোট প্রকাশ করাকেই অনুপাত বলে। যেমন: ২:৩ এটাকে $\frac{২}{৩}$ আকারে লেখা যায়। তাই অনুপাতকে ভগ্নাংশও বলা হয়।

১৪. ক ও খ একত্রে একটি কাজ ১২ দিনে করতে পারে। ক একা কাজটি ২০ দিনে করতে পারে। খ একা কাজটি কত দিনে করতে পারবে?

ক. ২৫ দিনে খ. ৩০দিনে
গ. ৩৫ দিনে ঘ. ৪০ দিনে

উত্তর✓ খ বুঝি নাই একা কাজ করলে,
সময় = $\frac{\text{বড় সংখ্যা} \times \text{ছোট সংখ্যা}}{\text{বড় সংখ্যা - ছোট সংখ্যা}} \times \text{অংশ}$
= $\frac{২০ \times ১২}{২০ - ১২}$ [অংশ উল্লেখ থাকলে মান বসাতে হবে]
= $\frac{২০ \times ১২}{৮}$
= ৩০ দিন

১৫. ১৬.৫ এর ১.৩% কত?

ক. ২.১৪৫ খ. ২১.৪৫
গ. ০.০২১৪৫ ঘ. ০.২১৪৫

উত্তর✓ ঘ বুঝি নাই ১৬.৫ এর ১৩% = ১৬.৫ এর $\frac{১৩}{১০০}$
= $\frac{২১.৪৫}{১০০}$
= ০.২১৪৫

১৬. ০, ১, ২ এবং ৩ দ্বারা গঠিত চার অংকের বৃহত্তম এবং ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল কত?

ক. ৩১৪৭ খ. ২২৮৭
গ. ২৯৮৭ ঘ. ২১৮৭

উত্তর✓ ঘ বুঝি নাই বৃহত্তম সংখ্যা ৩২১০
ক্ষুদ্রতম সংখ্যা ১০২৩
বিয়োগফল = ২১৮৭

১৭. ২০০৯ সালের ১ জানুয়ারি বৃহস্পতিবার ছিল। একই বছরের ৩১ ডিসেম্বর কি বার ছিল?

ক. সোমবার খ. বৃহস্পতিবার
গ. বুধবার ঘ. শনিবার

উত্তর✓ খ বুঝি নাই লিপ ইয়ার ব্যতীত অন্যান্য বছরের ক্ষেত্রে বছরের শুরু ও শেষের দিন একইবার হয়। ২০০৯ সাল অধিবর্ষ বা লিপ ইয়ার না। তাই ২০০৯ সালের ১জানুয়ারি এবং ৩১ ডিসেম্বর একই বার হবে।

১৮. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুণ। এর ক্ষেত্রফল ৫১২ বর্গমিটার হলে, পরিসীমা কত?

ক. ৯৬ মিটার খ. ২৫৬ মিটার
গ. ১২৮ মিটার ঘ. ৪৮ মিটার

উত্তর✓ ক বুঝি নাই মনে করি, বিস্তার x, দৈর্ঘ্য ২x
আয়তাকার এর ক্ষেত্রফল = দৈর্ঘ্য × বিস্তার
∴ ৫১২ = ২x × x
⇒ $২x^2$ = ৫১২
⇒ x^2 = $\frac{৫১২}{২}$ = ২৫৬
⇒ x = $\sqrt{২৫৬}$ = ১৬ মিটার
∴ পরিসীমা = ২ (দৈর্ঘ্য+ বিস্তার)
= ২(১৬+২ × ১৬)
= ২(১৬+৩২)
= ৯৬ মিটার।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১৯. $(০.৪ \times ০.০৫ \times ০.০২)/০.০১ = ?$

ক. ০.৪ খ. ০.০৪
গ ০.০০৪ ঘ. কোনোটিই নয়

উত্তর✓ খ

$$\frac{০.৪ \times ০.০৫ \times ০.০২}{০.০১} = \frac{০.০০০০৪}{.০১}$$

$$= \frac{৪০ \times ১০০}{১০০০০০ \times ১}$$

$$= ০.০৪$$

২০. কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতম?

ক. ৫/৬ খ. ১২/১৫
গ. ১১/১৪ ঘ. ১৭/২১

উত্তর✓ গ

$\frac{৫}{৬} = ০.৮৩, \frac{১২}{১৫} = ০.৮, \frac{১১}{১৪} = ০.৭৮, \frac{১৭}{২১} = ০.৪০$

উক্ত ফলাফলে $\frac{১১}{১৪} = ০.৭৮$ ক্ষুদ্রতম।

২১. 'না' কোন জাতীয় শব্দ?

ক. সর্বনাম খ. অব্যয়
গ. ক্রিয়া ঘ. বিশেষণ

উত্তর✓ খ 'না' মূলত অনন্বয়ী অব্যয়। যে অব্যয় পদের সঙ্গে বাক্যের অন্য কোনো পদের অন্বয় নেই তাকে 'অনন্বয়ী অব্যয়' বলে। অন্তর্ভাব প্রকাশক, সম্বোধনবাচক, বাক্যালংকার এবং সম্মতি বা অসম্মতিবাচক অব্যয় এই শ্রেণিতে পড়ে। যেমন: স্বীকৃতি বা অস্বীকৃতি জ্ঞাপনে - হ্যাঁ, আমি যাব। না, আমি যাব না।

২২. 'সন্ধ্যা' শব্দের বিশেষণটি নির্দেশ করুন।

ক. সাঁঝ খ. সন্ধ্যা
গ. সন্দা ঘ. সান্ধ্য

উত্তর✓ ঘ

বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ
সন্ধ্যা	সান্ধ্য	অধ্যয়ন	অধীত
পরলোক	পারলৌকিক	জীবন	জীবিত
অধুনা	আধুনিক	চালাকি	চালাক

২৩. 'ভাষা প্রকাশ বাংলা ব্যাকরণ' কে রচনা করেন?

ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. সুকুমার সেন

উত্তর✓ খ

রচয়িতা	ব্যাকরণ গ্রন্থের নাম
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর	ব্যাকরণ কৌমুদী
ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়	The origin and Development of the Bengali Language (ODBL); ভাষা প্রকাশ বাংলা ব্যাকরণ।
ড. মুহম্মদ শহীদুল্লাহ	বাঙ্গালা ব্যাকরণ।
সুকুমার সেন	ভাষার ইতিবৃত্ত

২৪. ব্যাকরণ শব্দটি হলো–

ক. তৎসম খ. অর্ধ-সৎসম
গ. তদ্ভব ঘ. মাতঙ্গ

উত্তর✓ ক 'ব্যাকরণ' শব্দটি সংস্কৃতি থেকে বাংলায় এসেছে। এর ব্যুৎপত্তি বি + আ + √কৃ + অন = ব্যাকরণ, যার অর্থ বিশেষভাবে বিশ্লেষণ। আরো কয়েকটি 'তৎসম' শব্দ: নক্ষত্র, চন্দ্র, হস্তী, নিমন্ত্রণ, বৃক্ষ, লতা, গ্রহ, নারী, পুরুষ, ভবন, পর্বত, মাতা, ছাত্র, পাত্র, ভ্রাতা, সন্ধ্যা, পণ্ডিত, ধর্ম, কর্ম, মৃত্যু।

২৫. 'আশীবিষ'-এর অর্থ কি?

ক. ভুজঙ্গ খ. মার্তণ্ড
গ. হুতাশন ঘ. মাতঙ্গ

উত্তর✓ ক 'আশীবিষ' শব্দের অর্থ যার দাঁতে বিষ থাকে অর্থাৎ সাপ, ভুজঙ্গ, অহি, নাগ, ফণী, সর্প, উরগ, পন্নগ, কাকোদর, সরীসৃপ প্রভৃতি।

২৬. কোনটি স্বরসন্ধির উদাহরণ?

ক. ণিজন্ত খ. অহরহ
গ. বিদ্যালয় ঘ. দুশ্চিন্তা

উত্তর✓ গ বিদ্যা + আলয় = বিদ্যালয় (স্বরসন্ধি) কতিপয় স্বরসন্ধির উদাহরণ- মরু + উদ্যান = মরূদ্যান, স্ব ইচ্ছা = স্বেচ্ছা; দ্বীপ + আয়ন = দ্বৈপায়ন; পরি + ঈক্ষা পরীক্ষা; প্র + ঊঢ় = প্রৌঢ়; বহ্নি + উৎসব = বহ্ন্যুৎসব; তৃষ্ণা, ঋত = তৃষ্ণার্ত; গৈ + অক = গায়ক; নব + অন্ন = নবান্ন; পরি, অবেক্ষণ = পর্যবেক্ষণ।

২৭. শব্দ ও ধাতুর মূলকে বলে–

ক. প্রকৃতি খ. ধাতু
গ. বিভক্তি ঘ. কারক

উত্তর✓ ক শব্দ ও ধাতুর বা পদের মূল অংশকে বলে প্রকৃতি। প্রকৃতি কথাটির অর্থ 'মূল' অর্থাৎ ক্রিয়ামূল ও শব্দমূল যেমন: চল্ + আ; এখানে 'চল' হলো প্রকৃতি বা ধাতু। আর 'আ' হলো প্রত্যয়। প্রকৃতি দুই (২) প্রকার। যথা: ১. নাম প্রকৃতি ২. ক্রিয়া প্রকৃতি।

২৮. 'অক্ষির সমীপে'র সংক্ষেপ হলো–

ক. সমক্ষ খ. পরোক্ষ
গ. প্রত্যক্ষ ঘ. নিরপেক্ষ উত্তর ক

২৯. 'কালান্তর' শীর্ষ প্রবন্ধ গ্রন্থের রচয়িতা কে?

ক. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ. রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
গ. প্রমথ চৌধুরী ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর

উত্তর✓ ঘ 'কালান্তর' (১৯৩৭) রবীন্দ্রনাথ ঠাকুরের শেষ জীবনে রচিত একটি রাজনৈতিক প্রবন্ধগ্রন্থ। ব্রিটিশ শাসনাধীন ভারতের রাজনৈতিক সমস্যাসমূহ রবীন্দ্রনাথ এ প্রবন্ধগ্রন্থে আলোকপাত করেছেন।

৩০. 'সূর্য'-এর প্রতিশব্দ–

ক. সুধাংশু খ. শশাঙ্ক
গ. বিধু ঘ. আদিত্য

উত্তর✓ ঘ 'সূর্য' শব্দের প্রতিশব্দ হলো: আদিত্য, তপন, দিবাকর, ভাস্কর, ভানু, মার্তণ্ড, রবি, সবিতা, অর্ক, কিরণমালী, বিভাকর, মিহির, আফতাব প্রভৃতি। বিধু, শশাঙ্ক, সুধাংশু, হিমকর, শীতাংশু, চন্দ্র, শশী, সোম, রজনীকান্ত, কলানাথ, শীতকর প্রভৃতি 'চাঁদ' শব্দের সমার্থক শব্দ।

৩১. 'অপর্ণা' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন নাটকের নায়িকা?

ক. বিসর্জন খ. চিত্রাঙ্গদা
গ. রক্তকরবী ঘ. রাজা ও রাণী

উত্তর✓ ক রবীন্দ্রনাথ ঠাকুর ত্রিপুরা রাজ্যের রাজপরিবারের দ্বন্দ্ব নিয়ে 'রাজর্ষি' (১২৯৩ বঙ্গাব্দ) উপন্যাস রচনা করেন। এই উপন্যাসের প্রথমাংশ অবলম্বনে রবীন্দ্রনাথ 'বিসর্জন' (১২৯৭ বঙ্গাব্দ) নাট্যকাব্য রচনা করেন। 'বিসর্জন' নাটকের চরিত্র: অর্পণা, জয়সিংহ, রঘুপতি, গুণবতী, গোবিন্দমাণিক্য প্রমুখ। এই নাটকের মূল প্রতিপাদ্য বিষয়: মানব প্রণীত আচার বিধির নৃশংসতার (বিশেষ করে বলিপ্রথা) বিরুদ্ধে মানব চিত্তের বেদনার্ত প্রতিবাদ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৩২. 'কান পাতলা' অর্থ কী?
ক. অবিশ্বাসী খ. বিশ্বাসপ্রবণ
গ. বিশ্বাসী ঘ. বিশ্বাসহীন উত্তর: খ

৩৩. 'এমন ছেলে আর দেখিনি' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য উত্তর: খ

৩৪. কোন শব্দটি ভুল?
ক. মন্তব্যান খ. কটূক্তি
গ. পরিপক্ক ঘ. অঞ্জলি
উত্তর: গ অপশনে প্রদত্ত 'পরিপক্ক' বানানের শুদ্ধরূপ: 'পরিপক্ব'। কতিপয় শুদ্ধ বানান: পণপ্রথা, পাণিনি পৌরোহিত্য, প্রবহমান, প্রাণিজগৎ, প্রাণী, প্রাণিবিদ্যা, পিপীলিকা, প্রোজ্জ্বল, পল্লি, পুঙ্খানুপুঙ্খ, পঙ্‌ক্তি, প্রত্যূষ।

৩৫. কোনটি শুদ্ধ বানান?
ক. তিতীক্ষা খ. তীতিক্ষা
গ. তিতিক্ষা ঘ. তীতীক্ষা
উত্তর: গ কতিপয় শুদ্ধ বানান: তিতিক্ষা, ত্বরান্বিত, তত্তোধিক, তত্ত্বাবধায়ক, তদ্রূপ, ত্যাজ্য, তত্ত্ব, তিরস্কার, তরণি, তস্কর, তদানীন্তন, তন্ময়, তাম্বূল, তীক্ষ্ণ, তেজস্ক্রিয়।

৩৬. 'হযরত মুহম্মদ (স) ছিলেন একজন আদর্শ মানব' বাক্যটি নিম্নোক্ত কোন শ্রেণির বাক্য?
ক. মিশ্র খ. জটিল
গ. যৌগিক ঘ. সরল
উত্তর: ঘ যে বাক্যে একটি মাত্র কর্তা (উদ্দেশ্য) এবং একটি মাত্র সমাপিকা ক্রিয়া (বিধেয়) থাকে, তাকে সরল বাক্য বলে। যেমন: তার বয়স বাড়লেও বুদ্ধি বাড়েনি। সত্য বললে মুক্তি পাবে।

৩৭. কোনটি খাঁটি বাংলা উপসর্গ?
ক. অজ খ. অতি
গ. ফি ঘ. খাস
উত্তর: ক উপসর্গ তিন প্রকার। যথা: ১. বাংলা উপসর্গ ২. সংস্কৃত উপসর্গ ৩. বিদেশি উপসর্গ। খাঁটি বাংলা উপসর্গ ২১টি। যথা: অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন, কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

৩৮. 'রান্না'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. রান + না খ. রাঁদ + না
গ. রান্ন + আ ঘ. রাঁধ্ + না
উত্তর: ঘ রাধ্ + না = রান্না। এটি ব্যঞ্জনসন্ধির উদাহরণ।

৩৯. কোনটি ধ্বন্যাত্মক দ্বিরুক্তির উদাহরণ?
ক. ঝম-ঝম খ. ভাল-ভাল
গ. রাশি-রাশি ঘ. ঘন-ঘন
উত্তর: ক 'ধ্বন্যাত্মক দ্বিরুক্তি' দ্বারা বহুত্ব, আধিক্য ইত্যাদি বোঝায়। ধ্বন্যাত্মক দ্বিরুক্তির উদাহরণ হলো: ঝম ঝম, মড় মড়, ঠা ঠা, মিন মিন, কা কা, ঝন ঝন, টপাটপ, ঝমঝমি, ঝনঝনি, পটপট প্রভৃতি।

৪০. নীল যে আকাশ = নীলাকাশ কোন সমাস?
ক. বহুব্রীহি খ. দ্বিগু
গ. কর্মধারয় ঘ. অব্যয়ীভাব
উত্তর: গ যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। যেমন: নীল যে আকাশ = নীলাকাশ, বাহু লতার ন্যায় = বাহুলতা

৪১. Which one is in singular number?
ক. Criteria খ. Data
গ. Agenda ঘ. Index
উত্তর: ঘ Index অর্থ সূচি যার plural form হলো Indices/Indexes।

৪২. The —— board has deleted a number of scenes.
ক. Censer খ. Censar
গ. Censor ঘ. Censur উত্তর: গ

৪৩. I decided to go —— with my friend as I needed some exercise.
ক. to walk খ. for a walk
গ. for walking ঘ. walk
উত্তর: খ for a walk অর্থ বেড়ানো বা হাটাহাটি করা।

৪৪. Which of the following sentences is correct sentence?
ক. I forbade him from going
খ. I forbade him to go
গ. I forbade him going
ঘ. I forbade him not to go উত্তর: ক

৪৫. The word 'Indigenous' is meaning of–
ক. Foreign খ. Native
গ. Local ঘ. Remote
উত্তর: খ Indigenous অর্থ দেশী বা native।

৪৬. Which one is the correct narration-Who told "Do the Work"-
ক. He said that do the work
খ. He asked to do the work
গ. He requested doing the wor
ঘ. He told doing the work উত্তর: খ

৪৭. 'Proclaim' means :
ক. circulate খ. announce
গ. pronounce ঘ. declare
উত্তর: ঘ Proclaim অর্থ ঘোষণা করা।

৪৮. টাকায় টাকা আনে-প্রবাদটির শুদ্ধ ইংরেজি কি?
ক. Money brings money
খ. Money beings money
গ. Money begets money
ঘ. Money makes money উত্তর: গ

৪৯. কোন মানুষ একা বাস করতে পারে না? শুদ্ধ ইংরেজিতে অনুবাদ কোনটি?
ক. No man can live alone.
খ. None can live alone.
গ. No one can live alone.
ঘ. Nobody can live alone. উত্তর: ক

৫০. Choose the correct form (passive) of– 'Who will do the work?'
ক. Who will be done the work?
খ. Who will be done the work?
গ. By whom will the work be done?
ঘ. Whom will the work be done?
উত্তর: গ Active- এ who থাকলে passive - এ By whom হবে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৫১. Choose the correct spelt word.
ক. Superceed খ. Superseed
গ. Supercede ঘ. Supersede
উত্তর✓ ঘ ব্যাখ্যা Supersede অর্থ স্থান অধিকার করা।

৫২. তুমি কি কখনো কুয়াকাটা গিয়েছ? শুদ্ধ ইংরেজিতে অনুবাদ কোনটি?
ক. Have you ever gone to Kuakata?
খ. Have you ever gone Kuakata?
গ. Have you ever been to Kuakata?
ঘ. Did you ever go to Kuakata? উত্তর গ

৫৩. কোনটি শুদ্ধ বানান?
ক. bouguete খ. bouquet
গ. bouguette ঘ. bogu
উত্তর✓ খ ব্যাখ্যা Bouquet অর্থ ফুলের তোড়া।

৫৪. 'He took me there.' The passive voice is–
ক. I was taken there by him
খ. I was to be taken there by him
গ. Ishould be taken there by him
ঘ. He was trying to take me there উত্তর ক

৫৫. To 'raise ones brows' indicates that–
ক. anoyance খ. disapproval
গ. indifference ঘ. surprise
উত্তর✓ ঘ ব্যাখ্যা To raise one's brows মানে আশ্চর্য হওয়া।

৫৬. 'Able' শব্দটির Verb নিচের কোনটি?
ক. Unable খ. Enable
গ. Disable ঘ. Ability
উত্তর✓ খ ব্যাখ্যা Able (adj) অর্থ সক্ষম এবং এর verb হচ্ছে Enable যার অর্থ সক্ষম করা।

৫৭. Government has been entrusted–elected politicians.
ক. with খ. for
গ. to ঘ. at উত্তর ক

৫৮. Choose the pair of words that expresses a relationship similar to that of given pair– Words : Writer
ক. laws : policeman খ. butter : backer
গ. chalk : black board ঘ. joy : emotion
উত্তর✓ খ ব্যাখ্যা Writer (লেখক) words দিয়ে লেখা তৈরি করেন। আর ঠিক তেমনি Baker (রুটি প্রস্তুতকরক) butter দিয়ে বিস্কুট বা রুটি তৈরি করেন।

৫৯. কোন বানানটি শুদ্ধ?
ক. Buracrat খ. Bureaucret
গ. Bureaucrat ঘ. Bureaucrate
উত্তর✓ গ ব্যাখ্যা Bureaucrat অর্থ সরকারী কর্মকর্তা।

৬০. Which of the following sentences is correct?
ক. That shirt which he bought is blue in colour
খ. The shirt that he bought is blue in colour
গ. Which shirt he bought is blue in colour
ঘ. The shirt which he bought is blue in colour উত্তর ঘ

৬১. পিথাগোরাসের জন্ম কোথায়?
ক. ফ্রান্সে খ. ব্রিটেনে
গ. ইরাক ঘ. গ্রিসে
উত্তর✓ ঘ ব্যাখ্যা পিথাগোরাস (খ্রিস্টপূর্ব ৫৭০ - ৪৯৭ অব্দ) ছিলেন একজন গ্রিক দার্শনিক ও গণিতবিদ। তিনি এজিয়ান সাগরের পূর্ব উপকূল অর্থাৎ বর্তমান তুরস্কের কাছাকাছি অবস্থিত সামোস দ্বীপে জন্মেছিলেন।

৬২. ভারত ও চীনের সীমান্ত রেখার নাম কী?
ক. ম্যাকমোহন লাইন খ. ডুরান্ড লাইন
গ. রেডলাইন ঘ. রেডক্লিফ
উত্তর✓ ক ব্যাখ্যা

সীমারেখার নাম	যে দেশ চিহ্নিত করেছে
ম্যাকমোহন লাইন	ভারত ও চীন
ডুরান্ড লাইন	পাকিস্তান ও আফগানিস্তান
র‍্যাডক্লিফ লাইন	ভারত ও পাকিস্তান

৬৩. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার (মূল রূপকার নকশাকার) কে?
ক. জয়নুল আবেদিন খ. কামরুল হাসান
গ. হাশেম খান ঘ. হামিদুর রহমান
উত্তর✓ খ ব্যাখ্যা জাতীয় পতাকার নকশা প্রথম তৈরি করেন শিব নারায়ণ দাস ৬ জুন ১৯৭০ সালে। বাংলাদেশের বর্তমান জাতীয় পতাকার রূপকার বা নকশাকার চিত্রশিল্পী কামরুল হাসান। বাংলাদেশের বর্তমান জাতীয় পতাকা গৃহীত হয় ১৭ জানুয়ারি ১৯৭২ সালে।

৬৪. ঢাকা বিশ্ববিদ্যালয় কবে প্রতিষ্ঠিত হয়?
ক. ১৯২১ খ. ১৯২৫
গ. ১৯২৯ ঘ. ১৯৩৩
উত্তর✓ ক ব্যাখ্যা ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য ১৩ সদস্য বিশিষ্ট নাথান কমিশন গঠিত হয় ২৭ মে ১৯১২ সালে। কমিশনের সভাপতি ছিলেন ব্যারিস্টার রবার্ট নাথান। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১ জুলাই ১৯২১ সালে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম চ্যান্সেলর লওরেন্স জন ডানডাস এবং উপাচার্য ফিলিপ জোসেফ হার্টজ।

৬৫. গ্রিনিচ কোথায় অবস্থিত?
ক. এডিনবরা খ. লিডস
গ. বার্মিংহাম ঘ. লন্ডন
উত্তর✓ ঘ ব্যাখ্যা গ্রিনিচ মান মন্দির ইংল্যান্ডের রাজধানী লন্ডনে অবস্থিত। এ স্থানের উপর দিয়ে মূল মধ্যরেখা অতিক্রম করেছে। এখানের সময়কে আদর্শ ধরে আন্তর্জাতিক সময় পদ্ধতি International Standard Time (IST) গণনা করা হয়।

৬৬. নিচের কোনটি Operating system নয়?
ক. MS word খ. Windos 98
গ. DOS ঘ. LINUX
উত্তর✓ ক ব্যাখ্যা অপারেটিং সিস্টেম: কম্পিউটারের ক্ষেত্রে, ব্যবহারীর নির্দেশ অনুযায়ী কম্পিউটারের অভ্যন্তরে হার্ডওয়্যার এবং এপ্লিকেশন প্রোগ্রামগুলোর মধ্যে কাজের সমন্বয় সাধন করে সমগ্র কাজ পরিচালনার জন্য তৈরী প্রোগ্রাম। যেমন: MS DOS, UNIX, LINUX, Windows98.

৬৭. 'BARD' বলতে কি বোঝায়?
ক. Better Association for Rural Development
খ. Bangladesh Association for Rural Development
গ. Bangladesh Advancement for Rural Development
ঘ. Bangladesh Academy for Rural Development
উত্তর✓ ঘ ব্যাখ্যা BARD এর পূর্ণরূপ Bangladesh Academy for Rural Development. আখতার হামিদ খান ১৯৫৯ সালে কুমিল্লার কোটবাড়িতে এটি প্রতিষ্ঠা করেন। BARD গঠনের মূল উদ্দেশ্য পল্লী দারিদ্র্য বিমোচন। বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান।

৬৮. ভারত ও বাংলাদেশের মধ্যে অবস্থিত মোট ছিটমহলের সংখ্যা কতটি?

ক. ১১১টি খ. ৫১টি
গ. ১৩০টি ঘ. ১৬২টি

উত্তর✓ খ ব্যাখ্যা ভারতের ১১১ এবং বাংলাদেশের ৫১ টি ছিটমহল মিলে মোট ছিটমহল ছিল ১৬২ টি। ১৬ মে ১৯৭৪ সালে স্বাক্ষরিত বাংলাদেশ- ভারত স্থলসীমান্ত চুক্তি অনুযায়ী ছিটমহল বিনিময় বা বিলুপ্ত হয় ১ আগস্ট ২০১৫ সালে। বাংলাদেশ লাভ করে ১১১ টি ছিটমহল এবং ভারত লাভ করে ৫১ টি ছিটমহল।

৬৯. কোন দেশ ব্রিকস গ্রুপের অন্তর্ভুক্ত নয়?

ক. রাশিয়া খ. ব্রিটেন
গ. ভারত ঘ. দক্ষিণ আফ্রিকা

উত্তর✓ খ ব্যাখ্যা BRICS গঠিত হয় ১৬ মে ২০০৮ সালে। এর সদস্য দেশ পাঁচটি। ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন ও দক্ষিণ আফ্রিকা। পাঁচটি সদস্য দেশের অদ্যাক্ষর নিয়ে BRICS নামকরণ করা হয়েছে। BRICS এর নবম সম্মেলন অনুষ্ঠিত হয় ২০১৭ সালে চীনের জিয়ামেন শহরে।

৭০. ঢাকা শহরের প্রধান মোগল স্থাপত্য কোনটি

ক. বর্ধমান হাউস খ. লালবাগ
গ. আহসান মঞ্জিল ঘ. বড় কাটারা

উত্তর✓ খ ব্যাখ্যা ঢাকা শহরের প্রধান মুঘল স্থাপত্য লালবাগ কেল্লা। এর অপর নাম আওরঙ্গবাদ দুর্গ। সম্রাট আওরঙ্গজেবের পুত্র শাহজাদা মোহাম্মদ আজম শাহ ১৬৭৮ সালে লালবাগ কেল্লার নির্মান কাজ শুরু করেন। নির্মাণ কাজ সমাপ্ত করেন শায়েস্তা খান।

৭১. চিন্তার সঙ্গে মস্তিষ্কের যে অংশের সম্পর্ক তাকে বলা হয়–

ক. সেরিব্রাম খ. সেরিবেলাম
গ. মেডুলা ঘ. স্পাইনাল কর্ড

উত্তর✓ ক ব্যাখ্যা সেরিব্রাম: মস্তিষ্কের সবচেয়ে বৃহৎ অংশ যা বাম ও ডান ২টি অর্ধে বিভক্ত। অধিকাংশ মানুষের বাম অংশ অধিক ক্রিয়াশীল বলে তারা ডান হাত দিয়ে অধিক কাজ করে। এখানে বিভিন্ন স্নায়ু কোষের কোষ দেহ অবস্থিত। স্নায়ু উদ্দীপনা, চিন্তা, শোনা, ব্যবহার, আচার ইত্যাদির সঙ্গে এই অংশের সম্পর্ক থাকে।

৭২. চাঁদ দিগন্তের কাছে অনেক বড় দেখায়, তার কারণ কি?

ক. বায়ুমণ্ডলীয় প্রতিসরণ খ. আলোর বিচ্ছুরণ
গ. অপার্তন ঘ. দৃষ্টি বিভ্রম

উত্তর✓ ক ব্যাখ্যা চাঁদ থেকে আলোক রশ্মি পৃথিবীপৃষ্ঠে আসার সময় পৃথিবীর বায়ুমণ্ডলে আলোর প্রতিসরণ ঘটে অর্থাৎ আলোক রশ্মি বেঁকে যায়। চাঁদ যখন দিগন্তের কাছে থাকে তখন আলোক রশ্মি তুলনামূলকভাবে অধিক পরিমাণে বেঁকে যায় এ কারণে চাঁদকে ডিম্বাকৃতি এবং অনেক বড় দেখায়।

৭৩. কোনো ই-মেইল 'CC-এর অর্থ কি?

ক. Close Circuit খ. Carbon Copy
গ. Close Contaci ঘ. Cor.tact Center

উত্তর✓ খ ব্যাখ্যা CC - Carbon Copy ইমেইল পাঠানোর সময় CC এর ঘরে প্রাপকের ঠিকানা লিখতে হবে।

৭৪. মো. জিল্লুর রহমান বাংলাদেশের কততম রাষ্ট্রপতি ছিলেন?

ক. ১৯তম খ. ২০তম
গ. ১৬তম ঘ. ১৮তম

উত্তর✓ ক ব্যাখ্যা বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ১৯ তম রাষ্ট্রপতি মো: জিল্লুর রহমান। বর্তমান ও ২০ তম রাষ্ট্রপতি মো: আবদুল হামিদ এডভোকেট।

৭৫. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করা হয় কোন সালে?

ক. ১৯৯৭ খ. ১৯৯৮
গ. ১৯৯৯ ঘ. ২০০০

উত্তর✓ গ ব্যাখ্যা ১৭ নভেম্বর ১৯৯৯ সালে ফ্রান্সের রাজধানী প্যারিসে অনুষ্ঠিত ইউনেস্কোর সাধারণ অধিবেশনে ২১শে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে ঘোষণা করা হয়। ২০০০ সাল থেকে জাতিসংঘের সদস্য দেশসমূহে দিবসটি পালিত হয়ে আসছে।

৭৬. কাজী নজরুল ইসলামের প্রথম উপন্যাস কোনটি?

ক. মৃত্যুক্ষুধা খ. ব্যথার দান
গ. কুহেলিকা ঘ. বাঁধনহারা উত্তর ঘ

৭৭. নিম্নের কোন ক্রিকেটার ইংল্যান্ডের নাগরিক?

ক. নাসের হুসেইন খ. এলান বর্ডার
গ. রিচার্জ হ্যাডলি ঘ. গ্যারি কারস্টেন

উত্তর✓ ক ব্যাখ্যা

ক্রিকেটারের নাম	দেশ
নাসের হুসেইন	ইংল্যান্ড
এনাল বর্ডার	অস্ট্রেলিয়া
রিচার্ড হ্যাডলি	নিউজিল্যান্ড
গ্যারি কারস্টেন	দক্ষিণ আফ্রিকা

৭৮. ফিফার কার্যালয় কোথায় অবস্থিত?

ক. সুইজারল্যান্ড খ. ইংল্যান্ড
গ. যুক্তরাষ্ট্র ঘ. ব্রাজিল

উত্তর✓ ক ব্যাখ্যা FIFA এর পূর্ণরূপ Federation of International Football Association. FIFA প্রতিষ্ঠিত হয় ২১ মে ১৯০৪ সালে ফ্রান্সের প্যারিসে। FIFA এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জুরিখে অবস্থিত। বর্তমান সদস্য সংখ্যা ২১১।

৭৯. GIS-এর অর্থ কি?

ক. Geographic Information Service
খ. Geographic Information System
গ. Global Information Service
ঘ. Global Information System উত্তর ঘ

৮০. বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র কবে গৃহীত হয়?

ক. ৭ মার্চ ১৯৭১ খ. ২৬ মার্চ ১৯৭১
গ. ১০ এপ্রিল ১৯৭১ ঘ. ১৭ এপ্রিল ১৯৭১

উত্তর✓ ঘ ব্যাখ্যা ১০ এপ্রিল ১৯৭১ : মুজিবনগর সরকার গঠন এবং স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয়।
১৭ এপ্রিল ১৯৭১ : মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে এবং স্বাধীনতার ঘোষণাপত্র গৃহীত হয়। স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন অধ্যাপক এম ইউসুফ আলী।



০৯ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৫

তারিখ : ২৭.০৬.২০১৫

সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল

নড়াইল, মেহেরপুর, মুন্সিগঞ্জ, শরীয়তপুর, ফেনী।

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. দুটি সংখ্যার গুণফল ১৫৩৬, সংখ্যা দুটির ল.সা.গু. ৯৬ হলে গ.সা.গু. কত?

ক. ৩২ খ. ১২
গ. ১৬ ঘ. ২৪

উত্তর✓ গ ব্যাখ্যা: আমরা জানি,

$$\text{গ.সা.গু.} = \frac{\text{সংখ্যাদ্বয়ের গুণফল}}{\text{ল.সা.গু}}$$

$$= \frac{১৫৩৬}{৯৬}$$

$$= ১৬$$

০২. Which one is Reflexive pronoun?

ক. each খ. myself
গ. who ঘ. he

উত্তর✓ খ ব্যাখ্যা: Reflexive Pronoun গুলো হলো myself, ourselves, yourself, himself ইত্যাদি।

০৩. কোন আরব দেশ সর্বপ্রথম বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে?

ক. সৌদিআরব খ. লেবানন
গ. ইরাক ঘ. ইরান

উত্তর✓ গ ব্যাখ্যা: আরব এবং মধ্যপ্রাচ্যের প্রথম দেশ হিসেবে বাংলাদেশকে স্বীকৃতি দান করে ইরাক ৮ জুলাই ১৯৭২ সালে। প্রথম দেশ হিসেবে স্বীকৃতি দান করে ভুটান ৬ ডিসেম্বর ১৯৭১ সালে। আফ্রিকান ও মুসলিম দেশ হিসেবে প্রথম স্বীকৃতি দান করে সেনেগাল ১ ফেব্রুয়ারি ১৯৭২ সালে। ইউরোপীয় দেশ হিসেবে প্রথম স্বীকৃতি প্রদান করে পূর্ব জার্মানি ১১ জানুয়ারি ১৯৭২ সালে।

০৪. ভাষার ক্ষুদ্রতম একক কোনটি?

ক. বর্ণ খ. শব্দ
গ. অক্ষর ঘ. ধ্বনি

উত্তর✓ ঘ ব্যাখ্যা: ভাষার মূল উপাদান = ধ্বনি ; ভাষার মূল উপকরণ = বাক্য

০৫. To read between the lines means–

ক. to read carefully খ. to grasp the hidden meaning
গ. to concentrate ঘ. to suspect

উত্তর খ

০৬. 'He was taken to task'-এর বাংলা হলো–

ক. সে কাজ নিয়েছিল
খ. তাকে তিরস্কার করা হয়েছিল
গ. তাকে কাজ দেওয়া হয়েছিল
ঘ. তাকে কাজের জন্য বলা হয়েছিল

উত্তর✓ খ ব্যাখ্যা: to take sb to task অর্থ কাউকে তিরস্কার করা।

০৭. Fill in the blank : you should ..... swimming.

ক. take up খ. take off
গ. start up ঘ. get off

উত্তর✓ গ ব্যাখ্যা: Start up অর্থ কোনো কিছু শুরু করা।

০৮. শতকরা বার্ষিক ১৫% সুদে ৮,০০০ টাকার ৬ মাসের সুদ কত?

ক. ৬০০ টাকা খ. ৭০০ টাকা
গ. ৮০০ টাকা ঘ. ৫০০ টাকা

উত্তর✓ ক ব্যাখ্যা: আমরা জানি,

$$\text{সুদ} = \frac{\text{আসল} \times \text{হার} \times \text{সময়}}{১০০}$$

$$= \frac{৮০০০ \times ১৫ \times \frac{৬}{১২}}{১০০}$$

$$= \frac{৮০০০ \times ১৫ \times ৬}{১০০ \times ১২}$$

$$= ৬০০ \text{ টাকা}$$

০৯. কোনটি 'ক্ষুধার্ত' শব্দের সন্ধি-বিচ্ছেদ?

ক. ক্ষুধা + আর্ত খ. ক্ষুৎ + ঋর্ত
গ. ক্ষুধ + আর্ত ঘ. ক্ষুধা + ঋত

উত্তর ঘ

১০. Which is adjective?

ক. special খ. laugh
গ. crime ঘ. miser

উত্তর✓ ক ব্যাখ্যা: Special (adj) শব্দটির অর্থ বিশেষ। বাকী শব্দগুলো noun।

১১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনীমূলক গ্রন্থের নাম–

ক. সংগ্রাম খ. অসমাপ্ত আত্মজীবনী
গ. বাংলাদেশ ও আমি ঘ. আমার জীবনী

উত্তর✓ খ ব্যাখ্যা: 'অসমাপ্ত আত্মজীবনী' শেখ মুজিবুর রহমানের আত্মজীবনী সংকলন। বইটি প্রকাশিত হয় ১৮ জুন ২০১২ সালে। ১৯৬৭ থেকে ১৯৬৯ সালে ঢাকা কেন্দ্রীয় কারাগারে অন্তরীণ থাকা অবস্থায় এই আত্মজীবনী লিখেছিলেন। বইটিতে বঙ্গবন্ধুর জন্ম থেকে শুরু করে ১৯৫৪ সাল পর্যন্ত বর্ণনা পাওয়া যায়। বইটি ইংরেজি, জাপানি, চীনা, আরবি, ফরাসি, হিন্দি ভাষায় অনূদিত হয়েছে।

১২. ইতিহাসের জনক বা পিতা কে?

ক. হেরোডোটাস খ. এরিস্টটল
গ. টয়েনবি ঘ. যুসিডাইজিস

উত্তর✓ ক ব্যাখ্যা: হেরোডোটাস একজন প্রাচীন গ্রিক দার্শনিক। তিনি খ্রিস্টপূর্ব ৪৮৪ অব্দে বর্তমান তুরস্কের বোদরামে জন্মগ্রহণ করেছিলেন। রোমান আইনবিদ, ইতিহাসবিদ ও দার্শনিক সিসেরো তাকে ইতিহাসের জনক হিসেবে আখ্যা দিয়েছেন। 'The Histories' বইটি হেরোডোটাস এর অমর সৃষ্টিকর্ম। তিনি খ্রিস্টপূর্ব ৪২৫ সালে মৃত্যুবরণ করেন।

১৩. নিচের কোন শব্দটি ভুল?

ক. স্বায়ত্তশাসন খ. শ্রদ্ধাঞ্জলি
গ. অভ্যন্তরীণ ঘ. মুহর্মুহু

উত্তর✓ ঘ ব্যাখ্যা: কতিপয় শুদ্ধ বানান: মুহুর্মুহু, মুহূর্ত, মুমূর্ষু, মরীচিকা, মাহাত্ম্য, মরূদ্যান, মহাশ্বেতা, মধ্যাহ্ন, মৃত্যুমান, মনঃকষ্ট, ম্রিয়মাণ, ম্লেচ্ছ, মস্যাধার, মস্তিষ্ক, মন্ত্রী, মন্ত্রিপরিষদ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১৪. ১০টি সংখ্যার যোগফল ৪৬২। প্রথম চারটির গড় ৫২, শেষ ৫টির গড় ৩৮। পঞ্চম সংখ্যাটি কত?

ক. ৫০ খ. ৬২
গ. ৬৪ ঘ. ৬০

উত্তর✓ গ

পঞ্চম সংখ্যা = ৪৬২ (১ম চারটির সমষ্টি+ শেষ পাঁচটির সমষ্টি)
= ৪৬২ - (৫২×৪+৩৮×৫)
= ৪৬২ - (২০৮ + ১৯০)
= ৪৬২ - ৩৯৮
= ৬৪

১৫. ৬০ জন লোক কোনো কাজ ১৮ দিনে করতে পারে। উক্ত কাজ ৩৬ জন লোক কতদিনে সম্পন্ন করতে পারবে?

ক. ২৯ দিনে খ. ৩০ দিনে
গ. ২৭ দিনে ঘ. ২৮ দিনে

উত্তর✓ খ

$\frac{P_1D_1}{P_2D_2} = \frac{W_1}{W_2}$ P_1= ৬০ জন

$\frac{৬০ \times ১৮}{৩৬ \times D_2} = ১$ D_1= ১৮ দিন

P_2=৩৬ জন

$\Rightarrow D_2 = \frac{৬০ \times ১৮}{৩৬}$ D_2= ?

$\Rightarrow D_2$ = ৩০দিন। $w_1 = w_2 = ১$

১৬. Which one is the correct sentence?

ক. Neither roads are led to the railway station
খ. Neither of the roads leads to the railway station
গ. Neither of the roads leads to the railway station
ঘ. Neither of the roads are leading to the railway station

উত্তর✓ গ Neither of দ্বারা দুটো জিনিসের মধ্যে কোনোটিই নয় বোঝাতে ব্যবহৃত হয়।

১৭. 'সবুজ গ্রহ' বলা হয় কাকে?

ক. মঙ্গল খ. ইউরেনাস
গ. বুধ ঘ. পৃথিবী

উত্তর✓ খ ১৭৮১ সালে উইলিয়াম হার্শেল ইউরেনাস আবিষ্কার করেন। সূর্য থেকে দূরত্বের হিসাবে সপ্তম এবং আকৃতির দিক থেকে সৌরজগতের তৃতীয় গ্রহ। গ্রিক দেবতা ইউরেনাসের নামানুসারে এর নামকরণ করা হয়। এর ২৭টি উপগ্রহ রয়েছে। ইউরেনাস নীল রঙের গ্রহ।

১৮. 'উত্তম পুরুষ' উপন্যাসের রচয়িতা কে?

ক. রশীদ করিম খ. শওকত ওসমান
গ. জহির রায়হান ঘ. শহীদুল্লাহ

উত্তর✓ ক রশীদ করীমের উল্লেখযোগ্য উপন্যাস: উত্তম পুরুষ, আমার যত গ্লানি, বড়ই নিঃসঙ্গ, প্রেম একটি লাল গোলাপ, প্রসন্ন পাষাণ। উত্তম পুরুষ (১৯৬১) উপন্যাসটিতে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কে ধারণ করা হলেও দ্বিতীয় বিশ্বযুদ্ধ আর দেশবিভাগকে ছাপিয়ে উপন্যাসটির উপজীব্য হয়ে উঠেছিল নারীর বিচিত্র ও বহুরূপী চেহারার স্বরূপ উদ্‌ঘাটন।

১৯. ১২০ জন ছাত্রের মধ্যে ৩০ ছাত্র ফেল করলে পাসের হার কত?

ক. ৪০% খ. ২৫%
গ. ৮০% ঘ. ৭৫%

উত্তর✓ ঘ পাস করে = (১২০ - ৩০) = ৯০ জন

∴ পাসের হার = $\frac{৯০ \times ১০০}{১২০}$ = ৭৫%

২০. ৩ সে. মি., ৪ সে. মি. ও ৫ সে. মি. বাহুবিশিষ্ট তিনটি ঘনক গলিয়ে নতুন একটি ঘনক তৈরি করা হলো। নতুন ঘনক এর বাহুর দৈর্ঘ্য কত?

ক. ৬ সে. মি. খ. ৭ সে. মি.
গ. ৭.৫ সে. মি. ঘ. ৬.৫ সে. মি.

উত্তর✓ ক মনে করি,
ব্যাসার্ধ, r_1 = 3 সেমি; r_2 = 4 সেমি; r_3=5 সেমি
ঘনকের ব্যাসার্ধ = r

∴ পুরাতন ঘনকের আয়তন = $\pi r_1^3 + \pi r_2^3 + \pi r_3^3$
$= \pi (r_1^3 + r_2^3 + r_3^3)$
$= \pi (3^3 + 4^3 + 5^3)$
$= ২১৬\pi$

নতুন ঘনকের আয়তন = πr^3

∴ প্রশ্নমতে, $\pi r^3 = 216\pi$

$\Rightarrow r = \sqrt[3]{216} = 6$ সেমি

২১. 'শশাঙ্ক' শব্দের সঠিক অর্থ কোনটি?

ক. চাঁদ খ. খরগোশ
গ. সমুদ্র ঘ. সূর্য

উত্তর✓ ক 'শশাঙ্ক' শব্দের সমার্থক শব্দ: চন্দ্র, চাঁদ, সুধাংশু, হিমাংশু, হিমকর, শীতাংশু, বিধু, নিশাকর, সোম, রজনীকান্ত, শীতকর, কলানিধি, কলানাথ, শশধর, নিশাপতি, চন্দ্রমা, কুমুদিনীনাথ ইত্যাদি।

২২. নবায়নযোগ্য শক্তি উৎসের একটি উদাহরণ হলো–

ক. পারমাণবিক জ্বালানি খ. পিট কয়লা
গ. ফুয়েল সেল ঘ. সূর্য

উত্তর✓ ঘ যে শক্তি একবার ব্যবহারের পর পুনরায় ব্যবহারের সুযোগ থাকে বা নিঃশেষ হয়ে যায় না তাকে নবায়নযোগ্য শক্তি বলে। যেমন: সূর্যশক্তি, বায়ুশক্তি, সমুদ্রস্রোত, পারমাণবিক শক্তি।

২৩. ইউরোপীয় ইউনিয়নের কোন দেশ এখনো 'ইউরো' গ্রহণ করেনি?

ক. জার্মানি খ. অস্ট্রিয়া
গ. ইংল্যান্ড ঘ. ফ্রান্স

উত্তর✓ গ ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহের একক মুদ্রা হিসেবে ইউরো মুদ্রা চালু হয় ১ জানুয়ারি ১৯৯৯ সালে। ইউরো মুদ্রার জনক বলা হয় রবার্ট মুন্ডেলকে। ডেনমার্ক, যুক্তরাজ্য, ক্রোয়েশিয়া, হাঙ্গেরি, বুলগেরিয়া, চেক প্রজাতন্ত্র, পোল্যান্ড, সুইডেন ও রোমানিয়া সহ ১৯টি দেশ ইউরো মুদ্রা চালু করে নি।

২৪. ৩, ৯ ও ৪ এর চতুর্থ সমানুপাতিক কত?

ক. ১২ খ. ৪
গ. ৪ ঘ. ১৬

উত্তর✓ ক a, b, c, d ক্রমিক সমানুপাতিক এর ক্ষেত্রে

সূত্র: $\frac{a}{b} = \frac{c}{d}$

$\therefore \frac{৩}{৯} = \frac{৪}{x}$

$\Rightarrow x = \frac{৯ \times ৪}{৩} = ১২$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

২৫. আদালত শব্দটি কোন ভাষার শব্দ?

ক. আরবি　　খ. বাংলা
গ. পর্তুগিজ　　ঘ. ফারসি

উত্তর✓ ক কতিপয় আরবি শব্দ: আদালত, আল্লাহ, ইসলাম, কুরআন, জান্নাত, জাহান্নাম, আলেম, ইদ, কানুন, নগদ, বাকি, মহকুমা, কলম, কিতাব, রায়, উকিল, শয়তান।

২৬. কোনটি কম্পিউটারের গ্রহণ মুখ নয়?

ক. কি-বোর্ড　　খ. মনিটর
গ. বারকোড　　ঘ. ওএমআর

উত্তর✓ খ কম্পিউটারের যে সমস্ত ডিভাইস ডেটা বা নির্দেশনা গ্রহণ করে তাদেরকে গ্রহণমুখ ডিভাইস বলা হয়। যেমন: কী বোর্ড, মাউস আর যে সকল ডিভাইস ফলাফল প্রদান করে তাদেরকে আউটপুট ডিভাইস বলা হয়। যেমন: মনিটর, প্রিন্টার, স্পিকার ইত্যাদি।

২৭. 'Paradise Lost' Attempted to–

ক. Explain why good and evil are necessary
খ. Justify the ways of man to God
গ. Justify the ways of God to man　　**উত্তর✓ গ**
ঘ. Show that the Satan and God have equal power

২৮. বজ্রে তোমার বাজে বাঁশি? কোন কারকে কোন বিভক্তি?

ক. কর্তায় শূন্য　　খ. অপাদানে ৭মী
গ. অধিকরণে ৭মী　　ঘ. কারণে ১ম

উত্তর✓ খ যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকে অপাদান কারক বলে। যেমন: বীজে গাছ জন্মে তিল দিয়ে তেল হয়। লোভে পাপ, পাপে মৃত্যু। দুধ থেকে দই হয়।

২৯. মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস কোনটি?

ক. জাহান্নম হইতে বিদায়　　খ. জননী
গ. কর্ণফুলী　　ঘ. সূর্য দীঘল বাড়ি

উত্তর✓ ক 'জাহান্নম হইতে বিদায়' উপন্যাসটি শওকত ওসমানের মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস। 'জননী' শওকত ওসমানের গ্রন্থাকারে প্রকাশিত প্রথম এবং আঞ্চলিক উপন্যাস। 'সূর্যদীঘল বাড়ী' উপন্যাসটি আবু ইসহাকের গ্রামীণ সমাজভিত্তিক উপন্যাস। 'কর্ণফুলী' আলাউদ্দিন আল আজাদের আঞ্চলিক উপন্যাস।

৩০. তালব্যবর্ণ কোনগুলো?

ক. এ, ঐ　　খ. ই, ঈ
গ. উ, ঊ　　ঘ. ও, ঔ

উত্তর✓ গ জিভের মধ্যভাগ তালুর বিভিন্ন স্থান স্পর্শ করার ফলে যেসব ধ্বনি উচ্চারিত হয় তাকে তালব্য ধ্বনি বলে। যেমন: উ, ঊ, চ, ছ, জ, ঝ, ঞ, য।

৩১. 'Duchess' is feminine of–

ক. Earl　　খ. Dramatist
গ. Dutchman　　ঘ. Duke

উত্তর✓ ঘ Duke অর্থ অভিজাত ব্যক্তি বা ভূস্বামী।

৩২. Choose the correct sentence.

ক. He lives here for five month
খ. He is living here for five months
গ. He has been living here for five months
ঘ. He live here for five months　　**উত্তর গ**

৩৩. ১ থেকে ১০০ পর্যন্ত উপাত্তকে ১০টি শ্রেণিতে ভাগ করলে ৮ নম্বর শ্রেণিটি নিচের কোনটি হবে?

ক. ৮১ - ৯০　　খ. ৮০ - ৯০
গ. ৮৯ - ৯৯　　ঘ. ৮০ - ৯১

উত্তর✓
১ - ১০
১১ - ২০
২১ - ৩০
৩১ - ৪০
৪১ - ৫০
৫১ - ৬০
৬১ - ৭০
৭১ - ৮০ ৮ নম্বর শ্রেণী
৮১ - ৯০
৯১ - ১০০

৩৪. কোনটি খাঁটি বাংলা উপসর্গ?

ক. আভাস　　খ. অজানা
গ. গরমিল　　ঘ. বেমালুম　　**উত্তর খ**

৩৫. শেষ মোগল সম্রাট বাহাদুর শাহের কবর কোথায়?

ক. লাহোর　　খ. দিল্লি
গ. আগ্রা　　ঘ. ইয়াংগুন

উত্তর✓ ঘ মুঘল সাম্রাজ্যের শেষ সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহ। তিনি ক্ষমতায় আসেন ১৮৩৭ সালে। সিপাহী বিদ্রোহের পর ১৮৫৮ সালে ইংরেজ সরকার তাকে ইয়াঙ্গুনে নির্বাসনে পাঠান। ১৮৬২ সালে দ্বিতীয় বাহাদুর শাহ মৃত্যুবরণ করলে তাকে ইয়াঙ্গুনে সমাহিত করা হয়।

৩৬. 'নির্মল' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?

ক. অনির্মল　　খ. পঙ্কিল
গ. অপরিষ্কার　　ঘ. নোংরা　　**উত্তর খ**

৩৭. $a + b = 5$ এবং $a - b = 3$ হলে ab এর মান কত?

ক. 4　　খ. 5
গ. 2　　ঘ. 3

উত্তর✓ ক আমরা জানি,

$$ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$$
$$= \left(\frac{5}{2}\right)^2 - \left(\frac{3}{2}\right)^2$$
$$= \frac{25}{4} - \frac{9}{4}$$
$$= \frac{25-9}{4}$$
$$= \frac{16}{4}$$
$$= 4$$

৩৮. নিচের কোন বানানটি শুদ্ধ?

ক. মূহর্ত　　খ. মুহূর্ত
গ. মুহর্ত　　ঘ. মুহর্ত

উত্তর✓ খ কতিপয় শুদ্ধ বানান: মুহূর্ত, মুহুর্মুহু, মুমূর্ষু, মরীচিকা, মরূদ্যান, মাহাত্ম্য, মস্যাধার, মস্তিষ্ক, ম্রিয়মাণ, মহাশ্বেতা, মধ্যাহ্ন, মনঃকষ্ট, মুখস্থ, মুৎসুদ্দি, মহৌষধি, মর্ত, মূর্ধন্য, ম্লান, মূঢ়।

৩৯. Which word is not a noun?

ক. Defame　　খ. Indemnity
গ. Aritculation　　ঘ. Simulation　　**উত্তর ক**

৪০. টাকায় ১০টি দরে লেবু ক্রয় করে ৮টি দরে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?
ক. ১৫% খ. ২০%
গ. ২৫% ঘ. ১০%
উত্তর✓ গ ব্যাখ্যা

$$\frac{\text{বিক্রয় সংখ্যা}}{\text{ক্রয় সংখ্যা}} = \frac{\text{বিক্রয়মূল্য} \times 100}{\text{ক্রয়মূল্য}(100 \pm \text{লাভ/ক্ষতি})}$$

ক্রয়মূল্য = ১টাকা
ক্রয়সংখ্যা=১০টি
বিক্রয়মূল্য=১টাকা
বিক্রয়সংখ্যা=৮টি
লাভ, a=?

$$\therefore \frac{৮}{১০} = \frac{১ \times ১০০}{১(১০০+a)}$$

$$\Rightarrow ১০০+a = \frac{১০০ \times ১০}{৮} = ১২৫$$

$$\Rightarrow a = ১২৫-১০০ = ২৫\%$$

৪১. Choose the correct sentence.
ক. He speakes English like English
খ. He is speakes the English like English
গ. He speakes English like the English
ঘ. He speakes the English like the English
উত্তর✓ গ ব্যাখ্যা The English বলতে ইংরেজ জাতিকে বোঝানো হয়।

৪২. ১ হতে ১০০ পর্যন্ত সংখ্যাসমূহের যোগফল কত?
ক. ৫০৫০ খ. ৫০০১
গ. ৪৯৯৯ ঘ. ৫৫০১
উত্তর✓ ক ব্যাখ্যা

$$\text{যোগফল} = \frac{\text{শেষপদ}+১\text{মপদ}}{২} \times \text{পদসংখ্যা}$$


$$= \frac{১০০+১}{২} \times ১০০$$

$$= ১০১ \times ৫০$$

$$= ৫০৫০$$

৪৩. 'Salt of life' stand for–
ক. sorrows of life খ. saline water
গ. sodium chloride ঘ. valuable things
উত্তর✓ ঘ ব্যাখ্যা Salt of life বলতে মূল্যবান জিনিসপত্র বোঝানো হয়েছে।

৪৪. কোন ত্রিভুজের শীর্ষবিন্দু হতে বিপরীত বাহুর মধ্যবিন্দু উপর অঙ্কিত রেখাকে ঐ ত্রিভুজের কি বলা হয়?
ক. সমদ্বিখণ্ডক খ. অতিভুজ
গ. লম্ব ঘ. মধ্যমা
উত্তর✓ ঘ ব্যাখ্যা কোন ত্রিভুজের শীর্ষবিন্দু হতে বিপরীত বাহুর মধ্যবিন্দুর উপর অঙ্কিত রেখাকে ঐ ত্রিভুজের মধ্যমা বলে।



চিত্রে, BC বাহুর মধ্যবিন্দু D এবং ত্রিভুজের শীর্ষবিন্দু A।
∴ AD রেখা হবে ΔABC এর মধ্যমা।

৪৫. যদি $x + 2y = 4$ এবং $xy = 2$ হয়, তবে x^2 = কত?
ক. 2 খ. 0
গ. 12 ঘ. 1
উত্তর✓ ক ব্যাখ্যা $x + 2y = 4$

$$\Rightarrow 2y = 4 - x$$

$$\Rightarrow y = \frac{4-x}{2}$$

$$\therefore xy = 2$$

$$\Rightarrow x \cdot \frac{4-x}{2} = 2$$

$$\Rightarrow 4x - x^2 = 4$$

$$\Rightarrow x^2 - 4x + 4 = 0$$

$$\Rightarrow (x)^2 - 2.x.2 + 2^2 = 0$$

$$\Rightarrow (x-2)^2 = 0$$

$$\Rightarrow x-2 = 0$$

$$\Rightarrow x = 2$$

৪৬. CNG-এর অর্থ–
ক. কার্বনযুক্ত নতুন পরিবেশ বান্ধব তেল
খ. সিসামুক্ত পেট্রোল
গ. কমপ্রেস করা প্রাকৃতিক গ্যাস
ঘ. নতুন ধরনের ট্যাক্সি ক্যাব
উত্তর✓ গ ব্যাখ্যা CNG (Compressed Natural Gas) এক ধরনের রূপান্তরিত জ্বালানি যা পেট্রোল, ডিজেল কিংবা প্রোপেনের পরিবর্তে ব্যবহৃত হয়। এটার দহনে গ্রিনহাউজ গ্যাস (কার্বন ডাই অক্সাইড) উৎপন্ন হয় না, তাই পরিবেশগতভাবে বেশ নিরাপদ।

৪৭. কোন মুসলিম মনীষী সর্বপ্রথম নোবেল পুরস্কার পান?
ক. প্রফেসর আব্দুস সালাম খ. ইয়াসির আরাফাত
গ. নাগীব মাহফুজ ঘ. আনোয়ার সাদাত
উত্তর✓ ঘ ব্যাখ্যা মিশরের তৃতীয় রাষ্ট্রপতি মুহাম্মদ আনোয়ার আল সাদাত ১৯১৮ সালে মিশরের মুনাফিয়া প্রদেশে জন্মগ্রহণ করেন। ১৯৭০ সালের ১৫ অক্টোবর থেকে ১৯৮১ সালের ৬ অক্টোবর আততায়ী হাতে নিহত হওয়ার আগ পর্যন্ত তিনি রাষ্ট্রপতি পদে ছিলেন। তিনি ১৭ সেপ্টেম্বর ১৯৭৮ সালে ইসরাইলের সাথে 'ক্যাম্প ডেভিড চুক্তি' স্বাক্ষর করেন। এ চুক্তির কারণে আনোয়ার সাদাত ও ইসরাইলের প্রধানমন্ত্রী মেনাহেম বেগিন ১৯৭৮ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন।

৪৮. কর্ম সম্পাদনে পরিশ্রমী-কোনটি বাক্যের সংক্ষিপ্ত রূপ–
ক. কর্মনিষ্ঠ খ. কর্মোদ্যমী
গ. কর্মঠ ঘ. কর্মী
উত্তর গ

৪৯. 'আটকপালে' এর অর্থ কোনটি?
ক. জ্ঞানী খ. কারারুদ্ধ
গ. হতভাগ্য ঘ. সৌভাগ্যবান
উত্তর গ

৫০. একটি বর্গাকার বাগানের ক্ষেত্রফল ২০২৫ বর্গমিটার। এর চারদিকে বেড়া দেওয়া আছে। বেড়ার মোট দৈর্ঘ্য কত?
ক. ১৮০ মিটার খ. ২০০ মিটার
গ. ২২০ মিটার ঘ. ১৬০ মিটার
উত্তর✓ ক ব্যাখ্যা আমরা জানি,
বর্গের ক্ষেত্রফল = a^2
$\therefore a^2 = ২০২৫$
$\Rightarrow a = \sqrt{২০২৫} = ৪৫$ মি.
∴ পরিসীমা = 4a
$= ৪ \times ৪৫ = ১৮০$
∴ বেড়ার মোট দৈর্ঘ্য = ১৮০মিটার

৫১. Which one is correct : He said to me 'May you be happy'.
ক. He told that I might be happy
খ. He reported that I might be happy
গ. He said that I might he happy
ঘ. He wished that I might be happy
উত্তর: ঘ

৫২. Article-এর ব্যবহার সাধারণত Pronunciation বা উচ্চারণের উপর নির্ভরশীল।
ক. stress খ. spelling
গ. sound ঘ. pronunciation
উত্তর: ঘ

৫৩. ০.১ এর বর্গমূল কত?
ক. ০.২৫ খ. কোনোটিই নয়
গ. ০.১ ঘ. ০.০১
উত্তর: খ ব্যাখ্যা: ০.১ এর বর্গমূল $= \sqrt{০.১}$
$= ০.৩২$ (প্রায়)

৫৪. Fill in the blank : He had written the book before he–
ক. has retired খ. will beretired
গ. retired ঘ. had retired
উত্তর: গ

৫৫. Correct passive form of —— 'I have to do it'–
ক. It has to be done to me খ. It has to be done by me
গ. It is to be done by me ঘ. Let it be done by me
উত্তর: খ ব্যাখ্যা: Active -এ has to থাকলে Passive -এ has to হবে।

৫৬. কোনটি বাংলা ধাতু?
ক. কৃ খ. মাগ্
গ. গম্ ঘ. কাট্
উত্তর: ঘ ব্যাখ্যা: যে ধাতু সোজাসুজি সংস্কৃত থেকে আসেনি, তাই বাংলা ধাতু। যেমন: কাঁদ্, নাচ্, জান্, কাট্, পড়্, কর্, হাস্, শুন্, ধর্, দেখ্ ইত্যাদি।

৫৭. বাংলাদেশের মুক্তিযুদ্ধে অসাধারণ বীরত্ব প্রদর্শনের জন্য কতজনকে বীরত্বসূচক খেতাব প্রদান করা হয়?
ক. ৬৭৬ জন খ. ৬৮ জন
গ. ১৭৫ জন ঘ. ৪২৬ জন
উত্তর: ক ব্যাখ্যা: ১৫ ডিসেম্বর ১৯৭৩ সালে বাংলাদেশ সরকার মুক্তিযুদ্ধে আসাধারণ বীরত্ব প্রদর্শনের জন্য ৬৭৬ জনকে বীরত্বসূচক খেতাব প্রদান করে। এর মধ্যে বীরশ্রেষ্ঠ ৭ জন, বীর উত্তম ৬৮ জন, বীর বিক্রম ১৭৫ জন এবং বীর প্রতীক ৪২৬ জন।

৫৮. 'হ্যারি পটার' কী?
ক. একটি শিশুতোষ বই খ. একজাতীয় গুচ্ছবোমা
গ. এক ধরনের খেলনা ঘ. এক জাতীয় ধাতব পাত্র
উত্তর: ক ব্যাখ্যা: 'হ্যারি পটার' একটি কল্পকাহিনী নির্ভর শিশুতোষ বই। হ্যারি পটার সিরিজ লিখছেন ব্রিটিশ লেখিকা জে কে রাওলিং। এই পর্যন্ত এ সিরিজের ৭ টি বই প্রকাশিত হয়েছে। হ্যারি পটার সিরিজের সর্বশেষ বা সপ্তম বই 'Harry potter and the Deathly Hallows' প্রকাশিত হয় ২০০৭ সালে।

৫৯. সুইডেন এর মুদ্রার নাম কী?
ক. পাউন্ড খ. ডলার গ. ক্রোনা ঘ. গিলো উত্তর: গ

৬০. 'জায়া ও পতি' সমাস করলে কি হয়?
ক. স্বামী-স্ত্রী খ. পতি-পত্নী
গ. দম্পতি ঘ. জায়া-পতি
উত্তর: গ ব্যাখ্যা: জায়া ও পতি = দম্পতি (দ্বন্দ্ব সমাস)।

৬১. SIM নিচের কোনটির সংক্ষিপ্ত রূপ?
ক. Simple Identity Module
খ. Subscriber Identity Module
গ. Simple Identification Module
ঘ. Subscriber Identification Module

৬২. ৫০০ টাকার আম কত টাকায় বিক্রি করলে ৩.৫% লাভ হবে?
ক. ৫১২.৫০ খ. ৫১৭.৫০
গ. ৫১৫.৫০ ঘ. ৫১০.০০
উত্তর: খ ব্যাখ্যা: বিক্রয়মূল্য $= \frac{১০০+\text{লাভ}}{১০০} \times \text{ক্রয়মূল্য}$
$= \frac{১০০+৩.৫}{১০০} \times ৫০০$
$= \frac{১০৩.৫}{১০০} \times ৫০০$
$= ৫১৭.৫০$ টাকা

৬৩. 'গ্রিনল্যান্ড'-এর মালিকানা কোন দেশের?
ক. ডেনমার্ক খ. ইংল্যান্ড
গ. সুইডেন ঘ. নেদারল্যান্ড
উত্তর: ক ব্যাখ্যা: গ্রিনল্যান্ড পৃথিবীর বৃহত্তম দ্বীপ। এর আয়তন ২১,৭৫,৬০০ বর্গ কিলোমিটার। এই দ্বীপের অবস্থান উত্তর আটলান্টিক মহাসাগর ও আর্কটিক মহাসাগরের মাঝে। গ্রিনল্যান্ড ডেনমার্কের একটি স্ব- নিয়ন্ত্রিত অংশ হিসেবে স্বীকৃত।

৬৪. আমেরিকাকে এশিয়া থেকে পৃথক করেছে কোন প্রণালি?
ক. ফ্লোরিডা খ. পা
গ. জিব্রাল্টার ঘ. বেরিং
উত্তর: ঘ ব্যাখ্যা:

প্রণালীর নাম	পৃথক করেছে
ফ্লোরিডা প্রণালি	ফ্লোরিডা -কিউবা
পক প্রণালি	ভারত - শ্রীলংকা
জিব্রাল্টার প্রণালি	আফ্রিকা- ইউরোপ
বেরিং প্রণালি	এশিয়া- উত্তর আমেরিকা

৬৫. বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র কত তারিখে পঠিত হয়?
ক. ১০ এপ্রিল ১৯৭১ খ. ১৭ এপ্রিল ১৯৭১
গ. ৭ মার্চ ১৯৭১ ঘ. ২৬ মার্চ ১৯৭১
উত্তর: খ ব্যাখ্যা: ১০ এপ্রিল ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয়। ১৭ এপ্রিল ১৯৭১ সালে স্বাধীনতার ঘোষণাপত্র গৃহীত বা পঠিত হয়। স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন অধ্যাপক এম ইউসুফ আলী।

৬৬. নিচের কোনটি সিস্টেম সফটওয়্যার?
ক. উবন্টু খ. এমএস ওয়ার্ড
গ. ওরাকল ঘ. এমএস উইন্ডোজ
উত্তর: ঘ ব্যাখ্যা: সিস্টেম সফটওয়্যার এক ধরনের প্রোগ্রাম যা কম্পিউটারের হার্ডওয়্যার ও বিভিন্ন অ্যাপ্লিকেশন সফটওয়্যারকে পরিচালনা ও সমন্বয় সাধন করে। যেমন: UNIX, LINUX, Mac.

৬৭. কোন বানানটি শুদ্ধ?
ক. সুশ্রুষা খ. শুশ্রূষা
গ. সুশ্রুসা ঘ. শুশ্রুষা
উত্তর: খ ব্যাখ্যা: কতিপয় শুদ্ধ বানান: শুশ্রূষা, শহিদ, শ্মশান, শ্রদ্ধাঞ্জলি, শুচিস্মিতা, শারীরিক, শিরশ্ছেদ, শরণার্থী, শনাক্ত, শীর্ণ, শীতাংশু, শ্মশ্রু, শ্রেণি, শ্বশ্রূ, শ্রবণ।

৬৮. কোন আসল ৩ বছরে সুদে-আসলে ৪৬০ টাকা এবং ৫ বছরে সুদে-আসলে ৫০০ টাকা হয়। শতকরা সুদের হার কত?

ক. ৭%　　খ. ৬%

গ. ৪%　　ঘ. ৫%

উত্তর ✓ খ ব্যাখ্যা আসল + ৫ বছরের সুদ ৫০০ টাকা

আসল + ৩ বছরের সুদ ৪৬০ টাকা

২ বছরের সুদ ৪০ টাকা

∴ ৩ " " $\frac{৪০ \times ৩}{২} = ৬০$ টাকা

সুদের হার $= \frac{\text{সুদ} \times ১০০}{\text{আসল} \times \text{সময়}} = \frac{৬০ \times ১০০}{৪০০ \times ৩} = ৫\%$

৬৯. ক-এর টাকা খ-এর টাকার দ্বিগুণ। তাদের দুজনের মোট ৩০ টাকা আছে। খ-এর কত টাকা আছে?

ক. ২০ টাকা　　খ. ১৫ টাকা

গ. ১০ টাকা　　ঘ. ৩০ টাকা

উত্তর ✓ গ ব্যাখ্যা মনে করি,

খ এর টাকা x

ক এর 2x টাকা

প্রশ্নমতে,

$x+2x = ৩০$

$\Rightarrow ৩x = ৩০$

$\Rightarrow x = \frac{৩০}{৩} = ১০$ টাকা

৭০. বাংলাদেশ সংবিধানে প্রশাসনিক ট্রাইব্যুনাল বিষয়টি কোন অনুচ্ছেদে সন্নিবেশ হয়েছে?

ক. ১১৫　　খ. ১২০

গ. ১১০　　ঘ. ১১৭

উত্তর ✓ ঘ ব্যাখ্যা

অনুচ্ছেদ নং	বিষয়সমূহ
১১৫	অধস্তন আদালতে নিয়োগ
১২০	নির্বাচন কমিশনের কর্মচারীগণ
১১০	অধস্তন আদালত হতে হাইকোর্ট বিভাগে মামলা স্থানান্তর
১১৭	প্রশাসনিক ট্রাইব্যুনালসমূহ

৭১. 'The baby is always smiling' এর বাংলা অনুবাদ হলো–

ক. শিশুটি সবসময় হাসছে

খ. শিশুটি সবসময় হাসে

গ. শিশুটির মুখ হাসিতে ভরা

ঘ. শিশুটির মুখে হাসি লেগেই আছে　　উত্তর ঘ

৭২. Choose the correct spelled word.

ক. Suname　　খ. Sunamee

গ. Tsunami　　ঘ. Sunami

উত্তর ✓ গ ব্যাখ্যা Tsunami শব্দটি একটি জাপানি শব্দ। অর্থ পোতাশ্রয়ের ঢেউ।

৭৩. a : b = 4 : 7, b : c = 5 : 6 হলে, a : b : c কত?

ক. 4 : 7 : 5　　খ. 4 : 7 : 6

গ. 20 : 35 : 42　　ঘ. 20 : 44 : 35

উত্তর ✓ গ ব্যাখ্যা a:b = 4:7 = 20:35 [5 দ্বারা গুণ করে]

b:c = 5:6 = 35:42 [7 দ্বারা গুণ করে]

∴ a:b:c = 20:35:42

৭৪. মৃতের মতো অবস্থা যার–

ক. মৃতবৎ　　খ. আনমনা

গ. জীবন্মৃত　　ঘ. মুমূর্ষু　　উত্তর ঘ

৭৫. 'গবেষণা'-এর সন্ধি-বিচ্ছেদ কি হবে?

ক. গবে + ষণা　　খ. গো + এষণা

গ. গ + এষণা　　ঘ. গব + এষণা　　উত্তর খ

৭৬. What is the antonym of hybrid?

ক. simple　　খ. productive

গ. purebred　　ঘ. raised

উত্তর ✓ গ ব্যাখ্যা Hybrid অর্থ উচ্চফলনশীল।

৭৭. ১ ঘণ্টা ২০ মিনিট ৪ ঘণ্টার কত অংশ?–

ক. ১/৪ অংশ　　খ. ৩/৪ অংশ

গ. ১/৩ অংশ　　ঘ. ২/৩ অংশ

উত্তর ✓ গ ব্যাখ্যা ১ ঘন্টা ২০ মিনিট = ৬০+২০ = ৮০ মিনিট

∴ ৪ ঘন্টা = ৬০ × ৪ = ২৪০ মিনিট

∴ অংশ $= \frac{৮০}{২৪০} = \frac{১}{৩}$

৭৮. The climate is congenial ..... health.

ক. to　　খ. for

গ. with　　ঘ. on　　উত্তর ক

৭৯. উয়ারী-বটেশ্বর কোথায় অবস্থিত?

ক. নরসিংদী　　খ. নারায়ণগঞ্জ

গ. মুন্সীগঞ্জ　　ঘ. দাউদকান্দি

উত্তর ✓ ক ব্যাখ্যা উয়ারী-বটেশ্বর নরসিংদী জেলার বেলাব উপজেলায় অবস্থিত। বৌদ্ধ মন্দিরটি আনুমানিক খ্রিস্টপূর্ব ৪৫০ অব্দে নির্মিত। প্রত্নতাত্ত্বিক নিদর্শনটি আবিষ্কৃত হয় ২০১০ সালে।

৮০. 'জঙ্গম'-এর বিপরীতার্থক শব্দ কি?

ক. স্থাবর　　খ. অরণ্য

গ. সমুদ্র　　ঘ. পর্বত　　উত্তর ক

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS



১০ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৪

কোড: আলফা, সেট: ৩
তারিখ : ১৮.০৪.২০১৪

[পুনঃগৃহীত ১৭ জেলা]

সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. ছিয়াত্তরের মন্বন্তর বাংলা কোন সনে হয়েছিল?
ক. ১০৭৬ খ. ১১৭৬
গ. ১২৭৬ ঘ. ১৩৭৬
উত্তর✓ খ ব্যাখ্যা লর্ড ক্লাইভ ১৭৬৫ সালে দ্বৈত শাসন ব্যবস্থা প্রবর্তন করেন। এর ফলে ১৭৭০ সালে বাংলায় ভয়াবহ দুর্ভিক্ষ দেখা দেয়। এই দুর্ভিক্ষে বাংলার প্রায় এক- তৃতীয়াংশ লোক মারা যায়। এই দুর্ভিক্ষ ঘটে বাংলার ১১৭৬ সনে। তাই এই দুর্ভিক্ষ ছিয়াত্তরের মন্বন্তর নামে পরিচিত।

০২. কাফকো কোন দেশের আর্থিক সহায়তায় গড়ে উঠেছে?
ক. ফ্রান্স খ. চীন
গ. জাপান ঘ. কানাডা
উত্তর✓ গ ব্যাখ্যা KAFCO-এর পূর্ণরূপ Karnaphuly Fertilizer Company. জাপানের সহযোগিতায় KAFCO প্রতিষ্ঠিত হয় চট্টগ্রামের আনোয়ারায়। KAFCO নির্মাণ কাজ শুরু হয় ১৯৮১ সালে এবং উৎপাদন শুরু হয় ১৫ ডিসেম্বর ১৯৯৪ সালে। এখানে ইউরিয়া সার উৎপন্ন হয়।

০৩. উপমহাদেশের প্রথম মুসলিম মহিলা চিকিৎসা বিজ্ঞানী কে ছিলেন?
ক. ডা. জোহরা বেগম কাজী খ. মনজুলা ময়মুন
গ. ডা. মমতাজ বেগম ঘ. ডা. ফিরোজা বেগম
উত্তর✓ ক ব্যাখ্যা ডাক্তার জোহরা বেগম কাজী প্রথম বাঙালি মুসলিম মহিলা চিকিৎসক ছিলেন। তিনি ১৯১২ সালের ১৫ অক্টোবর ভারতের মধ্যপ্রদেশের রাজনান গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৩৫ সালে 'লেডি হার্ডিং মেডিক্যাল কলেজ' থেকে প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করে এমবিবিএস পাস করেন। তিনি ৭ নভেম্বর ২০০৭ সালে মৃত্যুবরণ করেন।

০৪. বাংলাদেশের দীর্ঘতম গাছের নাম কী?
ক. মেহগনি খ. ইউক্যালিপটাস
গ. নারিকেল ঘ. বৈলাম
উত্তর✓ ঘ ব্যাখ্যা বাংলাদেশের দীর্ঘতম গাছের নাম বৈলাম। ২৪০ ফুটের চেয়েও বেশি উঁচু হওয়া এই গাছ চিরহরিৎ বনাঞ্চলে বেশি দেখা যায়। বাংলাদেশে বর্তমানে প্রায় ২৪ টি বৈলাম বৃক্ষ রয়েছে। এগুলো বান্দরবানের রুমা এবং কক্সবাজার জেলার ডুলাহাজরায় রয়েছে।

০৫. ANZUS কোন ধরনের সংগঠন?
ক. অর্থনৈতিক খ. রাজনৈতিক
গ. সামরিক ঘ. আঞ্চলিক
উত্তর✓ গ ব্যাখ্যা ANZUS একটি আঞ্চলিক সামরিক জোট। ANZUS প্রতিষ্ঠিত হয় ১ সেপ্টেম্বর ১৯৫১ সালে। ANZUS এর সদস্য দেশ তিনটি। Australia, New Zealand এবং United States এর আদ্যাক্ষর নিয়ে ANZUS নামকরণ করা হয়েছে এর সদর দপ্তর অস্ট্রেলিয়ার ক্যানবেরায় অবস্থিত। সদস্য রাষ্ট্রগুলোর বিরুদ্ধে বৈদেশিক আগ্রাসন প্রতিহত করা ANZUS এর লক্ষ্য।

০৬. বিশ্ব স্বাস্থ্য দিবস পালিত হয়?
ক. ৭ মার্চ খ. ৭ এপ্রিল
গ. ১২ এপ্রিল ঘ. ৭ মে
উত্তর✓ খ ব্যাখ্যা বিশ্ব স্বাস্থ্য সংস্থা প্রতিষ্ঠিত হয় ৭ এপ্রিল ১৯৪৮ সালে। দিনটিকে স্মরণীয় করে রাখতে প্রতিবছর বিশ্বব্যাপী ৭ এপ্রিল বিশ্ব স্বাস্থ্য দিবস হিসেবে পালন করা হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত।

০৭. যুক্তরাষ্ট্র ও ইংল্যান্ডের মধ্যে স্বাক্ষরিত যুক্তরাষ্ট্রের ঐতিহাসিক স্বাধীনতা চুক্তিটি কী নামে পরিচিত?
ক. প্রথম ভার্সাই চুক্তি খ. বার্লিন চুক্তি
গ. স্বাধীনতা চুক্তি ঘ. ওয়াশিংটন চুক্তি
উত্তর✓ ক ব্যাখ্যা ৩ সেপ্টেম্বর ১৯৮৩ সালে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের মধ্যে ফ্রান্সের রাজধানী প্যারিসের ভার্সাই প্রাসাদে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তির লক্ষ্য ও উদ্দেশ্য হল মার্কিন যুক্তরাষ্ট্রের সার্বভৌমত্ব স্বীকার করে নেয়া। এই চুক্তিটি 'প্যারিস শান্তি চুক্তি' বা 'প্রথম ভার্সাই চুক্তি' নামে পরিচিত।

০৮. জাতীয় স্মৃতিসৌধের ফলক কয়টি?
ক. ১০টি খ. ৯টি
গ. ৭টি ঘ. ৫টি
উত্তর✓ গ ব্যাখ্যা 'জাতীয় স্মৃতিসৌধ' বা 'সম্মিলিত প্রয়াস' ঢাকা জেলার সাভারের নবীনগরে অবস্থিত। এর স্থপতি সৈয়দ মাইনুল হোসেন। জাতীয় স্মৃতিসৌধের ৭ টি ফলক রয়েছে। এই ৭ টি ফলক স্বাধীনতা আন্দোলনের সাতটি ভিন্ন পর্যায় নির্দেশ করে। পর্যায়গুলো হলো: ১৯৫২ সালের ভাষা আন্দোলন, ১৯৫৪ সালের যুক্তফ্রন্ট নির্বাচন, ১৯৫৬ সালের শাসনতন্ত্র আন্দোলন, ১৯৬২ সালের শিক্ষা আন্দোলন, ১৯৬৬ সালের ৬ দফা আন্দোলন, ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান এবং ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ।

০৯. 'Dead Sea' কোথায় অবস্থিত?
ক. ইরাক এবং জর্ডান এর মধ্যে খ. মিসর ও জর্ডানের মধ্যে
গ. ইরাক ও তুরস্কের মধ্যে ঘ. ইসরাইল ও জর্ডানের মধ্যে
উত্তর✓ ঘ ব্যাখ্যা 'মৃত সাগর' এর পশ্চিমে পশ্চিম তীর, ইসরাইল এবং পূর্বে জর্ডান অবস্থিত। জিবুতির আসাল হ্রদের পর এটি বিশ্বের দ্বিতীয় সর্বোচ্চ লবণাক্ত পানির প্রাকৃতিক আধার। সমুদ্রপৃষ্ঠ থেকে ৪২০ মিটার নিচে এটি পৃথিবীর নিম্নতম ভূমি। মৃত সাগরের লবণাক্ততা শতকরা ৩০ ভাগ। ফলে উচ্চ প্লবতার কারণে যে কেউ মৃত সাগরের পানিতে ভেসে থাকতে পারে।

১০. 'মিউকর' কী?
ক. একটি ছত্রাক খ. একটি শৈবাল
গ. ব্যাকটেরিয়া ঘ. ভাইরাস
উত্তর✓ ক ব্যাখ্যা মিউকর এক ধরনের ছত্রাক। এদের কোষ প্রাচীর কাইটিন নির্মিত। সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় এরা খাদ্য উৎপাদন করতে পারে না। কারণ এদের দেহে ক্লোরোফিল নাই এরা অঙ্গজ' অযৌন সব ধরনের প্রক্রিয়ায় বংশবিস্তার করে। এদের সঞ্চিত খাদ্য গ্লাইকোজেন।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১১. পৃথিবীতে কোনো বস্তুর ওজন সবচেয়ে বেশি কোথায়?
ক. পাহাড়ের উপর খ. মেরু অঞ্চলে
গ. বিষুব অঞ্চলে ঘ. খনির অভ্যন্তরে
উত্তর✓ খ [illegible] বস্তুর ওজন এর উপর ক্রিয়াশীল অভিকর্ষজ ত্বরণ g-এর উপর নির্ভরশীল। g এর মান বাড়লে ওজন বাড়ে, g এর মান কমলে ওজন কমে। মেরু অঞ্চলে g এর মান সবচেয়ে বেশি ($৯.৮৩২^{ms^{-2}}$)। তাই মেরু অঞ্চলে বস্তুর ওজন বেশি।

১২. সবচেয়ে বেশি সালোকসংশ্লেষণ হয়–
ক. নীল আলোতে খ. বেগুনি আলোতে
গ. লাল আলোতে ঘ. সবুজ আলোতে
উত্তর✓ গ [illegible] ক্লোরোফিল বিশেষ বিশেষ তরঙ্গদৈর্ঘ্যের আলো শোষণ করতে পারে। এর মধ্যে বেশি তরঙ্গদৈর্ঘ্যের লাল (৬১০ - ৭০০ nm) আলো ক্লোরোফিলকে অধিক মাত্রায় সক্রিয় করে। তাই লাল আলোতে সালোক সংশ্লেষণ প্রক্রিয়া অধিক কার্যকর।

১৩. সবচেয়ে শক্তিশালী সৌরচুল্লি তৈরি হয়েছে কোন দেশে?
ক. জাপান খ. যুক্তরাজ্য
গ. কানাডা ঘ. যুক্তরাষ্ট্র
উত্তর✓ ঘ [illegible] সৌরচুল্লি এমন এক ধরনের সোলার প্যানেল যা সূর্যের থেকে আসা শক্তি গ্রহণ করে তা বিদ্যুৎশক্তি ও তাপশক্তিতে রূপান্তরিত করে। ২০১৪ সালে মার্কিন যুক্তরাষ্ট্রে সবচেয়ে শক্তিশালী সৌরচুল্লি নির্মিত হয়। কিন্তু বর্তমানে সবচেয়ে শক্তিশালী সৌরচুল্লি ভারতের তামিলনারুতে অবস্থিত।

১৪. IC চিপ দিয়ে তৈরি প্রথম ডিজিটাল কম্পিউটার–
ক. Intell 4004 খ. DDP-1
গ. Mark-1 ঘ. IBM-1600 সিরিজ
উত্তর✓ [illegible] আইসি বা ইন্টিগ্রেটেড সার্কিট আবিষ্কার করেন জ্যাক কেলবি। আইসি দিয়ে তৈরি প্রথম ডিজিটাল কম্পিউটার IBM-৩৬০। সঠিক উত্তর নেই।

১৫. কোনটি সিমেন্ট তৈরির অন্যতম কাঁচামাল?
ক. সালফার খ. জিপসাম
গ. খনিজ লবণ ঘ. সোডিয়াম
উত্তর✓ খ [illegible] জিপসাম এর রাসায়নিক সংকেত $CaSo_4.2\ H_2O$। এটি সিমেন্টের দ্রুত জমাট বদ্ধতা রোধে ব্যবহার করা হয়।

১৬. উপকূলে কোনো একটি স্থানে পর পর দুটি জোয়ারের ব্যবধান হলো–
ক. চাঁদের তিথি অনুসারে খ. ২৪ ঘণ্টা
গ. ১২ ঘণ্টা ঘ. ৬ ঘণ্টা
উত্তর✓ গ [illegible] চন্দ্র এবং সূর্য ভূ-পৃষ্ঠের জল ও স্থলকে অবিরাম আকর্ষণ করছে। চন্দ্র ও সূর্যের আকর্ষণ এবং পৃথিবীর অভিকর্ষ বলের প্রভাবে পৃষ্ঠের পানি প্রত্যহ স্থানবিশেষে ফুলে উঠে এবং অন্যত্র নেমে যায়। পানির এই ফুলে উঠাকে জোয়ার এবং নেমে যাওয়াকে ভাটা বলে। সমুদ্রের একই জায়গায় প্রতিদিন দুইবার জোয়ার ও দুইবার ভাটা হয়। পরপর দু'টি জোয়ারের ব্যবধান হলো - ১২ ঘণ্টা।

১৭. নাইট্রোজেনের প্রধান উৎস–
ক. উদ্ভিদ খ. প্রাণিদেহ
গ. মাটি ঘ. বায়ুমণ্ডল
উত্তর✓ ঘ [illegible] বায়ুমণ্ডলে বিভিন্ন গ্যাস রয়েছে। আয়তনের দিক থেকে নাইট্রোজেন বেশি পাওয়া যায়। এর পরিমাণ হলো - ৭৮.০২ শতাংশ।

১৮. Natural protein-এর কোড নাম–
ক. P-49 খ. P 51
গ. P 53 ঘ. P 54
উত্তর✓ ক [illegible] প্রোটিন হলো বৃহদাকার সক্রিয় জৈব রাসায়নিক যৌগ যা দেহের প্রাথমিক খাদ্য। কার্বন, অক্সিজেন, হাইড্রোজেন, নাইট্রোজেন ফসফরাসের সমন্বয়ে প্রোটিন গঠিত। প্রোটিনের প্রধান কাজ হলো দেহের গঠন, বৃদ্ধি সাধন ও লক্ষ্য পূরণ করা। Natural Protein এর কোড নাম হলো P-49।

১৯. আল্ট্রাসনিক শব্দ বলতে বুঝায়–
ক. যার গতি শব্দের গতি থেকে কম
খ. যার গতি শব্দের গতি থেকে বেশি
গ. যে শব্দ সাধারণভাবে মানুষ শুনতে পায়
ঘ. যে শব্দ কোনো কোনো জীবজন্তু শুনতে পায়
উত্তর✓ খ [illegible] যে সব শব্দ তরঙ্গের কম্পাঙ্ক ২০,০০০ Hz এর বেশি তাকে শব্দোত্তর বা আলট্রাসনিক তরঙ্গ বলে। বাদুড়ের শ্রাব্যতার উর্ধ্বসীমা 100000Hz.

২০. ফরাসি বিপ্লব কোন সালে অনুষ্ঠিত হয়?
ক. ১৭৯৫ সালে খ. ১৭৯৩ সালে
গ. ১৭৮৯ সালে ঘ. ১৭৮৫ সালে
উত্তর✓ গ [illegible] ১৭৮৯ সালের ১৪ জুলাই বাস্তিল দুর্গ আক্রমণের মাধ্যমে ফরাসি বিপ্লব শুরু হয়। ফরাসি বিপ্লবের মূলনীতি ছিল স্বাধীনতা, সাম্য, ভ্রাতৃত্ব। এই বিপ্লবের ফলে ফ্রান্সে নিরঙ্কুশ রাজতন্ত্র বিলুপ্ত হয়ে প্রজাতান্ত্রিক আদর্শের অগ্রযাত্রা শুরু হয়।

২১. পাঁচ ফুট দীর্ঘ একটি তারকে এমনভাবে দুই ভাগে ভাগ করা হলো যেন এক অংশ অন্য অংশের $\frac{২}{৩}$ হয়। ছোট অংশটি কত ইঞ্চি লম্বা?
ক. ৮ খ. ১২
গ. ২৪ ঘ. ৩৬
উত্তর✓ গ [illegible] মনে করি, বড় অংশ x

ছোট অংশ x এর $\frac{২}{৩} = \frac{২x}{৩}$

প্রশ্নমতে, $x + \frac{২x}{৩} = ৫$

$\Rightarrow \frac{৩x + ২x}{৩} = ৫ \Rightarrow ৫x = ১৫ \therefore x = ৩$

$\therefore$ ছোট অংশ = ৩ এর $\frac{২}{৩} = ২$ ফুট

$= ২ \times ১২$ | ১ফুট = ১২ ইঞ্চি
$= ২৪$ ইঞ্চি

২২. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বাড়ানো হলো এবং প্রস্থ ২০% কমানো হলো। ক্ষেত্রফল–
ক. ৪% কমবে খ. ৪% বাড়বে
গ. ২% কমবে ঘ. অপরিবর্তিত থাকবে
উত্তর✓ ক [illegible]

$r + r + \frac{r.r}{100}$ | বৃদ্ধি হলে (+)
$= ২০ - ২০ + \frac{২০.(-২০)}{১০০}$ | হ্রাস হলে (-)

$= -\frac{৪০০}{১০০} = -৪\%$ কমবে

২৩. $\frac{৭}{১৭}$ এর হর এবং লবের সঙ্গে কোন সংখ্যাটি যোগ করলে ভগ্নাংশটি $\frac{৩}{৫}$ হবে?

ক. ৭ খ. ৮
গ. ৬ ঘ. ১৩

উত্তর✓ খ মনে করি, সংখ্যাটি x

প্রশ্নমতে, $\frac{৭ + x}{১৭ + x} = \frac{৩}{৫}$

$\Rightarrow ৩৫ + ৫x = ৫১ + ৩x$

$\Rightarrow ৫x - ৩x = ৫১ - ৩৫$

$\Rightarrow ২x = ১৬$

$\Rightarrow x = \frac{১৬}{২} = ৮$

২৪. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল ৩০০ বর্গমিটার হলে উহার পরিসীমা কত?

ক. ৯০ মিটার খ. ৭০ মিটার
গ. ৭৫ মিটার ঘ. ৮০ মিটার

উত্তর✓ ঘ মনে করি, প্রস্থ x মিটার, দৈর্ঘ্য 3x মিটার

আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ

$\Rightarrow ৩০০ = ৩x \times x$

$\Rightarrow x^2 = \frac{৩০০}{৩} = ১০০$

$\Rightarrow x = \sqrt{১০০}$

$x = ১০$ মিটার

$\therefore$ পরিসীমা $= ২ (\text{দৈর্ঘ্য} + \text{প্রস্থ})$
$= ২ (৩ \times ১০ + ১০)$
$= ২ (৩০ + ১০)$
$= ৮০$ মিটার

২৫. m এর মান কত হলে $4x^2 - mx + 9$ একটি পূর্ণ বর্গ হবে?

ক. 16 খ. 12
গ. 10 ঘ. 9

উত্তর✓ খ $4x^2 - mx + 91 + 12x - mx$
$= (2x)^2 - 2.2x.3 + 3^2 + 12x - mx$
$= (2x - 3)^2 + 12x - mx$
রাশিটি পূর্ণ বর্গ হবে যদি $12x - mx = 0$
$\Rightarrow 12x = mx$
$\Rightarrow m = 12$

২৬. $(x - 5)(a + x) = x^2 - 25$ হলে, a এর মান কত?

ক. 25 খ. – 25
গ. 5 ঘ. – 5

উত্তর✓ গ $(x - 5)(a + x) = x^2 - 25$
$\Rightarrow (x - 5)(a + x) = (x - 5)(x + 5)$
$\Rightarrow a + x = x + 5$
$\Rightarrow a = x + 5 - x$
$\therefore a = 5$

২৭. $a + b = 5$ এবং $a - b = 3$ হলে, ab এর মান কত?

ক. 4 খ. 5
গ. 3 ঘ. 2

উত্তর✓ ক আমরা জানি,

$ab = \left(\frac{a + b}{2}\right)^2 - \left(\frac{a - b}{2}\right)^2$

$= \left(\frac{5}{2}\right)^2 - \left(\frac{3}{2}\right)^2 = \frac{25}{4} - \frac{9}{4} = \frac{25 - 9}{4} = \frac{16}{4} = 4$

২৮. কোনো বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত–

ক. ৩ খ. ৫
গ. ২৫/৯ ঘ. ২২/৭

উত্তর✓ ঘ বৃত্তের পরিধি : বৃত্তের ব্যাস

$= 2\pi r : 2r = \frac{2\pi r}{2r} = \pi = \frac{২২}{৭}$

২৯. সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য দেওয়া থাকলে–

ক. একটিমাত্র ত্রিভুজ আঁকা যায় খ. দুটি মাত্র ত্রিভুজ আঁকা যায়
গ. কোনো ত্রিভুজ আঁকা যায় না ঘ. অনেকগুলো ত্রিভুজ আঁকা যায়

উত্তর✓ ঘ ত্রিভুজ আঁকতে হলে ন্যূনতম একটি কোণ বাহু থাকতে হবে। সমকোণী ত্রিভুজের অতিভুজ দেওয়া থাকলে অনেকগুলো ত্রিভুজ আঁকা যাবে।

৩০. দুটি ক্রমিক জোড় সংখ্যার অনুপাত 1:2। সংখ্যা দুটি নির্ণয় করুন

ক. 1 এবং 2 খ. 2 এবং 4
গ. 4 এবং 8 ঘ. 8 এবং 16

উত্তর✓ খ মনে করি,
সংখ্যা দ্বয় x এবং x + 2

প্রশ্নমতে, $x : x + 2 = 1 : 2$

$\Rightarrow \frac{x}{x + 2} = \frac{1}{2} \Rightarrow 2x = x + 2$

$\Rightarrow 2x - x = 2 \quad \therefore x = 2$

$\therefore$ সংখ্যা দুটি হলো 2 এবং $(2 + 2) = 4$

৩১. একটি দ্রব্য ৪০০ টাকায় ক্রয় করে ২০% ক্ষতিতে বিক্রয় করা হলো। দ্রব্যটির বিক্রয়মূল্য কত?

ক. ৩২০ টাকা খ. ৩৫০ টাকা
গ. ২৮০ টাকা ঘ. ২৪০ টাকা

উত্তর✓ ক বিক্রয়মূল্য $= \frac{১০০ - \text{ক্ষতি}}{১০০} \times \text{ক্রয় মূল্য}$

$= \frac{১০০ - ২০}{১০০} \times ৪০০$

$= \frac{৮০ - ১০০}{১০০} \times ৪০০$

$= ৩২০$ টাকা

৩২. কোনো পরীক্ষায় পরীক্ষার্থীর ৮০% গণিত এবং ৭০% বাংলা পাস করল। উভয় বিষয়ে পাস করল ৬০%। উভয় বিষয়ে শতকরা কতজন ফেল করল?

ক. ১৫ খ. ১২
গ. ১০ ঘ. ৯

উত্তর✓ গ
শুধু গণিতে পাস করে $= (৮০ - ৬০)\% = ২০\%$
শুধু বাংলায় পাস করে $= (৭০ - ৬০)\% = ১০\%$
গণিতে বা বাংলায় বা উভয় বিষয়ে পাস করে
$= (২০ + ১০ + ৬০)\% = ৯০\%$
উভয় বিষয়ে ফেল করে $= (১০০ - ৯০)\% = ১০\%$

৩৩. ৬০ লিটার মিশ্রণে এসিড ও পানির অনুপাত ৭ ঃ ৩। ঐ মিশ্রণে পানির পরিমাণ কত?

ক. ১৫ লিটার　　খ. ১৮ লিটার
গ. ১২ লিটার　　ঘ. ১০ লিটার

উত্তর✓ খ [illegible] অনুপাত দ্বয়ের যোগফল = ৭ + ৩ = ১০

∴ পানির পরিমাণ = $\left(৬০ \text{ এর } \frac{৩}{১০}\right)$

= ১৮ লিটার

৩৪. ১৫টি ভেড়ার মূল্য ৫টি গরুর মূল্যের সমান। ২টি গরুর মূল্য ৩০০০ টাকা হলে ৩টি ভেড়ার মূল্য কত?

ক. ২০০০ টাকা　　খ. ১৮০০০ টাকা
গ. ১৬০০ টাকা　　ঘ. ১৫০০ টাকা

উত্তর✓ ঘ [illegible]

২টি গরুর মূল্য ৩০০০ টাকা

১ " " $= \frac{৩০০০}{২} = ১৫০০$ টাকা

∴ ৫টি গরুর মূল্য = ১৫০০ × ৫ = ৭৫০০ টাকা

∴ ১৫টি ভেড়ার মূল্য ৭৫০০ টাকা

∴ ৩ " " $= \frac{৭৫০০ \times ৩}{১৫} = ১৫০০$ টাকা

৩৫. ১, ৩, ৬, ১০, ১৫, ২১, ... ধারাটির দশম পদ কত?

ক. ৫৫　　খ. ৩৬
গ. ৪৫　　ঘ. ৭২

উত্তর✓ ক [illegible]

১	৩	৬	১০	১৫	২১	২৮	৩৬	৪৫	৫৫
অন্তর	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

৩৬. পিতার বর্তমান বয়স পুত্রের বয়সের চারগুণ। ৬ বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের দশগুণ ছিল। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত?

ক. ৫৬ এবং ১৪ বছর　　খ. ৩৬ এবং ৯ বছর
গ. ৩২ এবং ৮ বছর　　ঘ. ৪০ এবং ১০ বছর

উত্তর✓ খ [illegible] মনে করি,

পুত্রের বর্তমান বয়স x বছর
পিতার " " 8x "
৬ বছর পূর্বে পুত্রের বয়স (x − ৬)
৬ " " পিতার " (8x − ৬)

প্রশ্নমতে, ১০ (x − ৬) = 8x − ৬

$\Rightarrow$ ১০x − ৬০ = 8x − ৬

$\Rightarrow$ ১০x − 8x = ৬০ − ৬

$\Rightarrow$ ৬x = ৫৪

$x = \frac{৫৪}{৬} = ৯$

পুত্রের বর্তমান বয়স ৯ বছর

পিতার বর্তমান বয়স (৪ × ৬) = ৩৬ বছর।

৩৭. একটি ক্লাসে ৩০ জন ছাত্র আছে। তাদের মধ্যে ১৮ জন ফুটবল খেলে, ১৪ জন ক্রিকেট খেলে এবং ৫ জন কিছুই খেলে না। কতজন উভয়টিই খেলে?

ক. ৩ জন　　খ. ৫ জন
গ. ৭ জন　　ঘ. ১০ জন

উত্তর✓ গ [illegible]

শুধু ফুটবল খেলে না = (৩০ − ১৮ − ৫) = ৭ জন
শুধু ক্রিকেট খেলে না = (৩০ − ১৪ − ৫) = ১১ জন
শুধু ফুটবল বা ক্রিকেট বা কোন খেলা খেলে না
= (৭ + ১১ + ৫) = ২৩ জন
উভয় খেলা খেলে = (৩০ − ২৩) = ৭ জন

৩৮. দুটি সংখ্যার গ. সা. গু ও ল. সা. গু যথাক্রমে ২ ও ৩৬০। একটি সংখ্যা ১০ হলে, অপর সংখ্যাটি কত?

ক. ৪৮　　খ. ৫২
গ. ৬০　　ঘ. ৭২

উত্তর✓ ঘ [illegible] মনে করি, অপর সংখ্যা x

আমরা জানি, সংখ্যাদ্বয়ের গুণফল = ল. সা. গু × গ. সা. গু

$\Rightarrow$ ১০ × x = ২ × ৩৬০

$\Rightarrow x = \frac{২ \times ৩৬০}{১০}$

∴ x = ৭২

৩৯. ৬ জন পুরুষ, ৮ জন স্ত্রীলোক এবং ১ জন বালকের বয়সের গড় ৩৫ বছর। পুরুষদের বয়সের গড় ৪০ বছর এবং স্ত্রীলোকদের বয়সের গড় ৩৪ বছর। বালকের বয়স কত?

ক. ১৩ বছর　　খ. ১৫ বছর
গ. ১৫ বছর　　ঘ. ১৪ বছর

উত্তর✓ ক [illegible] ৬ জন পুরুষ + ৮ জন স্ত্রীলোক + ১ জন বালক = ১৫ জনের মোট বয়স (৩৫ × ১৫) = ৫২৫ বছর
৬ জন পুরুষের মোট বয়স (৪০ × ৬) = ২৪০ বছর
৮ জন স্ত্রীলোকের মোট বয়স (৩৪ × ৮) = ২৭২ বছর
বালকের বয়স = (৫২৫ − ২৪০ − ২৭২)
= ১৩ বছর

৪০. দুটি নল দ্বারা একটি চৌবাচ্চা যথাক্রমে ১০ ও ১৫ ঘণ্টায় পানি পূর্ণ করে। নল দুটি একত্রে খোলা রাখলে চৌবাচ্চাটি কতক্ষণে পূর্ণ হবে?

ক. ৫ ঘণ্টায়　　খ. ৬ ঘণ্টায়
গ. ৭ ঘণ্টায়　　ঘ. ৮ ঘণ্টায়

উত্তর✓ কখ সুলতানি আমলে বিভিন্ন সময়ে বাংলার রাজধানী ছিল তিনটি। ১৩৩৮-১৩৫২ সাল পর্যন্ত রাজধানী ছিল সোনারগাঁও, ১৪১৮-১৫৬৫ সাল পর্যন্ত রাজধানী ছিল গৌড় এবং ১৫৬৫ – ১৭৭৫ সাল পর্যন্ত রাজধানী ছিল আজিমাবাদ।

৩৪. রাশিয়ার মুদ্রার নাম–

ক. পেসো　　খ. ইউরো
গ. রুবল　　ঘ. লিরা

উত্তর✓ গ রাশিয়া এবং বেলারুশ এর মুদ্রার নাম রুবল। লিরা পূর্বে ইতালির মুদ্রা ছিল। বর্তমানে ইতালির মুদ্রার নাম ইউরো।

৩৫. বিশ্বের কোন নগরটি দুটি মহাদেশে অবস্থিত?

ক. মস্কো　　খ. প্যারিস
গ. কায়রো　　ঘ. ইস্তাম্বুল

উত্তর✓ ঘ ইস্তাম্বুল তুরস্কের অন্যতম প্রধান শহর। এর পুরোনো নাম কন্সটান্টিনোপল। ১৯২৩ সাল পর্যন্ত এখানেই ছিল তুরস্কের রাজধানী। বসফরাস প্রণালি ইস্তাম্বুলকে দুই ভাগে বিভক্ত করেছে। যার এক অংশ এশিয়া মহাদেশে অপর অংশ ইউরোপ মহাদেশে অবস্থিত।

৩৬. 'শাহনামা' কোন ভাষায় রচিত?

ক. আরবি　　খ. ফারসি
গ. উর্দু　　ঘ. ফরাসি

উত্তর✓ খ পারস্যের কবি ফেরদৌসী রচিত 'শাহনামা' ফারসি ভাষার রচিত একটি দীর্ঘ মহাকাব্য। ফারসি ভাষার রচিত এই মহাকাব্যে প্রায় ৬০ হাজার শ্লোক রয়েছে। ইরানের ইতিহাস ও ঐতিহ্যকে তুলে আনা হয়েছে এই মহাকাব্যে।

৩৭. যমুনা নদী কোথায় পতিত হয়েছে?

ক. পদ্মা　　খ. মেঘনা
গ. বঙ্গোসাগর　　ঘ. ব্রহ্মপুত্র

উত্তর✓ ক যমুনা নদী জামালপুরের দেওয়ানগঞ্জে ব্রহ্মপুত্র নদ হতে উৎপন্ন হয়। এই নদী মানিকগঞ্জের শিবালয়ে বা রাজবাড়ীর গোয়ালন্দে পদ্মা নদীর সাথে মিলিত হয়ে পদ্মা নাম ধারণ করে প্রবাহিত হয়েছে। যমুনা নদীর দৈর্ঘ্য ৯০ কিলোমিটার।

৩৮. বাংলাদেশের উপর দিয়ে যে ভৌগোলিক কাল্পনিক রেখা গেছে তার নাম কী?

ক. বিষুব রেখা　　খ. মকর রেখা
গ. কর্কট রেখা　　ঘ. দ্রাঘিমা রেখা

উত্তর✓ গ নিরক্ষরেখা বা বিষুবরেখা হতে ২৩.৫° উত্তর অক্ষাংশকে কর্কটক্রান্তি রেখা বলে। যা এশিয়ার দক্ষিণ ভাগ এবং বাংলাদেশের মধ্যভাগ দিয়ে গঠন করেছে। এর অক্ষাংশ ২০°৩০′ উত্তর।

৩৯. বাংলাদেশের সবচেয়ে প্রাচীন বিহার কোনটি?

ক. শালবন বিহার　　খ. সীতাকোট বিহার
গ. আনন্দ বিহার　　ঘ. সোমপুর বিহার

উত্তর✓ ঘ বাংলাদেশের সবচেয়ে প্রাচীন বৌদ্ধ বিহার সীতাকোট বিহার। বিহারটি দিনাজপুর জেলার নবাবগঞ্জে অবস্থিত। সীতাকোট বিহার খ্রিস্টীয় পঞ্চম বা ষষ্ঠ শতকে নির্মিত হয়।

৪০. প্রেসার কুকারে পানির স্ফুটনাংক–

ক. ঠিক থাকে　　খ. কম হয়
গ. বেশি হয়　　ঘ. কোনোটিই নয়

উত্তর✓ গ বেশি তাপ পেলে খাদ্যদ্রব্য তাড়াতাড়ি সিদ্ধ হয়। কিন্তু পানির তাপমাত্রা ১০০° সেন্টিগ্রেডের উপরে যাওয়ার কোন উপায় নেই। প্রেসার কুকারে চাপ বৃদ্ধির মাধ্যমে তরলের স্ফুটনাঙ্ক বৃদ্ধি করা হয়। ফলে পানির উচ্চ তাপমাত্রায় ফুটাতে শুরু করে।

৪১. কোন বৃহত্তম সংখ্যা দিয়ে ১০২ ও ১৮৬ কে ভাগ করলে প্রত্যেক বার ৬ অবশিষ্ট থাকবে?

ক. ১৬　　খ. ১৫
গ. ১২　　ঘ. ২২

উত্তর✓ গ ১০২ – ৬ = ৯৬, ১৮৬ – ৬ = ১৮০
ভাগ করলে অবশিষ্ট থাকবে না।
৯৬ ও ১৮০ এর গ.সা.গু

```
৯৬ | ১৮০ | ১
     ৯৬
  ৮৪ | ৯৬ | ১
       ৮৪
  ১২ | ৮৪ | ৭
       ৮৪
       ০
```

নির্ণেয় গ.সা.গু = ১২
বৃহত্তম সংখ্যা = ১২

৪২. কতকগুলো ঘন্টা একসাথে বাজার ১০ সে., ১৫ সে., ২০ সে. এবং ২৫ সে. পরপর বাজতে লাগল। উহারা আবার কতক্ষণ পরে একত্রে বাজবে?

ক. ১ মি. ২০ সে.　　খ. ১ মি. ৩০ সে.
গ. ৩ মিনিট　　ঘ. ৫ মিনিট

উত্তর✓ ঘ ১০, ১৫, ২০ ও ২৫ এর ল.সা.গু

```
২ | ১০, ১৫, ২০, ২৫
৫ | ৫, ১৫, ১০, ২৫
      ১, ৩, ২, ৫
```

নির্ণেয় ল.সা.গু = ২ × ৫ × ৩ × ২ × ৫ = ৩০০
তারা একত্রে বাজাবে = ৩০০ সেকেন্ড পরে

$$= \frac{৩০০}{৬০} \text{ মিনিট পরে}$$

= ৫ মিনিট পরে

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৪৩. দুটি সংখ্যার অনুপাত ৫ : ৭ এবং তাদের গ. সা. গু ৬ হলে সংখ্যা দুটির ল. সা. গু কত?

ক. ২১০ খ. ১৮০
গ. ২০০ ঘ. ২২০

উত্তর✓ ক মনে করি, সংখ্যা দুইটি ৫x ও ৭x
৫x ও ৭x সংখ্যাদ্বয়ের গ. সা. গু = x
৫x ও ৭x " ল. সা. গু = ৩৫x
= ৩৫ × ৬
= ২১০ [∵ x = ৬]

৪৪. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি সবচেয়ে বড়?

ক. $\frac{২৩}{৩০}$ খ. $\frac{১৩}{১৫}$
গ. $\frac{৪}{৫}$ ঘ. $\frac{২}{৩}$

উত্তর✓ খ $\frac{২৩}{৩০} = ০.৭৬৭$, $\frac{১৩}{১৫} = ০.৮৬৭$, $\frac{৪}{৫} = ০.৮$ ও $\frac{২}{৩} = ০.৬৬৭$। উক্ত ফলাফলসমূহের মধ্যে $\frac{১৩}{১৫} = ০.৮৬৭$ বৃহত্তম।

৪৫. ০.৫ × ০.০০০০৫ = কত?

ক. ০.০২৫ খ. ০.০০০০২৫
গ. ০.০০০০০২৫ ঘ. ০.২৫

উত্তর✓ খ ০.৫ × ০.০০০০৫ = ০.০০০২৫

৪৬. $\frac{0.001}{0.1 \times 0.1}$ = কত?

ক. 0.001 খ. 0.01
গ. 0.1 ঘ. 1.0

উত্তর✓ গ $\frac{0.001}{0.1 \times 0.1} = \frac{1 \times 10 \times 10}{1000 \times 1 \times 1} = 0.1$

৪৭. একটি শ্রেণিতে যতজন ছাত্র আছে প্রত্যেককে তত টাকা করে প্রদান করলে মোট ৬৫৬১ টাকা হয়। ছাত্র সংখ্যা কত?

ক. ৭৫ খ. ৯১
গ. ৯২ ঘ. ৮১

উত্তর✓ ঘ মনে করি, ছাত্র x জন
1 জন ছাত্র দেয় x টাকা
x " " " $(x \times x) = x^2$ টাকা
প্রশ্নমতে, $x^2 = ৬৫৬১$
$\Rightarrow x = \sqrt{৬৫৬১}$
$\therefore x = ৮১$ জন।

৪৮. ১১ জন লোকের গড় ওজন ৭০ কেজি। ৯০ কেজি ওজনের একজন লোক চলে গেলে বাকিদের গড় ওজন কত হয়?

ক. ৬৮ কেজি খ. ৭২ কেজি
গ. ৮০ কেজি ঘ. ৬২ কেজি

উত্তর✓ ক
১১ জন লোকের ওজনের সমষ্টি = (৭০ × ১১)
= ৭৭০ কেজি
৯০ কেজি ওজনের একজন চলে গেলে বাকি ১০ জনের ওজন
= (৭৭০ − ৯০) = ৬৮০ কেজি
১০ জনের গড় ওজন = $\frac{৬৮০}{১০}$ = ৬৮ কেজি।

৪৯. দুটি সংখ্যার যোগফল ৮। যদি সংখ্যাগুলো ৩ : ১ অনুপাত থাকে, তবে সংখ্যাগুলোর গুণফল হবে–

ক. ১০ খ. ১২
গ. ১৫ ঘ. ১৮

উত্তর✓ খ মনে করি, সংখ্যা দু'টি 3x ও x.
প্রশ্নমতে, ৩x + x = ৮
$\Rightarrow 4x = ৮$
$\Rightarrow x = \frac{৮}{৪} = ২$
গুণফল = ৩x × x = ৩ × ২ × ২ = ১২

৫০. ৩০ লিটার পরিমাণ মিশ্রণে এসিড ও পানির অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে কি পরিমাণ পানি মিশ্রিত এসিড ও পানির অনুপাত ৩ : ৭ হবে?

ক. ২৫ লিটার খ. ৩০ লিটার
গ. ৪০ লিটার ঘ. ৪৫ লিটার

উত্তর✓ গ অনুপাত দ্বয়ের যোগফল = ৭ + ৩ = ১০
এসিডের পরিমাণ = $\left(৩০ \text{ এর } \frac{৭}{১০}\right)$ = ২১ লি.
পানির পরিমাণ = $\left(৩০ \text{ এর } \frac{৩}{১০}\right)$ = ৯ লি.
ধরি, x লিটার পানি মিশ্রিত করতে হবে
প্রশ্নমতে, ২১ : ৯ + x = ৩ : ৭
$\Rightarrow \frac{২১}{৯ + x} = \frac{৩}{৭}$
$\Rightarrow ২৭ + ৩x = ১৪৭$
$\Rightarrow ৩x = ১৪৭ - ২৭$
$\Rightarrow x = \frac{১২০}{৩} = ৪০$

৫১. একটি দুর্গে ৫০০ জন লোকের ২০ দিনের খাবার মজুত আছে। ৫ দিন পর ১০০ জন লোক চলে গেলে বাকি খাদ্যে আর কত দিন চলবে?

ক. $১৯\frac{১}{২}$ দিন খ. $১৬\frac{১}{২}$ দিন
গ. $১৭\frac{১}{২}$ দিন ঘ. $১৮\frac{৩}{৪}$ দিন

উত্তর✓ ঘ
১০০ জন লোক চলে গেলে বাকি লোক থাকে (৫০০ − ১০০) জন
= ৪০০ জন
৫ দিন পরে,
৫০০ লোকের খাদ্য মজুদ আছে (২০ − ৫) = ১৫ দিনের
১ " " " " (১৫ × ৫০০) "
∴ ৪০০ " " " " $\frac{১৫ \times ৫০০}{৪০০}$ "
= $\frac{৭৫}{৪}$ বা $১৮\frac{৩}{৪}$ দিনের।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
১৫০০+ চাকরির প্রস্তুতি সহায়ক pdf পেতে

www.exambd.net

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৫২. যদি একটি কাজ ৯ জন লোক ১৫ দিনে করতে পারে অতিরিক্ত ৩ জন লোক নিয়োগ করলে কাজটি কতদিনে শেষ হবে?

ক. $8\frac{৩}{৪}$ খ. $১১\frac{১}{৪}$

গ. ১০ ঘ. ১২

উত্তর✓ খ মোট লোক হবে = ৯ + ৩ = ১২ জন।

৯ জন লোক করতে পারে ১৫ দিনে

১ " " " " = ৯ × ১৫ "

১২ " " " " = $\frac{৯ \times ১৫}{১২} = \frac{৪৫}{৪} = ১১\frac{১}{৪}$ দিন

৫৩. কোন দেশে সর্বপ্রথম জ্যামিতি আলোচনা শুরু হয়?

ক. মিসরে খ. আরবে

গ. গ্রিসে ঘ. চীনে **উত্তর ক**

৫৪. একটি ত্রিভুজের মধ্যমাত্রয় পরস্পর সমান হলে ত্রিভুজটি–

ক. বিষমবাহু খ. সমদ্বিবাহু

গ. সমকোণী ঘ. সমবাহু

উত্তর✓ ঘ যে ত্রিভুজের তিনটি বাহুই সমান তাকে সমবাহু ত্রিভুজ বলে। সমবাহু ত্রিভুজের মধ্যমা তিনটির দৈর্ঘ্য সমান থাকে।



৫৫. কোনো বৃত্তে স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধ এবং স্পর্শকের অন্তর্ভুক্ত কোণ–

ক. এক সমকোণের অর্ধেক খ. এক সমকোণ

গ. দুই সমকোণ ঘ. সরলকোণ

উত্তর✓ খ



এখানে, ∠ABC = 90°, BD স্পর্শক, OB স্পর্শ বিন্দুগামী ব্যাসার্ধ।

৫৬. $x - \frac{1}{x} = 2$ হলে, $x^3 - \frac{1}{x^3}$ = কত?

ক. 4 খ. 12

গ. 14 ঘ. 16

উত্তর✓ গ আমরা জানি, $x^3 - \frac{1}{x^3}$

$= \left(x - \frac{1}{x}\right)^3 + 3.x.\frac{1}{x}\left(x - \frac{1}{x}\right)$

$= (2)^3 + 3.2 = 8 + 6 = 14$

৫৭. যদি $(x - 5)(a + x) = x^2 - 25$ হয়, তবে a এর মান কত?

ক. 5 খ. –5

গ. 25 ঘ. –25

উত্তর✓ ক $(x - 5)(a + x) = (x + 5)(x - 5)$

$\Rightarrow a + x = x + 5 \Rightarrow a + x - x = 5 \Rightarrow a = 5$

৫৮. $(a + b)(a^2 - ab + b^2)$ = কত?

ক. $a^3 - b^3$ খ. $a^3 + b^3$

গ. $a^6 - b^6$ ঘ. $a^6 + b^6$

উত্তর✓ খ $(a + b)(a^2 - ab + b^2)$

$= a^3 - a^2b + ab^2 + a^2b - ab^2 + b^3$

$= a^3 + b^3$

৫৯. ১ + ২ + ৩ + ৪ + ... + ৯৯ = কত?

ক. ৪৬৫০ খ. ৪৭৫০

গ. ৪৮৫০ ঘ. ৪৯৫০

উত্তর✓ খ সমষ্টি = $\frac{\text{শেষ পদ} + ১\text{ম পদ}}{২} \times \text{পদ সংখ্যা}$

$= \frac{৯৯ + ১}{২} \times ৯৯$

$= \frac{১০০}{২} \times ৯৯$

$= ৫০ \times ৯৯$

$= ৪৯৫০$

৬০. বৃত্তের ব্যাস ৩ গুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?

ক. ১৬ খ. ১২

গ. ৯ ঘ. ৪

উত্তর✓ গ মনে করি, বৃত্তের ব্যাস = 2r

তিনগুণ বৃদ্ধি করলে ব্যাস = 3 × 2r = 6r

∴ ব্যাসার্ধ = $\frac{6r}{2} = 3r$

ক্ষেত্রফল = $\pi r^2 = \pi(3r)^2 = 9\pi r^2$

9 গুণ বৃদ্ধি পাবে।

৬১. কোনটি শুদ্ধ বানান?

ক. ব্যতীত খ. ব্যতিত

গ. ব্যাতীত ঘ. ব্যাতিত

উত্তর✓ ক কতিপয় শুদ্ধ বানান: ব্যতীত, ব্যধিকরণ, ব্যাধি, বাহ্য, বিচূর্ণ, বিদ্বজ্জন, বিদীর্ণ, বিভীষিকা, বিষণ্ন, বীণাপাণি।

৬২. কোন শব্দটি সঠিক?

ক. আভ্যন্তরীণ খ. অভ্যন্তরীণ

গ. আভ্যন্তরীণ ঘ. অভ্যান্তরীণ

উত্তর✓ খ শুদ্ধ শব্দরূপ: অভ্যন্তরীণ, অঘ্রান, অদ্যাপি, অগ্রহায়ণ, অক্ষৌহিণী, অন্ধ, অজীর্ণ, অদ্বৈত, অদ্ভুত ইত্যাদি।

৬৩. 'সাক্ষী গোপাল' অর্থ কী?

ক. সক্রিয় দর্শক খ. কর্তব্যবিমুখ

গ. কর্তব্যপরায়ণ ঘ. নিষ্ক্রিয় দর্শক

উত্তর✓ ঘ কতিপয় গুরুত্বপূর্ণ বাগধারা : হাতে জল না গলা (অতি কৃপণ); হাতে দূর্বা গজান (কুঁড়ে হওয়া); হাল ছেড়ে দেওয়া (হতাশ হওয়া); হাতে বেড়ি পড়া (গ্রেফতার হওয়া)।

৬৪. 'মনীষা' শব্দের বিপরীত অর্থ–

ক. প্রভা খ. স্থিরতা

গ. নির্বোধ ঘ. মনস্বিতা

উত্তর✓ গ কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
মুখর	মৌন	মৃদু	তীব্র
মূর্ত	বিমূর্ত	মত্ত	নির্লিপ্ত
মজবুত	ঠুনকো	মঞ্জুর	নামঞ্জুর

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICAT

৬৫. 'সংশয়' এর বিপরীতার্থক শব্দ কোনটি?

ক. নির্ভয় খ. প্রত্যয়
গ. বিস্ময় ঘ. দ্বিধা

উত্তর✓ খ ব্যাখ্যা কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
সমষ্টি	ব্যষ্টি	সুশীল	দুঃশীল
স্থাবর	জঙ্গম	সবাক	নির্বাক
সন্নিকৃষ্ট	বিপ্রকৃষ্ট	সুষুপ্ত	জাগরিত

৬৬. কোনটি সমার্থক শব্দ নয়–

ক. গুজব খ. সংবাদ
গ. সন্দেশ ঘ. বার্তা

উত্তর✓ ক ব্যাখ্যা 'গুজব' ও 'সন্দেশ' এর সমার্থক শব্দ :

গুজব	রটনা, রটা, কানাকানি, বলাবলি, কর্ণান্তর।
সন্দেশ	সংবাদ, বার্তা, সমাচার, বৃত্তান্ত, খবর, হাড়হদ্দ।

৬৭. 'সত্ত্ব' শব্দের অর্থ–

ক. নিত্য খ. সাধু
গ. শুভ ঘ. অস্তিত্ব

উত্তর✓ ঘ ব্যাখ্যা কতিপয় গুরুত্বপূর্ণ শব্দার্থ :

প্রদত্ত শব্দ	শব্দার্থ	প্রদত্ত শব্দ	শব্দার্থ
সহস্রদল	পদ্ম	সয়া	সখীর স্বামী
সানুমান	পাহাড়	সলীল	লীলাযুক্ত

৬৮. 'লাঠালাঠি' কোন সমাস?

ক. প্রাদি সমাস খ. ব্যতিহার বহুব্রীহি
গ. তৎপুরুষ সমাস ঘ. কর্মধারায় সমাস

উত্তর✓ খ ব্যাখ্যা ক্রিয়ার পারস্পরিক অর্থে ব্যতিহার বহুব্রীহি হয়। এ সমাসে পূর্বপদে 'আ' এবং উত্তরপদে 'ই' যুক্ত হয়। যেমন: হাতে হাতে যে যুদ্ধ = হাতাহাতি, কানে কানে যে কথা = কানাকানি।

৬৯. 'কালির দাগ দাও' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. অধিকরণে শূন্য খ. অপাদানে শূন্য
গ. করণে ষষ্ঠী ঘ. কর্মে ২য়া উত্তর গ

৭০. 'কাঁদুনি' শব্দের সন্ধিবিচ্ছেদ–

ক. কাঁদ + নি খ. কাঁদো + উনি
গ. কাঁদ + ইনি ঘ. কাঁদ + উনি

উত্তর✓ ঘ ব্যাখ্যা কতিপয় বাংলা স্বরসন্ধি : নিন্দা + উক = নিন্দুক, মা + এ = মায়ে, মিতা + আলি = মিতালি, শত + এক = শতেক, ছেলে + আমি = ছেলেমি, খাসি + ইয়া = খাসিয়া।

৭১. কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ?

ক. পর + পর = পরস্পর খ. বাক্ + দান = বাগদান
গ. উৎ + ছেদ = উচ্ছেদ ঘ. সম্ + সার = সংসার

উত্তর✓ ক ব্যাখ্যা কয়েকটি নিপাতনে সিদ্ধ সন্ধি : পর + পর = পরস্পর; মনস + ঈষা = মনীষা; বৃহৎ + পতি = বৃহস্পতি; প্র + ঊঢ় = প্রৌঢ়; গো + অক্ষ = গবাক্ষ; বন + পতি = বনস্পতি; কুল + অটা = কুলটা।

৭২. কোনটি কবি ভারতচন্দ্রের উপাধি?

ক. রায় গুণাকর খ. কবিকণ্ঠহার
গ. কবিকঙ্কন ঘ. কবিরঞ্জন

উত্তর✓ ক ব্যাখ্যা নদীয়ার মহারাজ কৃষ্ণচন্দ্র ভারতচন্দ্রকে 'অন্নদামঙ্গল' কাব্য রচনার স্বীকৃতিস্বরূপ 'রায়গুণাকর' উপাধি প্রদান করেন।

৭৩. জহির রায়হানের 'আরেক ফাল্গুন' উপন্যাসটির পটভূমিকা হলো–

ক. ৭১-এর মুক্তিযুদ্ধ
খ. বৃটিশবিরোধী আন্দোলন
গ. একুশে ফেব্রুয়ারি ভাষা আন্দোলন
ঘ. এর কোনোটিই নয় উত্তর গ

৭৪. 'বিষাদ সিন্ধু' উপন্যাসের নায়ক–

ক. ইমাম হাসান খ. সীমার
গ. এজিদ ঘ. ইমাম হোসেন

উত্তর✓ ঘ ব্যাখ্যা মীর মশাররফ হোসেন মহররমের বিষাদময় ঐতিহাসিক কাহিনি অবলম্বনে 'বিষাদসিন্ধু' উপন্যাস রচনা করেন। উল্লেখযোগ্য চরিত্র : ইমাম হোসেন, এজিদ, সীমার, জায়েদা।

৭৫. বিদ্রোহী বালিকা বধূ 'জমিলা' কোন উপন্যাসের চরিত্র?

ক. অপুর সংসার খ. লালসালু
গ. গাভী বৃত্তান্ত ঘ. চাঁদের অমাবস্যা

উত্তর✓ খ ব্যাখ্যা সৈয়দ ওয়ালীউল্লাহর 'লালসালু' (১৯৪৮) উপন্যাসে তৎকালীন সমাজের অন্ধ বিশ্বাস, ধর্মীয় গোড়ামী, ধর্মকে ব্যবহার করে একশ্রেণির প্রতিনিধিত্ব প্রভৃতি বিষয় চিত্রায়িত হয়েছে। উল্লেখযোগ্য চরিত্র : মজিদ, জমিলা, রহিমা, আক্কাস প্রমুখ।

৭৬. কোনটি রবীন্দ্রনাথের রচনা?

ক. চতুরঙ্গ খ. চতুর্দশ
গ. চতুষ্কোণ ঘ. চতুষ্পাঠী

উত্তর✓ ক ব্যাখ্যা 'চতুরঙ্গ' (১৯১৬) রবীন্দ্রনাথ ঠাকুরের সামাজিক মনস্তাত্ত্বিক উপন্যাস। এছাড়া রবীন্দ্রনাথের উল্লেখযোগ্য উপন্যাস: চোখের বালি, ঘরে বাইরে, শেষের কবিতা, চার অধ্যায়, গোরা।

৭৭. জসীমউদ্‌দীনের নাটক কোনটি?

ক. রাখালী খ. বেদের মেয়ে
গ. মাটির কান্না ঘ. বোবা কাহিনী

উত্তর✓ খ ব্যাখ্যা বেদের মেয়ে, মধুমালা, গ্রামের মায়া, পল্লীবধূ, পদ্মাপাড় জসীমউদ্‌দীনের উল্লেখযোগ্য নাটক।

৭৮. সৌভাগ্যের বিষয় কোন বাগ্‌ধারাটি দ্বারা বোঝানো হয়েছে?

ক. কেউকেটা খ. গোঁফ-খেজুরে
গ. একাদশে বৃহস্পতি ঘ. এলাহি কাণ্ড

উত্তর✓ গ ব্যাখ্যা কয়েকটি বাগ্‌ধারা : কেউকেটা (নগণ্য ব্যক্তি), একাদশে বৃহস্পতি (সৌভাগ্যের বিষয়), গোঁফ খেজুরে (নিতান্ত অলস), এলাহী কাণ্ড (বিরাট আয়োজন)।

৭৯. গঠন অনুসারে বাক্য কত প্রকার?

ক. দুই প্রকার খ. পাঁচ প্রকার
গ. ছয় প্রকার ঘ. তিন প্রকার

উত্তর✓ ঘ ব্যাখ্যা গঠনগত দিক থেকে বাক্য তিন প্রকার। যথা:
i) সরল বাক্য ii) জটিল বাক্য iii) যৌগিক বাক্য

৮০. ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত করার উদ্দেশ্য কী?

ক. নতুন শব্দ গঠন খ. বাক্যে অলঙ্কার
গ. শব্দের মিলন ঘ. ভাষা সংক্ষেপন উত্তর ক



প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩

সেট : ১
তারিখ : ০৮.১১.২০১৩
[কোড : হোয়াংহো]
সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. 'ইউসুফ জোলেখা' কাব্যের লেখক কে?
ক. যশোরাজ খান খ. শাহ মুহম্মদ সগীর
গ. মীর মশাররফ হোসেন ঘ. বিজয় গুপ্ত
উত্তর✓ খ ব্যাখ্যা বাংলা সাহিত্যের প্রাচীনতম মুসলিম কবি শাহ মুহম্মদ সগীর ফার্সি কবি জামী রচিত 'ইউসুফ ওয়া জুলায়খা' (ফারসি ভাষা) অবলম্বনে 'ইউসুফ জোলেখা' (পনের শতক) কাব্য অনুবাদ করেন। এ কাব্যটি বাংলা সাহিত্যের প্রথম প্রণয়োপাখ্যান।

০২. কোথায় স্বর্গ? কোথায় নরক? কে বলে তা বহুদূর? মানুষের মাঝে স্বর্গ-নরক, মানুষেতে সুরাসুর। পঙ্‌ক্তিটির রচয়িতা কে?
ক. শেখ ফজলল করিম খ. মোজাম্মেল হক
গ. মোহিত লাল মজুমদার ঘ. জীবনানন্দ দাশ
উত্তর✓ ক ব্যাখ্যা উক্ত চরণটি শেখ ফজলল করিম রচিত 'স্বর্গ ও নরক' কবিতার অন্তর্গত।

০৩. কোন নাটকটি সেলিম আল দীনের?
ক. পায়ের আওয়াজ পাওয়া যায় খ. কবর
গ. সুবচন নির্বাসনে ঘ. মুনতাসীর ফ্যান্টাসী
উত্তর✓ ঘ ব্যাখ্যা কতিপয় নাটক ও রচয়িতা :

নাটক	নাট্যকার
পায়ের আওয়াজ পাওয়া যায়	সৈয়দ শামসুল হক
মুনতাসীর ফ্যান্টাসী	সেলিম আল দীন
সুবচন নির্বাসনে	আবদুল্লাহ আল মামুন
কবর	মুনীর চৌধুরী

০৪. 'প্রভাত সূর্যের' সমার্থক শব্দ কোনটি?
ক. পূরণ খ. দিনমণি
গ. অরুণ ঘ. ভানু
উত্তর✓ গ ব্যাখ্যা অপশনে 'দিনমণি, অরুণ ও ভানু' সূর্যের সমার্থক শব্দ কিন্তু এখানে 'প্রভাত সূর্যের' কথা বলা হয়েছে, তাই সদ্য উদিত সূর্য (সকালের সূর্য) দ্বারা অরুণকে ইঙ্গিত করা হয়েছে।

০৫. 'হরণ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. পূরণ খ. গ্রহণ
গ. মুক্ত ঘ. কোনোটিই নয়
উত্তর✓ ক ব্যাখ্যা কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
হরদম	কদাচিৎ	হৃদ্যতা	কপটতা/শত্রুতা
হৃদ্য	কপট	হলাহল	অমৃত

০৬. বাক্যস্থিত ক্রিয়াপদের সাথে কোন পদের সম্পর্ককে কারক বলে?
ক. বিশেষণ পদের খ. অব্যয় পদের
গ. নাম পদের ঘ. ক্রিয়া বিশেষণ পদের
উত্তর✓ গ ব্যাখ্যা √কৃ + ণক্ (অক) = কারক, অর্থাৎ যে করে বা যা ক্রিয়া সম্পাদন করে। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নামপদের (বিশেষ্য বা সর্বনাম পদের কিংবা বিশেষ্যের অর্থে ব্যবহৃত কোনো পদের) যে সম্বন্ধ থাকে, তাকে কারক বলে। যেমন : ছেলেটি ভালো ফুটবল খেলে।

০৭. অধিকরণ কারকের উদাহরণ কোনটি?
ক. তিলে তৈল আছে খ. দুধ থেকে ঘি হয়
গ. তিল থেকে তেল হয় ঘ. মেঘ থেকে বৃষ্টি হয়
উত্তর✓ ক ব্যাখ্যা ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে 'অধিকরণ কারক' বলে। যেমন : প্রভাতে সূর্য ওঠে। (কাল বা সময়); পুকুরে মাছ আছে (আধার বা স্থান)

০৮. 'তিনি ব্যাকরণে পণ্ডিত' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে সপ্তমী খ. করণে সপ্তমী
গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী
উত্তর✓ ঘ ব্যাখ্যা যে স্থানে বা সময়ে ক্রিয়া সম্পাদিত হয়, তাকে অধিকরণ কারক বলে। কোথায়, কোন স্থানে, কখন, কোন সময়ে, কবে, কোন বিষয়ে বা ব্যাপারে ইত্যাদি নানা প্রশ্ন ক্রিয়াপদ ধরে করলে যে উত্তর পাওয়া যায়, তাই অধিকরণ কারক। যেমন : তারা সকালে পড়ে।

০৯. কোনটি শুদ্ধ বানান?
ক. MISIONARY খ. MISSIONARY
গ. MISIONERY ঘ. MISSIONERY
উত্তর✓ খ ব্যাখ্যা Missionary (N) – ধর্মপ্রচারক।

১০. কোন বানানটি শুদ্ধ?
ক. CATASTROPHE খ. CETASTROPHE
গ. CATASTROPHEE ঘ. CATASTROFEE
উত্তর✓ ক ব্যাখ্যা Catastrophe (N) – বিপর্যয়।

১১. কোনটি শুদ্ধ বানান?
ক. HETROGENUS খ. HETROGENEOUS
গ. HETEROGENUS ঘ. HETEROGENEOUS
উত্তর✓ ঘ ব্যাখ্যা Heterogeneous (adj) – বিষমজাতীয়।

১২. Still waters run deep. এখানে 'Still' শব্দটি-
ক. Noun খ. Pronoun
গ. Adjective ঘ. Adverb
উত্তর✓ গ ব্যাখ্যা Noun এর পূর্বে Adjective 'still' ব... Noun টির একটি অবস্থা প্রকাশ করেছে। প্রশ্নবাক্যে, still (নিশ্চল) waters দ্বারা 'স্রোতহীন জলধারা' বোঝানো হয়েছে।

১৩. He kept the fast for a week. এখানে 'fast' শব্দটি-
ক. Noun খ. Pronoun
গ. Adjective ঘ. Adverb
উত্তর✓ ক ব্যাখ্যা বাক্যে 'fast' (উপবাস) Noun হিসে... ব্যবহৃত হয়েছে।

১৪. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. He will avail the opportunity.
খ. I should take leave of you.
গ. I have seen two deers.
ঘ. Television is a wonderful discovery.
উত্তর

১৫. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. Good night, how are you?
খ. Ali took admission into that college.
গ. He asked me where did I go.
ঘ. He always speaks the truth.
উত্তর✓ খ ব্যাখ্যা: উক্ত বাক্যটি একটি 'Habitual fact' নির্দেশ করছে এবং সেহেতু verb এর tense Present indifinite tense এ হবে।

১৬. Glass is made — bottles. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-
ক. in খ. of
গ. with ঘ. by
উত্তর✓ খ ব্যাখ্যা: 'তৈরি' অর্থে 'made' verb এর পর preposition হিসেবে 'of' ব্যবহৃত হয়।

১৭. Students should be attentive —— their lessons. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. in খ. with
গ. to ঘ. of
উত্তর✓ গ ব্যাখ্যা: Attentive to (adj) – কোন কিছুর প্রতি মনযোগী হওয়া।

১৮. His words conform —— his work. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. with খ. by
গ. in ঘ. to
উত্তর✓ ঘ ব্যাখ্যা: Conform to (v) – সঙ্গতি রেখে চলা।

১৯. He was convinced —— my honesty. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. with খ. of
গ. by ঘ. in
উত্তর✓ খ

২০. The girl is expert —— drawing. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. in খ. to
গ. with ঘ. at
উত্তর✓ ঘ ব্যাখ্যা: expert at – (দক্ষ)।

২১. 1 + 2 + 3 + 4 + ... + 20 = কত?
ক. 210 খ. 212
গ. 214 ঘ. 220
উত্তর✓ ক ব্যাখ্যা: সমষ্টি $= \frac{\text{শেষ পদ + ১ম পদ}}{২} \times \text{পদ সংখ্যা}$
$= \frac{20+1}{2} \times 20$
$= 21 \times 10 = 210$

২২. তিন সন্তানের বয়সের গড় ৬ বছর ও পিতাসহ তাদের বয়সের গড় ১৩ বছর হলে পিতার বয়স কত?
ক. ৩২ বছর খ. ৩৩ বছর
গ. ৩৪ বছর ঘ. ৩৬ বছর
উত্তর✓ গ ব্যাখ্যা: পিতাসহ তিন সন্তানের মোট বয়স = (১৩ × ৪) = ৫২ বছর
তিন সন্তানের মোট বয়স = (৬ × ৩) = ১৮ বছর
∴ পিতার বয়স = (৫২ − ১৮) = ৩৪ বছর

২৩. একজন বোলার গড়ে ২০ রান দিয়ে ১২ উইকেট পান। পরবর্তী খেলায় গড়ে ৪ রান দিয়ে ৪টি উইকেট পান। তিনি গড়ে উইকেট প্রতি কত রান দিয়েছেন?
ক. ১৪ খ. ১৬
গ. ১৮ ঘ. ১৯
উত্তর✓ খ ব্যাখ্যা:
১২টি উইকেট পেতে মোট রান খরচ হয় = (২০ × ১২) = ২৪০ রান
পরবর্তীতে, ৪টি উইকেট পেতে মোট রান খরচ হয় = (৪ × ৪) = ১৬ রান
মোট উইকেট = ১২ + ৪ = ১৬টি
মোট রান = ২৪০ + ১৬ = ২৫৬ রান
উইকেট প্রতি রান দিয়েছেন = $\frac{২৫৬}{১৬}$ = ১৬ রান

২৪. পিতা ও মাতার বয়সের গড় ২৫ বছর। পিতা, মাতা ও পুত্রের বয়সের গড় ১৮ বছর হলে পুত্রের বয়স কত?
ক. ২ বছর খ. ৪ বছর
গ. ৫ বছর ঘ. ৬ বছর
উত্তর✓ খ ব্যাখ্যা:
পিতা + মাতা + পুত্রের মোট বয়স (১৮ × ৩) = ৫৪ বছর
পিতা + মাতার " " (২৫ × ২) = ৫০ বছর
পুত্রের বয়স = ৪ বছর

২৫. একজন দোকানদার প্রতি হালি ডিম ২৫ টাকা দরে ক্রয় করে প্রতি ২ হালি ৫৬ টাকা দরে বিক্রয় করলে তার শতকরা কত লাভ হবে?
ক. লাভ ১২% খ. লাভ ১৪%
গ. লাভ ১৬% ঘ. লাভ ১৬$\frac{১}{২}$%
উত্তর✓ ক ব্যাখ্যা:
১ হালি ডিমের ক্রয়মূল্য ২৫ টাকা
১ " " বিক্রয়মূল্য $= \frac{৫৬}{২}$ = ২৮ টাকা।
লাভ = ২৮ − ২৫ = ৩ টাকা।
২৫ টাকায় লাভ হয় ৩ টাকা
১ " " " $\frac{৩}{২৫}$ "
১০০ " " " $= \frac{৩ \times ১০০}{২৫}$ = ১২ টাকা।

২৬. একটি ছাগল ৮% ক্ষতিতে বিক্রয় করা হলো। ছাগলটি আরও ৮০০ টাকা বেশি মূল্যে বিক্রয় করলে ৮% লাভ হতো। ছাগলটির ক্রয়মূল্য কত?
ক. ৪৫০০ টাকা খ. ৫০০০ টাকা
গ. ৫৫০০ টাকা ঘ. ৬০০০ টাকা
উত্তর✓ খ ব্যাখ্যা: ক্রয়মূল্য $= \frac{১০০ \times \text{বেশি বিক্রয়মূল্য}}{১ম\% + ২য়\%}$
$= \frac{১০০ \times ৮০০}{৮ + ৮}$
$= \frac{৮০০০০}{১৬}$
= ৫০০০ টাকা

২৭. একজন দোকানদার ১ ডজন বলপেন ৬০ টাকায় ক্রয় করে ৭২ টাকায় বিক্রয় করলে তার শতকরা কত লাভ হবে?

ক. ১৬%　　খ. ১৮%
গ. ২০%　　ঘ. ২২%

উত্তর✓ গ

লাভ = ৭২ − ৬০ = ১২ টাকা।
৬০ টাকায় লাভ হয় ১২ টাকা
১ " " " $\frac{১২}{৬০}$ "
১০০ " " " $= \frac{১২ \times ১০০}{৬০} = ২০$ টাকা।

২৮. ক ও খ একত্রে একটি কাজ ১০ দিনে শেষ করতে পারে। খ একা ১৪ দিনে কাজটি শেষ করতে পারলে ক একা কত দিনে কাজটি শেষ করতে পারবে?

ক. ২৭ দিনে　　খ. ৩০ দিনে
গ. ৩২ দিনে　　ঘ. ৩৫ দিনে

উত্তর✓ ঘ সময় $= \frac{\text{বড় সংখ্যা} \times \text{ছোট সংখ্যা}}{\text{বড় সংখ্যা} - \text{ছোট সংখ্যা}}$

$= \frac{১৪ \times ১০}{১৪ - ১০}$

$= \frac{১৪ \times ১০}{৪}$

$= ৩৫$ দিন

২৯. ৫৬ জন শ্রমিক একটি কাজ ২১ দিনে শেষ করতে পারে। ১৪ দিনে কাজটি শেষ করতে হলে নতুন কত জন শ্রমিক লাগবে?

ক. ২৮ জন　　খ. ২৪ জন
গ. ২৬ জন　　ঘ. ৩০ জন

উত্তর✓ ক

২১ দিনে কাজটি করে ৫৬ জন
১ " " " ২১ × ৫৬ "
১৪ " " " $\frac{২১ \times ৫৬}{১৪} = ৮৪$ জন।
নতুন শ্রমিক লাগবে = ৮৪ − ৫৬ = ২৮ জন।

৩০. একটি রাস্তা মেরামত করতে ৩৫ জন শ্রমিকের ১২ দিন লাগলে ১৪ জন শ্রমিকের কত দিন লাগবে?

ক. ২৪ দিন　　খ. ২৮ দিন
গ. ৩০ দিন　　ঘ. ৩২ দিন

উত্তর✓ গ

৩৫ জন শ্রমিকের লাগে ১২ দিন
১ " " " ৩৫ × ১২ "
১৪ " " " $\frac{৩৫ \times ১২}{১৪} = ৩০$ দিন।

৩১. দুটি রাশির অনুপাত ৫ ঃ ১১। উত্তর রাশি ৯৯ হলে, পূর্বরাশি কত?

ক. ৪২　　খ. ৪৫
গ. ৪৮　　ঘ. ৫৬

উত্তর✓ খ মনে করি, পূর্ব রাশি 'ক'
∴ ক ঃ ৯৯ = ৫ ঃ ১১
$\Rightarrow \frac{ক}{৯৯} = \frac{৫}{১১} \Rightarrow ক = \frac{৫ \times ৯৯}{১১} \Rightarrow ক = ৪৫$

৩২. ২৪ কে ৭ : ৬ অনুপাতে বৃদ্ধি করলে নতুন সংখ্যা হবে-

ক. ২৮　　খ. ৩২
গ. ৩৫　　ঘ. ৩৮

উত্তর✓ ক মনে করি, নতুন সংখ্যা x
∴ x ঃ ২৪ = ৭ ঃ ৬
$\Rightarrow \frac{x}{২৪} = \frac{৭}{৬}$
$\Rightarrow x = \frac{৭ \times ২৪}{৬}$
∴ x = ২৮

৩৩. কোন বানানটি শুদ্ধ?

ক. উন্মিলন　　খ. উন্মিলণ
গ. উন্মীলণ　　ঘ. উন্মীলন

উত্তর✓ ঘ কতিপয় শুদ্ধ বানান : উন্মীলন, উত্তরণ, উত্তরায়ণ, উদ্‌যাপন, উন্মেষণ, উলূক, উর্বর, উর্বশী।

৩৪. কোনটি শুদ্ধ বানান?

ক. রূপায়ন　　খ. রূপায়ণ
গ. রুপায়ন　　ঘ. রুপায়ণ

উত্তর✓ খ কতিপয় শুদ্ধ বানান : রূপায়ণ, রমণী, রামায়ণ, রোপণ, রোজনামচা, রক্তকরবী, রাবীন্দ্রিক।

৩৫. 'যিনি অধিক কথা বলেন না।' এক কথায় কী হবে?

ক. অল্পভাষী　　খ. সংযম
গ. মিতভাষী　　ঘ. সন্ন্যাসী

উত্তর✓ গ কতিপয় এক কথায় প্রকাশ : যে সব জানে- সর্বজ্ঞ; যা দীপ্তি পাচ্ছে- দীপ্তিমান; যা পূর্বে দেখা যায় নি- অদৃষ্টপূর্ব; যা বলা হবে- বক্তব্য; যে বিষয়ে কোনো বিতর্ক নেই- অবিসংবাদী।

৩৬. 'সাপের খোলস' বাক্য সংকোচন কী হবে?

ক. নির্মোক　　খ. উরগ
গ. কৃত্তি　　ঘ. প্লাবক

উত্তর✓ ক কতিপয় এক কথায় প্রকাশ : যে নারীর স্বামী বিদেশে থাকে- প্রোষিতভর্তৃকা; যে স্বামীর/ পুরুষের স্ত্রী বিদেশে থাকে- প্রোষিতপত্নীক/ প্রোষিতভার্য; মৃতের মত অবস্থা যার- মুমূর্ষু।

৩৭. 'সৌভাগ্যের বিষয়' কোন বাগধারা দিয়ে প্রকাশ করা হবে?

ক. পোয়াবারো　　খ. একাদশে বৃহস্পতি
গ. গোঁফ-খেজুরে　　ঘ. সৌভাগ্যবান

উত্তর✓ খ কতিপয় গুরুত্বপূর্ণ বাগধারা : কলকে পাওয়া (পাত্তা পাওয়া); কড়ি কপালে (ভাগ্যবান); কড়িকাঠ গোনা (নিষ্কর্মা বসে থাকা); কপাল ঠুকে লাগা (প্রত্যয় নিয়ে কাজ করে)।

৩৮. 'নীলাকাশ' কোন সমাস?

ক. কর্মধারয়　　খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি　　ঘ. অব্যয়ীভাব

উত্তর✓ ক নীল যে আকাশ = নীলাকাশ (কর্মধারয় সমাস)।

৩৯. 'বিষবৃক্ষ' কোন সমাস?

ক. তৎপুরুষ　　খ. কর্মধারয়
গ. বহুব্রীহি　　ঘ. অব্যয়ীভাব

উত্তর✓ খ যে বৃক্ষের ফল বিষময় = বিষবৃক্ষ (কর্মধারয় সমাস)

৪০. 'শতাব্দী' কোন সমাস?
ক. বহুব্রীহি খ. তৎপুরুষ
গ. অব্যয়ীভাব ঘ. দ্বিগু
উত্তর✓ ঘ শত অব্দের সমাহার = শতাব্দী (দ্বিগু সমাস)।

৪১. 'স্বাগত' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. স্বা + আগত খ. স্বা + গত
গ. সু + আগত ঘ. সা + আগত
উত্তর✓ গ উ-কার বা ঊ-কারের উ, ঊ ভিন্ন অন্য স্বর থাকলে উ বা ঊ স্থানে ব-ফলা হয়। যেমন :

অনু + এষণ =অন্বেষণ	অনু + ইত = অন্বিত
মনু + অন্তর = মন্বন্তর	পশু + আচার = পশ্বাচার

৪২. 'বিচ্ছেদ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. বিঃ + ছেদ খ. বি + ছেদ
গ. বিৎ + ছেদ ঘ. বিচ্ + ছেদ
উত্তর✓ খ স্বরধ্বনির পর ছ থাকলে, উক্ত ছ ধ্বনি চ্ছ হয়ে যায়। যেমন :

পরি + ছন্ন = পরিচ্ছন্ন	মুখ + ছবি = মুখচ্ছবি
কথা + ছলে = কথাচ্ছলে	বি + ছিন্ন = বিচ্ছিন্ন

৪৩. 'উন্নত' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. উৎ + নত খ. উন্নী + ত
গ. উৎ + নীত ঘ. উৎ + নিত
উত্তর✓ ক আগে ত ও দ (এমনকি ধ) এবং পরে ন থাকলে ত ও দ (এমনকি ধ-ও) ন হয়ে যায় এবং পরের ন এর সঙ্গে মিলে ন্ন হয়। যেমন :

উৎ + নতি = উন্নতি	জগৎ + নাথ = জগন্নাথ
ক্ষুধ্ + নিবৃত্তি = ক্ষুন্নিবৃত্তি	তদ্ + নিমিত্ত = তন্নিমিত্ত

৪৪. 'বৃষ্টি' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. বিষ + তি খ. বৃ + ষ্ট
গ. বৃষ + টি ঘ. বৃষ + তি
উত্তর✓ ঘ আগে মূর্ধন্য ষ এবং পরে ত্ বা থ্ থাকলে সন্ধিতে ত্ স্থানে ট্ ও থ্ স্থানে ঠ্ হয়। যেমন :

আকৃষ্ + ত = আকৃষ্ট	বৃষ্ + তি = বৃষ্টি
ষষ্ + থ = ষষ্ঠ	দ্রষ্ + তা = দ্রষ্টা

৪৫. Let him sing a song. - বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে-
ক. Let a song sing by him.
খ. Let a song be sung by him
গ. Let a song be sang by him
ঘ. Let a song sung by him
উত্তর✓ খ 'Let' যুক্ত imperative sentence – কে Active Voice থেকে Passive Voice – এ রূপান্তরের নিয়ম : Let + sub + be + v_3 + by + objective form (subject of Active voice)।

৪৬. 'Who will help you?' -বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে-
ক. By whom will you be helped?
খ. By whom you will be helped?
গ. By whom would you be helped?
ঘ. By whom you would be helped?
উত্তর✓ ক 'who' যুক্ত বাক্যের Active Voice কে Passive Voice এ রূপান্তরের নিয়ম: By whom + H.V + Subject + be + V_3।

৪৭. 'Do you know him?' -বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে-
ক. Is he known by you?
খ. Is he known to you
গ. Is he knew by you?
ঘ. Was he known by you? উত্তর খ

৪৮. He said to me, "May you have wealth." - বাক্যটির indirect speech হবে–
ক. He wished me that I might have wealth.
খ. He wished me that I might had wealth.
গ. He wished me that I should have wealth.
ঘ. He said to me that I might have wealth. উত্তর ক

৪৯. You said to me, "You do not do your duty." - বাক্যটির indirect speech হবে–
ক. You told me that I do not do my duty.
খ. You said to me that I did not do my duty.
গ. You said to me that I do not do my duty.
ঘ. You told me that I did not do my duty. উত্তর ঘ

৫০. Brief- এর সমার্থক শব্দ কোনটি?
ক. Profuse খ. Eloquent
গ. Short ঘ. Copious উত্তর গ

৫১. Latent- এর সমার্থক শব্দ কোনটি?
ক. Concealed খ. Evident
গ. Visible ঘ. Conspicious
উত্তর✓ ক

Latent (adj) – সুপ্ত	concealed (adj) – লুক্কায়িত
visible (adj) – দৃশ্যমান	conspicuous(adj) – স্পষ্ট
Evident (adj) – স্পষ্ট	

৫২. সুষম বহুভুজের একটি অন্তঃকোণের পরিমাণ ১২০° হলে বহুভুজটির বাহুর সংখ্যা হবে-
ক. ৫ খ. ৬
গ. ৮ ঘ. ১০
উত্তর✓ খ আমরা জানি,

$$\text{অন্তঃস্থ কোণের পরিমাণ} = \frac{n-২}{n} \times ১৮০^\circ$$

$$\Rightarrow ১২০^\circ = \frac{n-২}{n} \times ১৮০^\circ$$

$$\Rightarrow ১৮০^\circ n - ৩৬০^\circ = ১২০^\circ n$$

$$\Rightarrow ১৮০^\circ n - ১২০^\circ n = ৩৬০^\circ$$

$$\Rightarrow ৬০^\circ n = ৩৬০^\circ$$

$$\Rightarrow n = \frac{৩৬০^\circ}{৬০^\circ}$$

$$\Rightarrow n = ৬$$

৫৩. কিসের তারতম্য থেকে আবহাওয়ার অবস্থা জানা যায়?
ক. জলবায়ু খ. আর্দ্রতা
গ. বৃষ্টিপাত ঘ. বায়ুচাপ
উত্তর✓ ঘ কোন স্থানের বায়ুর তাপ, উষ্ণতা, তাপ, আর্দ্রতা, মেঘ, বৃষ্টি, বরফপাত, জলীয় বাষ্পের পরিমাণ, বায়ুপ্রবাহ প্রভৃতির দৈনন্দিন অবস্থাকে সে স্থানের আবহাওয়া বলে। বায়ু তার ওজনের জন্য চতুর্দিকে যে চাপ দেয়, তাকে বায়ুর চাপ বলে। বায়ুচাপ থেকে আবহাওয়ার তারতম্য জানা যায়।

৫৪. ইউনেস্কো (UNESCO) প্রতিষ্ঠিত হয় কত সালে?

ক. ১৯৪৫ সালে খ. ১৯৪৬ সালে
গ. ১৯৪৭ সালে ঘ. ১৯৪৮ সালে

উত্তর✓ ক United Nations Educational, Scientific and Cultural Organization (UNESCO) প্রতিষ্ঠিত হয় ১৯৪৫ সালের ১৬ নভেম্বর। ইউনেস্কোর সদর দপ্তর ফ্রান্সের রাজধানী প্যারিসে অবস্থিত। বর্তমান সদস্য সংখ্যা ১৯৫ টি, সর্বশেষ ফিলিস্তিন। UNESCO-এর প্রধানের পদবি মহাপরিচালক।

৫৫. জাতিসংঘের প্রথম মহাসচিব কে ছিলেন?

ক. কফি আনান খ. হ্যামারশেল্ড
গ. ট্রিগভেলি ঘ. বান কি মুন

উত্তর✓ গ জাতিসংঘের প্রধানের পদবি মহাসচিব (সেক্রেটারি জেনারেল)। মহাসচিব পদের মেয়াদ বর্তমানে ৫ বছর। জাতিসংঘের প্রথম মহাসচিব নরওয়ের নাগরিক ট্রাগভেলাই। তিনি ১৯৪৬ – ১৯৫২ সালে মহাসচিবের দায়িত্ব পালন করেন। এর পূর্বে তিনি নরওয়ের পররাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব পালন করেছিলেন।

৫৬. বাংলাদেশ কত সালে জাতিসংঘের সদস্যপদ লাভ করে?

ক. ১৯৭৪ খ. ১৯৭৫
গ. ১৯৭৬ ঘ. ১৯৭৭

উত্তর✓ ক বাংলাদেশ জাতিসংঘের ২৯তম সাধারণ অধিবেশনে সদস্যপদ লাভ করে ১৭ সেপ্টেম্বর ১৯৭৪ সালে। বাংলাদেশের সাথে একই দিনে সদস্যপদ লাভ করে গ্রানাডা ও গিনি বিসাউ। তিনটি দেশের নামের ইংরেজি বর্ণানুক্রমে বাংলাদেশ ১৩৬তম গ্রানাডা, ১৩৭তম এবং গিনি বিসাউ ১৩৮তম সদস্যপদ লাভ করে।

৫৭. 'অপরাজেয় বাংলা' কী?

ক. মুক্তিযুদ্ধভিত্তিক চিত্রকর্ম খ. মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য
গ. মুক্তিযুদ্ধভিত্তিক ম্যুরালচিত্র ঘ. একটি মুক্তিযুদ্ধ বিষয়ক স্থাপনা

উত্তর✓ খ 'অপরাজেয় বাংলা' কোনো শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত প্রথম ভাস্কর্য। ভাস্কর্যটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে অবস্থিত একটি মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য। এর ভাস্কর সৈয়দ আবদুল্লাহ খালেদ। ১৯৭৯ সালের ১৬ ডিসেম্বর ভাস্কর্যটি উদ্বোধন করেন একজন অজ্ঞাত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা।

৫৮. নিম্নলিখিত ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক. $\frac{২}{৩}$ খ. $\frac{৩}{৪}$
গ. $\frac{৫}{৯}$ ঘ. $\frac{৭}{১২}$

উত্তর✓ খ $\frac{২}{৩} = ০.৬৬$, $\frac{৩}{৪} = ০.৭৫$, $\frac{৫}{৯} = ০.৫৫$ এবং $\frac{৭}{১২} = ০.৫৮$। উক্ত ফলাফল সমূহের মধ্যে $\frac{৩}{৪} = ০.৭৫$ বৃহত্তম।

৫৯. বাংলাদেশে প্রথম ডিজিটাল টেলিফোন ব্যবস্থা চালু হয় কবে?

ক. ১৯৯০ সালে খ. ১৯৯১ সালে
গ. ১৯৯২ সালে ঘ. ১৯৯৩ সালে

উত্তর✓ ক বাংলাদেশে প্রথম ডিজিটাল টেলিফোন ব্যবস্থা চালু হয় ৪ জানুয়ারি ১৯৯০ সালে।

৬০. মুক্তিযুদ্ধকালে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়?

ক. ৮টি খ. ৯টি
গ. ১১টি ঘ. ১২টি

উত্তর✓ গ ১০ এপ্রিল ১৯৭১ বাংলাদেশকে ৪ টি যুদ্ধাঞ্চলে বিভক্ত করা হয়। ১১ জুলাই ১৯৭১ মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি এম এ জি ওসমানী বাংলাদেশকে ১১ টি সেক্টরে বিভক্ত করেন। ঢাকা শহর ছিলো ২ নং সেক্টরের অধীন।

৬১. সৌরজগতের বৃহত্তম গ্রহ কোনটি?

ক. বুধ খ. বৃহস্পতি
গ. মঙ্গল ঘ. শুক্র

উত্তর✓ খ রোমান দেবতা জুপিটারের নামানুসারে বৃহস্পতির নামকরণ করা হয়। এটি সৌরজগতের বৃহত্তম গ্রহ। তাই একে গ্রহরাজ বলা হয়। আয়তনে পৃথিবীর প্রায় ১৩০০ গুণ বড়। এর ১৬টি উপগ্রহ আছে।

৬২. ভারত-শ্রীলঙ্কাকে পৃথক করেছে কোন প্রণালি?

ক. ডোভার প্রণালি খ. বেরিং প্রণালি
গ. মালাক্কা প্রণালি ঘ. পক প্রণালি

উত্তর✓ ঘ পক প্রণালি ভারত ও শ্রীলংকার মাঝে অবস্থিত। এটি ভারত মহাসাগর ও আরব সাগরকে সংযুক্ত করেছে। প্রণালিটি ৬৪-১৩৭ কিলোমিটার প্রশস্ত। ব্রিটিশ ভারতের মদ্রাজ প্রেসিডেন্সির গভর্নর রবার্ট পকের নামে এই প্রণালির নামকরণ করা হয়েছে।

৬৩. কোনটি মৌলিক পদার্থ?

ক. চিনি খ. নিয়ন
গ. লবণ ঘ. পানি

উত্তর✓ খ যে সকল বস্তুকে রাসায়নিকভাবে বিশ্লেষণ করে ঐ পদার্থ ছাড়া অন্য কোন পদার্থ পাওয়া যায় না তাকে মৌলিক পদার্থ বলে। যেমন: লোহা, তামা, নিয়ন। পৃথিবীর মৌলিক পদার্থের সংখ্যা ১১৮টি।

৬৪. কোন রঙের বস্ত্র তাপ শোষণ কম করে?

ক. সাদা খ. কালো
গ. বেগুনি ঘ. হলুদ

উত্তর✓ ক সাদা রঙের বস্ত্র সব বর্ণকেই প্রতিফলিত করে। কালো রঙের বস্ত্র সব বর্ণকেই শোষণ করে। তাই ট্রাফিক পুলিশ গরমের হাত থেকে রক্ষা পেতে সাদা রঙের পোশাক পরে।

৬৫. কোন মাধ্যমে শব্দের গতি সবচেয়ে বেশি?

ক. শূন্যতায় খ. কঠিন পদার্থে
গ. তরল পদার্থে ঘ. বায়বীয় পদার্থে

উত্তর✓ খ কোনো মাধ্যমে শব্দ প্রতি সেকেন্ড যতটুকু দূরত্ব অতিক্রম করে তাকে শব্দের বেগ বলে। কঠিন মাধ্যমে শব্দের বেগ বেশি। কঠিন > তরল > বায়বীয়।

৬৬. ভূপৃষ্ঠে কোন ধাতু সবচেয়ে বেশি আছে?

ক. তামা খ. দস্তা
গ. অ্যালুমিনিয়াম ঘ. সীসা

উত্তর✓ গ অশ্মমণ্ডলের উপরিভাগে অবস্থিত পৃথিবীতে শিলার যে কঠিন বহিরাবরণ দেখা যায় তাকে ভূ-ত্বক বলে। ভূ-ত্বকের প্রধান উপাদান অক্সিজেন (৪২.৭%) সিলিকন (২৭.৭%), অ্যালুমিনিয়াম (৮.১%), লৌহ (৫.১%), ক্যালসিয়াম (৩.৭%)।

১৫০০+ চাকরির প্রস্তুতি সহায়ক pdf পেতে
JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ভিজিট করুন www.exambd.net

৬৭. নিচের কোন যৌগটি 'ভিটামিন সি'?
ক. অ্যাসকরবিক এসিড খ. সাইট্রিক এসিড
গ. অ্যাসিটিক এসিড ঘ. অক্সালিক এসিড
উত্তর✓ ক
টকজাতীয় ফল ও শাকসবজিতে ভিটামিন সি পাওয়া যায়। ভিটামিন সি অ্যাসকরবিক এসিড নামে পরিচিত যা পানিতে দ্রবণীয়।

৬৮. কোনটি সাবানকে শক্ত করে?
ক. সোডিয়াম কার্বনেট খ. সোডিয়াম সালফেট
গ. সোডিয়াম ক্লোরাইড ঘ. সোডিয়াম সিলিকেট
উত্তর✓ ঘ
সোডিয়াম সিলিকেট স্বচ্ছ আঠার মতো জিনিস। সাবানকে শক্ত ও ভারী করার জন্য এটি ব্যবহার করা হয়।

৬৯. বিলিরুবিন তৈরি হয়-
ক. কিডনিতে খ. যকৃতে
গ. পিত্ত থলিতে ঘ. প্লীহায়
উত্তর✓ ঘ
বিলিরুবিন এক ধরনের বর্জ্য পদার্থ যা পিত্তরসের মাধ্যমে শরীর থেকে বের হয়। এটি তৈরি হয় শরীরের যকৃতে। বিলিরুবিনের মাত্রা বেড়ে যাওয়াকে জন্ডিস বলা হয়।

৭০. গাছের পাতা পীত বর্ণ ধারণ করে কীসের অভাবে?
ক. নাইট্রোজেন খ. ম্যাগনেশিয়াম
গ. আয়রন ঘ. পটাশিয়াম
উত্তর✓ ক
উদ্ভিদের জন্য ১৬টি মৌল অপরিহার্য। এদের মধ্যে নাইট্রোজেনের অভাব হলে পাতাগুলো পীত বর্ণ ধারণ করে। কারণ তখন ক্লোরোফিল সৃষ্টিতে বিঘ্ন ঘটে।

৭১. মানুষের ক্রোমোসোমের সংখ্যা কত?
ক. ১৮ জোড়া খ. ২০ জোড়া
গ. ২২ জোড়া ঘ. ২৩ জোড়া
উত্তর✓ ঘ
নিউক্লিয়াসে সুতার ন্যায় লম্বা জট পাকানো তন্তু সমূহকে ক্রোমোজোম বলে। মানুষের ২৩ জোড়া ক্রোমোজোম থাকে। এর মধ্যে ২টি সেক্স ক্রোমোজোম ও ২২ জোড়া অটোসোম।

৭২. বিশ্বকাপ ফুটবল খেলা হয় প্রথম শুরু হয়-
ক. ১৯৩০ সালে খ. ১৯৩১ সালে
গ. ১৯৩২ সালে ঘ. ১৯৩৪ সালে
উত্তর✓ ক
প্রথম বিশ্বকাপ ফুটবল খেলা অনুষ্ঠিত হয় ১৯৩০ সালে। তখন এই ট্রফির নাম ছিল 'জুলেরিমে কাপ'। বিশ্বকাপ ফুটবলের বর্তমান ট্রফির নাম 'ফিফা ওয়ার্ল্ড কাপ'। বিশ্বকাপ ফুটবল ৪ বছর পর পর অনুষ্ঠিত হয়। ২১তম বিশ্বকাপ অনুষ্ঠিত হয় ২০১৮ সালে রাশিয়ায়। ২২তম বিশ্বকাপ অনুষ্ঠিত হবে কাতার।

৭৩. ১৯৩০ সালে অনুষ্ঠিত প্রথম বিশ্বকাপ ফুটবল চ্যাম্পিয়ন দেশ-
ক. ব্রাজিল খ. উরুগুয়ে
গ. ফ্রান্স ঘ. ইংল্যান্ড
উত্তর✓ খ
১৯৩০ সালে উরুগুয়েতে অনুষ্ঠিত বিশ্বকাপে অংশগ্রহণ করে মোট ১৩ টি দল। চ্যাম্পিয়ন হয় উরুগুয়ে এবং রানার্সআপ আর্জেন্টিনা। প্রথম বিশ্বকাপে অংশগ্রহণ করা অন্য দলগুলো হচ্ছে- ব্রাজিল, বেলজিয়াম, বলিভিয়া, চিলি, ফ্রান্স, মেক্সিকো, প্যারাগুয়ে, পেরু, রুমানিয়া, যুক্তরাষ্ট্র ও যুগোস্লাভিয়া।

৭৪. বায়ুর আর্দ্রতা পরিমাপ করার যন্ত্রের নাম কী?
ক. এ্যাভোমিটার খ. ব্যারোমিটার
গ. হাইগ্রোমিটার ঘ. অ্যামিটার
উত্তর✓ গ
বায়ুতে জলীয় বাষ্পের উপস্থিতিকে বায়ুর আর্দ্রতা বলে। বায়ুর আর্দ্রতা পরিমাপক যন্ত্রের নাম হাইগ্রোমিটার।

৭৫. ঢাকায় বাংলার রাজধানী স্থাপনের সময় মোগল সুবেদার কে ছিলেন?
ক. ইসলাম খাঁন খ. শায়েস্তা খাঁন
গ. ইব্রাহীম খাঁন ঘ. মীর জুমলা
উত্তর✓ ক
মুঘল সম্রাট জাহাঙ্গীর, ইসলাম খানকে বাংলার সুবেদার নিযুক্ত করেন। ইসলাম খান ১৬১০ সালে বাংলার রাজধানী রাজমহল থেকে ঢাকায় স্থানান্তর করেন এবং ঢাকার নাম রাখেন 'জাহাঙ্গীরনগর'। এর পরে ১৬৬০, ১৯০৫, ১৯৪৭ ও ১৯৭১ সালে ঢাকা রাজধানীর মর্যাদা লাভ করে।

৭৬. ময়মনসিংহ জেলার পূর্ব নাম-
ক. জালালাবাদ খ. ইসলামাবাদ
গ. নাসিরাবাদ ঘ. সিংহগ্রাম
উত্তর✓ গ

বর্তমান নাম	প্রাচীন নাম
সিলেট	শ্রীহট্ট, জালালাবাদ
চট্টগ্রাম	ইসলামাবাদ, শাতিলগঞ্জ
ময়মনসিংহ	নাসিরাবাদ
জামালপুর	সিংহজানী

৭৭. তালিবাবাদ উপগ্রহ ভূ-কেন্দ্রটি চালু হয়-
ক. ১৯৮০ সালে খ. ১৯৮১ সালে
গ. ১৯৮২ সালে ঘ. ১৯৯৩ সালে
উত্তর✓ গ
উপগ্রহ ভূ-কেন্দ্র ব্যবহৃত হয় আন্তর্জাতিক টেলিযোগাযোগের মাধ্যম হিসেবে। বর্তমানে বাংলাদেশে উপগ্রহ ভূ-কেন্দ্র রয়েছে ৪টি। বেতবুনিয়া, তালিবাবাদ, মহাখালী ও সিলেট উপগ্রহ ভূ-কেন্দ্র। তালিবাবাদ উপগ্রহ ভূ-কেন্দ্রটি চালু হয় ১৯৮২ সালে।

৭৮. তালিবাবাদ কোন জেলায় অবস্থিত?
ক. নরসিংদী খ. খুলনা
গ. দিনাজপুর ঘ. গাজীপুর
উত্তর✓ ঘ

উপগ্রহ ভূ-কেন্দ্র	অবস্থান	স্থাপিত
বেতবুনিয়া	কাউখালী, রাঙামাটি	১৯৭৫
তালিবাবাদ	কালিয়াকৈর, গাজীপুর	১৯৮২
মহাখালী	ঢাকা	১৯৯৫
সিলেট	সিলেট	১৯৯৭

৭৯. বাংলাদেশের জ্বালানি তৈল শোধনাগারটি অবস্থিত-
ক. ঢাকায় খ. চট্টগ্রাম
গ. খুলনায় ঘ. সিলেটে
উত্তর✓ খ
ইস্টার্ন রিফাইনারি লিমিটেড বাংলাদেশের একমাত্র জ্বালানি তৈল শোধনাগার। শোধনাগারটি চট্টগ্রামে কর্ণফুলী নদীর তীরে অবস্থিত। ১৯৬৩ সালে প্রকল্পটির নির্মাণ কাজ শুরু হয় এবং ১৯৬৮ সালে পরিশোধন কেন্দ্রটিতে উৎপাদন কার্যক্রম শুরু হয়।

৮০. বাংলাদেশে একমাত্র অস্ত্র তৈরি কারখানাটি অবস্থিত-
ক. গাজীপুরে খ. ঢাকা জেলায়
গ. চট্টগ্রাম জেলায় ঘ. রাজশাহী জেলায়
উত্তর✓ ক
বাংলাদেশের একমাত্র অস্ত্র তৈরির কারখানা 'বাংলাদেশ সমরাস্ত্র কারখানা'। বাংলাদেশ সেনাবাহিনী নিয়ন্ত্রণাধীন কারখানাটি গাজীপুরে অবস্থিত। ১৯৭০ সালে এটির উদ্বোধন করা হয়।



প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩

সেট : ১ | [কোড : ঝিলাম] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ০৮.১১.২০১৩ | পূর্ণমান : ৮০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. 'লালসালু' উপন্যাসের লেখক কে?
ক. সৈয়দ ওয়ালীউল্লাহ খ. শওকত আলী
গ. মুনীর চৌধুরী ঘ. শহীদুল্লা কায়সার
উত্তর✓ ক
সৈয়দ ওয়ালীউল্লাহর লালসালু (১৯৪৮) উপন্যাসটি গ্রাম বাংলার সামাজিক প্রেক্ষাপটে রচিত। উপন্যাসটির ইংরেজি অনুবাদের নাম 'Tree Without Roots এবং ফরাসি অনুবাদের নাম l'arbre sans racines।

০২. 'মরণ রে, তুঁহুঁ মম শ্যাম সমান।' -পঙ্‌ক্তিটির রচয়িতা কে?
ক. বিহারীলাল চক্রবর্তী খ. অতুলপ্রসাদ সেন
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. সুফিয়া কামাল
উত্তর✓ গ
'মরণ রে, তুঁহুঁ মম শ্যাম সমান'- চরণটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'মরণ' কবিতার অন্তর্গত।

০৩. 'জন্ডিস ও বিবিধ বেলুন' নাটকটির রচয়িতা কে?
ক. মামুনুর রশীদ খ. হুমায়ূন আহমেদ
গ. আবুল হায়াত ঘ. সেলিম আল দীন
উত্তর✓ ঘ
সেলিম আল দীনের উল্লেখযোগ্য নাটক : জন্ডিস ও বিবিধ বেলুন, হৈবতী কন্যার মন, বনপাংশুল, চাকা, হাতহদাই, মুনতাসীর ফ্যান্টাসি, কীর্তনখোলা, কেরামত মঙ্গল ইত্যাদি।

০৪. 'বিটপী' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. পুষ্প খ. বৃক্ষ
গ. পত্র ঘ. স্বর্ণ
উত্তর✓ খ
'বিটপী'র সমার্থক শব্দ : বৃক্ষ, গাছ তরু, শাখী,অটবি, মহীরুহ, দ্রুম, শিখরী ইত্যাদি।

০৫. 'কুটিল' শব্দের বিপরীতার্থক কোনটি?
ক. অকুটিল খ. বাঁকা
গ. সরল ঘ. হালকা
উত্তর গ

০৬. বাক্যের প্রতিটি শব্দের সাথে অন্বয় সাধনের জন্য যে সকল বর্ণ যুক্ত হয় তাদের কী বলে?
ক. কারক খ. বিভক্তি
গ. সমাস ঘ. সম্বন্ধ পদ
উত্তর✓ খ
বিভক্তি প্রধানত দুই প্রকার। যথা : ক. শব্দ বিভক্তি খ. ক্রিয়া বিভক্তি।

০৭. কোনটি করণ কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ?
ক. বালকেরা ফুটবল খেলে খ. তাস খেলা ভাল নয়
গ. কাটের জিনিস সহজে ভাঙে ঘ. টাকায় কি না হয়
উত্তর✓ ঘ
ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলে। যেমন : আকাশ মেঘে ঢাকা। এ কলমে ভালো লেখা হয়।

০৮. 'আমাকে যেতে হবে'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তৃকারকে দ্বিতীয়া খ. কর্মে দ্বিতীয়া
গ. করণে দ্বিতীয়া ঘ. অপাদানে দ্বিতীয়া
উত্তর খ

০৯. কোনটি শুদ্ধ বানান?
ক. SURVEILANCE খ. SARVEILANCE
গ. SURVEILLANCE ঘ. SURVEILLENCE
উত্তর✓ গ
surveillance (N) – পাহাড়।

১০. কোন বানানটি শুদ্ধ?
ক. ENCICLOPEDIA খ. ENCYCLOPAEDIA
গ. ENCICLOPEADIA ঘ. ENCYCLOPEDIA
উত্তর✓ খ, ঘ
Encyclopaedia (N) – বিশ্বকোষ।
Encyclopedia (N) – বিশ্বকোষ।

১১. কোন বানানটি শুদ্ধ?
ক. CALEIDOSCOPE খ. CALEIDOSKOPE
গ. KALAIDOSCOPE ঘ. KALEIDOSCOPE
উত্তর ঘ

১২. 'Anita is a good girl' বাক্যে 'girl' শব্দটি-
ক. Proper noun খ. Common noun
গ. Collective noun ঘ. Material noun
উত্তর✓ খ
যে Noun কোন এক শ্রেণির ব্যক্তি/বস্তুর প্রত্যেকের সাধারণ নাম বোঝায় সেটিই common Noun। বাক্যে 'girl' Noun টি দ্বারা সাধারণ নাম বোঝানো হচ্ছে। সুতরাং 'girl' Noun টি একটি common Noun।

১৩. 'Ali saw a flock of sheep' বাক্যে 'flock' শব্দটি-
ক. Proper noun খ. Common noun
গ. Collective noun ঘ. Material noun
উত্তর✓ গ
'a flock' দ্বারা সাধারণত 'এক ঝাঁক' বোঝানো হয়। সুতরাং 'flock' শব্দটি একটি collective Noun।

১৪. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. Television is a wonderful invention
খ. My brother is M.A.
গ. He speaks English like English
ঘ. I feel uneasy.
উত্তর ক

১৫. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. I feel out of sort today.
খ. He tried hardly to succeed.
গ. I have great deal of work to do.
ঘ. Please give me attendance.
উত্তর ক

১৬. He deals —— rice. বাক্যের শূন্যস্থানে শব্দ বসবে-
ক. with খ. in
গ. at ঘ. by
উত্তর✓ খ
deal in (v) – কোন কিছুর ব্যবসা করা।

১৭. He died — over eating বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-
ক. from খ. by
গ. in ঘ. to
উত্তর✓ ক
Over-eating (অতিভোজন) এ মরার ক্ষেত্রে 'die from' ব্যবহৃত হয়।

১৮. Mr. Anwar is expert —— physics. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-
ক. at খ. to
গ. in ঘ. with
উত্তর✓ গ
Expert in (adj) – কোন বিষয়ে দক্ষ।

১৯. I am fearful — enemies বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-
ক. by খ. to
গ. with ঘ. of
উত্তর✓ ঘ
be fearful of – আতঙ্কিত হওয়া।

২০. He is engaged —— writing a book. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-
ক. in খ. with
গ. to ঘ. at
উত্তর✓ ক ব্যাখ্যা be engaged in – কোন কিছুতে নিযুক্ত।

২১. 1 + 2 + 3 + 4 + ... + 18 =?
ক. 168 খ. 171
গ. 174 ঘ. 176
উত্তর✓ খ ব্যাখ্যা সমষ্টি $= \frac{\text{শেষ পদ + ১ম পদ}}{২} \times \text{পদ সংখ্যা}$
$= \frac{18+1}{2} \times 18$
$= 19 \times 9 = 171$

২২. দুই সন্তানের বয়সের গড় ১০ বছর ও মাতাসহ তাদের বয়সের গড় ১৭ বছর হলে, মাতার বয়স কত?
ক. ২৮ বছর খ. ৩০ বছর
গ. ৩১ বছর ঘ. ৩২ বছর
উত্তর✓ গ ব্যাখ্যা দুই সন্তানের মোট বয়স = (১০ × ২) = ২০ বছর
মাতাসহ দুই সন্তানের মোট বয়স = (১৭ × ৩) = ৫১ বছর
∴ মাতার বয়স = (৫১ − ২০) = ৩১ বছর।

২৩. পিতা ও মাতার বয়সের গড় ৩৬ বছর। পিতা, মাতা ও মেয়ের বয়সের গড় ২৯ বছর হলে মেয়ের বয়স কত হয়?
ক. ১৪ বছর খ. ১৫ বছর
গ. ১৬ বছর ঘ. ১৮ বছর
উত্তর✓ খ ব্যাখ্যা পিতা ও মাতার মোট বয়স = (৩৬ × ২) = ৭২ বছর
পিতা, মাতা ও মেয়ের মোট বয়স = (২৯ × ৩) = ৮৭ বছর
∴ মেয়ের বয়স = (৮৭ − ৭২) = ১৫ বছর।

২৪. একজন বোলার গড়ে ২২ রান দিয়ে ৬টি উইকেট পান। পরবর্তী খেলায় গড়ে ১৪ রান দিয়ে ৪টি উইকেট পান। তিনি গড়ে উইকেট প্রতি কত রান দিয়েছেন?
ক. ১৪.০ খ. ১৬.০
গ. ১৮.০ ঘ. ১৮.৮
উত্তর✓ ঘ ব্যাখ্যা ৬টি উইকেট পেতে মোট রান খরচ
= (২২ × ৬) = ১৩২ রান
৪টি উইকেট পেতে মোট রান খরচ (১৪ × ৪) = ৫৬ রান
∴ মোট উইকেট = ৬ + ৪ = ১০টি
মোট রান = ১৩২ + ৫৬ = ১৮৮
উইকেট রান প্রতি দিয়েছেন $= \frac{১৮৮}{১০} = ১৮.৮$

২৫. একজন কলা বিক্রেতা ১ হালি কলা ২০ টাকায় ক্রয় করে ১৮ টাকায় বিক্রয় করলেন। এতে তাঁর শতকরা কত ক্ষতি হবে?
ক. ১০% খ. ১২%
গ. ১৩% ঘ. ১৫%
উত্তর✓ ক ব্যাখ্যা ক্ষতি = ২০ − ১৮ = ২ টাকা
২০ টাকায় ক্ষতি হয় ২ টাকা
১ " " " $= \frac{২}{২০}$ "
১০০ " " " $= \frac{২ \times ১০০}{২০} = ১০$ টাকা।

২৬. ৭৫ টাকায় ১৫টি বলপেন কিনে ৯০ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?
ক. ১৬% খ. ১৮%
গ. ২০% ঘ. ২১%
উত্তর✓ গ ব্যাখ্যা লাভ = ৯০ − ৭৫ = ১৫ টাকা
৭৫ টাকায় লাভ হয় ১৫ টাকা
১ " " " $= \frac{১৫}{৭৫}$ "
১০০ " " " $= \frac{১৫ \times ১০০}{৭৫} = ২০$ টাকা।

২৭. একজন দোকানদার কিছু ডাল ২৩৭৫ টাকায় বিক্রয় করায় তার ৫% ক্ষতি হলো। ঐ ডাল কত টাকায় বিক্রয় করলে, তার ৬% লাভ হতো?
ক. ২৫০০ টাকা খ. ২৫৫০ টাকা
গ. ২৬০০ টাকা ঘ. ২৬৫০ টাকা
উত্তর✓ খ ব্যাখ্যা ক্রয়মূল্য $= \frac{১০০}{১০০ - \text{ক্ষতি}} \times \text{বিক্রয়মূল্য}$
$= \frac{১০০}{১০০ - ৫} \times ২৩৭৫ = \frac{১০০}{৯৫} \times ২৩৭৫ = ২৫০০$
বিক্রয়মূল্য $= \frac{১০০ + \text{লাভ}}{১০০} \times \text{ক্রয়মূল্য}$
$= \frac{১০০ + ৬}{১০০} \times \text{ক্রয়মূল্য} = \frac{১০৬}{১০০} \times ২৫০০ = ২৬৫০$ টাকা

২৮. একটি রাস্তা মেরামত করতে ৩৫ জন শ্রমিকের ১৬ দিন লাগলে, ২৮ জন শ্রমিকের কত দিন লাগবে?
ক. ২০ দিন খ. ২১ দিন
গ. ২২ দিন ঘ. ২৪ দিন
উত্তর✓ ক ব্যাখ্যা
৩৫ জন শ্রমিকের লাগে ১৬ দিন
১ " " " ৩৫ × ১৬ "
২৮ " " " $\frac{৩৫ \times ১৬}{২৮} = ২০$ দিন।

২৯. ক ও খ একত্রে একটি কাজ ১০ দিনে শেষ করতে পারে। ক একা কাজটি ১৫ দিনে শেষ করতে পারলে, খ একা কাজটি করতে পারে-
ক. ২৪ দিনে খ. ২৮ দিনে
গ. ৩০ দিনে ঘ. ৩২ দিনে
উত্তর✓ গ ব্যাখ্যা সময় $= \frac{\text{বড় সংখ্যা} \times \text{ছোট সংখ্যা}}{\text{বড় সংখ্যা} - \text{ছোট সংখ্যা}}$
$= \frac{১৫ \times ১০}{১৫ - ১০} = \frac{১৫০}{৫} = ৩০$ দিন

৩০. কোনো পরিবারে মজুত খাদ্যে ৪ জন সদস্যের ১৮ দিন চলে। মেহমান আসায় ঐ খাদ্যে ১২ দিন চললে কতজন মেহমান এসেছিল?
ক. ২ জন খ. ৩ জন
গ. ৪ জন ঘ. ৫ জন
উত্তর✓ ক ব্যাখ্যা
১৮ দিন খাবার চলে ৪ জনের
১ " " " ১৮ × ৪ "
১২ " " " $\frac{১৮ \times ৪}{১২} = ৬$ জনের।
মেহমান এসেছিল = ৬ − ৪ = ২ জন।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
১৫০০+ চাকরির প্রস্তুতি সহায়ক pdf পেতে

ভিজিট করুন www.exambd.net

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUB

৩১. একটি জিনিস ১২০ টাকায় ক্রয় করে ১৪৪ টাকায় বিক্রয় করলে ক্রয়মূল্য ও লাভের অনুপাত কত হবে?
ক. ৭ : ২ খ. ৫ : ১
গ. ৬ : ১ ঘ. ১৫ : ৩
উত্তর ✓ খ ব্যাখ্যা লাভ = বিক্রয়মূল্য − ক্রয়মূল্য
= ১৪৪ − ১২০ = ২৪ টাকা
ক্রয়মূল্য ও লাভের অনুপাত = ১২০ : ২৪ = ৫ : ১

৩২. ৬৩ কে ৮ : ৯ অনুপাতে হ্রাস করলে নতুন সংখ্যা হবে-
ক. ৫৬ খ. ৫৮
গ. ৬০ ঘ. ৬২
উত্তর ✓ ক ব্যাখ্যা মনে করি, নতুন সংখ্যা x
প্রশ্নমতে, $x : ৬৩ = ৮ : ৯ \Rightarrow \frac{x}{৬৩} = \frac{৮}{৯} \Rightarrow x = \frac{৮ \times ৬৩}{৯}$ $\therefore x = ৫৬$

৩৩. কোন বানানটি শুদ্ধ?
ক. মুহুর্মুহু খ. মুহুমুহু
গ. মূহুর্মূহু ঘ. মুহুর্মুহু
উত্তর ✓ ক ব্যাখ্যা কতিপয় শুদ্ধ বানান : মুহুর্মুহু, মধ্যাহ্ন, মনঃকষ্ট, মনীষা, মন্দাক্রান্তা, মন্বন্তর, মরীচিকা, মহর্ষি।

৩৪. কোন বানানটি শুদ্ধ?
ক. ছান্দসিক খ. ছন্দসিক
গ. ছন্দসীক ঘ. ছান্দসীক
উত্তর ✓ ক ব্যাখ্যা কয়েকটি শুদ্ধ বানান : ছান্দসিক, সমীচীন, মুমূর্ষু, পরিপক্ব, অপরাহ্ণ, পূর্বাহ্ণ, সায়াহ্ন, নীরোগ, বিবিক্ষা, বিবরণ, মুহূর্ত, শারীরিক, উর্ধ্ব, ঊর্মি, ঐন্দ্রিয়ক।

৩৫. 'যে উপকারীর উপকার স্বীকার করে- এক কথায় কী হবে?
ক. অকৃতার্থ খ. কৃতজ্ঞ
গ. কৃতঘ্ন ঘ. অকৃতজ্ঞ
উত্তর ✓ খ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : যে উপকারীর উপকার স্বীকার করে = কৃতজ্ঞ, যে উপকারীর উপকার স্বীকার করে না = অকৃতজ্ঞ, যে উপকারীর অপকার করে = কৃতঘ্ন।

৩৬. 'কোনোভাবেই যা নিবারণ করা যায় না' এক কথায় কী হবে?
ক. অদম্য খ. অসম্ভব
গ. অনিবার্য ঘ. অনিবারিত
উত্তর ✓ গ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : অকালে পক্ক হয়েছে যা- অকাল পক্ক, অক্ষির সমক্ষে বর্তমান- প্রত্যক্ষ, অনেকের মধ্যে একজন- অন্যতম, আপনাকে কেন্দ্র করে যার চিন্তা- আত্মকেন্দ্রিক।

৩৭. 'আট কপালে' কোন বাগ্‌ধারা দিয়ে প্রকাশ করা হবে?
ক. হতভাগ্য খ. ভাগ্যবান
গ. সরু কপাল ঘ. চওড়া কপাল
উত্তর ✓ ক ব্যাখ্যা কতিপয় গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : ত্রিশঙ্কু অবস্থা (মধ্যাবস্থা), তাল পাতার সেপাই (ক্ষীণজীবী), তারে নাচন (দুরবস্থার একশেষ), তেল-নুন-লকড়ি (মৌলিক প্রয়োজন), তোলা হাঁড়ি (গণ্ডীর)।

৩৮. 'বইপড়া' কোন সমাস?
ক. কর্মধারয় খ. বহুব্রীহি
গ. অব্যয়ীভাব ঘ. তৎপুরুষ
উত্তর ✓ ঘ ব্যাখ্যা বইপড়া = বইকে পড়া (দ্বিতীয়া তৎপুরুষ সমাস)।

৩৯. 'উপকথা' কোন সমাস?
ক. কর্মধারয় খ. অব্যয়ীভাব
গ. বহুব্রীহি ঘ. দ্বিগু
উত্তর ✓ খ ব্যাখ্যা উপকথা = কথার সদৃশ (অব্যয়ীভাব সমাস)।

৪০. 'সুবর্ণ' কোন সমাস?
ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব
উত্তর ✓ ক ব্যাখ্যা সুবর্ণ = সুন্দর রং বিশিষ্ট (কর্মধারয় সমাস)।

৪১. 'ষোড়শ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. ষট + দশ খ. ষড় + শ
গ. ষোড় + অশ ঘ. ষোড় + শ
উত্তর ✓ ক ব্যাখ্যা নিপাতনে সিদ্ধ সংস্কৃত ব্যঞ্জনসন্ধি : আ + চর্য = আশ্চর্য, আ + পদ = আস্পদ, বন + পতি = বনস্পতি, মনস + ঈষা = মনীষা, ষট + দশ = ষোড়শ, এক + দশ = একাদশ, বৃহৎ + পতি = বৃহস্পতি, গো + পদ = গোষ্পদ, পর + পর = পরস্পর, পতৎ + অঞ্জলি = পতঞ্জলি।

৪২. 'গায়ক' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. গা + অক খ. গৈ + অক
গ. গা + য়ক ঘ. গো + অক
উত্তর ✓ খ ব্যাখ্যা স্বরবর্ণ পরে থাকলে এ-কারের স্থানে অয়, ঐ-কারের স্থানে আয়, ও-কারের স্থানে অব এবং ঔ-কারের স্থানে আব হয়। যেমন :

শে + অন = শয়ন	নৈ + অক = নায়ক
নৌ + ইক = নাবিক	পো + অন = পবন

৪৩. 'গবেষণা' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. গব + এষণা খ. গবে + এষণা
গ. গৌ + এষণা ঘ. গো + এষণা
উত্তর ✓ ঘ ব্যাখ্যা স্বরবর্ণ পরে থাকলে এ-কারের স্থানে অয়, ঐ-কারের স্থানে আয়, ও-কারের স্থানে অব এবং ঔ-কারের স্থানে আব হয়। যেমন :

গো + আদি = গবাদি	পৌ + অক = পাবক
বে + অন = বয়ন	পো + ইত্র = পবিত্র

৪৪. 'ভাবুক' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. ভৌ + উক খ. ভো + উক
গ. ভাব + উক ঘ. ভৌ + অক
উত্তর ✓ ক ব্যাখ্যা স্বরবর্ণ পরে থাকলে এ-কারের স্থানে অয়, ঐ-কারের স্থানে আয়, ও-কারের স্থানে অব এবং ঔ-কারের স্থানে আব হয়। যেমন :

শে + অন = শয়ন	নৌ + ইক = নাবিক
নৈ + অক = নায়ক	গৈ + অক = গায়ক

৪৫. 'I am writing a letter'- বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে-
ক. A letter is written by me
খ. A letter was written by me
গ. A letter was being written by me
ঘ. A letter is being written by me
উত্তর ✓ ঘ ব্যাখ্যা Present continuous tense এর verb এর Passive form টি হবে am/is/are + being + V_3।

৪৬. 'Give the order' - বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে-
ক. Let the order to give খ. Let the order given.
গ. Let the order be given. ঘ. Let the order give.
উত্তর ✓ গ ব্যাখ্যা Imperative sentence কে Active থেকে Passive voice এ রূপান্তর করতে হলে নিম্নোক্ত নিয়মটি অনুসৃত হয়।
struct: Let + Subject + be + V_3।

৪৭. 'Do not hate the poor' বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে-
ক. Let not the poor be hated খ. Let the poor not be hated.
গ. Let not the poor hate ঘ. Let poor not be hate.
উত্তর ✓ ক ব্যাখ্যা 'Do not' যুক্ত imperative sentence Active Voice কে Passive Voice এ রূপান্তরের নিয়ম
struct: Let not + sub + be + V_3।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PU

৪৮. Asad said to me, "I want to go to school now."- বাক্যটির Indirect speech হবে-

ক. Asad said to me that he wanted to go to school now.
খ. Asad said to me that he wanted to go to school then.
গ. Asad told me that he wanted to go to school then.
ঘ. Asad told me that he wants to go to school then.

উত্তর✓ গ Direct speech থেকে Indirect speech এর রূপান্তরের নিয়ম :

'Reporting verb' এর 'said to' এর স্থলে told হবে; comma এবং inverted comma উঠে যাবে; conjunction হিসেবে that ব্যবহৃত হবে; reported speech এর 'subject' Reporting verb এর subject অনুযায়ী হবে এবং verb এর tense present indifinite tense এ পরিবর্তিত হবে; এবং সবশেষে 'now' এর স্থলে then হবে।

৪৯. Abid said to me, 'I was ill" - বাক্যটির Indirect speech হবে-

ক. Abid said to me that he was ill.
খ. Abid told me that he had been ill.
গ. Abid told me that I had been ill.
ঘ. Abid told me that he has been ill.

উত্তর✓ খ Reporting verb টি past indifinite tense হলে এবং Reported speech টি যদি past Indifinite tense থাকে তাহলে Indirect speech এ পরিবর্তন করতে হলে Reported speech টির verb form Past perfect tense এ পরিবর্তিত হয়। বাক্যে 'was' পরিবর্তিত হয়ে 'had been' হয়েছে।

৫০. Penalty - এর সমার্থক শব্দ কোনটি?

ক. Punishment খ. Pardon
গ. Reward ঘ. Compensation **উত্তর ক**

৫১. Sacred- এর সমার্থক শব্দ কোনটি?

ক. Secular খ. Evil
গ. Profane ঘ. Divine **উত্তর ঘ**

৫২. সুষম পঞ্চভুজের বহিঃস্থ কোণের পরিমাণ হবে-

ক. ৬০° খ. ৬৬°
গ. ৭০° ঘ. ৭২°

উত্তর✓ ঘ

সুষম পঞ্চভুজের বহিঃস্থ কোণের পরিমাণ $= \frac{৩৬০^\circ}{৫} = ৭২^\circ$

৫৩. বায়ুতে জলীয়বাষ্পের পরিমাণ বেড়ে গেলে বায়ুচাপ-

ক. কমে যায় খ. বেড়ে যায়
গ. স্থির থাকে ঘ. শূন্য হয়

উত্তর✓ খ বায়ু তার ওজনের জন্য চতুর্দিকে যে চাপ দেয় তাকে বায়ুর চাপ বলে। বায়ুতে জলীয় বাষ্পের পরিমান বৃদ্ধি পেলে বায়ু চাপ কমে যাবে। এর ফলে ঝড়ের সম্ভবন দেখা দেয়।

৫৪. বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) সদর দপ্তর কোথায় অবস্থিত?

ক. রোমে খ. প্যারিসে
গ. জেনেভায় ঘ. হেগে

উত্তর✓ গ বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) প্রতিষ্ঠিত হয় ৭ এপ্রিল ১৯৪৮ সালে। WHO এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত। WHO এর বর্তমান সদস্য দেশ ১৯৪ টি।

৫৫. জাতিসংঘের প্রথম মহাসচিব কোন দেশের নাগরিক ছিলেন?

ক. ঘানা খ. নরওয়ে
গ. ব্রিটেন ঘ. দক্ষিণ কোরিয়া

উত্তর✓ খ জাতিসংঘের প্রথম মহাসচিব ট্রিগভেলি নরওয়ের নাগরিক ছিলেন। জাতিসংঘের বর্তমান ও নবম মহাসচিব অ্যান্টনিও গুতেরেস পর্তুগালের নাগরিক।

৫৬. নিরাপত্তা পরিষদের মোট সদস্য সংখ্যা কত?

ক. ১২ খ. ১৩
গ. ১৪ ঘ. ১৫

উত্তর✓ ঘ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের মোট সদস্য দেশ ১৫ টি। স্থায়ী সদস্য ৫টি দেশ, অস্থায়ী সদস্য ১০টি দেশ। স্থায়ী সদস্য পাঁচটি দেশ হচ্ছে- যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, রাশিয়া ও চীন। অস্থায়ী সদস্য দেশ নির্বাচিত হয় ২ বছরের জন্য। নিরাপত্তা পরিষদের সভাপতি এক মাসের জন্য নির্বাচিত হয়।

৫৭. 'অপরাজেয় বাংলা'র ভাস্কর কে?

ক. শিল্পী হামিদুজ্জমান খান খ. ভাস্কর নভেরা আহমেদ
গ. ভাস্কর সৈয়দ আবদুল্লাহ খালেদ ঘ. ভাস্কর শামীম শিকদার

উত্তর✓ গ 'অপরাজেয় বাংলা' ভাস্কর্যটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে অবস্থিত। 'অপরাজেয় বাংলা'র ভাস্কর সৈয়দ আব্দুল্লাহ খালেদ। ভাস্কর্যটি উদ্বোধন করা হয় ১৬ ডিসেম্বর ১৯৭৯ সালে।

৫৮. নিম্নলিখিত ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি ক্ষুদ্রতম?

ক. $\frac{২}{৩}$ খ. $\frac{৩}{৪}$
গ. $\frac{৫}{৯}$ ঘ. $\frac{৭}{১২}$

উত্তর✓ গ $\frac{২}{৩} = ০.৬৭$, $\frac{৩}{৪} = ০.৭৫$, $\frac{৫}{৯} = ০.৫৬$, $\frac{৭}{১২} = ০.৫৮$।

উক্ত ফলাফলসমূহের থেকে $\frac{৫}{৯} = ০.৫৬$ ক্ষুদ্রতম।

৫৯. বাংলাদেশে রঙিন টেলিভিশন চালু হয় কবে?

ক. ১৯৮০ সালে খ. ১৯৮১ সালে
গ. ১৯৮২ সালে ঘ. ১৯৮৩ সালে

উত্তর✓ ক বাংলাদেশের সরকারি 'বাংলাদেশ টেলিভিশন' (BTV)। 'বাংলাদেশ টেলিভিশন' যাত্রা শুরু করে ২৫ ডিসেম্বর ১৯৬৪ সালে। বাংলাদেশ টেলিভিশন রঙিন সম্প্রচার শুরু করে ১ ডিসেম্বর ১৯৮০ সালে।

৬০. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ঢাকা শহর কোন সেক্টরের অধীনে ছিল?

ক. ১নং খ. ২নং
গ. ৩নং ঘ. ৪নং

উত্তর✓ খ মুক্তিযুদ্ধের সময় ঢাকা জেলা ২ ও ৩ নং সেক্টরের অধীনে ছিল। তবে ঢাকা শহর ২ নং সেক্টরের অধীনে ছিল। ২ নং সেক্টর কুমিল্লা, আখাউড়া- ভৈরব, ঢাকা শহর এবং ফরিদপুর ও নোয়াখালী জেলার অংশবিশেষ নিয়ে গঠিত হয়েছিল।

৬১. স্ক্যান্ডিনেভিয়ান দেশ নয় কোনটি?

ক. নরওয়ে খ. কেনিয়া
গ. ডেনমার্ক ঘ. ফিনল্যান্ড

উত্তর✓ খ স্ক্যান্ডিনেভিয়ান উত্তর ইউরোপের একটি অঞ্চল। এই অঞ্চলে ৫টি দেশ অবস্থিত। নরওয়ে, সুইডেন, ডেনমার্ক, ফিনল্যান্ড ও আইসল্যান্ড। এই অঞ্চল 'নর্ডিক অঞ্চল' নামেও পরিচিত। কেনিয়া পূর্ব আফ্রিকার একটি দেশ।

৬২. কলম্বিয়া দেশটি কোন মহাদেশে অবস্থিত?

ক. ইউরোপ খ. দক্ষিণ আমেরিকা
গ. আফ্রিকা ঘ. উত্তর আমেরিকা

উত্তর✓ খ কলম্বিয়া দক্ষিণ আমেরিকা মহাদেশের একটি দেশ। কলম্বিয়ার রাজধানী বোগোতা; ভাষা স্প্যানিশ এবং মুদ্রা পেসো। 'কলম্বিয়া' দেশটির নামকরণ করা হয়েছে কলম্বাসের নামানুসারে।

৬৩. বিদ্যুৎ শক্তির বাণিজ্যিক একক কী?
ক. ওয়াট | খ. ওয়াট-ঘণ্টা
গ. জুল | ঘ. কিলোওয়াট-ঘণ্টা
উত্তর: খ এক কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন একটি তড়িৎযন্ত্র এক ঘণ্টায় যে শক্তি ব্যয় করে তাকে এক কিলোওয়াট-ঘণ্টা বলে। বিদ্যুৎ ব্যবস্থাপনায় কিলোওয়াট-ঘণ্টা একক ব্যবহার করে বিদ্যুৎ পরিমাপ ও কেনাবেচা করা হয়। একে বানিজ্যিক একক ও বলা হয়।

৬৪. কোন রঙের বস্তুর তাপ শোষণ ক্ষমতা বেশি?
ক. কালো | খ. লাল
গ. বেগুনি | ঘ. সাদা
উত্তর: ক

৬৫. তাপ সঞ্চালনের দ্রুততম প্রক্রিয়া কোনটি?
ক. পরিবহন | খ. পরিচলন
গ. বিকিরণ | ঘ. এর কোনোটিই নয়
উত্তর: গ জড় মাধ্যম ছাড়া তাড়িত চৌম্বক তরঙ্গ আকারে উষ্ণ বস্তু হতে শীতল বস্তুতে তাপ সঞ্চালিত হওয়ার পদ্ধতিকেই তাপের বিকিরণ বলে। তাপ সঞ্চালণের দ্রুততম প্রক্রিয়া।

৬৬. বায়ুমণ্ডলের কোন উপাদান অতি বেগুনি রশ্মিকে শোষণ করে?
ক. হিলিয়ম | খ. ওজোন
গ. অক্সিজেন | ঘ. নাইট্রোজেন
উত্তর: খ ভূ-পৃষ্ঠের ৬৫ মাইল উপরে অবস্থিত বায়ুমন্ডলের স্তরকে ওজনস্তর বলে। এটি মহাজাগতিক রশ্মি ও অতিবেগুণি রশ্মি শোষণ করে।

৬৭. স্যালিক এসিড পাওয়া যায়-
ক. কমলালেবুতে | খ. টমেটোতে
গ. আমলকিতে | ঘ. আঙ্গুরে
উত্তর: খ

৬৮. টুথপেস্টের প্রধান উপাদান-
ক. সাবান ও পাউডার | খ. জেলি ও মসলা
গ. ফ্লোরাইড ও ক্লোরোফিল | ঘ. ভোজ্য তেল ও সোডা
উত্তর: ক দাঁত পরিষ্কারের জন্য টুথপেস্ট ব্যবহার করা হয়। এর প্রধান উপাদান সাবান ও পাউডার। এতে চক পাউডার ৩০% এবং সাবান থাকে ১৫%।

৬৯. মাটির উর্বরতা বৃদ্ধিতে সাহায্য করে বায়ুর-
ক. অক্সিজেন | খ. নাইট্রোজেন
গ. হাইড্রোজেন | ঘ. কার্বন ডাইঅক্সাইড
উত্তর: খ নাইট্রোজেন বায়ুর প্রধান উপাদান। বায়ুর নাইট্রোজেন বিভিন্ন প্রক্রিয়ায় উদ্ভিদ ও প্রাণীর দেহে স্থানান্তরিত হয়। বায়ুর নাইট্রোজেন মৃত্তিকার উর্বরতা বৃদ্ধি করে।

৭০. কোনটি একবীজপত্রী উদ্ভিদ নয়?
ক. নারিকেল | খ. গম
গ. ভুট্টা | ঘ. কাঁঠাল
উত্তর: ঘ যে সব উদ্ভিদের বীজে একটি বীজপত্র থাকে তাকে একবীজপত্রী উদ্ভিদ বলে। যেমন: ভুট্টা, নারকেল, গম প্রভৃতি।

৭১. কোন ভিটামিন ক্ষতস্থান হতে রক্ত পড়া বন্ধ করতে সাহায্য করে?
ক. ভিটামিক বি | খ. ভিটামিন সি
গ. ভিটামিন কে | ঘ. ভিটামিন B_2
উত্তর: গ

৭২. বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয়?
ক. ৪ বছর পরপর | খ. ৫ বছর পরপর
গ. প্রতি বছর | ঘ. ৩ বছর পরপর
উত্তর: ক বিশ্বকাপ ফুটবল খেলা শুরু হয় ১৯৩০ সাল থেকে। বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয় ৪ বছর পরপর। বিশ্বকাপ ফুটবলের প্রথম ম্যাচ অনুষ্ঠিত হয় ফ্রান্স- মেক্সিকোর মধ্যে।

৭৩. প্রথম বিশ্বকাপ ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছিল?
ক. ইতালিতে | খ. উরুগুয়েতে
গ. ব্রাজিলে | ঘ. মেক্সিকোতে
উত্তর: খ

আয়োজন	সাল	আয়োজক
প্রথম	১৯৩০	উরুগুয়ে
২০তম	২০১৪	ব্রাজিল
২১তম	২০১৮	রাশিয়া
২২তম (হবে)	২০২২	কাতার

৭৪. সাত গম্বুজ মসজিদটির নির্মাতা-
ক. মীর জুমলা | খ. সুবেদার ইসলাম খান
গ. মুর্শিদকুলি খান | ঘ. শায়েস্তা খান
উত্তর: ঘ সাতগম্বুজ মসজিদ ঢাকার মোহাম্মদপুরে অবস্থিত মুঘল আমলে নির্মিত একটি মসজিদ। ১৬৮০ সালে মুঘল সুবেদার শায়েস্তা খান এর আমলে তার পুত্র উমিদ খাঁ মসজিদটি নির্মাণ করেন।

৭৫. সাত গম্বুজ মসজিদে গম্বুজের সংখ্যা-
ক. ৪টি | খ. ৩টি
গ. ৫টি | ঘ. ৭টি
উত্তর: খ সাতগম্বুজ মসজিদে ৩টি গম্বুজ ও চারটি মিনার রয়েছে। মিনার চারটিকে গম্বুজ ধরে এই মসজিদের নাম হয়েছে সাত গম্বুজ মসজিদ।

৭৬. লালবাগ কেল্লার নির্মাণকাজ আরম্ভ করেন-
ক. ইসলাম খান | খ. শায়েস্তা খান
গ. যুবরাজ মোহাম্মদ আযম | ঘ. মীর জুমলা
উত্তর: গ সম্রাট আওরঙ্গজেবের তৃতীয় পুত্র শাহজাদা মোহাম্মদ আজম শাহ লালবাগ কেল্লার নির্মাণ কাজ শুরু করেন ১৬৭৮ সালে। নির্মাণ কাজ সমাপ্ত করেন শায়েস্তা খান।

৭৭. বেতবুনিয়া কোন জেলায় অবস্থিত?
ক. ঢাকা | খ. পাবনা
গ. চট্টগ্রাম | ঘ. রাঙ্গামাটি
উত্তর: ঘ বেতবুনিয়া রাঙ্গামাটি জেলার কাউখালী উপজেলার একটি ইউনিয়ন। এখানে বেতবুনিয়া ভূ-উপগ্রহ কেন্দ্র অবস্থিত।

৭৮. বেতবুনিয়া ভূ-উপগ্রহ কেন্দ্রটি স্থাপিত হয়
ক. ১৯৭৪ সালে | খ. ১৯৭৫ সালে
গ. ১৯৭৬ সালে | ঘ. ১৯৭৭ সালে
উত্তর: খ বেতবুনিয়া ভূ-উপগ্রহ কেন্দ্রটি বাংলাদেশের প্রথম ভূ-উপগ্রহ কেন্দ্র। এটি রাঙ্গামাটি জেলায় স্থাপিত হয় ১৯৭৫ সালের ১৪ জুন।

৭৯. বাংলাদেশ মেশিন টুলস কারখানা অবস্থিত-
ক. গাজীপুরে | খ. টঙ্গীতে
গ. নারায়ণগঞ্জে | ঘ. খুলনাতে
উত্তর: ক 'বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি' বাংলাদেশ সেনা বাহিনীর সামরিক যন্ত্রাংশ তৈরী ও যুদ্ধকরণের উদ্দেশ্যে ১২ ফেব্রুয়ারি ১৯৭৯ সালে প্রতিষ্ঠা করা হয়। এই প্রতিষ্ঠান গাজীপুরে অবস্থিত।

৮০. বাংলাদেশের টেলিফোন শিল্প সংস্থা অবস্থিত-
ক. কুমিল্লায় | খ. চট্টগ্রামে
গ. টঙ্গীতে | ঘ. সিলেটে
উত্তর: গ টেলিফোন শিল্প সংস্থা (TSS) ১৯৬৭ সা প্রতিষ্ঠিত হয়। তখন এর নাম ছিলো 'Telephone Industri Corporation'. টেলিফোন শিল্প সংস্থা গাজীপুরের টঙ্গীতে অবস্থিত



প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩

সেট : ১ | [কোড : দানিয়ুব] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ০৮.১১.২০১৩ | পূর্ণমান : ৮০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. কোনটি শুদ্ধ বানান?
ক. শিরচ্ছেদ খ. শিরোচ্ছেদ
গ. শিরশ্ছেদ ঘ. শিরাচ্ছেদ
উত্তর✓ গ ব্যাখ্যা কয়েকটি শুদ্ধ বানান : শিরশ্ছেদ, শ্রমজীবী, শস্য, শিকার, শুশ্রূষা, শারীরিক, শ্রদ্ধাঞ্জলি, শ্মশান, শাশ্বত।

০২. সঠিক শব্দ কোনটি?
ক. চলাকালীন সময়ে খ. চলাকালের সময়ে
গ. চলাকালে ঘ. চলাকালিন সময়ে
উত্তর✓ গ ব্যাখ্যা 'কাল' শব্দের বিশেষণ হলো 'কালীন,' যার অর্থ : সময়ে। 'চলাকালীন' শব্দেব অর্থ চলার সময়ে, চালু থাকা কালে, 'চলাকালীন' লেখার পরে 'সময়ে' শব্দটি ব্যবহার বাহুল্য ও অর্থহীন।

০৩. যে বিষয়ে কোনো বিতর্ক নেই-
ক. অবিমৃষ্যকারী খ. অবিতর্ক
গ. অবিমিশ্যকারী ঘ. অবিসংবাদী
উত্তর✓ ঘ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : অবিবেচক যিনি = অবিমৃশ্যকারী; যে বিষয়ে কোনো বিতর্ক নেই = অবিসংবাদী; যে ভবিষ্যৎ না ভেবেই কাজ করে = অবিমৃশ্যকারী; যে ভবিষ্যতের চিন্তা করে না = অপরিণামদর্শী।

০৪. যে জমিতে ফসল জন্মায় না-
ক. পতিত খ. অনুর্বর
গ. উষর ঘ. বন্ধ্যা
উত্তর✓ ঘ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : পড়ে আছে এমন = পতিত; উর্বর নয় এমন = অনুর্বর; যে নারীর সন্তান হয় না = বন্ধ্যা; যে ভূমিতে ফসল জন্মায় না = উষর।

০৫. কোন বাগ্‌ধারাটি স্বাতন্ত্র্য অর্থ প্রকাশ করে?
ক. সাতেও না পাঁচেও না খ. দা-কুমড়া
গ. সাপে-নেউলে ঘ. আদায়-কাঁচকলায়
উত্তর✓ ক ব্যাখ্যা কয়েকটি গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : আমড়াগাছি করা (অযথা তোষামোদ করা), চর্বিত চর্বণ (পুনরাবৃত্তি), রামগরুড়ের ছানা (গোমড়ামুখো ব্যক্তি), খয়ের খাঁ (চাটুকর), খেজুরে আলাপ (অকাজের কথা)।

০৬. 'সৌম্য' এর বিপরীত শব্দ-
ক. উগ্র খ. শান্ত
গ. কঠিন ঘ. উদ্ধত
উত্তর✓ ক ব্যাখ্যা কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
সমষ্টি	ব্যষ্টি	সুশীল	দুঃশীল
স্থাবর	জঙ্গম/অস্থাবর	সবাক	নির্বাক
সন্নিকৃষ্ট	বিপ্রকৃষ্ট	সুষুপ্ত	জাগরিত

০৭. 'অর্বাচীন' এর বিপরীত শব্দ-
ক. অচেনা খ. নবীন
গ. প্রাচীন ঘ. তরুণ
উত্তর✓ গ ব্যাখ্যা কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
অশন	অনশন	অনুরাগ	বিরাগ
অবনত	উন্নত	অমৃত	বিষ/গরল
অনুজ	অগ্রজ	অভিপ্রেত	অনভিপ্রেত

০৮. সাদা মেঘে বৃষ্টিপাত হয় না। এখানে 'মেঘে' কোন কারক?
ক. কর্ম কারক খ. অপাদান কারক
গ. সম্প্রদান কারক ঘ. অধিকরণ কারক
উত্তর✓ খ ব্যাখ্যা যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমন : পাপে বিরত হও।

০৯. 'সমাস' এর অর্থ-
ক. সংযোজন খ. বিশ্লেষণ
গ. সংশ্লেষণ ঘ. সংক্ষেপণ উত্তর ঘ

১০. 'মাঠে ধান ফলেছে' এখানে বাক্যে 'মাঠে' কোন কারক?
ক. ভাবাধিকরণ খ. বিষয়াধিকরণ
গ. কালাধিকরণ ঘ. স্থানাধিকরণ
উত্তর✓ ঘ ব্যাখ্যা যে অধিকরণে ক্রিয়ার আধার বা স্থান বোঝায়, তাকে আধারাধিকরণ বা স্থানাধিকরণ বলে। যেমন : তুমি এ পথে যেয়ো।

১১. কোন বানানটি শুদ্ধ?
ক. Embarrasment খ. Embarrassment
গ. Embarasment ঘ. Embarassment
উত্তর✓ খ ব্যাখ্যা Reporting verb টি past indifinite tense হলে এবং Reported speech টি যদি past Indifinite tense থাকে তাহলে Indirect speech এ পরিবর্তন করতে হলে Reported speech টির verb form Past perfect tense এ পরিবর্তিত হয়। বাক্যে 'was' পরিবর্তিত হয়ে 'had been' হয়েছে।

১২. Find out the correct voice?
ক. I wonder at this
খ. I am wondered at this
গ. I wondered at this
ঘ. I was wondered at this
উত্তর ঘ

১৩. কোনটি শুদ্ধ বানান?
ক. Humourous খ. Humourious
গ. Humorous ঘ. Humorious
উত্তর গ

১৪. 'He died of fever' বাক্যের passive form হচ্ছে-
ক. Fever caused him to death.
খ. His death was caused with fever.
গ. Fever caused him to die.
ঘ. He was caused to die of fever.
উত্তর ঘ

১৫. Choose the correct form-
ক. He fell down while he was walking
খ. He fell down while he walked
গ. He fell down while he was walked
ঘ. He fell down while he walking
উত্তর✓ ক ব্যাখ্যা সময় নির্দেশক While - যুক্ত clause এর মূল verb - টি সাধারণত cntinuous tense এর হয়। যেহেতু প্রসঙ্গটি অতীত কালের সেহেতু while যুক্ত clause এর verb এর tense Past continuous tense হবে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১৬. 'I saw him in the market but he —— having been there' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ হবে-
ক. refused খ. forbade
গ. turned down ঘ. denied
উত্তর ✓ খ ব্যাখ্যা কোন সত্তা অস্বীকার করার ক্ষেত্রে মূল verb হিসেবে 'deny' ব্যবহৃত হয়। প্রশ্নের context অনুযায়ী শূন্যস্থানে denied বসবে।

১৭. 'I saw —— beggar' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ হবে-
ক. an one-eyed খ. an one-eye
গ. a one-eye ঘ. a one-eyed
উত্তর ✓ ঘ ব্যাখ্যা One যুক্ত compound Noun এর পূর্বে indifinite article 'a' ব্যবহৃত হয়।

১৮. The word 'massacre' is –
ক. Noun খ. Verb
গ. Adjective ঘ. Both Noun and verb উত্তর ঘ

১৯. Down went the Titanic. The word 'down' is -
ক. Preposition খ. Noun
গ. Verb ঘ. Adjective
উত্তর ✓ খ ব্যাখ্যা Down (adv) নীচে। বাক্যটিতে মূল verb টি হলো 'go down' এবং এটি একটি phrasal verb। 'Inversion' এর নিয়ম অনুযায়ী, বাক্যের শুরুতে adverb আসে এবং 'verb' adverb টিকে অনুসরণ করে। প্রসঙ্গ অনুযায়ী phrasal verb টির অর্থ ডুবে যাওয়া।

২০. 'We need two hundred dollars —— this to pay for everything.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ হবে -
ক. as well খ. beside
গ. also ঘ. besides
উত্তর ✓ খ ব্যাখ্যা Preposition সর্বদাই N/P এর পূর্বে বসে বাক্যের অন্যান্য Parts of speech এর সঙ্গে সম্পর্ক স্থাপন করে। বাক্যটিতে besides (ছাড়া অর্থে) Preposition টি 'this' pronounএর পূর্বে বসে 'adverbial' এর কাজ করছে।

২১. $p + \frac{1}{p} = 5$ হলে, $p^3 + \frac{1}{p^3}$ কত?
ক. 100 খ. 105
গ. 110 ঘ. 115
উত্তর ✓ গ ব্যাখ্যা $p^3 + \frac{1}{p^3} = \left(p + \frac{1}{p}\right)^3 - 3.p.\frac{1}{p}\left(p + \frac{1}{p}\right)$
$= 5^3 - 3.5 = 125 - 15 = 110$

২২. $a^4 + 4$ এর উৎপাদক কি কি?
ক. $(a^2 - 2a + 2)(a^2 + 2a - 2)$
খ. $(a^2 - 2a + 2)(a^2 - 2a + 2)$
গ. $(a^2 - 2a + 2)(a^2 + 2a - 2)$
ঘ. $(a^2 - 2a - 2)(a^2 - 2a + 2)$
উত্তর ✓ খ ব্যাখ্যা $a^4 + 4 = (a^2)^2 + 2.a^2.2 + 2^2 - 4a^2$
$= (a + 2)^2 - (2a)^2 = (a^2 + 2 - 2a)(a^2 + 2 + 2a)$
$= (a^2 - 2a + 2)(a^2 - 2a + 2)$

২৩. ৬, ৮, ১০ এর গড় ৭, ৯ এবং কোন সংখ্যার গাণিতিক গড়ের সমান?
ক. ৫ খ. ৮
গ. ৬ ঘ. ১০
উত্তর ✓ খ ব্যাখ্যা মনে করি, সংখ্যাটি x
৬, ৮, ১০ সংখ্যাগুলোর গড় $= \frac{৬ + ৮ + ১০}{৩} = \frac{২৪}{৩} = ৮$
৭, ৯ ও x " " $= \frac{৭ + ৯ + x}{৩} = \frac{১৬ + x}{৩}$
প্রশ্নমতে, $৮ = \frac{১৬ + x}{৩} \Rightarrow ১৬ + x = ২৪ \Rightarrow x = ২৪ - ১৬ = ৮$

২৪. ২০ জন বালক ও ১৫ জন বালিকার গড় বয়স ১৫ বছর। বালকদের গড় বয়স ১৫.৫ বছর বালিকাদের গড় বয়স কত?
ক. ১৪ বছর খ. ১৪ বছর ৪ মাস
গ. ১৪ বছর ৬ মাস ঘ. ১৪ বছর ৮ মাস
উত্তর ✓ খ ব্যাখ্যা ২০ জন বালক ও ১৫ জন বালিকার মো. বয়স $(৩৫ \times ১৫) = ৫২৫$ বছর
২০ জন বালকের মোট বয়স $(২০ \times ১৫.৫) = ৩১০$ বছর
∴ ১৫ জন বালিকার বয়স $(৫২৫ - ৩১০) = ২১৫$ বছর
বালিকাদের গড় বয়স $= \frac{২১৫}{১৫} = ১৪.৩৩$ বছর $= ১৪$ বছর ৪ মাস

২৫. শতকরা ৫ টাকা হার লাভে ২০ বছরে লাভ মূলধনে ৫০,০০০ টাকা হলে মূলধন কত?
ক. ২০,০০০ টাকা খ. ৩৫,০০০ টাকা
গ. ২৫,০০০ টাকা ঘ. ৩০,০০০ টাকা
উত্তর ✓ গ ব্যাখ্যা আমরা জানি,
$\text{আসল} = \frac{১০০ \times \text{সুদাসল}}{১০০ + (\text{সময়} \times \text{হার})}$
$= \frac{১০০ \times ৫০,০০০}{১০০ + (২০ \times ৫)}$
$= \frac{১০০ \times ৫০,০০০}{১০০ + ১০০}$
$= \frac{১০০ \times ৫০,০০০}{২০০}$
$= ২৫,০০০$ টাকা

২৬. এক ব্যক্তি একটি দ্রব্য ১২০০ টাকায় কিনে ১৫% লাভে বিক্রয় করল। ক্রেতা ঐ দ্রব্য তৃতীয় এক ব্যক্তির কাছে ৫% ক্ষতিতে বিক্রয় করল। শেষ বিক্রয় মূল্য কত ছিল?
ক. ১২৮০ টাকা খ. ১২৮১ টাকা
গ. ১৩১০ টাকা ঘ. ১৩১১ টাকা
উত্তর ✓ ঘ ব্যাখ্যা ১ম জনের ক্ষেত্রে,
বিক্রয়মূল্য $= \frac{(১০০ + \text{লাভ})}{১০০} \times \text{ক্রয়মূল্য}$
$= \frac{(১০০ + ১৫)}{১০০} \times ১২০০ = \frac{১১৫}{১০০} \times ১২০০$
$= ১৩৮০$ টাকা = ২য় জনের ক্রয়মূল্য
২য় জনের ক্ষেত্রে, বিক্রয়মূল্য $= \frac{১০০ - \text{ক্ষতি}}{১০০} \times \text{ক্রয়মূল্য}$
$= \frac{১০০ - ৫}{১০০} \times ১৩৮০ = \frac{৯৫}{১০০} \times ১৩৮০ = ১৩১১$ টাকা

২৭. যদি তেলের মূল্য ২৫% বৃদ্ধি পায় তবে তেলের ব্যবহার শতকরা কত কমালে, তেল বাবদ খরচ বৃদ্ধি পাবে না?
ক. ২০% খ. ১৬%
গ. ১১% ঘ. ৯%
উত্তর ✓ ক ব্যাখ্যা ২৫% বৃদ্ধি পাওয়াতে ব্যবহার কমাতে হবে
$= \left[\frac{r}{১০০ + r} \times ১০০\right]\% = \frac{২৫}{১০০ + ২৫} \times ১০০\%$
$= \frac{২৫}{১২৫} \times ১০০\% = ২০\%$।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

২৮. দুটি গোলকের আয়তনের অনুপাত ৮ : ২৭। তাদের ক্ষেত্রফলের অনুপাত কত?

ক. ৪ : ৯ খ. ২ : ৩
গ. ৪ : ৫ ঘ. ৫ : ৬

উত্তর✓ ক ব্যাখ্যা: প্রথম গোলকের আয়তন $= \frac{৪}{৩}\pi r_১^৩$

২য় গোলকের আয়তন $= \frac{৪}{৩}\pi r_২^৩$

প্রশ্নমতে, $\frac{\frac{৪}{৩}\pi r_১^৩}{\frac{৪}{৩}\pi r_২^৩} = \frac{৮}{২৭}$

$\Rightarrow \frac{r_১^৩}{r_২^৩} = \frac{২^৩}{৩^৩}$

$\Rightarrow \frac{r_১}{r_২} = \frac{২}{৩}$

$\Rightarrow \frac{r_১^২}{r_২^২} = \frac{৪}{৯}$ [বর্গ করে]

$\frac{4\pi r_১^২}{4\pi r_২^২} = \frac{৪}{৯}$ [গোলকের ক্ষেত্রফল $= 8\pi r^2$]

∴ এদের অনুপাত ৪ : ৯

২৯. একটি সোনার গহনার ওজন ১৬ গ্রাম। এতে সোনা ও তামার অনুপাত ৩:১। এতে কি পরিমাণ সোনা মেশালে অনুপাত ৪:১ হবে?

ক. ৮ গ্রাম খ. ৬ গ্রাম
গ. ৩ গ্রাম ঘ. ৪ গ্রাম

উত্তর✓ ঘ ব্যাখ্যা: সোনা আছে $= ১৬ \times \frac{৩}{৩+১} = ১২$ গ্রাম

তামা আছে $= ১৬ \times \frac{১}{৩+১} = ৪$ গ্রাম

ধরি, সোনা মেশাতে হবে x গ্রাম

প্রশ্নমতে, $\frac{১২ + x}{৪} = \frac{৪}{১}$

$\Rightarrow ১২ + x = ১৬$

$\Rightarrow x = ৪$

∴ সোনা মেশাতে হবে ৪ গ্রাম।

৩০. দুই ব্যক্তি একত্রে একটি কাজ ৮ দিনে করতে পারে। প্রথম ব্যক্তি একাকী কাজটি ১২ দিনে করতে পারে। দ্বিতীয় ব্যক্তি একাকী কাজটি কত দিনে করতে পারবে?

ক. ২০ দিনে খ. ২২ দিনে
গ. ২৪ দিনে ঘ. ২৬ দিনে

উত্তর✓ গ ব্যাখ্যা: সময $= \frac{\text{বড় সংখ্যা} \times \text{ছোট সংখ্যা}}{\text{বড় সংখ্যা} - \text{ছোট সংখ্যা}}$

$= \frac{১২ \times ৮}{১২ - ৮}$

$= \frac{১২ \times ৮}{৪} = ২৪$ দিন।

৩১. ঢাকার বিখ্যাত তারা মসজিদ কে নির্মাণ করেন?

ক. শায়েস্তা খান খ. মির্জা আহমদ জান
গ. নবাব সলিমুল্লাহ ঘ. নবাব আবদুল লতিফ

উত্তর✓ খ ব্যাখ্যা: তারা মসজিদ পুরানো ঢাকার আরমানিটোলায় অবস্থিত। আঠারো শতকের প্রথম দিকে মির্জা গোলাম পীর এ মসজিদ নির্মাণ করেন। তার অপর নাম মির্জা আহমদ জান। বর্তমানে মসজিদটিতে পাঁচটি গম্বুজ রয়েছে।

৩২. রাজেন্দ্রপুর সেনানিবাসে অবস্থিত মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভের নাম কী?

ক. বিজয় স্তম্ভ খ. বিজয়কেতন
গ. স্বাধীনতা সেপান ঘ. রক্ত সোপান

উত্তর✓ ঘ ব্যাখ্যা: রাজেন্দ্রপুর সেনানিবাস গাজীপুরে অবস্থিত। এই সেনানিবাসে অবস্থিত মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভের নাম 'রক্ত সোপান'।

৩৩. ব্রহ্মপুত্র নদ হিমালয়ের কোন শৃঙ্গ হতে উৎপন্ন হয়েছে?

ক. বরাইল খ. কৈলাস
গ. কাঞ্চনজঙ্ঘা ঘ. গডউইন অষ্টিন

উত্তর✓ খ ব্যাখ্যা: ব্রহ্মপুত্র নদ হিমালয় পর্বতের কৈলাশশৃঙ্গের মানস সরোবর হ্রদে উৎপন্ন হয়েছে। ব্রহ্মপুত্র নদ চীন, ভারত ও বাংলাদেশে ২৮৯৭ কিলোমিটার পথ অতিক্রম করেছে। ব্রহ্মপুত্র নদ কুড়িগ্রামের রৌমারি দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে।

৩৪. মিশুকের স্থপতি কে?

ক. মোস্তফা মনোয়ার খ. হামিদুর রহমান
গ. শামীম শিকদার ঘ. হামিদুজ্জামান খান

উত্তর✓ ক ব্যাখ্যা: 'মিশুক' ১৯৮৫ সালে ঢাকায় অনুষ্ঠিত দ্বিতীয় সাউথ এশিয়ান (এসএ) গেমসের মাসকট। মিশুকের স্থপতি মোস্তফা মনোয়ার।

৩৫. 'শহীদ চান্দু' স্টেডিয়াম কোন শহরে অবস্থিত?

ক. বগুড়া খ. কুমিল্লা
গ. চট্টগ্রাম ঘ. রাজশাহী

উত্তর✓ ক ব্যাখ্যা: শহিদ চান্দু স্টেডিয়াম বগুড়া জেলায় অবস্থিত। স্টেডিয়ামটি প্রতিষ্ঠিত হয় ২০০২ সালে। প্রথম আন্তর্জাতিক ম্যাচ অনুষ্ঠিত হয় ২০ ফেব্রুয়ারি ২০০৬, বাংলাদেশ ও শ্রীলঙ্কার মধ্যে (ওয়ানডে)।

৩৬. নাসাউ কোন দেশের রাজধানী?

ক. নিকোবর দ্বীপপুঞ্জ খ. মাদাগাস্কার
গ. বাহামা দ্বীপপুঞ্জ ঘ. ফিজি

উত্তর✓ গ ব্যাখ্যা:

দেশ	রাজধানী
বাহামা দ্বীপপুঞ্জ	নাসাউ
মাদাগাস্কার	আনতানানারিভো
ফিজি	সুভা

আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ভারতের কেন্দ্র শাসিত অঞ্চল যা বঙ্গোপসাগরে অবস্থিত। এর রাজধানী পোর্ট ব্লেয়ার।

৩৭. মেক্সিকো ও যুক্তরাষ্ট্র বিভক্তকারী সীমারেখা কোনটি?

ক. ম্যাকনামারা লাইন খ. সনোরা লাইন
গ. ডুরান্ড লাইন ঘ. হিন্ডারাবাগ লাইন

উত্তর✓ খ ব্যাখ্যা:

- সনোরা লাইন : মেক্সিকো ও যুক্তরাষ্ট্রকে বিভক্তকারী রেখা।
- ম্যাকনামারা লাইন : যুক্তরাষ্ট্র কর্তৃক সাবেক উত্তর ও দক্ষিণ ভিয়েতনামের সীমান্তে নির্মিত বৈদ্যুতিক বেষ্টনী। বর্তমানে এর অস্তিত্ব নেই।
- ডুরান্ট লাইন : পাকিস্তান ও আফগানিস্তানের সীমানা চিহ্নিতকরণ রেখা।
- হিন্ডারবার্গ লাইন : জার্মানি ও পোল্যান্ডের সীমানা চিহ্নিতকরণ রেখা।

৩৮. কয়টি দেশ নিয়ে জাতিসংঘ যাত্রা শুরু করেছিল?
ক. ৪৮টি খ. ৫০টি
গ. ৫১টি ঘ. ৬০টি
উত্তর✓ গ ব্যাখ্যা: জাতিসংঘ সনদ স্বাক্ষরিত হয় ২৬ জুন ১৯৪৫ সালে যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকোতে। এই দিন ৫০ টি দেশ স্বাক্ষর করে। পোল্যান্ড ৫১তম দেশ হিসেবে জাতিসংঘ সনদে স্বাক্ষর করে ১৫ অক্টোবর ১৯৪৫ সালে। জাতিসংঘ সনদ কার্যকর হয় ২৪ অক্টোবর ১৯৪৫ সালে। তাই জাতিসংঘের প্রতিষ্ঠাতা সদস্য দেশ ৫১ টি।

৩৯. ইসিএ (ECA) এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক. সংযুক্ত আরব আমিরাত খ. মিশর
গ. লেবানন ঘ. ইয়েমেন
উত্তর✓ = ব্যাখ্যা: সঠিক উত্তর নেই। Economic Commission for Africa (ECA) জাতিসংঘের একটি প্রতিষ্ঠান। ECA ১৯৫৮ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর ইথিওপিয়ার রাজধানী আদ্দিস আবাবা। ECA এর সদস্য আফ্রিকার ৫৪ টি দেশ।

৪০. মোট কয়টি বিষয়ে নোবেল পুরস্কার দেওয়া হয়?
ক. ৭টি খ. ৫টি
গ. ৩টি ঘ. ৬টি
উত্তর✓ ঘ ব্যাখ্যা: ১৯০১ সাল থেকে পাঁচটি বিষয়ের উপর নোবেল পুরস্কার প্রদান করা হতো। চিকিৎসা, রসায়ন, পদার্থবিদ্যা, সাহিত্য ও শান্তি। ১৯৬৮ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার প্রবর্তণ করা হয়। ১৯৬৯ সাল থেকে ৬ টি বিষয়ে নোবেল পুরস্কার দেয়া হয়।

৪১. কোন দুজন আরাকান রাজসভার কবি?
ক. সৈয়দ সুলতান ও মুহাম্মদ কবির
খ. মহাকবি আলাওল ও দৌলত কাজী
গ. কাশীরাম দাস ও মহাকবি আলাওল
ঘ. মহাকবি আলাওল ও সৈয়দ সুলতান
উত্তর✓ খ ব্যাখ্যা: মায়ানমারের উত্তর-পশ্চিম সীমায় এবং চট্টগ্রামের দক্ষিণে সমুদ্রের তীরে আরাকান অবস্থিত। আরাকান রাজসভার প্রথম বাঙালি কবি দৌলত কাজী। উল্লেখ্য, এই রাজসভার শ্রেষ্ঠ কবি আলাওল।

৪২. রবীন্দ্রনাথ নাইট উপাধি ত্যাগ করেন কোন সালে?
ক. ১৯১৩ খ. ১৯১৫
গ. ১৯১৭ ঘ. ১৯১৯
উত্তর✓ ঘ ব্যাখ্যা: ব্রিটিশ সরকার রবীন্দ্রনাথ ঠাকুরকে 'স্যার বা নাইট হুড' উপাধি প্রদান (১৯১৫ সালের ১৩ জুন) করেন এবং পাঞ্জাবের অমৃতসরে জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের প্রতিবাদে ১৯১৯ সালে উপাধি ত্যাগ করেন।

৪৩. বাংলা সাহিত্যে 'ভোরের পাখি' বলা হয় কাকে?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. রাজশেখর বসু
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. বিহারীলাল চক্রবর্তী
উত্তর✓ ঘ ব্যাখ্যা: আধুনিক বাংলা গীতিকাব্যের প্রথম ও প্রধান কবি বিহারীলাল চক্রবর্তী। রবীন্দ্রনাথ ঠাকুর তাঁকে বাংলা সাহিত্যের গীতিকাব্য ধারায় 'ভোরের পাখি' বলে আখ্যায়িত করেছেন।

৪৪. প্রথম বাংলা সমার্থক শব্দের অভিধান সংকলন করেন–
ক. মুহাম্মদ শহীদুল্লাহ খ. অশোক মুখোপাধ্যায়
গ. মুহাম্মদ হাবিবুর রহমান ঘ. জগন্নাথ চক্রবর্তী
উত্তর✓ খ ব্যাখ্যা: অশোক মুখোপাধ্যায় প্রথম বাংলা সমার্থক শব্দের অভিধান সংকলন করেন জানুয়ারি ১৯৮৭ সালে।

৪৫. কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ?
ক. পর + পর = পরস্পর খ. বাক + দান = বাগদান
গ. উৎ + ছেদ = উচ্ছেদ ঘ. সাম + সার = সংসার
উত্তর✓ ক ব্যাখ্যা: নিপাতনে সিদ্ধ সংস্কৃত ব্যঞ্জনসন্ধি : আ + চর্য = আশ্চর্য, আ + পদ = আস্পদ, বন + পতি = বনস্পতি, মনস + ষা = মনীষা, ষট + দশ = ষোড়শ, এক + দশ = একাদশ, বৃহৎ + পতি = বৃহস্পতি, গো + পদ = গোষ্পদ, পর + পর = পরস্পর

৪৬. পর্যালোচনা শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ-
ক. পর্য + আলোচনা খ. পরি + আলোচনা
গ. পর্যা + লোচনা ঘ. পর্যা + আলোচনা
উত্তর✓ খ ব্যাখ্যা: কতিপয় সন্ধিবিচ্ছেদ : পর + উপকার = পরোপকার, নীল + উৎপল = নীলোৎপল, হিত + উপদেশ = হিতোপদেশ, কথা + উপকথন = কথোপকথন, যথা + উচিত = যথোচিত, যথা + উপযুক্ত = যথোপযুক্ত।

৪৭. যে ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত হয় তার নাম কী?
ক. কারক খ. বিভক্তি
গ. যতি ঘ. প্রকৃতি
উত্তর✓ ঘ ব্যাখ্যা: যে ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত হয় তার নাম প্রকৃতি। যেমন : √চল + আ = চলা; এখানে মূল ক্রিয়াপদ হলো 'চল' এবং প্রত্যয় হলো 'আ'।

৪৮. 'যত্ন করলে রত্ন মিলে'-এখানে 'করলে' কোন ক্রিয়ার উদাহরণ?
ক. অনুক্ত খ. দ্বিকর্মক
গ. সমাপিকা ঘ. অসমাপিকা
উত্তর✓ ঘ ব্যাখ্যা: যে ক্রিয়া দ্বারা বাক্যের পরিসমাপ্তি ঘটে না, বক্তার কথা অসম্পূর্ণ থেকে যায়, তাকে অসমাপিকা ক্রিয়া বলে। যেমন : প্রভাতে সূর্য উঠলে... । উল্লেখ্য, সাধারণত ইয়া (পড়িয়া), ইলে (পড়িলে), ইতে (পড়িতে), এ (পড়ে), লে (পড়লে), তে (পড়িতে) বিভক্তিযুক্ত ক্রিয়াপদ অসমাপিকা ক্রিয়া।

৪৯. কোনটি শুদ্ধ বানান?
ক. নির্মিলীত খ. নির্মীলীত
গ. নির্মীলিত ঘ. নির্মিলিত
উত্তর✓ ব্যাখ্যা: এখানে শুদ্ধ উত্তর নেই। শুদ্ধ উত্তর হবে 'নিমীলিত'। এছাড়াও কিছু শুদ্ধ বানান : নিমন্ত্রণ, নিমগ্ন, নিপুণ, নির্ঝঞ্ঝাট, নিরীশ্বর, নিরীক্ষণ, নিরর্থক।

৫০. 'যা কষ্টে লাভ করা যায়' তাকে এক কথায় বলে-
ক. কষ্টসাধ্য খ. দুর্জয়
গ. অলভ্য ঘ. দুর্লভ
উত্তর✓ ঘ ব্যাখ্যা: কতিপয় এক কথায় প্রকাশ : উলু উলু ধ্বনি- অলোলিকা, উপকার করার ইচ্ছা- উপচিকীর্ষা, উত্তর দিক সম্পর্কিত- উদীচ্য, উপকারীর অপকার করার ইচ্ছা- কৃতঘ্ন।

৫১. The synonym of 'brittle' is –
ক. Soft খ. Fragile
গ. Tough ঘ. Strong
উত্তর✓ খ

brittle (adj) - ভঙ্গুর	Fragile (adj) – ভঙ্গুর
Soft (adj) – কোমল	Tough (adj) – শক্ত
strong (adj) – শক্ত	

৫২. The antonym of 'gentle' is –

ক. Harsh খ. Clever
গ. Rude ঘ. Modest

উত্তর✓ গ

gentle (adj) – ভদ্র/বিনয়ী	rude (adj) – অভদ্র/অমার্জিত
clever (adj) – চতুর	Harsh (adj) – কর্কশ
Modest (adj) – ভদ্র/বিনয়ী	

৫৩. 'Latent' means–

ক. Conspicious খ. Concealed
গ. Evident ঘ. Visible উত্তর খ

৫৪. To cut the crack means –

ক. To humilliate খ. To annoy someone
গ. To act in a friendly ঘ. To stop talking and start

উত্তর✓ খ Latent (adj) – সুপ্ত;
Concealed (adj) – লুক্কায়িত।

৫৫. 'Milk and water' means –

ক. Pure milk and water খ. dirty milk and water
গ. Lifeless, dull ঘ. Colorless things উত্তর গ

৫৬. 'Arif told us that he had waited an hour' বাক্যটি direct speech হবে-

ক. Arif said to us, "I waited an hour."
খ. Arif said to us, " I have been waiting an hour."
গ. Arif said to us, "I had to wait an hour."
ঘ. Arif told to us, "I have waited an hour."

উত্তর✓ ক Direct speech এ রূপান্তরের ক্ষেত্রে 'told' এর স্থলে 'said to ' বসবে এবং that-clause টির verb form past perfect tense এ থাকলে সেটিকে past Indifinite tense এ রূপান্তরিত করতে হবে। Reported speech টি Inverted comma (" ") এর মধ্যে থাকবে।

৫৭. "Are you weeping?" he asked her. বাক্যের indirect speech হবে-

ক. He asked her that she is wepping
খ. He asked her if she was weeping
গ. He asked her that he is weeping
ঘ. None of these

উত্তর✓ খ Direct speech এর Reporting verb টি past Indifinite tense এ এবং Reported speech এর verb টি Present continuous tense এর হলে Indirect speech এর রূপান্তরের সময় Reported speech এর verb টি past continuous tense এর পরিবর্তিত হয়।

৫৮. 'He fantasized —— winning the lottery. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. with খ. from
গ. after ঘ. about উত্তর ঘ

৫৯. 'Now-a-days many villages are lit —— electricity.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. with খ. by
গ. from ঘ. on উত্তর খ

৬০. What is the synonym of 'incredible'?

ক. Unlidely খ. Unbelievable
গ. Unthinkable ঘ. Unthinking উত্তর খ

৬১. ১ থেকে ৩১ পর্যন্ত কয়টি মৌলিক সংখ্যা আছে?

ক. ৮টি খ. ৯টি
গ. ১০টি ঘ. ১১টি

উত্তর✓ ঘ ১ থেকে ৩১ এর মধ্যে মৌলিক সংখ্যা গুলো- ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯ এবং ৩১।
যে সকল সংখ্যা কেবল মাত্র '১' এবং সেই সংখ্যা দ্বারা নিঃশেষ বিভাজ্য হয়, অন্য কোন সংখ্যা দ্বারা নিঃশেষ বিভাজ্য হয় না সেগুলিকে মৌলিক সংখ্যা বলে।

৬২. $1 + 2 + 3 + 4 + \ldots\ldots + 99 = ?$

ক. 4950 খ. 4850
গ. 4750 ঘ. 4650


উত্তর✓ ক সমষ্টি $= \frac{\text{শেষ পদ} + ১\text{ম পদ}}{2} \times \text{পদ সংখ্যা}$

$= \frac{99+1}{2} \times 99 = \frac{100}{2} \times 99 = 50 \times 99 = 4950$

৬৩. সামান্তরিকের ক্ষেত্রফল কত?

ক. ২ (দৈর্ঘ্য + প্রস্থ) খ. দৈর্ঘ্য × প্রস্থ
গ. ভূমি × উচ্চতা ঘ. $\frac{১}{২}$ (ভূমি ×উচ্চতা)


উত্তর✓ গ যে চতুর্ভুজ এর বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও সমান্তরাল কিন্তু কোনো কোণই সমকোণ নয় তাকে সামান্তরিক বলা হয়। সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা



৬৪. ABCD বৃত্তে AB এবং CD দুটি সমান জ্যা পরস্পস P বিন্দুতে ছেদ করলে কোনটা সত্য?

ক. PC = PD খ. PB = PD
গ. PB = PA ঘ. PB = PA

উত্তর✓ খ বৃত্তের পরিধিস্থ যে কোন দু'টি বিন্দুর সংযোজক সরলরেখাকে জ্যা বলে।



ABCD বৃত্তে AB এবং CD দু'টি সমান জ্যা পরস্পর p বিন্দুতে ছেদ করেছে।
∴ PA = PC এবং PB = PD

৬৫. ০.২, ০.০৪, ০.০০৮, ০.০০১৬ ধারাটির পরবর্তী সংখ্যাটি কত?

ক. ০.০০২৪ খ. ০.০০৩২
গ. ০.০০০৩২ ঘ. ০.০০০০৩২

উত্তর✓ গ
১ম পদ = ০.২ ২য় পদ = $(০.২)^২$ = ০.০৪
৩য় পদ = $(০.২)^৩$ = ০.০০৮ ৪র্থ পদ = $(০.২)^৪$ = ০.০০১৬
৫ম পদ = $(০.২)^৫$ = ০.০০০৩২

৬৬. ১, ২, ৩, ৫, ৮, ১৩, ২১, ৩৪, ... ধারাটির পরবর্তী সংখ্যাটি কত?

ক. ৮৯ খ. ৬৮
গ. ৫৮ ঘ. ৫৫

উত্তর✓ খ ১ম পদ + ২য় পদ = ৩য় পদ
∴ ৮ম পদ + ৭ম পদ = ৯ম পদ
৩৪ + ২১ = ৫৫

৬৭. তিনটি মেশিন একটি কাজ যথাক্রমে ৪, ৫, ৬ ঘণ্টায় করতে পারে। প্রথম দুইটি মেশিন সর্বোচ্চ ক্ষমতায় একত্রে কাজ করে এক ঘণ্টায় কতটুকু কাজ করতে পারবে?

ক. $\frac{১১}{৩০}$ খ. $\frac{৯}{২০}$

গ. $\frac{৩}{৫}$ ঘ. $\frac{১১}{১৫০}$

উত্তর✓ খ

প্রথম মেশিন ১ ঘণ্টায় করে $\frac{১}{৪}$ অংশ

দ্বিতীয় " ১ " " $\frac{১}{৫}$ "

দুইটি মেশিন একত্রে ১ ঘণ্টায় করে $= \frac{১}{৪} + \frac{১}{৫} = \frac{৯}{২০}$ অংশ।

৬৮. ৬০ জন লোক কোন কাজ ১৮ দিনে করতে পারে। উক্ত কাজ ৩৬ জন লোকে কত দিনে সম্পন্ন করতে পারবে?

ক. ২৪ দিনে খ. ২৮ দিনে

গ. ৩০ দিনে ঘ. ৩৬ দিনে

উত্তর✓ গ

৬০ জন লোক কাজটি করে ১৮ দিন

১ " " " " ৬০ × ১৮ "

৩৬ " " " " $\frac{৬০ \times ১৮}{৩৬} = ৩০$ দিনে।

৬৯. $\sqrt{P} : \sqrt{Z}$ কে P : Z এর কি বলা হয়?

ক. দ্বিভাজিত অনুপাত খ. মিশ্র অনুপাত

গ. ত্রিভাজিত অনুপাত ঘ. সমানুপাত

উত্তর✓ ক কোনো সরল অনুপাতে পূর্বরাশির বর্গমূল পূর্বরাশি এবং উত্তর রাশির বর্গমূল উত্তর রাশি হলে তবে সেই অনুপাতকে দ্বিভাজিত অনুপাত বলে।

∴ $\sqrt{p} : \sqrt{z}$ কে p:z এর দ্বিভাজিত অনুপাত বলে।

৭০. $x + y = 12$ এবং $x - y = 2$ হলে, xy এর মান কত?

ক. 70 খ. 35

গ. 144 ঘ. 140

উত্তর✓ খ আমরা জানি, $xy = \left(\frac{x+y}{2}\right)^2 - \left(\frac{x-y}{2}\right)^2$

$= \left(\frac{12}{2}\right)^2 - \left(\frac{2}{2}\right)^2$

$= 6^2 - 1^2$

$= 36 - 1 = 35$

৭১. বর্তমান বিশ্বে রপ্তানিতে শীর্ষ দেশ কোনটি?

ক. চীন খ. জার্মানি

গ. ভারত ঘ. যুক্তরাষ্ট্র উত্তর ক

৭২. কোন মাধ্যমে শব্দের গতি সবচেয়ে বেশি?

ক. শূন্যতা খ. লোহা

গ. পানি ঘ. বাতাস

উত্তর✓ খ কোন মাধ্যমে শব্দ প্রতি সেকেন্ডে যতটুকু দূরত্ব অতিক্রম করে তাকে শব্দের বেগ বলে। যে মাধ্যমের ঘনত্ব যত বেশি এবং স্থিতিস্থাপক সে মাধ্যমের শব্দের বেগ ততো বেশি। এজন্য কঠিন মাধ্যমে শব্দের গতিবেগ সবচেয়ে বেশি। লোহা কঠিন মাধ্যম। তাই লোহার মধ্যে শব্দের বেগ বেশি।

৭৩. কোন জারক রস পাকস্থলীতে দুধ জমাট বাঁধায়?

ক. পেপসিন খ. এমাইলেজ

গ. রেনিন ঘ. ট্রিপসিন

উত্তর✓ গ রেনিন নামক জারক রস পাকস্থলীতে দুধ জমাট বাধায়।

৭৪. মানুষের ক্রোমোজোমের সংখ্যা কত?

ক. ২৩ জোড়া খ. ২০ জোড়া

গ. ২২ জোড়া ঘ. ২৫ জোড়া

উত্তর✓ ক নিউক্লিয়াসে সুতার ন্যায় লম্বা জট পাকানো তন্তুসমূহকে ক্রোমোজোম বলে। ক্রোমোজোম বংশগতির বৈশিষ্ট্যের ধারক ও বাহক হিসেবে কাজ করে। মানুষের ক্রোমোজোম ২৩ জোড়া। এর মধ্যে ২টি সেক্স ক্রোমোজোম ও ২২ জোড়া অটোসোম।

৭৫. ভূপৃষ্ঠের সৌরদীপ্ত ও অন্ধকারাচ্ছন্ন অংশের সংযোগস্থলকে কি বলে?

ক. গুরুবৃত্ত খ. ছায়াবৃত্ত

গ. গোধূলি ঘ. উষা

উত্তর✓ খ ভূ-পৃষ্ঠের সৌরদীপ্ত ও অন্ধকারাচ্ছন্ন অংশের সংযোগ স্থলকে ছায়াবৃত্ত বলা হয়।

৭৬. প্রাকৃতিক উৎস হতে প্রাপ্ত সবচেয়ে মৃদু পানি কোনটি?

ক. সাগর খ. নদী

গ. বৃষ্টি ঘ. হ্রদ

উত্তর✓ গ যে পানিতে সহজে সাবানের ফেনা উৎপন্ন হয় তাকে মৃদু পানি বলে। পৃথিবীতে যত পানি আছে তার ৯০% ভাগেরই উৎস সমুদ্র। সমুদ্রের পানিতে প্রচুর লবণ থাকায় তা পানের অযোগ্য। বৃষ্টি পাতের মাধ্যমে সবচেয়ে মৃদুপানি পাওয়া যায়।

৭৭. সর্বাপেক্ষা ছোট তরঙ্গ দৈর্ঘ্যের বিকিরণ হচ্ছে –

ক. আলফা রশ্মি খ. বিটা রশ্মি

গ. রঞ্জন রশ্মি ঘ. গামা রশ্মি

উত্তর✓ ঘ তড়িতচৌম্বক বর্ণালীতে থাকে দৃশ্যমান আলো, অবলোহিত বিকিরণ, বেতার তরঙ্গ, অতিবেগুনি রশ্মি, এক্স-রে রশ্মি ও গামারশ্মি। এদের তরঙ্গদৈর্ঘ্যের ক্রম :-
বেতার তরঙ্গ > অবলোহিত রশ্মি > দৃশ্যমান আলো > অতিবেগুনি রশ্মি > এক্সরে রশ্মি > গামা রশ্মি।

৭৮. জীবদেহের অতিরিক্ত গ্লুকোজ কোথায় সঞ্চিত থাকে?

ক. প্লীহা খ. যকৃত

গ. অগ্ন্যাশয় ঘ. পিত্তথলি

উত্তর✓ খ জীবদেহের অতিরিক্ত গ্লুকোজ যকৃত (লিভার) সঞ্চয় করে রাখে।

৭৯. কে প্রথম বলেন – পৃথিবী একটি চুম্বক?

ক. প্লেটো খ. ওয়েবার

গ. গিলবার্ট ঘ. রবার্ট নরম্যান

উত্তর✓ গ যার আকর্ষণ ও দিক নির্দেশক ধর্ম রয়েছে তাই চুম্বক। সর্বপ্রথম ১৬০০ খ্রিস্টাব্দে ড. গিলবার্ট প্রমাণ করেন যে, পৃথিবী একটি বিরাট চুম্বক।

৮০. পানিকে বরফে পরিণত করলে আয়তনে–

ক. বাড়ে খ. কমে

গ. একই থাকে ঘ. প্রথম বাড়ে পরে কমে

উত্তর✓ ক পদার্থকে তরল থেকে কঠিনে পরিণত করে আয়তন কমে। কিন্তু পানির ক্ষেত্রে ব্যতিক্রম। পানিকে বরফে পরিণত করলে আয়তন বাড়ে। এজন্য শীত প্রধান দেশে পানির পাইপ ফেটে যায়। কারণ পানি বরফে পরিণত হয়।

১৫০০+ চাকরির প্রস্তুতি সহায়ক pdf পেতে
JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICAT

ভিজিট করুন www.exambd.net

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS



প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩

সেট : ১ | [কোড : দাজলা] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ০৮.১১.২০১৩ | পূর্ণমান : ৮০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. কাজী নজরুল ইসলামের উপন্যাস কোনটি?
ক. ঝিলিমিলি খ. মৃত্যুক্ষুধা
গ. মধুমালা ঘ. অগ্নি-বীণা

উত্তর✓ খ | ব্যাখ্যা

গ্রন্থ	ধরন	লেখক
ঝিলিমিলি, মধুমালা	নাটক	কাজী নজরুল ইসলাম
মৃত্যুক্ষুধা	উপন্যাস	
অগ্নি-বীণা	কাব্যগ্রন্থ	

০২. 'দেখিনু সেদিন রেলে,
কুলি ব'লে এক বাবু সা'ব তারে ঠেলে দিল নীচে ফেলে!'
পংক্তিটির রচয়িতা কে?
ক. কাজী নজরুল ইসলাম খ. আহসান হাবিব
গ. সত্যেন্দ্রনাথ দত্ত ঘ. কবি সুফিয়া কামাল

উত্তর✓ ক | ব্যাখ্যা উল্লিখিত পঙ্‌ক্তিটি কাজী নজরুল ইসলাম রচিত 'সাম্যবাদী' কাব্যগ্রন্থের অন্তর্গত 'কুলি-মজুর' কবিতা থেকে সংকলিত। বিষের বাঁশি, ভাঙার গান, অগ্নি-বীণা, জিঞ্জির, প্রলয় শিখা এবং সন্ধ্যা তাঁর বিখ্যাত কবিতাগ্রন্থ।

০৩. 'অপরাহ্ণ' নাটকটির রচয়িতা কে?
ক. মমতাজ উদ্দিন আহমেদ খ. রাবেয়া খাতুন
গ. হুমায়ূন আহমেদ ঘ. আবদুল্লাহ আল মামুন

উত্তর✓ গ | ব্যাখ্যা কতিপয় নাটক ও রচয়িতা :

নাটক	লেখক
ফলাফল নিম্নচাপ, স্বাধীনতা আমার স্বাধীনতা	মমতাজউদ্দীন আহমদ
আজ রবিবার, বহুব্রীহি, এইসব দিনরাত্রি	হুমায়ূন আহমেদ
সুবচন নির্বাসনে, এখন দুঃসময়, এখনও ক্রীতদাস, কোকিলারা	আব্দুল্লাহ আল-মামুন

০৪. 'কিরণ' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. শিখা খ. অশনি
গ. সূর্য ঘ. অংশু

উত্তর✓ ঘ | ব্যাখ্যা 'কিরণ' এর সমার্থক শব্দ : আলো, দ্যুতি, ধৃষ্ণি, শিষ, প্রভা, গভস্তি, স্ফুলিঙ্গ, জ্যোতি ও ভাম ইত্যাদি।

০৫. 'স্মরণ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. জাগরণ খ. বিস্মরণ
গ. নির্লিপ্ত ঘ. উদিত

উত্তর✓ খ | ব্যাখ্যা কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
সদর	অন্দর	সজীব	নির্জীব
সংকুচিত	প্রসারিত	সংশয়	প্রত্যয়

০৬. 'কারক' শব্দটির অর্থ?
ক. যা পদকে সম্পাদন করে খ. যা সমাস সম্পাদন করে
গ. যা ক্রিয়া সম্পাদন করে ঘ. যা পদ ও সমাসকে সম্পাদন করে

উত্তর✓ গ | ব্যাখ্যা কারক = √কৃ + অক(ণ্বক), যে বা যা ক্রিয়া সম্পাদন করে অর্থাৎ বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নামপদের যে সম্বন্ধ থাকে, তাকে কারক বলে। যেমন : আলপনা বই পড়ে।

০৭. কর্ম কারকের উদাহরণ কোনটি?
ক. তোমাকে সেদিন দেখেছিলাম খ. তোমাকে আজই যেতে হবে
গ. বাবাকে বড় ভয় করে ঘ. তোমাকে অনেক কথা শুনতে হবে

উত্তর✓ ক | ব্যাখ্যা উল্লিখিত ৪টি অপশনের ভিতর ক, খ, ঘ এই তিনটিই কর্মকারকের উদাহরণ। অন্যদিকে 'গ' অপাদান কারকের উদাহরণ।

০৮. 'সকলকে মরতে হবে' - বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তৃকারকে দ্বিতীয়া খ. কর্মকারকে দ্বিতীয়া
গ. অপাদানে দ্বিতীয়া ঘ. অধিকরণে দ্বিতীয়া

উত্তর✓ খ | ব্যাখ্যা যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্ম কারক বলে। যেমন : আমাকে একখানা বই দাও।

০৯. কোনটি শুদ্ধ বানান?
ক. CONQUERER খ. CONQUEROR
গ. CONQUARER ঘ. CONQARAR

উত্তর✓ খ | ব্যাখ্যা conqueror (N) – বিজেতা।

১০. কোনটি শুদ্ধ বানান?
ক. INKANDESCENT খ. INCANDECENT
গ. INCANDISCENT ঘ. INCANDESCENT

উত্তর✓ ঘ | ব্যাখ্যা Incandescent (adj) – ভাস্বর।

১১. কোন বানানটি শুদ্ধ?
ক. CONOISSEUR খ. CONNOISEUR
গ. CONNOISSEUR ঘ. CONNOISSER

উত্তর✓ গ | ব্যাখ্যা Connoisseur (N) – সমঝদার।

১২. Honesty is the best policy. বাক্যে 'honesty' শব্দটি –
ক. Proper noun খ. Common noun
গ. Collective ঘ. Abstract noun উত্তর ঘ

১৩. This necklace is made of gold. বাক্যে 'gold' শব্দটি
ক. Proper noun খ. Common noun
গ. Collective noun ঘ. Material noun

উত্তর✓ ঘ | ব্যাখ্যা যে Noun বস্তু নির্দেশক এবং গণনা করা যায়না কিন্তু পরিমাপ করা যায় তাকে Material Noun বলা হয়। 'Gold' Noun টি সে ক্ষেত্রে Material Noun; কেননা ইহা গণনা করা যায় না কিন্তু এককের সাহায্যে পরিমাপ করা যায়।

১৪. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. Ahsan is better today.
খ. He prevented me to go.
গ. I have a lot of furnitures for sale.
ঘ. The bus service has been cancelled due to fog. উত্তর ক

১৫. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. Two-thirds of the money are lost.
খ. I am senior to you by three
গ. Whom do you think I am?
ঘ. He thought that it will rain.

উত্তর✓ খ | ব্যাখ্যা কিন্তু Latin adjective আছে যেগুলোর পর Preposition হিসেবে 'to' ব্যবহৃত হয়। যেমন: junior, ulterior, inferior, senior etc. 'by three' Phrase টি দ্বারা 'তিন বছর' নির্দেশ করে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১৬. He is envious —— my success. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. in খ. to
গ. of ঘ. at
উত্তর✓ গ ব্যাখ্যা Envious of (adj) – ঈর্ষান্বিত।

১৭. Anis is good — cricket. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. in খ. with
গ. of ঘ. at
উত্তর✓ ঘ ব্যাখ্যা good at (adj) – পারদর্শী/ দক্ষ।

১৮. He has lack — money. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. in খ. with
গ. of ঘ. to
উত্তর✓ গ ব্যাখ্যা Lack of (N) – কোন কিছুর অভাব।

১৯. I objected —— his proposal. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. to খ. in
গ. with ঘ. by উত্তর ক

২০. Rest is necessity —— me now. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. in খ. to
গ. for ঘ. by উত্তর গ

২১. $1 + 2 + 3 + 4 + \ldots\ldots + 19 =$ কত?
ক. 180 খ. 184
গ. 188 ঘ. 190
উত্তর✓ ঘ ব্যাখ্যা সমষ্টি $= \frac{n(n+1)}{2} = \frac{19+1}{2} \times 19$
$= \frac{20}{2} \times 9 = 10 \times 19 = 190$

২২. পিতা ও মাতার বয়সের গড় ২০ বছর। পিতা, মাতা ও পুত্রের বয়সের গড় ১৬ বছর হলে, পুত্রের বয়স কত?
ক. ৮ বছর খ. ১৫ বছর
গ. ১৬ বছর ঘ. $১৬\frac{১}{২}$ বছর
উত্তর✓ ক ব্যাখ্যা পিতা ও মাতার মোট বয়স $(২০ \times ২) = ৪০$ বছর
পিতা, মাতা ও পুত্রের মোট বয়স $(১৬ \times ৩) = ৪৮$ বছর
∴ পুত্রের বয়স $= ৪৮ - ৪০ = ৮$ বছর

২৩. একজন বোলার গড়ে ১৭ রান দিয়ে ৭টি উইকেট পান। পরবর্তী ইনিংসে গড়ে ৮ রান দিয়ে ৩টি উইকেট পান। তিনি উইকেট প্রতি গড়ে কত রান দিয়েছেন?
ক. ১২ খ. ১৪.৩
গ. ১৫.৫ ঘ. ১৬
উত্তর✓ খ ব্যাখ্যা ৭ উইকেট পেতে মোট রান দিতে হয় (১৭×৭)
$= ১১৯$ রান
পরবর্তী ইনিংসে, ৩ উইকেট পেতে মোট রান দিতে হয় (৩×৮)
$= ২৪$ রান
$৭ + ৩ = ১০$ উইকেট পেতে মোট রান দিতে হয় $(১১৯ + ২৪)$
$= ১৪৩$
উইকেট প্রতি গড় রান $= \frac{১৪৩}{১০} = ১৪.৩$

২৪. পিতা ও দুই পুত্রের বর্তমান গড় বয়স ২০ বছর। ২ বছর পর দুই পুত্রের গড় বয়স ১২ বছর হলে পিতার বর্তমান বয়স কত?
ক. ৪০ বছর খ. ৪২ বছর
গ. ৪৩ বছর ঘ. ৪৪ বছর
উত্তর✓ ক ব্যাখ্যা পিতা ও দুই পুত্রের মোট বয়স (২০×৩) বছর
$= ৬০$ বছর
২ বছর পর দুই পুত্রের মোট বয়স $(১২ \times ২) = ২৪$ বছর
দুই পুত্রের বর্তমান বয়স $\{২৪ - (২+২)\} = ২০$ বছর
পিতার বর্তমান বয়স $= ৬০ - ২০ = ৪০$ বছর।

২৫. এক বস্তা আঙ্গুর ২৭৫০ টাকায় বিক্রয় করায় ৪৫০ টাকা ক্ষতি হলো। ঐ আঙ্গুর ৩৬০০ টাকায় বিক্রয় করলে কত লাভ বা ক্ষতি হতো?
ক. ৩০০ টাকা লাভ খ. ৩৫০ টাকা লাভ
গ. ৪০০ টাকা লাভ ঘ. ৪৫০ টাকা লাভ
উত্তর✓ গ ব্যাখ্যা ক্রয়মূল্য $= ২৭৫০ + ৪৫০ = ৩২০০$ টাকা
∴ লাভ = বিক্রয়মূল্য – ক্রয়মূল্য $= ৩৬০০ - ৩২০০ = ৪০০$ টাকা

২৬. একজন চা ব্যবসায়ী এক বস্তা চা পাতা কেজি ৮০ টাকা হিসাবে ক্রয় করেন। সব চা পাতা কেজি প্রতি ৭৫ টাকা দরে বিক্রয় করায় ৫০০ টাকা ক্ষতি হয়। তিনি কত কেজি চা পাতা ক্রয় করেছিলেন?
ক. ৮৫ কেজি খ. ৯০ কেজি
গ. ৯৫ কেজি ঘ. ১০০ কেজি
উত্তর✓ ঘ ব্যাখ্যা ক্ষতি = ক্রয়মূল্য – বিক্রয়মূল্য
$= ৮০ - ৭৫ = ৫$ টাকা
৫ টাকা ক্ষতি হয় ১ কেজিতে
১ " " " $\frac{১}{৫}$
৫০০ " " " $\frac{১ \times ৫০০}{৫} = ১০০$ কেজি

২৭. একটি ছাগল ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫০ টাকা বেশি হলে ৫% লাভ হতো। ছাগলটির ক্রয়মূল্য কত?
ক. ২৯০০ টাকা খ. ৩০০০ টাকা
গ. ৩২০০ টাকা ঘ. ৩৫০০ টাকা
উত্তর✓ খ ব্যাখ্যা ক্রয়মূল্য $= \frac{\text{বেশি বিক্রয়মূল্য} \times ১০০}{\text{প্রথমটি} + \text{২য়টি}}$
$= \frac{৪৫০ \times ১০০}{১০ + ৫}$
$= \frac{৪৫০ \times ১০০}{১৫} = ৩০০০$ টাকা

২৮. একটি কাজ ক একা ১০ দিনে এবং খ একা ১৫ দিনে শেষ করতে পারলে ক ও খ একত্রে কাজটি কত দিনে করতে পারবে?
ক. ৬ দিনে খ. ৮ দিনে
গ. ১০ দিনে ঘ. ১২ দিনে
উত্তর✓ ক ব্যাখ্যা একত্রে করলে,
সময় $= \frac{\text{বড় সংখ্যা} \times \text{ছোট সংখ্যা}}{\text{বড় সংখ্যা} + \text{ছোট সংখ্যা}} \times \text{অংশ}$
$= \frac{১৫ \times ১০}{১৫ + ১০} \times \text{সম্পূর্ণ } (১)$
$= \frac{১৫ \times ১০}{২৫} = ৬$ দিন

২৯. লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় ১৫ কি.মি ও ৫ কি.মি. । নদীপথে ৩০ কি.মি. যেয়ে আবার ফিরে আসতে কত সময় লাগবে?

ক. ৩ ঘণ্টা　　খ. ৪ ঘণ্টা

গ. $৪\frac{১}{২}$ ঘণ্টা　　ঘ. ৫ ঘণ্টা

উত্তর√ গ স্রোতের অনুকূলে,

৩০ ÷ (লঞ্চের বেগ + স্রোতের বেগ)

$= ৩০ \div (১৫ + ৫) = \frac{৩০}{২০} = \frac{৩}{২}$ ঘণ্টা

স্রোতের প্রতিকূলে = ৩০ ÷ (লঞ্চের বেগ − স্রোতের বেগ)

$= ৩০ \div (১৫ - ৫)$

$= ৩০ \div ১০ = ৩$

মোট সময় $= \frac{৩}{২} + ৩ = \frac{৩ + ৬}{২} = \frac{৯}{২} = ৪\frac{১}{২}$ ঘণ্টা

৩০. কোনো দুর্গে ৭২০ জন সৈন্যের ২০ দিনের খাবার মজুদ আছে। ১০ দিন পর কিছু নতুন সৈন্য আসায় অবশিষ্ট খাদ্যে তাদের ৮ দিন চললে কত জন সৈন্য এসেছিল?

ক. ১৭০ জন　　খ. ১৮০ জন

গ. ১৮৫ জন　　ঘ. ১৯০ জন

উত্তর√ খ অবশিষ্ট দিন = ২০ − ১০ = ১০

১০ দিনের খাবার আছে ৭২০ জনের

১ " " " ৭২০×১০ "

৮ " " " $\frac{৭২০ \times ১০}{৮} = ৯০০$ জনের

সৈন্য এসেছিল = ৯০০ − ৭২০ = ১৮০ জন।

৩১. 'চক্ষুদান করা' বাগধারাটির অর্থ কী?

ক. চক্ষুদান করা　　খ. সচেতন করা

গ. চুরি করা　　ঘ. এর কোনোটিই নয়

উত্তর√ গ কতিপয় গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : কলকে পাওয়া (পাত্তা পাওয়া); কড়ি কপালে (ভাগ্যবান); কড়িকাঠ গোনা (নিষ্কর্মা বসে থাকা); কপাল ঠুকে লাগা (প্রত্যয় নিয়ে কাজ করে)।

৩২. কোন বানানটি শুদ্ধ?

ক. পসারিণী　　খ. পসারিনি

গ. পসারীনী　　ঘ. পসারিনী

উত্তর√ ক কয়েকটি শুদ্ধ বানান : পসারিণী, পুরস্কার, পূর্বসূরি, পৃষ্ঠপ্রদর্শন,পূর্বাহ্ণ, পৃথ্বীধর, পেনশন, পেন্ডুলাম।

৩৩. কোনটি শুদ্ধ বানান?

ক. একান্নবর্তি　　খ. একান্নবর্ত্তি

গ. একান্নবর্তী　　ঘ. একান্নবর্ত্তী

উত্তর√ গ গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান : একান্নবর্তী, এষণা, এতৎকালীন, এস্তেকাল, এলামেলো, এতদ্দ্বারা, এতদ্রূপ, একাডেমি, একাদিক্রমে।

৩৪. 'মধ্যাহ্ন' কোন সমাস?

ক. বহুব্রীহি　　খ. তৎপুরুষ

গ. কর্মধারয়　　ঘ. অব্যয়ীভাব

উত্তর√ খ মধ্যাহ্ন = দিনের মধ্যভাগ (কর্মধারয় সমাস)। কয়েকটি কর্মধারয় সমাসের উদাহরণ : নীলাকাশ, যাবজ্জীবন, জীবনবিমা, ধর্মকর্ম, শিক্ষামন্ত্রী, সন্ধ্যাপ্রদীপ, সুপুরুষ, সিংহাসন।

৩৫. 'নিরামিষ' কোন সমাস?

ক. কর্মধারয়　　খ. তৎপরুষ

গ. বহুব্রীহি　　ঘ. অব্যয়ীভাব

উত্তর√ ঘ আমিষের অভাব = নিরামিষ (অব্যয়ীভাব সমাস)। কতিপয় অব্যয়ীভাব সমাসের উদাহরণ : আকণ্ঠ, আজানু, আরক্ত, আজীবন, অনুক্ষণ, উপদ্বীপ, প্রতিদিন, উপজেলা, উপকথা।

৩৬. 'সহোদর' কোন সমাস?

ক. বহুব্রীহি　　খ. তৎপুরুষ

গ. কর্মধারায়　　ঘ. দ্বিগু

উত্তর√ ক সহোদর = সমান (একই) উদর যার (বহুব্রীহি সমাস)। কতিপয় বহুব্রীহি সমাস: সতীর্থ, সাক্ষী, হাভাতে, নীলাম্বর, মন্বন্তর, মন্দভাগ্য, লাঠালাঠি, সস্ত্রীক,সবান্ধব, সপুত্র।

৩৭. 'যে ব্যক্তির দুহাত সমান চলে' এক কথায় কী হবে?

ক. দোহাতী　　খ. সব্যসাচী

গ. দ্বিজ　　ঘ. পরভর্তৃকা

উত্তর√ খ কতিপয় এক কথায় প্রকাশ : যার কোনো তিথি নেই– অতিথি, দমন করা যায় না যাকে– অদম্য, যিনি অতিশয় হিসাবি– পাটোয়ারি, যে অগ্র-পশ্চাৎ চিন্তা না করে কাজ করে- অবিমৃশ্যকারী, ক্ষমার যোগ্য– ক্ষমার্হ।

৩৮. 'ইহলোকে যা সামান্য নয়' এক কথায় কি হবে?

ক. অনন্যসাধারণ　　খ. আনন্যসাধারণ

গ. অলোকসামান্য　　ঘ. আলোকসামান্য

উত্তর√ গ কতিপয় এক কথায় প্রকাশ : ঈষৎ উষ্ণ– কবোষ্ণ, ঈশ্বরের ভাব– ঐশ্বরিক, ঈষৎ হাসি– স্মিত, ঈষৎ-পীতবর্ণ– আপীত, ঈষৎ নীল– আনীল, ঈষৎ রক্তবর্ণ– আরক্ত, ঈষৎ পাণ্ডুবর্ণ– ধূসর, ঈষৎ মধুর– আমধুর।

৩৯. 'অহরহ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?

ক. অহ + রহ　　খ. অহঃ + রহ

গ. অহ + অহ　　ঘ. অহঃ + অহ

উত্তর√ ঘ অহ ঃ + অহ = অহরহ (নিপাতনে সিদ্ধ সন্ধি)। এরকম কয়েকটি উদাহরণ : বাচঃ + পতি = বাচস্পতি, ভাঃ +কর = ভাস্কর, অহঃ + নিশ = অহর্নিশ, প্রাতঃ + কাল = প্রাতঃকাল।

৪০. 'নীরস' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

ক. নি + রস　　খ. নী + রস

গ. নিঃ + রস　　ঘ. নীঃ + রস

উত্তর√ গ কতিপয় গুরুত্বপূর্ণ বিসর্গ সন্ধি : নিঃ + রোগ = নীরোগ; নিঃ + রন্ধ্র = নীরন্ধ্র; নিঃ + রস = নীরস; নিঃ + রক্ত = নীরক্ত; নিঃ + রব = নীরব; চক্ষু + রোগ = চক্ষুরোগ।

৪১. 'নাবিক' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

ক. নৌ + ইক　　খ. ন + ইক

গ. নব + ইক　　ঘ. নবৌ + ইক

উত্তর√ ক কতিপয় সন্ধিবিচ্ছেদ : শে + অন = শয়ন, নৈ + অক = নায়ক, গৈ + অক = গায়ক, পৌ + অক = পাবক, পো + অন = পবন, গো + এষণা = গবেষণা, ভো + অন = ভবন, পো + ইত্র = পবিত্র, গো + আদি = গবাদি, বে + অন = বয়ন।

৪২. 'সদাশয়' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

ক. সদ + আশয়　　খ. সদা + শয়

গ. সৎ + আশয়　　ঘ. সৎ + শয়

উত্তর√ গ কতিপয় সন্ধিবিচ্ছেদ : মৃৎ + ময় = মৃন্ময়, তদ্ + মধ্যে = তন্মধ্যে, উৎ + মার্গ = উন্মার্গ, সৎ + মার্গ = সন্মার্গ, তদ্ + মাত্র = তন্মাত্র, বিপদ্ + মাত্র = বিপন্মাত্র।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৪৩. 'জনৈক' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

ক. জন + এক খ. জনৈ + এক

গ. জনৈ + ক ঘ. জন + ক

উত্তর✓ ক ব্যাখ্যা অ-কার বা আ-কারের পর এ- কার বা ঐ-কার থাকলে উভয়ে মিলে ঐ-কার হয়। যেমন :

হিত + এষী = হিতৈষী	তথা + এবচ = তথৈবচ
মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য	সর্ব + এব = সর্বৈব

৪৪. 'She fans herself' বাক্যটির Passive form হবে-

ক. She was fanned by herself.

খ. She is fanned herself.

গ. She is fanned by herself.

ঘ. None of these

উত্তর✓ গ ব্যাখ্যা Reflexive pronoun যুক্ত Active Voice এর বাক্যকে Passive Voice এর রূপান্তরের নিয়ম :

struct: Sub (অপরিবর্তনীয়) + 'be' verb (tense অনুযায়ী) + V_3 + by + Ref.Pro.

৪৫. 'Give the order'. বাক্যটির Passive form হবে–

ক. Let the order to give খ. Let the order to given.

গ. Let the order be given ঘ. Let the order give.

উত্তর✓ গ ব্যাখ্যা Imperative sentence এর Active Voice কে Passive Voice এ রূপান্তরের নিয়ম :

struct: Let + Subject + be + V_3

৪৬. 'They elected him captain.' বাক্যটির Passive form হবে-

ক. He is elected captain by them.

খ. He was elected captain by them.

গ. He elected captain by them.

ঘ. He has been elected captain by them.

উত্তর✓ খ ব্যাখ্যা Complement যুক্ত Active Voice কে Passive Voice এ রূপান্তরের নিয়ম : প্রাণীবাচক Object (him) টির subjective form (he) subject হিসেবে বসবে; tense অনুযায়ী helping verb (বাক্যে verb past tense এ আছে বিধায় was) বসবে; মূল verb এর Past participle form (elected) ব্যবহৃত হবে; 'title' টি বসবে; সবশেষে 'by' এবং Active Voice এর subject এর objective form (they →them) বসবে।

৪৭. Abul said, "I was busy." বাক্যটির Indirect speech হবে-

ক. Abul said that I was busy

খ. Abul said that he was busy

গ. Abul said that I had been busy

ঘ. Abul said that he had been busy

উত্তর✓ ঘ ব্যাখ্যা যেহেতু Reporting verb টি past tense (said) এ আছে এবং যেহেতু Reported speech এর verb টি past indifinite tense (wh-) এ আছে সেহেতু Indirect Narration এ রূপান্তরের ক্ষেত্রে Reported speech এর verb টির tense past perfect speech এর verb টির tense past perfect tense (had been) এ পরিবর্তিত হবে।

৪৮. Farida said, "I shall go to school." বাক্যটির Indirect speech হবে–

ক. Farida said that she would go to school.

খ. Farida said that she will go to school.

গ. Farida told that she went to school.

ঘ. None of these

উত্তর ক

৪৯. কোনটি 'Joyful' শব্দের সমার্থক শব্দ?

ক. Dull খ. Cheerful

গ. Strange ঘ. Uncommon

উত্তর খ

৫০. কোনটি 'Typical' শব্দের সমার্থক শব্দ?

ক. Common খ. Extraordinary

গ. Strange ঘ. Uncommon

উত্তর ক

৫১. $x^2 - y^2 + 2y - 1$ এর একটি উৎপাদক –

ক. $x + y + 1$ খ. $x + y - 1$

গ. $x - y$ ঘ. $x + y - 1$

উত্তর✓ খ ব্যাখ্যা $x^2 - y^2 + 2y - 1$

$= x^2 - (y^2 - 2y + 1)$

$= x^2 - (y - 1)^2$

$= (x - y + 1)(x + y - 1)$

৫২. $x^2 + y^2 = ৮$ এবং $xy = ৭$ হলে $(x + y)^2$ এর মান কত?

ক. ১৪ খ. ১৬

গ. ২২ ঘ. ৩০

উত্তর✓ গ ব্যাখ্যা আমরা জানি, $(x + y)^2 = x^2 + 2xy + y^2$

$= x^2 + y^2 + 2xy$

$= ৮ + ২ \times ৭$

$= ৮ + ১৪ = ২২$

৫৩. $x - \{x - (x + 1)\}$ এর মান কত?

ক. $x + 1$ খ. 1

গ. -1 ঘ. $x - 1$

উত্তর✓ ক ব্যাখ্যা $x - \{x - (x + 1)\}$

$= x - \{x - x - 1\}$

$= x + 1$

৫৪. একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল ঐ সরলরেখার এক-চতুর্থাংশের উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফলের কত গুণ?

ক. ২ খ. ৪

গ. ৮ ঘ. ১৬

উত্তর✓ ঘ ব্যাখ্যা একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফলকে ঐ সরলরেখার অংশকে বর্গ করে প্রাপ্ত ফলাফল দিয়ে ভাগ করলে ক্ষেত্রফলের গুণফল পাওয়া যায়।

ধরি, রেখাটি a

এখন $a^2 : \left(\frac{a}{4}\right)^2$

$a^2 : \frac{a^2}{16} = a^2 \times \frac{16}{a^2} = 16$

৫৫. $১ \div \frac{৮}{৯}\left(\frac{৫}{৮} + \frac{৩}{৮}\right) =$ কত?

ক. ১ খ. $১\frac{১}{৮}$

গ. $\frac{৮}{৯}$ ঘ. $\frac{১}{৯}$

উত্তর✓ খ ব্যাখ্যা $১ \div \frac{৮}{৯}\left(\frac{৫}{৮} + \frac{৩}{৮}\right)$

$= ১ \div \frac{৮}{৯}\left(\frac{৫ + ৩}{৮}\right) = ১ \div \frac{৮}{৯} \times \frac{৮}{৮}$

$= ১ \div \frac{৮}{৯} = ১ \times \frac{৯}{৮} = \frac{৯}{৮} = ১\frac{১}{৮}$

৫৬. ১৪৩ টাকাকে ২ : ৪ : ৫ অনুপাতে ভাগ করলে, বৃহত্তম ও ক্ষুদ্রতম অংশের পার্থক্য কত টাকা হবে?

ক. ৩৬ টাকা খ. ৩৯ টাকা
গ. ৪০ টাকা ঘ. ৪২ টাকা

উত্তর✓ খ

অনুপাতগুলোর যোগফল $(২ + ৪ + ৫) = ১১$

বৃহত্তম অংশ $\left(১৪৩ \text{ এর } \frac{৫}{১১}\right) = ৬৫$

ক্ষুদ্রতম অংশ $\left(১৪৩ \text{ এর } \frac{২}{১১}\right) = ২৬$

বৃহত্তম ও ক্ষুদ্রতম অংশের পার্থক্য $= ৬৫ - ২৬ = ৩৯$ টাকা

৫৭. একটি সোনার গহনার ওজন ১৬ গ্রাম। এতে সোনা ও তামার অনুপাত ৩ : ১। এতে কি পরিমাণ সোনা মোশালে অনুপাত ৪ : ১ হবে?

ক. ৮ গ্রাম খ. ৬ গ্রাম
গ. ৩ গ্রাম ঘ. ৪ গ্রাম

উত্তর✓ ঘ ব্যাখ্যা অনুপাতদ্বয়ের যোগফল $= ৩ + ১ = ৪$

সোনার পরিমাণ $\left(১৬ \text{ এর } \frac{৩}{৪}\right) = ১২$ গ্রাম

তামার পরিমাণ $\left(১৬ \text{ এর } \frac{১}{৪}\right) = ৪$ গ্রাম

ধরি, x গ্রাম সোনা মেশাতে হবে

শর্তমতে, $\frac{x + ১২}{৪} = \frac{৪}{১}$

$\Rightarrow x + ১২ = ১৬$

$\Rightarrow x = ১৬ - ১২ = ৪$ গ্রাম

৫৮. লালবাগ কেল্লার আদি নাম –

ক. আওরঙ্গবাদ দুর্গ খ. আজম দুর্গ
গ. শায়েস্তাখান দুর্গ ঘ. পরীবিবির দুর্গ

উত্তর✓ ক ব্যাখ্যা লালবাগ কেল্লা বাংলাদেশের প্রধান মুঘল স্থাপত্য। এটি ঢাকার লালবাগে অবস্থিত। নির্মাণ করার সময় এই দুর্গের নামকরণ করা হয়েছিলো মুঘল সম্রাট আওরঙ্গজেবের নামানুসারে 'আওরঙ্গবাদ দুর্গ'।

৫৯. 'আনন্দ বিহার' কোথায় অবস্থিত?

ক. ঢাকায় মালিবাগে খ. কুমিল্লায় ময়নামতিতে
গ. চট্টগ্রামের রাউজানে ঘ. উপরের কোনো স্থানেই নয়

উত্তর✓ খ ব্যাখ্যা আনন্দ বিহার বাংলাদেশের একটি প্রাচীন বৌদ্ধ বিহার ; বিহারটি কুমিল্লা জেলার ময়নামতিতে অবস্থিত। খ্রিষ্টীয় ৭ম বা ৮ম শতকে রাজা শ্রী আনন্দ দেব বিহারটি নির্মাণ করেন।

৬০. কোন মোঘল সম্রাট বাংলার নাম দেন 'জান্নাতাবাদ'?

ক. জাহাঙ্গীর খ. শাহজাহান
গ. হুমায়ূন ঘ. আওরঙ্গজেব

উত্তর✓ গ ব্যাখ্যা নাসিরউদ্দিন মুহম্মদ হুমায়ুন ১৫৩৮ সালে বাংলার গৌড় জয় করেন। তিনি বাংলায় ৮ মাস অবস্থান করেন। বাংলার ধন-সম্পদ, আবহাওয়া, প্রকৃতিতে অভিভূত হয়ে তিনি বাংলার নাম দেন 'জান্নাতাবাদ'।

৬১. সতীদাহ প্রথা রহিত হয় কোন সালে?

ক. ১৮২৯ সালে খ. ১৮৩০ সালে
গ. ১৮৩১ সালে ঘ. ১৮৩৯ সালে

উত্তর✓ ক ব্যাখ্যা রাজা রামমোহন রায়ের চেষ্টায় ও সহযোগিতায় ১৮২৯ সালে লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক সতিদাহ প্রথা এবং শিশুকন্যা হত্যা নিষিদ্ধ করেন। সতীদাহ প্রথা প্রসঙ্গে রামমোহন রায় ' প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ' গ্রন্থটি রচনা করেন।

৬২. বাংলাদেশের প্রথম যাদুঘর কোনটি?

ক. ঢাকা যাদুঘর খ. বরেন্দ্র যাদুঘর
গ. লালবাগ কেল্লা যাদুঘর ঘ. আহসান মঞ্জিল যাদুঘর

উত্তর✓ খ ব্যাখ্যা বাংলাদেশের প্রথম জাদুঘর 'বরেন্দ্র গবেষণা জাদুঘর'। জাদুঘরটি রাজশাহী জেলায় অবস্থিত। প্রতিষ্ঠিত হয়েছে ১৯১০ সালের এপ্রিল মাসে। বরেন্দ্র গবেষণা জাদুঘরটি পরিচালনা করে রাজশাহী বিশ্ববিদ্যালয়।

৬৩. বাংলাদেশের সবচেয়ে প্রাচীন বিহার কোনটি?

ক. সোমপুর বিহার খ. শালবন বিহার
গ. সীতাকোট বিহার ঘ. আনন্দ বিহার

উত্তর✓ খ ব্যাখ্যা বাংলাদেশের সবচেয়ে প্রাচীন বৌদ্ধ বিহার সীতাকোট বিহার। বিহারটি দিনাজপুর জেলার নবাবগঞ্জে অবস্থিত। খ্রিস্টীয় ৫০-৬ষ্ঠ শতকে বিহারটি নির্মিত হয়েছে।

৬৪. প্রথম শহীদ স্মৃতি স্তম্ভটি তৈরি করা হয় ১৯৫২ সালের কোন তারিখে?

ক. ২১ ফেব্রুয়ারি খ. ২২ ফেব্রুয়ারি
গ. ২৩ ফেব্রুয়ারি ঘ. ২৪ ফেব্রুয়ারি

উত্তর✓ গ ব্যাখ্যা প্রথম শহিদ মিনার উদ্বোধন করা হয় ১৯৫২ সালের ২৩ ফেব্রুয়ারি। উদ্বোধন করেন শহিদ শফিউর রহমানের পিতা মাহবুবুর রহমান। প্রথম শহিদ মিনারের নকশাকার বদরুল আলম। পুলিশ প্রথম শহিদ মিনারটি ভেঙ্গে দেয় ২৪ ফেব্রুয়ারি ১৯৫২ সালে।

৬৫. রূপসা নদীর উপর নির্মিত খানজাহান আলী সেতুর দৈর্ঘ্য কত?

ক. ১৩০০ মিটার খ. ১৩৬০ মিটার
গ. ১৪০০ মিটার ঘ. ১৪৬০ মিটার

উত্তর✓ খ ব্যাখ্যা খান জাহান আলী সেতু খুলনা জেলায় অবস্থিত। সেতুটি উদ্বোধন করা হয় ২০০৫ সালে। রূপসা নদীর উপর নির্মিত সেতুটির দৈর্ঘ্য ১৩৬০ মিটার এবং প্রস্থ ১৬.৪৮ মিটার।

৬৬. সুন্দরবনের পশ্চিমে কোন নদী অবস্থিত?

ক. রায়মঙ্গল খ. মাতামুহুরী
গ. পশুর ঘ. বালশ্বর

উত্তর✓ ক ব্যাখ্যা সুন্দরবনের পশ্চিমে রায়মঙ্গল নদী, এটি সাতক্ষীরা জেলার অন্তর্গত। সুন্দরবনের পূর্বে বলেশ্বর নদী, এটি পিরোজপুর জেলার অন্তর্গত। পশুর নদী খুলনা এবং মাতামুহুরী নদী কক্সবাজার জেলার ভেতর দিয়ে প্রবাহিত।

৬৭. ব্রহ্মপুত্র কোথায় বাংলাদেশে প্রবেশ করেছে?

ক. লালমনিরহাট খ. ডুরুঙ্গামারী
গ. নীলফামারী ঘ. কুড়িগ্রাম

উত্তর✓ খ ব্যাখ্যা ব্রহ্মপুত্র নদ তিব্বতে হিমালয়ের কৈলাশ শৃঙ্গের মানস সরোবর হ্রদ থেকে উৎপন্ন হয়েছে। ব্রহ্মপুত্র নদ চীন, ভারত, নেপালের ভিতর দিয়ে প্রবাহিত হয়ে কুড়িগ্রাম জেলার রৌমারিতে বাংলাদেশে প্রবেশ করেছে। ব্রহ্মপুত্র নদের প্রধান শাখা নদী যমুনা।

৬৮. বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) কোথায় অবস্থিত?
ক. ঢাকা খ. সাভার
গ. গাজীপুর ঘ. টাঙ্গাইল

উত্তর ✓ খ **ব্যাখ্যা** বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) ঢাকা শহর থেকে ৩০ কিলোমিটার দূরে সাভার উপজেলার জিরানীতে অবস্থিত। ১৯৭৬ সালে এই প্রকল্পের কাজ শুরু হয় এবং আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয় ১৪ এপ্রিল ১৯৮৬ সালে।

৬৯. বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশের অভিষেক হয় কোন সালে?
ক. ১৯৯৯ খ. ২০০০
গ. ২০০১ ঘ. ২০০২

উত্তর ✓ ক **ব্যাখ্যা** ১৯৯৯ সালে ইংল্যান্ডে অনুষ্ঠিত ৭ম বিশ্বকাপে বাংলাদেশ প্রথমবারের মত অংশগ্রহণ করে। বাংলাদেশ বিশ্বকাপে প্রথম ম্যাচ খেলে নিউজিল্যান্ডের বিপক্ষে ১৭ মে ১৯৯৯ সালে। এই বিশ্বকাপে বাংলাদেশ দলের অধিনায়ক ছিলেন আমিনুল ইসলাম বুলবুল।

৭০. কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হয় কত বছর পর পর?
ক. ২ বছর খ. ৩ বছর
গ. ৪ বছর ঘ. ৫ বছর

উত্তর ✓ গ **ব্যাখ্যা** কমনওয়েলথ গেমস শুরু হয় ১৯৩০ সালে। প্রতি ৪ বছর পরপর এই বৈশ্বিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

আয়োজন	সাল	আয়োজক
প্রথম	১৯৩০	হ্যামিলটন, কানাডা
২০তম	২০১৪	গ্লাসগো, স্কটল্যান্ড
২১তম	২০১৮	গোল্ডকোস্ট, অস্ট্রেলিয়া

৭১. উঁচু পর্বতের চূড়ায় উঠলে নাক দিয়ে রক্ত পড়ার সম্ভাবনা থাকে। কারণ উঁচু পর্বত চূড়ায়–
ক. বায়ুর চাপ বেশি খ. বায়ুর চাপ কম
গ. অক্সিজেন কম ঘ. ঠান্ডা বেশি

উত্তর ✓ খ **ব্যাখ্যা** পৃথিবী পৃষ্ঠ হতে যত উপরে উঠা যায় তত বায়ুর চাপ কমতে থাকে। উপরে উঠলে দেহের ভেতরের চাপ বাইরের বায়ুর চাপ অপেক্ষা অধিক হলে দেহের রক্তনালীতে প্রচণ্ড চাপ পরে। এ চাপে নাক-মুখ দিয়ে রক্ত বের হয়ে আসে।

৭২. একটি সরলদোলককে পৃথিবীর কেন্দ্রে নিলে তার দোলনকাল কত হবে?
ক. অসীম খ. শ্রোহবে
গ. ভূপৃষ্ঠের সমান ঘ. ভূপৃষ্ঠ থেকে কম

উত্তর ✓ ক **ব্যাখ্যা** একটি সরল দোলককে পৃথিবীর কেন্দ্রে নিলে তার দোলনকাল অসীম হবে। কারণ পৃথিবীর কেন্দ্র অভিকর্ষজ ত্বরণের মান শূন্য। এক্ষেত্রে দোলনঘড়ি চলবে না।

৭৩. নিচের কোনটি রাসায়নিক পরিবর্তন?
ক. তাপ দ্বারা মোম গলানো খ. লোহার মরিচা ধরা
গ. পানি চিনিতে দ্রবীভূত হওয়া ঘ. বরফ গলে পানি হওয়া

উত্তর ✓ খ **ব্যাখ্যা** বস্তুর পরিবর্তন দুই ধরনের। ১) রাসায়নিক পরিবর্তন ও ২) ভৌত পরিবর্তন। যে পরিবর্তনের ফলে এক বা একাধিক বস্তু প্রত্যেকে তার নিজস্বতা হারিয়ে সম্পূর্ণ নতুন ধর্মবিশিষ্ট এক বা একাধিক বস্তুতে পরিণত হয় তাকে বস্তুর রাসায়নিক পরিবর্তন বলে। যেমন: লোহার মরিচা পড়া, দুধ থেকে দই হওয়া, মোমবাতির দহন ইত্যাদি।

৭৪. কোনটি ঘর পানিতে উত্তম ফেনা দেয়?
ক. মিনারেল পানি খ. তরল পানি
গ. লবণ পানি ঘ. ডিস্টিলড

উত্তর ✓ খ **ব্যাখ্যা** যে পানিতে সহজে সাবানের ফেনা উৎপন্ন হয় না, প্রচুর সাবান ঘষে ফেনা উৎপন্ন হয় তাকে খর পানি বলে। খর পানিতে ক্যালসিয়ামের সালফেট, ক্লোরাইড, ম্যাগনেসিয়াম সালফেট অ্যালুমিনিয়াম জাতীয় লবণ দ্রবীভূত থাকে। ডিস্টিলড হল খনিজ জাতীয় জৈব ও অজৈব পদার্থের মিশ্রণ। এটি খর পানিতেও উত্তম ফেনা দেয়।

৭৫. সিস্টোলিক চাপ বলতে বুঝায়
ক. হৃৎপিণ্ডের সংকোচন চাপ
খ. হৃৎপিণ্ডের প্রসারণ চাপ
গ. হৃৎপিণ্ডের সংকোচন ও প্রসারণ চাপ
ঘ. কোনোটিই নয়

উত্তর ✓ ক **ব্যাখ্যা** হৃদপিণ্ড হৃদ পেশিনির্মিত ত্রিকোণাকার ফাঁপা সংকোচনযুক্ত পাম্পের মতো অঙ্গ। এর সংকোচন ও প্রসারণের ফলে সারা দেহে রক্ত সংবাহিত হয়। হৃদপিণ্ডের সংকোচন জনিত চাপকে সিস্টোলিক চাপ এবং প্রসারণ জনিত চাপকে ডায়াস্টোলিক চাপ বলে।

৭৬. কোনটি পানিবাহিত রোগ?
ক. টাইফয়েড খ. যক্ষ্মা
গ. ইনফ্লুয়েঞ্জা ঘ. এইডস

উত্তর ✓ ক **ব্যাখ্যা** যে সব রোগের জীবাণু পানির মাধ্যমে ছড়ায় তাকে পানিবাহিত রোগ বলে। যেমন: টাইফয়েড, কলেরা, প্রভৃতি।

৭৭. মানদেহের রক্তচাপ নির্ণায়ক যন্ত্র–
ক. স্টেথস্কোপ খ. স্ফিগমোম্যানোমিটার
গ. কার্ডিওগ্রাফ ঘ. ইকোকার্ডিওগ্রাফ

উত্তর ✓ খ **ব্যাখ্যা** হৃদপিণ্ডের সংকোচন ও প্রসারণের ফলে হৃদপিণ্ড থেকে রক্ত ধমনির মধ্য দিয়ে প্রবাহকালে ধমনি প্রাচীরে যে পার্শ্বচাপ সৃষ্টি হয় তাকে রক্তচাপ বলে। মানবদেহের রক্তচাপ নির্ণায়ক যন্ত্র স্ফিগমোম্যানোমিটার।

৭৮. 'এভিকালচার' বলতে কী বুঝায়?
ক. উড়োজাহাজ ব্যবস্থাপনা খ. উদ্ভয়ন সংক্রান্ত বিষয়াদি
গ. বাজ পাখি বিষয়াদি ঘ. পাখিপালন বিষয়াদি

উত্তর ✓ ঘ **ব্যাখ্যা** যেখানে পাখি সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা করা হয় তাকে এভিকালচার বলে।

৭৯. সমুদ্রস্রোতের অন্যতম কারণ–
ক. বায়ু প্রবাহের প্রভাব
খ. সমুদ্রের ঘূর্ণিঝর
গ. সমুদ্রের পানিতে তাপের পরিচালনা
ঘ. সমুদ্রের পানিতে তাপের তারতম্য

উত্তর ✓ ক **ব্যাখ্যা** বায়ু প্রবাহের কারণে সমুদ্রস্রোতের উৎপত্তি হয়। বায়ু প্রবাহ সমুদ্রের উপরিভাগের পানির সাথে ঘর্ষণ তৈরি করে এবং ঘর্ষণের জন্য পানিতে ঘূর্ণন তৈরি করে। এছাড়াও উষ্ণতার তারতম্য, পৃথিবীর আবর্তন প্রভৃতি কারণে ও হয়।

৮০. দিবারাত্রি সংঘটিত হয়–
ক. আহ্নিক গতির জন্য খ. বার্ষিক গতির জন্য
গ. মাধ্যাকর্ষণ শক্তির প্রভাবে ঘ. কোনোটিই নয়

উত্তর ✓ ক **ব্যাখ্যা** পৃথিবী নিজ মেরুরেখায় অবিরত পশ্চিম হতে পূর্ব দিকে আবর্তন করছে। নিজ অক্ষে আবর্তন করতে সময় নেয় ২৩ ঘণ্টা ৫৬ মিনিট ৪ সেকেন্ড। পৃথিবীর এই গতিকে আহ্নিক গতি বলে। পৃথিবীর আহ্নিক গতির প্রভাবেই দিবারাত্রি সংঘটিত হয়

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১৮

প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩

সেট : ২
তারিখ : ০৮.১১.২০১৩

[কোড : মিসিসিপি]

সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. 'আকাবা' কোন দেশের সমুদ্র বন্দর?
ক. ইয়েমেন খ. কাতার
গ. ওমান ঘ. ইরাক
উত্তর✓ Blank সঠিক উত্তর নেই। জর্ডানের একমাত্র সমুদ্র বন্দর আকাবা। আকাবা বন্দর আকাবা উপসাগরের পূর্ব তীরে অবস্থিত। ইয়েমেনের সমুদ্র বন্দর এডেন। বন্দরটি এডেন উপসাগরের তীরে অবস্থিত।

০২. ন্যাপ (NAPE) কোথায় অবস্থিত?
ক. ঢাকায় খ. ময়মনসিংহে
গ. রাজশাহীতে ঘ. কুমিল্লায়
উত্তর✓ খ NAPE এর পূর্ণরূপ National Academy for Primary Education. জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি প্রতিষ্ঠিত হয় ১৯৭৮ সালে। NAPE ময়মনসিংহ শহরে অবস্থিত। NAPE একটি স্বায়ওশাসিত প্রতিষ্ঠান।

০৩. সিলেটের পূর্ব নাম–
ক. জালালাবাদ খ. নাসিরাবাদ
গ. বরেন্দ্রভূমি ঘ. সুবর্ণগ্রাম
উত্তর✓ ক

বর্তমান নাম	পূর্ব নাম
সিলেট	জালালাবাদ
ময়মনসিংহ	নাসিরাবাদ
সোনারগাঁও	সুবর্ণগ্রাম

বরেন্দ্রভূমি রাজশাহীর উত্তরাংশ, বগুড়ার পশ্চিমাংশ, রংপুর ও দিনাজপুরের কিছু অংশ নিয়ে গঠিত।

০৪. 'আনন্দ বিহার' কোথায় অবস্থিত?
ক. রাজশাহীতে খ. ময়নামতিতে
গ. পাহাড়পুরে ঘ. মহাস্থানগড়ে
উত্তর✓ খ আনন্দ বিহার বাংলাদেশের একটি প্রাচীন বৌদ্ধ বিহার এটি কুমিল্লা জেলার ময়নামতিতে অবস্থিত। ৭ম বা ৮ম শতকে রাজা শ্রী আনন্দদেব বিহারটি নির্মান করেন।

০৫. 'ষাট গম্বুজ' মসজিদটি নির্মাণ করেন–
ক. হযরত আমানত শাহ খ. বায়েজীদ বোস্তামী
গ. পীর খান জাহান আলী ঘ. সুফী শাহ মখদুম
উত্তর✓ গ বাগেরহাটে অবস্থিত ষাট গম্বুজ মসজিদ প্রাক-মুঘল বা সুলতানি আমলে নির্মিত। পীর খান জাহান আলী পঞ্চদশ শতকে মসজিদটি নির্মাণ করেন। ষাট গম্বুজ মসজিদে মোট গম্বুজ রয়েছে ৮১ টি। ইউনেস্কো ১৯৮৫ সালে ষাট গম্বুজ মসজিদকে ৩২১তম বিশ্বঐতিহ্য ঘোষণা করে।

০৬. জাতিসংঘে সাধারণ পরিষদের প্রথম বাংলাদেশি সভাপতি–
ক. হুমায়ুন রশীদ চৌধুরী খ. বি.এ.সিদ্দিকী
গ. খাজা ওয়াসিউদ্দিন ঘ. ড. কামাল হোসেন
উত্তর✓ ক জাতিসংঘ সাধারণ পরিষদে সভাপতির দায়িত্ব পালনকারী একমাত্র বাংলাদেশি হুমায়ুন রশীদ চৌধুরী। তিনি ১৯৮৬ সালে সাধারণ পরিষদের ৪১তম অধিবেশনে সভাপতির দায়িত্ব পালন করেন। সাধারণ পরিষদের সভাপতি এক বছরের জন্য নির্বাচিত হন।

০৭. কাঁচামাল হিসেবে আখের ছোবড়া ব্যবহার করা হয়–
ক. কর্ণফুলী কাগজ কল, চন্দ্রঘোনা
খ. খুলনা নিউজপ্রিন্ট মিল, খালিশপুর
গ. উত্তরবঙ্গ কাগজ কল, পাকশী
ঘ. পার্টিকেল বোর্ড মিল, নারায়ণগঞ্জ
উত্তর✓ গ উত্তরবঙ্গ কাগজকল পাবনা জেলার পাকশিতে অবস্থিত। এই কাগজকলে কাঁচামাল হিসেবে চিনিকলগুলো থেকে প্রাপ্ত আখের ছোবড়া ব্যবহার করা হয়।

০৮. বাংলাদেশের বৃহত্তম হাওড় কোনটি?
ক. হাইল খ. চলন বিল
গ. পাথর চাওলি ঘ. হাকালুকি
উত্তর✓ ঘ বাংলাদেশের বৃহত্তম হাওর হাকালুকি হাওর। হাকালুকি হাওর সিলেট ও মৌলভীবাজার জেলায় বিস্তৃত। হাওরটির আয়তন ২৪,২৯২ হেক্টর।

০৯. মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য কতজনকে 'বীরোত্তম' খেতাবে ভূষিত করা হয়?
ক. ৬০ জন খ. ৬৮ জন
গ. ৭২ জন ঘ. ৭৮ জন
উত্তর✓ খ মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য মোট ৬৭৬ জনকে খেতাব প্রদান করা হয়েছে। এর মধ্যে বীরশ্রেষ্ঠ ৭ জন, বীরউত্তম ৬৮ জন, বীরবিক্রম ১৭৫ জন এবং বীরপ্রতীক খেতাব পান ৪২৬ জন।

১০. দক্ষিণ গোলার্ধ ও সূর্যের মধ্যে সবচেয়ে বেশি দূরত্ব হয়–
ক. ২১ জুন খ. ২১ জুলাই
গ. ২৩ সেপ্টেম্বর ঘ. ২২ ডিসেম্বর
উত্তর✓ ক সূর্যের চারিদিকে পরিক্রমণ কালে ২১ শে জুন পৃথিবী তার কক্ষ পথে এমন এক অবস্থানে এসে পৌছে যেখানে সুমেরু সূর্যের দিকে সর্বাপেক্ষা বেশি ঝুঁকে থাকে এবং কুমেরু সূর্য হতে সর্বাপেক্ষা দূরে সরে যায় তাই ২১ শে জুন তারিখে উত্তর গোলার্ধে দিন বড় এবং দক্ষিন গোলার্ধে সবচেয়ে বড় রাত হয়। ঐ দিন উত্তর গোলার্ধ সূর্যের নিকটতম স্থানে অবস্থান করে।

১১. শ্বসনে নির্গত হয়–
ক. অক্সিজেন খ. নাইট্রোজেন
গ. কার্বন ডাইঅক্সাইড ঘ. উপরের সবগুলোই
উত্তর✓ গ যে প্রক্রিয়ায় সজীব কোষে জৈব খাদ্য উৎসেচকের উপস্থিতিতে অক্সিজেনের সাহায্যে জারণের মাধ্যমে ভেঙ্গে শক্তি উৎপন্ন হয় এবং উপজাত দ্রব্য হিসেবে কার্বন-ডাই-অক্সাইড ও পানি তৈরি হয় তাকে শ্বসন বলে।

$$\text{শর্করা} + \text{অক্সিজেন} \xrightarrow{\text{উৎসেচক}} \text{কার্বন-ডাই-অক্সাইড} + \text{পনি} + \text{শক্তি}।$$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১২. সালোকসংশ্লেষণ ঘটে না–

ক. পাতায় খ. সবুজ কাণ্ডে

গ. শাখা-প্রশাখায় ঘ. মূলে

উত্তর✓ খ ব্যাখ্যা উদ্ভিদে কার্বোহাইড্রেড জাতীয় খাদ্য প্রস্তুত হওয়ার প্রক্রিয়াকে সালোকসংশ্লেষণ বলে।

$$6CO_2 + H_2O \xrightarrow[\text{ক্লোরোফিল}]{\text{সূর্যালোক}} C_6H_6O_6 + 6H_2O + 6O_2$$

পাতায়, শাখা- প্রশাখায় ও সবুজ কাণ্ডে সালোকসংশ্লেষণ ঘটে। মূলে সালোকসংশ্লেষণ ঘটে না।

১৩. নিচের কোনটি ভাইরাসজনিত রোগ নয়?

ক. টিটেনাস খ. ইনফ্লুয়েঞ্জা

গ. টিকের পক্স ঘ. হাম

উত্তর✓ ক ব্যাখ্যা ভাইরাস একটি ল্যাটিন শব্দ, যার অর্থ বিষ। এটি নিউক্লিক এসিড ও প্রোটিন সমন্বয়ে গঠিত এক প্রকার অতি - আণুবীক্ষণিক অকোষীয় সত্ত্বা যা কেবল উপযুক্ত জীবকোষের অভ্যন্তরে বংশবৃদ্ধি করতে পারে এবং বিশেষ বিশেষ রোগ সৃষ্টি করতে পারে কিন্তু জীবকোষের বাইরে জড় বস্তুর মত অবস্থান করে। ভাইরাসজনিত রোগ- ইনফ্লুয়েঞ্জা, পোলিও, হাম, বসন্ত, ডেঙ্গু, জলাতঙ্ক, হার্পিস প্রভৃতি।
টিটেনাস ব্যাকটেরিয়া জনিত রোগ।

১৪. টিউমার সংক্রান্ত চর্চাকে কী বলে?

ক. একোলজি খ. অনকোলজি

গ সাইটোলজি ঘ. টিউমারোলজি

উত্তর✓ খ ব্যাখ্যা যে চিকিৎসা টিউমার গবেষণা, চিকিৎসা ও রোগ প্রতিরোধের উপর গুরুত্ব দেয় তাই অনকোলজি।

প্রবল জোয়ারের কারণ, এ সময়–

ক. চন্দ্র পৃথিবীর সবচেয়ে কাছে থাকে

খ. পৃথিবী সূর্যের সবচেয়ে কাছে থাকে

গ. সূর্য, চন্দ্র ও পৃথিবী এক সরলরেখায় থাকে

ঘ. সূর্য ও চন্দ্র পৃথিবীর সঙ্গে সমকোণ করে থাকে

উত্তর✓ গ ব্যাখ্যা চন্দ্র ও সূর্যের আকর্ষণ এবং পৃথিবীর অভিকর্ষ বলের প্রভাবে ভূ-পৃষ্ঠের পানি প্রত্যহ নিয়মিত স্থানবিশেষে ফুলে উঠে এবং অন্যত্র নেমে যায়। পানির এই ফুলে উঠাকে জোয়ার বলে। প্রবল জোয়ারের কারণ হল যখন সূর্য, চন্দ্র ও পৃথিবী এক সরল রেখায় থাকে। এই সময় চন্দ্র ও সূর্যের মিলিত আকর্ষণের জন্য জোয়ারের পানি খুব বেশি ফুলে উঠে।

১৬. বৈদ্যুতিক পাখা ধীরে ধীরে ঘুরলে বিদ্যুৎ খরচ–

ক. বেশি হয় খ. কম হয়

গ. খুব কম হয় ঘ. একই থাকে

উত্তর✓ ঘ ব্যাখ্যা বৈদ্যুতিক পাখায় তড়িৎ প্রবাহ কম হলে আস্তে ঘোরে এবং বেশি হলে জোরে ঘোরে। এই আস্তে বা জোরে ঘোরা নির্ভর করে রেগুলেটরের উপর। রেগুলেটরে পরিবর্তনশীল রোধ থাকে। এই রোধ পরিবর্তন করে তড়িৎ প্রবাহ সরবরাহ পরিবর্তন করা হয়। কিন্তু রোধের ক্রিয়ার ফলে যে পরিমান বিদ্যুৎ প্রবাহ বাধাগ্রস্থ হয় তা তাপ শক্তিতে রূপান্তরিত হয় অর্থাৎ মোট বিদ্যুৎ খরচ একই হয়।

১৭. শব্দের তীব্রতা নির্ণায়ক যন্ত্র–

ক. অডিওমিটার খ. অডিওফোন

গ. অ্যামিটার ঘ. অলটিমিটার

উত্তর✓ ক ব্যাখ্যা অডিওমিটার হলো শব্দের তীব্রতা নির্ণায়ক যন্ত্র যার সাহায্যে শব্দ কতটা তীব্র তা নির্ণয় করা যায়।

১৮. সাধারণ স্টোরেজ ব্যাটারিতে সীসার ইলেক্ট্রোডের সাথে তরলটি ব্যবহৃত হয় তা হলো–

ক. হাইড্রোক্লোরিক এসিড খ. সালফিউরিক এসিড

গ. নাইট্রিক এসিড ঘ. এমোনিয়াম ক্লোরাইড

উত্তর✓ খ ব্যাখ্যা সাধারণ স্টোরেজ ব্যাটারিতে সীসার ইলেকট্রোডের সাথে যে তরলটি ব্যবহৃত হয় তা হলো সালফিউরিক এসিড (H_2SO_4)। এসিডের রাজা বলা হয়।

১৯. কচুশাক বিশেষভাবে মূল্যবান যে উপাদানের জন্য তা হলো–

ক. ভিটামিন এ খ. ভিটামিন সি

গ. ক্যালসিয়াম ঘ. লৌহ

উত্তর✓ ঘ ব্যাখ্যা লৌহ রক্তের একটি প্রধান উপাদান। লৌহের প্রধান কাজ হিমোগ্লোবিন গঠনে সহায়তা করা। কচুশাকে বিশেষভাবে মূল্যবান যে উপাদান হয়েছে তা হলো লৌহ।

২০. একজন সাধারণ মানুষের দেহে মোট কত টুকরা হাড় থাকে?

ক. ১০৬ খ. ২০৬

গ. ৩০৬ ঘ. ৪০৬

উত্তর✓ খ ব্যাখ্যা মানুষের কঙ্কালতন্ত্রকে প্রধানত দু'ভাগে ভাগ করা হয়।

ক. অক্ষীয় কঙ্কালতন্ত্র খ. উপাঙ্গিক কঙ্কালতন্ত্র

মানবদেহের কঙ্কালতন্ত্রেরঅস্থির সংখ্যা ২০৬ টি।

২১. কোন জলজ জীবটি বাতাসে নিঃশ্বাস নেয়?

ক. শুশুক খ. তিমি

গ. হাঙ্গর ঘ. ডলফিন

উত্তর✓ ক ব্যাখ্যা যে সব জীব জলে বসবাস করে, জলের দ্রবীভূত অক্সিজেন গ্রহণ করে জীবন ধারণ করে তাকে জলজ প্রাণী বলে। শুশুক জলজ জীব হয়েও বাতাসে নিঃশ্বাস নিতে পারে।

২২. কোনটি সামান্তরিকের ক্ষেত্রফল?

ক. $\frac{1}{2}$ (দৈর্ঘ্য + উচ্চতা) খ. দৈর্ঘ্য × প্রস্থ

গ. ২(দৈর্ঘ্য + প্রস্থ) ঘ. ভূমি × উচ্চতা

উত্তর✓ ঘ ব্যাখ্যা যে চতুর্ভূজের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান সমান্তরাল কিন্তু কোনো কোণই সমকোণ নয় তাকে সামান্তরিক বলে সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা।

২৩. $a - \frac{1}{a} = 3$ হলে, $a^2 + \frac{1}{a^2}$ কত?

ক. 7 খ. 9

গ. 11 ঘ. 13

উত্তর✓ গ ব্যাখ্যা আমরা জানি,

$$a^2 + \frac{1}{a^2}$$
$$= \left(a - \frac{1}{a}\right)^2 + 2.a.\frac{1}{a}$$
$$= 3^2 + 2 = 9 + 2 = 11$$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

২৭. $\frac{x}{2}+3=\frac{x}{3}+4$ সমীকরণে x এর মান কত?

ক. 6 খ. 7

গ. −6 ঘ. −7

উত্তর✓ ক $\frac{x}{2}+3=\frac{x}{3}+4$

$\Rightarrow \frac{x+6}{2}=\frac{x+12}{3}$

$\Rightarrow 3x+18=2x+24$

$\Rightarrow 3x-2x=24-18$

$\Rightarrow x=6$

২৮. একজন লোক সপ্তাহে ১২৫০ টাকা আয় করেন এবং ১০০০ টাকা ব্যয় করেন। তাঁর সঞ্চয়ের সঙ্গে আয়ের অনুপাত হবে–

ক. ৩ : ৫ খ. ৪ : ৫

গ. ১ : ৫ ঘ. ২ : ৫

উত্তর✓ গ সঞ্চয় = আয় − ব্যয়

= ১২৫০ − ১০০০

= ২৫০ টাকা

∴ সঞ্চয় : আয় = ২৫০ : ১২৫০

= ১ : ৫

২৯. দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৮। উভয়ের সাথে ২ যোগ করলে অনুপাতটি ২ : ৩ হয়। সংখ্যা দুইটি কি কি?

ক. ৭ ও ১১ খ. ১২ ও ১৮

গ. ১০ ও ২৪ ঘ. ১০ ও ১৬

উত্তর✓ ঘ মনে করি, সংখ্যাদ্বয় ৫x ও ৮x

প্রশ্নমতে, $\frac{5x+2}{8x+2}=\frac{2}{3}$

$\Rightarrow 16x+8=15x+6$

$\Rightarrow 16x-15x=6-8$

$\Rightarrow x=2$

∴ সংখ্যা দুটি = ৫ × ২ = ১০

এবং ৮ × ২ = ১৬

৩০. টাকায় ৫টি দরে লেবু ক্রয় করে টাকায় কয়টা দরে লেবু বিক্রয় করলে ২৫% লাভ হবে?

ক. ৬টা খ. ৫টা

গ. ৪টা ঘ. ৩টা

উত্তর✓ গ

$\frac{\text{বিক্রয়সংখ্যা}}{\text{ক্রয়সংখ্যা}}=\frac{\text{বিক্রয়মূল্য}\times 100}{\text{ক্রয়মূল্য}\ (100+\text{লাভ})}$

বিক্রয় সংখ্যা = ?

ক্রয় সংখ্যা = ৫ টি

ক্রয়মূল্য = ১ টাকা

বিক্রয়মূল্য = ১ টাকা

লাভ = ২৫%

$\Rightarrow \frac{\text{বিক্রয় সংখ্যা}}{5}=\frac{1\times 100}{1(100+25)}$

$\Rightarrow$ বিক্রয় সংখ্যা $=\frac{5\times 100}{125}=4$ টি

২৮. টাকায় ৩টি করে জিনিস ক্রয় করে টাকায় ২টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?

ক. ৫০% খ. ২৫%

গ. ১৫% ঘ. ১০%

উত্তর✓ ক

$\frac{\text{বিক্রয় সংখ্যা}}{\text{ক্রয় সংখ্যা}}=\frac{\text{বিক্রয়মূল্য}\times 100}{\text{ক্রয়মূল্য}\ (100+\text{লাভ})}$

বিক্রয় সংখ্যা = ২টি

ক্রয় সংখ্যা = ৩ টি

ক্রয়মূল্য = ১ টাকা

বিক্রয়মূল্য = ১ টাকা

লাভ = ?

$\Rightarrow \frac{2}{3}=\frac{1\times 100}{1(100+\text{লাভ})}$

$\Rightarrow 2(100+\text{লাভ})=3\times 100$

$\Rightarrow 100+\text{লাভ}=\frac{3\times 100}{2}=150$

$\Rightarrow$ লাভ = ১৫০ − ১০০ = ৫০%

২৯. ১৫টি ভেড়ার মূল্য ৫টি গরুর মূল্যের সমান। ২টি গরুর মূল্য ১৮,০০০ টাকা হলে, ১টি ভেড়ার মূল্য কত হবে?

ক. ১৫০০ টাকা খ. ২০০০ টাকা

গ. ২৫০০ টাকা ঘ. ৩০০০ টাকা

উত্তর✓ ঘ ২টি গরুর মূল্য ১৮০০০ টাকা

∴ ১ " " $\frac{18000}{2}$ = ৯০০০ টাকা

৫টি গরুর মূল্য = ৫ × ৯০০০ = ৪৫০০০ টাকা

∴ ১৫ টি ভেড়ার মূল্য = ৪৫০০০ টাকা

∴ ১ টি ভেড়ার মূল্য $=\frac{45,000}{15}$ টাকা

= ৩০০০ টাকা

৩০. কোনো ছাত্রাবাসে ৪০ জন ছাত্রের ৩০ দিনের খাবার আছে। ৫ দিন পরে আরও ১০ জন ছাত্র আসলে অবশিষ্ট খাদ্যে তাদের কতদিন চলবে?

ক. ১৫ দিন খ. ২০ দিন

গ. ২৪ দিন ঘ. ২৫ দিন

উত্তর✓ খ অবশিষ্ট দিন = ৩০ − ৫ = ২৫ দিন

১০ জন আসায় মোট ছাত্র = ৪০ + ১০ = ৫০ জন।

৪০ জনের খাবার আছে ২৫ দিনের

১ " " " ৪০ × ২৫ "

৫০ " " " $\frac{40\times 25}{50}$ = ২০ দিনের।

৩১. ৬০ জন লোক কোনো কাজ ১৮ দিনে করতে পারে। উক্ত কাজটি ৩৬ জন লোকে কত দিনে সম্পন্ন করতে পারবে?

ক. ২৪ দিনে খ. ২৮ দিনে

গ. ৩০ দিনে ঘ. ৩৬ দিনে

উত্তর✓ গ

৬০ জন লোক করতে পারে ১৮ দিনে

১ " " " ৬০ × ১৮ "

৩৬ " " " $\frac{60\times 18}{36}$ = ৩০ দিন

১৫০০+ চাকরির প্রস্তুতি সহায়ক pdf পেতে

ভিজিট করুন www.exambd.net

৩২. $\frac{২}{৩} \div \frac{৪}{৫}$ এর $\frac{২০}{২১}$ = কত?

ক. $\frac{১}{৩}$ খ. $\frac{৭}{৮}$

গ. $\frac{৫}{৬০}$ ঘ. $\frac{৮}{২১}$

উত্তর✓ খ

$\frac{২}{৩} \div \frac{৪}{৫}$ এর $\frac{২০}{২১}$

$\Rightarrow \frac{২}{৩} \div \frac{১৬}{২১}$

$\Rightarrow \frac{২}{৩} \times \frac{২১}{১৬} \Rightarrow \frac{৭}{৮}$

৩৩. $\frac{১}{৩} \div \frac{৪}{৫} \times \frac{৩}{৪}$ = কত?

ক. $\frac{৫}{১৬}$ খ. $\frac{৫}{৯}$

গ. $\frac{৪}{১৩}$ ঘ. $\frac{১}{৫}$

উত্তর✓ ক $\frac{১}{৩} \div \frac{৪}{৫} \times \frac{৩}{৪} = \frac{১}{৩} \times \frac{৫}{৪} \times \frac{৩}{৪} = \frac{৫}{১৬}$

৩৪. একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গ ঐ সরলরেখার অর্ধেকের উপর অঙ্কিত বর্গের কত গুণ?

ক. দ্বিগুণ খ. তিনগুণ

গ. চারগুণ ঘ. পাঁচগুণ

উত্তর✓ গ একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফলকে ঐ সরলরেখার অংশকে বর্গ করে প্রাপ্ত ফলাফল দিয়ে ভাগ করলে ক্ষেত্রফলের গুণ ফল পাওয়া যায়।

মনে করি, রেখাটি a

$\therefore a^2 \div \left(\frac{a}{2}\right)^2 = a^2 \div \frac{a^2}{4}$

$= a^2 \times \frac{4}{a^2} = 4$

৩৫. $a + b = 5$ এবং $a - b = 3$ হলে, ab এর মান কত?

ক. 2 খ. 3

গ. 4 ঘ. 5

উত্তর✓ গ আমরা জানি, $ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$

$= \left(\frac{5}{2}\right)^2 - \left(\frac{3}{2}\right)^2$

$= \frac{25}{4} - \frac{9}{4}$

$= \frac{25-9}{4}$

$= \frac{16}{4} = 4$

৩৬. $2x^2 + x - 15$ এর উৎপাদক কোনটি?

ক. $(x + 3)(2x - 5)$ খ. $(x - 3)(2x - 5)$

গ. $(x - 3)(2x + 5)$ ঘ. $(x + 3)(2x + 5)$

উত্তর✓ ক $2x^2 + x - 15 = 2x^2 + 6x - 5x - 15$

$= 2x(x+3) - 5(x + 3)$

$= (x + 3)(2x - 5)$

৩৭. পিতা ও মাতার বয়সের গড় ৩০ বছর। পিতা, মাতা ও পুত্রের গড় বয়স ২৪ বছর হলে, পুত্রের বয়স কত?

ক. ৮ বছর খ. ১০ বছর

গ. ১১ বছর ঘ. ১২ বছর

উত্তর✓ ঘ

পিতা + মাতা + পুত্রের মোট বয়স $(২৪ \times ৩) = ৭২$ বছর

পিতা + মাতার মোট বয়স $(৩০ \times ২) = ৬০$ বছর

পুত্রের বয়স $= ১২$ বছর।

৩৮. পিতা ও দুই পুত্রের বর্তমান গড় বয়স ২৩ বছর। ৩ বছর পর দুই পুত্রের গড় বয়স ১৩ বছর হলে, পিতার বর্তমান বয়স?

ক. ৪৬ বছর খ. ৪৯ বছর

গ. ৫১ বছর ঘ. ৫৪ বছর

উত্তর✓ খ পিতা ও দুই পুত্রের মোট বয়স

$(২৩ \times ৩) = ৬৯$ বছর

৩ বছর পর দুই পুত্রের মোট বয়স $(১৩ \times ২) = ২৬$ বছর

দুই পুত্রের বর্তমান বয়স $[২৬ - (৩ + ৩)]$

$= ২৬ - ৬ = ২০$ বছর।

$\therefore$ পিতার বর্তমান বয়স $= ৬৯ - ২০ = ৪৯$ বছর।

৩৯. একজন বোলার গড়ে ১৮ রান দিয়ে ১০টি উইকেট পরবর্তী ইনিংসে গড়ে ৪ রানে ৪টি উইকেট পান। উইকেট প্রতি গড় কত রান দিয়েছেন?

ক. ১২ খ. ১৩

গ. ১৪ ঘ. ১৬

উত্তর✓ গ ১০ টি উইকেট পেতে মোট রান দিতে হয়

$(১৮ \times ১০) = ১৮০$ রান

৪টি উইকেট পেতে মোট রান দিতে হয় $= (৪ \times ৪) = ১৬$

$১০ + ৪ = ১৪$ টি উইকেট পেতে মোট রান দিতে হয় ১৯৬ রান

১" " " " " " " $\frac{১৯৬}{১৪}$

$= ১৪$

৪০. $1 + 2 + 3 + 4 + \ldots\ldots\ldots\ldots + 22$ = কত?

ক. 253 খ. 254

গ. 256 ঘ. 258

উত্তর✓ ক সমষ্টি $= \frac{n(n+1)}{2}$

$= 22 \times \frac{22+1}{2}$

$= 11 \times 23 = 253$

৪১. What is the opposite of 'cordial'?

ক. Gentle খ. Hearty

গ. Ungrateful ঘ. Reserved

উত্তর✓ ঘ

Cordial (adj) – আন্তরিক	Hearty (adj) – আন্তরি
Reserved (adj) – গুরুগম্ভীর	Gentle (adj) – ভদ্র/বি
Ungrateful (adj) – অকৃতজ্ঞ	

৪২. কোন বানানটি শুদ্ধ?

ক. Humourous খ. Humourious

গ. Humorous ঘ. Humorious

উত্তর✓ গ Humorous (adj) – রসিকতাপূর্ণ।

What kind of noun is cattle?
ক. Proper খ. Common
গ. Collective ঘ. Material
উত্তর✓ গ ব্যাখ্যা Cattle (N) – গবাদিপশু, 'cattle' দ্বারা গৃহপালিত সকল পশুর সামষ্টিক ভাব প্রকাশ করে সেহেতু 'cattle' Noun টি একটি Collective Noun.

Which is the noun of the word 'beautiful'?
ক. Beautious খ. beauty
গ. Beautifully ঘ. Beautify উত্তর খ

Correct the following sentence. 'He talks as if he (to be mad)'
ক. He talks as if he were a mad
খ. He talks as if he to he mad
গ. He talks as if he is mad
ঘ. He talks as if he be mad
উত্তর✓ ক ব্যাখ্যা As if যুক্ত বাক্যাংশের পূর্ববর্তী clause টি Present Indifinite tense এ থাকলে উক্ত clause এর verb form টি past Indifinite tense এ পরিবর্তিত হবে। কিন্তু subject এর পর 'be' verb থাকলে সেটি 'were' এ পরিবর্তিত হবে।

Choose the correct answer —— I (to lie) on the floor for three hours.
ক. I have been laid on the floor for three hours
খ. I have been lied on the floor for three hours
গ. I have laid on the floor for three hours.
ঘ. I have been lying on the floor for three hours. উত্তর ঘ

'Am I wanted by you?' বাক্যের active voice হচ্ছে–
ক. Are you wanted me? খ. Did you wanted me?
গ. Do you want me? ঘ. Does you wants me? উত্তর গ

Who called you a liar? বাক্যের passive voice.
ক. By whom are you called a liar?
খ. By whom were you called a liar?
গ. By Whom you called a liar?
ঘ. By whom was you called a liar? উত্তর খ

He asked me where I had gone the previous day' বাক্যের direct speech হচ্ছে–
ক. He said to me, "Where did you go yesterday?"
খ. He asked to me, "Where did you go yesterday?"
গ. He said to me, "Where you went yesterday?"
ঘ. He said to me, "Where did I go yesterday?"
উত্তর✓ ক ব্যাখ্যা Indirect speech এর subordinate clause টির 'verb' past perfect tense এর হলে Direct speech এর রূপান্তরের সময় সেটি past indifinite tense এ পরিবর্তিত হবে।
বিঃদ্রঃ Indirect speech এর 'asked' verb টি Reporting verb 'said to' তে পরিবর্তিত হবে।

Noun of the word 'Deny' is–
ক. Denial খ. Deny
গ. Deniable ঘ. Refuse উত্তর ক

Adjective of the word 'People' is–
ক. popularity খ. popularise
গ. popular ঘ. populous উত্তর ঘ

৫২. He said to his friends. "Let us play now"–বাক্যের Indirect speech হচ্ছে–
ক. He requested to his friends that they should play then
খ. He proposed to his friends that they would play then
গ. He proposed to his friends that they should play then.
ঘ. He proposed to his friends that we should play then
উত্তর✓ গ ব্যাখ্যা Direct speech এর Reported speech টির প্রসঙ্গ যদি 'প্রস্তাব রাখা' অর্থে ব্যবহৃত হয় তাহলে Indirect speech এ রূপান্তরের ক্ষেত্রে main clause এর verb হিসেবে 'said to' এর স্থলে 'Proposal' ব্যবহৃত হবে; that clause এর subject এর পর modal auxiliavy 'should' ব্যবহৃত হবে এবং adverb 'now' then এ পরিবর্তিত হয়ে যাবে।

৫৩. 'Which sentence is correct?
ক. You are an M.B.B.S খ. He was an M.A
গ. He is an L.M.F ঘ. All of them
উত্তর✓ ঘ ব্যাখ্যা 'M.B.B.S'; 'M.A', এবং 'L.M.F' Acronym তিনটির প্রত্যেকটির শুরুতে vowel sound 'এ' অনুভূত হওয়ায় প্রত্যেকটির পূর্বে article হিসেবে 'an' ব্যবহৃত হবে।

৫৪. কোন শব্দটি Comparative degree-এর উদাহরণ নয়?
ক. Upper খ. Less
গ. Worst ঘ. Highest উত্তর ঘ

৫৫. Mother loves me. Here 'love' is an example of–
ক. Transitive verb খ. Intransitive verb
গ. Auxiliary verb ঘ. Causative verb উত্তর ক

৫৬. What is the meaning of the word 'status quo'?
ক. State of affair খ. The former state
গ. Equal status ঘ. High status উত্তর ক

৫৭. What is the meaning of the phrase 'At home with'?
ক. Family relation খ. At Case
গ. Neighbour ঘ. Free at উত্তর খ

৫৮. Choose the correct spelling?
ক. Sabotage খ. Saatage
গ. Salabatage ঘ. Sabotaze
উত্তর✓ ক ব্যাখ্যা Sabotage (N) – অন্তর্ঘাতি/কূটাঘাত

৫৯. Which one is the correct spelling?
ক. Jewelery খ. Jewellry
গ. Jewellery ঘ. Jwellry উত্তর গ

৬০. What is the antonym of 'Rigid'?
ক. Autere খ. Stiff
গ. Rigorous ঘ. Lax উত্তর ঘ

৬১. কোনটি শওকত ওসমান রচিত?
ক. চৌচির খ. সত্য-মিথ্যা
গ. পদ্মা-মেঘনা-যমুনা ঘ. ক্রীতদাসের হাসি
উত্তর✓ ঘ ব্যাখ্যা

উপন্যাস	লেখক	উপন্যাস	লেখক
ক্রীতদাসের হাসি (প্রতীকী উপন্যাস)	শওকত ওসমান	সত্য মিথ্যা	আবুল মনসুর আহমদ
চৌচির	আবুল ফজল	পদ্মা- মেঘনা-যমুনা	আবু জাফর শামসুদ্দীন

৬২. প্রথম কবিতা সংকলন–

ক. চর্যাপদ　　খ. বৈষ্ণব পদাবলি
গ. ঐতরেয় আরণ্যক　　ঘ. দোহাকোষ

উত্তর✓ ক বাংলা ভাষার প্রথম কবিতা সংকলন 'চর্যাপদ'। মহামহোপাধ্যায় ড. হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রাজ দরবারের (রয়্যাল লাইব্রেরি) পুঁথিশালা বা রাজগ্রন্থ থেকে 'চর্যাপদ' (ইং ১৯০৭ সাল বাং ১৩১৪ বঙ্গাব্দ) আবিষ্কার করেন।

৬৩. ব্যাকারণের কোন অংশে কারক সম্বন্ধে আলোচনা করা হয়?

ক. ধ্বনিতত্ত্বে　　খ. অর্থতত্ত্বে
গ. বাক্যতত্ত্বে　　ঘ. রূপতত্ত্বে

উত্তর✓ ঘ বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয় প্রধানত ৪টি। যথা : ধ্বনিতত্ত্ব, শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব, অর্থতত্ত্ব এবং বাক্যতত্ত্ব। রূপতত্ত্বের আলোচ্য বিষয় যথাক্রমে-কারক, শব্দ, প্রবাদ-প্রবচন, লিঙ্গ, কাল ও পুরুষ, বচন, সমাস প্রভৃতি।

৬৪. কোনটি শুদ্ধ বানান?

ক. মুহুর্মুহু　　খ. মুহুর্মুহু
গ. মুহুর্মুহু　　ঘ. মুহুর্মুহু

উত্তর✓ ক 'মুহুর্মুহু' বানানটি শুদ্ধ। গুরুত্বপূর্ণ কয়েকটি শুদ্ধ বানান: মাহাত্ম্য, মুহূর্ত, মুমূর্ষু, মরীচিকা, মনোযোগ, মন্ত্রিত্ব, মনোমোহন।

৬৫. ব্যাঙের সর্দি বলতে কি বোঝায়?

ক. রোগ বিশেষ　　খ. অসম্ভব ঘটনা
গ. প্রতারণা　　ঘ. সম্ভাব্য ঘটনা　　উত্তর খ

৬৬. দস্ত-বস্ত কথার অর্থ কি?

ক. বন্ধু বনাম বন্ধু　　খ. খেতে-খেতে
গ. হাতে-নাতে　　ঘ. আস্তে-আস্তে

উত্তর✓ গ দস্ত-বস্ত শব্দটি ফারসি শব্দ থেকে এসেছে। যার অর্থ হাতে-নাতে।

৬৭. "কূপমন্ডুক" বাগধারাটি দ্বারা কি বোঝায়?

ক. বিশ্বাসপ্রবন　　খ. সীমিত জ্ঞানের মানুষ
গ. সাধারন মানুষ　　ঘ. অলস　　উত্তর খ

৬৮. নিচের কোনটি সমার্থক শব্দ নয়?

ক. জলাশয়　　খ. পুকুর
গ. দীঘি　　ঘ. ঢেউ

উত্তর✓ ঘ জলাশয়, পুকুর, দিঘি, সরোবর, জলাধর, জলা, পুষ্করিণী প্রভৃতি পরস্পরের সমার্থক শব্দ। অপরদিকে 'ঢেউ' এর সমার্থক শব্দ হলো : ঊর্মি, লহর, মহোর্মি, দোলা, বীচি ও তরঙ্গমালা।

৬৯. সংশয়-এর বিপরীত শব্দ-

ক. নির্ভয়　　খ. বিস্ময়
গ. প্রত্যয়　　ঘ. মধ্যপদলোপী　　উত্তর গ

৭০. পথ শব্দের সমার্থক শব্দ কোনটি?

ক. সরণি　　খ. সমরণি
গ. স্বরণি　　ঘ. সরনি

উত্তর✓ ক 'পথ' এর সমার্থক শব্দ : সরণি, সড়ক, সঞ্চার, নিগম, বীথি, বাট, সংসরণ, মার্গ, সরণ, সৃতি।

৭১. 'বেসাতি' শব্দের প্রকৃত অর্থ কি?

ক. পোষাক　　খ. সাজসজ্জা
গ. উপকরণ　　ঘ. কেনাবেচা　　উত্তর ঘ

৭২. 'কলুর বলদ' কোন সমাস?

ক. উপপদ তৎপুরুষ　　খ. অলুক তৎপুরুষ সমাস
গ. মধ্যপদলোপী কর্মধারয়　　ঘ. উপমিত কর্মধারয়

উত্তর✓ খ 'অলুক' শব্দের অর্থ 'অ- লোপ' অর্থাৎ লোপ না হওয়া। পূর্বপদের অর্থ লোপ না পেয়ে তৎপুরুষ সমাস হয় তাকে অলুক তৎপুরুষ সমাস বলে। যেমন : কলুর বলদ = কলুর বলদ। এরূপ- খেলার মাঠ, তেলে ভাজা, সোনার তরী ইত্যাদি অলুক তৎপুরুষ সমাস।

৭৩. 'সোনামুখী' কোন সমাস?

ক. উপমান　　খ. উপমিত
গ. রূপক　　ঘ. মধ্যপদলোপী

উত্তর✓ খ যে সমাসে সাধারণ ধর্মবাচক পদের অর্থ বাস্তবতা উল্লেখ থাকে না তাকে উপমিত কর্মধারয় সমাস বলে। এ সমাসে দুটো পদই বিশেষ্য হয়। যেমন : সোনার মতো মুখ = সোনামুখ, করের ন্যায় পল্লব = করপল্লব ইত্যাদি।

৭৪. 'কান্নায় শোক কমে' বাক্যে 'কান্নায়' কোন কারক?

ক. অপাদান কারক　　খ. অধিকরণ কারক
গ. করণ কারক　　ঘ. সম্প্রদান কারক

উত্তর✓ খ কোনো ক্রিয়াবাচক বিশেষ্য যখন অন্য ক্রিয়ার ভাবের অভিব্যক্তি প্রকাশ করে, তখন তাকে ভাবাধিকরণ কারক বলে। এই কারকে সবসময় ৭মী বিভক্তি যুক্ত হয় বলে একে 'ভাবে সপ্তমী' বলে। যেমন : কান্নায় শোক কমে। সূর্যোদয়ে পদ্ম ফোটে।

৭৫. 'দর্শনীয়' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?

ক. দৃশ + অনীয়　　খ. দৃশ্য + অনীয়
গ. দৃশ্য + নীর　　ঘ. দৃশ + নীয়　　উত্তর

৭৬. কোন বাংলা পদের সাথে সন্ধি হয় না?

ক. বিশেষ্য　　খ. বিশেষণ
গ. ক্রিয়া　　ঘ. অব্যয়　　উত্তর

৭৭. 'নীল লোহিত' কার ছদ্মনাম?

ক. সমরেশ মজুমদার　　খ. রাজ শেখর বসু
গ. সুনীল গঙ্গোপাধ্যায়　　ঘ. সমর সেন

উত্তর✓ গ 'নীল লোহিত' যেমন সুনীল গঙ্গোপাধ্যায়ের ছদ্মনাম তেমনি 'পরশুরাম' রাজশেখর বসুর ছদ্মনাম।

৭৮. 'ময়নামতির চর' কাব্যটির রচয়িতা কে?

ক. যতীন্দ্রমোহন বাগচী　　খ. হুমায়ুন কবীর
গ. রওশন ইজদানী　　ঘ. বন্দে আলী মিয়া

উত্তর✓ ঘ বন্দে আলী মিয়ার কাব্যগ্রন্থ: ময়নামতীর চর, অনুরাগ এবং শিশুতোষ গ্রন্থের মধ্যে চোর জামাই, ডাইনী বউ, কুঁচবরণ কন্যা অন্যতম।

৭৯. 'পদ্মানদীর মাঝি' কী ধরনের রচনা?

ক. উপন্যাস　　খ. ভ্রমণকাহিনি
গ. রম্যরচনা　　ঘ. নাটক

উত্তর✓ ক পদ্মানদীর মাঝি, জননী, অহিংসা, দিবা রাত্রি কাব্য, পুতুলনাচের ইতিকথা প্রভৃতি মানিক বন্দোপাধ্যায়ের বিখ্যাত উপন্যাস।

৮০. 'ওয়ারিশ' উপন্যাসটির লেখক হচ্ছেন–

ক. শওকত ওসমান　　খ. রফিক আজাদ
গ. শওকত আলী　　ঘ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

উত্তর✓ গ শওকত আলীর বিখ্যাত কিছু উপন্যাস ওয়ারিশ, পিঙ্গল আকাশ, প্রদ্যোম্নে প্রাকৃতজন, কূলায় কালস্রোত এবং উত্তরের খেপ।



প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩

সেট : ১ | [কোড : ভলগা] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ০৮.১১.২০১৩ | পূর্ণমান : ৮০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. সামাজিক নাটক কোনটি?
ক. ডাকঘর | খ. সধবার একাদশী
গ. নূরজাহান | ঘ. রাবণ বধ

উত্তর✓ খ ব্যাখ্যা: প্রখ্যাত নাট্যকার দীনবন্ধু মিত্র (১৮৩০-১৮৭৩) তৎকালীন কলকাতার ইংরেজি শিক্ষিত নব্য যুবকদের মদ্যপান ও বারবনিতাসঙ্গকে (বেশ্যা) ব্যঙ্গ করে 'সধবার একাদশী' (১৮৬৬) সামাজিক নাটক বা প্রহসনটি রচনা করেন। নবীন তপস্বিনী, লীলাবতী, জামাই বারিক ও বিয়ে পাগলা বুড়ো তার অন্যান্য নাটক।

০২. বাংলা সাহিত্যে সর্বপ্রথম প্রচুর পরিমাণ আরবি ও ফারসি শব্দ ব্যবহার করেন–
ক. কাজী নজরুল ইসলাম
খ. আব্দুল করিম সাহিত্য বিশারদ
গ. মুহম্মদ শহীদুল্লাহ
ঘ. মোহিতলাল মজুমদার

উত্তর✓ খ ব্যাখ্যা: মোহিতলাল মজুমদার বাংলা সাহিত্যে (বিশেষত কবিতায়) সর্বপ্রথম আরবি ও ফারসি শব্দের সার্থক প্রয়োগ/ব্যবহার করেন। তাঁর প্রকাশিত গ্রন্থের মধ্যে বিস্মরণী, স্মরগরল ও হেমন্ত গোধূলি অন্যতম।

০৩. 'গৃহদাহ' উপন্যাসের প্রধান দুটি চরিত্রের নাম কি?
ক. সুরেশ ও অচলা | খ. নগেন্দ্রনাথ ও কুন্দনন্দিনী
গ. মধুসূদন ও কুমুদিনী | ঘ. গোবিন্দলাল ও রোহিণী

উত্তর✓ ক ব্যাখ্যা:

চরিত্র	উপন্যাস	লেখক
সুরেশ, অচলা ও মহিম	গৃহদাহ	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
নগেন্দ্রনাথ ও কুন্দনন্দিনী	যোগাযোগ	রবীন্দ্রনাথ ঠাকুর
গোবিন্দলাল ও রোহিণী	কৃষ্ণকান্তের উইল	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

০৪. বাংলা সাহিত্যধারার প্রতিষ্ঠাতা পুরুষ হলেন–
ক. কাজী নজরুল ইসলাম | খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. প্যারীচাঁদ মিত্র | ঘ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

উত্তর✓ ঘ ব্যাখ্যা: বাংলা সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় হলেন বাংলা সাহিত্যধারার প্রতিষ্ঠা পুরুষ। কৃষ্ণকান্তের উইল, বিষবৃক্ষ, দুর্গেশনন্দিনী(১৮৬৫), আনন্দমঠ তাঁর বিখ্যাত উপন্যাস। তাঁর একমাত্র কাব্যগ্রন্থ 'ললিতা তথা মানস'।

০৫. 'বহ্ন্যুৎসব' শব্দটির সন্ধিবিচ্ছেদ করলে পাই–
ক. বহ্ন্য + উৎসব | খ. বহ্ন্য + সব
গ. বহ্ন্য + উৎসব | ঘ. বহ্নি + উৎসব

উত্তর✓ খ ব্যাখ্যা: কতিপয় সন্ধিবিচ্ছেদ : সু + উক্ত = সূক্ত, কটু + উক্তি = কটূক্তি, মরু + উদ্যান = মরূদ্যান, ভূ + ঊর্ধ্ব = ভূর্ধ্ব, লঘু + ঊর্মি = লঘূর্মি, বধূ + উচিত = বধূচিত, তনু + ঊর্দ্ধ = তনূর্দ্ধ, সু + উক্তি = সূক্তি, অনু + উদিত = অনূদিত।

০৬. 'নাবিক' শব্দের সন্ধিবিচ্ছেদ হলো–
ক. নৌ + ইক | খ. নৌ + ইক
গ. নবৌ + ইক | ঘ. ন + ইক

উত্তর✓ ক ব্যাখ্যা: স্বরবর্ণ পরে থাকলে এ-কারের স্থানে অয়, ঐ-কারের স্থানে আয়, ও-কারের স্থানে অব এবং ঔ-কারের স্থানে আব হয়। যেমন :

গৈ + অক = গায়ক	পো + অন = পবন
পৌ + অক = পাবক	শে + অন = শয়ন

০৭. সাপের খোলসকে এক কথায় বলা হয়?
ক. অজিন | খ. নির্মোক
গ. আঁইশ | ঘ. ছলম

উত্তর✓ খ ব্যাখ্যা: নির্মোক = সাপের খোলস এবং অজিন = হরিণের চামড়া, এ দুটি এক কথায় প্রকাশ।

০৮. 'খেয়াপার করে যে' তাকে বলা হয়–
ক. মাঝি | খ. ঘাটাল
গ. পাটনী | ঘ. কর্ণধার

উত্তর✓ গ ব্যাখ্যা: কতিপয় এক কথায় প্রকাশ : আকাশ ও পৃথিবী– ক্রন্দসী, আকালের বছর– দুর্ভিক্ষ, আবক্ষ জলে নেমে স্নান– অবগাহন, আঘাতের বিপরীত– প্রত্যাঘাত, আহ্বান করা হয়েছে যাকে– আহূত।

০৯. 'পলাতক দাসে দাও স্বাধীনতা'–এখানে 'দাসে' কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে সপ্তমী | খ. কর্মে সপ্তমী
গ. অধিকরণে পঞ্চমী | ঘ. সম্প্রদানে সপ্তমী

উত্তর✓ ঘ ব্যাখ্যা: স্বত্ব ত্যাগ করে কোনো কিছু দান, অর্চনা ও সাহায্য করাকে সম্প্রদান কারক বলে। এখানে 'দাসকে' বিনা শর্তে মুক্তির কথা ব্যক্ত করা হয়েছে।

১০. কর্তা যা দ্বারা ক্রিয়া সম্পাদন করেন তাকে বলে–
ক. করণ কারক | খ. কর্ম কারক
গ. অপাদান কারক | ঘ. কর্তৃকারক

উত্তর✓ ক ব্যাখ্যা: কর্তা যা দিয়ে কাজ সম্পন্ন করে, তাকে করণ বলে। যেমন : কলম দিয়ে পত্রটি লেখা হয়েছে।

১১. Adjective of the word 'OX' is–
ক. Cowly | খ. Bovine
গ. Oxen | ঘ. Oxy

উত্তর✓ খ

১২. Which is the noun of the word "Try"?
ক. Trying | খ. Triable
গ. Trial | ঘ. None of them

উত্তর✓ গ ব্যাখ্যা: Try (v) চেষ্টা করা;
Trial (N) – প্রচেষ্টা।

১৩. The correct form of "She found the boy (to cry)"–

ক. She found the boy cry
খ. She found the boy crying
গ. She found the boy cried
ঘ. None of them

উত্তর✓ খ যেহেতু সে বালকটিকে ক্রন্দনরত অবস্থায় পেল সেহেতু- বাক্যে Finite verb (found) এর পর Non-finite verb crying হবে।

১৪. 'They count – your help' বাক্যের শূণ্যস্থান সঠিক শব্দ বসবে–

ক. for খ. with
গ. upon ঘ. after

উত্তর✓ গ Count upon (v) - নির্ভর করা।

১৫. 'To meet trouble halfway' means–

ক. To get neverous খ. To be disappointed
গ. to bear up ঘ. To be puzzled

উত্তর✓ খ To meet trouble halfway (Idiom) – বিমূঢ় হয়ে to be puzzled – হতবাক হয়ে যাওয়া।

১৬. 'He has assured me —— safety'.

ক. of খ. with
গ. for ঘ. at

উত্তর✓ ক Assure of (v) – নিশ্চিত করা।

১৭. What is the meaning of 'soft soap'?

ক. To speak ill of others
খ. Flattery for self motives
গ. To speak high of others
ঘ. To recoginize others good deed

উত্তর✓ খ soft soap – তোষামোদ; for self motives – উদ্দেশ্য চরিতার্থ হেতু তোষামেদ করা।

১৮. The synonym for 'efface' is–

ক. Improve খ. Exhaust
গ. Rub out ঘ. Cut out

উত্তর✓ গ Efface (v) – মুছে ফেলা; rub out (v) – ঘষে তুলে ফেলা।

১৯. The opposite word of 'sluggish' is–

ক. Slow খ. Heavy
গ. Dull ঘ. Animated **উত্তর ঘ**

২০. কোনটি শুদ্ধ বানান?

ক. Griveance খ. Grievence
গ. Grievance ঘ. Greivance **উত্তর গ**

২১. ৯, ৩৬, ৮১, ১৪৪, ... ধারাটির পরবর্তী সংখ্যা কত?

ক. ১৬৯ খ. ২২৫
গ. ২৫৬ ঘ. ২৭২

উত্তর✓ খ

৯ , ৩৬ , ৮১ , ১৪৪ , ২২৫
↑ ↑ ↑ ↑ ↑
$৩^২$ $৬^২$ $৯^২$ $১২^২$ $১৫^২$

২২. ১, ১, ২, ৩, ৫, ৮ ..... অষ্টম পদ কত?

ক. ১২ খ. ১৬
গ. ১৯ ঘ. ২১

উত্তর✓ খ

১ম পদ = ১ ২য় পদ = ১ + ০ = ১
৩য় পদ = ১ + ১ = ২ ৪র্থ পদ = ২ + ১ = ৩
৫ম পদ = ৩ + ২ = ৫ ৬ষ্ঠ পদ = ৫ + ৩ = ৮
৭মপদ = ৮ + ৫ = ১৩ অষ্টমপদ = ১৩ + ৮ = ২১

২৩. কোনো মূলধন ৬ বছরের জন্য ধার দেয়া হয়। লাভের হার প্রথম ৩ বছরের জন্য ৫% এবং শেষ ৩ বছরের জন্য ৪% নির্দিষ্ট করা হয়। ৬ বছর পর লাভসহ টাকার পরিমাণ ১২৭ টাকা হলে মূলধন কত?

ক. ১০০ টাকা খ. ৯০ টাকা
গ. ৮০ টাকা ঘ. ৭০ টাকা

উত্তর✓ ক মনে করি, মূলধন x টাকা

প্রথম ৩ বছরে লাভ $= x \times ৩ \times \frac{৫}{১০০} = \frac{১৫x}{১০০}$ টাকা

শেষ ৩ " " $= x \times ৩ \times \frac{৪}{১০০} = \frac{১২x}{১০০}$ টাকা

প্রশ্নমতে, $x + \frac{১৫x}{১০০} + \frac{১২x}{১০০} = ১২৭$

$\Rightarrow \frac{১০০x + ১৫x + ১২x}{১০০} = ১২৭$

$\Rightarrow ১২৭x = ১২৭০০$

$\Rightarrow x = \frac{১২৭০০}{১২৭} = ১০০$ টাকা

২৪. বার্ষিক ৪.৫% লাভে কত টাকা বিনিয়োগ করলে ৪ বছরে তা ৮২৬ টাকা হবে?

ক. ৭২৫ টাকা খ. ৭০০ টাকা
গ. ৬৫০ টাকা ঘ. ৪৫৮ টাকা

উত্তর✓ খ ৪ বছরে সুদ = ৪.৫ × ৪ = ১৮ টাকা
সুদাসল = ১০০ + ১৮ = ১১৮ টাকা
সুদাসল ১১৮ টাকা হলে আসল ১০০ টাকা

" ১ " " " $\frac{১০০}{১১৮}$ "

" ৮২৬ " " " $\frac{১০০ \times ৮২৬}{১১৮} = ৭০০$ টাকা।

২৫. নৌকা ও স্রোতের বেগ ঘন্টায় যথাক্রমে ১০ ও ৫ কি. মি.। নদীপথে ৪৫ কি. মি. দীর্ঘ পথ একবার অতিক্রম করে ফিরে আসতে কত সময় লাগবে?

ক. ১৮ ঘন্টা খ. ১৬ ঘন্টা
গ. ১২ ঘন্টা ঘ. ১০ ঘন্টা

উত্তর✓ গ স্রোতের অনুকূলে, ৪৫ কি.মি অতিক্রম করতে সময় লাগে $= \frac{৪৫}{\text{নৌকার বেগ + স্রোতের বেগ}} = \frac{৪৫}{১০+৫} = ৩$ ঘন্টা

স্রোতের প্রতিকূলে ৪৫ কি.মি ফিরে আসতে সময় লাগে $= \frac{৪৫}{\text{নৌকার বেগ – স্রোতের বেগ}} = \frac{৪৫}{১০-৫} = \frac{৪৫}{৫} = ৯$ ঘন্টা

মোট সময় লাগে = ৯ + ৩ = ১২ ঘন্টা

২৬. একটি বাঁশের $\frac{১}{৩}$ অংশ কাঁদায়, $\frac{৩}{৫}$ অংশ পানিতে এবং ৬ হাত পানির উপরে আছে। বাঁশটি কত হাত লম্বা এবং কত হাত কাঁদায় আছে?

ক. ৬০ হাত, ২০ হাত　　খ. ২১ হাত, ৭ হাত
গ. ৫১ হাত, ১৭ হাত　　ঘ. ৯০ হাত, ৩০ হাত

উত্তর✓ ঘ　বাঁশটি কাঁদা ও পানিতে আছে $= \frac{১}{৩} + \frac{৩}{৫}$

$= \frac{৫ + ৯}{১৫}$

$= \frac{১৪}{১৫}$ অংশ।

অবশিষ্ট অংশ $= ১ - \frac{১৪}{১৫} = \frac{১৫ - ১৪}{১৫} = \frac{১}{১৫}$ অংশ।

প্রশ্নমতে, $\frac{১}{১৫} = ৬$

$\Rightarrow ১$ বা সম্পূর্ণ $= ৬ \times ১৫ = ৯০$ হাত

$\therefore$ কাঁদায় আছে $= ৯০$ এর $\frac{১}{৩} = ৩০$ হাত।

২৭. ৭২ কেজি ওজনবিশিষ্ট একটি মিশ্রণ A এর ১৭ ভাগ, B এর ৩ ভাগ এবং C এর ৪ ভাগ দ্বারা গঠিত। মিশ্রণে B কতটুকু আছে?

ক. ৯ কেজি　　খ. ১২ কেজি
গ. ১৭ কেজি　　ঘ. ১৫ কেজি

উত্তর✓ ক　মনে করি, A হলো $১৭x$
B " $৩x$
C " $৪x$

প্রশ্নমতে, $১৭x + ৩x + ৮x = ৭২$

$\Rightarrow ২৪x = ৭২$

$\Rightarrow x = \frac{৭২}{২৪} = ৩$

$\therefore$ B এর পরিমাণ $= ৩ \times ৩ = ৯$

২৮. দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৮। উভয়ের সাথে ২ যোগ করলে অনুপাতটি ২ : ৩ হয়। সংখ্যা দুইটি কি কি?

ক. ৭ ও ১১　　খ. ১২ ও ১৮
গ. ১০ ও ২৪　　ঘ. ১০ ও ১৬

উত্তর✓ ঘ　সংখ্যা দ্বয় $৫x$ ও $৮x$

প্রশ্নমতে, $\frac{৫x + ২}{৮x + ২} = \frac{২}{৩}$

$\Rightarrow ১৬x + ৪ = ১৫x + ৬$

$\Rightarrow ১৬x - ১৫x = ৬ - ৪$

$\Rightarrow x = ২$

$\therefore$ সংখ্যা দুইটি $৫ \times ২ = ১০$
এবং $৮ \times ২ = ১৬$।

২৯. চিনির মূল্য ২০% বৃদ্ধি পাওয়াতে একটি পরিবার চিনি খাওয়ার পরিমাণ এমনভাবে কমালো যে, চিনি বাবদ ব্যয় বৃদ্ধি পেল না। ঐ পরিবার চিনি খাওয়া বাবদ শতকরা কত কমালো?

ক. ২০%　　খ. ২২%
গ. ২৫%　　ঘ. ৩০%

উত্তর✓ গ　২০% বৃদ্ধি পাওয়াতে চিনির ব্যবহার কমাতে হবে

$= \left[\frac{r}{১০০ + r} \times ১০০\right]$ % [বৃদ্ধি হলে + হবে]

$= \frac{২০}{১০০ + ২০} \times ১০০\%$

$= \frac{৫০}{৩}\%$

$= ১৬\frac{২}{৩}\%$

৩০. $\frac{১}{২}$ এর শতকরা কত $\frac{৩}{৪}$ হবে

ক. ১২৫%　　খ. ১২০%
গ. ১৫০%　　ঘ. ১৪০%

উত্তর✓ গ　$\frac{১}{২} \times ক = \frac{৩}{৪}$

$\Rightarrow ক = \frac{৩ \times ২}{৪}$

$\Rightarrow ক = \frac{৩}{২} \times ১০০\%$

$= ১৫০\%$

৩১. পারমাণবিক বোমার আবিষ্কাক কে?

ক. আইনস্টাইন　　খ. অটোহ্যান
গ. রোজেনবার্গ　　ঘ. ওজেন হাইমার

উত্তর✓ ঘ　পরমাণুর বিভাজনের মাধ্যমে প্রাপ্ত শক্তিকে কাজে লাগানোর জন্য যে বিস্ফোরক বোমা তৈরি করা হয় তাই পারমাণবিক বোমা। এর বিস্ফোরণে সংশ্লিষ্ট এলাকায় তীব্র তেজস্ক্রিয় দূষণ দেখা দেয়। পারমাণবিক বোমার জনক যুক্তরাষ্ট্রের বিজ্ঞানী ওপেন হাইমার।

৩২. Natural protien এর কোড নাম–

ক. Protien P-53　　খ. Protien-51
গ. Protien P-49　　ঘ. Protien-54

উত্তর✓ গ　কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন ও নাইট্রোজেন -এ চারটি পদার্থের সমন্বয়ে আমিষ গঠিত। আমিষ দেহের ক্ষয়পূরণ ও বৃদ্ধি সাধান করে। Natural protein এর কোড নাম Protien P-49

৩৩. আকাশে উজ্জ্বলতম নক্ষত্র কোনটি?

ক. ধ্রুবতারা　　খ. প্রক্সিমা সেন্টারাই
গ. লুব্ধক　　ঘ. পুলহ

উত্তর✓ গ　যে সকল বৃহদাকার জ্যোতিষ্কের নিজস্ব আলো রয়েছে তাদেরকে নক্ষত্র বলে। এ পর্যন্ত নক্ষত্রের সন্ধান পাওয়া গেছে ১০০ কোটিরও বেশি। আকাশের সবচেয়ে উজ্জ্বল নক্ষত্র হল লুব্ধক।

৩৪. কোনটি রক্তের কাজ নয়–

ক. কলা থেকে ফুসফুসে বর্জ্য পদার্থ গ্রহণ করা
খ. ক্ষুদ্রান্ত্র থেকে কলাতে খাদ্যের সারবস্তু বহন করা
গ. হরমোন বিতরণ করা
ঘ. জারক রস বিতরণ করা

উত্তর✓ খ প্রাণীদেহে রক্ত এক ধরনের লাল বর্ণের অস্বচ্ছ, আন্তঃকোষীয় লবণাক্ত ও ক্ষারধর্মী তরল যোজক টিস্যু। রক্তের কাজ
(১) কলা থেকে ফুসফুসে বর্জ্য পদার্থ পরিবহন করা।
(২) হরমোন পরিবহন করা।
(৩) খাদ্যসার পরিবহন করা।
(৪) উষ্ণতা নিয়ন্ত্রণ করা।

৩৫. IUCN এর কাজ হলো বিশ্বব্যাপী–

ক. প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ করা
খ. মানবাধিকার সংরক্ষণ করা
গ. পানি সম্পদ সংরক্ষণ করা
ঘ. আর্ন্তজাতিক সন্ত্রাস দমন করা

উত্তর✓ ক IUCN এর পূর্ণরূপ International Union for Conservation of Nature. বিশ্বব্যাপী প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ করার উদ্দেশ্য নিয়ে ১৯৪৮ সালের ৫ অক্টোবর IUCN প্রতিষ্ঠিত হয়। IUCN এর সদর দপ্তর সুইজারল্যান্ডের গ্লান্ডে অবস্থিত।

৩৬. উপকূল থেকে কোনো স্থানে পরপর দুটি জোয়ারের ব্যবধান হলো–

ক. প্রায় ৬ ঘণ্টা　　খ. প্রায় ১২ ঘণ্টা
গ. প্রায় ২৪ ঘণ্টা　　ঘ. চাঁদের তিথি অনুসারে ভিন্ন

উত্তর✓ খ সূর্য ও চন্দ্রের আকর্ষণ এবং পৃথিবীর অভিকর্ষ বলের প্রভাবে কোন স্থানে পানি ফুলে উঠে এবং এই ফুলে উঠাকে জোয়ার বলে। উপকূল থেকে কেনো স্থানে পর পর দুটি জোয়ারের ব্যবধান ১২ ঘণ্টা।

৩৭. কোথায় দিন রাত্রি সর্বদা সমান?

ক. উত্তর গোলার্ধে　　খ. দক্ষিণ গোলার্ধে
গ. নিরক্ষরেখায়　　ঘ. মেরু অঞ্চলে

উত্তর✓ গ দুই মেরু থেকে সমান দূরত্বে পৃথিবীর পূর্ব থেকে পশ্চিমে যে রেখা কল্পনা করা হয় তাকে নিরক্ষরেখা বলে। নিরক্ষরেখার অক্ষাংশ ০°। নিরক্ষরেখায় সূর্য লম্বভাবে কিরণ দেয় তাই সর্বাদা দিন-রাত্রি সমান হয়।

৩৮. বাংলাদেশের একটি জীবন্ত জীবাশ্মের নাম–

ক. রাজ কাঁকড়া　　খ. গন্ডার
গ. পিপীলিকাভুক্ত ম্যানিস　　ঘ. স্লো লোরিস

উত্তর✓ ক জীবন্ত জীবাশ্ম হলো এমন কতকগুলো জীব যাদের সুদূর অতীতে জন্ম হলেও তাদের বংশধর এখনও বেঁচে আছে এবং আকৃতি গতভাবে খুব একটা পরিবর্তন হয় নাই। রাজ কাঁকড়া বাংলাদেশের একটি জীবন্ত জীবাশ্ম।

৩৯. রেক্টিফাইড স্পিরিট হলো–

ক. ৯০% ইথানল + ১০% পানি
খ. ৮০% ইথানল + ২০% পানি
গ. ৯৫% ইথানল + ৫% পানি
ঘ. ৯৮% ইথানল + ২% পানি

উত্তর✓ গ ৯৫% ইথানল + ৫% পানির মিশ্রণকে রেকটিফাইড স্পিরিট বলে। এটি স্বল্প পরিমাণে মানুষের পানযোগ্য। এটি জীবানুনাশক রূপে বিয়ার, হুইস্কি, নানা ধরনের পানীয় মদ তৈরিতে, বিভিন্ন প্রকার রং ও বার্নিশ শিল্পে ব্যবহৃত হয়।

৪০. কোন মৌলিক অধাতু সাধারণ তাপমাত্রায় তরল থাকে?

ক. পারদ　　খ. ব্রোমিন
গ. আয়োডিন　　ঘ. জেনন

উত্তর✓ খ ব্রোমিন একটি অধাতু মৌল কিন্তু তা সাধারণ তাপমাত্রায় তরল অবস্থায় থাকে।

৪১. কোনটি হঠাৎ অর্থে অব্যয়ীভাব সমাস?

ক. আজীবন　　খ. আলুনী
গ. আরক্তিম　　ঘ. আগাছা

উত্তর✓ গ ঈষৎ রক্তিম = আরক্তিম। ইষৎ লাল হয়েছে এমন বোঝাতে 'আরক্তিম' শব্দটি ব্যবহার করা হয়। যেমন : লজ্জায় তার মুখ লাল হয়ে গেল। এরকম বোঝাতেও 'আরক্তিম' শব্দটি ব্যবহার করা হয়।

৪২. 'ক্ষুধিত পাষাণ' কোন সমাস?

ক. বহুব্রীহি　　খ. কর্মধারায়
গ. তৎপুরুষ　　ঘ. দ্বন্দ্ব

উত্তর✓ খ ক্ষুধিত যে পাষাণ = ক্ষুধিত পাষাণ। এটি কর্মধারয় সমাস।

৪৩. 'শীকর' শব্দের অর্থ কী?

ক. শিশির　　খ. নীহারিকা
গ. জলকণা　　ঘ. পদ্মফুল

উত্তর✓ গ 'শীকর' এর সমার্থক শব্দ : জলকণা, জলবিন্দু।

৪৪. 'ইনকিলাব' শব্দের অর্থ কী?

ক. বিপ্লব　　খ. চিরজীবী
গ. সন্ত্রাস　　ঘ. আন্দোলন

উত্তর✓ কঘ 'ইনকিলাব' ফারসি শব্দ ; যার দ্বারা বিপ্লব, আন্দোলন কিংবা আমূল পরিবর্তনকে বোঝানো হয়।

৪৫. 'চপল' এর বিপরীত শব্দ–

ক. স্তব্ধ　　খ. রাশভারী
গ. ঠাণ্ডা　　ঘ. গম্ভীর

উত্তর✓ ঘ কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
চঞ্চল	অবিচল	চটুল	গম্ভীর
চিন্ময়	মৃন্ময়/অচেতন	চেতন	জড়

৪৬. 'কাকনিদ্রা' শব্দটির অর্থ কী?

ক. কাকের নিদ্রার ন্যায় খ. অগভীর সতর্ক নিদ্রা
গ. অনিষ্ট চিন্তা ঘ. কপট নিদ্রা

উত্তর✓ খ কতিপয় গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : কড়িকাঠ গোনা (নিষ্কর্মা বসে থাকা); কলা দেখানো (ফাঁকি দেওয়া); কলির কেষ্ট (লম্পট ব্যক্তি); কলির সন্ধ্যা (কষ্ট বা দুর্দিনের সূত্রপাতমাত্র)।

৪৭. 'নিরানব্বইয়ের ধাক্কা' বাগ্‌ধারাটির অর্থ–

ক. তীরে পৌঁছার ঝুঁকি খ. আসন্ন বিপদ
গ. সঞ্চয়ের প্রবৃত্তি ঘ. মুমূর্ষু অবস্থা

উত্তর✓ গ কতিপয় গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : হস্তিমূর্খ (ভীষণ বোকা); হরিহর আত্মা (অন্তরঙ্গ বন্ধুত্ব); হাতে জল না গলা (অতি কৃপণ); হাতে দূর্বা গজান (কুঁড়ে হওয়া)।

৪৮. বাংলা বানান রীতি অনুযায়ী কোন দুটি বানানই শুদ্ধ?

ক. হাতি/হাতী খ. নারি/নারী
গ. জাতি/জাতী ঘ. দাদি/দাদী উত্তর খ

৪৯. কোন বানানটি শুদ্ধ?

ক. সংসপ্তক খ. সংশপ্তক
গ. শংসপ্তক ঘ. শংশপ্তক

উত্তর✓ খ গুরুত্বপূর্ণ কয়েকটি শুদ্ধ বানান : সংশপ্তক, সংশ্লেষ, সংশোধনীয়, সংশয়, সংস্কার, সংস্রব, সখ্য (সখ্যতা নয়), সচরাচর।

৫০. শওকত ওসমানের রচনা কোনটি?

ক. উত্তম পুরুষ খ. শেষ রজনির চাঁদ
গ. জননী ঘ. চৌচির

উত্তর✓ গ শওকত ওসমানের 'জননী' উপন্যাসটি আদর্শ ও মমতাময়ী জননীর এক উজ্জ্বল দৃষ্টান্ত। তাঁর অন্যান্য উপন্যাসের মধ্যে ক্রীতদাসের হাসি, জাহান্নম হইতে বিদায়, নেকড়ে অরণ্য, আর্তনাদ ও পতঙ্গ পিঞ্জর অন্যতম।

৫১. 'Bootleg' means–

ক. Distribute খ. Export
গ. Import ঘ. Smuggle

উত্তর✓ ঘ Bootleg (vt) – বেআইনীভাবে আমদানি রপ্তানি করা। Smuggle (v) – চোরাকারবারী করা।

৫২. What is the synonym of 'jovial'?

ক. Jolly খ. Happy
গ. Gay ঘ. None of these উত্তর গ

৫৩. কোনটি শুদ্ধ বানান?

ক. Addultration খ. Adultration
গ. Addulteration ঘ. Adulteration উত্তর ঘ

৫৪. Choose the correct sentence?

ক. A new cabinet has been sworn in Dhaka
খ. A new cabinet has been sworn in Dhaka
গ. A new cabinet has been sworn by in Dhaka
ঘ. A new cabinet has sworn in Dhaka উত্তর ক

৫৫. Which of the following is a correct sentence?

ক. He was too clever not to miss the point
খ. He was so clever to miss the point
গ. He was too clever to miss the point
ঘ. He was too clever to grasp the point

উত্তর✓ গ "too + adj + to + V_1" structure টি একটি simple sentence এর structure

৫৬. What is the indirect speech of the sentence. He said, "Good morning, sir"?

ক. He respectfully wished good morning to the person spoken to
খ. He respectfully wished good morning to the person spoken to
গ. He respectfully wish good morning to the person spoken to
ঘ. He respectfully wished good morning to the person spoke to উত্তর ক

৫৭. What is the indirect speech of the sentence–He said, "What a pity!"

ক. He said that it was a great pity
খ. He exclaimed that it is a great pity
গ. He exclaimed that it is great pity
ঘ. He exclaimed that it was a great pity

উত্তর✓ ঘ "What a pity" Expression টির Assertive form "It is/ was a great pity' যেহেতু Reporting verb টি Past tense এ আছে সেহেতু Reported speech এর অর্থাৎ that clause এর verb টি past indifinite tense এর হবে।

৫৮. What is the passive voice of "Fortune favours the brave".

ক. The brave is favoured by fortune
খ. The brave was favoured by fortune
গ. The brave are favoured by fortune
ঘ. The brave were favoured by fortune

উত্তর✓ গ 'Adjective' এর পূর্বে definite article the বসে plural common Noun তৈরি হয় এবং Noun টি subject হিসেবে ব্যবহৃত হলে verb form plural এ পরিবর্তিত হয় । বাক্যে 'The brave' plural common Noun হওয়ায় verb form 'are' হবে।

৫৯. 'Mishap' means–

ক. Danger খ. Disease
গ. Accident ঘ. Theft উত্তর গ

৬০. বাংলাদেশে প্রাথমিক শিক্ষা আইন জারি হয় কোন সালে?

ক. ১৯৭৩ খ. ১৯৭৪
গ. ১৯৭৫ ঘ. ১৯৭৬

উত্তর✓ খ বাংলাদেশে প্রাথমিক শিক্ষা আইন জারি হয় ১৯৭৪ সালে। 'শিক্ষার বিনিময়ে খাদ্য' কর্মসূচি চালু হয় ১৯৯৩ সালে। ছাত্রীদের উপবৃত্তি প্রথম চালু হয় ১ জানুয়ারি ১৯৯৪ সালে

৬১. ৩৬০০ টাকা করে দুটি চেয়ার বিক্রয় করা হয়েছে। একটি ২০% লাভে এবং অপরটি ২০% লোকসানে বিক্রয় করা হয়েছে। সব মিলিয়ে কত লোকসান হয়েছে?

ক. লাভ বা লোকসান কিছুই হয়নি খ. ৯০০ টাকা
গ. ৩০০ টাকা ঘ. ৬০০ টাকা

উত্তর✓ গ

১ম টির ক্রয়মূল্য $= \frac{১০০}{১০০ + \text{লাভ}} \times$ বিক্রয়মূল্য

$= \frac{১০০}{১০০ + ২০} \times ৩৬০০$

$= \frac{১০০}{১২০} \times ৩৬০০$

$= ৩০০০$ টাকা

২য় টির ক্রয়মূল্য $= \frac{১০০}{১০০ - \text{ক্ষতি}} \times$ বিক্রয়মূল্য

$= \frac{১০০}{১০০ - ২০} \times ৩৬০০$

$= \frac{১০০}{৮০} \times ৩৬০০$

$= ৪৫০০$ টাকা

∴ লোকসান হয়েছে $= (৪৫০০ + ৩০০০) - (৩৬০০ + ৩৬০০)$

$= ৭৫০০ - ৭২০০$

$= ৩০০$ টাকা

৬২. একটি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলো। ক্ষতির শতকরা হার কত?

ক. ৪% খ. ৫%
গ. ৬% ঘ. ৭%

উত্তর✓ খ আমরা জানি,

$\text{শতকরা হার} = \frac{\text{ক্ষতি} \times ১০০}{\text{ক্রয়মূল্য}}$

$= \frac{২০ \times ১০০}{৪০০}$

$= ৫\%$

ক্রয়মূল্য = বিক্রয়মূল্য + ক্ষতি
$= ৩৮০ + ২০$
$= ৪০০$

৬৩. পর পর ১০টি সংখ্যার প্রথম ৫টির যোগফল ৫৬০ হলে শেষ ৫টির যোগফল কত?

ক. ৫৮৫ খ. ৫৮০
গ. ৫৭৫ ঘ. ৫৭০

উত্তর✓ ক মনে করি, প্রথম সংখ্যাটি x

∴ $x + x + ১ + x + ২ + x + ৩x + ৪ = ৫৬০$

$\Rightarrow ৫x + ১০ = ৫৬০$

$\Rightarrow ৫x = ৫৬০ - ১০ = ৫৫০$

$\Rightarrow x = \frac{৫৫০}{৫} = ১১০$

∴ শেষ ৫টি যোগফল

$= x + ৫ + x + ৬ + x + ৭ + x + ৮ + x + ৯$

$= ১১০ + ৫ + ১১০ + ৬ + ১১০ + ৭ + ১১০ + ৮ + ১১০ + ৯$

৬৪. ৩ জন পুরুষ ও ৬ জন বালকের আয়ের গড় ১২ টাকা। ১ জন পুরুষের আয় ২ জন বালকের আয়ের সমান হলে ১ জন পুরুষের আয় কত?

ক. ১৪ টাকা খ. ১৬ টাকা
গ. ১৮ টাকা ঘ. ২০ টাকা

উত্তর✓ গ ২ জন বালকের আয় = ১ জন পুরুষের আয়

১ " " " $\frac{১}{২}$ " " "

৬ " " " $\frac{১ \times ৬}{২}$ " " "

= ৩ জন পুরুষের আয়

৩ জন পুরুষ ও ৬ জন বালক = (৩ + ৩) বা ৬ জন পুরুষ

৩ জন পুরুষ ও ৬ জন বালকের মোট আয় = (৯ × ১২) টাকা
= ১০৮ টাকা

৬ জন পুরুষের মোট আয় ১০৮ টাকা

∴ ১ " " " " $\frac{১০৮}{৬} = ১৮$ টাকা

৬৫. যদি $a^3 - b^3 = 513$ এবং $a - b = 3$ হয়, তবে ab এর মান কত?

ক. 35 খ. 45
গ. 54 ঘ. 55

উত্তর✓ গ দেওয়া আছে, $a^3 - b^3 = 513$

$\Rightarrow (a - b)^3 + 3ab(a - b) = 513 \Rightarrow 3^3 + 3.ab.3 = 513$

$\Rightarrow 27 + 9ab = 513 \Rightarrow 9ab = 513 - 27 = 486$

$\Rightarrow ab = \frac{486}{9} = 54$

৬৬. $x^2 + y^2 = 8$ এবং $xy = 7$ হলে, $(x + y)^2$ এর মান কত?

ক. 14 খ. 16
গ. 22 ঘ. 24

উত্তর✓ গ আমরা জানি, $(x + y)^2 = x^2 + 2xy + y^2$

$= x^2 + y^2 + 2xy = 8 + 2 \times 7 = 8 + 14 = 22$

৬৭. $m^2 + 8m + 15$ এর উৎপাদক–

ক. $(m + 5)(m - 3)$ খ. $(m - 5)(m + 3)$
গ. $(m + 5)(m + 3)$ ঘ. $(m - 5)(m - 3)$

উত্তর✓ গ $m^2 + 8m + 15$

$= m^2 + 5m + 3m + 15$

$= m(m + 5) + 3(m + 5)$

$= (m + 5)(m + 3)$

৬৮. ২টা ১৫ মিনিটের সময় ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যে কত ডিগ্রী কোণ উৎপন্ন হয়?

ক. 20° খ. $22\frac{1}{2}°$
গ. 23° ঘ. $23\frac{1}{2}°$

উত্তর✓ খ

মধ্যবর্তী কোণ $= \frac{11M - 60H}{2}$

$= \frac{11 \times 15 - 60 \times 2}{2}$

$= \frac{165 - 120}{2} = \frac{45°}{2} = 22\frac{1}{2}°$

M = মিনিট
H = ঘণ্টা


৬৯. যদি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য a হয়, তবে ক্ষেত্রফল কত হবে?

ক. $\frac{\sqrt{3}}{4}a^2$ খ. $\frac{\sqrt{3}}{2}a^2$

গ. $\frac{3}{2}a^2$ ঘ. $\frac{1}{2}a^2$

উত্তর✓ ক যে ত্রিভুজের তিনটি বাহু সমান তাকে সমবাহু ত্রিভুজ বলে।

সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$



৭০. একটি বৃত্তের ব্যাসার্ধ অপর একটি বৃত্তের ব্যাসার্ধের দ্বিগুণ হলে প্রথমটির ক্ষেত্রফল দ্বিতীয়টি ক্ষেত্রফলের কত গুণ হবে?

ক. ২ খ. ৪

গ. ৮ ঘ. ১৬

উত্তর✓ খ মনে করি, ১ম বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$

ব্যাসার্ধ দ্বিগুণ হলে, ব্যাসার্ধ $= 2r$

২য় টির ক্ষেত্রফল $= \pi(2r)^2 = 4\pi r^2$

$\therefore$ ক্ষেত্রফল বৃদ্ধি পাবে $= \frac{4\pi r^2}{\pi r^2} = 4$ গুণ

৭১. ভাঙ্গা হাড় নির্ণয়ে ব্যবহৃত হয়–

ক. গামা রশ্মি খ. আলফা রশ্মি

গ. বিটা রশ্মি ঘ. রঞ্জন রশ্মি

উত্তর✓ ঘ এক্সরে হলো এক ধরনের তাড়িত চৌম্বক বিকিরণ। এর সাহায্যে প্রাপ্ত ফটোগ্রাফ দ্বারা শরীরের কোনো ভাঙ্গা হাড়, ক্ষত বা অবাঞ্ছিত বস্তুর উপস্থিতি বোঝা যায়।

৭২. ক্যাসেটের ফিতার শব্দ রক্ষিত থাকে কী হিসেবে?

ক. বৈদ্যুতিক ক্ষেত্র হিসেবে খ. মেমোরি চিপ হিসোব

গ. চুম্বক ক্ষেত্র হিসেবে ঘ. কার্বন ক্ষেত্র হিসেবে

উত্তর✓ গ যে সকল পদার্থকে চুম্বকে পরিণত করা যায় তাদেরকে চৌম্বক পদার্থ বলে। ক্যাসেটের ফিতার শব্দ রক্ষিত থাকে চুম্বক ক্ষেত্র হিসেবে।

৭৩. শান্তিতে নোবেল পুরস্কার প্রত্যাখ্যানকারী একমাত্র ব্যক্তি কে?

ক. লি ডাক থো খ. মার্টিন লুথার কিং জুনিয়র

গ. স্যার স্যামুয়েলসন ঘ. হরগোবিন্দ খোরানা

উত্তর✓ ক স্বেচ্ছায় নোবেল পুরস্কার প্রত্যাখ্যান করা ব্যক্তি ২ জন। ১৯৬৪ সালে সাহিত্যে নোবেল জয়ী ফ্রান্সের জ্যঁ পল সার্ত্রে এবং ১৯৭৩ সালে শান্তিতে পুরস্কার জয়ী ভিয়েতনামের লি ডাক থো। সরকারের চাপে নোবেল পুরস্কার প্রত্যাখ্যান করে ৪ জন।

৭৪. কান্তজির মন্দির কোথায় অবস্থিত?

ক. রাঙামাটি খ. দিনাজপুর

গ. জয়পুরহাট ঘ. কুমিল্লা

উত্তর✓ খ কান্তজির মন্দির দিনাজপুর জেলার কাহারোল উপজেলার কান্তনগরে টেঁপা নদীর তীরে অবস্থিত একটি প্রাচীন মন্দির। মহারাজা প্রাণনাথ রায় মন্দিরটির নির্মান কাজ শুরু করেন এবং তার পোষ্যপুত্র রামনাথ ১৭৫২ খ্রিস্টাব্দে এর নির্মাণ কাজ শেষ করেন।

৭৫. স্বাধীনতার (পর) প্রকাশিত প্রথম ডাকটিকিটে কোন ছবি ছিল?

ক. জাতীয় স্মৃতিসৌধ খ. লাগবাগ কেল্লা

গ. সোনা মসজিদ ঘ. শহীদ মিনার

উত্তর✓ ঘ স্বাধীনতার পর প্রথম স্মারক ডাকটিকিট প্রকাশিত হয় ২১ ফেব্রুয়ারি ১৯৭২ সালে। এই ডাকটিকিটের ডিজাইনার ছিলেন বিপি চিতনিশ। ২০ পয়সা মূল্যমানের এই ডাকটিকিটে কেন্দ্রীয় শহিদ মিনারের ছবি ছিল।

৭৬. উপমহাদেশের সর্বশেষ গভর্নর জেনারেল কে ছিলেন?

ক. লর্ড মিন্টো খ. লর্ড কার্জন

গ. লর্ড মাউন্টব্যাটেন ঘ. লর্ড ওয়াভেল

উত্তর✓ গ উপমহাদেশের সর্বশেষ জেনারেল লর্ড মাউন্টব্যাটেন। তিনি ২১ ফেব্রুয়ারি ১৯৪৭ ভারতীয় উপমহাদেশের দায়িত্ব গ্রহণ করেন। ১৮ জুলাই ১৯৪৭ ব্রিটিশ পার্লামেন্টে 'ভারতীয় স্বাধীনতা আইন' পাশ হয়। তিনি ১৪ ও ১৫ আগস্ট ১৯৪৭ যথাক্রমে পাকিস্তান ও ভারতের গণপরিষদের হাতে ক্ষমতা হস্তান্তর করেন।

৭৭. বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীরের কবর কোন জেলায়?

ক. চাঁপাইনবাবগঞ্জ খ. নওগাঁ

গ. জয়পুরহাট ঘ. সিলেট

উত্তর✓ ক বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর ৭ মার্চ ১৯৪৯ সালে বরিশালে জন্মগ্রহণ করেন। ১৪ ডিসেম্বর ১৯৭১ সালে চাঁপাইনবাবগঞ্জের রেহাইচরে সম্মুখ যুদ্ধে তিনি শহিদ হন। চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জের বিখ্যাত ছোট সোনামসজিদ প্রাঙ্গনে বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীরকে সমাহিত করা হয়েছে।

৭৮. ইসলামী সম্মেলন সংস্থা (ওআইসি) এর সদর দপ্তর কোথায়?

ক. কায়রো খ. জেদ্দা

গ. তেহরান ঘ. ইসলামাবাদ

উত্তর✓ খ Organization of Islamic Co-operation (OIC) গঠিত হয় ২৫ সেপ্টেম্বর ১৯৬৯ সালে মরক্কোর রাজধানী রাবাতে। OIC-র সদর দপ্তর সৌদি আরবের জেদ্দায়। ওআইসির বর্তমান সদস্য সংখ্যা ৫৭ টি।

৭৯. রেডক্রসের প্রতিষ্ঠাতা কে?

ক. ব্যাডেন পাওয়েল খ. পল পি হ্যারিস

গ. আলফ্রেড নোবেল ঘ. হেনরি ডুনান্ট

উত্তর✓ ঘ রেডক্রস আন্দোলনের প্রতিষ্ঠাতা হেনরি ডুনান্ট সুইজারল্যান্ডের নাগরিক। রেডক্রস প্রতিষ্ঠিত হয় ১৮৬৩ সালের ৯ ফেব্রুয়ারি। রেডক্রসের সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত। রেডক্রস মুসলিম বিশ্বে রেডক্রিসেন্ট নামে পরিচিত।

৮০. বাংলাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কখন থেকে চালু করা হয়?

ক. ১ জানুয়ারি ১৯৮৯ খ. ১ জানুয়ারি ১৯৯০

গ. ১ জানুয়ারি ১৯৯১ ঘ. ১ জানুয়ারি ১৯৯২

উত্তর✓ খ প্রাথমিক শিক্ষা (বাধ্যতাকরণ) আইন পাশ হয় ১৯৯০ সালে। প্রাথমিকভাবে ৬৮ টি উপজেলায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয় ১ জানুয়ারি ১৯৯২ সালে। দেশব্যাপী বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয়েছে ১ জানুয়ারি ১৯৯৩ সালে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS



প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩

সেট : ২ | [কোড : রাইন] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ০৮.১১.২০১৩ | পূর্ণমান : ৮০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. কোনটির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম?
ক. লাল আলো | খ. হলুদ আলো
গ. বেগুনী আলো | ঘ. নীল আলো
উত্তর✓ গ ব্যাখ্যা: তরঙ্গ সঞ্চারণকারী কোন কণার একটি পূর্ণ স্পন্দন সম্পন্ন হওয়ার সময়ে তরঙ্গ যে দূরত্ব অতিক্রম করে তাকে তরঙ্গদৈর্ঘ্য বলে। প্রিজমে সাদা আলো পতিত হলে তা সাতটি বর্ণে বিশ্লিষ্ট হয়, এটাই আলোর বিচ্ছুরণ। বিশ্লিষ্ট সাতটি বর্ণ হল- বেগুনি, নীল, আসমানি, সবুজ, হলুদ, কমলা, ও লাল। বর্ণালীর প্রান্তদ্বয়ের বর্ণ হল বেগুনি ও লাল। বর্ণালীতে বেগুনি আলোর তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে কম এবং বিক্ষেপণ সবচেয়ে বেশি।

০২. গ্রীষ্মকালে সাদা কাপড় পরা হয়, কারণ–
ক. সাদা কাপড়ের তাপ বিকিরণ ক্ষমতা বেশি
খ. সাদা কাপড় তাপ শোষণ করে না
গ. সাদা কাপড় তাপ প্রতিফলন ক্ষমতা বেশি
ঘ. সাদা কাপড়ের প্রতিসরণ ক্ষমতা বেশি
উত্তর✓ খ ব্যাখ্যা: সূর্যের সাদা আলো সাতটি বর্ণের সমন্বয়ে গঠিত। বস্তুর উপর যখন সূর্যের সাদা আলো পতিত হয় তখন বস্তু তার নিজস্ব গুণ অনুযায়ী আলোর কিছু অংশ শোষণ করে এবং বাকি অংশ প্রতিফলিত করে। বস্তু যদি সবগুলো বর্ণ প্রতিফলিত করলে তা সাদা দেখায়। সাদা বস্তুর তাপ শোষণ ক্ষমতা একেবারেই কম। গ্রীষ্মকালে সাদা কাপড় পড়লে তা আরামদায়ক হয় কেননা সাদা কাপড় সূর্যের আলোর সব বর্ণকেই প্রতিফলিত করে এবং সামান্য অংশ জামা কর্তৃক শোষিত হয়। ফলে জামার তাপমাত্রা সামান্য বৃদ্ধি পায়।

০৩. শব্দ তরঙ্গ চলতে পারে না–
ক. শূন্য মাধ্যমে | খ. কঠিন মাধ্যমে
গ. তরল মাধ্যমে | ঘ. বায়বীয় মাধ্যমে
উত্তর✓ ক ব্যাখ্যা: শব্দ, শক্তির একটি বিশেষ তরঙ্গরূপ যা আমাদের কানে শ্রবণের অনুভূতি জন্মায়। শব্দ সঞ্চালনের জন্য জড় মাধ্যমের প্রয়োজন হয় অর্থাৎ শব্দ মাধ্যম ছাড়া চলতে পারে না। তাই শূন্য মাধ্যমে শব্দ চলতে পারে না।

০৪. বৈদ্যুতিক ক্ষমতার একক–
ক. এম্পেয়ার | খ. ওহম
গ. ভোল্ট | ঘ. ওয়াট
উত্তর✓ ঘ ব্যাখ্যা: তড়িৎ প্রবাহের ফলে একক সময়ে সম্পন্ন কাজকে বা তড়িৎশক্তি ব্যয়ের হারকে বৈদ্যুতিক ক্ষমতা বলে। তড়িৎ প্রবাহের ফলে t সেকেন্ডে w জুল পরিমাণ কাজ সম্পন্ন হলে ক্ষমতা, $p = \frac{w}{t}$
বৈদ্যুতিক ক্ষমতার একক হল ওয়াট।

০৫. $a - \frac{1}{a} = 4$ হলে, $a^2 + \frac{1}{a^2}$ = কত?
ক. 22 | খ. 18
গ. 16 | ঘ. 14
উত্তর✓ খ ব্যাখ্যা: প্রদত্তরাশি, $a^2 + \frac{1}{a^2} = \left(a - \frac{1}{a}\right)^2 + 2.a.\frac{1}{a}$
$= 4^2 + 2 = 16 + 2 = 18$

০৬. বৃত্তস্থ সামান্তরিক একটি–
ক. আয়তক্ষেত্র | খ. বর্গক্ষেত্র
গ. রম্বস | ঘ. ট্রাপিজিয়াম
উত্তর✓ ক ব্যাখ্যা: যে চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও সমান্তরাল এবং প্রত্যেকটি কোণ এক সমকোণ তাকে আয়তক্ষেত্র বলে। বৃত্তে অন্তর্লিখিত সামান্তরিক একটি আয়তক্ষেত্র।

০৭. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বৃদ্ধি, প্রস্থ ১০% হ্রাস করা হলে, ক্ষেত্রফলের শতকরা কত পরিবর্তন হবে?
ক. ১০৮% বৃদ্ধি | খ. ১০৮% হ্রাস
গ. ৮% হ্রাস | ঘ. ৮% বৃদ্ধি
উত্তর✓ ঘ ব্যাখ্যা:
$A + B + \frac{AB}{100}$
$= ২০ + (-১০) + \frac{২০(-১০)}{১০০}$
$= ২০ - ১০ - \frac{২০০}{১০০}$
$= ১০ - ২ = ৮\%$ বৃদ্ধি পায়।
এখানে, A = 20% বৃদ্ধি, B = 10% হ্রাস

০৮. ৬০ জন লোক কোনো কাজ ১৮ দিনে করতে পারে। উক্ত কাজ ৩৬ জন লোক কত দিনে সম্পন্ন করতে পারবে?
ক. ১৮ দিনে | খ. ৩০ দিনে
গ. ৩৬ দিনে | ঘ. ৬০ দিনে
উত্তর✓ খ ব্যাখ্যা:
৬০ জন করতে পারে ১৮ দিনে
১ " " " ৬০ × ১৮ "
৩৬ " " " $\frac{৬০ \times ১৮}{৩৬} = ৩০$ দিনে।

০৯. 'By all means' means–
ক. meaningless | খ. Meaningful
গ. Certainly | ঘ. Uncertainly
উত্তর✓ গ ব্যাখ্যা: By all means (adv) – সর্বতোভাবে; Certainly (adv) – নিশ্চিতভাবে।

১০. Antonym of the word 'futile' is–
ক. Useful | খ. Useless
গ. Certainly | ঘ. Unvertainly
উত্তর✓ ক ব্যাখ্যা: futile (adj) – ব্যর্থ/ ফলপ্রসু নয় এমন; useful (adj) – দরকারী; Centainly (adv) – নিশ্চিতভাবে।

১১. Choose the correct sentence.
ক. He gave the examination
খ. He appeared at the examination
গ. He went for examination
ঘ. He passed at the examination
উত্তর✓ খ ব্যাখ্যা: 'পরীক্ষা দিতে বসা 'এর ক্ষেত্রে 'appear at' verb -টি ব্যবহৃত হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১২. টেস্টিং সল্ট-এর রাসায়নিক নাম কী?
ক. সোডিয়াম বাই-কার্বনেট খ. পটাশিয়াম বাইকার্বনেট
গ. মনো সোডিয়াম গ্লুটামেট ঘ. সোডিয়াম গ্লুটামেট
উত্তর✓ গ ব্যাখ্যা খাবারকে মুখ রোচক বা মজাদার করার কাজে টেস্টিং সল্ট ব্যবহার করা হয়। টেস্টিং সল্ট শরীরে আক্সসাইটোটক্সিন হিসেবে কাজ করে। এটি ব্যাপক পরিমাণে ব্যবহার করলে স্নায়ুতন্ত্রের ব্যাপক ক্ষতি করে। টেস্টিং সল্টের রাসায়নিক নাম মনোসোডিয়াম গ্লুটামেট।

১৩. বিলুরুবিন তৈরি হয়–
ক. পিত্ত থলিতে খ. কিডনীতে
গ. প্লীহায় ঘ. যকৃতে উত্তর ঘ

১৪. পৃথিবীতে কখন ল্যাপটপ কম্পিউটার প্রবর্তিত হয় এবং কোন কোম্পানি এটি তৈরি করে?
ক. আইবিএম ১৯৮৩ খ. এপসন, ১৯৮১
গ. অ্যাপল, ১৯৭৭ ঘ. কম্প্যাক, ১৯৮৫
উত্তর✓ খ ব্যাখ্যা ল্যাপটপ আকারে ছোট তাই কোলের মধ্যে নিয়ে কাজ করা যায় এবং এই computer– এ ব্যাটারি থাকে বলে সরাসরি বিদ্যুৎ সরবরাহ করতে হয় না। ১৯৮১ সালে "এপসন" কোম্পানি প্রথম Laptop computer প্রবর্তন করে।

১৫. জোয়ারের কত সময় পর ভাটার সৃষ্টি হয়?
ক. ৬ ঘন্টা ১৩ মিনিট খ. ৮ ঘন্টা
গ. ১২ ঘন্টা ২০ মিনিট ঘ. ১৩ ঘন্টা ১৪ মিনিট
পিতা ও দুই পুত্রের মোট বয়স $(২০ \times ৩) = ৬০$ বছর

২ বছর পূর্বে দুই পুত্রের মোট বয়স $(১২ \times ২) = ২৪$ বছর

বর্তমানে দুই পুত্রের বয়স $= ২৪ + (২ + ২) = ২৮$ বছর

পিতার বর্তমান বয়স $= ৬০ - ২৮ = ৩২$ বছর

৩৪. লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘন্টায় ১৬ কিমি ও ৪ কিমি। নদীপথে ৩০ কিমি অতিক্রম করে পুনরায় ফিরে আসতে সময় লাগবে-

ক. $৩\frac{১}{২}$ ঘন্টা খ. ৪ ঘন্টা

গ. $৪\frac{১}{২}$ ঘন্টা ঘ. ৫ ঘন্টা

উত্তর✓ খ স্রোতের অনুকূলে,

$$\text{সময়} = \frac{\text{মোট দূরত্ব}}{\text{দুই বেগের যোগফল}}$$

$$= \frac{৩০}{১৬ + ৪} = \frac{৩০}{২০} = \frac{৩}{২} \text{ ঘন্টা}$$

স্রোতের প্রতিকূলে, সময় $= \frac{\text{মোট দূরত্ব}}{\text{দুই বেগের বিয়োগফল}}$

$$= \frac{৩০}{১৬ - ৪}$$

$$= \frac{৩০}{১২}$$

$$= \frac{৫}{২} \text{ ঘন্টা}$$

মোট সময় $= \frac{৩}{২} + \frac{৫}{২}$

$$= \frac{৩ + ৫}{২}$$

$$= \frac{৮}{২} = ৪ \text{ ঘন্টা}$$

৩৫. ক ও খ একত্রে একটি কাজ ৮ দিনে শেষ করতে পারে। ক একা ১২ দিনে কাজটি শেষ করতে পারলে খ একা কতদিনে কাজটি শেষ করতে পারবে?

ক. ১৮ দিনে খ. ২২ দিনে

গ. ২৪ দিনে ঘ. ২৬ দিনে

উত্তর✓ গ

$$\text{একা করলে সময়} = \frac{\text{বড় সংখ্যা} \times \text{ছোট সংখ্যা}}{\text{বড় সংখ্যা} - \text{ছোট সংখ্যা}} \times \text{অংশ}$$

$$= \frac{১২ \times ৮}{১২ - ৮} \times \text{সম্পূর্ণ } (১)$$

$$= \frac{১২ \times ৮}{৪} = ২৪ \text{ দিন}$$

৩৬. ৫৬ জন শ্রমিক একটি কাজ ২১ দিনে শেষ করতে পারে। ১৪ দিনে কাজটি শেষ করতে হলে নতুন কত জন শ্রমিক লাগবে?

ক. ২৪ জন খ. ২৬ জন

গ. ২৮ জন ঘ. ৩০ জন

উত্তর✓ গ

২১ দিনে কাজটি করতে পারে ৫৬ জন

১ " " " " $= ২১ \times ৫৬$ "

১৪ " " " " $= \frac{২১ \times ৫৬}{১৪} = ৮৪$ জন

নতুন শ্রমিক লাগবে $= ৮৪ - ৫৬ = ২৮$ জন।

৩৭. একটি কলম ২৭০ টাকায় বিক্রি করতে ১০% ক্ষতি হয়; কলমটির ক্রয়মূল্য কত?

ক. ২৫০ টাকা খ. ৩০০ টাকা

গ. ৩১৫ টাকা ঘ. ৩২৫ টাকা

উত্তর✓ খ ক্রয়মূল্য $= \frac{\text{বিক্রয়মূল্য} \times ১০০}{১০০ - \text{ক্ষতি}}$

$$= \frac{২৭০ \times ১০০}{১০০ - ১০}$$

$$= \frac{২৭০ \times ১০০}{৯০} = ৩০০ \text{ টাকা}$$

৩৮. ২৫ কেজি চাল যে দরে কেনা যায়, ২০ কেজি চাল সে দরে বিক্রি করলে শতকরা কত লাভ হয়?

ক. ২৫% খ. ২০%

গ. ২২% ঘ. ৩০%

উত্তর✓ ক ধরি,

ক্রয়মূল্য = বিক্রয়মূল্য = x টাকা

বিক্রয়মূল্য সংখ্যা = ২০ কেজি

ক্রয়মূল্য সংখ্যা = ২৫ কেজি

লাভ = ?

$$\frac{\text{বিক্রয় সংখ্যা}}{\text{ক্রয় সংখ্যা}} = \frac{\text{বিক্রয়মূল্য} \times ১০০}{\text{ক্রয়মূল্য } (১০০ \pm \text{লাভ/ ক্ষতি})}$$

$$\Rightarrow \frac{২০}{২৫} = \frac{x \times ১০০}{x\ (১০০ + \text{লাভ})}$$

$$\Rightarrow ২০\ (১০০ + \text{লাভ}) = ২৫ \times ১০০$$

$$\Rightarrow ১০০ + \text{লাভ} = \frac{২৫ \times ১০০}{২০} = ১২৫$$

$$\Rightarrow \text{লাভ} = ১২৫ - ১০০ = ২৫ \text{ টাকা} \therefore \text{লাভ} = ২৫\%$$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৩৯. বার্ষিক শতকরা ৭.৫০ টাকা হার সুদে কত টাকা ৩ বছরে সুদ-আসলে ১২২৫ টাকা হবে?

ক. ৮০০ টাকা　　খ. ১০০০ টাকা
গ. ১০৫০ টাকা　　ঘ. ১১০০ টাকা

উত্তর✓ খ　আমরা জানি,

$$\text{আসল} = \frac{১০০ \times \text{সুদাসল}}{১০০ + (\text{সময়} \times \text{হার})}$$

$$= \frac{১০০ \times ১২২৫}{১০০ + (৩ \times ৭.৫০)}$$

$$= \frac{১২২৫০০}{১০০ + ২২.৫} = \frac{১২২৫০০}{১২২.৫} = ১০০০ \text{ টাকা}$$

৪০. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি ক্ষুদ্রতম?

ক. $\frac{৩}{৪}$　　খ. $\frac{৪}{৬}$
গ. $\frac{৭}{৯}$　　ঘ. $\frac{৯}{১৩}$

উত্তর✓ ঘ　$\frac{৩}{৪} = ০.৭৫$, $\frac{৫}{৬} = ০.৮৩$, $\frac{৭}{৯} = ০.৭৭$ এবং $\frac{৯}{১৩} = ০.৬৯$। উক্ত ফলাফল সমূহের মধ্যে $\frac{৯}{১৩} = ০.৬৯$ ক্ষুদ্রতম।

৪১. $(০.০০২)^২ =$ কত?

ক. ০.০০৪　　খ. ০.০০০
গ. ০.০০০০৪　　ঘ. ০.০০০০০৪

উত্তর✓ ঘ　$(০.০০২)^২ = ০.০০০০০৪$

৪২. $x^2 + y^2 = 8$ এবং $xy = 7$ হলে, $(x + y)^2$-এর মান কত?

ক. 14　　খ. 16
গ. 22　　ঘ. 30

উত্তর✓ গ　$(x + y)^2 = x^2 + 2xy + y^2$
$= x^2 + y^2 + 2xy$
$= 8 + 2.7 = 8 + 14 = 22$

৪৩. $4x^2 - 12x$ এর সাথে কত যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে?

ক. 4　　খ. 16
গ. 9　　ঘ. 25


উত্তর✓ গ　প্রদত্ত রাশি $= 4x^2 - 12x$
$= (2x)^2 - 2.2x.3 + (3)^2 - 9$
$= (2x + 3)^2 - 9$

9 যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে।

৪৪. কোনো ত্রিভুজের মধ্যমা তিনটি যে বিন্দুতে ছেদ করে তাকে বলে-

ক. ভরকেন্দ্র　　খ. পরিকেন্দ্র
গ. অন্তঃকেন্দ্র　　ঘ. লম্ববিন্দু

উত্তর✓ ক　ত্রিভুজের মধ্যমাত্রয় এর ছেদবিন্দুকে ত্রিভুজের ভরকেন্দ্র বলে।




Δ ABC ত্রিভুজের মধ্যমা তিনটি O বিন্দুতে ছেদ করেছে।
$\therefore$ O হলো ত্রিভুজটির ভরকেন্দ্র।

৪৫. ত্রিভুজের দুইটি কোণের সমষ্টি তৃতীয় কোণের সমান হলে ত্রিভুজটি-

ক. সমবাহু　　খ. সমদ্বিবাহু
গ. সমকোণী　　ঘ. কোনোটিই নয়

উত্তর✓ গ　ত্রিভুজের দুইটি কোণের সমষ্টি তৃতীয় কোণের সমান হলে ত্রিভুজটি সমকোণী।



Δ ABC সমকোণী ত্রিভুজ $\angle B = ৯০^\circ$
আমরা জানি, $\angle A + \angle B + \angle C = ১৮০^\circ$
$\Rightarrow \angle A + \angle C = ১৮০^\circ - \angle B = ১৮০^\circ - ৯০^\circ = ৯০^\circ$
$\therefore \angle A + \angle C = ৯০^\circ$

৪৬. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য কতজনকে বীরউত্তম উপাধিতে ভূষিত করা হয়?

ক. ৬০ জন　　খ. ৬২ জন
গ. ৬৪ জন　　ঘ. ৬৮ জন

উত্তর✓ ঘ　বীর উত্তম বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ বীরত্ব খেতাব। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বীরত্ব পূর্ণ অবদানের জন্য ৬৮ জনকে বীর উত্তম উপাধিতে ভূষিত করা হয়।

৪৭. জিয়া সার কারখানায় উৎপাদিত সারের নাম কী?

ক. অ্যামোনিয়া　　খ.ইউরিয়া
গ. টিএসপি　　ঘ. কোনোটিই নয়

উত্তর✓ খ　জিয়া সার কারখানার বর্তমান নাম আশুগঞ্জ ফার্টিলাইজার অ্যান্ড কেমিক্যাল কোম্পানি লিমিটেড। সার কারখানাটি ১৯৮১ সালে প্রতিষ্ঠিত হয় ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে। এখানে ইউরিয়া সার উৎপন্ন হয় এবং প্রাকৃতিক গ্যাস কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়।

৪৮. বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপের নাম কী?

ক. মহেশখালী　　খ. হাতিয়া
গ. সেন্টমার্টিন　　ঘ. সন্দ্বীপ

উত্তর✓ গ　বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ সেন্টমার্টিন কক্সবাজার জেলার টেকনাফ উপজেলায় অবস্থিত। দ্বীপটি টেকনাফ সমুদ্র উপকূল থেকে প্রায় ৪৮ কিলোমিটার দূরে বঙ্গোপসাগরে অবস্থিত। সেন্টমার্টিন দ্বীপের অপর নাম নারিকেল জিঞ্জিরা। দ্বীপটি আয়তন ৮ বর্গ কিলোমিটার।

৪৯. সর্বশেষ বাংলাদেশের এই জেলার সঙ্গে রেল যোগাযোগ স্থাপিত হয়-

ক. সিরাজগঞ্জ　　খ. টাঙ্গাইল
গ. বরিশাল　　ঘ. কুড়িগ্রাম

উত্তর✓ খ　বাংলাদেশে সর্বপ্রথম রেললাইন প্রতিষ্ঠিত হয় ১৮৬৪ সালের ১৬ ফেব্রুয়ারি দর্শনা থেকে কুষ্টিয়ার জগতি পর্যন্ত। বাংলাদেশে বর্তমানে ২০টি জেলায় রেলপথ নেই। টাঙ্গাইল জেলায় সর্বশেষ রেল সংযোগ স্থাপিত হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৫০. প্রাচীন পুন্ড্রবর্ধন নগর কোথায় অবস্থিত?
ক. মহাস্থানগড় খ. ময়নামতি
গ. বিক্রমপুর ঘ. পাহাড়পুর
উত্তর✓ ক বাংলাদেশের প্রাচীনতম জনপদ পুন্ড্র। পুন্ড্রের রাজধানী ছিল পুন্ড্রনগর বা পুন্ড্রবর্ধন। পুন্ড্রবর্ধন বর্তমান বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায় মহাস্থানগড়ে অবস্থিত।

৫১. কোন মোঘল সুবাদার চট্টগ্রাম দখল করে এর নাম রাখেন ইসলামাবাদ?
ক. ইসলাম খান খ. মীর জুমলা
গ. ইলিয়াস শাহ ঘ. শায়েস্তা খান
উত্তর✓ খ সম্রাট আওরঙ্গজেবের নির্দেশে শায়েস্তা খান চট্টগ্রাম দখল করেন এবং চট্টগ্রামের নাম রাখেন ইসলামাবাদ।

৫২. লালবাগ শাহী মসজিদটি কে নির্মাণ করেন?
ক. শায়েস্তা খান খ. যুবরাজ মোহাম্মদ আযম
গ. ইসলাম খান ঘ. মুর্শিদ কুলি খান
উত্তর✓ খ লালবাগ শাহী মসজিদ ঢাকার লালবাগে অবস্থিত মুঘল আমলের একটি মসজিদ। লালবাগ শাহী মসজিদের অপর নাম ফররুখ শিয়ার মসজিদ। ১৭০৩ খ্রিস্টাব্দে যুবরাজ মোহাম্মদ আযমের আমলে মসজিদটি নির্মিত হয়।

৫৩. মূল্য সংযোজন কর কত সালে চালু হয়?
ক. ১৯৯১-৯২ সালে খ. ১৯৯২-৯৩ সালে
গ. ১৯৯৩-৯৪ সালে ঘ. ১৯৯৪-৯৫ সালে
উত্তর✓ ক মূল্য সংযোজন কর (VAT) হচ্ছে পরোক্ষ কর। মূল্য সংযোজন কর আইন জাতীয় সংসদে পাশ হয় ১০ জুলাই ১৯৯১ সালে। জাতীয় মূল্য সংযোজন কর (VAT) দিবস ১০ জুলাই। বাংলাদেশে মূল্য সংযোজন কর (VAT) চালু হয় ১ জুলাই ১৯৯১ সালে।

৫৪. ব্যাবিলনের শূন্য উদ্যান কে গড়ে তুলেছিলেন?
ক. নেবুচাদনেজার খ. দারিউস
গ. র‍্যামজেজ ঘ. সাইরাস
উত্তর✓ ক সম্রাট নেবুচাদ নেজার খ্রিস্টপূর্ব ৬০০ অব্দে ইরাকের ইউফ্রেটিস নদীর তীরে ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান নির্মাণ করেন। সম্রাট তার স্ত্রীর জন্য এই বাগান নির্মাণ করেন। মাটি থেকে বাগানের উচ্চতা ছিল প্রায় ৮০ ফুট এবং এর আয়তন ছিলো প্রায় ৮০০ বর্গ ফুট।

৫৫. তাপে কোন ভিটামিন নষ্ট হয়?
ক. ভিটামিন 'এ' খ. ভিটামিন 'বি'
গ. ভিটামিন 'সি' ঘ. ভিটামিন 'ডি'
উত্তর✓ গ টাটকা শাক সবজি ও টাটকা ফলে ভিটামিন C পাওয়া যায়। ভিটামিন সি দাঁত ও মাড়ি শক্ত রাখে, ত্বক উজ্জল ও মসৃণ রাখে, রোগ প্রতিরোধ করে। ভিটামিন সি তাপ প্রয়োগে নষ্ট হয়।

৫৬. রক্তে হিমোগ্লোবিনের কাজ কী?
ক. অক্সিজেন পরিবহন করা
খ. রক্ত জমাট বাঁধতে সাহায্য করা
গ. রোগ প্রতিরোধ করা
ঘ. উল্লেখিত সবকয়টিই
উত্তর✓ ক হিমোগ্লোবিন এক ধরনের লৌহঘটিত প্রোটিন জাতীয় পদার্থ যার উপস্থিতির কারণে রক্তের রং লাল হয়। হিমোগ্লোবিন অক্সিজেনের সাথে যুক্ত হয়ে অক্সিহিমোগ্লোবিন যৌগ গঠন করে অক্সিজেন পরিবহন করে।

৫৭. মাটির উর্বরতা বৃদ্ধিতে সাহায্য করে বায়ুর-
ক. অক্সিজেন খ. নাইট্রোজেন
গ. হাইড্রোজেন ঘ. কার্বন ডাই-অক্সাইড
উত্তর✓ খ নাইট্রোজেনের প্রধান উৎস হল বায়ুমণ্ডল, নাইট্রোজেন উদ্ভিদ বা প্রাণী কেউ সংবদ্ধন করতে পারে না। বেশ কয়েক প্রকার ব্যাকটেরিয়া যেমন রাইজোবিয়াম নাইট্রোজেন সংবদ্ধকরন করে। এসব ব্যাকটেরিয়া মসুর, মুগ প্রভৃতি শুঁটি জাতীয় উদ্ভিদের শিকড়ে প্রবেশ করে এবং নাইট্রোজেনকে আহরণ করে যৌগিক পদার্থে পরিণত করে শিকড়ে জমা রাখে। এই নাইট্রোজেন মাটির উর্বরতা বৃদ্ধি করে।

৫৮. পাতা পীত বর্ণ ধারণ করে কিসের অভাবে?
ক. পটাশিয়াম খ. ম্যাগনেশিয়াম
গ. নাইট্রোজেন ঘ. আয়রন
উত্তর✓ গ উদ্ভিদের বৃদ্ধির জন্য ১৬ টি অত্যাবশ্যকীয় মৌল রয়েছে। তাদের মধ্যে নাইট্রোজেন অতীব গুরুত্বপূর্ণ এবং এর অভাবে পাতা পীত বর্ণ ধারণ করে।

৫৯. নিচের কোন যৌগটি ভিটামিন 'সি'?
ক. অ্যাসকরবিক এসিড খ. সাইট্রিক এসিড
গ. অ্যাসিটিক এসিড ঘ. অক্সালিক এসিড
উত্তর✓ ক ভিটামিন সি দাঁত ও মাড়ি শক্ত রাখে এবং শরীরের ক্ষত পুনর্গঠনের কাজে ব্যবহৃত হয়। টাটকা শাক সবজি ও টাটকা ফলে ভিটামিন সি পাওয়া যায়। এর অপর নাম অ্যাসকরবিক অ্যাসিড।

৬০. সংকর ধাতু ব্রোঞ্জে উপাদান হলো-
ক. তামা ও লোহা খ. তামা ও টিন
গ. টিন ও দস্তা ঘ. লোহা ও দস্তা
উত্তর✓ খ দুই বা ততোধিক ধাতুর সংমিশ্রণে গঠিত সমসত্ত্ব বা অসমসত্ত্ব কঠিন পদার্থকে সংকর ধাতু বলে।
ব্রোঞ্জ = তামা ৯০% + টিন ১০%

৬১. কোন রঙের বস্তুর তাপ শোষণ ক্ষমতা বেশি?
ক. সাদা খ. বেগুনি
গ. লাল ঘ. কালো
উত্তর✓ ঘ কালো রঙের বস্তুর তাপ শোষণ ক্ষমতা বেশি। কালো বস্তু সবগুলো বর্ণের আলো শোষণ করে বলে কালো কাপড় পড়লে গরম লাগে।

৬২. একটি সরল দোলককে পৃথিবীর কেন্দ্রে নিলে তার দোলনকাল কত হবে?
ক. শূন্য খ. অসীম
গ. ভূ-পৃষ্ঠের সমান ঘ. ভূপৃষ্ঠ থেকে কম
উত্তর✓ খ একটি সরল দোলককে পৃথিবীর কেন্দ্রে নিলে তার দোলনকাল অসীম হবে। কারণ পৃথিবীর কেন্দ্রে অভিকর্ষজ ত্বরণের মান শূন্য। এক্ষেত্রে দোলন ঘড়ি চলবে না।

৬৩. হাড় ও দাঁতকে মজবুত করে-
ক. আয়রন খ. আয়োডিন
গ. ফসফরাস ঘ. ম্যাগনেসিয়াম
উত্তর✓ গ অস্থির একটি প্রধান উপাধান হল ফসফরাস। হাড় ও দাঁত মজবুত করা এর প্রধান কাজ। ডিম, দুধ, মাছ, মাংস, কলিজা ইত্যাদিতে প্রচুর পরিমাণে ফসফরাস পাওয়া যায়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৬৪. বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) কবে প্রতিষ্ঠিত হয়?
ক. ১৪ এপ্রিল ১৯৮৬ খ. ১৪ এপ্রিল ১৯৮৭
গ. ১৪ এপ্রিল ১৯৮৮ ঘ. ১৪ এপ্রিল ১৯৮৯
উত্তর✓ ক ব্যাখ্যা বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) ঢাকা জেলার সাভার উপজেলার জিরানীতে অবস্থিত। জাতীয় ক্ষেত্রে খেলাধুলার মানোন্নয়নে এবং বিশ্ব ক্রীড়াঙ্গনে বাংলাদেশকে উচ্চস্তরে নেয়ার উদ্দেশ্যে প্রতিষ্ঠানটি স্থাপন করা হয়। ১৯৮৬ সালের ১৪ এপ্রিল প্রতিষ্ঠানটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়।

৬৫. কোন সালে কেনিয়াকে হারিয়ে বাংলাদেশ প্রথম আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচে জিতে?
ক. ১৯৯৭ খ. ১৯৯৮
গ. ১৯৯৯ ঘ. ২০০০
উত্তর✓ খ ব্যাখ্যা বাংলাদেশ প্রথম আন্তর্জাতিক ম্যাচে জয় লাভ করে ওয়ানডে ক্রিকেটে। ভারতের ইন্ডিপেন্ডেন্স কাপে ১৭ মে ১৯৯৮ সালে বাংলাদেশ কেনিয়াকে পরাজিত করে প্রথমবারের মত আন্তর্জাতিক ম্যাচে জয়লাভ করে। এটি ছিল বাংলাদেশের ২৩তম ওয়ানডে ম্যাচ।

৬৬. একদিনের ক্রিকেট কবে থেকে শুরু হয়?
ক. ১৯৭১ সাল খ. ১৯৭২ সাল
গ. ১৯৭৩ সাল ঘ. ১৯৭৪ সাল
উত্তর✓ ক ব্যাখ্যা ওয়ানডে ক্রিকেটের প্রস্তাবক মেরিলিবোন ক্রিকেট ক্লাব (এমসিসি)। প্রথম ওয়ানডে খেলা অনুষ্ঠিত হয় অস্ট্রেলিয়ার মেলবোর্নে ৫ জানুয়ারি ১৯৭১ সালে অস্ট্রেলিয়া ও ইংল্যান্ডের মধ্যে। প্রথম ওয়ানডেতে অস্ট্রেলিয়া ৫ উইকেটে জয়ী হয়।

৬৭. মেক্সিকো দেশটি কোন মহাদেশের অন্তর্গত?
ক. ইউরোপ খ. উত্তর আমেরিকা
গ. দক্ষিণ আমেরিকা ঘ. আফ্রিকা
উত্তর✓ খ ব্যাখ্যা মেক্সিকো উত্তর আমেরিকা মহাদেশের মধ্য আমেরিকা অঞ্চলের একটি দেশ। এর রাজধানী মেক্সিকো সিটি, ভাষা স্প্যানিশ এবং মুদ্রা পেসো। কানকুন শহরটি মেক্সিকোতে অবস্থিত।

৬৮. বাংলাদেশ গণপ্রজাতন্ত্রের ঘোষণা হয়েছিল কবে?
ক. ২৬ মার্চ ১৯৭১ খ. ১১ এপ্রিল ১৯৭১
গ. ১৭ এপ্রিল ১৯৭১ ঘ. ১০ জানুয়ারি ১৯৭২
উত্তর✓ ক ব্যাখ্যা ১৭ এপ্রিল ১৯৭১ সালে মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে। এই অনুষ্ঠানে অধ্যাপক এম ইউসুফ আলী স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন। এর মাধ্যমেই বাংলাদেশ প্রজাতন্ত্রের ঘোষণা হয়েছিল যা ২৬শে মার্চ ১৯৭১ সাল হতে কার্যকর করা হয়।

৬৯. বাংলাদেশের প্রথম মহিলা রাষ্ট্রদূত কে?
ক. তাহমিনা খান ডলি খ. জাকিয়া আকতার
গ. সুরাইয়া বেগম ঘ. মাহমুদা হক চৌধুরী
উত্তর✓ ক ব্যাখ্যা বাংলাদেশের প্রথম নারী রাষ্ট্রদূত তাহমিনা খান ডলি ১৯৮০ সালে শ্রীলংকায় এবং পরবর্তীতে মালদ্বীপে দায়িত্ব পালন করেন। তিনি রাজনৈতিক বিবেচনায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) থেকে নিয়োগ পান। ফরেন সার্ভিস থেকে নিয়োগপ্রাপ্ত প্রথম নারী রাষ্ট্রদূত মাহমুদা হক চৌধুরী। তিনি ১৯৯৬ সালে ভুটানে রাষ্ট্রদূত হিসেবে যোগদান করেন।

৭০. কার কর্তৃত্বের উপর আদালতের কোনো এখতিয়ার নেই?
ক. রাষ্ট্রপতি খ. প্রধানমন্ত্রী
গ. প্রধান বিচারপতি ঘ. সেনাপ্রধান
উত্তর✓ ক ব্যাখ্যা বাংলাদেশের সংবিধানে ৫১ নং অনুচ্ছেদে রাষ্ট্রপতির দায়মুক্তির কথা বলা আছে। এই ধারা অনুযায়ী রাষ্ট্রপতির কর্তৃত্বের উপর আদালতের কোন এখতিয়ার নেই।

৭১. 'জেনেভা কনভেনশন' কত সালে স্বাক্ষরিত হয়?
ক. ১৯৪৫ সালে খ. ১৯৪৭ সালে
গ. ১৯৪৮ সালে ঘ. ১৯৫৪ সালে
উত্তর✓ = ব্যাখ্যা সঠিক উত্তর নেই। যুদ্ধবন্দি এবং যুদ্ধাহত ব্যক্তিদের সাথে মানবিক আচরনবিধির উপর সুইজারল্যান্ডের জেনেভাতে চারটি চুক্তি স্বাক্ষরিত হয়। এগুলো একত্রে জেনেভা কনভেনশন নামে পরিচিত। চতুর্থ জেনেভা কনভেনশন স্বাক্ষরিত হয় ১২ আগস্ট ১৯৪৯ সালে। প্রথম তিনটি জেনেভা কনভেনশন স্বাক্ষরিত হয় যথাক্রমে ১৮৬৪, ১৯০৬ ও ১৯২৯ সালে। চতুর্থ কনভেনশনে পূর্বের তিনটি কনভেনশনের পরিমার্জন ও সম্প্রসারণ করা হয়। সঠিক উত্তরঃ ১৯৪৯ সাল।

৭২. সমুদ্রপৃষ্ঠে বায়ুর স্বাভাবিক চাপ কত?
ক. ৭.৬ সেমি খ. ৭২ সেমি
গ. ৭৬ সেমি ঘ. ৭৭ সেমি
উত্তর গ

৭৩. 'শীতনিদ্রা' দেখা যায়-
ক. সীল মাছে খ. তিমি মাছে
গ. ব্যাঙে ঘ. কুমীরে
উত্তর গ

৭৪. মানুষ কোন পর্বের অন্তর্ভুক্ত?
ক. মলাস্কা খ. কর্ডাটা
গ. পরিফেরা ঘ. অ্যামফিবিয়া
উত্তর খ

৭৫. পৃথিবী তৈরির প্রধান উপাদান হচ্ছে-
ক. হাইড্রোজেন খ. সিলিকন
গ. অ্যালুমিনিয়াম ঘ. কার্বন
উত্তর খ

৭৬. সালোকসংশ্লেষণ সবচেয়ে বেশি পরিমাণে হয়-
ক. সবুজ আলোকে খ. নীল আলোতে
গ. বেগুনি আলোতে ঘ. লাল আলোতে
উত্তর ঘ

৭৭. মালদ্বীপের মুদ্রা কোনটি?
ক. রুপি খ. টাকা
গ. রুপিয়া ঘ. বাথ
উত্তর✓ গ ব্যাখ্যা ইন্দোনেশিয়া ও মালদ্বীপের মুদ্রার নাম রুপিয়া। টাকা বাংলাদেশের মুদ্রা। থাইল্যান্ডের মুদ্রা বাথ। রুপি ভারত, সিচেলিস, নেপাল, পাকিস্তান, শ্রীলংকা ও মরিশাসের মুদ্রার নাম।

৭৮. শিল্প বিপ্লব যে দেশে শুরু হয়েছিল-
ক. মার্কিন যুক্তরাষ্ট্র খ. ফ্রান্স
গ. ইংল্যান্ড ঘ. জার্মানি
উত্তর✓ গ ব্যাখ্যা শিল্প বিপ্লব শুরু হয় ইংল্যান্ডে। ইংল্যান্ডে ১৭৫০ -১৮৫০ খ্রিস্টাব্দে কৃষি ব্যবস্থা থেকে আধুনিক শিল্পায়নের দিকে গতি শুরু হওয়ায় অর্থনৈতিক কর্মকাণ্ডে বিস্ময়কর পরিবর্তন ঘটে। পুঁজিবাদের উদ্ভব, বাষ্পীয় ইঞ্জিনের আবিষ্কার, কয়লার খনি আর ইস্পাতের ব্যাপক ব্যবহারের ফলে অনেক শিল্প শহর আর কারখানা গড়ে উঠে।

৭৯. কিসের সাহায্যে সমুদ্রের ও কুয়ার গভীরতা নির্ণয় করা যায়?
ক. প্রতিফলন খ. প্রতিসরণ
গ. প্রতিধ্বনি ঘ. প্রতিসরাঙ্ক
উত্তর গ

৮০. বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম উপজাতি কোনটি?
ক. গারো খ. হাজং
গ. সাঁওতাল ঘ. মগ
উত্তর✓ গ ব্যাখ্যা বাংলাদেশে বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা ৪৫ টি এবং জনসংখ্যা বাংলাদেশের মোট জনসংখ্যার ১.১০%। বাংলাদেশের বৃহত্তম নৃ-গোষ্ঠী চাকমা এবং দ্বিতীয় বৃহত্তম নৃ-গোষ্ঠী সাঁওতাল। সাঁওতালরা বাংলাদেশের উত্তরাঞ্চলে রাজশা ও রংপুর বিভাগে বাস করে।



প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩

সেট : ১ | [কোড : করতোয়া] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ১৪.০৪.২০১৩ | পূর্ণমান : ৮০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. 'আব্দুল্লাহ' উপন্যাসের লেখকের নাম-
ক. কাজী ইমদাদুল হক | খ. মীর মোশাররফ হোসেন
গ. ইসমাইল হোসেন সিরাজী | ঘ. মোজাম্মেল হক
উত্তর✓ ক | 'মোসলেম ভারত' পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত আবদুল্লাহ (১৯৩৩) উপন্যাসটির লেখক কাজী ইমদাদুল হক। উপন্যাসটি চিত্রিত হয়েছে গ্রামীণ মুসলিম সমাজের পীরভক্তি, ধর্মীয় কুসংস্কার, পর্দাপ্রথা, আশরাফ-আতরাফ বৈষম্য, হীন স্বার্থপরতা, সম্প্রদায় বিদ্বেষ ইত্যাদির বিরুদ্ধে মানবতাবাদী প্রতিবাদ। তাঁর অন্যান্য গ্রন্থের মধ্যে আঁখিজল ও লতিকা, নবী কাহিনী অন্যতম।

০২. 'সঞ্চিতা' কোন কবির কাব্যসংকলন?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর | খ. সত্যেন্দ্রনাথ দত্ত
গ. জসীমউদ্‌দীন | ঘ. নজরুল ইসলাম
উত্তর✓ ঘ | কতিপয় লেখক ও তাদের কাব্যগ্রন্থ :

কাব্যগ্রন্থ	লেখক
কবি-কাহিনী, মানসী, সোনার তরী, পূরবী, পুনশ্চ, ক্ষণিকা ও শেষ লেখা।	রবীন্দ্রনাথ ঠাকুর
সবিতা, সন্ধিক্ষণ, বেণু ও বীণা, কুহু ও কেকা এবং হসন্তিকা।	সত্যেন্দ্রনাথ দত্ত
নকসী কাঁথার মাঠ, সোজন বাদিয়ার ঘাট ও মা যে জননী কান্দে।	জসীমউদদীন
অগ্নি-বীণা, বিষের বাঁশি, সাম্যবাদী, ফণি-মণসা, ভাঙার গান, সর্বহারা, সঞ্চিতা।	কাজী নজরুল ইসলাম

০৩. 'বসন্তকুমারী' নাটক কার রচনা?
ক. সঞ্জীব চন্দ্র চট্টোপাধ্যায় | খ. মীর মশাররফ হোসেন
গ. সৈয়দ ওয়ালী উল্লাহ | ঘ. শহীদুল্লা কায়সার
উত্তর✓ খ | একটি রাজ পরিবারের করুণ পরিণতির কাহিনি অবলম্বনে রচিত মীর মশাররফ হোসেনের নাটক 'বসন্তকুমারী।' জমীদার দর্পণ, বেহুলা গীতাভিনয় ও টালা অভিনয় তাঁর অন্যান্য নাটক।

০৪. 'সুন্দর' শব্দটি কোন পদ?
ক. বিশেষণ | খ. ক্রিয়া বিশেষণ
গ. বিশেষ্য | ঘ. সর্বনাম
উত্তর✓ ক | যে পদ বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়াপদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে, তাকে বিশেষণ পদ বলে। যেমন : সুন্দর ফুল।

০৫. নিচের কোন শব্দটি বহুব্রীহি সমাসের উদাহরণ?
ক. বীণাপাণি | খ. চৌরাস্তা
গ. বনস্পতি | ঘ. সিংহাসন
উত্তর✓ ক | যে সমাসে পূর্বপদ বা পরপদ কোনোটির অর্থ না বুঝিয়ে এ দুয়ের সঙ্গে সংশ্লিষ্ট অন্য কোনো অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন : বীণা পাণিতে যার = বীণাপাণি। এখানে বীণা (বাদ্যযন্ত্র) এবং পাণি (হাত) কোনোটাই না বুঝিয়ে দেবী সরস্বতীকে বোঝানো হয়েছে।

০৬. নিচের কোন শব্দটি রূপক কর্মধারয় সমাসের একটি উদাহরণ?
ক. জলযান | খ. মনমাঝি
গ. সিংহদ্বার | ঘ. একাদশ
উত্তর✓ খ | উপমান (পরোক্ষ) ও উপমেয় (প্রত্যক্ষ) কে অভিন্ন কল্পনা করে এ দুয়ের মিলনে যে সমাস হয়, তাকে রূপক কর্মধারয় সমাস বলে। যেমন : মন রূপ মাঝি = মনমাঝি, প্রাণ রূপ পাখি = প্রাণপাখি, ক্রোধ রূপ অনল = ক্রোধানল ইত্যাদি।

০৭. কোনটি শুদ্ধ বানান?
ক. নিণিমেষ | খ. ণির্নিমেষ
গ. নির্নিমেষ | ঘ. নির্নিমেশ
উত্তর✓ গ | কয়েকটি শুদ্ধ বানান : নির্নিমেষ, নির্ধূম, নির্নিমিখ, নির্বন্ধ, নির্বর্ণন, নির্বসন, নির্বাণ এবং নির্বাপণ।

০৮. 'সৌম্য' এর বিপরীত শব্দ-
ক. শান্ত | খ. উদ্ধত
গ. কঠিন | ঘ. উগ্র
উত্তর✓ ঘ | কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
সমষ্টি	ব্যষ্টি	সুশীল	দুঃশীল
স্থাবর	জঙ্গম/অস্থাবর	সবাক	নির্বাক

০৯. নিচের কোনটি সূর্যের প্রতিশব্দ?
ক. অবনী | খ. সুধাকর
গ. সবিতা | ঘ. রুলানিধি
উত্তর✓ গ | 'সূর্য' এর প্রতিশব্দ : সবিতা, অর্ক, সুরজ, লোলার্ক, তমোহর, অহর্মণি ও আদিত্য।

১০. কাননে কুসুম কলি সকলি ফুটিল। নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি?
ক. কর্মে সপ্তমী | খ. অধিকরণে সপ্তমী
গ. আপাদানে সপ্তমী | ঘ. করণে শূন্য
উত্তর✓ খ | যে স্থানে বা সময়ে ক্রিয়া সম্পাদিত হয়, তাকে অধিকরণ কারক বলে। কোথায়, কোন স্থানে, কখন, কোন সময়ে, কবে, কোন বিষয়ে বা ব্যাপারে ইত্যাদি নানা প্রশ্ন ক্রিয়াপদ ধরে করলে যে উত্তর পাওয়া যায়, তাই অধিকরণ কারক। যেমন : পুকুরে মাছ আছে।

১১. আলোয় আঁধার দূর হয়। 'আলোয়' শব্দটি কোন কারক?
ক. অপাদান | খ. করণ
গ. সম্প্রদান | ঘ. অধিকরণ
উত্তর✓ খ | 'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। যেমন : সোজা পথে চলো না কেন?

১২. 'চাক্ষুষ' এর বিপরীত শব্দ-
ক. অদৃশ্য | খ. নিরিবিলি
গ. নিভৃত | ঘ. অগোচর
উত্তর✓ ঘ | কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
চঞ্চল	অবিচল	চটুল	গম্ভীর
চিন্ময়	মৃন্ময়/অচেতন	চেতন	জড়
চড়াই	উৎরাই	চাক্ষুষ	পরোক্ষ

১৩. কোনটি শুদ্ধ বানান?
ক. সরিসৃপ খ. সরীসৃপ
গ. শরীসৃপ ঘ. শরিসৃপ
উত্তর✓ খ ব্যাখ্যা গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান : সরীসৃপ, সরস্বতী, সংবর্ধনা, সন্দিহান, সূচিপত্র, সন্ন্যাসী, সংবলিত।

১৪. 'পটল তোলা' বাগ্‌ধারাটির ঠিক অর্থ কোনটি?
ক. পটল গাছ হতে পটল তোলা খ. পরীক্ষায় ফেল করা
গ. মারা যাওয়া ঘ. পটল খাওয়া
উত্তর✓ গ ব্যাখ্যা কতিপয় গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : তেল-নুন-লকড়ি (মৌলিক প্রয়োজন), তীর্থের কাক (প্রতীক্ষারত), ত্রিশঙ্কু অবস্থা (মধ্যাবস্থা), তামার বিষ (অর্থের কুপ্রভাব), তাল পাতার সেপাই (ক্ষীণজীবী), তারে নাচন (দুরবস্থার একশেষ)।

১৫. 'যাহা কষ্টে অর্জন করা যায়' তাকে এক কথায় বলে-
ক. দুর্জয় খ. অদম্য
গ. কষ্টার্জিত ঘ. পরিশ্রমলব্ধ
উত্তর✓ গ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : যাকে সহজে জয় করা যায় না = দুর্জয়; যা দমন করা যায় না = অদম্য; যা কষ্টে অর্জন করা যায় = কষ্টার্জিত; পরিশ্রমে অর্জিত = পরিশ্রমলব্ধ।

১৬. 'Franchise' শব্দটির Synonym হচ্ছে-
ক. Utility খ. Privilege
গ. French ঘ. Frankness
উত্তর✓ খ ব্যাখ্যা Franchise অর্থ ভোটাধিকার, অধিকার, বিশেষ সুবিধা এবং এর সমার্থক শব্দ privilege অর্থ বিশেষ সুবিধা।

১৭. কোনটি শুদ্ধ বানান?
ক. Humourous খ. Humourious
গ. Humorous ঘ. Humorious
উত্তর✓ গ ব্যাখ্যা Humorous শব্দের অর্থ রসাত্মক, কৌতুকপূর্ণ।

১৮. কোন বাক্যটি শুদ্ধ?
ক. A now cabinet has sworn in Dhaka
খ. A new cabinet has been sworn by in Dhaka
গ. A new cabinet has been sworn in Dhaka
ঘ. A new cabinet has been sworn in Dhaka উত্তর ঘ
উত্তর✓ ঘ ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে অপশন (ঘ) A new cabinet has been sworn in Dhaka. বাক্যটি শুদ্ধ। শপথ গ্রহণের ক্ষেত্রে swear in এবং বড় স্থানের পূর্বে in বসে।

১৯. 'To read between the lines' অর্থ হচ্ছে-
ক. To read carefully
খ. To read carefully to find out any bidden meaning
গ. To read only some lines
ঘ. To read quickly to save time
উত্তর✓ খ ব্যাখ্যা 'To read between the lines' এর অর্থ হচ্ছে 'নিহিত অর্থ বোঝা' এবং To read carefully to find out any hidden meaning একই অর্থ নির্দেশ করে।

২০. কোন বাক্যটি শুদ্ধ?
ক. Why you have done this?
খ. Why did you have done this?
গ. Why have you done this?
ঘ. Why you had done this?
উত্তর✓ গ ব্যাখ্যা Grammar এর সাধারণ নিয়মানুসারে সঠিক উত্তর হবে অপশন (গ)। সাধারণ নিয়ম নিম্নরূপ: why + have/has + sub + মূল verb এর past participle।

২১. 'Incredible' শব্দটির Synonym হচ্ছে-
ক. Unbelieveable খ. Unthinkable
গ. Unlikely ঘ. Unthinking
উত্তর✓ ক ব্যাখ্যা Incredible শব্দের অর্থ অবিশ্বাস্য। Unbelievable অর্থ অবিশ্বাস্য। সুতরাং, সঠিক synonym হচ্ছে অপশন (ক)।

২২. Now-a-days many villages are lit—electricity বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-
ক. by খ. with
গ. from ঘ. on
উত্তর✓ ক ব্যাখ্যা Lit by অর্থ আলোকিত করা। প্রদত্ত অপশনগুলোর মধ্যে অপশন (ক) by সঠিক। যেমন : Now-a-days many villages are lit by electricity.

২৩. কোনটি শুদ্ধ বানান?
ক. Mispell খ. Misspell
গ. Mispel ঘ. Mispel
উত্তর✓ খ ব্যাখ্যা Misspell অর্থ ভুল বানান করা।

২৪. 'Heart' শব্দটির adjective হচ্ছে-
ক. Heart খ. Hearten
গ. Heartening ঘ. Heartful
উত্তর✓ গ ব্যাখ্যা Heart(N) শব্দের অর্থ হৃদয় এবং এর adjective হচ্ছে Heartening। অর্থাৎ অপশন (গ) সঠিক।

২৫. 'What is the time —— your watch' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-
ক. with খ. in
গ. at ঘ. by
উত্তর✓ ঘ ব্যাখ্যা কোনো কিছুর দ্বারা বা মাধ্যমে সম্পন্ন হলে by বসে। সুতরাং (ঘ) by সঠিক উত্তর।

২৬. I said, 'Do it.' বাক্যের indirect speech হবে।
ক. I ordered to do it. খ. I said that it should done.
গ. I said to do it. ঘ. I said that let it be done.
উত্তর✓ ক ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে সঠিক indirect speech টি হচ্ছে অপশন (ক) I ordered to do it. Imperative sentence এ আদেশ বুঝাতে said এর পরিবর্তে order বসে এবং পরের verb এর পূর্বে to বসে।

২৭. "Who will do the work?" বাক্যের passive form হচ্ছে-
ক. Who will dome the work?
খ. By whom will the work be done?
গ. Who will be done the work?
ঘ. Whom will the work be done?
উত্তর✓ খ ব্যাখ্যা passive form এর নিয়মানুসারে অপশন (খ) সঠিক। Who কে passive করার ক্ষেত্রে by whom বসে এবং tense অনুযায়ী সাহায্যকারী verb বসে।

২৮. "Some children were helping the wounded man." বাক্যের Passive voice হচ্ছে-
ক. The wounded man was helped by some children.
খ. The wounded man was helping some children.
গ. The wounded man was being helped by some chileren.
ঘ. The wounded man was to be helped by some children
উত্তর✓ গ ব্যাখ্যা Passive voice এর নিয়মানুযায়ী সঠিক উত্তর হচ্ছে (গ)। প্রদত্ত বাক্যের ক্ষেত্রে, Passive voice এর নিয়ম: object কে sub + was/were being + মূল verb এর past participle + by + sub কে object হিসেবে ব্যবহার করতে হয়

২৯. 'Bird's eye view' এর অর্থ হচ্ছে-

ক. Eyes of birds　　খ. Eyes of a flock of birds
গ. A view of the sky　　ঘ. A rough idea

উত্তর✓ খ　Bird's eye view অর্থ ভাসা ভাসা দৃশ্য এবং A rough idea সমার্থক।

৩০. কোনটি শুদ্ধ বানান?

ক. Bureaucrat　　খ. Burouerat
গ. Burocrat　　ঘ. Beaurocrat

উত্তর✓ ক　Bureaucrat অর্থ আমলা। অন্যান্য অপশনগুলো সঠিক নয়। সুতরাং অপশন (ক) সঠিক উত্তর।

৩১. দুইটি সংখ্যার গুণফল ৩১৫। সংখ্যা দুটির ল.সা.গু ১০৫ হলে, গ.সা.গু কত?

ক. ১৪　　খ. ৩
গ. ১২　　ঘ. ৬

উত্তর✓ খ

আমরা জানি, সংখ্যাদ্বয়ের গুণফল = ল.সা.গু × গ.সা.গু

$\therefore$ গ.সা.গু $= \frac{\text{সংখ্যাদ্বয়ের গুণফল}}{\text{ল.সা.গু}} = \frac{৩১৫}{১০৫} = ৩$

৩২. দুটি সংখ্যার বিয়োগফল ৩৭ এবং যোগফল বিয়োগফলের ১১ গুণ। সংখ্যা দুটি কত?

ক. ২০,৫৭　　খ. ১৯,৫৬
গ. ১৮৫, ২২২　　ঘ. ১৭০,২০৭

উত্তর✓ গ　মনে করি, সংখ্যাদ্বয় x ও y

$\therefore x - y = ৩৭$ —— (i)

প্রশ্নমতে, $x + y = ১১(x - y)$

$x + y = ১১ \times ৩৭ = ৪০৭$

$x + y = ৪০৭$ —— (ii)

(ii) + (i) করে পাই,

$x + y = ৪০৭$
$x - y = ৩৭$
$2x = ৪৪৪$

$\Rightarrow x = \frac{৪৪৪}{২} = ২২২$

$x = ২২২$

(ii) নং হতে x এর মান বসিয়ে পাই, $২২২ + y = ৪০৭$


$২২২ + y = ৪০৭ \Rightarrow y = ৪০৭ - ২২২ = ১৮৫$

$\therefore$ সংখ্যা দু'টি ১৮৫,২২২

৩৩. দুই সমকোণ থেকে বড়, কিন্তু চার সমকোণ থেকে ছোট, সে ধরনের কোণের নাম কি?

ক. সূক্ষ্ম কোণ　　খ. স্থূল কোণ
গ. সম্পূরক কোণ　　ঘ. প্রবৃদ্ধ কোণ

উত্তর✓ ঘ　দুই সমকোণ অপেক্ষা বড় কিন্তু চার সমকোণ অপেক্ষা ছোট কোণকে প্রবৃদ্ধ কোণ বলে।




চিত্রে, $\angle AOB$ = প্রবৃদ্ধ কোণ।

৩৪. ০.০০০১ এর বর্গমূল কত?

ক. ০.১　　খ. ০.০১
গ. ০.০০১　　ঘ. ১

উত্তর✓ খ



৩৫. ১২০ মিটার লম্বা একটি আন্তঃনগর এক্সপ্রেস একটি লাইট পোস্ট ৬ সেকেন্ডে অতিক্রম করল। ট্রেনটির গতিবেগ কিলোমিটার/ ঘণ্টায় কত?

ক. ৭২　　খ. ৪৮
গ. ৩৬　　ঘ. ৯৬

উত্তর✓ ক　১ ঘণ্টা = ৬০ × ৬০ = ৩৬০০ সেকেন্ড
১ কি.মি. = ১০০০ মি.

গতিবেগ $= \frac{\text{দূরত্ব}}{\text{সময়}}$

$= \frac{১২০ \times ৩৬০০}{৬} = ৭২০০০$ মিটার $= \frac{৭২০০০}{১০০০} = ৭২$ কি.মি.

৩৬. চালের দাম ২৫% বৃদ্ধি পাওয়ায় এক ব্যক্তি চালের ব্যবহার এমনভাবে কমালেন যেন চালের খরচ অপরিবর্তিত থাকে। তিনি চালের ব্যবহার শতভাগ (শতকরা) কত কমালেন?

ক. ১৬　　খ. ১৮
গ. ২০　　ঘ. ২৫

উত্তর✓ গ　খরচ কমাতে হবে,

$\left[\frac{r}{১০০ + r} \times ১০০\%\right]$ [বৃদ্ধি হলে (+) হবে r = ২৫%]

$= \frac{২৫}{১০০ + ২৫} \times ১০০ = \frac{২৫}{১২৫} \times ১০০ = ২০\%$

৩৭. দুইটি বৃত্তের ব্যাসের অনুপাত ১:৩। এদের ক্ষেত্রফলের অনুপাত কত?

ক. ১ : ২৭　　খ. ১ : ৯
গ. ১ : ১২　　ঘ. ১ : ১৮

উত্তর✓ খ　বৃত্তের ব্যাসার্ধ = r ; বৃত্তের ব্যাস = 2r

$\therefore$ ১ম বৃত্তের ব্যাস = 2r, $\therefore$ ব্যাসার্ধ = r

২য় " " $= ৩ \times 2r = ৬r$, ব্যাসার্ধ $= \frac{৬r}{২} = ৩r$

$\therefore \frac{\text{১ম বৃত্তের ক্ষেত্রফল}}{\text{২য় বৃত্তের ক্ষেত্রফল}} = \frac{\pi r^২}{\pi(৩r)^২} = \frac{\pi r^২}{৯\pi r^২} = \frac{১}{৯}$

এদের অনুপাত = ১ ঃ ৯

৩৮. একটি সোনার গহনার ওজন ১৬ গ্রাম। তাতে সোনা ও তামা এর পরিমাণ ৩ : ১। কী পরিমাণ সোনা যোগ করলে সোনা ও তামা অনুপাত হবে ৪ : ১?

ক. ৮ গ্রাম　　খ. ৬ গ্রাম
গ. ৫ গ্রাম　　ঘ. ৪ গ্রাম

উত্তর✓ ঘ　অনুপাতদ্বয়ের যোগফল (৩ + ১) = ৪

সোনার পরিমাণ $\left(১৬ \text{ এর } \frac{৩}{৪}\right) = ১২$ গ্রাম

তামার " $\left(১৬ \text{ এর } \frac{১}{৪}\right) = ৪$ গ্রাম

ধরি, x গ্রাম সোনা মেশাতে হবে

প্রশ্নমতে, $x + ১২ : ৪ = ৪ : ১ \Rightarrow \frac{x + ১২}{৪} = \frac{৪}{১}$

$\Rightarrow x + ১২ = ১৬ \Rightarrow x = ১৬ - ১২ \quad \therefore x = ৪$ গ্রাম।

৩৯. পিতা ও ২ পুত্রের বয়সের গড় ৩০ বছর। দুই পুত্রের বয়সের গড় ২০ বছর। পিতার বয়স কত?

ক. ২০ বছর　　খ. ৪০ বছর
গ. ৫০ বছর　　ঘ. ৬০ বছর

উত্তর✓ গ

পিতা + ২ পুত্রের মোট বয়স $(৩০ \times ৩) = ৯০$ বছর
২ " " " $(২০ \times ২০) = ৪০$ বছর
পিতার বয়স $= ৫০$ বছর

$\therefore$ পিতার বয়স ৫০ বছর

৪০. দুই ব্যক্তি একত্রে একটি কাজ ৮ দিনে করতে পারে। প্রথম ব্যক্তি একাকী কাজটি ১২ দিনে করতে পারে। দ্বিতীয় ব্যক্তি একাকী কাজটি কত দিনে করতে পারবে?

ক. ২৪ দিনে খ. ২২ দিনে
গ. ২০ দিনে ঘ. ১৮ দিনে

উত্তর✓ ক

একাকী করলে,

$$\text{সময়} = \frac{\text{বড় সংখ্যা} \times \text{ছোট সংখ্যা}}{\text{বড় সংখ্যা} - \text{ছোট সংখ্যা}} \times \text{অংশ}$$

$$= \frac{১২ \times ৮}{১২ - ৮} \times (১) \text{ সম্পূর্ণ}$$

$$= \frac{১২ \times ৮}{৪} \times ১ = ২৪ \text{ দিন}$$

৪১. ৬০ জন লোক কোন কাজ ১৮ দিনে করতে পারে। উক্ত কাজ ৩৬ জন লোক কতদিনে সম্পন্ন করতে পারে?

ক. ১৮ দিনে খ. ৩০ দিনে
গ. ৩৬ দিনে ঘ. ৯৮ দিনে

উত্তর✓ খ

৬০ জন লোক কাজটি করতে পারে ১৮ দিনে
১ " " " " " ১৮ × ৬০ "
৩৬ " " " " " $\frac{১৮ \times ৬০}{৩৬}$ "
= ৩০ দিনে

৪২. a = 2, b = 3 হলে, 2a + 4b এর সাথে $2a^2 + a - b$ যোগ করলে যোগফল কত হবে?

ক. 15 খ. 17
গ. 19 ঘ. 23

উত্তর✓ ঘ

$2a + 4b + 2a^2 + a - b$
$= 3a + 3b + 2a^2$
$= 3.2 + 3.3 + 2.2^2$ [a = 2, b = 3]
$= 6 + 9 + 8 = 23.$

৪৩. ৩৬ টাকা ডজন দরে ক্রয় করে ২০% লাভে বিক্রয় করা হয়, এক কুড়ি কলার বিক্রয়মূল্য কত হবে?

ক. ৭২ টাকা খ. ৬২ টাকা
গ. ৬০ টাকা ঘ. ৭৫ টাকা

উত্তর✓ ক

৩৬ টাকায় ক্রয় করে ১২টি কলা
১ " " " $\frac{১২}{৩৬}$ " "
১০০ " " " $\frac{১২ \times ১০০}{৩৬}$ " "
$= \frac{১০০}{৩}$ টি কলা

২০% লাভে বিক্রয়মূল্য (১০০ + ২০) = ১২০ টাকা

$\frac{১০০}{৩}$ টি কলার বিক্রয়মূল্য ১২০ টাকা

∴ ১ " " " $\frac{১২ \times ৩}{১০০}$ "


∴ ২০ " " " $\frac{১২ \times ৩ \times ২০}{১০০}$ "
= ৭২ টাকা

৪৪. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় যথাক্রমে ৩ ও ৪ সে.মি হলে, তার অতিভুজের মান কত?

ক. ৭ সেমি খ. ৫ সেমি
গ. ৬ সেমি ঘ. ৮ সেমি

উত্তর✓ খ

পীথাগোরাসের উপপাদ্য অনুসারে পাই,
$(\text{অতিভুজ})^2 = (\text{লম্ব})^2 + (\text{ভূমি})^2$
$\Rightarrow (\text{অতিভুজ})^2 = 8^2 + ৩^2$
$= ১৬ + ৯$
$\Rightarrow \text{অতিভুজ} = \sqrt{২৫} = ৫$
∴ অতিভুজ = ৫ সে.মি.



৪৫. কোন পরীক্ষায় শতকরা ৮৫ জন ইংরেজিতে পাস করেছে। ইংরেজিতে মোট ফেলের সংখ্যা ৭৫ হলে, পরীক্ষার্থীর সংখ্যা কত?

ক. ৭৭৫ জন খ. ৬৫০ জন
গ. ৫০০ জন ঘ. ৩৭৫ জন

উত্তর✓ গ

মোট পরীক্ষার্থী ১০০ জন হলে ফেল করে (১০০ − ৮৫) = ১৫ জন
১৫ জন ইংরেজিতে ফেল করলে মোট পরীক্ষার্থী ১০০ জন
১ " " " " " $\frac{১০০}{১৫}$ "
৭৫ " " " " " $\frac{১০০ \times ৭৫}{১৫}$ "
= ৫০০ জন

৪৬. বাংলাদেশের উপর দিয়ে যে ভৌগোলিক কাল্পনিক রেখা গেছে তার নাম কী?

ক. কর্কট রেখা খ. মকর রেখা
গ. বিষুব রেখা ঘ. দ্রাঘিমা রেখা

উত্তর✓ ক নিরক্ষরেখা বা বিষুবরেখা হতে ২৩.৫° উত্তর অক্ষাংশকে কর্কটক্রান্তি রেখা বলে। এই রেখা বাংলাদেশের প্রায় মধ্যভাগ দিয়ে অতিক্রম করেছে।

৪৭. সুন্দরবনের পশ্চিমে কোন নদী অবস্থিত?

ক. মাতামুহুরী খ. রায়মঙ্গল
গ. পশুর ঘ. বলেশ্বর

উত্তর✓ খ সুন্দরবনের পশ্চিমে রায়মঙ্গল নদী অবস্থিত যা সাতক্ষীরা জেলার অন্তর্গত। পূর্বে রয়েছে বলেশ্বর নদী যা পটুয়াখালী জেলায় অবস্থিত এবং দক্ষিণে বঙ্গোপসাগর।

৪৮. মহানন্দা কোন নদীর উপনদী?

ক. মেঘনা খ. যমুনা
গ. কর্ণফুলী ঘ. পদ্মা

উত্তর✓ ঘ নদীর চলার পথে ছোট ছোট অন্যান্য নদী বা জলধারা এসে মিলিত হয় তখন ছোট নদী বা জলধারাকে উপনদী বলে। মহানন্দা পদ্মার উপনদী। মহানন্দা রাজশাহীর গোদাগাড়ীতে পদ্মা নদীর সাথে মিলিত হয়েছে।

৪৯. যমুনা নদী কোথায় পতিত হয়েছে?

ক. পদ্মা খ. মেঘনা
গ. ব্রহ্মপুত্র ঘ. বঙ্গোপসাগর

উত্তর✓ ক যমুনা নদী রাজবাড়ী জেলার গোয়ালন্দের দৌলতদিয়ায় পদ্মা নদীর সাথে মিলিত হয়েছে। মিলিত ধারা পদ্মা নামে প্রবাহিত হয়ে চাঁদপুরে মেঘনা নদীর সাথে মিলিত হয়েছে। এই মিলিত ধারা মেঘনা নামে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

৫০. বাংলাদেশের সবচেয়ে প্রাচীন বিহার কোনটি?
ক. শালবন বিহার খ. আনন্দ বিহার
গ. সোমপুর বিহার ঘ. সীতাকোট বিহার
উত্তর✓ ঘ বাংলাদেশের প্রাচীনতম বৌদ্ধ বিহার সীতাকোট বিহার। বিহারটি দিনাজপুর জেলার নবাবগঞ্জে অবস্থিত। খ্রিষ্টীয় ৫ম বা ৬ষ্ঠ শতকে সীতাকোট বিহার নির্মিত হয়েছে।

৫১. ষাটগম্বুজ মসজিদটির নির্মাতা কে?
ক. ইসলাম খান খ. ঈসা খাঁ
গ. শায়েস্তা খান ঘ. যুবরাজ মোহাম্মদ আযম
উত্তর✓ = সঠিক উত্তর নেই। ষাট গম্বুজ মসজিদ বাগেরহাট জেলায় অবস্থিত। প্রাক- মুঘল আমলে পঞ্চদশ শতাব্দীতে পীর খান জাহান আলী (র) মসজিদটি নির্মাণ করেন। ষাট গম্বুজ মসজিদে মোট ৮১ টি গম্বুজ রয়েছে। ঢাকার মোহাম্মদপুরে অবস্থিত সাত গম্বুজ মসজিদটি ১৬৮০ সালে মুঘল সুবাদার শায়েস্তা খাঁর আমলে তার পুত্র উমিদ খাঁ নির্মাণ করেন।

৫২. মহাস্থানগড় কোন নদীর তীরে অবস্থিত?
ক. করতোয়া খ. মহানন্দা
গ. গঙ্গা ঘ. পদ্মা
উত্তর✓ ক বাংলাদেশের প্রাচীনতম জনপদ পুণ্ড্র। এই জনপদের রাজধানী ছিল পুণ্ড্রনগর যা বর্তমানে মহাস্থানগড় নামে পরিচিত। মহাস্থানগড় বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায় করতোয়া নদীর পশ্চিম তীরে অবস্থিত।

৫৩. বাংলাদেশ কত সালে কমনওয়েলথ-এর সদস্য পদ লাভ করে?
ক. ১৯৭২ খ. ১৯৭৩
গ. ১৯৭৪ ঘ. ১৯৭৫
উত্তর✓ ক বাংলাদেশ প্রথম আন্তর্জাতিক সংস্থা হিসেবে কমনওয়েলথ এর সদস্যপদ লাভ করে। বাংলাদেশ ১৮ এপ্রিল ১৯৭২ সালে কমনওয়েলথ এর ৩২তম সদস্য হিসেবে যোগদান করে।

৫৪. জাপান পার্লহারবার আক্রমণ করে-
ক. ৭ ডিসেম্বর ১৯৩৯ খ. ৭ ডিসেম্বর ১৯৪০
গ. ৭ ডিসেম্বর ১৯৪১ ঘ. ৭ ডিসেম্বর ১৯৪২
উত্তর✓ গ পার্ল হারবার প্রশান্ত মহাসাগরে অবস্থিত মার্কিন যুক্তরাষ্ট্রের হাওয়াই অঙ্গরাজ্যের একটি দ্বীপ। এখানে যুক্তরাষ্ট্রের নৌ ও বিমান ঘাঁটি রয়েছে দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন ৭ ডিসেম্বর ১৯৪১ সালে জাপান পার্ল হারবার আক্রমণ করে। এর ফলে যুক্তরাষ্ট্র ৮ ডিসেম্বর ১৯৪১ সালে সরাসরি দ্বিতীয় বিশ্বযুদ্ধ অংশগ্রহণ করে।

৫৫. নিচের কোনটি ভাইরাসজনিত রোগ নয়?
ক. হাম খ. ডিপথেরিয়া
গ. এইডস ঘ. জন্ডিস (হেপাটাইটিস)
উত্তর✓ খ ভাইরাস হলো নিউক্লিক ও প্রোটিন সমন্বয়ে গঠিত এক প্রকার অতি আণুবীক্ষণিক অকোষীয় সত্ত্বা। ভাইরাস মানুষের ইনফ্লুয়েঞ্জা, পোলিও, হাম, বসন্ত, ডেঙ্গু, জলাতঙ্ক, এইডস প্রভৃতি রোগ সৃষ্টি করে। ডিপথেরিয়া ব্যাকটেরিয়াজনিত রোগ।

৫৬. বিলিরুবিন তৈরি হয়-
ক. কিডনীতে খ. পিত্তথলিতে
গ. প্লিহায় ঘ. যকৃতে
উত্তর✓ ঘ বিলিরুবিন হচ্ছে পিত্তরসের কমলা রঙের প্রধান রঞ্জক পদার্থ। এটি তৈরি হয় শরীরের যকৃত বা লিভারে। শরীরে বিলিরুবিনের পরিমাণ বেড়ে গেলে চামড়া ও চোখ হলুদ দেখায়।

৫৭. ব্যাঙের হৃৎপিণ্ডের কয়টি প্রকোষ্ঠ থাকে?
ক. একটি খ. দুইটি
গ. তিনটি ঘ. চারটি
উত্তর✓ গ ব্যাঙের হৃদপিন্ডের প্রকোষ্ঠ তিনটি। দু'টি অলিন্দ ও একটি নিলয়।

৫৮. মানুষের ক্রোমোজমের সংখ্যা কত?
ক. ২০ জোড়া খ. ২১ জোড়া
গ. ২২ জোড়া ঘ. ২৩ জোড়া
উত্তর✓ ঘ কোষ বিভাজন কালে ক্রোমাটিন তন্তু থেকে সৃষ্ট, নিউক্লিক এসিড ও প্রোটিন দিয়ে গঠিত, স্ব প্রজননশীল, সূত্রাকারে যে বস্তু জীবের বংশগতির বৈশিষ্ট্যগুলো পরিবহণ করে তাকে ক্রোমজোম বলে। মানুষের ক্রোমোজোমের সংখ্যা ২৩ জোড়া।

৫৯. ভূ-ত্বকে কোন উপাদান সবচেয়ে কম থাকে?
ক. সোডিয়াম খ. অ্যালুমিনিয়াম
গ. ক্যালসিয়াম ঘ. লোহা
উত্তর✓ ক অশ্মমণ্ডলের উপরিভাগে অবস্থিত শিলার যে কঠিন বহিরাবরণ দেখা দেয় তাকে ভূ-ত্বক বলে। ভূ-ত্বক গঠনকারী উপাদানগুলো অক্সিজেন (৪২.৭%), সিলিকন (২৭.৭%), অ্যালুমিনিয়াম (৮.১%), লৌহ (৫.১%), ক্যালসিয়াম (৩.৭%), সোডিয়াম (২.৮%) ইত্যাদি।

৬০. কোনটি খর পানিতে উত্তম ফেনা দেয়?
ক. টয়লেট সাবান খ. ডিটারজেন্ট
গ. লন্ড্রিসাবান ঘ. তরল সাবান
উত্তর✓ খ ডিটারজেন্ট এক শ্রেণীর পরিষ্কারক যা সিনথেটিক পদার্থ থেকে প্রস্তুত করা হয়। এটি খর পানিতে উত্তম ফেনা দেয়।

৬১. কোন রঙের আলোর বিচ্যুতি সবচেয়ে কম?
ক. লাল খ. বেগুনি
গ. নীল ঘ. হলুদ
উত্তর✓ ক যে আলোর তরঙ্গদৈর্ঘ্য কম, তার বিচ্যুতি বেশি হয়। যার তরঙ্গদৈর্ঘ্য বেশি, তার বিচ্যুতি কম। লাল আলোর তরঙ্গদৈর্ঘ্য বেশি, তাই সেই আলোর বিচ্যুতি কম।

৬২. কত তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি?
ক. ০° সেন্টিগ্রেড খ. ৪° সে. গ্রে
গ. ৬° সে.গ্রে ঘ. ৮° সে.গ্রে
উত্তর✓ খ ৪°C তাপমাত্রা পানির ব্যতিক্রমী প্রসারণ। এই তাপমাত্রায় পানির ঘনত্ব বেশি হয়।

৬৩. কোনটি একবীজপত্রী উদ্ভিদ নয়?
ক. ভুট্টা খ. নারিকেল
গ. গম ঘ. কাঁঠাল
উত্তর✓ খ যে সকল উদ্ভিদের ফলে একটিমাত্র বীজপত্র থাকে তাদের একবীজপত্রী উদ্ভিদ বলে। যেমন: ধান, গম, তাল, সুপারি ইত্যাদি।

৬৪. টেস্ট ক্রিকেটের সদস্য হিসেবে বাংলাদেশের অবস্থান কী?
ক. সপ্তম খ. অষ্টম
গ. নবম ঘ. দশম
উত্তর✓ ঘ বাংলাদেশ দশম সদস্য হিসেবে টেস্ট ক্রিকেটের মর্যাদা লাভ করে ২৬ জুন ২০০০ সালে। বাংলাদেশ প্রথম টেস্ট খেলে ভারতের বিপক্ষে ১০-১৪ নভেম্বর ২০০০ সালে ঢাকায়। বাংলাদেশ নিজস্ব ৩৫ তম টেস্টে প্রথম জয় পায় ২০০৫ সালে জিম্বাবুয়ের বিপক্ষে।

৬৫. কত বছর পর পর বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয়?
ক. ৩ বছর খ. ৪ বছর
গ. ৫ বছর ঘ. ৬ বছর
উত্তর✓ খ বিশ্বকাপ ফুটবল খেলা শুরু হয় ১৯৩০ সালে। বিশ্বকাপ ফুটবল ৪ বছর পরপর অনুষ্ঠিত হয়। ২০তম বিশ্বকাপ ২০১৪ সালে অনুষ্ঠিত হয় ব্রাজিলে। ২১তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয় রাশিয়ায় ২০১৮ সালে।

৬৬. বিশ্বকাপ ফুটবলে ৪ (চার) বার চ্যাম্পিয়ন হয়েছে-
ক. জার্মানি খ. ইতালি
গ. আর্জেন্টিনা ঘ. ব্রাজিল
উত্তর✓ ক,খ বিশ্বকাপ ফুটবলে ব্রাজিল সর্বাধিক ৫ (পাঁচ) বার চ্যাম্পিয়ন হয়েছে। জার্মানি ও ইতালি চ্যাম্পিয়ন হয়েছে ৪ (চার) বার করে। ফ্রান্স, আর্জেন্টিনা ও উরুগুয়ে ২ (দুই) বার করে চ্যাম্পিয়ন হয়। এছাড়া ইংল্যান্ড ও স্পেন একবার করে চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করে।

৬৭. কলম্বিয়া দেশটি কোন মহাদেশে অবস্থিত?
ক. ইত্তর আমেরিকা খ. দক্ষিণ আমেরিকা
গ. ইউরোপ ঘ. আফ্রিকা
উত্তর✓ খ কলম্বিয়া দক্ষিণ আমেরিকা মহাদেশের একটি দেশ। কলম্বিয়ার রাজধানী বোগোতা, ভাষা স্প্যানিশ, মুদ্রা পেসো। কলম্বাসের নামানুসারে দেশটির নামকরণ করা হয়েছে।

৬৮. বাংলাদেশে প্রথম উপজেলা নির্বাচন হয় কোন সালে?
ক. ১৯৮৩ খ. ১৯৮৪
গ. ১৯৮৫ ঘ. ১৯৮৬
উত্তর✓ গ থানার পরিবর্তে উপজেলা নামকরণ করা হয় ১৪ মার্চ ১৯৮৩ সালে। উপজেলা পরিষদ বাতিল ঘোষণা করা হয় ২৩ নভেম্বর ১৯৯১ সালে। পরবর্তীতে উপজেলা ব্যবস্থা পুনঃপ্রবর্তন করা হয় ৩ ডিসেম্বর ১৯৯৮ সালে। উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে মোট ৪(চার) বার। প্রথম উপজেলা নির্বাচন অনুষ্ঠিত হয় ১৬-২০ মে ১৯৮৫ সালে। সর্বশেষ বা চতুর্থ উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয় ২০১৪ সালে।

৬৯. আরাকান পাহাড় হতে উৎপন্ন নদী কোনটি?
ক. ফেনী নদী খ. সাঙ্গু নদী
গ. কর্ণফুলি নদী ঘ. নাফ নদী
উত্তর✓ খ

নদীর নাম	উৎপত্তি স্থল
ফেনী নদী	খাগড়াছড়ি পার্বত্য এলাকা
সাঙ্গু নদী	বাংলাদেশ- মিয়ানমার সীমানার আরাকান পর্বত
কর্ণফুলী নদী	ভারতের মিজোরাম রাজ্যের লুসাই পাহাড়
নাফ নদী	মিয়ানমারের আরাকান পাহাড়

৭০. কোনটি স্তন্যপায়ী প্রাণী নয়?
ক. কুমির খ. তিমি
গ. হাতি ঘ. বাদুড় উত্তর ক

৭১. প্রথম এশিয়ান গেমস অনুষ্ঠিত হয়েছিল-
ক. সিউলে খ. নয়াদিল্লীতে
গ. ম্যানিলায় ঘ. কুয়ালালামপুরে
উত্তর✓ খ প্রথম এশিয়ান গেমস অনুষ্ঠিত হয় ১৯৫১ সালে ভারতের নয়াদিল্লীতে। ১৭তম এশিয়ান গেমস অনুষ্ঠিত হয় ২০১৪ সালে দক্ষিণ কোরিয়ার ইনচিয়নে। ১৮তম এশিয়ান গেমস অনুষ্ঠিত হবে ২০১৮ সালে ইন্দোনেশিয়ার জাকার্তা ও পালেম্বাং এ।

৭২. মঙ্গলগ্রহে প্রেরিত নভোযান কোনটি?
ক. সরুজ খ. এপোলো
গ. ভয়েজার ঘ. ভাইকিং উত্তর ঘ

৭৩. টিউমার সংক্রান্ত চর্চাকে বলে-
ক. টিউমারোলজি খ. অনকোলজি
গ. সাইটোলজি ঘ. একোলজি
উত্তর✓ খ অনকোলজি হল টিউমার বিষয়ক গবেষণা ও চিকিৎসা বিষয়ক চর্চা।

৭৪. ব্যাঙের ছাতা কোন শ্রেণির উদ্ভিদ?
ক. ব্যাকটেরিয়া খ. শৈবাল
গ. ছত্রাক ঘ. কোনোটিই নয়
উত্তর✓ গ মাশরুম বা ব্যাঙের ছাতা যা Fungus বা ছত্রাক নামে পরিচিত।

৭৫. ভূপৃষ্ঠে কোন ধাতু সবচেয়ে বেশি আছে?
ক. অ্যালুমিনিয়াম খ. তামা
গ. দস্তা ঘ. পারদ
উত্তর✓ ক উপরিউক্ত উত্তরগুলোর মধ্যে অ্যালুমিনিয়াম ভূ-পৃষ্ঠে বেশি পাওয়া যায়। ভূ-ত্বকের প্রায় ৮.১% হচ্ছে অ্যালুমিনিয়াম।

৭৬. সিরডাপ (CIRDAP)-এর সদর দপ্তর কোথায়?
ক. দিল্লি খ. ইসলামাবাদ
গ. ঢাকা ঘ. পোল্যান্ড
উত্তর✓ গ CIRDAP এর পূর্ণরূপ Centre on Integrated Rural Development for Asia and the Pacific. সিরডাপ গঠিত হয় ৬ জুলাই ১৯৭৯ সালে। এর বর্তমান সদস্য সংখ্যা ১৫ টি। সিরডাপ এর সদর দপ্তর ঢাকায়, সুপ্রিম কোর্টের সম্মুখে চামেলী হাউজে।

৭৭. বৈদ্যুতিক ক্ষমতার একক-
ক. জুল খ. ওয়াট
গ. নিউটন ঘ. ক্যালরি উত্তর খ

৭৮. বাংলাদেশে দীর্ঘতম গাছের নাম কী?
ক. বৈলাম খ. অর্জুন
গ. মেহগনি ঘ. ইউক্যালিপটাস
উত্তর✓ ক বাংলাদেশের দীর্ঘতম গাছের নাম বৈলাম। ২৪০ ফুটের চেয়েও বেশি উঁচু হওয়া এই গাছ চিরহরিৎ বনাঞ্চলে বেশি দেখা যায়। বন গবেষণা ইনস্টিটিউটের দেওয়া তথ্য মতে বর্তমানে দেশে মাত্র ২৪ টি বৈলাম বৃক্ষ রয়েছে। গাছগুলো রয়েছে বান্দরবানের রুমা উপজেলা এবং কক্সবাজারের ডুলাহাজরায়।

৭৯. কোনটি ভূকম্পন পরিমাপের যন্ত্র?
ক. হাইড্রোফোন খ. আইসোফোন
গ. ডিকটোফোন ঘ. সিসমোগ্রাফ
উত্তর✓ ঘ প্রাকৃতিক কারণে ভূ-পৃষ্ঠের উপরিভাগ যদি আকস্মিক এবং ক্ষণস্থায়ী ভিত্তিতে প্রবলভাবে আলোড়িত বা আন্দোলিত হয়, তাকে ভূমিকম্প বলে। ভূ-কম্পন মাপার যন্ত্র হচ্ছে সিসমোগ্রাফ।

৮০. বাংলাদেশের সর্বোচ্চ শৃঙ্গ কোনটি?
ক. কেওক্রাডং খ. লুসাই
গ. আরাকান ঘ. কোনোটিই নয়
উত্তর✓ ঘ বাংলাদেশের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ তাজিংডং'। এর অপর নাম বিজয়। তাজিংডং বান্দরবানের রুমায় অবস্থিত। এই পর্বতের উচ্চতা ১২৩১ মিটার বা ৪০৩৯ ফুট। দ্বিতীয় সর্বোচ্চ পর্বতশৃঙ্গ কেওক্রাডং বান্দরবানের রুমায় অবস্থিত। কেওক্রাডং এর উচ্চতা ১২৩০ মিটার বা ৪০৩৫ ফুট।



২৬

প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩

সেট : ১
তারিখ : ১৪.০৪.২০১৩

[কোড : শীতলাক্ষ্যা]

সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. 'এই মোর হাতে কোদাল ধরিয়া কঠিন মাটির তলে, গাড়িয়া দিয়াছি কত সোনামুখ নাওয়ায়ে চোখের জলে।' পঙক্তিটি কোন কবির রচনা?

ক. জসীমউদ্‌দীন　খ. সুফিয়া কামাল
গ. সত্যেন্দ্রনাথ দত্ত　ঘ. আবদুল কাদির

উত্তর✓ ক　ব্যাখ্যা: উল্লিখিত পঙক্তিটি পল্লিকবি জসীমউদ্‌দীন রচিত 'কবর' কবিতা থেকে নেওয়া হয়েছে। কবিতাটি প্রথম 'কল্লোল' পত্রিকা'য় প্রকাশিত হয়। 'কবর' কবিতাটি তাঁর প্রথম কাব্যগ্রন্থ 'রাখালী' (১৯২৭০) কাব্যগ্রন্থের অন্তর্গত।

০২. 'জাহান্নম হইতে বিদায়' শওকত ওসমান রচিত একটি-

ক. ছোটকল্প　খ. উপন্যাস
গ. নাটক　ঘ. প্রবন্ধ

উত্তর✓ খ　ব্যাখ্যা: জাহান্নম হইতে বিদায়, দুই সৈনিক, ক্রীতদাসের হাসি, জলাংগী, রাজা উপাখ্যান, নেকড়ে অরণ্য এবং চৌরসন্ধি শওকত ওসমানের উল্লেখযোগ্য উপন্যাস।

০৩. মুনীর চৌধুরী রচিত 'কেউ কিছু বলতে পারে না' একটি-

ক. উপন্যাস　খ. গল্প
গ. প্রবন্ধ　ঘ. অনুবাদ নাটক

উত্তর✓ ঘ　ব্যাখ্যা: মুনীর চৌধুরীর 'কেউ কিছু বলতে পারে না' নাটকটি জর্জ বার্নার্ড শ'র 'You never can tell' এর অনুবাদ। রূপার কৌটা, 'মুখরা রমণী বশীকরণ' তাঁর অন্য দুটি অনুবাদ নাটক।

০৪. কোন বানানটি শুদ্ধ?

ক. তেজস্ক্রীয়তা　খ. তেজস্ক্রিয়তা
গ. তেজস্ক্রিয়তা　ঘ. তেজোস্ক্রীয়তা

উত্তর✓ গ　ব্যাখ্যা: কয়েকটি শুদ্ধ বানান : তেজস্ক্রিয়তা, তোরণ, তিরস্কার, তিরোধান, তিরোভাব, ত্বরণ, ত্বরান্বিত, ত্বাদৃশ।

০৫. কোনটি শুদ্ধ বানান?

ক. রৌদ্রকরজ্জল　খ. রৌদ্রকরোজ্জ্বল
গ. রৌদ্রকরজ্জ্বল　ঘ. রৌদ্রকরোজ্জল

উত্তর✓ খ　ব্যাখ্যা: কতিপয় শুদ্ধ বানান : রৌদ্রকরোজ্জ্বল, রামায়ণ, রমণী, রঙিন, রঙ্গালয়, রপ্তানি, রাজনীতি, রুগ্‌ণ, রেস্তোরাঁ।

০৬. 'টাকায় টাকা হয়' নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি?

ক. কর্তায় ৭মী　খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী　ঘ. অধিকরণে ৭মী

উত্তর✓ গ　ব্যাখ্যা: যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমন : পাপে বিরত হও।

০৭. 'আজকে নগদ কালকে ধার।' নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি?

ক. কর্তায় ২য়া　খ. কর্মে ২য়া
গ. অপাদানে ২য়া　ঘ. অধিকরণে ২য়া

উত্তর✓ ঘ　ব্যাখ্যা: যে স্থানে বা সময়ে ক্রিয়া সম্পাদিত হয়, তাকে অধিকরণ কারক বলে। যেমন : তারা সকালে পড়ে।

০৮. 'খাসমহল' (খাস যে মহল) কোন সমাস?

ক. কর্মধারয়　খ. তৎপুরুষ
গ. অব্যয়ীভাব　ঘ. বহুব্রীহি

উত্তর✓ ক　ব্যাখ্যা: যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। যেমন : নীল যে আকাশ = নীলাকাশ।

০৯. 'তেপান্তর' (তিন প্রান্তরের সমাহার) কোন সমাস?

ক. তৎপুরুষ　খ. দ্বিগু
গ. কর্মধারয়　ঘ. দ্বন্দ্ব

উত্তর✓ খ　ব্যাখ্যা: সমাহার (সমষ্টি) বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে দ্বিগু সমাস বলে। যেমন : ত্রি কালের সমাহার– ত্রিকাল। এখানে 'ত্রি' সংখ্যাবাচক শব্দ এবং 'কাল' বিশেষ্য।

১০. 'যা দীপ্তি পাচ্ছে' এক কথায় কী হবে?

ক. সন্দীপন　খ. দীপ্তিমান
গ. আলোকিত　ঘ. দেদীপ্যমান

উত্তর✓ ঘ　ব্যাখ্যা: কতিপয় এক কথায় প্রকাশ : কথায় যা প্রকাশ করা যায় না– অনির্বচনীয়; কালে যা ঘটে– কালীন; কাচের তৈরি ঘর– শীশমহল; কোনো কিছুতে ভয় নেই যার– অকুতোভয়

১১. 'যে বস্তি থেকে উৎখাত হয়েছে' এক কথায় কী হবে?

ক. উদ্বাস্তু　খ. সর্বহারা
গ. বস্তিহীন　ঘ. কাঙ্গাল

উত্তর✓ ক　ব্যাখ্যা: কতিপয় এক কথায় প্রকাশ : যে সব জানে– সর্বজ্ঞ; যা দীপ্তি পাচ্ছে– দীপ্তিমান; যা পূর্বে দেখা যায় নি– অদৃষ্টপূর্ব; যা বলা হবে– বক্তব্য; যে বিষয়ে কোনো বিতর্ক নেই– অবিসংবাদী।

১২. 'দ্যুলোক' শব্দের সন্ধিবিচ্ছেদ শব্দ কোনটি?

ক. দু + লোক　খ. দুল + অক
গ. দিব + লোক　ঘ. দ্যু + অক

উত্তর✓ গ　ব্যাখ্যা: নিপাতনে সিদ্ধ সংস্কৃত ব্যঞ্জনসন্ধি : আ + চর্য = আশ্চর্য, আ + পদ = আস্পদ, বন্ + পতি = বনস্পতি, মন + ঈষা = মনীষা, ষট্ + দশ = ষোড়শ, এক + দশ = একাদশ, বৃহৎ + পতি = বৃহস্পতি, গো + পদ = গোষ্পদ, পর + পর = পরস্পর, দিব্ + লোক = দ্যুলোক।

১৩. 'পর্বত' শব্দের সমার্থক শব্দ কোনটি?

ক. সরোজ　খ. মহীধর
গ. বৈভব　ঘ. উদক

উত্তর✓ খ　ব্যাখ্যা: 'পর্বত' এর সমার্থক শব্দ : গিরি, শৈল, মহীধর, অদ্রি, অগ, মহীধ্র, নগ, শৃঙ্গবান, ক্ষিতিধর, পাহাড়, সানুমান।

১৪. 'নিমগ্ন' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?

ক. উদাসীন　খ. জাগরিত
গ. অপকর্ষ　ঘ. নিস্তেজ

উত্তর✓ ক　ব্যাখ্যা: কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
নিরাকার	সাকার	নৈঃশব্দ	সশব্দ
নিশ্চয়	সংশয়	নির্মল	পঙ্কিল

১৫. 'নির্মম' কথাটি নিচের কোন বাগ্‌ধারা দিয়ে বুঝানো হয়েছে?

ক. ইঁদুর কপালে　খ. অন্তর টিপুনী
গ. বিষের পুটুলি　ঘ. মাছের মা

উত্তর✓ খ　ব্যাখ্যা: কয়েকটি গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : উনপঞ্চাশে বায়ু (পাগলামি), গুরুচণ্ডালি (উঁচু-নিচু সহাবস্থান), নিরানব্বইয়ের ধাক্কা (সঞ্চয়ের প্রবৃত্তি) রামগরুড়ের ছানা (গোমড়ামুখো ব্যক্তি), খয়ের খাঁ (চাটুকার), খেজুরে আলাপ (অকাজের কথা)।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১৬. কোন বানানটি শুদ্ধ?
ক. Guillotine খ. Gillotine
গ. Guilotine ঘ. Giullotine
উত্তর✓ ক ব্যাখ্যা: Guillotine শব্দের অর্থ শিরশ্ছেদ করার যন্ত্রবিশেষ। সুতরাং অপশন (ক) সঠিক উত্তর।

১৭. কোনটি শুদ্ধ বানান?
ক. Mustach খ. Moustach
গ. Moustache ঘ. Mustache
উত্তর✓ গ,ঘ ব্যাখ্যা: বাংলা একাডেমি প্রকাশিত অভিধান, অন্যান্য English Bangla Dictinary অনুযায়ী Moustache ও Mustache দুটি বানানই সঠিক।

১৮. 'He has control —— himself.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. in খ. on
গ. at ঘ. over
উত্তর✓ খ ব্যাখ্যা: Control over অর্থ নিয়ন্ত্রণ। কারো উপর নিয়ন্ত্রণ বুঝাতে control over ব্যবহৃত হয়। সুতরাং সঠিক উত্তর অপশন (ঘ)।

১৯. 'He is callous —— his studies.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. on খ. to
গ. for ঘ. in
উত্তর✓ খ ব্যাখ্যা: Callous to অর্থ উদাসীন। কোনো কিছুর প্রতি উদাসীন অর্থে Callous to ব্যবহৃত হয়।

২০. কোন বাক্যটি শুদ্ধ?
ক. Did he take leave of you?
খ. Did he take your leave?
গ. Did he take leave from you?
ঘ. Did he take leave off you?
উত্তর✓ ক ব্যাখ্যা: প্রদত্ত অপশনগুলোর মধ্যে অপশন (ক) শুদ্ধ বাক্য। leave of অর্থ ছুটি নেয়া, এখানে কারো কাছ থেকে ছুটি নেয়া অর্থে ব্যবহৃত হয়েছে।

২১. কোন বাক্যটি শুদ্ধ?
ক. Anis copied the answer word by word
খ. Anis copied the answer word with word
গ. Anis copied the answer word for word
ঘ. Anis copied the answer word in word
উত্তর✓ গ ব্যাখ্যা: প্রদত্ত অপশনগুলোর মধ্যে (গ) বাক্যটি শুদ্ধ। word for word এখানে হুবহু নকল করার ক্ষেত্রে ব্যবহৃত হয়।

২২. কোনটি 'sober' শব্দের সমার্থক শব্দ?
ক. Informal খ. Sedate
গ. Ominary ঘ. Boisterous
উত্তর✓ খ ব্যাখ্যা: Sober অর্থ শান্ত, Sedate শব্দের অর্থ ধীর, স্থির যা সমার্থক।

২৩. 'Opinion' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. Fact খ. Misgiving
গ. Knowledge ঘ. Belief
উত্তর✓ ঘ ব্যাখ্যা: Opinion অর্থ অভিমত, মতামত, ধারণা, বিশ্বাস, Belief শব্দের অর্থ বিশ্বাস।

২৪. কোনটি Collective Noun?
ক. Boy খ. Books
গ. Library ঘ. Mouth
উত্তর✓ গ ব্যাখ্যা: library অর্থ গ্রন্থাগার, এটি collective Noun অর্থাৎ সমষ্টিকে বুঝিয়েছে।

২৫. 'you should keep your promise.' বাক্যটির Passive form হবে–
ক. Your promise should be kept by you
খ. Your promise is to be kept by you
গ. Your promise should keep by you
ঘ. Your promise should kept by you
উত্তর✓ ক ব্যাখ্যা: Passive করার নিয়মানুযায়ী অপশন (ক) Your promise should be kept by you. উত্তর সঠিক। সাধারণ নিয়ম: Object কে Sub করতে হয় + tense অনুযায়ী সাহায্যকারী verb (should be) + মূল verb এর PP + by + sub কে object করতে হয়।

২৬. Am I wanted by you? বাক্যটির Active form হবে–
ক. Did you want me? খ. Do you want me?
গ. Are you wanted me? ঘ. Have you wanted me?
উত্তর✓ খ ব্যাখ্যা: Active form এর নিয়মানুযায়ী অপশন (খ) উত্তর সঠিক। tense অনুযায়ী সাহায্যকারী verb + object কে sub. করতে হয় + মূল verb + sub. কে object করতে হয়।

২৭. 'Slave' শব্দটি Abstract Noun হবে–
ক. Slavery খ. Slave
গ. Slaverer ঘ. Slaves
উত্তর✓ ক ব্যাখ্যা: Slave অর্থ ক্রীতদাস, এটির Abstract Noun হচ্ছে Slavery (দাসত্ব)।

২৮. সহজ নিয়ম: Anwar said, 'I have done the sum.' বাক্যটির indirect speech হবে–
ক. Anwar said that I have done the sum
খ. Anwar said that I had done the sum
গ. Anwar said that he had done the sum
ঘ. Anwar said that he has done the sum
উত্তর✓ গ ব্যাখ্যা: Indirect speech এর নিয়মানুযায়ী অপশন (গ) সঠিক উত্তর। Inverted কমা উঠে that বসবে + I এর পরিবর্তে he বসবে + present perfect tense পরিবর্তন হয়ে past perfect tense হবে + বাকি অংশ।

২৯. He asked me where I had gone the previous day– বাক্যটির direct speech হবে–
ক. He said to me, "Where did you go yesterday?"
খ. He asked me, "Where have you gone yesterday?"
গ. He asked me, "Where had you gone previous day?"
ঘ. He said to me, "Where did you go previous day?"
উত্তর✓ ক ব্যাখ্যা: Direct speech এ রূপান্তরের ক্ষেত্রে asked এর পরিবর্তে said to বসে + object + inverted কমা + প্রশ্নবোধক শব্দ অপরিবর্তিত থাকে + corresponding tense form + yesterday বসে।

৩০. 'At home' -এর অর্থ–
ক. Familiar with খ. Try to make a home
গ. One who has lost home ঘ. Home made of bricks.
উত্তর✓ ক ব্যাখ্যা: At home এর অর্থ দক্ষ, পরিচিত। Familiar with একই ধরনের অর্থ বহন করে। সুতরাং অপশন (ক) সঠিক উত্তর।

৩১. দুইটি রাশির অনুপাত ৪ ঃ ৭। পূর্ব রাশি ১৬ হলে, উত্তর রাশি কত?
ক. ২৪ খ. ২৮
গ. ৩০ ঘ. ৩৫
উত্তর✓ খ ব্যাখ্যা: মনে করি, উত্তর রাশি x
∴ শর্ত মতে, ৪ : ৭ = ১৬ : x
$\Rightarrow \frac{৪}{৭} = \frac{১৬}{x} \Rightarrow x = \frac{৭ \times ১৬}{৪} = ২৮$ ∴ x = ২৮

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৩২. দুইটি সংখ্যার অনুপাত ৫ ঃ ৮। উভয়ের সাথে ২ যোগ করলে অনুপাতটি ২ ঃ ৩ হয়। সংখ্যা দুইটি কি কি?

ক. ৭ ও ১১ খ. ১০ ও ১৪
গ. ১০ ও ১৬ ঘ. ১২ ও ১৮

উত্তর ✓ গ মনে করি, সংখ্যা দুইটি ৫ক ও ৮ক.
প্রশ্নমতে, $(৫ক + ২) : (৮ক + ২) = ২ : ৩$

$\Rightarrow \frac{৫ক + ২}{৮ক + ২} : \frac{২}{৩}$

$\Rightarrow ১৬ক + ৪ = ১৫ক + ৬$

$\Rightarrow ১৬ক - ১৫ক = ৬ - ৪$

$\Rightarrow ক = ২$

$\therefore$ সংখ্যা দুইটি $৫ \times ২ = ১০$ এবং $৮ \times ২ = ১৬$

৩৩. পিতা ও দুই পুত্রের গড় বয়স ২৪ বছর। তিন বছর পূর্বে দুই পুত্রের গড় বয়স ছিল ১৫ বছর। পিতার বর্তমান বয়স কত?

ক. ৩২ বছর খ. ৩৩ বছর
গ. ৩৪ বছর ঘ. ৩৬ বছর

উত্তর ✓ ঘ
পিতা ও দুই পুত্রের মোট বয়স $(১৪ \times ৩) = ৭২$ বছর
৩ বছর পূর্বে দুই পুত্রের মোট বয়স $(১৫ \times ২) = ৩০$ বছর
দুই পুত্রের বর্তমান বয়স $= ৩০ + (৩ + ৩)$
$= ৩০ + ৬ = ৩৬$ বছর
$\therefore$ পিতার বর্তমান বয়স $= ৭২ - ৩৬ = ৩৬$ বছর।

৩৪. লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় ১৫ কি.মি ও ৫ কি.মি। নদীপথে ৩০ কি.মি যেয়ে আবার ফিরে আসতে সময় লাগবে–

ক. $৩\frac{১}{২}$ ঘণ্টা খ. ৪ ঘণ্টা
গ. $৪\frac{১}{২}$ ঘণ্টা ঘ. ৫ ঘণ্টা

উত্তর ✓ গ
স্রোতের অনুকূলে, সময় $= \frac{\text{মোট দূরত্ব}}{\text{দুই বেগের যোগফল}}$

$= \frac{৩০}{১৫ + ৫} = \frac{৩০}{২০} = \frac{৩}{২}$ ঘণ্টা

স্রোতের প্রতিকূলে, সময় $= \frac{\text{মোট দূরত্ব}}{\text{দুইবেগের বিয়োগফল}}$

$= \frac{৩০}{১৫ - ৫} = \frac{৩০}{১০} = ৩$

মোট সময় $= \frac{৩}{২} + ৩ = \frac{৩ + ৬}{২} = \frac{৯}{২} = ৪\frac{১}{২}$ ঘণ্টা।

৩৫. কোনো বাড়িতে ১০ জন লোকের ৩০ দিনের খাবার আছে। ঐ বাড়িতে ২ জন মেহমান আসলে ঐ খাবারে তাদের কত দিন চলবে?

ক. ২৫ দিন খ. ২৪ দিন
গ. ২০ দিন ঘ. ২২ দিন

উত্তর ✓ ক
$P_1D_1 = P_2D_2$ $P_1 = ১০$ জন
$\Rightarrow ১০ \times ৩০ = ১২D_2$ $D_1 = ৩০$ দিন
$\Rightarrow D_2 = \frac{১০ \times ৩০}{১২}$ $P_2 = ১০ + ২ = ১২$ জন
$D_2 = ?$
$\Rightarrow D_2 = ২৫$ দিন

৩৬. কোনো পরিবারে মজুদ খাদ্যে ৪ জন সদস্যের ১৮ দিন চলে। মেহমান আসায় ঐ খাদ্যে ১২ দিন চললে কতজন মেহমান এসেছিল?

ক. ২ জন খ. ৪ জন
গ. ৬ জন ঘ. ৮ জন

উত্তর ✓ ক
১৮ দিন চলে ৪ জন সদস্যের
১ " " (৪×১৮) " "
১২ " " $\frac{৪ \times ৬}{১২} = ৬$ জন
মেহমান এসেছিলো $= (৬ - ৪) = ২$ জন।

৩৭. একটি কলম ১৯০ টাকায় বিক্রি করাতে ৫% ক্ষতি হয়। কলমটির ক্রয়মূল্য কত?

ক. ১৯৫ টাকা খ. ২০০ টাকা
গ. ২১০ টাকা ঘ. ২২০ টাকা

উত্তর ✓ খ
ক্রয় মূল্য $= \frac{১০০}{১০০ - \text{ক্ষতি}} \times \text{বিক্রয়মূল্য}$

$= \frac{১০০}{১০০ - ৫} \times ১৯০ = \frac{১০০}{৯৫} \times ১৯০ = ২০০$ টাকা।

৩৮. একটি পরীক্ষায় ৭৫টি প্রশ্ন ছিল। আসাদ ৬০টি প্রশ্নের শুদ্ধ উত্তর দিয়েছে। সে শতকরা কতটি প্রশ্নের শুদ্ধ উত্তর দিয়েছে?

ক. ৭০% খ. ৭৫%
গ. ৮০% ঘ. ৮৫%

উত্তর ✓ গ
৭৫টি প্রশ্নের মধ্যে শুদ্ধ উত্তর দিয়েছে ৬০টি
$\therefore$ ১" " " " " $= \frac{৬০}{৭৫}$
$\therefore$ ১০০" " " " " $= \frac{৬০ \times ১০০}{৭৫} = ৮০$টি।

৩৯. বার্ষিক শতকরা কত হার সুদে ৪২৫ টাকা ৩ বছরে সুদ-আসলে ৪৭৬ টাকা হবে?

ক. ৪% খ. $৪\frac{১}{২}$%
গ. ৫% ঘ. ৬%

উত্তর ✓ ক সুদ = সুদাসল − আসল
$= ৪৭৬ - ৪২৫ = ৫১$ টাকা

সুদের হার $= \frac{১০০ \times \text{সুদ}}{\text{আসল} \times \text{সময়}} = \frac{১০০ \times ৫১}{৪২৫ \times ৩} = ৪$%

৪০. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি ক্ষুদ্রতম?

ক. $\frac{৩}{৪}$ খ. $\frac{৫}{৯}$
গ. $\frac{৭}{১২}$ ঘ. $\frac{১১}{১৮}$

উত্তর ✓ খ $\frac{৪}{৩} = ০.৭৫, \frac{৫}{৯} = ০.৫৫, \frac{৭}{১২} = ০.৫৮, \frac{১১}{১৮} = ০.৬১$
এদের মধ্যে $\frac{৫}{৯} = ০.৫৫$ ক্ষুদ্রতম।

৪১. যদি $(x - 5)(a + x) = x^2 - 25$ হয়ে, তবে a -এর মান কত?

ক. −5 খ. 5
গ. 25 ঘ. −25

উত্তর ✓ খ $(x - 5)(a + x) = x^2 - 25$
$\Rightarrow (x - 5)(a + x) = (x - 5)(x + 5)$
$\Rightarrow a + x = x + 5 \Rightarrow a = 5 + x - x \therefore a = 5$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৪২. $(0.01)^2$ - এর মান কোন ভগ্নাংশটির সমান?

ক. $\frac{১}{১০}$ খ. $\frac{১}{১০০}$

গ. $\frac{১}{১০০০}$ ঘ. $\frac{১}{১০০০০}$

উত্তর✓ খ $(0.01)^2 = .0001 = \frac{১}{১০০০০}$

৪৩. $9x^2 + 24x$ এর সাথে কত যোগ করলে যোগফল পূর্ণ বর্গ হবে?

ক. 16 খ. 25

গ. 36 ঘ. 49

উত্তর✓ ক $9x^2 + 24x = (3x)^2 + 2.3x.4 + (4)^2 - 16$
$= (3x + 4)^2 - 16$


16 যোগ করলে যোগফল পূর্ণ বর্গ হবে।

৪৪. কোনো ত্রিভুজের তিন কোণের সমদ্বিখণ্ডকগুলো যে বিন্দুতে ছেদ করে তাকে বলে–

ক. ভরকেন্দ্র খ. পরিকেন্দ্র

গ. অন্তঃকেন্দ্র ঘ. লম্ববিন্দু

উত্তর✓ গ ত্রিভুজের কোণত্রয়ের সমদ্বিখণ্ডক রেখার ছেদবিন্দুকে ত্রিভুজের অন্তঃকেন্দ্র বলে।



চিত্রে, Δ ABC ত্রিভুজের AD, BE এবং CF যথাক্রমে ∠BAC, ∠ABC এবং ∠ACB কোণ ত্রয়ের সমদ্বিখণ্ডক। এরা O বিন্দুতে ছেদ করেছে। O হলো ত্রিভুজটির অন্তঃকেন্দ্র।


৪৫. সমকোণী ত্রিভুজের অতিভুজ সংলগ্ন কোণ দুইটি প্রত্যেকটি –

ক. সূক্ষ্মকোণ খ. স্থূলকোণ

গ. পূরককোণ ঘ. সরলকোণ

উত্তর✓ ক

এক সমকোণ এর চেয়ে ছোট কোণকে সূক্ষ্মকোণ বলে। সমকোণী ত্রিভুজের অতিভুজ সংলগ্ন কোণ দুইটি প্রত্যেকটি সূক্ষ্মকোণ।



৪৬. 'খাসিয়া উপজাতি' কোন জেলায় অধিক বাস করে?

ক. রাঙ্গামাটি খ. সিলেট

গ. ময়মনসিংহ ঘ. বান্দরবান

উত্তর✓ খ বাংলাদেশে বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা ৪৫ টি। খাসী বা খাসিয়া উপজাতি সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার জেলায় বাস করে। খাসিয়াদের ভাষার নাম খাসি।

৪৭. দহগ্রাম ছিটমহল কোন জেলায় অবস্থিত?

ক. লালমনিরহাট খ. কুড়িগ্রাম

গ. নীলফামারী ঘ. পঞ্চগড়

উত্তর✓ ক দহগ্রাম ইউনিয়ন বাংলাদেশের লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলায় অবস্থিত। এর আয়তন ৩৫ বর্গ কিলোমিটার। ১ আগস্ট ২০১৫ সালে বাংলাদেশ ও ভারতের ছিটমহল বিনিময় বা বিলুপ্ত হয়।

৪৮. সুন্দরবনের পূর্বে কোন নদী অবস্থিত?

ক. রায়মঙ্গল খ. বালেশ্বর

গ. মাতামুহুরী ঘ. রূপসা

উত্তর✓ খ সুন্দরবনের পূর্বে বলেশ্বর নদী (পিরোজপুর), পশ্চিমে রায়মঙ্গল নদী (সাতক্ষীরা) এবং দক্ষিণে বঙ্গোপসাগর অবস্থিত।

৪৯. হিমছড়ি কোন শহরের নিকট অবস্থিত?

ক. চট্টগ্রাম খ. টেকনাফ

গ. কক্সবাজার ঘ. বান্দরবান

উত্তর✓ গ হিমছড়ি কক্সবাজার শহর থেকে ১২ কিলোমিটার দূরে অবস্থিত একটি পর্যটন কেন্দ্র। হিমছড়ির একপাশে রয়েছে সুবিস্তৃত সমুদ্র সৈকত এর অন্যপাশে রয়েছে সবুজ পাহাড়ের সারি। হিমছড়ি পাহাড়ে শীতল পানির ঝরনা রয়েছে।

৫০. 'আনন্দবিহার' কোথায় অবস্থিত?

ক. ঢাকার মালিবাগে খ. কুমিল্লার ময়নামতিতে

গ. দিনাজপুরের ফুলবাড়িতে ঘ. চট্টগ্রামের রাউজানে

উত্তর✓ খ 'আনন্দ বিহার' বাংলাদেশের একটি প্রাচীন বৌদ্ধ বিহার। বিহারটি কুমিল্লা জেলার ময়নামতির লালমাই পাহাড়ে অবস্থিত। ধারণা করা হয় ৭ম বা ৮ম শতকে রাজা শ্রী আনন্দ দেব বিহারটি নির্মাণ করেন।

৫১. লালবাগ কেল্লার নির্মাণ কাজ আরম্ভ করেন কে?

ক. শায়েস্তা খান খ. মুর্শিদকুলি খান

গ. সুবাদার ইসলাম খান ঘ. যুবরাজ মোহাম্মদ আযম

উত্তর✓ খ লালবাগ কেল্লার আদি নাম আওরঙ্গবাদ দুর্গ। ১৬৭৮ খ্রিস্টাব্দে সম্রাট আওরঙ্গজেবের পুত্র শাহাজাদা মোহাম্মদ আজম দুর্গটির নির্মাণ কাজ আরম্ভ করেন এবং ১৬৮২ সালে তা সম্পন্ন করেন সুবাদার শায়েস্তা খান।

৫২. বাংলা নববর্ষ পহেলা বৈশাখ চালু করেছিলেন–

ক. বাদশা আকবর খ. বিজয় সেন

গ. লক্ষ্মণ সেন ঘ. ইলিয়াস শাহ

উত্তর✓ ক সম্রাট আকবর ১৫৮৪ সালে কৃষিকাজের সুবিধার্থে বাংলা সন প্রবর্তন করেন। পণ্ডিত ফাতেহ উল্লাহ সিরাজী সম্রাট আকবরের নির্দেশে বাংলা সনের প্রবর্তন করেন। ১৫৫৬ সালের ৫ নভেম্বর সম্রাটের সিংহাসন আরোহণের সময় থেকে তা কার্যকর করা হয়।

৫৩. মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় কোন সালে গঠিত হয়?

ক. ১৯৯৮ সালে খ. ২০০০ সালে

গ. ২০০১ সালে ঘ. ২০০২ সালে

উত্তর✓ গ বর্তমানে বাংলাদেশে মোট মন্ত্রণালয়ের সংখ্যা ৪১টি।। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় গঠিত হয় ২৩ অক্টোবর ২০০১ সালে।। Ministry of Liberation War Affairs এর দুইটি বিভাগ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৫৪. সুমেরীয় সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?
ক. মেসোপটেমিয়ায় খ. পারস্যে
গ. মিশরে ঘ. রাশিয়ায়
উত্তর✓ ক পৃথিবীর সবচেয়ে প্রাচীন সভ্যতা মেসোপটেমিয়া। মেসোপটেমীয় সভ্যতার চারটি পর্যায় ছিল – সুমেরীয়, ব্যাবিলনীয়, অ্যাশেরীয় ও ক্যালেডীয় সভ্যতা। মেসোপটেমিয়ায় গড়ে ওঠা সবচেয়ে প্রাচীন সভ্যতা সুমেরীয় সভ্যতা। সুমেরীয়দের অবদান ছিল লিখন পদ্ধতি (কিউনিফর্ম), গিলগামেশ মহাকাব্য, চাকা এবং পাটিগণিতের গুণ পদ্ধতি আবিষ্কার।

৫৫. নিচের কোনটি যকৃতের রোগ?
ক. কলেরা খ. টাইফয়েড
গ. জণ্ডিস ঘ. হাম
উত্তর✓ গ বিলিরুবিন যকৃতে উৎপন্ন হয়। বিলিরুবিনের পরিমাণ বেড়ে গেলে ত্বক, চোখের সাদা অংশ হলুদ হয়ে যায়, একে জণ্ডিস বলে। যকৃতের একটি রোগের নাম জণ্ডিস।

৫৬. রক্তশূন্যতা বলতে বুঝায়–
ক. রক্তের পরিমাণ কমে যাওয়া
খ. হিমোগ্লোবিনের পরিমাণ কমে যাওয়া
গ. রক্তরসের পরিমাণ কমে যাওয়া
ঘ. অণুচক্রিকার পরিমাণ কমে যাওয়া
উত্তর✓ খ মানবদেহে যখন হিমোগ্লোবিনের পরিমাণ কমে যায় তখন দেহ ফ্যাকাশে রূপ ধারণ করে, তখন এ অবস্থাকে রক্তশূন্যতা বলে। হিমোগ্লোবিনের উপস্থিতির কারণে রক্তের রং লাল হয়।

৫৭. সিস্টোলিক চাপ বলতে বুঝায়–
ক. হৃৎপিণ্ডের সংকোচন চাপ
খ. হৃৎপিণ্ডের প্রসারণ চাপ
গ. হৃৎপিণ্ডের সংকোচন ও প্রসারণ চাপ
ঘ. কোনোটিই নয়
উত্তর✓ ক হৃদপিন্ডের সংকোচন চাপকে সিস্টোলিক ও প্রসারণ চাপকে ডায়াস্টোলিক চাপ বলে।

৫৮. বটের বীজের বিস্তার ঘটে কীসের সাহায্যে?
ক. পাখি খ. পানি
গ. বাতাস ঘ. এর কোনটিই নয়
উত্তর✓ ক বটের ফল রঙিন হওয়াতে পাখি কর্তৃক এগুলোর বীজের বিস্তার ঘটে। পাখি বটের ফল হজম করতে পারে না। ফলে তাদের মলের সাথে এখানে সেখানে বীজ পড়ে এবং বিস্তার ঘটে।

৫৯. নাইট্রোজেন থেকে কোন সার তৈরি করা হয়?
ক. পটাশ খ. টিএসপি
গ. ইউরিয়া ঘ. কোনোটিই নয়
উত্তর✓ গ ইউরিয়া একটি নাইট্রোজেন ঘটিত জৈব্য যৌগ। নাইট্রোজেন গ্যাসকে বিশেষ প্রক্রিয়ায় অ্যামোনিয়ায় রূপান্তরিত করা হয় এবং পরে অ্যামোনিয়া থেকে ইউরিয়া প্রস্তুত করা হয়। ইউরিয়ায় নাইট্রোজেনের পরিমাণ ৪৬ %।

৬০. তেল বা চর্বি হচ্ছে এক ধরনের –
ক. অ্যালকোহল খ. অ্যালডিহাইড
গ. ডিটারজেন্ট ঘ. এস্টার
উত্তর✓ ঘ গ্লিসারিন ও উচ্চ ফ্যাটি এসিডের সমন্বয় গঠিত এস্টার তেল বা চর্বি। এটি স্বাভাবিক তাপমাত্রায় তরল।

৬১. কোন রঙের আলোর বিচ্যুতি সবচেয়ে বেশি?
ক. লাল খ. বেগুনি
গ. সবুজ ঘ. হলুদ
উত্তর✓ খ যে আলোর তরঙ্গ দৈর্ঘ্য যত কম, সে আলোর বিচ্যুতি তত বেশি। বেগুনি আলোর তরঙ্গ দৈর্ঘ্য কম বলে এর বিচ্যুতি সবচেয়ে বেশি।

৬২. মাধ্যাকর্ষণজনিত ত্বরণ সবচেয়ে বেশি কোথায়?
ক. ভূ-পৃষ্ঠে
খ. ভূ-কেন্দ্রে
গ. ভূ-পৃষ্ঠ থেকে ৬০০ মিটার উপরে
ঘ. ভূ-পৃষ্ঠ থেকে ৬০০ মিটার নিচে
উত্তর✓ ক পৃথিবীর যে বলে বস্তুকে নিজের দিকে টানে সে বলকে মাধ্যাকর্ষণ বল বলে। ভূ-পৃষ্ঠে g এর মান সবচেয়ে বেশি বলে মাধ্যাকর্ষণজণিত ত্বরণ সবচেয়ে বেশি।

৬৩. কোনটি সপুষ্পক উদ্ভিদ নয়?
ক. আম খ. অ্যাগারিকাস
গ. শিমুল ঘ. পেয়ারা
উত্তর✓ খ যে সব উদ্ভিদ স্বভোজী অর্থাৎ নিজের খাদ্য নিজেরা তৈরি করতে পারে তাদেরকে সপুষ্পক উদ্ভিদ বলে। আর উল্টোদিকে যারা স্বভোজী নয়, তারা অপুষ্পক উদ্ভিদ। অ্যাগারিকাস সপুষ্পক নয়। কারণ এরা স্বভোজী নয়।

৬৪. বাংলাদেশ কত তারিখে টেস্ট ক্রিকেটের মর্যাদা লাভ করে?
ক. ২০ জুন ২০০০ খ. ২২ জুন ২০০০
গ. ২৪ জুন ২০০০ ঘ. ২৬ জুন ২০০০
উত্তর✓ ঘ বাংলাদেশ দশম সদস্য হিসেবে টেস্ট ক্রিকেটের মর্যাদা লাভ করে ২৬ জুন ২০০০ সালে। বাংলাদেশ প্রথম টেস্ট খেলে ভারতের বিপক্ষে ঢাকায় ১০-১৪ নভেম্বর ২০০০ সালে। প্রথম টেস্ট অধিনায়ক ছিলেন নাঈমুর রহমান দুর্জয়।

৬৫. ২০১২ সালের এশিয়া কাপের ক্রিকেট ফাইনালে বাংলাদেশ কত রানে পাকিস্তানের কাছে হারে?
ক. ২ রান খ. ৩ রান
গ. ৫ রান ঘ. ৭ রান
উত্তর✓ ক ২০১২ সালের এশিয়া কাপে পাকিস্তান ২ রানে বাংলাদেশকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়। ২০১৬ সালের ১৩তম এশিয়া কাপে ভারত বাংলাদেশকে ৮ উইকেটে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়।

৬৬. কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হয় কত বছর পর পর?
ক. ২ বছর খ. ৩ বছর
গ. ৪ বছর ঘ. ৫ বছর
উত্তর✓ গ প্রথম কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হয় ১৯৩০ সালে কানাডার হ্যামিলটনে। কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হয় ৪ বছর পর পর। ২০তম কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হয় স্কটল্যান্ডের গ্লাসগোতে ২০১৪ সালে। ২১তম কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হবে ২০১৮ সালে অস্ট্রেলিয়ার গোল্ডকোস্টে।

৬৭. গোবি মরুভূমি কোথায় অবস্থিত?
ক. এশিয়া খ. উত্তর আফ্রিকা
গ. দক্ষিণ আফ্রিকা ঘ. চীন
উত্তর✓ ক গোবি মরুভূমি এশিয়া মহাদেশের সবচেয়ে বড় মরুভূমি। এই মরুভূমি চীন এবং মঙ্গোলিয়ার দক্ষিণাংশ জুড়ে রয়েছে। গোবি মরুভূমির আয়তন ১২,৯৫,০০০ বর্গ কিলোমিটার।

৬৮. কোন আরব দেশ সর্বপ্রথম বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে?
ক. জর্ডান খ. ইরাক
গ. কুয়েত ঘ. মিশর
উত্তর✓ খ প্রথম আরব ও মধ্যপ্রাচ্যের দেশ হিসেবে বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে ইরাক ৮ জুলাই ১৯৭২ সালে। প্রথম মুসলিম ও আফ্রিকান দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে সেনেগাল ১ ফেব্রুয়ারি ১৯৭২ সালে। প্রথম এশীয় মুসলিম দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে ইন্দোনেশিয়া ও মালয়েশিয়া ২৫ ফেব্রুয়ারি ১৯৭২ সালে।

৬৯. পানিতে অক্সিজেন ও হাইড্রোজেনের অনুপাত কত?
ক. ২ ঃ ১ খ. ১ ঃ ২
গ. ১৬ ঃ ১ ঘ. ১ ঃ ১৬
উত্তর✓ খ পানির রাসায়নিক সংকেত H_20। ১ ভাগ অক্সিজেন ও ২ ভাগ হাইড্রোজেন নিয়ে পানি গঠিত। এদের অনুপাত ১ : ২।

৭০. হোয়াইট হাউজ যে শহরে অবস্থিত –
ক. নিউইয়ার্কে খ. ওয়াশিংটনে
গ. শিকাগোতে ঘ. হনলুলুতে
উত্তর✓ খ হোয়াইট হাউজ মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতির দাপ্তরিক বাসভবন। ওয়াশিংটন ডি.সি পেনসিলভানিয়া এভিনিউয়ে অবস্থিত। এ বাসভবনটি ১৭৯২ থেকে ১৮০০ সালের মধ্যে প্রতিষ্ঠিত হয়। এই ভবনের স্থপতি ছিলেন আইরিশ নাগরিক জেমস হোবান। জন এডামস প্রথম রাষ্ট্রপতি হিসেবে হোয়াইট হাউজে বসবাস শুরু করেন।

৭১. পানি বরফে পরিণত হলে কী ঘটবে?
ক. ঘনত্ব বেড়ে যাবে
খ. আয়তন বেড়ে যাবে
গ. ভর কমে যাবে
ঘ. আয়তনের পরিবর্তন ঘটবে না
উত্তর✓ খ পানি বরফ হলে এর আয়তন বেড়ে যায় ব্যতিক্রম ধর্মী প্রসারণের কারণে। কেননা ৪°C তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি হয়।

৭২. উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্র–
ক. ক্রনোমিটার খ. ওডোমিটার
গ. ট্যাকোমিটার ঘ. অলটিমিটার
উত্তর✓ গ

বিষয়	যন্ত্রের নাম
উড়োজাহাজের গতি	ট্যাকোমিটার
সূক্ষ্ম সময় পরিমাপ	ক্রনোমিটার
উচ্চতা পরিমাপক	অলটিমিটার

৭৩. কুকুরের মুখে দাঁতের সংখ্যা কত?
ক. ২৮ খ. ৩২
গ. ৪০ ঘ. ৪৪
উত্তর✓ ঘ কুকুরের দাঁতের সংখ্যা ৪৪ টি। বয়স্ক মানুষের মুখে দাঁতের সংখ্যা ৩২ টি।

৭৪. নিচের কোনটি ব্যাকটেরিয়াজনিত রোগ?
ক. অ্যাথলিটস ফুট খ. টিটেনাস
গ. দাদ ঘ. কুষ্ঠ
উত্তর✓ খ ব্যাকটেরিয়া হচ্ছে কোষীয় অঙ্গানুবিহীন, জটিল কোষ প্রাচীর ও আদি প্রকৃতির নিউক্লিয়াস বিশিষ্ট সরল প্রকৃতির এককোষী আনুবীক্ষণিক জীব। এরা মানুষের কলেরা, টাইফয়েড, টিটেনাস, যক্ষা, কুষ্ঠ প্রভৃতি রোগ সৃষ্টি করে।

৭৫. কোন গ্যাসকে অত্যাধিক চাপে তরল করে সোডা ওয়াটার তৈরি করা হয়?
ক. অক্সিজেন খ. কার্বন ডাইঅক্সাইড
গ. নাইট্রোজেন ঘ. হাইড্রোজেন
উত্তর✓ খ কার্বন-ডাই অক্সাইড অত্যাধিক চাপে তরল করে সোডা ওয়াটার তৈরি করা হয়।

৭৬. বার্সেলোনা নগরী কোথায় অবস্থিত?
ক. ইতালিতে খ. পর্তুগালে
গ. স্পেনে ঘ. ফ্রান্সে
উত্তর✓ গ বার্সেলোনা স্পেনের দ্বিতীয় বৃহত্তম শহর এবং কাতালোনিয়া অঙ্গরাজ্যের রাজধানী। বার্সেলোনার আয়তন ১০০.৪ বর্গ কিলোমিটার।

৭৭. 'পাবলো পিকাসো' কে ছিলেন?
ক. চিত্রশিল্পী খ. সঙ্গীত শিল্পী
গ. দার্শনিক ঘ. সাহিত্যিক
উত্তর✓ ক পাবলো পিকাসো ২৫ অক্টোবর ১৮৮১ সালে স্পেনের মালাগায় জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন একাধারে চিত্রশিল্পী, ভাস্কর, মৃৎশিল্পী, কবি এবং নাট্যকার। তার বিখ্যাত শিল্পকর্ম হচ্ছে গোয়ার্নিকা, উইমেন অব আলজিয়ার্স, সেলফ পোর্ট্রেট, দ্য ব্লু রুম, ওল্ড গিটারিস্ট প্রভৃতি। পাবলো পিকাসো ৮ এপ্রিল ১৯৭৩ সালে ফ্রান্সে মৃত্যুবরণ করেন।

৭৮. আন্তর্জাতিক রেডক্রসের সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক. হেগ খ. লন্ডন
গ. জেনেভা ঘ. ওয়াশিংটন
উত্তর✓ গ রেডক্রসের প্রতিষ্ঠাতা সুইজারল্যান্ডের নাগরিক হেনরি ডুনান্ট। রেডক্রস প্রতিষ্ঠিত হয় ৯ ফেব্রুয়ারি ১৮৬৩ সালে। রেডক্রসের সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত। মুসলিম বিশ্বে রেডক্রস রেডক্রিসেন্ট নামে পরিচিত।

৭৯. উচ্চ পর্বতের উপর পানির স্ফুটনাঙ্ক কমে যায়, কারণ ঐ উচ্চতায়–
ক. বায়ুর চাপ বেশি খ. বায়ুর চাপ কম
গ. সূর্য তাপের প্রখরতা বেশি ঘ. কোনোটিই নয়
উত্তর✓ খ উচ্চতা বৃদ্ধির সাথে সাথে বায়ুর চাপ কমতে থাকে। উচ্চ পর্বতে বায়ুর চাপ কম, তাই উঁচু পর্বতের উপর পানির স্ফুটনাংক কমে যায় এবং পানি ১০০°C কম তাপমাত্রায় ফুটতে শুরু করে।

৮০. বাংলাদেশের ক্ষুদ্রতম জেলা কোনটি?
ক. বান্দরবান খ. রাঙামাটি
গ. নারায়ণগঞ্জ ঘ. এর কোনোটিই নয়
উত্তর✓ গ পঞ্চম আদমশুমারি-২০১১ এর রিপোর্ট অনুযায়ী বাংলাদেশের ক্ষুদ্রতম জেলা নারায়ণগঞ্জ। আয়তন ৬৮৪.৩৭ বর্গ কিলোমিটার। আয়তনে বাংলাদেশের বৃহত্তম জেলা রাঙ্গামাটি (৬১১৬.১১ বর্গ কিলোমিটার)। বান্দরবান জেলার আয়তন ৪৪৭৯.০১ বর্গ কিলোমিটার।



২৭ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩

সেট : ১ | [কোড : বুড়িগঙ্গা] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ১৪.০৪.২০১৩ | পূর্ণমান : ৮০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. ফাঁসির মঞ্চ থেকে গেল যার জীবনের জয়গান
আসি' অলক্ষ্যে দাঁড়ায়েছে তা'রা, দিবে কোন বলিদান? পঙ্‌ক্তিটির রচয়িতা কে?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর | খ. কাজী নজরুল ইসলাম
গ. ফররুখ আহমেদ | ঘ. গোলাম মোস্তফা
উত্তর✓ খ | উল্লিখিত পঙ্‌ক্তিটি কাজী নজরুল ইসলামের 'সর্বহারা' কাব্যের 'কাণ্ডারী হুশিয়ার' কবিতা থেকে নেওয়া হয়েছে।

০২. 'বিষের বাঁশি' কাজী নজরুল রচিত একটি–
ক. গল্প | খ. উপন্যাস
গ. কাব্য | ঘ. প্রবন্ধ
উত্তর✓ গ | 'বিষের বাঁশি' (প্রকাশ আগস্ট ১৯২৪) কাজী নজরুল ইসলামের কাব্যগ্রন্থের মধ্যে প্রথম নিষিদ্ধ (২৪ অক্টোবর ১৯২৪) হয়। অগ্নি-বীণা, ভাঙার গান, জিঞ্জির, ফণি-মনসা ও সর্বহারা তাঁর উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ।

০৩. 'এইসব দিনরাত্রি' নাটকটির লেখক–
ক. হুমায়ূন আহমেদ | খ. আবদুল্লাহ আল মামুন
গ. কল্যাণ মিত্র | ঘ. ইমদাদুল হক মিলন
উত্তর ক

০৪. কোন বানানটি শুদ্ধ?
ক. উন্মিলন | খ. উন্মীলন
গ. উন্মিলণ | ঘ. উন্মীলণ
উত্তর✓ খ | কয়েকটি শুদ্ধ বানান : উন্মীলন, উজ্জ্বল, উপর্যুক্ত, উচ্ছ্বাস, উত্তীর্ণ, উত্তোলন, উৎপ্রেক্ষণ, উপসর্গ এবং উপহৃত।

০৫. কোনটি শুদ্ধ বানান?
ক. প্রণয়িনী | খ. প্রনয়িনী
গ. প্রণয়িনি | ঘ. প্রনয়ীনী
উত্তর✓ ক | কয়েকটি শুদ্ধ বানান : প্রণয়িনী, প্রণোদন, প্রণেতা, প্রগমন, প্রচণ্ড, প্রজ্বলিত, প্রণয়ন, প্রণিধান।

০৬. 'তার চোখ দিয়ে পানি পড়ে।' নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি?
ক. কর্মে ৩য়া | খ. করণে ৩য়া
গ. অপাদানে ৩য়া | ঘ. অধিকরণে ৩য়া
উত্তর✓ গ | যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমন : চোখ দিয়ে পানি পড়ে।

০৭. 'এমন মেয়ে আর দেখিনি।' নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি?
ক. কর্তায় শূন্য | খ. কর্মে শূন্য
গ. অপাদনে শূন্য | ঘ. অধিকরণে শূন্য
উত্তর✓ খ | যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্মকারক বলে। যেমন : আমার স্বপন আধো জাগরণ।

০৮. 'বিষবৃক্ষ' (বিষ সদৃশ বৃক্ষ) কোন সমাস?
ক. তৎপুরুষ | খ. বহুব্রীহি
গ. অব্যয়ীভাব | ঘ. কর্মধারয়
উত্তর✓ ঘ | যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। যেমন : নীল যে আকাশ = নীলাকাশ।

০৯. 'মেঘশূন্য' (মেঘ দ্বারা শূন্য) কোন সমাস?
ক. তৎপুরুষ | খ. কর্মধারয়
গ. বহুব্রীহি | ঘ. অব্যয়ীভাব
উত্তর✓ ক | পূর্বপদে বিভক্তির লোপে যে সমাস হয় এবং যে সমাসে পরপদের অর্থ প্রধানভাবে বোঝায়, তাকে তৎপুরুষ সমাস বলে। যেমন : বিপদকে আপন্ন = বিপদাপন্ন।

১০. 'যা পূর্বে ছিল এখন নেই' এক কথায় কী হবে?
ক. অপূর্ব | খ. ভূতপূর্ব
গ. অভূতপূর্ব | ঘ. অদৃষ্টপূর্ব
উত্তর✓ খ | কতিপয় এক কথায় প্রকাশ : আগে হয়নি এমন = অপূর্ব; আগে কখনো ঘটেনি এমন = অভূতপূর্ব; যা পূর্বে ছিল এখন নেই = ভূতপূর্ব; আগে দেখা যায়নি এমন = অদৃষ্টপূর্ব।

১১. 'যে নারী প্রিয় কথা বলে' এক কথায় কী হবে?
ক. প্রিয়া | খ. সুহাসিনী
গ. প্রিয়ংবদা | ঘ. শ্রীমতি
উত্তর✓ গ | কতিপয় এক কথায় প্রকাশ : যে নারীর কোনো হিংসা নেই– অনসূয়া, যে নারী বীর সন্তান প্রসব করে– বীরপ্রসূ, যে মেয়ের বিয়ে হয়নি– অনূঢ়া, যে নারীর নতুন বিয়ে হয়েছে– নবোঢ়া, যে নারীর সন্তান হয় না– বন্ধ্যা, যে নারীর স্বামী মারা গেছে– বিধবা।

১২. 'ভাবুক' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. ভাব + উক | খ. ভৌ + উক
গ. ভো + উক | ঘ. ভৌ + অক
উত্তর✓ খ | স্বরবর্ণ পরে থাকলে এ-কারের স্থানে অয়, ঐ-কারের স্থানে আয়, ও-কারের স্থানে অব এবং ঔ-কারের স্থানে আব হয়। যেমন :

পো + ইত্র = পবিত্র	গৈ + অক = গায়ক
গো + এষণা = গবেষণা	বে + অন = বয়ন

১৩. 'কোকিল' শব্দের সামর্থক শব্দ কোনটি?
ক. অসূয়া | খ. নিশাকর
গ. তিলক | ঘ. কাকপুষ্ট
উত্তর✓ ঘ | 'কোকিল' এর সমার্থক শব্দ : কাকপুষ্ট, মধুবন, মধুঘোষ, কুহুমন্দ্র, অন্যভৃত, কলঘোষ, পিক।

১৪. 'আবাহন' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. বিসর্জন | খ. তিরোভাব
গ. অপকর্ষ | ঘ. অবরোহণ
উত্তর✓ ক | কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
আসক্ত	নিরাসক্ত	আবির্ভাব	তিরোধান, তিরোভাব
আদিষ্ট	নিষিদ্ধ	আর্য	অনার্য

১৫. 'সুসময়ের বন্ধু' কোন বাগ্‌ধারা দিয়ে বুঝানো হয়েছে?
ক. কংস মামা | খ. দহরম মহরম
গ. সুখের পায়রা | ঘ. লেফাফা দুরস্ত
উত্তর✓ গ | গুরুত্বপূর্ণ কতিপয় বাগ্‌ধারা : শিয়রে শমন (আসন্ন মৃত্যু), মান্ধাতার আমল (অতি প্রাচীন কাল), পাথরে পাঁচকিল (প্রবল সৌভাগ্য), উদোমারা (বোকা), ঢিমে তেতালা (কুঁড়ে), হরিহর আত্মা (অন্তরঙ্গ বন্ধুত্ব)।

১৬. কোন বানানটি শুদ্ধ?
ক. Achevement খ. Acheivment
গ. Achievment ঘ. Achievement
উত্তর✓ ঘ ব্যাখ্যা Achievement অর্থ কৃতিত্ব, অর্জন।

১৭. কোনটি শুদ্ধ বানান?
ক. Acclamation খ. Aclamation
গ. Aclaimation ঘ. Acclaimation
উত্তর✓ ক ব্যাখ্যা Acclamation অর্থ প্রশংসা, তারিখ। প্রদত্ত অপশনগুলোর মধ্যে সঠিক উত্তর হচ্ছে (ক)।

১৮. 'Anger may be compared – fire' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. with খ. to
গ. of ঘ. in
উত্তর✓ খ ব্যাখ্যা compare to অর্থ ভিন্ন জাতীয় কোন কিছুর সাথে তুলনা। অর্থাৎ সঠিক উত্তর অপশন (খ)।

১৯. He was astonished – my courage. শূন্যস্থানে কোন শব্দটি বসবে–
ক. to খ. in
গ. with ঘ. at
উত্তর✓ ঘ ব্যাখ্যা Astonished at অর্থ বিস্মিত। কোনো কিছুতে বিস্ময় প্রকাশে astonish এর পরে at বসে।

২০. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. He is not in the committee
খ. He is not at the committee
গ. He is not on the committee
ঘ. He is not with the committee
উত্তর✓ গ ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে শুদ্ধ বাক্য হচ্ছে অপশন (গ)। on the committee বলতে কমিটিতে অবস্থান বুঝায়।

২১. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. The more he gets,more he wants.
খ. More he gets, the more he wants.
গ. More he gets, more he wants.
ঘ. The more he gets, the more he wants.
উত্তর✓ ঘ ব্যাখ্যা The more he gets, the more he wants একটি প্রবাদ, অর্থাৎ 'যত পায়, তত চায়'।

২২. কোনটি 'Vacant' শব্দের সমার্থক শব্দ?
ক. Blank খ. Engaged
গ. Busy ঘ. Full
উত্তর✓ ক ব্যাখ্যা vacant শব্দের অর্থ শূন্য, খালি। vacant এর সমার্থক শব্দ Blank (শূন্য বা খালি)।

২৩. কোনটি 'Kind' শব্দের সমার্থক শব্দ?
ক. Unkind খ. Benign
গ. Cruel ঘ. Inhuman
উত্তর✓ খ ব্যাখ্যা Kind শব্দের অর্থ উপকারী, দয়ালু যা Benign এর সমার্থক শব্দ।

২৪. 'His behaviour surprisid me' শব্দটির Passive form হবে–
ক. I surprised at his behaviour.
খ. I was surprised with his behaviour.
গ. I was surprised at his behaviour.
ঘ. I had been surprised at his behaviour.
উত্তর✓ গ ব্যাখ্যা Passive form করার সাধারণ নিয়মানুসারে সঠিক উত্তর অপশন (গ)। বিস্ময় প্রকাশে surprise এর পরে at বসে।

২৫. 'Did you eat the apple?' বাক্যটির Passive form হবে–
ক. Do the apple eaten by you?
খ. Was the apple eaten by you?
গ. Was the apple eat by you?
ঘ. Was the apple ate by you?
উত্তর✓ খ ব্যাখ্যা Passive form এর নিয়মানুযায়ী অপশন (খ) Was the apple eaten by you? সঠিক উত্তর। Passive এর নিয়ম: Sentence past indefinite হওয়ায় সাহায্যকারী verb হিসেবে was + object কে sub করা + মূল verb এর PP + by + sub. কে object করতে হবে।

২৬. কোনটি Abstract noun?
ক. Man খ. Jury
গ. Long ঘ. Height
উত্তর✓ ঘ ব্যাখ্যা Height অর্থ উচ্চতা, শীর্ষ। Height একটি Abstract Noun.

২৭. নিচের কোনটি Courage শব্দটির verb form?
ক. Encourage খ. Courageous
গ. Couragefull ঘ. Courage
উত্তর✓ ক ব্যাখ্যা Courage অর্থ সাহস, বীরত্ব। এটির verb Encourage অর্থ উৎসাহিত করা।

২৮. The Chairman said to the members, 'Let us drop the matter today.' বাক্যটির indirect speech হবে–
ক. The Chairman proposed to the members to drop the matter that day.
খ. The Chairman proposed to the members that they should drop the matter today.
গ. The Chairman proposed to the members that they should drop the matter that day.
ঘ. The Chairman proposed to the members that they might drop the matter today.
উত্তর✓ গ ব্যাখ্যা Indirect speech এর নিয়মানুযায়ী সঠিক উত্তর হচ্ছে অপশন (গ)। Indirect speech করার সময় প্রস্তাব বুঝাতে proposed to বসে, Inverted কমার স্থানে that বসে, let থাকলে sub বসে, sub এর পরে should বসে এবং today পরিবর্তিত হয়ে that day বসে।

২৯. He addressed Mr. Rahaman and wished him good morning – বাক্যটির direct speech হবে–
ক. He said to Mr. Rahman, 'Good morning.'
খ. He said, 'Good morning, Mr. Rahman.'
গ. He said, 'Good morning , to Mr. Rahman.'
ঘ. He bade good morning to Mr. Rahman.
উত্তর✓ খ ব্যাখ্যা Direct speech এর সাধারণ নিয়ম নিম্নরূপ: Reporting verb হিসেবে said বসে, inverted কমা বসে। অভিবাদন সূচক শব্দ বসে + শেষে নাম বসে। সুতরাং সঠিক উত্তর অপশন (খ)।

৩০. A baker's dozen -এর অর্থ–
ক. Charity খ. Allowance
গ. Trelve ঘ. Thirteen
উত্তর✓ ঘ ব্যাখ্যা A baker's dozen এর অর্থ Thirteen. এটি একটি phrase।

১৭৮
JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

৩৯. বার্ষিক শতকরা ৫.০০ টাকা হার সুদে কত সময়ে ৩০০ টাকা সুদ- আসলে ৪০৫ টাকা হবে?

ক. ৫ বছর খ. $৫\frac{১}{২}$ বছর

গ. ৭ বছর ঘ. $৭\frac{১}{২}$ বছর

উত্তর✓ গ সুদ = সুদাসল − আসল
= ৪০৫ − ৩০০ = ১০৫ টাকা

$$\text{সময়} = \frac{১০০ \times \text{সুদ}}{\text{আসল} \times \text{হার}} = \frac{১০০ \times ১০৫}{৩০০ \times ৫} = ৭ \text{ বছর}$$

৪০. নিচের ভগ্নাংশগুলো মধ্যে কোনটি বৃহত্তম?

ক. $\frac{৩}{৪}$ খ. $\frac{৫}{৯}$

গ. $\frac{৭}{১২}$ ঘ. $\frac{৯}{১৩}$

উত্তর✓ ক

$\frac{৩}{৪} = ০.৭৫, \frac{৫}{৯} = ০.৫৫, \frac{৭}{১২} = ০.৫৮, \frac{৯}{১৩} = ০.৬৯$

এদের মধ্যে $\frac{৩}{৪} = ০.৭৫$ বৃহত্তম।

৪১. ১৫.৬ এর ৮% = কত?

ক. ০.১২৪৮ খ. ১.২৪৮

গ. ১২.৪৮ ঘ. ১২৪.৮

উত্তর✓ খ ১৫.৬ এর ৮% $= \frac{১৫৬}{১০}$ এর $\frac{৮}{১০০}$
$= ১.২৪৮$

৪২. $x + y = 7$ এবং $xy = 10$ হলে, $(x-y)^2$ এর মান কত?

ক. 3 খ. 6

গ. 9 ঘ. 12

উত্তর✓ গ $(x-y)^2 = (x+y)^2 - 4xy$
$= 7^2 - 4.10$
$= 49 - 40 = 9$

৪৩. $4x^2 - 20x$ এর সাথে কত যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে?

ক. 4 খ. 9

গ. 16 ঘ. 25

উত্তর✓ ঘ $4x^2 - 20x$
$\Rightarrow (2x)^2 - 2.2x.5 + (5)^2 - 25$
$\Rightarrow (2x-5)^2 - 25$
25 যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে।

৪৪. কোনো ত্রিভুজের বাহুগুলোর লম্বদ্বিখণ্ডক তিনটি যে বিন্দুতে ছেদ করে তাকে বলে-


ক. ভরকেন্দ্র খ. পরিকেন্দ্র

গ. অন্তঃকেন্দ্র ঘ. লম্ববিন্দু

উত্তর✓ খ

ত্রিভুজের লম্বদ্বিখণ্ডকত্রয় এর ছেদবিন্দুকে ত্রিভুজের পরিকেন্দ্র বলে।

চিত্রে, ΔABC ত্রিভুজের লম্বদ্বিখণ্ডকত্রয় O বিন্দুতে ছেদ করেছে। O হল ত্রিভুজটির পরিকেন্দ্র।




৪৫. সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুদ্বয় বর্ধিত করলে উৎপন্ন কোণদ্বয় হবে-

ক. স্থূলকোণ খ. সমকোণ

গ. সূক্ষ্মকোণ ঘ. সরলকোণ

উত্তর✓ ক

এক সমকোন অপেক্ষা বড় কিন্তু দুই সমকোন অপেক্ষা ছোট কোণকে স্থূলকোণ বলে। সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুদ্বয় বর্ধিত করলে উৎপন্ন কোণদ্বয় স্থূলকোণ হবে।



৪৬. দক্ষিণ তালপট্টি দ্বীপের অপর নাম কী?

ক. সন্দ্বীপ খ. সোনাদিয়া

গ. পূর্বাশা দ্বীপ ঘ. কুতুবদিয়া

উত্তর✓ গ সুন্দরবনে বাংলাদেশ ও ভারতের সীমানা নির্ধারক নদী হাড়িয়াভাঙ্গা। এই নদীর মোহনায় বঙ্গোপসাগরের একটি দ্বীপ দক্ষিণ তালপট্টি দ্বীপ। এই দ্বীপের ভারতীয় নাম নিউমুর বা পূর্বাশা।

৪৭. তেঁতুলিয়া কোন জেলায় অবস্থিত?

ক. দিনাজপুর খ. লালমনিরহাট

গ. কুড়িগ্রাম ঘ. পঞ্চগড়

উত্তর✓ ঘ তেতুঁলিয়া বাংলাদেশের সর্বউত্তরের উপজেলা। তেতুঁলিয়া পঞ্চগড় জেলায় অবস্থিত। বাংলাদেশের সর্বউত্তরের ইউনিয়ন বাংলাবান্ধা এবং স্থান জায়গীরজোত।

৪৮. ব্রহ্মপুত্র কোথায় বাংলাদেশে প্রবেশ করছে?

ক. লালমনিরহাটে খ. নীলফামারীতে

গ. কুড়িগ্রামে ঘ. ভুরুঙ্গামারীতে

উত্তর✓ গ ব্রহ্মপুত্র নদের উৎপত্তি হিমালয় পর্বতের কৈলাশশৃঙ্গের মানস সরোবর হ্রদে। ব্রহ্মপুত্র নদ কুড়িগ্রাম জেলার রৌমারীতে বাংলাদেশে প্রবেশ করেছে। এই নদের পূর্বনাম লৌহিত্য। ব্রহ্মপুত্র নদের প্রধান শাখা নদী যমুনা। ব্রহ্মপুত্রের উপনদী তিস্তা , ধরলা, দুধকুমার প্রভৃতি।

৪৯. বাংলাদেশের গভীরতম নদী কোনটি?

ক. যমুনা খ. মেঘনা

গ. পদ্মা ঘ. ধলেশ্বরী

উত্তর✓ খ বাংলাদেশের বৃহত্তম, দীর্ঘতম, প্রশস্ততম ও গভীরতম নদী মেঘনা। মেঘনা নদীর দৈর্ঘ্য ৩৩০ কিলোমিটার, প্রশস্ততা ১৩,০০০ মিটার এবং গভীরতা ২৭ মিটার।

৫০. মহামুনি বিহার কোথায় অবস্থিত?

ক. জামালপুরে খ. ঢাকার মালিবাগে

গ. চট্টগ্রামের রাউজানে ঘ. দিনাজপুরের ফুলবাড়িতে

উত্তর✓ গ মহামুনি বিহার চট্টগ্রাম জেলার রাউজান উপজেলায় পাহাড়তলী ইউনিয়নের একটি অনুচ্চ টিলার উপর অবস্থিত। ধারণা করা হয় ১৮৩১ সালে পুণ্যাত্মা ভিক্ষু চাইংগা ঠাকুর গ্রামবাসীর সামগ্রিক সহায়তায় বিহারটি প্রতিষ্ঠা করেন।

৫১. পরিবিবি কে ছিলেন?

ক. আওরঙ্গজেবের কন্যা খ. শায়েস্তা খানের কন্যা

গ. আজিমুসশানের কন্যা ঘ. মুর্শিদকুলি খানের স্ত্রী

উত্তর✓ খ পরিবিবি শায়েস্তা খানের কন্যা এবং শাহজাদা মোহাম্মদ আজম শাহ্ এর বাগদাত্তা ছিলেন। পরিবিবির আসল নাম ইরান দুখ্ত। লালবাগ কেল্লার অভ্যন্তরে তার কবর রয়েছে। পরিবিবির সমাধিসৌধ নির্মাণ করেন শায়েস্তা খান।

৫২. কোন মোঘল সুবেদার পর্তুগিজদের চট্টগ্রাম থেকে বিতাড়িত করেন?
ক. কাসিম খান খ. মীরজুমলা
গ. ইসলাম খান ঘ. মুর্শিদকুলী খান
উত্তর✓ = [illegible] সঠিক উত্তর নেই। শায়েস্তা খান সম্রাট আওরঙ্গজেবের নির্দেশে চট্টগ্রাম দখল করেন। তিনি চট্টগ্রামের নাম রাখেন ইসলামাবাদ। মোঘল সুবেদার শায়েস্তা খান পর্তুগিজদের চট্টগ্রাম থেকে বিতাড়িত করেন।

৫৩. জাতিসংঘ দিবস কবে?
ক. ২৩ অক্টোবর খ. ২৪ অক্টোবর
গ. ২৫ অক্টোবর ঘ. ২৬ অক্টোবর
উত্তর✓ খ [illegible] জাতিসংঘ সনদ স্বাক্ষরিত হয় যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকোতে। জাতিসংঘ সনদ কার্যকর হয় ২৪ অক্টোবর ১৯৪৫ সালে। ২৪ অক্টোবর পালিত হয় জাতিসংঘ দিবস। জাতিসংঘের প্রতিষ্ঠাকালীন সদস্য ৫১ টি। বর্তমান সদস্য সংখ্যা ১৯৩। জাতিসংঘের নামকরণ করেন মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট।

৫৪. বৌদ্ধ সভ্যতার জন্য বিখ্যাত তক্ষশীলা অবস্থিত–
ক. নেপালে খ. ভারতে
গ. পাকিস্তানে ঘ. চীনে
উত্তর✓ গ [illegible] তক্ষশীলা পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের রাওয়ালপিন্ডি জেলায় অবস্থিত একটি প্রত্নতাত্ত্বিক স্থান। এই শহরের সূচনা গান্ধার যুগে খ্রিস্টপূর্ব ৫ম শতাব্দীতে। প্রাচীন তক্ষশীলা শহর ছিল হিন্দু ও বৌদ্ধ ধর্মের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র। ১৯৮০ সালে ইউনেস্কো তক্ষশীলাকে বিশ্ব ঐতিহ্যবাহী স্থান হিসেবে ঘোষণা করে।

৫৫. কোনটি ছোঁয়াচে রোগ?
ক. হাঁপানী খ. বাতজ্বর
গ. রাতকানা ঘ. পাঁচড়া
উত্তর✓ ঘ [illegible] যে সকল রোগের বিস্তার রোগীর সংস্পর্শে বা ছোঁয়ায় বিস্তার লাভ করে তাদের ছোঁয়াচে রোগ বলে। যেমন: জলবসন্ত, হুপিংকাশি, কলেরা, পাঁচড়া ও যক্ষ্ম ইত্যাদি।

৫৬. রক্তে হিমোগ্লোবিন থাকে–
ক. লোহিত রক্তকণিকায় খ. শ্বেত রক্তকণিকায়
গ. অনুচক্রিকায় ঘ. প্লাজমায়
উত্তর✓ ক [illegible] মানবদেহের পরিণত লোহিত রক্তকণিকা দ্বি-অবতল ও চাকতি আকৃতির। এতে হিমোগ্লোবিন নামক রঞ্জক পদার্থ থাকার কারণে লাল বর্ণের হয়।

৫৭. উদ্ভিদকোষ থেকে বাষ্পাকারে পানি বের হয়ে যাওয়ার প্রণালীকে বলে–
ক. প্রস্বেদন খ. শ্বসন
গ. ব্যাপন ঘ. বাষ্পীভবন
উত্তর✓ ক [illegible] উদ্ভিদকোষ থেকে বাষ্পাকারে পানি বের হয়ে যাওয়ার প্রক্রিয়াকে প্রস্বেদন বলে। উদ্ভিদ তার মূল দিয়ে পানি শোষণ করে এবং দেহের প্রয়োজনের তুলনায় অতিরিক্ত পানি বাষ্পাকারে প্রস্বেদন প্রক্রিয়ায় বের করে দেয়।

৫৮. কেঁচোর রক্তে হিমোগ্লোবিন থাকে–
ক. শ্বেতকণিকায় খ. লোহিত কণিকায়
গ. রক্তরসে ঘ. কোনোটাতেই না
উত্তর✓ গ [illegible] কেঁচো নেমাটোডা পর্বের প্রাণী। এটি জমির উর্বরতা বাড়াতে সহায়তা করে বলে একে প্রকৃতির লাঙল বলা হয়। কেঁচোর রক্তরসে হিমোগ্লোবিন থাকে।

৫৯. ম্যালিক এসিড পাওয়া যায়–
ক. আমলকিতে খ. আঙ্গুরে
গ. টমেটোতে ঘ. কমলালেবুতে
উত্তর✓ গ [illegible] আমলকিতে অক্সালিক এসিড, কমলালেবুতে অ্যাসকরবিক এসিড, আঙ্গুরে টারটারিক এসিড পাওয়া যায়।

৬০. কোনটি সাবানকে শক্ত করে?
ক. সোডিয়াম কার্বনেট খ. সোডিয়াম সিলিকেট
গ. সোডিয়াম ক্লোরাইড ঘ. সোডিয়াম সালফেট
উত্তর✓ খ [illegible] সাবান হল সোডিয়াম/পটাসিয়াম স্টিয়ারেট। এটি উচ্চতর ফ্যাটি এসিডের সোডিয়াম বা পটাসিয়াম লবণ। সোডিয়াম সিলিকেট সাবানকে শক্ত করে।

৬১. কোন রঙের বস্তুর তাপ শোষণ ক্ষমতা কম?
ক. কালো খ. বেগুনি
গ. সাদা ঘ. হলুদ
উত্তর✓ গ [illegible] সাদা রঙের তাপ শোষণ ক্ষমতা কম। কারণ সাদা রঙের বস্তু সকল রঙ প্রতিফলিত করে।

৬২. একটি পেন্ডুলাম ঘড়ি বিষুবরেখা থেকে মেরুতে নিলে ঘড়িটি–
ক. স্লো হবে খ. ফাস্ট হবে
গ. ঠিক সময় হবে ঘ. কোনো রকম প্রভাবিত হবে না
উত্তর✓ খ [illegible] অভিকর্ষজ ত্বরণ (g) এর মনে কমলে, দোলনকাল বাড়ে। বিষুবরেখা থেকে মেরু অঞ্চলের অভিকর্ষজ ত্বরণের মান বেশি। এজন্য পেন্ডুলাম ঘড়িকে বিষুবরেখা হতে মেরুতে নিলে দোলনকাল কমবে। ফলে ঘড়িটি দ্রুত হবে।

৬৩. কোন ভিটামিন ক্ষতস্থান হতে রক্তপড়া বন্ধ করতে সাহায্য করে?
ক. ভিটামিন বি খ. ভিটামিন B_2
গ. ভিটামিন সি ঘ. ভিটামিন কে
উত্তর✓ ঘ [illegible] ভিটামিন কে এসেনশিয়াল ফ্যাট সলিউবল ভিটামিন। এটি হাড় ও হৃদপিণ্ডের স্বাস্থ্যকে ভালো রাখে। ক্ষতস্থান হতে রক্তপড়া বন্ধ করতে সাহায্য করে। সবুজ রঙের শাকসবজি, লেটুসপাতা, ফুলকপি, বাঁধাকপি, ডিমের কুসুম প্রভৃতি ভিটামিন কে এর উৎস।

৬৪. বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) কোথায় অবস্থিত?
ক. সাভার খ. টঙ্গী
গ. গাজীপুর ঘ. টাঙ্গাইল
উত্তর✓ ক [illegible] বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) ঢাকার সাভার উপজেলার জিরানীতে অবস্থিত। এই প্রকল্পের নির্মাণ কাজ শুরু হয় ১৯৭৬ সালে এবং আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয় ১৪ এপ্রিল ১৯৮৬ সালে।

৬৫. অভিষেক টেস্টে বাংলাদেশে ক্রিকেট দলের অধিনায়ক কে ছিলেন?
ক. আমিনুল ইসলাম বুলবুল খ. নাঈমুর রহমান দুর্জয়
গ. খালেদ মাহমুদ সুজন ঘ. মিনহাজুল আবেদীন
উত্তর✓ খ [illegible] বাংলাদেশ দশম সদস্য হিসেবে টেস্ট ক্রিকেটের মর্যাদা লাভ করে ২৬ জুন ২০০০ সালে। বাংলাদেশ প্রথম টেস্ট খেলে ২০০০ সালে ভারতের বিপক্ষে। এই ম্যাচে বাংলাদেশ দলের অধিনায়ক ছিলেন নাইমুর রহমান দুর্জয়। বাংলাদেশের টেস্ট ক্রিকেটের প্রথম সেঞ্চুরিয়ান আমিনুল ইসলাম বুলবুল।

৬৬. কত সালে টেস্ট ক্রিকেট শুরু হয়?
ক. ১৮৭৫ খ. ১৮৭৬
গ. ১৮৭৭ ঘ. ১৮৭৮
উত্তর✓ গ [illegible] প্রথম টেস্ট ম্যাচ অনুষ্ঠিত হয় ১৫-১৯ মার্চ ১৮৭৭ সালে অস্ট্রেলিয়ার মেলবোর্নে। এই ম্যাচে অস্ট্রেলিয়া জয়ী হয় ইংল্যান্ডের বিপক্ষে। বর্তমানে বিশ্বে টেস্ট খেলুড়ে দেশের সংখ্যা ১২ টি। সর্বশেষ সদস্য আফগানিস্তান এবং আয়ারল্যান্ড।

৬৭. দক্ষিণ আমেরিকায় অবস্থিত নয় কোন দেশটি?
ক. আলবেনিয়া খ. চিলি
গ. প্যারাগুয়ে ঘ. সুরিনাম
উত্তর✓ ক ব্যাখ্যা আলবেনিয়া দক্ষিণ ইউরোপের একটি দেশ। আলবেনিয়ার রাজধানী তিরানা, ভাষা আলবেনিয়ান এবং মুদ্রা লেক। চিলি, প্যারাগুয়ে, সুরিনাম দক্ষিণ আমেরিকা মহাদেশে অবস্থিত। দক্ষিণ আমেরিকায় স্বাধীন দেশ ১২ টি।

৬৮. বাংলাদেশের সংবিধান সর্বপ্রথম কোন তারিখে গণপরিষদে উত্থাপিত হয়?
ক. ১লা অক্টোবর ১৯৭২ খ. ১২ অক্টোবর ১৯৭২
গ. ১৬ ডিসেম্বর ১৯৭২ ঘ. ২৬ মার্চ ১৯৭৩
উত্তর✓ খ ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১১ জানুয়ারি ১৯৭২ অস্থায়ী সংবিধান আদেশ জারি করেন। খসড়া সংবিধান প্রণয়ন কমিটির সদস্য সংখ্যা ৩৪ জন, প্রধান বা সভাপতি ছিলেন ড. কামাল হোসেন। খসড়া সংবিধান সর্বপ্রথম গণপরিষদে উত্থাপিত হয় ১২ অক্টোবর ১৯৭২ সালে। গণপরিষদে সংবিধান গৃহীত হয় ৪ নভেম্বর ১৯৭২ সালে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কার্যকর হয় ১৬ ডিসেম্বর ১৯৭২ সালে।

৬৯. কোনটিতে আমিষের পরিমাণ সবচেয়ে বেশি?
ক. তাজা ছোট মাছ খ. মাংস
গ. ডিম ঘ. শুঁটকী মাছ
উত্তর✓ ঘ ব্যাখ্যা কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন ও নাইট্রোজেন -এ চারটি পদার্থের সমন্বয়ে আমিষ গঠিত। দেহ গঠনে প্রোটিন বা আমিষ অপরিহার্য। শুঁটকী মাছ এ আমিষ বেশি থাকে।

৭০. বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য?
ক. ১৩৬তম খ. ১৩৭তম
গ. ১৩৮তম ঘ. ১৩৯তম
উত্তর✓ ক ব্যাখ্যা বাংলাদেশ জাতিসংঘের সদস্য পদ লাভ করে ১৭ সেপ্টেম্বর ১৯৭৪ সালে সাধারণ পরিষদের ২৯তম অধিবেশনে। বাংলাদেশের সাথে গ্রানাডা, গিনি বিসাউ সদস্যপদ লাভ করে। বর্ণানুক্রমে বাংলাদেশ ১৩৬তম, গ্রানাডা ১৩৭তম এবং গিনি বিসাউ ১৩৮তম সদস্য পদ লাভ করে।

৭১. যে প্রাণীর তিনটি হৃৎপিণ্ড আছে–
ক. হাঙ্গর খ. বানর
গ. কাতল মাছ ঘ. কস্তুরী মৃগ
উত্তর✓ = ব্যাখ্যা সঠিক উত্তর নাই। ক্যাটল ফিশ শ্রেণিভুক্ত প্রাণীগুলোর তিনটি হৃৎপিণ্ড থাকে।

৭২. শব্দের তীব্রতা নির্ণায়ক যন্ত্র–
ক. অডিওমিটার খ. অ্যামিটার
গ. অডিওফোন ঘ. অলটিমিটার
উত্তর✓ ক ব্যাখ্যা শব্দের তীব্রতা বলতে বোঝায় শব্দ যে পথে চলে তার সাথে লম্বভাবে অবস্থিত একক ক্ষেত্রফলের মধ্য দিয়ে প্রতি সেকেণ্ডে প্রবাহিত শক্তি। অডিও মিটার যন্ত্র দিয়ে তীব্রতা মাপা হয়।

৭৩. কোন প্রাণীকে ডেভিল মাছ বলে?
ক. তিমি খ. অক্টোপাস
গ. হাঙ্গর ঘ. ডলফিন
উত্তর✓ খ ব্যাখ্যা তিনটি হৃৎপিণ্ড বিশিষ্ট প্রাণীকে ডেভিল মাছ বলা হয়। যেমন: ক্যাটল ফিশ, অক্টোপাস প্রভৃতি।

৭৪. করোটিতে কতগুলো অস্থি থাকে?
ক. ২৭ খ. ২৮
গ. ২৯ ঘ. ৩০
উত্তর✓ গ ব্যাখ্যা করোটিতে ২২টি অস্থি থাকলেও মধ্যকর্ণের অস্থি ও হাইঅয়েড অস্থি মিলে প্রকৃত সংখ্যা ২৯ টি।

৭৫. নাইট্রোজেনের প্রধান উৎস–
ক. মাটি খ. উদ্ভিদ
গ. বায়ুমণ্ডল ঘ. প্রাণিদেহ
উত্তর✓ গ ব্যাখ্যা নাইট্রোজেনের প্রধান উৎস বায়ুমণ্ডল। বায়ুতে নাইট্রোজেনের পরিমাণ ৭৮.০২%।

৭৬. আলেকজান্ডার গ্রাহামবেল কী আবিষ্কার করেন?
ক. টেলিফোন খ. টেলিভিশন
গ. তড়িৎ ঘ. টেলিগ্রাফিক সংকেত
উত্তর✓ ক ব্যাখ্যা টেলিফোন একটি বহুল ও জনপ্রিয় মাধ্যম যার সাহায্যে দেশে বিদেশে কথাবার্তা বলা, বার্তা, ফ্যাক্সবার্তা পাঠানো, কম্পিউটার যোগাযোগ, ই-মেইল আদান-প্রদান প্রভৃতি করা হয়। ১৮৭৫ সালে আলেকজান্ডার গ্রাহাম বেল টেলিফোন আবিষ্কার করেন।

৭৭. জার্মানির মুদ্রার নাম কী?
ক. মার্ক খ. পেসো
গ. দিনার ঘ. ইউরো
উত্তর✓ ঘ ব্যাখ্যা জার্মানির মুদ্রার নাম ইউরো। ইউরোপীয় ইউনিয়নভুক্ত ১৯টি দেশে ইউরো চালু আছে। ইউরো মুদ্রা চালু হয় ১ জানুয়ারি ১৯৯৯ সালে।

৭৮. পৃথিবীর কোন নদীতে মাছ হয় না?
ক. জাম্বেসি খ. জর্ডান
গ. আমাজান ঘ. দানিয়ুব
উত্তর✓ খ ব্যাখ্যা পশ্চিম এশিয়া বা মধ্যপ্রাচ্যের সবচেয়ে দীর্ঘতম নদী হচ্ছে জর্ডান নদী। এ নদীর দৈর্ঘ্য ২৫১ কিলোমিটার। জর্ডান নদী শেষ হয়েছে মৃত সাগর বা Dead sea তে। মাত্রাতিরিক্ত লবণাক্ততার কারণে এ নদীতে মাছ হয় না। এই নদী জর্ডান এবং ইসরাইলে প্রবাহিত হয়েছে।

৭৯. জাতীয় স্মৃতিসৌধটি কবে উদ্বোধন করা হয়?
ক. ১৯৭২ সালের ১২ জানুয়ারি
খ. ১৯৮১ সালের ২৬ মার্চ
গ. ১৯৮২ সালের ১৬ ডিসেম্বর
ঘ. ১৯৮৩ সালের ২৬ মার্চ
উত্তর✓ গ ব্যাখ্যা জাতীয় স্মৃতিসৌধ ঢাকার সাভারে অবস্থিত। এর অপর নাম সম্মিলিত প্রয়াস। ১৬ ডিসেম্বর ১৯৭২ সালে জাতীয় স্মৃতিসৌধের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। উদ্বোধন করেন তৎকালীন রাষ্ট্রপতি হুসেইন মুহাম্মদ এরশাদ ১৬ ডিসেম্বর ১৯৮২ সালে। জাতীয় স্মৃতিসৌধের স্থপতি সৈয়দ মাইনুল হোসেন। স্মৃতিসৌধের উচ্চতা ১৫০ ফুট বা ৪৫.৭২ মিটার এবং ফলকের সংখ্যা ৭ টি।

৮০. কীসের সাহায্যে সমুদ্রের ও কুয়ার গভীরতা নির্ণয় করা যায়?
ক. প্রতিফলন খ. প্রতিসরণ
গ. প্রতিধ্বনি ঘ. প্রতিসরাঙ্ক
উত্তর✓ গ ব্যাখ্যা কোন উৎস থেকে সৃষ্ট শব্দ যদি দূরবর্তী কোন মাধ্যমে বাধা পেয়ে উৎসের কাছে ফিরে আসে তখন মূল ধ্বনির পুনরাবৃত্তি ঘটে তাকে শব্দের প্রতিধ্বনি বলে। সমুদ্রের ও কুয়ার গভীরতা প্রতিধ্বনির সাহায্যে নির্ণয় করা হয়।



২৮

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২

সেট : ১ | [কোড : সুরমা] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ২৪.০২.২০১২ | পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল
গাজীপুর, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ি, শরিয়তপুর, গোপালগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, টাঙ্গাইল, ফেনী, কক্সবাজার

[দ্রষ্টব্য: সকল প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. আমারে ছাড়িয়া এত ব্যথা যার কেমন করিয়া হায়, কবর দেশেতে ঘুমায়ে রয়েছে নিঝুম নিরালায়! পঙ্‌ক্তিটি কোন কবির রচনা?
ক. মোজাম্মেল হক খ. গোলাম মোস্তফা
গ. সুফিয়া কামাল ঘ. জসীমউদ্‌দীন
উত্তর✓ খ ব্যাখ্যা পঙ্‌ক্তিটি পল্লিকবি জসীমউদ্‌দীন রচিত 'কবর' কবিতার অন্তর্ভুক্ত। মাত্রাবৃত্ত ছন্দে রচিত কবিতাটিতে ১১৮টি পঙ্‌ক্তি রয়েছে। কবিতাটি প্রথম প্রকাশিত হয় 'কল্লোল' পত্রিকায়। কবিতাটি কবির প্রথম কাব্যগ্রন্থ 'রাখালী'র অন্তর্ভুক্ত।

০২. কোন উপন্যাসটি আখতারুজ্জামান ইলিয়াস রচিত?
ক. আবদুল্লাহ্ খ. চিলেকোঠার সেপাই
গ. দেনাপাওনা ঘ. কেরী সাহেবের মুনশী
উত্তর✓ খ ব্যাখ্যা উনসত্তরের গণআন্দোলনের প্রেক্ষাপটে রচিত 'চিলেকোঠার সেপাই' উপন্যাসটির রচয়িতা আখতারুজ্জামান ইলিয়াস। তার অপর বিখ্যাত উপন্যাস হচ্ছে 'খোয়াবনামা'। 'আবদুল্লাহ্' কাজী ইমদাদুল হক রচিত বিখ্যাত উপন্যাস।

০৩. 'অয়োময়' নাটকটির রচয়িতা কে?
ক. হুমায়ূন আহমেদ খ. আবদুল্লাহ আল মামুন
গ. জহির রায়হান ঘ. রশীদ হায়দার
উত্তর✓ ক ব্যাখ্যা হুমায়ুন আহমেদ রচিত কিছু বিখ্যাত উপন্যাস যা পরবর্তীতে নাটক হিসেবে রূপায়িত হয়েছে- অয়োময়, বহুব্রীহি, এইসব দিনরাত্রি, নক্ষত্রের রাত, আজ রবিবার, কোথাও কেউ নেই, অপরাহ্ণ ইত্যাদি।

০৪. 'কোনোভাবেই যা নিবারণ করা যায় না।'- এক কথায় কী হবে?
ক. অনিবার্য খ. অনন্যোপায়
গ. অদম্য ঘ. অসম্ভব
উত্তর✓ ক ব্যাখ্যা অদম্য- যা দমন করা যায় না। অনন্যোপায় - যার অন্য উপায় নেই। অসম্ভব - যা হতে পারে না।

০৫. 'যা অধ্যয়ন করা হয়েছে।'- এক কথায় কী হবে?
ক. পঠিত খ. অধীত
গ. অধ্যয়িত ঘ. অধ্যায়িত
উত্তর✓ খ ব্যাখ্যা অধীত - যা অধ্যয়ন করা হয়েছে। পঠিত - পাঠ করা হয়েছে এমন। পঠিতব্য - পাঠ করতে হবে এমন।

০৬. কোন বানানটি শুদ্ধ?
ক. নীরিক্ষণ খ. নিরীক্ষন
গ. নিরীক্ষণ ঘ. নীরীক্ষণ
উত্তর✓ গ ব্যাখ্যা কয়েকটি শুদ্ধ বানান - নিপীড়িত, নিরীক্ষণ, নিরীহ, নিশীথ, নিশীথিনী, নিমীলিত।

০৭. কোনটি শুদ্ধ বানান?
ক. স্বায়ত্তশ্বাশন খ. স্বায়ত্তসাশণ
গ. স্বায়তশাসণ ঘ. স্বায়ত্তশাসন
উত্তর✓ ঘ ব্যাখ্যা কয়েকটি শুদ্ধ বানান - স্বায়ত্তশাসন, সান্ত্বনা, সদ্যোজাত, স্বতঃস্ফূর্ত, মুহূর্ত, মূর্ধন্য, মরূদ্যান, ব্যতীত।

০৮. অহঙ্কার পতনের মূল-বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য
উত্তর✓ খ ব্যাখ্যা ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে 'কীসের দ্বারা' বা 'কী উপায়ে' প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তাই করণ কারক। 'অহংকার পতনের মূল' বাক্যটিকে যদি প্রশ্ন করা হয় 'কীসের দ্বারা বা কী উপায়' পতন হয়? তাহলে উত্তর পাওয়া যায় অহংকারে। তাই অহংকার করণ কারক।

০৯. নেহাল অঙ্কে খুব কাঁচা- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী
উত্তর✓ ঘ ব্যাখ্যা ক্রিয়ার সঙ্গে কোথায়, কিসে, কখন যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তাই অধিকরণ কারক। অর্থাৎ স্থান, সময়, বিষয় বোঝালে অধিকরণ কারক হয়। 'নেহাল অঙ্কে খুব কাঁচা' বাক্যটিকে 'কিসে বা কোন বিষয়ে কাঁচা?' প্রশ্ন করলে উত্তর পাওয়া যায় 'অঙ্কে'। সুতরাং 'অঙ্কে' অধিকরণ কারক।

১০. 'পদ্ধতি' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. পদ্ + হতি খ. পৎ + হতি
গ. পদ্ + ধতি ঘ. পৎ + ধতি
উত্তর✓ ক ব্যাখ্যা ত্ ও দ্ -এর পর হ্ থাকলে ত্ ও দ্ -এর স্থলে দ এবং হ্ এর স্থলে ধ্ হয়। যেমন : উৎ + হার = উদ্ধার; উৎ + হৃত = উদ্ধৃত ; পদ্ + হতি = পদ্ধতি ; তদ্ + হিত = তদ্ধিত।

১১. 'ইত্যাদি' কোন সমাস (ইতি হতে আদি)?
ক. তৎপুরুষ খ. অব্যয়ীভাব
গ. কর্মধারয় ঘ. বহুব্রীহি
উত্তর✓ ক ব্যাখ্যা পূর্বপদে বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয় এবং যে সমাসে পরপদের অর্থ প্রধানভাবে বোঝায় তাকে তৎপুরুষ সমাস বলে। পূর্বপদে পঞ্চমী বিভক্তি (হতে, থেকে, চেয়ে ইত্যাদি) লোপে যে তৎপুরুষ সমাস হয় তাই পঞ্চমী তৎপুরুষ সমাস। যেমন : জেল থেকে মুক্তি = জেলমুক্ত, পরাণের চেয়ে প্রিয় = পরাণপ্রিয়।

১২. 'ঈগল' পাখি' কোন সমাস (ঈগল নামের যে পাখি)?
ক. তৎপুরুষ খ. কর্মধারয়
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব
উত্তর✓ খ কর্মধারয় সমাসে সাধারণত যে, যিনি, যেটি ইত্যাদি শব্দ ব্যাসবাক্যে ব্যবহৃত হয়। কর্মধারয় সমাসে পরপদের অর্থই প্রধান। যেমন : মহান যে রাজা = মহারাজ ; নব যে অন্ন = নবান্ন ; কু যে অর্থ = কদর্থ ; কু যে আচার = কদাচার।

১৩. 'শিরে-সংক্রান্তি' বাগ্‌ধারাটির অর্থ কী?
ক. আসন্ন বিপদ খ. মাথাব্যথা
গ. মহাবিপদ ঘ. মাথার বোঝায়
উত্তর✓ ক 'শিরে-সংক্রান্তি' বাগ্‌ধারাটির অর্থ : আসন্ন বিপদ। 'শিবরাত্রির সলতে' অর্থ : একমাত্র সন্তান/বংশধর। 'শনির দশা' অর্থ : দুঃসময়।

১৪. কোনটি 'নদী' শব্দের সমার্থক শব্দ?
ক. জলধি খ. পয়োধি
গ. জলধর ঘ. শৈবালিনী
উত্তর✓ ঘ 'নদী' এর সমার্থক শব্দ : তটিনী, সরিৎ, শৈবালিনী, তরঙ্গিনী, স্রোতস্বতী, স্রোতস্বিনী, নির্ঝরিণী, প্রবাহিণী। 'সমুদ্র' এর সমার্থক শব্দ : জলধি, পয়োধি, জলধর, সাগর, অর্ণব, জলনিধি, উদধি, পাথার, পারাবার, বারিধি, রত্নাকর, সিন্ধু।

১৫. 'নির্মল' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. পঙ্কিল খ. অপরিষ্কার
গ. নোংরা ঘ. অনির্মল
উত্তর✓ ক কয়েকটি বিপরীতার্থক শব্দ : প্রসন্ন - বিষণ্ন ; মনীষা - নির্বোধ ; প্রাচী - প্রতীচী ; সংশয় - প্রত্যয়।

১৬. কোনটি শুদ্ধ বানান?
ক. Agreable খ. Agreeable
গ. Agreeabel ঘ. Agreabel
উত্তর✓ খ Agreeable (adj.) – মনোরম, সম্মত।

১৭. কোন বানানটি শুদ্ধ?
ক. Buracrat খ. Bureaucret
গ. Bureaucrat ঘ. Buracrate
উত্তর✓ গ Bureaucrat (N.) – সরকারি কর্মকর্তা, আমলা।

১৮. কোনটি Material Noun?
ক. Wood খ. Mouth
গ. Team ঘ. Knife
উত্তর✓ ক যা গণনা করা যায় না। কিন্তু ওজন করা যায় এই জাতীয় পদার্থবাচক বিশেষ্যকে Material noun বলে। অপশন গুলোর মধ্যে (ক) wood একটি পদার্থবাচক বিশেষ্য।

১৯. কোনটি Collective Noun?
ক. June খ. Team
গ. Month ঘ. Envelope
উত্তর✓ খ Collective noun বলতে সমষ্টিবাচক বিশেষ্য বোঝায়। অপশন (ঘ) Team দ্বারা সমষ্টি বোঝায়।

২০. 'The man is climbing the cliff' বাক্যটির Passive form হবে-
ক. The cliff is climbed by the man.
খ. The cliff is being climbed by the man.
গ. The cliff has been climbed by the man.
ঘ. The cliff was being climbed by the man.
উত্তর✓ খ Active voice এর passive করতে হলে নিয়মটি হবে: Active এর object + Tense অনুযায়ী Auxillary verb (এখানে is being) + মূল verb এর Past Participle + by + Active voice এর subject এর objective form।

২১. 'He taught me to read Arabic' বাক্যটির Passive form হবে-
ক. I was taught by him to read Arabic
খ. I have been taught by him to read Arabic
গ. I had been taught by him to read Arabic
ঘ. I was being taught by him to read Arabic
উত্তর✓ ক Active voice এর passive করতে হলে নিয়মটি হবে: Active voice এর object (me) এর nominative form (I) + tense অনুযায়ী auxiliary verb (was) + মূল verb এর participle + by + subject এর objective form (him) + বাকী অংশ হবে।

২২. He said to me, 'Wait until I come.' বাক্যটির indirect speech হবে-
ক. He asked me to wait until he came.
খ. He asked me to wait until he comes
গ. He told me to wait until he has come
ঘ. He told me for wait until he has returned
উত্তর✓ ক Imperative sentence এর ক্ষেত্রে direct speech থেকে indirect speech করার নিয়ম: subject + requested/ ordered/ asked/told + to + Reported speech এর মূল verb থেকে শেষ পর্যন্ত। কিন্তু যদি আরেকটি clause থাকে (untill .I come) এটির ও person এবং tense নিয়মানুযায়ী পরিবর্তিত হবে।

২৩. Anwar said, "What a fool I am!" বাক্যটির indirect speech হবে-
ক. Anwar said that he is a great fool
খ. Anwar told that he has been a great fool
গ. Anwar exclaimed that he was a great fool
ঘ. Anwar told that he had been a great fool
উত্তর✓ গ Exclamatory sentence 'what' দ্বারা শুরু হলে indirect speech করার নিয়মটি হবে: subject + exclaimed/exclaimed with sorrow + that + reported speech এর subject (person change) + প্রদত্ত verb এর past form বসে + a/an থাকলে বসে + great বসে + বাকি অংশ বসে (যদি থাকে)।

২৪. Anger may be compared —— fire. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. with খ. to
গ. on ঘ. against

উত্তর✓ খ সমজাতীয় জিনিসের সাথে তুলনা করার জন্য 'compare with' ব্যবহার করা হয়। For example: coco-cola can be compared with pepsi. কিন্তু অসম বস্তুর সাথে তুলনা করার সময় compare to ব্যবহার করা হয়। যেমন Anger ও fire অসম বিষয় বলে এখানে 'to' বসবে।

২৫. Feed the baby —— milk. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. to খ. in
গ. on ঘ. with

উত্তর✓ ঘ কাউকে কোন কিছু দিয়ে খাওয়ানো অর্থে feed with ব্যবহার করা হয়।

২৬. নিচের কোন বাক্যটি শুদ্ধ?

ক. I feel unwell.
খ. I took a bath.
গ. I am somewhat sure.
ঘ. I sold my furnitures.

উত্তর✓ ক,খ Linking verb + unwell হওয়ায় অপশন (ক) সঠিক। কিন্তু ইংরেজী রীতি অনুযায়ী গোসল করা অর্থে Take a bath ব্যবহার করা হয়।

২৭. নিচের কোন বাক্যটি শুদ্ধ?

ক. The cart was laden fully
খ. Your information is false
গ. Listen to my advices
ঘ. Who brought these news?

উত্তর✓ গ সঠিক উত্তরটি হবে 'খ'। অপশন (ক) তে শব্দ চয়ন জনিত ভুল রয়েছে। অপশন (গ) তে advice শব্দটিকে plural করা যাবে না কারণ এটি একটি uncountable noun. (খ) তে news একটি singular noun হওয়ায় This news ব্যবহার করতে হবে।

২৮. কোনটি 'Joyful' শব্দের সমার্থক শব্দ?

ক. Gloomy খ. Depressed
গ. Dull ঘ. Cheerful

উত্তর✓ ঘ Joyful→আনান্দদায়ক/ সানন্দ/ উৎফুল্ল। (ক) Gloomy→বিষণ্ন। (ঘ) depressed→ হতাশ/ বিষন্ন/ মনমরা। (গ) Dull→ আনন্দহীন/নিস্তেজ/ এক ঘেঁয়ে। (ঘ) Cheerful→ আনান্দিত/প্রফুল্ল / উৎফুল্ল।

২৯. কোনটি 'Vacant' শব্দের সমার্থক শব্দ?

ক. Blank খ. Engaged
গ. Busy ঘ. Employed

উত্তর✓ ক Vacant→খালি/ ফাঁকা/ শূন্য। (ক) Blank→ খালি/ ফাঁকা/ শূন্য। (খ) Engaged→ জড়িত/ ব্যস্ত/ নিযুক্ত। (গ) Busy→ ব্যস্ত। (ঘ) Employed→ নিরত/ নিযুক্ত/ কর্মী।

৩০. 'In blank and white' এর অর্থ-

ক. In writing খ. Temporary
গ. False ঘ. Verbally

উত্তর✓ ক 'In black and white' idiom টির অর্থ লিখিত আকারে (in writing)। For example: submit your address in black and white।

৩১. $a-\frac{1}{a}=3$ হলে, $a^3-\frac{1}{a^3}$ এর মান হবে–

ক. 18 খ. 24
গ. 36 ঘ. 42

উত্তর✓ গ $a^3-\frac{1}{a^3}=\left(a-\frac{1}{a}\right)^3+3.a.\frac{1}{a}\left(a-\frac{1}{a}\right)$
$=3^3+3.3=27+9=36$

৩২. x^2-y^2+2y-1 এর একটি উৎপাদক –

ক. $x+y+1$ খ. $x+y-1$
গ. $x-y-1$ ঘ. $x-2y+1$

উত্তর✓ খ x^2-y^2+2y-1
$=x^2-(y^2-2y+1)$
$=x^2-(y-1)^2$
$=(x-y+1)(x+y-1)$

৩৩. যদি ১২ জন শ্রমিক ৪ দিনে ২৮৮০ টাকা আয় করে, তবে ৮ জন শ্রমিক কতদিনে সমপরিমাণ টাকা আয় করবে?

ক. ৩ দিনে খ. ৪ দিনে
গ. ৫ দিনে ঘ. ৬ দিনে

উত্তর✓ ঘ
১২ জন শ্রমিক আয় করে ৪ দিনে
১ " " " " ১২ × ৪ "
৮ " " " " $\frac{১২\times৪}{৮}=৬$ দিনে।

৩৪. লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘন্টায় ২০ কিমি ও ৪ কিমি। নদীপথে ৯৬ কিমি দূরত্ব অতিক্রম করে পুনরায় যাত্রাস্থানে ফিরে আসতে সময় লাগবে–

ক. ৬ ঘন্টা খ. ৮ ঘন্টা
গ. ১০ ঘন্টা ঘ. ১২ ঘন্টা

উত্তর✓ গ স্রোতের অনুকূলে, সময় $=\frac{\text{মোট দূরত্ব}}{\text{দুই বেগের যোগফল}}$

$=\frac{৯৬}{২০+৪}=\frac{৯৬}{২৪}=৪$ ঘন্টা

স্রোতের প্রতিকূলে, সময় $=\frac{\text{মোট দূরত্ব}}{\text{দুই বেগের বিয়োগফল}}$

$=\frac{৯৬}{২০-৪}=\frac{৯৬}{১৬}=৬$ ঘন্টা

মোট সময় লাগে = ৬ + ৪ = ১০ ঘন্টা।

৩৫. একজন লোক সপ্তাহে ৫০০০ টাকা আয় করেন এবং ৪৫০০ টাকা ব্যয় করেন। তার ব্যয়ের সাথে সঞ্চয়ের অনুপাত হবে–

ক. ৯ ঃ ১ খ. ১ ঃ ৯
গ. ১০ ঃ ৯ ঘ. ৫ ঃ ১

উত্তর✓ ক সঞ্চয় = আয় − ব্যয়
= ৫০০০ − ৪৫০০
= ৫০০ টাকা
ব্যয় : সঞ্চয় = ৪৫০০ : ৫০০ = ৯ : ১।

৩৬. ৩৫ লিটার অকটেন-পেট্রোল মিশ্রণে, পেট্রোল ও অকটেনের অনুপাত ৪ : ৩। এতে আর কত অকটেন মিশালে পেট্রোল ও অকটেনের অনুপাত ৪ : ৫ হবে?

ক. ৮ লিটার খ. ১০ লিটার
গ. ১২ লিটার ঘ. ১৫ লিটার

উত্তর✓ খ অনুপাতের যোগফল ৪ + ৩ = ৭

পেট্রোল আছে $\left(৩৫ \text{ এর } \frac{৪}{৭}\right) = ২০$ লিটার

অকটেন আছে $\left(৩৫ \text{ এর } \frac{৩}{৭}\right) = ১৫$ লিটার

ধরি, x লিটার অকটেন মিশাতে হবে।

শর্তমতে, $\frac{x + ১৫}{২০} = \frac{৫}{৪}$

$\Rightarrow ৪x + ৬০ = ১০০$

$\Rightarrow ৪x = ১০০ - ৬০ = ৪০$

$x = \frac{৪০}{৪} = ১০$

$\therefore x = ১০$ লিটার।

৩৭. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক. $\frac{৩}{৪}$ খ. $\frac{৪}{৯}$
গ. $\frac{৭}{৯}$ ঘ. $\frac{৯}{১৩}$

উত্তর✓ গ

$\frac{৩}{৪} = ০.৭৫; \frac{৪}{৯} = ০.৪৪; \frac{৭}{৯} = ০.৭৮; \frac{৯}{১৩} = ০.৬৯$

৩৮. $\frac{০.১ \times ০.২ \times ০.০০৩}{০.০১ \times ০.০২ \times ০.০৩}$ - এর মান কত?

ক. ০.১ খ. ০.০১ গ. ০.০০১ ঘ. ১০

উত্তর✓ ঘ $\frac{০.১ \times ০.২ \times ০.০০৩}{০.০১ \times ০.০২ \times ০.০৩}$

$= \frac{১ \times ২ \times ৩ \times ১০০ \times ১০০ \times ১০০}{১ \times ২ \times ৩ \times ১০ \times ১০ \times ১০০০} = ১০$

৩৯. একটি গ্রামের লোকসংখ্যা ৬% হারে বর্ধিত হয়ে ১৪৮৪ হলে পূর্বের লোকসংখ্যা কত ছিল?

ক. ১৩৫০ খ. ১৪০০
গ. ১৪৪০ ঘ. ১৪৬০

উত্তর✓ খ

৬% বৃদ্ধিতে বর্তমান লোকসংখ্যা = ১০০ + ৬ = ১০৬ জন

বর্তমান লোকসংখ্যা ১০৬ জন হলে পূর্বের লোকসংখ্যা ১০০ জন

" " ১ " " " " $\frac{১০০}{১০৬}$ "

" " ১৪৮৪ " " " " $\frac{১০০ \times ১৪৮৪}{১০৬}$ "

= ১৪০০ জন।

৪০. বৃত্তের কেন্দ্র হতে ২৪ সেমি দীর্ঘ জ্যা-এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য ৫ সেমি হলে ব্যাসার্ধের দৈর্ঘ্য হবে–

ক. ১৩ সেমি খ. ১৪ সেমি
গ. ১২ সেমি ঘ. ১৫ সেমি

উত্তর✓ ক

বৃত্তের কেন্দ্র হতে জ্যা এর উপর অঙ্কিত লম্ব OD = ৫ সে.মি.

AB = ২৪ সে.মি. সুতরাং $AD = BD = \frac{২৪}{২} = ১২$ সে.মি.।

যেহেতু কেন্দ্র হতে অঙ্কিত লম্ব জ্যাকে সমদ্বিখন্ডকে বিভক্ত করে।

এখন OA = ?

$\therefore \Delta OAD$ সমকোণী ত্রিভুজে,

$OA^2 = OD^2 + AD^2$
$= (৫)^2 + (১২)^2$
$= ২৫ + ১৪৪$
$\Rightarrow OA = \sqrt{১৬৯} = ১৩$



৪১. একটি সুষম বহুভুজের একটি অন্তঃকোণের পরিমাণ ১৩৫° হলে বহুভুজটির বাহুর সংখ্যা হবে–

ক. ৬ খ. ৭
গ. ৮ ঘ. ১০

উত্তর✓ গ আমরা জানি, $\frac{n-২}{n} \times ১৮০^\circ = ১৩৫^\circ$

$\Rightarrow \frac{n-২}{n} = \frac{১৩৫}{১৮০}$

$\Rightarrow \frac{n-২}{n} = \frac{৩}{৪}$

$\Rightarrow ৪n - ৮ = ৩n$

$\Rightarrow ৪n - ৩n = ৮$

$\therefore n = ৮$

৪২. একজন দোকানদার ১০% লাভে একটি জিনিস ৫৫ টাকায় বিক্রি করেন। জিনিসটির ক্রয়মূল্য কত?

ক. ৪২ টাকা খ. ৪৫ টাকা
গ. ৪৮ টাকা ঘ. ৫০ টাকা

উত্তর✓ ঘ

১০% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ১০) = ১১০ টাকা।

বিক্রয়মূল্য ১১০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" ১ " " " $\frac{১০০}{১১০}$ টাকা

" ৫৫ " " " $\frac{১০০ \times ৫৫}{১১০}$ টাকা

= ৫০ টাকা।

৪৩. কোনো পরীক্ষায় ৮৫% পরীক্ষার্থী পদার্থবিদ্যায়, ৮১% পরীক্ষার্থী রসায়নশাস্ত্রে এবং ৭৬% পরীক্ষার্থী উভয় বিষয়ে পাস করেছে। শতকরা কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করেছে?

ক. ৮ জন খ. ১০ জন
গ. ১১ জন ঘ. ১২ জন

উত্তর✓ খ শুধু পদার্থবিদ্যায় পাস করে (৮৫ − ৭৬)% = ৯%

শুধু রসায়নশাস্ত্রে পাস করে (৮১ − ৭৬)% = ৫%

পদার্থ বা রসায়ন বা উভয় বিষয়ে পাস করে (৯ + ৫ + ৭৬)% = ৯০%

∴ উভয় বিষয়ে ফেল করে (১০০ − ৯০)% = ১০%

৪৪. ১ থেকে ৫১ পর্যন্ত ক্রমিক সংখ্যাগুলোর গড় কত?

ক. ২৬ খ. ২৮
গ. ৩০ ঘ. ৩১

উত্তর✓ ক ব্যাখ্যা: ১ থেকে ৫১ পর্যন্ত সংখ্যার সমষ্টি $= \frac{n(n+১)}{২}$

$$= \frac{৫১(৫১+১)}{২} = \frac{৫১ \times ৫২}{২} = ১৩২৬$$

১ থেকে ৫১ পর্যন্ত সংখ্যার গড় $= \frac{১৩২৬}{৫১} = ২৬$

৪৫. একজন মাঝি স্রোতের অনুকূলে ১ ঘণ্টায় ৩ মাইল যায় এবং ৩ ঘণ্টায় যাত্রাস্থানে ফিরে আসে। তার মোট ভ্রমণে প্রতি ঘণ্টায় গড় বেগ কত?

ক. $১\frac{১}{২}$ খ. $১\frac{২}{৩}$
গ. $১\frac{৩}{৪}$ ঘ. $১\frac{৩}{৫}$

উত্তর✓ ক ব্যাখ্যা: মোট দূরত্ব = ৩ + ৩ = ৬ মাইল
মোট সময় = ১ + ৩ = ৪ ঘণ্টা
গড় বেগ $= \frac{৬}{৪} = ১\frac{১}{২}$ মাইল/ঘণ্টা

৪৬. তাপ সঞ্চালনের দ্রুততম প্রক্রিয়া কোনটি?

ক. পরিবহন খ. পরিচালন
গ. বিকিরণ ঘ. এর কোনোটিই নয়

উত্তর✓ গ ব্যাখ্যা: তাপ সঞ্চালন প্রধাণত তিনটি পদ্ধতিতে হয়। যথা: পরিবহন, পরিচলন এবং বিকিরণ। অন্য দুই পদ্ধতিতে মাধ্যমের প্রয়োজন হয়। কিন্তু বিকিরন পদ্ধতিতে মাধ্যমের প্রয়োজন হয় না, তাই দ্রুত তাপ সঞ্চালিত হয়।

৪৭. নিচের কোনটির বিদ্যুৎ পরিবাহিতা সবচেয়ে বেশি?

ক. রূপা খ. তামা
গ. সোনা ঘ. কার্বন

উত্তর✓ ক ব্যাখ্যা: কোনো পরিবাহকের পরিবাহিতার মান নির্ভর করে পরিবাহকের উপাদান, সক্রিয়তা ক্রম এবং তাপমাত্রার উপর। উল্লিখিত অপশনে রূপার বিদ্যুৎ পরিবাহিতা সবচেয়ে বেশি।

৪৮. নিচের কোনটি পানিতে দ্রবীভূত হয় না?

ক. ক্যালসিয়াম কার্বনেট খ. সোডিয়াম ক্লোরাইড
গ. চিনি ঘ. সালফিউরিক এসিড

উত্তর✓ ক ব্যাখ্যা: ক্যালসিয়াম কার্বনেট একটি রাসায়নিক যৌগ যার সংকেত $CaCO_3$। পাথর বা শিলার মধ্যে একটা সাধারণ উপাদান এবং সামদ্রিক প্রাণীর খোলস, শামুক, ডিমের খোসা ইত্যাদির প্রধান উপাদান। ক্যালসিয়াম কার্বনেট পানিতে দ্রবীভূত হয় না।

৪৯. নিচের কোনটি রাসায়নিক পরিবর্তন?

ক. লোহার মরিচা ধরা
খ. তাপ দ্বারা মোম গলানো
গ. বরফ গলে পানি হওয়া
ঘ. লবণ পানিতে দ্রবীভূত হওয়া

উত্তর✓ ক ব্যাখ্যা: যে পরিবর্তনের ফলে বস্তু তার নিজস্ব সত্ত্বা হারিয়ে সম্পূর্ণ ধর্ম বিশিষ্ট বস্তুতে পরিণত হয় তাকে রাসায়নিক পরিবর্তনের বলে। যেমন: লোহার মরিচা ধরা, দুধ থেকে দই হওয়া।

৫০. ইয়াসির আরাফাত নোবেল পুরস্কার পান কোন সালে?

ক. ১৯৯৩ খ. ১৯৯৪
গ. ১৯৯৫ ঘ. ১৯৯৬

উত্তর✓ খ ব্যাখ্যা: ইয়াসির আরাফাত ২৪ আগষ্ট ১৯২৯ সালে মিশরের কায়রোতে জন্মগ্রহন করেন। তিনি ১৯৬৪ সালে পিএলও গঠন করেন। তিনি শান্তিতে নোবেল পুরস্কার পান ১৯৯৪ সালে। ইয়াসির আরাফাত মৃত্যুবরন করেন ১১ নভেম্বর ২০০৪ সালে ফ্রান্সে। তাকে রামাল্লায় দাফন করা হয়।

৫১. চাঁদের মাটিতে প্রথম পা রাখেন কে?

ক. মাইকেল কলিন্স খ. ইউরি গ্যাগারিন
গ. নীল আর্মস্ট্রং ঘ. এডুইন অলড্রিন **উত্তর✓ গ**

৫২. খাদ্যের কোন উপাদান রক্তের হিমোগ্লোবিন তৈরিতে সাহায্য করে?

ক. আমিষ খ. শর্করা
গ. স্নেহ ঘ. ভিটামিন

উত্তর✓ ক ব্যাখ্যা: কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন ও নাইট্রোজেন এ চারটি পদার্থের সমন্বয়ে আমিষ গঠিত। দেহের অস্থি, পেশি, লোম, পাখির পালক, নখ, পশুর শিং, রক্তকণিকা প্রভৃতি আমিষ দ্বারা গঠিত। আমিষ রক্তের হিমোগ্লোবিন তৈরিতে সাহায্য করে।

৫৩. প্রোটিনের মূল উপাদান কী?

ক. অক্সিজেন খ. নাইট্রোজেন
গ. হাইড্রোজেন ঘ. কার্বন

উত্তর✓ খ ব্যাখ্যা: আমিষ বা প্রোটিন প্রাণীদেহের গঠনে অপরিহার্য উপাদান। আমিষে ১৬% নাইট্রোজেন আমিষের মূল উপাদান।

৫৪. এইচআইভি কী?

ক. ব্যাকটেরিয়া খ. সায়ানো ব্যাকটেরিয়া
গ. ভাইরাস ঘ. ছত্রাক

উত্তর✓ গ ব্যাখ্যা: এইচআইভি যার পূর্ণনাম Human Immune Deficiency Virus এক ধরনের ভাইরাস। এটি দেহের স্বাভাবিক রোগ প্রতিরোধ ক্ষমতা নষ্ট করে দেয়। ফলে শরীরে শ্বাসতন্ত্রের রোগ, মস্তিষ্কের রোগ এবং টিউমার প্রভৃতি নানা রকমের বিরল রোগের সংক্রমণ ঘটে।

৫৫. এইডস সংক্রমণের জন্য ঝুঁকিপূর্ণ কারা?

ক. অল্পবয়সী ছেলেমেয়েরা খ. অল্পবয়সী মেয়েরা
গ. অল্পবয়সী ছেলেরা ঘ. বৃদ্ধ-বৃদ্ধারা

উত্তর✓ ক ব্যাখ্যা: রক্তদান বা গ্রহণ, অনিয়ন্ত্রিত যৌন সম্পর্ক প্রভৃতির মাধ্যমে এইডস রোগ ছড়ায়। অল্পবয়সী ছেলেমেয়েরা অবাধে মেলামেশার কুফল জানে না। তাদের অনিয়ন্ত্রিত যৌন সম্পর্কের কারণে তারা ঝুঁকিপূর্ণ।

৫৬. কিসের অভাবে শিশুদের রিকেটস রোগ হয়?

ক. ভিটামিন 'বি' খ. ভিটামিন 'সি'
গ. ভিটামিন 'ডি' ঘ. ভিটামিন 'কে'

উত্তর✓ গ ব্যাখ্যা: ভিটামিন 'ডি' এর অভাবে শিশুদের রিকেটস রোগ হয়। এ রোগের ফলে শিশুদের পেট ফুলে উঠে ও হাড় বেঁকে যায়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৫৭. 'মিষ্টি কুমড়া' কোন ধরনের খাদ্য?

ক. শ্বেতসার　　খ. আমিষ

গ. স্নেহ জাতীয়　　ঘ. ভিটামিন

উত্তর✓ খ ব্যাখ্যা: মাখন, ঘি, তেল- স্নেহ জাতীয় খাদ্য। মাছ, মাংস, ডিম আমিষ জাতীয় এবং মিষ্টি কুমড়া, পুইশাক, আম, জাম ভিটামিন জাতীয় খাবার।

৫৮. দেহের ক্ষয়পূরণ ও বৃদ্ধিসাধনের জন্য কোন উপাদানটি দরকার?

ক. শ্বেতসার　　খ. আমিষ

গ. স্নেহ　　ঘ. খনিজ লবণ

উত্তর✓ খ ব্যাখ্যা: প্রাণীদেহের গঠনে প্রোটিন অপরিহার্য। দেহের ক্ষয়পূরণ ও বৃদ্ধি সাধন করা আমিষের প্রধান কাজ।

৫৯. 'মঙ্গল' গ্রহের কয়টি উপগ্রহ আছে?

ক. ২টি　　খ. ৩টি

গ. ৪টি　　ঘ. কোনো উপগ্রহ নেই

উত্তর✓ ক ব্যাখ্যা: সৌরজগতের এবং পৃথিবীর নিকটতম গ্রহের মধ্যে অন্যতম গ্রহ হলো মঙ্গল গ্রহ। এর উপগ্রহের সংখ্যা ২টি। ডিমোস ও ফোবোস।

৬০. বাংলাদেশ সরকার কবে 'পলিথিন ব্যবহার নিষিদ্ধ' আইন প্রণয়ন করে?

ক. ১৯৯৮ সালে　　খ. ২০০০ সালে

গ. ২০০২ সালে　　ঘ. ২০০৪ সালে

উত্তর✓ গ ব্যাখ্যা: বাংলাদেশ সরকার ঢাকা মহানগরে সব ধরনের পলিথিন শপিং ব্যাগের উৎপাদন, ব্যবহার ও বাজারজাতকরণ নিষিদ্ধ করে ১ জানুয়ারি ২০০২ সালে। সমগ্র বাংলাদেশে নিষিদ্ধ করা হয় ১ মার্চ ২০০২ সালে।

৬১. জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য সংখ্যা কত?

ক. ৪　　খ. ৫

গ. ৬　　ঘ. ৭

উত্তর✓ খ ব্যাখ্যা: জাতিসংঘের নিরাপত্তা বা স্বস্তি পরিষদের সদস্য দেশ ১৫টি। এর মধ্যে স্থায়ী ৫টি এবং অস্থায়ী ১০টি সদস্য। স্থায়ী ৫টি সদস্য দেশ হচ্ছে- যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, রাশিয়া ও চীন। এই পাঁচটি স্থায়ী সদস্যের veto ক্ষমতা রয়েছে। অস্থায়ী সদস্য দেশ নির্বাচিত হয় ২ বছরের জন্য।

৬২. কোন ধাতুর গলনাঙ্ক সবচেয়ে কম?

ক. দস্তা　　খ. সিসা

গ. লোহা　　ঘ. পারদ

উত্তর✓ ঘ ব্যাখ্যা: যে নির্দিষ্ট তাপমাত্রায় কোনো কঠিন পদার্থ গলতে শুরু করে তাকে পদার্থের গলনাঙ্ক বলে। পারদের গলনাঙ্ক সবচেয়ে কম।

৬৩. পানিতে কার্বন ডাইঅক্সাইডের দ্রবণকে বলা হয়–

ক. সোডা ওয়াটার　　খ. মিল্ক অব লাইম

গ. ওয়াটার গ্যাস　　ঘ. মার্ক পারহাইড্রল

উত্তর✓ ক ব্যাখ্যা: উচ্চচাপে পানিতে কার্বন ডাই অক্সাইডকে দ্রবীভূত করা হয়। পানিতে কার্বন ডাই অক্সাইডের দ্রবণকে সোডা ওয়াটার বলে। সেভেন আপ, স্প্রাইট, কোকাকোলা ইত্যাদি পানীয় গুলো এক ধরনের সোডা ওয়াটার।

৬৪. 'হার্ডডিস্ক' মাপার একক হল –

ক. মেগাবাইট　　খ. গিগাবাইট

গ. কিলোবাইট　　ঘ. টেরাবাইট

উত্তর✓ খ ব্যাখ্যা: কম্পিউটারের যে মেমোরি কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ অংশের সঙ্গে সরাসরি সংযোগ থাকে না এবং যেখানে তথ্য স্থায়ীভাবে সংরক্ষণ করা হয় তাকে সহায়ক মেমোরি বলে। হার্ডডিস্ক এক ধরনের সহায়ক মেমোরি এবং তা মাপার একক হল গিগাবাইট।

৬৫. বহুমূত্র রোগে কোন হরমোনের দরকার হয়?

ক. এনড্রোজেন　　খ. এস্ট্রোজেন

গ. ইনসুলিন　　ঘ. থাইরক্সিন

উত্তর✓ গ ব্যাখ্যা: শরীরে অগ্ন্যাশয় হতে নিঃসৃত ইনসুলিন নামক হরমোনের অভাবে রক্তে শর্করার পরিমান স্থায়ীভাবে বেড়ে যায় এবং অতিরিক্ত শর্করা প্রসাবের সঙ্গে বের হয়। ফলে ডায়াবেটিস বা বহুমূত্র রোগ হয়। বহুমূত্র রোগে ইনসুলিন দরকার হয়।

৬৬. পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য দেশের মোট আয়তনের শতকরা কত ভাগ বনভূমি থাকা দরকার?

ক. ১৮ ভাগ　　খ. ২২ ভাগ

গ. ২৫ ভাগ　　ঘ. ২৯ ভাগ

উত্তর✓ গ ব্যাখ্যা: পরিবেশের ভারসাম্য রক্ষায় দেশের মোট আয়তনের ২৫ ভাগ বনভূমি থাকা প্রয়োজন।

৬৭. আদর্শ মাটিতে কত ভাগ জৈব পদার্থ থাকে?

ক. ৪%　　খ. ৫%

গ. ৭%　　ঘ. ৮%

উত্তর✓ খ ব্যাখ্যা: জীবজন্তু, গাছপালা, আর্বজনা প্রভৃতি মাটিতে চাপা পড়ে যে পদার্থের সৃষ্টি করে তাই জৈব পদার্থ। আদর্শ মাটিতে ৫% জৈব পদার্থ থাকা জরুরী।

৬৮. পেট্রোলের আগুন পানি দ্বারা নেভানো যায় না, কারণ–

ক. পেট্রোলের সাথে পানি মিশে যায়

খ. পেট্রোল পানির সাথে মিশে না

গ. পেট্রোল পানির চেয়ে হালকা

ঘ. খ ও গ উভয়ই ঠিক

উত্তর✓ ঘ ব্যাখ্যা: পেট্রোল উদ্বায়ী পদার্থ এবং পানির সাথে মিশে না। এটি পানির চেয়ে হালকা তাই পেট্রোলের আগুন পানি দ্বারা নেভানো যায় না।

৬৯. আকাশের উজ্জ্বলতম নক্ষত্রের নাম–

ক. ধ্রুব নক্ষত্র　　খ. লুব্ধক

গ. সুরনদী　　ঘ. প্রক্সিমা সেন্টারাই

উত্তর✓ খ ব্যাখ্যা: যে সকল বৃহদাকার জ্যোতিষ্কের নিজস্ব আলো রয়েছে তাদেরকে নক্ষত্র বলা হয়। আকাশের উজ্জ্বলতম নক্ষত্রের নাম লুব্ধক।

৭০. চাঁদে কোনো জিনিসের ওজন পৃথিবীতে ঐ জিনিসের ওজনের–

ক. ৬ ভাগের ১ ভাগ　　খ. চেয়ে কম

গ. চেয়ে বেশি　　ঘ. সমান　　উত্তর✓ক

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৭১. সুমাত্রা দ্বীপটি অবস্থিত –

ক. বঙ্গোপসাগরে
খ. আরব সাগরে
গ. ভারত মহাসাগরে
ঘ. প্রশান্ত মহাসাগরে

উত্তর✓ গ সুমাত্রা এককভাবে ইন্দোনেশিয়ার বৃহত্তম দ্বীপ। পৃথিবীর দ্বীপগুলোর মধ্যে এটি আয়তনে ৬ষ্ঠ। ভারত মহাসাগরে অবস্থিত সুমাত্রা দ্বীপের আয়তন ৪,৭৩,৪৮১ বর্গ কিলোমিটার। এই দ্বীপের জনসংখ্যা প্রায় পাঁচ কোটি।

৭২. গ্রিনিচে যখন সময় রবিবার সকাল ৬টা তখন এর ৯০° পূর্বদিকে অবস্থিত স্থানের সময় হবে–

ক. শনিবার রাত্রি ১২টা
খ. শনিবার সন্ধ্যা ৬টা
গ. রবিবার সন্ধ্যা ৬টা
ঘ. রবিবার দুপুর ১২টা

উত্তর ঘ

৭৩. দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়–

ক. ১ সেপ্টেম্বর ১৯৩৯ খ. ১ ডিসেম্বর ১৯৩৯
গ. ১ মার্চ ১৯৪০ ঘ. ১ জুন ১৯৪০

উত্তর✓ ক জার্মান চ্যান্সেলর এডলফ হিটলার কর্তৃক পোল্যান্ড আক্রমণের মাধ্যমে ১ সেপ্টেম্বর ১৯৩৯ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পিতৃভূমি বলা হয় রাশিয়াকে। দ্বিতীয় বিশ্বযুদ্ধে বাফার স্টেট ছিল বেলজিয়াম। জাপান কর্তৃক চুক্তি স্বাক্ষরের মাধ্যমে ২ সেপ্টেম্বর ১৯৪৫ সালে আনুষ্ঠানিকভাবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরিসমাপ্তি ঘটে।

৭৪. সরকারি ভাষা হিসেবে এদেশে ইংরেজির ব্যবহার শুরু হয় কোন সন থেকে?

ক. ১৭৬৫ খ. ১৮২৪
গ. ১৮৩৫ ঘ. ১৮৫৭

উত্তর✓ গ লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক সরকারি ভাষা হিসেবে এদেশে ইংরেজির ব্যবহার শুরু করেন ১৮৩৫ সালে। তিনি উচ্চ আদালতে ও সরকারি কাজকর্মে ফার্সি ভাষার পরিবর্তে মাতৃভাষা ও ইংরেজি ভাষার প্রচলন করেন।

৭৫. পূর্ব বাংলায় যুক্তফ্রন্ট কত সালে গঠন করা হয়?

ক. ১৯৫৩ সালে খ. ১৯৫৪ সালে
গ. ১৯৫৫ সালে ঘ. ১৯৫৬ সালে

উত্তর✓ ক ১৯৫৪ সালের প্রাদেশিক নির্বাচনের জন্য চারটি দল একত্রিত হয়ে যুক্তফ্রন্ট গঠন করে ৪ ডিসেম্বর ১৯৫৩ সালে। দল চারটি হচ্ছে আওয়ামী লীগ, কৃষক শ্রমিক পার্টি, নেজামে ইসলাম ও গণতন্ত্রী দল। যুক্তফ্রন্টের নির্বাচনী প্রচারণা ২১ দফার ভিত্তিতে পরিচালিত হয়, যার প্রথম দফা ছিল বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করা।

৭৬. কোন মোঘল সম্রাট 'জিজিয়া কর' রহিত করেন?

ক. হুমায়ুন খ. আকবর
গ. শাহজাহান ঘ. আওরঙ্গজেব

উত্তর✓ খ জিজিয়া কর হলো ইসলামী রাষ্ট্রে ইসলামী আইন অনুকূলে স্থায়ীভাবে বসবাসরত অমুসলিমদের জন্য প্রতি বাৎসরিক ধার্যকৃত কর। মোঘল সম্রাট জালালউদ্দীন মুহাম্মদ আকবর 'জিজিয়া কর' রহিত করেন।

৭৭. পূর্ব বাংলা প্রাদেশিক পরিষদে কতটি আসন ছিল?

ক. ২৫০টি খ. ২৭৫টি
গ. ৩০০টি ঘ. ৩০৯টি

উত্তর✓ ঘ পূর্ব বাংলা প্রাদেশিক পরিষদের আসন সংখ্যা ছিল ৩০৯টি। এর মধ্যে মুসলিম আসন ২৩৭টি এবং অমুসলিমদের জন্য সংরক্ষিত আসন ৭২টি। ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট ২৩৭ টি আসনের মধ্যে ২২৩ টি আসনে জয়লাভ করে।

৭৮. প্রাপ্ত পদকের সংখ্যা অনুযায়ী ১৯৮৪ সালে সাফ গেমসে বাংলাদেশের অবস্থান ছিল-

ক. ২য় খ. ৩য়
গ. ৪র্থ ঘ. ৫ম

উত্তর✓ ঘ সাউথ এশিয়ান গেমস প্রথম অনুষ্ঠিত হয় ১৯৮৪ সালে নেপালের কাঠমান্ডুতে। এই প্রতিযোগিতায় প্রাপ্ত পদকের সংখ্যা অনুযায়ী বাংলাদেশের অবস্থান ছিল পঞ্চম। ২০১৬ সালে ভারতের গুয়াহাটি ও শিলং এ অনুষ্ঠিত ১২তম সাফ গেমসে বাংলাদেশ পঞ্চম স্থান অধিকার করে। ২০১৮ সালে ১৩তম সাফ গেমস অনুষ্ঠিত হবে নেপালের কাঠমান্ডুতে।

৭৯. রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়–

ক. ১৯৪৭ সালে খ. ১৮৫০ সালে
গ. ১৯৫৩ সালে ঘ. ১৯৫৭ সালে

উত্তর✓ গ বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম বিশ্ববিদ্যালয় 'রাজশাহী বিশ্ববিদ্যালয়' রাজশাহী জেলার মতিহারে অবস্থিত। স্যাডলার কমিশনের সুপারিশ অনুযায়ী রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১৯৫৩ সালের ৬ জুলাই। প্রথম উপাচার্য ছিলেন প্রফেসর ইতরাত হোসেন জুবেরী। ক্যাম্পাসের আয়তন ৭৫৩ একর।

৮০. ঘোড়াশাল সার কারখানায় উৎপাদিত সারের নাম–

ক. ইউরিয়া খ. টিএসপি
গ. অ্যামোনিয়া ঘ. সালফেট

উত্তর✓ ক ঘোড়াশাল সার কারখানার অপর নাম ইউরিয়া ফার্টিলাইজার ফ্যাক্টরি লিমিটেড। কারখানাটি নরসিংদি জেলার ঘোড়াশালে অবস্থিত। সার কারখানাটি ১৯৭০ সালে প্রতিষ্ঠিত। এখানে কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয় প্রাকৃতিক গ্যাস এবং উৎপাদিত সারের নাম ইউরিয়া।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

২৯

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২

সেট : ১ | [কোড : মেঘনা] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ২৪.০২.২০১২ | পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল
রংপুর, গাইবান্ধা, নীলফামারী, বরিশাল, পটুয়াখালী, বগুড়া, সিরাজগঞ্জ, লালমনিরহাট।

[দ্রষ্টব্য: সকল প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. পিতার বর্তমান বয়স পুত্রের বয়সের চারগুণ। ৬ বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের দশগুণ ছিল। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত?

ক. ৫৬ বছর এবং ১৪ বছর খ. ৩৬ বছর এবং ৯ বছর
গ. ৪০ বছর এবং ১০ বছর ঘ. ৩২ বছর এবং ৮ বছর

উত্তর✓ খ [illegible] মনে করি, পুত্রের বয়স x বছর
পিতার বয়স 4x বছর

শর্তমতে, $4x - 6 = 10(x - 6)$

$\Rightarrow 4x - 6 = 10x - 60$

$\Rightarrow 10x - 4x = 60 - 6$

$\Rightarrow 6x = 54$

$\therefore x = 9$

$\therefore$ পিতার বর্তমান বয়স $(4 \times 9) = 36$ বছর।

০২. দুটি সংখ্যার অনুপাত ৫ ঃ ৮। উভয়ের সাথে ২ যোগ করলে অনুপাতটি ২ ঃ ৩ হয়। সংখ্যা দুটি কি কি?

ক. ৭ ও ১১ খ. ১২ ও ১৮
গ. ১০ ও ২৪ ঘ. ১০ ও ১৬

উত্তর✓ ঘ [illegible] মনে করি, সংখ্যা দুইটি 5x ও 8x

প্রশ্নমতে, $\frac{5x + 2}{8x + 2} = \frac{2}{3}$

$\Rightarrow 16x + 4 \Rightarrow 15x + 6$

$\Rightarrow 16x - 15x = 6 - 4$

$\therefore x = 2$

০৩. কোনো পরীক্ষায় শতকরা ৮৫ জন ইংরেজিতে পাস করেছে। ইংরেজিতে ফেলের মোট সংখ্যা ৭৫ জন হলে পরীক্ষার্থীর সংখ্যা কত?

ক. ৭৭৫ জন খ. ৬৫০ জন
গ. ৫০০ জন ঘ. ৩৭৫ জন

উত্তর✓ গ [illegible] ফেল করে $(100 - 85) = 15$ জন
১৫ জন ফেল করলে পরীক্ষার্থী ১০০ জন

১ " " " " $\frac{100}{15}$ "

$\therefore$ ৭৫ " " " " $\frac{100 \times 75}{15}$ "

= ৫০০ জন

০৪. ১৫০ টাকায় একটি জিনিস ক্রয় করে কত দামে বিক্রয় করলে ৩০% লাভ হবে?

ক. ১৬০ টাকা খ. ১৭০ টাকা
গ. ১৮৫ টাকা ঘ. ১৯৫ টাকা

উত্তর✓ ঘ [illegible] বিক্রয়মূল্য $= \frac{100 + \text{লাভ}}{100} \times$ ক্রয়মূল্য

$= \frac{100 + 30}{100} \times 150 = \frac{130}{100} \times 150 = 195$ টাকা

০৫. প্রতিটি ৩৬০০ টাকা করে দুটি চেয়ার বিক্রয় করা হয়েছে। একটি ২০% লাভে এবং অপরটি ২০% ক্ষতিতে বিক্রয় করা হয়েছে। সব মিলিয়ে কত লোকসান হয়েছে?

ক. লাভ লোকসান কিছুই হয়নি খ. ৯০০ টাকা
গ. ৩০০ টাকা ঘ. ৬০০ টাকা

উত্তর✓ গ [illegible] চেয়ার দু'টির বিক্রয়মূল্য (3600×2)
= ৭২০০ টাকা।

২০% লাভে ক্রয়মূল্য

$= \frac{100}{100 + 20} \times$ বিক্রয়মূল্য

$= \frac{100}{120} \times 3600 = 3000$ টাকা

২০% ক্ষতিতে ক্রয়মূল্য $= \frac{100}{100 - 20} \times$ বিক্রয়মূল্য

$= \frac{100}{80} \times 3600 = 4500$ টাকা

মোট ক্রয়মূল্য $= (3000 + 4500) = 7500$ টাকা

মোট লোকসান $= (7500 - 7200) = 300$ টাকা

০৬. একটি বানর ১৩ মিটার উঁচু পিচ্ছিল বাঁশের উপর উঠতে প্রথম সেকেন্ডে ৩ মিটার উঠে এবং পরবর্তী সেকেন্ডে ১ মিটার নেমে আসে। বানরটি কত সেকেন্ডে উক্ত বাঁশের উপর উঠবে?

ক. ১১ সেকেন্ড খ. ১০ সেকেন্ড
গ. ৯ সেকেন্ড ঘ. ৮ সেকেন্ড

উত্তর✓ ক [illegible] উঠানামা করে $(13 - 3) = 10$ মিটার
২ সেকেন্ডে উঠে $(3 - 1) = 2$ মিটার
২ মিটার উঠে ২ সেকেন্ডে

১ " " $\frac{2}{2}$ "

১০ " " $\frac{2 \times 10}{2} = 10$ সেকেন্ড

মোট সময় $= (10 + 1) = 11$ সেকেন্ড।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

০৭. কোনো ছাত্রাবাসে ৪০ জন ছাত্রের ৩০ দিনের খাবার আছে। ৫ দিন পর আরও ১০ জন ছাত্র আসলে অবশিষ্ট খাদ্যে তাদের কতদিন চলবে?

ক. ১৫ দিন খ. ২০ দিন
গ. ২৫ দিন ঘ. ২৮ দিন

উত্তর✓ খ ৫ দিন বাকি থাকে $(৩০ - ৫) = ২৫$ দিন
ছাত্র সংখ্যা হয় $(৪০ + ১০) = ৫০$ জন
৪০ জন ছাত্রের খাদ্য চলবে ২৫ দিন
১ " " " " (২৫×৪০) "
$\therefore ৫০$ " " " " $\frac{২৫ \times ৪০}{৫০}$ "
$= ২০$ দিন

০৮. ১৫ জনের কোনো কাজের অর্ধেক করতে ২০ দিন লাগে, কত দিনে ২০ জন লোক পুরো কাজটি শেষ করতে পারবে?

ক. ২০ খ. ১৫
গ. ৩০ ঘ. ৪০

উত্তর✓ গ
$\frac{P_1D_1}{P_2D_2} = \frac{W_1}{W_2}$
$\Rightarrow \frac{১৫ \times ২০}{২০ \times D_2} = \frac{\frac{১}{২}}{১}$
$\Rightarrow \frac{১৫}{D_2} = \frac{১}{২}$
$\Rightarrow D_2 = ৩০$ দিন।

$P_1 = ১৫$ জন
$D_1 = ২০$ দিন
$W_1 = \frac{১}{২}$ অংশ
$P_2 = ২০$ জন
$D_2 = ?$
$W_2 =$ সম্পূর্ণ (১)

০৯. বর্তমানে পিতার বয়স পুত্রের বয়সের ৫ গুণ। তিন বছর বাদে পিতার বয়স পুত্রের বয়সের ৪ গুণ হয়। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত হবে?

ক. ৪৫ বছর, ৯ বছর খ. ২৫ বছর, ৫ বছর
গ. ৫০ বছর, ১০ বছর ঘ. ৩৫ বছর, ৭ বছর

উত্তর✓ ক মনে করি, পুত্রের বয়স x বছর
পিতার বয়স ৫x বছর
প্রশ্নমতে, $৫x + ৩ = ৪(x + ৩)$
$\Rightarrow ৫x + ৩ = ৪x + ১২$
$\therefore x = ৯$
$\therefore$ পিতার বয়স $(৫ \times ৯) = ৪৫$ বছর।

১০. $p + \frac{1}{p} = 5$ হলে, $p^3 + \frac{1}{p^3} =$ কত?

ক. 100 খ. 110
গ. 115 ঘ. 120

উত্তর✓ খ $P^3 + \frac{1}{P^3} = \left(P + \frac{1}{p}\right)^3 - 3.p.\frac{1}{p}\left(p + \frac{1}{p}\right)$
$= 5^3 - 3.5 = 125 - 15 = 110$

১১. $m^2 + 8m + 15$ এর উৎপাদক কত?


ক. $(m + 5)(m - 3)$ খ. $(m - 5)(m + 3)$
গ. $(m - 5)(m - 3)$ ঘ. $(m + 5)(m + 3)$

উত্তর✓ ঘ $m_2 + 8m + 15$
$= m^2 + 5m + 3m + 15$
$= m(m + 5) + 3(m + 5)$
$= (m + 5)(m + 3)$

১২. স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধ এবং স্পর্শকের অন্তর্ভুক্ত কোণ–

ক. এক সমকোণের অর্ধেক খ. সরলকোণ
গ. এক সমকোণ ঘ. কোনোটিই নয়

উত্তর✓ গ
স্পর্শকবিন্দুগামী ব্যাসার্ধ এবং স্পর্শকের অন্তর্ভুক্ত কোণ এক সমকোণ।
$\therefore \angle ACO =$ এক সমকোণ।



১৩. তিন কোণ দেয় থাকলে যে সকল ত্রিভুজ আঁকা যায় তাদের কি ত্রিভুজ বলে?

ক. সদৃশ ত্রিভুজ খ. সমান ত্রিভুজ
গ. সর্বসম ত্রিভুজ ঘ. সমানুপাতিক ত্রিভুজ

উত্তর✓ ক কোনো ত্রিভুজের তিনটি কোণ যথাক্রমে অপর ত্রিভুজের তিনটি কোণের সমান হলে ত্রিভুজ দুটিকে সদৃশকোণী বা সদৃশ ত্রিভুজ বলে।

১৪. **Noun of the word 'poor' is –**

ক. Poority খ. Poverty
গ. Poorify ঘ. Poorness

উত্তর✓ খ 'poor' একটি adjective যার অর্থ হলো দরিদ্র। এর noun হলো Poverty যার অর্থ দরিদ্রতা/ দারিদ্র্য।

১৫. **Verb of the word 'new' is –**

ক. Anew খ. Newness
গ. Newly ঘ. Renew

উত্তর✓ ঘ 'New' শব্দটি Adjective, এর verb হলো renew যার অর্থ হলো 'নবায়ন করা'।

১৬. **কোন বানানটি শুদ্ধ?**

ক. Achievment খ. Acheivment
গ. Achievement ঘ. Acheivement

উত্তর✓ গ Achievement (N) → অর্জন।

১৭. **কোন বানানটি শুদ্ধ?**

ক. Commission খ. Comision
গ. Comission ঘ. Commision

উত্তর✓ ক Commission (N)→কর্মভার অর্পন করা/ নিযুক্ত করা।

১৮. **He is beating the thief -এর পরিবর্তিত voice form হচ্ছে–**

ক. The thief was being beaten by him.
খ. The thief is being beat by him.
গ. The thief is beaten by him.
ঘ. The thief is being beaten by him.

উত্তর✓ ঘ প্রশ্নের Active voice কে Passive করতে হলে নিয়মটি হচ্ছে: object টি Subject হবে (The theif) + Tense অনুযায়ী Auxiliary verb (এক্ষেত্রে am being/is being/are being) বসবে + মূল Verb এর past participle বসবে + by + subject টির object form বসবে।

১৯. Who opened the door?- এর পরিবর্তিত voice হচ্ছে-
ক. By whom was the door be opened?
খ. By whom was the door opened?
গ. By whom is he door opened?
ঘ. By whom has the door opened?
উত্তর✓ খ ব্যাখ্যা Interrogative sentence এর voice change এর ক্ষেত্রে who থাকলে এর পরিবর্তে 'By whom' এর পর 'be verb' অর্থাৎ WH-word (who, whom, which, what) প্রভৃতির পর 'be verb') বসবে তারপর Subject এবং এর পর মূল্য verb এর past Participle form বসে।

২০. He said, "What a pity!" বাক্যের indirect speech হচ্ছে-
ক. He said that it was a great pity.
খ. He exclaimed that it is a great pity.
গ. He exclaimed that it was a great pity.
ঘ. He said that it is a great pity.
উত্তর✓ গ ব্যাখ্যা Exclamatory sentence এ indirect speech রূপান্তর করতে হলে Reporting verb (said) পরিবর্তিত হয়ে exclaimed হবে+ That + Reported speech এর subject বসবে। এখানে Subject এবং verb নেই। এখাত্রে Subject 'It' এবং verb 'is' 'What a pity is!' মনে করতে হবে + verb এর past form + a/ an থাকলে বসাতে হবে + very/great বসাতে হবে (Noun এর পূর্বে great বসাতে হবে) + বাকী অংশ (যদি থাকে)।

২১. My father said to me, "We are going there tomorrow." বাক্যের indirect speech হচ্ছে–
ক. My father told me that they would be going there the next day.
খ. My father said to me that they are going there the next day.
গ. My father told me that they were going there the next day.
ঘ. My father told me that they are going there the next day.
উত্তর✓ গ ব্যাখ্যা Assertive sentence এর direct speech কে indirect speech এ রূপান্তরের নিয়ম হচ্ছে: subject + say/said অথবা tell/told + inverted comma-র পরিবর্তে that + reported speech এর subject + verb + বাকী অংশ।
Note: Reported speech এর subject এবং verb কে পরিবর্তন করতে হবে reporting verb এর subject এবং verb অনুযায়ী।

২২. "The disgruntled man grumbled —— his fate." বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. on খ. to
গ. against ঘ. at
উত্তর✓ ঘ ব্যাখ্যা Grumbled at/about অর্থ হলো 'অসন্তোষ প্রকাশ করা'।

২৩. "You are not amenable —— reason.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. from খ. to
গ. of ঘ. into
উত্তর✓ খ ব্যাখ্যা কোন কাজের জন্য দায়ী বোঝাতে বা অবশ্যকরণীয় কাজ সম্পাদনে ব্যর্থ হলে শাস্তি পেতে হবে বোঝাতে amenable এর পরে to বসে।

২৪. 'Bag and baggage' idiom এর অর্থ হচ্ছে–
ক. Properly খ. Heavy things
গ. Leaving nothing behind ঘ. Costly things
উত্তর✓ গ ব্যাখ্যা 'Bag and baggage' idiom-টির অর্থ হলো সবকিছু সাথে নিয়ে/ তল্লিতল্পাসহ (Leaving nothing be hind)।

২৫. 'Loaves and fishes' idiom টির অর্থ হচ্ছে–
ক. Personal gains খ. Beautiful bread
গ. Tasty fishes ঘ. None
উত্তর✓ ক ব্যাখ্যা 'Leaves and fishes' idiom টির অর্থ হচ্ছে ব্যক্তিগত স্বার্থ (Personal gain)।

২৬. কোনটি শুদ্ধ বাক্য?
ক. I suffered from fever for a week.
খ. She found the boy crying.
গ. Let you and he be the witness.
ঘ. Rahim play everyday.
উত্তর✓ খ ব্যাখ্যা সঠিক উত্তরটি (খ) কারণ এখানে Present Participle এর সঠিক ব্যবহার রয়েছে। অপশন (ক) ভুল কারণ time duration বোঝাতে perfect/perfect continuous tense ব্যবহার করি। (গ) সঠিক নয় Let এর পর objective form him হবে। (খ) সঠিক নয় কারণ Rahim যেহেতু Third person singular humber এজন্য এর পর verb এর সাতে 's' যোগ করতে হবে।

২৭. কোনটি শুদ্ধ বাক্য?
ক. Matin is good than his brother.
খ. Why you have done this?
গ. He was too clever to miss the point.
ঘ. 'Your conduct admits at no excuses.
উত্তর✓ গ ব্যাখ্যা সঠিক উত্তর হচ্ছে (গ) কারণ too.....to এর সঠিক ব্যবহার হয়েছে। (ক) সঠিক নয় কারণ Compare করার জন্য Compare করার জন্য Comparative form ব্যবহার হয়; এজন্য better হবে good এর পরিবর্তে। (খ) সঠিক নয় কারণ WH এর পর Auxiliary verb ব্যবহার করতে হবে। (খ) সঠিক নয় কারণ এখানে admit এর পর preposition 'of' হবে।

২৮. 'শিবমন্দির' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?
ক. মাইকেল মধুসূদন দত্ত খ. কৃষ্ণচন্দ্র মজুমদার
গ. গোবিন্দচন্দ্র দাস ঘ. কায়কোবাদ
উত্তর✓ ঘ ব্যাখ্যা কায়কোবাদ রচিত প্রথম কাব্যগ্রন্থ বিরহবিলাপ। তাঁর অন্যান্য বিখ্যাত কাব্যগ্রন্থ : অশ্রুমালা, কুসুমকানন, অমিয়ধারা, মহাশ্মশান (মহাকাব্য), শিবমন্দির, মহররম শরীফ।

২৯. 'দেবী চৌধুরাণী' উপন্যাসটির রচয়িতা কে?

ক. রবীন্দ্রনাথ ঠাকুর　　খ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়　　ঘ. কাজী ইমদাদুল হক

উত্তর✓ গ ব্যাখ্যা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত কিছু উল্লেখযোগ্য উপন্যাস : দুর্গেশনন্দিনী, কপালকুণ্ডলা, কৃষ্ণকান্তের উইল, রজনী, বিষবৃক্ষ, রাজসিংহ, মৃণালিনী, আনন্দমঠ, সীতারাম, ইন্দিরা, দেবী চৌধুরাণী, রাধারাণী, চন্দ্রশেখর।

৩০. 'তাসের দেশ' নাটকটির রচয়িতা কে?

ক. রবীন্দ্রনাথ ঠাকুর　　খ. দ্বিজেন্দ্রলাল রায়
গ. অমৃতলাল বসু　　ঘ. আকবর উদ্দীন

উত্তর✓ ক ব্যাখ্যা ১৯৩৩ সালে প্রকাশিত 'তাসের দেশ' নাটকটি রবীন্দ্রনাথ ঠাকুর নেতাজী সুভাষচন্দ্র বসুকে উৎসর্গ করেন। তাঁর বিখ্যাত কিছু নাটক : বাল্মীকি প্রতিভা, বসন্ত, কালের যাত্রা, বিসর্জন, শ্যামা, চিত্রাঙ্গদা, নটীর পূজা, ডাকঘর, অচলায়তন, রক্তকরবী, রাজা ও রাণী, তাপসী, মুক্তধারা।

৩১. কোনটি শুদ্ধ বানান?

ক. গনণা　　খ. গণনা
গ. গণণা　　ঘ. গননা

উত্তর✓ খ ব্যাখ্যা কয়েকটি শুদ্ধ বানান - গরীয়ান, গরীয়সী, গম্ভীর, গীতিকা, গীতাঞ্জলি, গ্রীবা, গ্রীষ্ম।

৩২. কোনটি শুদ্ধ বানান?

ক. গৃহিনী　　খ. গৃহিনি
গ. গৃহীণী　　ঘ. গৃহিণী

উত্তর✓ ঘ ব্যাখ্যা কয়েকটি শুদ্ধ বানান - মনীষী, অধ্যবসায়, অদ্যাপি, অমাবস্যা, অধোগতি, আদ্যাক্ষর, আলস্য, সাক্ষ্যদান।

৩৩. 'সে তোমাকে ভয় পায়'– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. কর্মে শূন্য　　খ. অধিকরণে ২য়া
গ. অপাদানে ২য়া　　ঘ. অপাদানে ৩য়া

উত্তর✓ গ ব্যাখ্যা যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকে অপাদান কারক বলে। 'তোমাকে' শব্দটিতে 'কে' বিভক্তি থাকায় শব্দটি অপাদান কারকে দ্বিতীয়া বিভক্তি।

৩৪. 'তোমার পূজার ছলে তোমায় ভুলেই থাকি'– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. সম্প্রদানে ৬ষ্ঠী　　খ. কর্মে ৭মী
গ. সম্প্রদানে ৭মী　　ঘ. অপাদানে ৬ষ্ঠী

উত্তর✓ ক ব্যাখ্যা যাকে স্বত্ব ত্যাগ করে দান, অর্চনা, সাহায্য ইত্যাদি করা হয় তাকে সম্প্রদান কারক বলে। স্বত্ব ত্যাগ করে না দিলে তা কর্মকারক হয়। 'তোমার' শব্দটিতে 'র' বিভক্তি থাকায় এটি সম্প্রদান কারকে ৬ষ্ঠী বিভক্তি।

৩৫. কোন সমাসে ব্যাসবাক্য হয় না?

ক. প্রাদি সমাস　　খ. নিত্য সমাস
গ. দ্বন্দ্ব সমাস　　ঘ. অলুক সমাস

উত্তর✓ খ ব্যাখ্যা যে সমাসের ব্যাসবাক্য হয় না কিংবা তা করতে গেলে অন্য পদের সাহায্য নিতে হয়, তাকে বলা হয় নিত্য সমাস। যেমন : দর্শনমাত্র - কেবল দর্শন; বিরানব্বই - দুই এবং নব্বই; কালান্তর - অন্য কাল; কালসাপ - কাল তুল্য যে সাপ; আমরা - তুমি, আমি ও সে।

৩৬. কোন সমাসে সমস্যমান পদের বিভক্তি লোপ পায় না?

ক. অলুক সমাস　　খ. নিত্য সমাস
গ. প্রাদি সমাস　　ঘ. উপপদ

উত্তর✓ ক ব্যাখ্যা অলুক সমাসে সমস্যমান পদের বিভক্তি লোপ পায় না। যেমন : দুধে - ভাতে = দুধে ও ভাতে; হাতে - কলমে = হাতে ও কলমে; মনের মানুষ = মনের মানুষ; ঘোড়ার ডিম = ঘোড়ার ডিম; কলুর বলদ = কলুর বলদ।

৩৭. 'কেশ' এর সমার্থক শব্দ নয়–

ক. কুন্তল　　খ. চুল
গ. ললাট　　ঘ. অলক

উত্তর✓ গ ব্যাখ্যা 'কেশ' এর সমার্থক শব্দ : চুল, অলক, কুন্তল, চিকুর, কেশপাশ। 'ললাট' এর সমার্থক শব্দ : কপাল, ভাগ্য, ভাল, অদৃষ্ট, নিয়তি, নসিব, অলিক, বরাত।

৩৮. 'নিরাকার' এর বিপরীতার্থক শব্দ–

ক. সাকার　　খ. আকার
গ. অদৃশ্য　　ঘ. দৃশ্যমান

উত্তর✓ ক ব্যাখ্যা কয়েকটি গুরুত্বপূর্ণ বিপরীতার্থক শব্দ : অধিত্যকা - উপত্যকা; অতিকায় - ক্ষুদ্রকায়; অর্বাচীন - প্রাচীন; অনাস্থা - আস্থা; অনুরক্ত - বিরক্ত; অনুরাগ - বিরাগ।

৩৯. কোন বাগ্‌ধারা দ্বারা 'ভণিতা' বোঝানো হয়?

ক. গণেশ উল্টানো　　খ. গৌরচন্দ্রিকা
গ. কূপমণ্ডূক　　ঘ. টইটম্বুর

উত্তর✓ খ ব্যাখ্যা কূপমণ্ডূক অর্থ : ঘড়কুনো/সীমিত জ্ঞানের মানুষ/ সংকীর্ণমনা ব্যক্তি। গৌরচন্দ্রিকা অর্থ : ভূমিকা বা ভণিতা। গণেশ উল্টানো অর্থ : ফেল মারা। টইটম্বুর অর্থ : ভরপুর বা কানায় কানায় পূর্ণ।

৪০. 'আশ্চর্য' এর সন্ধিবিচ্ছেদ–

ক. অ + আর্চ　　খ. অতি + চার্য
গ. আশ + চর্য　　ঘ. আ + চার্য

উত্তর✓ Mark ব্যাখ্যা অপশনে ঠিক উত্তর নেই। যেসব ক্ষেত্রে সন্ধি নিয়মানুসারে হয় না তাকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। যেমন : আশ্চর্য - আ + চর্য ; ষোড়শ = ষট্ + দশ ; অন্যান্য - অন্য + অন্য ; পরস্পর - পর + পর ; বৃহস্পতি = বৃহৎ + পতি ; গবাক্ষ - গো + অক্ষ।

৪১. ক্রিয়া বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে–

ক. ধাতু প্রত্যয়　　খ. শব্দ প্রত্যয়
গ. কৃৎ প্রত্যয়　　ঘ. তদ্ধিত প্রত্যয়

উত্তর✓ গ ব্যাখ্যা যে বর্ণ বা বর্ণসমষ্টি ক্রিয়া বা ধাতুর পর যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে, তাকে কৃৎ প্রত্যয় বলে। যেমন : √মুড় + অক = মোড়ক ; √মুচ্ + ক্ত = মুক্ত ; √দৃশ্ + নক = দর্শক ; √কৃ + ণক = কারক ; √জনি + ণক = জনক ; √বৃত + মান = বর্তমান ; √বাঁধ + অন = বাঁধন।

৪২. 'সিএফসি' কি ক্ষতি করে?
ক. বায়ুর তাপ বৃদ্ধি করে
খ. ওজোন স্তর ধ্বংস করে
গ. এসিড বৃষ্টিপাত ঘটায়
ঘ. রক্তের অক্সিজেন পরিবহন ক্ষমতা হ্রাস করে
উত্তর✓ খ সিএফসি হলো ক্লোরোফ্লোরো কার্বন। যা বায়ুমণ্ডলের ওজোন স্তরকে ক্ষতিগ্রস্ত করে।

৪৩. নিচের কোন উক্তিটি সঠিক?
ক. বায়ু একটি মিশ্র পদার্থ
খ. বায়ু একটি যৌগিক পদার্থ
গ. বায়ু একটি মৌলিক পদার্থ
ঘ. বায়ু বলতে অক্সিজেন ও নাইট্রোজেনকেই বুঝায়
উত্তর✓ ক দুই বা ততোধিক মৌলিক বা যৌগিক পদার্থকে যেকোনো ওজন অনুপাতে মিশিয়ে যদি এমন পদার্থ পাওয়া যায় যাতে মিশ্রিত ভিন্ন ভিন্ন পদার্থগুলি তাদের নিজেদের ধর্ম বজায় রাখে, সেই পদার্থকে মিশ্র পদার্থ বলে। বায়ুতে অক্সিজেন, কার্বন ডাই-অক্সাইড, নাইট্রোজেন ও জলীয়বাষ্পের মিশ্রন রয়েছে।

৪৪. দেহকোষের পুনরুজ্জীবন ঘটানোর জন্য প্রয়োজন–
ক. শর্করা খ. স্নেহ জাতীয় পদার্থ
গ. ভিটামিন ঘ. প্রোটিন
উত্তর✓ ঘ প্রোটিন দেহগঠন, বৃদ্ধিসাধন ও শক্তি উৎপাদন করে। মাছ, মাংস, ডিম আমিষের প্রধান উৎস।

৪৫. পানি যখন ফুটতে থাকে তার উষ্ণতার কি পরিবর্তন ঘটে?
ক. বাড়াতে থাকে খ. কমাতে থাকে
গ. একই থাকে ঘ. কম-বেশি হয় উত্তর গ

৪৬. শূন্য মাধ্যমে নিচের ৩টি বস্তুকে একসঙ্গে ছেড়ে দিলে কোনটি আগে মাটিতে পড়বে?
ক. পাথর খ. সবকটি একসঙ্গে
গ. কাঠ ঘ. পালক
উত্তর✓ খ বিজ্ঞানী গ্যালিলিও পড়ন্ত বস্তুর সূত্র মতে, মুক্তভাবে পড়ন্ত বস্তু সমান সময়ে সমান দূরত্ব অতিক্রম করে। শূণ্য মাধ্যমে তিনটি বস্তুকে একসঙ্গে ছেড়ে দিলে সবকয়টি একসঙ্গে পড়বে।

৪৭. ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র হচ্ছে–
ক. সেক্সট্যান্ট খ. ম্যানোমিটার
গ. সিসমোগ্রাফ ঘ. ব্যারোমিটার উত্তর গ

৪৮. ব্রহ্মপুত্র নদ হিমালয়ের কোন শৃঙ্গ থেকে উৎপন্ন হয়েছে?
ক. কৈলাস খ. বরাইল
গ. কাঞ্চন জঙ্গা ঘ. গডউইন অস্টিন
উত্তর✓ ক ব্রহ্মপুত্র নদের উৎপত্তি চীনের তিব্বতে হিমালয়ের কৈলাশ শৃঙ্গের মানস সরোবর হ্রদে। ব্রহ্মপুত্র নদের মোট দৈর্ঘ্য ২৮৯৭ কিলোমিটার।

৪৯. সূর্যের নিজ অক্ষের উপর একবার আবর্তন করতে সময় লাগে–
ক. ২৫ ঘণ্টা খ. ২৮ ঘণ্টা
গ. ২৫ বছর ঘ. ২৫ দিন
উত্তর✓ ঘ সূর্য সৌরজগতের কেন্দ্রে অবস্থিত এবং পৃথিবী ও অন্যান্য গ্রহ-উপগ্রহ সূর্যের চারদিকে প্রদক্ষিণ করছে। সূর্যের ব্যাস প্রায় ১৩,৯২,৪৬৮ কি.মি.। নিজ অক্ষের চারদিকে একবার প্রদক্ষিণ করতে সূর্যের সময় লাগে ২৫ দিন।

৫০. দক্ষিণ গোলার্ধ ও সূর্যের মধ্যে সবচেয়ে বেশি দূরত্ব হয়–
ক. ১ ডিসেম্বর খ. ১ জুলাই
গ. ২১ জুন ঘ. ২৩ মার্চ উত্তর গ

৫১. পৃথিবীর সর্বত্র দিবারাত্র সমান হয়-
ক. ২৩ জুন ও ২২ ডিসেম্বর
খ. ২১ মার্চ ও ২৩ সেপ্টেম্বর
গ. ২৩ মার্চ ও ২২ সেপ্টেম্বর
ঘ. ২২ এপ্রিল ও ২৩ অক্টোবর উত্তর খ

৫২. বন্দর 'আব্বাস' কোন দেশের সমুদ্র বন্দর?
ক. মিশর খ. ইরান
গ. জর্দান ঘ. ইরাক
উত্তর✓ খ

দেশ	সমুদ্র বন্দর
মিশর	সুয়েজ, আলেকজান্দ্রিয়া, পোর্ট সৈয়দ
ইরান	আব্বাস, আবাদান
জর্ডান	আকাবা
ইরাক	বসরা

৫৩. 'ম্যাকমোহন লাইন' কোন দেশের বিভক্তি রেখা?
ক. পাকিস্তান-আফগানিস্তান খ. চীন-তিব্বত
গ. ভারত- নেপাল ঘ. ভারত-চীন
উত্তর✓ ঘ ম্যাকমোহন লাইন ভারত ও চীনের মধ্যে সীমানা নির্দেশক লাইন। এই লাইন স্যার ম্যাকমোহন কর্তৃক চিহ্নিত।

৫৪. মধ্যযুগের গৌড় নগরীর অংশবিশেষ বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?
ক. চাঁপাইনবাবগঞ্জ খ. রাজশাহী
গ. বগুড়া ঘ. কুমিল্লা
উত্তর✓ ক মধ্যযুগের গৌড় জনপদ বর্তমান ভারতের মালদহ, মুর্শিদাবাদ, বীরভূম ও বর্ধমানের কিছু অংশ এবং বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ জেলায় বিস্তৃত ছিল। গৌড়রাজ শশাঙ্কের রাজধানী ছিল কর্ণসুবর্ণ (বর্তমান মুর্শিদাবাদ জেলা)।

৫৫. এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের প্রধান কার্যালয় কোথায়?
ক. টোকিও খ. ব্যাংকক
গ. ম্যানিলা ঘ. সিঙ্গাপুর
উত্তর✓ গ Asian Development Bank (ADB) প্রতিষ্ঠিত হয় ২২ আগষ্ট ১৯৬৬ সালে এবং আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে ১৯ ডিসেম্বর ১৯৬৬ সালে। এডিবি'র সদর দপ্তর ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় অবস্থিত। এশীয় উন্নয়ন ব্যাংকের বর্তমান সদস্য দেশ ৬৭টি।

৫৬. শিল্পী পাবলো পিকাসো কোন দেশে জন্মগ্রহণ করেন?
ক. ইতালি খ. স্পেন
গ. ফ্রান্স ঘ. পর্তুগাল
উত্তর✓ খ পাবলো পিকাসো ২৫ অক্টোবর ১৮৮১ সালে স্পেনের মালাগায় জন্মগ্রহন করেন। পাবলো পিকাসো একজন বিখ্যাত চিত্রশিল্পী এবং ভাস্কর। তার কিছু বিখ্যাত চিত্রকর্ম হচ্ছে সেলফ পোর্টেট, গুল্ড গিটারিস্ট, দ্য ব্লু রুম, পালামো প্রভৃতি। পাবলো পিকাসো ৮ এপ্রিল ১৯৭৩ সালে ফ্রান্সে মৃত্যুবরণ করেন।

৫৭. পূর্ববঙ্গ জমিদারি দখল ও প্রজাতন্ত্র আইন কবে প্রণীত হয়?

ক. ১৯৫০ সালে খ. ১৯৪৮ সালে
গ. ১৯৪৭ সালে ঘ. ১৯৫৪ সালে

উত্তর✓ ক [illegible] পাকিস্তান শাসনামলে ভূমি আইনের উপর গুরুত্বপূর্ণ আইন 'পূর্ববঙ্গ জমিদারি দখল ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০'। আইনটি পূর্ব বাংলার আইনসভায় গৃহীত হয় ১৬ ফেব্রুয়ারি ১৯৫০ সালে এবং গভর্নর জেনারেলের সম্মতিক্রমে আইনে পরিণত হয় ১৬ মে ১৯৫০। এর ফলে চিরস্থায়ী বন্দোবস্ত (১৭৯৩) এবং বঙ্গীয় প্রজাস্বত্ব আইন (১৮৮৫) বিলুপ্ত হয়। এই আইনের আওতায় সরকার দেশের একমাত্র জমিদারে পরিণত হয়।

৫৮. বাংলাদেশে প্রথম উপজেলা নির্বাচন হয় কোন সালে?

ক. ১৯৮৬ সালে খ. ১৯৮৩ সালে
গ. ১৯৮৪ সালে ঘ. ১৯৫৪ সালে

উত্তর✓ Blank [illegible] উপজেলা পরিষদের প্রধান উপজেলা চেয়ারম্যান। দুইজন ভাইস চেয়ারম্যান থাকেন, যার মধ্যে একজন নারী। প্রথম উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৮৫ সালে। দ্বিতীয় নির্বাচন ১৯৯০ সালে, তৃতীয় নির্বাচন ২০০৯ সালে এবং সর্বশেষ বা চতুর্থ নির্বাচন অনুষ্ঠিত হয় ২০১৪ সালে।

৫৯. কোন আমলে বাংলা গজল ও সুফী সাহিত্য সৃষ্টি হয়?

ক. ইলিয়াস শাহী খ. হোসেন শাহী
গ. মোগল ঘ. সুলতানি উত্তর খ

৬০. বাংলাদেশে ঘোড়ার ডাকের প্রচলন করেন কে?

ক. অশোক খ. শের শাহ
গ. আকবর ঘ. মুহম্মদ বিন তুঘলক

উত্তর✓ খ [illegible] দিল্লির প্রথম সুলতান কুতুবউদ্দিন আইবেক উপমহাদেশে সর্বপ্রথম আংশিকভাবে ঘোড়ার ডাক প্রচলন করেন। শেরশাহ'র শাসনামলে (১৫৩৮-১৫৪৫) ডাক ব্যবস্থার সার্বিক সংস্কার সাধন করা হয়। তিনি পুরোপুরিভাবে ঘোড়ার ডাক ব্যবস্থা চালু করেন। তিনিই বাংলাদেশে ঘোড়ার ডাকের প্রচলন করেন।

৬১. পূর্ব বাংলায় যুক্তফ্রন্ট মন্ত্রিসভার প্রথম মুখ্যমন্ত্রীর নাম কী?

ক. এ কে ফজলুল হক খ. মুহাম্মদ আলী
গ. ইস্কান্দার মীর্জা ঘ. খাজা নাজিমউদ্দীন

উত্তর✓ ক [illegible] ১৯৫৪ সালের ৮-১২ মার্চ পূর্ব বাংলা প্রাদেশিক গণপরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়। এই নির্বাচনে যুক্তফ্রন্ট মুসলমানদের জন্য নির্ধারিত ২৩৭ টি আসনের মধ্যে ২২৩ টি আসন অর্জন করে জয়লাভ করে। যুক্তফ্রন্টের প্রতীক ছিল নৌকা। যুক্তফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী হন এ কে ফজলুল হক। ১৪ মে ১৯৫৪ শেখ মুজিবুর রহমান যুক্তফ্রন্ট মন্ত্রিসভার কৃষি, বন, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী নিযুক্ত হন।


৬২. 'Abolish' শব্দের Synonym হচ্ছে–

ক. Perform খ. Create
গ. Cancel ঘ. Generate উত্তর গ

৬৩. ১১, ১৫, ২৩, ৩৯, ... ধারাটির পরবর্তী সংখ্যা কত?

ক. ৫২ খ. ৫৮
গ. ৬৫ ঘ. ৭১

উত্তর✓ ঘ [illegible]



৬৪. $(0.005)^2$ = কত?

ক. ০.০২৫ খ. ০.০০২৫
গ. ০.০০০০২৫ ঘ. ০.০০০০০২৫

উত্তর✓ গ [illegible] $(0.005)^2 = 0.000025$

৬৫. 'কুল কাঠের আগুন'- এর প্রকৃত অর্থ কি?

ক. তীব্র জ্বালা খ. কাঠের পুতুল
গ. কূপমন্ডূক ঘ. এলাহী কাণ্ড উত্তর ক

৬৬. যখন সূর্য ও পৃথিবীর মধ্যে চাঁদ অবস্থান করে তখন হয়-

ক. সূর্যগ্রহণ খ. চন্দ্র গ্রহণ
গ. অমাবস্যা ঘ. কোনোটিই নয়

উত্তর✓ ক [illegible] অমাবস্যা তিথিতে সূর্য, চাঁদ ও পৃথিবী একই সরলরেখায় অবস্থান করে। সূর্য ও পৃথিবীর মাঝে চাঁদের অবস্থানের কারণে সূর্যের আলো পৃথিবীতে আসতে বাধাপ্রাপ্ত হয়। এই অবস্থাই হলো সূর্য গ্রহণ।

৬৭. 'কম্পিউটার বাগ' হল-

ক. হার্ডওয়্যার ও হার্ডওয়্যারের বহির্বিভাগের ভুল
খ. সফটওয়্যারের অন্তর্নিহিত ভুল
গ. হার্ডওয়্যারের অন্তর্নিহিত ভুল
ঘ. উপরের কোনোটিই নয়

উত্তর✓ খ [illegible] কম্পিউটার বাগ হল সফটওয়্যারের অন্তর্নিহিত ভুল। আর সফটওয়্যারের অন্তর্নিহিত ভুল খুঁজে বের করার পদ্ধতিকে ডি-বাগিং বলে।

৬৮. রাজশাহী বিশ্ববিদ্যালয় স্থাপিত হয় কোন সালে?

ক. ১৯৫৫ সালে খ. ১৯৫৪ সালে
গ. ১৯৫২ সালে ঘ. ১৯৫৩ সালে

উত্তর✓ ঘ [illegible] স্যাডলার কমিশনের সুপারিশ অনুযায়ী রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১৯৫৩ সালের ৬ জুলাই। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য ছিলেন প্রফেসর ইতরাত হোসেন জুবেরী।

৬৯. স্বাধীন বাংলাদেশের রাজধানী হওয়ায় পূর্বে ঢাকা বাংলার রাজধানী ছিল-

ক. তিনবার খ. চারবার
গ. দুইবার ঘ. একবার

উত্তর✓ খ [illegible] স্বাধীন বাংলাদেশের রাজধানী হওয়ার পূর্বে ঢাকা বাংলার রাজধানী ছিল চারবার।
১৬১০: ইসলাম খান ঢাকায় প্রথম বাংলার রাজধানী স্থাপন করেন।
১৬৬০: মীর জুমলা রাজমহল থেকে ঢাকায় বাংলার রাজধানী স্থাপন করেন।
১৯০৫: লর্ড কার্জন ঢাকায় পূর্ববঙ্গ ও আসাম প্রদেশের রাজধানী স্থাপন করেন।
১৯৪৭: পূর্ব পাকিস্তানের রাজধানী হয় ঢাকা।

৭০. বঙ্গোপসাগর ও জাভা সাগরকে সংযুক্ত করেছে-

ক. বেরিং প্রণালি খ. সুন্দা প্রণালি
গ. মালাক্কা প্রণালি ঘ. মেসিনা প্রণালি

উত্তর✓ গ

প্রণালির নাম	সংযুক্ত করেছে
বেরিং প্রণালি	উত্তর সাগর- বেরিং সাগর
সুন্দা প্রণালি	ভারত মহাসাগর- জাভা সাগর
মেসিনা প্রণালি	টিরহেনিয়ান সাগর-আইওনিয়ান সাগর
মালাক্কা প্রণালি	বঙ্গোপসাগর- জাভা সাগর

৭১. খন্দকের যুদ্ধ সংঘটিত হয়-

ক. ৬২৪ সালে খ. ৬২৫ সালে
গ. ৬২৮ সালে ঘ. ৬৩১ সালে

উত্তর✓ = সঠিক উত্তর নেই। খন্দকের যুদ্ধ ৬২৭ খ্রিস্টাব্দে (৫ম হিজরি) সংগঠিত হয়। এই যুদ্ধ ২৭ দিন স্থায়ী হয়। যুদ্ধের প্রস্তুতি হিসেবে মদিনার বাইরে খন্দক বা পরিখা খনন করার ফলে যুদ্ধের নাম খন্দকের যুদ্ধ। এই যুদ্ধে মুসলিম বাহিনীতে হযরত মুহাম্মদ (সাঃ) এর নেতৃত্বে ছিল আউস ও খাজরাজের আনসার এবং মুহাজিররা। জোট বাহিনীতে ছিল মক্কার কুরাইশ ও ইহুদি গোত্রগুলি। এ যুদ্ধের ফলাফল ছিল মুসলমানদের বিজয়।

৭২. 'এন্টোমোলোজি' হচ্ছে-

ক. রসায়ন বিদ্যা খ. উদ্ভিদ বিদ্যা
গ. প্রাণী বিদ্যা ঘ. কীটপতঙ্গ বিদ্যা উত্তর ঘ

৭৩. ২০১৬ সালের অলিম্পিক ক্রীড়া অনুষ্ঠিত হবে-

ক. রিও ডি জেনিরো খ. শিকাগো
গ. লন্ডন ঘ. বেইজিং

উত্তর✓ ক

আয়োজন	সাল	শহর	দেশ
৩১তম	২০১৬	রিও ডি জেনিরো	ব্রাজিল
৩২তম	২০২০	টোকিও	জাপান
৩৩তম	২০২৪	প্যারিস	ফ্রান্স
৩৪তম	২০২৮	লস অ্যাঞ্জেলস	মার্কিন যুক্তরাষ্ট্র

৭৪. বাংলাদেশ রাইস রিসার্চ ইনস্টিটিউট এর সদর দফতর কোথায় অবস্থিত?

ক. কুমিল্লা খ. গাজীপুর
গ. কুষ্টিয়া ঘ. রংপুর

উত্তর✓ খ Bangladesh Rice Research Institute (BRRI) ১ অক্টোবর ১৯৭০ সালে প্রতিষ্ঠিত। BRRI এর সদর দপ্তর গাজীপুর জেলার জয়দেবপুরে অবস্থিত। সারাদেশে এই প্রতিষ্ঠানের ৯টি আঞ্চলিক কেন্দ্র রয়েছে। কেন্দ্রগুলো কুমিল্লা, হবিগঞ্জ, ফেনী, ফরিদপুর, বরিশাল, রাজশাহী, রংপুর, কুষ্টিয়া এবং সাতক্ষীরায় অবস্থিত।

৭৫. জাতীয় স্মৃতিসৌধের নকশা প্রণয়নকারী-

ক. কামরুল হাসান খ. মৃণাল হক
গ. সৈয়দ মাঈনুল হোসেন ঘ. রফিকুন নবী

উত্তর✓ গ জাতীয় স্মৃতিসৌধের অপর নাম 'সংঘবদ্ধ প্রয়াস'। এটি সাভারের নবীনগরে অবস্থিত। স্থপতি সৈয়দ মাইনুল হোসেন। স্মৃতিসৌধটির উচ্চতা ১৫০ ফুট বা ৪৫.৭২ মিটার এবং ফলকের সংখ্যা ৭টি। ১৬ ডিসেম্বর ১৯৭২ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতিসৌধটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

৭৬. কোন ভিটামিন ক্ষতস্থান হতে রক্ত পড়া বন্ধ করতে সাহায্য করে?

ক. ভিটামিন-সি খ. ভিটামিন কে
গ. ভিভটামিন ই ঘ. ভিটামিন বি

উত্তর✓ খ ভিটামিন "কে" ক্ষতস্থান হতে রক্তপড়া বন্ধে সাহায্য করে।

৭৭. কোন রক্ত গ্রুপকে সর্বজনীন গ্রহীতা বলা হয়?

ক. এবি খ. এ
গ. ও ঘ. বি

উত্তর✓ ক AB গ্রুপের রক্তের লোকদের রক্তে কোন অ্যাগ্লুটিনিন না থাকায় তারা সবার রক্ত নিতে পারে। তাই তাদের সর্বজনীন গ্রহীতা বলে।

৭৮. সংসদ অধিবেশন সমাপ্ত হওয়ার কত দিন পর আবার ডাকা বাধ্যতামূলক?

ক. ৯০ দিন খ. ৬০ দিন
গ. ৭০ দিন ঘ. ৮০ দিন

উত্তর✓ খ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৭২(১) অনুচ্ছেদ অনুযায়ী, সংসদের এক অধিবেশনের সমাপ্তি ও পরবর্তী অধিবেশনের প্রথম বৈঠকের মধ্যে ষাট দিনের অতিরিক্ত বিরতি থাকবে না।

৭৯. কোন সালে ফরাসি বিপ্লব সংঘটিত হয়?

ক. ১৭৯৩ খ. ১৭৫৭
গ. ১৭৮৯ ঘ. ১৮৯৯

উত্তর✓ গ ১৭৮৯ সালের ১৪ জুলাই বাস্তিল দুর্গ আক্রমণের মাধ্যমে ফরাসি বিপ্লব শুরু হয়। ফরাসি বিপ্লবের মূলনীতি ছিল স্বাধীনতা, সাম্য ও ভ্রাতৃত্ব। ফরাসি বিপ্লবের ফলে ফ্রান্সে নিরঙ্কুশ রাজতন্ত্র বিলুপ্ত হয়ে প্রজাতান্ত্রিক আদর্শের অগ্রযাত্রা শুরু হয়।

৮০. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় কোন সালে?

ক. ১৮৭৭ খ. ১৯০৫
গ. ১৯২২ ঘ. ১৯২১

উত্তর✓ ঘ নাথান কমিশনের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১ জুলাই ১৯২১ সালে। ১৩ সদস্য বিশিষ্ট নাথান কমিশন গঠিত হয় ২৭ মে ১৯১২ সালে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মনোগ্রামে ব্যবহৃত স্লোগান 'শিক্ষাই আলো'। বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধ চলাকালীন সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি ছিলেন বিচারপতি আবু সাঈদ চৌধুরী।

৩০

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২

সেট : ১ | [কোড : পদ্মা] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ২৪.০২.২০১২ | পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল
নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, চট্টগ্রাম, নোয়াখালী, লক্ষ্মীপুর, জামালপুর, নেত্রকোণা, শেরপুর।

[দ্রষ্টব্য: সকল প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. ১০ বছর আগে রহিমের বয়স ছিল করিমের বয়সের অর্ধেক। যদি তাদের বর্তমান বয়সের অনুপাত ৩ ঃ ৪ হয়, তবে তাদের বর্তমানে মোট বয়স কত?

ক. ৩৫ বছর | খ. ৪৫ বছর
গ. ৫৬ বছর | ঘ. ৬৩ বছর

উত্তর✓ ক ব্যাখ্যা: মনে করি, বর্তমানে রহিমের বয়স $3x$ বছর
" " করিমের " $4x$ "

প্রশ্নমতে, $3x - 10 = \frac{1}{2}(4x - 10)$

$\Rightarrow 6x - 20 = 4x - 10$
$\Rightarrow 6x - 4x = 20 - 10$
$2x = 10$
$x = \frac{10}{2} = 5$
$\therefore x = 5$

$\therefore$ রহিমের বয়স $(3 \times 5) = 15$ বছর
করিমের " $(4 \times 5) = 20$ বছর
তাদের মোট বয়স $= 35$ বছর।

০২. একটি সংখ্যার তিনগুণের সাথে দ্বিগুণ যোগ করলে ৯০ হয়। সংখ্যাটি কত?

ক. ২৪ | খ. ২০
গ. ১৮ | ঘ. ১৬

উত্তর✓ গ ব্যাখ্যা: মনে করি, সংখ্যাটি x
প্রশ্নমতে, $3x + 2x = 90$
$\Rightarrow 5x = 90$
$\Rightarrow x = \frac{90}{5}$
$\therefore x = 18$

০৩. এক ব্যক্তি ক্রয়মূল্যের উপর ৫০% বেশি হিসেব করে বিক্রয়মূল্য নির্ধারণ করে। সে নির্ধারিত বিক্রয়মূল্যের উপর ১০% কমিশন দিয়ে জিনিস বিক্রয় করে। তার মোটের উপর শতকরা কত লাভ হয়?

ক. ৫০ টাকা | খ. ৪৫ টাকা
গ. ৪০ টাকা | ঘ. ৩৫ টাকা

উত্তর✓ ঘ ব্যাখ্যা: মনে করি, ক্রয়মূল্য ১০০ টাকা
৫০% বাড়তি ধরে, নির্ধারিত মূল্য $(100 + 50) = 150$ টাকা

১০% কমিশনে বিক্রয়মূল্য $= \frac{100 - 10}{100} \times$ ক্রয়মূল্য
$= \frac{90}{100} \times 150$
$= 135$ টাকা

$\therefore$ লাভ $= 135 - 100 = 35$ টাকা।

০৪. কোনো একটি জিনিস নির্মাতা ২০% লাভে এবং খুচরা বিক্রেতা ২০% লাভে বিক্রয় করে। যদি ঐ জিনিসের নির্মাণ খরচ ১০০ টাকা হয়, তবে খুচরা মূল্য কত?

ক. ১৪০ টাকা | খ. ১৪৪ টাকা
গ. ১২৪ টাকা | ঘ. ১২০ টাকা

উত্তর✓ খ ব্যাখ্যা:
নির্মাতার বিক্রয়মূল্য $(100 + 20) = 120$ টাকা
খুচরা বিক্রেতার বিক্রয়মূল্য $= 120 + 120$ এর $\frac{20}{100}$
$= 120 + 24$
$= 144$ টাকা

০৫. নির্দিষ্ট দামে একটি দ্রব্য বিক্রয় করাতে ২০% ক্ষতি হল। এটি ৬০.০০ টাকা বেশি মূল্যে বিক্রয় করতে পারলে ১০% লাভ হত। দ্রব্যটির ক্রয়মূল্য কত?

ক. ২০০ টাকা | খ. ৩০০ টাকা
গ. ২৬০ টাকা | ঘ. ২২০ টাকা

উত্তর✓ ক ব্যাখ্যা: ক্রয়মূল্য $= \frac{100 \times \text{বেশি বিক্রয়মূল্য}}{১ম\% + ২য়\%}$
$= \frac{100 \times 60}{20 + 10} = \frac{100 \times 60}{30}$
$= 200$ টাকা

০৬. একটি চৌবাচ্চা তিনটি নল দিয়ে যথাক্রমে ১০, ১২ ও ১৫ ঘণ্টায় পূর্ণ হতে পারে। তিনটি নল এক সঙ্গে খুলে দিলে চৌবাচ্চার অর্ধেক পূর্ণ হতে কত সময় লাগবে?

ক. ৬ ঘণ্টা | খ. ৪ ঘণ্টা
গ. ৩ ঘণ্টা | ঘ. ২ ঘণ্টা

উত্তর✓ ঘ ব্যাখ্যা:
সময় $= \frac{abc}{ab + bc + ca} \times$ অংশ
$= \frac{10 \times 12 \times 15}{10 \times 12 + 12 \times 15 + 15 \times 10} \times \frac{1}{2}$
$= \frac{1800}{450} \times \frac{1}{2}$
$= 2$ ঘণ্টা

$a = 10$
$b = 12$
$c = 15$
অংশ $= \frac{1}{2}$

০৭. ঘণ্টায় ৫ কিমি বেগে চললে কোনো স্থানে পৌঁছাতে যে সময় লাগে, ঘণ্টায় ৬ কিমি বেগে চললে তার চেয়ে ৩০ মিনিট কম লাগে। স্থানটির দূরত্ব কত?

ক. ২৫ কিমি　　খ. ২২ কিমি
গ. ২০ কিমি　　ঘ. ১৫ কিমি

উত্তর✓ ঘ

ধরি, স্থানটির দূরত্ব x কি.মি.

৩০ মিনিট $= \frac{৩০}{৬০} = \frac{১}{২}$ ঘণ্টা

প্রশ্নমতে, $\frac{x}{৫} = \frac{x}{৬} + \frac{১}{২}$

$\Rightarrow \frac{x}{৫} = \frac{২x + ৬}{১২}$

$\Rightarrow ১২x = ১০x + ৩০$

$\Rightarrow ২x = ৩০$

$\Rightarrow x = ১৫$ কি.মি.

০৮. কোনো শ্রেনিতে ২০ জন ছাত্রীর বয়সের গড় ১২ বছর। ৪ জন নতুন ছাত্রী ভর্তি হওয়াতে বয়সের গড় ৪ মাস কমে গেল। নতুন ৪ জন ছাত্রীর বয়সের গড় কত?

ক. ৮ বছর　　খ. ৯ বছর
গ. ১০ বছর　　ঘ. ১১ বছর

উত্তর✓ গ

২০ জন ছাত্রীর মোট বয়স $(২০ \times ১২) = ২৪০$ বছর

২৪ জন ছাত্রীর বয়সের গড় $= ১২ - \frac{৪}{১২} = \frac{৩৫}{৩}$ বছর

২৪ জন ছাত্রীর মোট বয়স $= \frac{৩৫}{৩} \times ২৪ = ২৮০$ বছর

৪ জন ছাত্রীর মোট বয়স $(২৮০ - ২৪০) = ৪০$ বছর

৪ জন ছাত্রীর গড় বয়স $= \frac{৪০}{৪} = ১০$ বছর।

০৯. ৬ জন পুরুষ, ৮ জন স্ত্রীলোক এবং ১ জন বালকের বয়সের গড় ৩৫ বছর। পুরুষদের বয়সের গড় ৪০ বছর এবং স্ত্রীলোকদের বয়সের গড় ৩৪ বছর। বালকের বয়স কত?

ক. ১৩ বছর　　খ. ১৪ বছর
গ. ১৫ বছর　　ঘ. ১৬ বছর

উত্তর✓ ক ৬ জন পুরুষ + ৮ জন স্ত্রী লোক + ১ জন বালকের মোট বয়স $(৩৫ \times ১৫) = ৫২৫$ বছর

৬ জন পুরুষের মোট বয়স $(৪০ \times ৬) = ২৪০$ বছর

৮ " স্ত্রীলোকের " " $(৩৪ \times ৮) = ২৭২$ বছর

∴ বালকের বয়স $= ৫২৫ - (২৪০ + ২৭২)$

$= ৫২৫ - ৫১২ = ১৩$ বছর।

১০. $2x^4 + x - 15$ এর উৎপাদক কোনটি?

ক. $(x - 3)(2x - 5)$　　খ. $(x + 3)(2x + 5)$
গ. $(x + 3)(2x - 5)$　　ঘ. $(x - 3)(2x + 5)$

উত্তর✓ = $2x^2 + x - 15 = 2x^2 + 6x - 5x - 15$

$= 2x(x + 3) - 5(x + 3)$

$= (x + 3)(2x - 5)$

[Note: প্রশ্নে $2x^4$ এর স্থলে $2x^2$ হলে উত্তর হবে- $(x + 3)(2x - 5)$]

১১. $a + b = 7$ এবং $ab = 10$ হলে, $a^2 + b^2 + 3ab =$ কত?

ক. 29　　খ. 59
গ. 49　　ঘ. 69

উত্তর✓ খ $a^2 + b^2 + 3ab = a^2 + 2ab + b^2 + ab$

$= (a + b)^2 + ab$

$= (7)^2 + 10$


$= 49 + 10 = 59$

১২. কোনো ত্রিভুজের শিরঃকোণের সমদ্বিখণ্ডক যদি ভূমির উপর লম্ব হয়, তবে ত্রিভুজটিকে কি বলে?

ক. সমদ্বিবাহু　　খ. সমবাহু
গ. সমকোণী　　ঘ. স্থূলকোণী

উত্তর✓ ক

সমদ্বিবাহু ত্রিভুজের শিরঃকোণের সমদ্বিখণ্ডক ভূমিকে সমদ্বিখণ্ডিত করে এবং ভূমির উপর লম্ব হয়।




১৩. দুটি বৃত্ত যদি পরস্পর স্পর্শ করে তবে কেন্দ্রদ্বয় হতে স্পর্শ বিন্দুগামী সরলরেখা দুটির অন্তর্ভুক্ত কোণ–

ক. সূক্ষ্মকোণ　　খ. স্থূলকোণ
গ. সমকোণ　　ঘ. সরলকোণ

উত্তর✓ ঘ

দু'টি বৃত্ত যদি পরস্পর স্পর্শ করে তবে কেন্দ্রদ্বয় হতে স্পর্শ বিন্দুগামী সরলরেখা দু'টির অন্তর্ভুক্ত কোণ এক সরলকোণ।



$\angle AOB$ = এক সরলকোণ

$= 180°$

১৪. Which is the verb of the word 'false'?

ক. Falsehood　　খ. Falsen
গ. Falsify　　ঘ. Falsity

উত্তর✓ গ 'false' শব্দটি হচ্ছে adjective এর verb form হচ্ছে falsify যার অর্থ হচ্ছে মিথ্যা বর্ননা করা।

১৫. Which is the adjective of the word 'contempt'?

ক. Contemptible　　খ. Contempting
গ. Contemption　　ঘ. Contemptable

উত্তর✓ ক 'contempt' অর্থ অবজ্ঞা/ঘৃনা। এর Adjective form হচ্ছে 'Contemptible' যার অর্থ হচ্ছে ঘৃণ্য।

১৬. কোনটি শুদ্ধ বানান?

ক. Greivance　　খ. Grievance
গ. Griveance　　ঘ. Grieveance

উত্তর✓ খ Grievance (N)→অসন্তোষ

১৭. কোনটি শুদ্ধ বানান?

ক. Sattellite　　খ. Sattelite
গ. Satelite　　ঘ. Satellite

উত্তর✓ ঘ Satellite (N)→উপগ্রহ

১৮. "They elected him captain", বাক্যের পরিবর্তিত voice form হচ্ছে–

ক. He has been elected captain by them.
খ. He elected captain by them.
গ. He was elected captain by them.
ঘ. He is elected capain by them.

উত্তর✓ গ উপরোক্ত Active voice টিতে দুইটি object আছে। 'captain' হলো উপাধিবাচক কর্ম (factitive object)। নিয়মানুযায়ী factitive object টি subject হিসাবে passive voice এ ব্যবহার করা যাবে না। এটি verb এর past participle এর পরে বসে।

১৯. "His behaviour annoys me sometimes". 'বাক্যের passive form হচ্ছে–

ক. Sometimes I am annoyed at his behaviour.
খ. Sometimes I am annoyed to his behaviour.
গ. I was annoyed sometimes at his behaviour.
ঘ. I am annoyed sometimes at his behaviour.

উত্তর✓ ক লক্ষনীয় বিষয় হলো sometimes টি sentence এর শুরুতে ব্যবহার করতে হবে এবং বাক্যের স্বাভাবিক ছন্দ বজায় রাখতে হবে। এছাড়া by এর পরিবর্তে at বসবে।

২০. Nasima said, "What a fine picture it is!" এর Indirect speech হচ্ছে–

ক. Nasima said that it is a very fine picture.
খ. Nasima exclaimed that it was a very fine picture.
গ. Nasima exclaimed that it is a very fine picture.
ঘ. Nasima exclaimed that what a fine picture it was.

উত্তর✓ খ Exclamatory sentence এর indirect speech করতে হলে: subject + said পরিবর্তে exclaimed + that + Reported speechএর subject বসবে। এখানে it) + verb এর past form+ a/an থাকলে বসাতে হবে + very/great বসাতে হবে + বাকি অংশ।

২১. "He asked me when the next letter would come." বাক্যের direct speech হচ্ছে–

ক. He said to me, "When would the next letter come."
খ. He asked me, "When will the next letter come?"
গ. He said to me, "When will the next letter come?"
ঘ. He said to me, "When the next letter will come?"

উত্তর✓ গ Indirect speech এ 'would' থাকলে বুঝতে হবে direct speech এ 'will' হবে এবং sentence টি Interrogative হবে। direct speech asked এর পরিবর্তে said verb থাকবে।

২২. He is afflicted —— gout. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. to খ. of
গ. on ঘ. with

উত্তর✓ খ "Afflicted" এর পর appropriate preposition 'with' ব্যবহার করতে হয়। He is afflicted with gout অর্থ হল 'সে গেঁটেবাত রোগে পীড়িত'।

২৩. "Your conduct admits —— no excuse." বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. at খ. for
গ. from ঘ. of

উত্তর✓ ঘ admit of 'এর' অর্থ হলো 'অবকাশ থাকা'।

২৪. 'To see eye to eye with' idiom টির সঠিক অর্থ–

ক. to agree খ. to state fixedly
গ. To be angry ঘ. To take revenge

উত্তর✓ ক 'To see eye to eye with' idiom টির অর্থ হলো সম্মত হাওয়া (to agree)।

২৫. 'All at once' idiomটির অর্থ হচ্ছে–

ক. Quickly খ. Slowly
গ. Suddenly ঘ. Gradually

উত্তর✓ গ 'All at once' অর্থ হচ্ছে হঠাৎ (suddenly).

২৬. কোনটি শুদ্ধ বাক্য?

ক. I am not bad with tennis.
খ. He has assured me of safety.
গ. He parted with his friends in tears.
ঘ. The rich is not always happy.

উত্তর✓ খ সঠিক উত্তর টি হচ্ছে (খ) কারণ এতে Preposition এর সঠিক ব্যবহার রয়েছে। (ক) এ Preposition 'at' হবে। (গ) এ with এর পরিবর্তে 'from' হবে এবং (খ) এ The rich এর পর Plural verb 'are' হবে।

২৭. কোন বাক্যটি শুদ্ধ?

ক. No news are good news.
খ. Everything hings for what happens next.
গ. I have no aptitude to music.
ঘ. I concur with you on your decision.

উত্তর✓ খ

- অপশন (ক) সঠিক নয়। কারণ news হলো singular তাই news এর পরে singular verb হয়।
- অপশন (খ) এ hinge এর পর preposition 'on/upon' ব্যবহার করতে হবে। hinge on/upon → নির্ভর করা।
- অপশন (গ) এ Preposition 'to' এরপরিবর্তে 'for' বসবে।
- অপশন (ঘ) সঠিক। এক্ষেত্রে সঠিক Preposition এর ব্যবহার হয়েছে। Concur with (sb) on (sth) কোন বিষয়ে সম্মত হওয়া।

২৮. 'ওরা কদম আলী' নাটকটির রচয়িতা কে?

ক. মামুনুর রশীদ খ. জোবায়দা খানম
গ. ওবায়েদুল হক ঘ. নারায়ণ গঙ্গোপাধ্যায়

উত্তর√ ক মামুনুর রশীদ বাংলাদেশের একজন বিখ্যাত নাট্যকার। তাঁর রচিত উল্লেখযোগ্য নাটক : ওরা কদম আলী, মে দিবস, ইবলিশ, গিনিপিগ, সমতট, পাথর, লেবেদেফ, এখানে নোঙর, ওরা আছে বলেই।

২৯. 'শিকওয়াহ ও জওয়াব-ই-শিকওয়াহ' অনুবাদ গ্রন্থটির রচয়িতা কে?

ক. আবুল কালাম শামসুদ্দীন খ. কাজী আবদুল ওদুদ
গ. ড. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. ইব্রাহীম খাঁ

উত্তর√ গ ড. মুহম্মদ শহীদুল্লাহ ছিলেন প্রধানত ভাষাতত্ত্ববিদ। তাঁর উল্লেখযোগ্য অনুবাদগ্রন্থ : শিকওয়াহ ও জওয়াব-ই-শিকওয়াহ, রুবাইয়াত ই ওমর খ্যায়াম, দীওয়ান-ই-হাফিজ। তাঁর উল্লেখযোগ্য গবেষণামূলকগ্রন্থ : বাংলা ভাষার ইতিবৃত্ত, বাংলা সাহিত্যের কথা, ভাষা ও সাহিত্য, বাংলা ভাষার ব্যাকরণ, বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান।

৩০. 'সর্বহারা' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?

ক. গোলাম মোস্তফা খ. কামিনী রায়
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. কাজী নজরুল ইসলাম

উত্তর√ ঘ কাজী নজরুল ইসলাম রচিত প্রথম কাব্যগ্রন্থ 'অগ্নি-বীণা'। তাঁর রচিত উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ : মরুভাস্কর, সঞ্চিতা, চিত্তনামা, ছায়ানট, বিষের বাঁশি, সাম্যবাদী, ফণি-মনসা, ঝিঙেফুল, প্রলয়-শিখা, ভাঙ্গার গান, দোলন-চাঁপা, সন্ধ্যা, চন্দ্রবিন্দু।

৩১. কোনটি শুদ্ধ বানান?

ক. নিরিহ খ. নিরীহ
গ. নীরিহ ঘ. নীরীহ

উত্তর√ খ কয়েকটি গুরুত্বপূর্ণ বানান : স্বায়ত্তশাসন, পরাস্ত, বক্ষ্যমান, পক্ব, অতিথি, গোধূলি, সুকেশা, কুসংস্কার।

৩২. কোনটি শুদ্ধ বানান?

ক. নিশীথ খ. নিশিথ
গ. নীশীথ ঘ. নীশিথ

উত্তর√ ক কয়েকটি গুরত্বপূর্ণ বানান : মৃত্যুত্তীর্ণ, মন্ত্রিপরিষদ, শশাঙ্ক, রীতিনীতি, ঘনিষ্ঠ, তিরস্কার, সৌত্তিক, জাজ্বল্যমান, জ্যোতির্ময়, উচ্ছৃঙ্খল, ব্যুৎপত্তি, প্রনষ্ট,পুরস্কার, কুম্ভিলক।

৩৩. 'পাগলে কিনা বলে।' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. কর্তায় ষষ্ঠী খ. কর্তায় ২য়া
গ. কর্তায় ৭মী ঘ. কর্তায় শূন্য

উত্তর√ গ বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনামপদ ক্রিয়া সম্পন্ন করে তাকে ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক বলে। পদের শেষে এ, য়, তে থাকলে তা সপ্তমী বিভক্তি।

৩৪. 'এই নদীর মাছ বড়।' বাক্যের নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. অধিকরণে ২য়া খ. অপাদানে ৭মী
গ. করণে ৭মী ঘ. অধিকরণে ৬ষ্ঠী

উত্তর√ ঘ ক্রিয়ার সঙ্গে কোথায়, কিসে, কখন যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাই অধিকরণ কারক। 'নদীর' শব্দটিতে 'র' বিভক্তি থাকায় এটি অধিকরণ কারকে ষষ্ঠী বিভক্তি।

৩৫. যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটির নাম কী?

ক. ব্যাসবাক্য খ. সমস্যমান পদ
গ. সমাসবাক্য ঘ. সমস্তপদ

উত্তর√ খ বিলাত থেকে ফেরত = বিলাত ফেরত। এখানে বিলাত, থেকে, ফেরত এ তিনটি সমস্যমান পদ। 'বিলাত ফেরত' সমস্তপদ।

৩৬. কর্মধারয় সমাসে কোন পদ প্রধান?

ক. পূর্বপদ খ. পরপদ
গ. উভয়পদ ঘ. অন্যপদ

উত্তর√ খ যেখানে বিশেষণ বা বিশেষণ ভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্য ভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে।

৩৭. 'প্রসন্ন' এর বিপরীতার্থক শব্দ–

ক. বিপন্ন খ. আসন্ন
গ. প্রতিপন্ন ঘ. বিষণ্ন

উত্তর√ ঘ কয়েকটি গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ : ঈশান - নৈর্ঋত; উদ্যত - বিরত; আবাহন - বিসর্জন; উন্মীলন - নিমীলন; উজার - ভরপুর; উন্নীত - অবনমিত; ঊষা - গোধূলি।

৩৮. 'পর্বত' এর সমার্থক শব্দ নয়–

ক. পাহাড় খ. গিরি
গ. শিলা ঘ. শৈল

উত্তর√ গ 'পর্বত' শব্দের সমার্থক : পাহাড়, গিরি, শৈল। অপরদিকে, 'শিলা' শব্দের সমার্থক : পাথর, প্রস্তর, উপল, অশ্ম।

৩৯. কুঁড়ে স্বভাব কোন বাগ্‌ধারা দ্বারা বোঝানো হয়?

ক. উনপঞ্চাশ বায়ু খ. আঠারো মাসে বছর
গ. অকালকুষ্মাণ্ড ঘ. অল্পবিদ্যা ভয়ঙ্করী

উত্তর√ খ কতিপয় বাগ্‌ধারা : উনপঞ্চাশ বায়ু (পাগলামি), অকালকুষ্মাণ্ড (অপদার্থ, অকেজো), অল্পবিদ্যা ভয়ংকরী (সামান্য বিদ্যার অহংকার), ইঁচড়ে পাকা (অকালপক্ব), অগ্নিশর্মা (নিরতিশয় ক্রুদ্ধ), পালের গোদা (দলপতি)।

৪০. 'নীরস' এর সন্ধিবিচ্ছেদ–

ক. নিঃ + রস খ. নি + রস
গ. নী + রস ঘ. নীঃ + রস

উত্তর√ ক নিঃ + রস = নীরস (বিসর্গ সন্ধি)। ই কিংবা উ ধ্বনির পরের বিসর্গের সঙ্গে 'র' এর সন্ধি হলে বিসর্গের লোপ হয় ও বিসর্গের পূর্ববর্তী হ্রস্বস্বর দীর্ঘ হয়। যেমন : নিঃ + রব = নীরব।

৪১. যে বর্ণ বা বর্ণ সমষ্টি ধাতু বা শব্দের পরে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে বলে–

ক. ক্রিয়া খ. উপসর্গ
গ. বিভক্তি ঘ. প্রত্যয়

উত্তর√ ঘ বাক্যে যে পদ কোনো কিছু করা, হওয়া ইত্যাদি নির্দেশ করে তাকে ক্রিয়া বলে। যেসব অব্যয় ধাতুর পূর্বে যুক্ত হয়ে অর্থযুক্ত শব্দের সৃষ্টি করে তাকে উপসর্গ বলে। বাক্যস্থিত একটি শব্দের সঙ্গে অন্য শব্দের অন্বয় সাধনের জন্য যে সকল বর্ণ যুক্ত হয়, তাদের বিভক্তি বলে।

৪২. গ্রিন হাউজ ইফেক্ট বলতে কি বোঝায়?
ক. সূর্যালোকের অভাবে সালোকসংশ্লেষণে ঘাটতি
খ. প্রাকৃতিক চাষের বদলে ক্রমবর্ধমানভাবে কৃত্রিমচাষের প্রয়োজনীয়তা
গ. তাপ আটকা পড়ে সার্বিক তাপমাত্রা বৃদ্ধি
ঘ. উপগ্রহের সাহায্যে দূর থেকে ভূমণ্ডলের অবলোকন
উত্তর✓ গ ব্যাখ্যা গ্রিন হাউজ ইফেক্ট বলতে তাপ আটকে পড়ে সার্বিক তাপমাত্রা বৃদ্ধিকে বোঝায়। বায়ুমণ্ডলে কার্বন ডাই অক্সাইডের মাত্রা বৃদ্ধি পাওয়াতে ক্ষুদ্র তরঙ্গ দৈর্ঘ্যের সূর্য তাপ পৃথিবীতে প্রবেশ করতে পারে। কিন্তু এই তাপ যখন ভূ-পৃষ্ঠ বিকীরণ করে তখন দীর্ঘ তরঙ্গ দৈর্ঘ্যের এই তাপ মহাশূণ্যে যেতে পারে না। ফলে বায়ুমণ্ডলের তাপমাত্রা বৃদ্ধি পায় এবং যার মাধ্যমে আবহাওয়ার পরিবর্তনশীল প্রতিক্রিয়া দেখা যায়। এই প্রতিক্রিয়াই গ্রিন হাউজ ইফেক্ট।

৪৩. আকাশ নীল দেখায় কেন?
ক. নীল সমুদ্রের প্রতিফলনের ফলে
খ. নীল আলোর বিক্ষেপণ অপেক্ষাকৃত বেশি বলে
গ. নীল আলোর তরঙ্গদৈর্ঘ্য বেশি বলে
ঘ. নীল আলোর প্রতিফলন বেশি বলে
উত্তর✓ খ ব্যাখ্যা যে আলোর তরঙ্গ দৈর্ঘ্য যতো কম, সে আলোর বিক্ষেপণ ততো বেশি। আকাশ নীল দেখার কারণ নীল আলোর বিক্ষেপণ বেশি হয়।

৪৪. কোন উদ্ভিদে স্বপরাগায়ন ঘটে?
ক. শিম খ. আম
গ. ধান ঘ. সরিষা
উত্তর✓ ক ব্যাখ্যা পরাগরেণু যখন একই ফুলের গর্ভমুণ্ডে পতিত হয় এবং পরাগায়ন ঘটে তাকে স্ব-পরাগায়ন বলে। যেমনঃ শিম, টমেটো, কালজিরা প্রভৃতি।

৪৫. বজ্রপাতের সময় আপনি নিজের গাড়ি করে যাচ্ছেন। নিজেকে নিরাপদ রাখার জন্য আপনি কোন কাজটি করবেন?
ক. বাইরে এসে মাটিতে উপুড় হয়ে শুয়ে পড়বেন
খ. বাইরে এসে আকাশের দিকে মুখ করে দাঁড়িয়ে থাকবেন
গ. কোনো বড় গাছের নিচে আশ্রয় নিবেন
ঘ. গাড়ির মধ্যেই বসে থাকবেন
উত্তর✓ ক ব্যাখ্যা বজ্রপাতের সময় করণীয় :
⇒ খোলা বা উঁচু স্থান থেকে দূরে থাকা
⇒ পাকা দালানের নিচে আশ্রয় নেয়া
⇒ উঁচু গাছপালা ও বিদ্যুৎ লাইন থেকে দূরে থাকা
⇒ ঘরের জানালার কাছাকাছি না থাকা
⇒ বিদ্যুৎ চালিত যন্ত্রের ব্যবহার থেকে বিরত থাকা
⇒ গাড়ির ভেতর থাকলে কেনো কন্ডাক্টরের ছাউনির নিচে আশ্রয় নেয়া।

৪৬. কোন প্রাণীর তিনটি হৃৎপিণ্ড?
ক. কচ্ছপ খ. সিল মাছ
গ. ক্যাটল ফিস ঘ. হাঙ্গর
উত্তর✓ গ ব্যাখ্যা ক্যাটল ফিশ কিন্তু মাছ নয়। এরা কোমল অঙ্গযুক্ত, এবং মলাস্কা বা শামুক জাতীয় প্রাণী। এদের তিনটি হৃদপিণ্ড আছে।

৪৭. অতি বেগুনি রশ্মি কোথা হতে আসে?
ক. চন্দ্র খ. সূর্য
গ. বৃহস্পতি ঘ. কোনোটিই নয়
উত্তর✓ খ ব্যাখ্যা প্রাণী জগতের জন্য সবচেয়ে ক্ষতিকর হল অতিবেগুনি রশ্মি। সূর্য হতে এ রশ্মি আসে। এ রশ্মি জীব জগতের বিভিন্ন রোগের কারণ।

৪৮. মেঘনা নদী ব্রহ্মপুত্রের সাথে মিলিত হয়েছে–
ক. ভৈরব বাজারে খ. চাঁদপুরের কাছে
গ. গোয়ালন্দে ঘ. নারায়ণগঞ্জে
উত্তর✓ ক ব্যাখ্যা মেঘনা নদী আসামের নাগা মণিপুর পাহাড়ের দক্ষিণে লুসাই পাহাড়ে উৎপত্তি হয়েছে। মেঘনা নদী পুরাতন ব্রহ্মপুত্রের সাথে মিলিত হয়েছে কিশোরগঞ্জের ভৈরবে এবং পদ্মা নদীর সাথে মিলিত হয়েছে চাঁদপুরে। মিলিত ধারা মেঘনা নাম ধারণ করে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

৪৯. সূর্য অপেক্ষা পৃথিবীর উপর চন্দ্রের আকর্ষণ শক্তি প্রায়–
ক. আটগুণ খ. চারগুণ
গ. তিনগুণ ঘ. দ্বিগুণ উত্তর ঘ

৫০. শীতলক্ষ্যা নদী উৎপন্ন হয়েছে–
ক. যমুনা নদী হতে খ. মেঘনা নদী হতে
গ. পদ্মা নদী হতে ঘ. ব্রহ্মপুত্র নদ হতে
উত্তর✓ ঘ ব্যাখ্যা থেকে উৎপন্ন বা শাখা নদীগুলো হচ্ছে বংশী, শীতলক্ষ্যা, বানার, শ্রীকালী, সাতিয়া। ব্রহ্মপুত্রের কিছু উপনদী হচ্ছে তিস্তা, ধরলা, দুধকুমার।

৫১. পরিচলন বৃষ্টি হয় কোন অঞ্চলে?
ক. শীতপ্রধান অঞ্চলে খ. নিরক্ষীয় অঞ্চলে
গ. মেরু অঞ্চলে ঘ. নাতিশীতোষ্ণ অঞ্চলে উত্তর খ

৫২. মংলা বন্দর কোন নদীর তীরে অবস্থিত?
ক. পদ্মা খ. মেঘনা
গ. ভৈরব ঘ. পশুর
উত্তর✓ ঘ ব্যাখ্যা মোংলা সমুদ্র বন্দর বাগেরহাটে অবস্থিত। মোংলা সমুদ্র বন্দর ১ ডিসেম্বর ১৯৫০ সালে স্থাপিত হয়। বাংলাদেশের দ্বিতীয় এই সমুদ্র বন্দরটি পশুর নদী ও মোংলা নদীর সংযোগস্থলে অবস্থিত। বন্দরটি বঙ্গোপসাগর থেকে ১০০ কিলোমিটার উত্তরে অবস্থিত। মোংলা বন্দর পূর্বে চালনা বন্দর নামে পরিচিত ছিল।

৫৩. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রথম কোথায় স্থাপিত হয়েছিল?
ক. কালুরঘাট খ. চট্টগ্রাম
গ. রাঙ্গামাটি ঘ. হালুয়াঘাট
উত্তর✓ ক ব্যাখ্যা স্বাধীন বাংলা বেতারকেন্দ্র প্রথম স্থাপিত হয় ২৮ মার্চ ১৯৭১ সালে চট্টগ্রামের কালুরঘাটে। ৩০ মার্চ ১৯৭১ সালে পাকবাহিনীর বিমান হামলায় বেতারকেন্দ্রটি বন্ধ হয়ে যায়। পরবর্তীতে ৩ এপ্রিল ১৯৭১ সালে ভারতের আগরতলায় পুনরায় কার্যক্রম শুরু করে। ২৫ মে ১৯৭১ সালে স্বাধীন বাংলা বেতারকেন্দ্র কলকাতার বালিগঞ্জে স্থানান্তরিত হয়।

৫৪. কোন শহরকে মুসলমান, খ্রিস্টান, ইহুদি সকলেই পবিত্র জ্ঞান করে?
ক. মদিনা খ. জেদ্দা
গ. জেরুজালেম ঘ. বাগদাদ
উত্তর✓ গ ব্যাখ্যা জেরুজালেম ইসরাইলে অবস্থিত। এটি বিশ্বের প্রাচীনতম শহরগুলির অন্যতম। এখানেই ইহুদি ধর্ম ও ইসলাম ধর্মের দুটি পবিত্র স্থান যথাক্রমে টেম্পল মাউন্ট ও আল-আকসা মসজিদ অবস্থিত। জেরুজালেম ইহুদি, খ্রিস্টান ও মুসলিমদের কাছে মহাপবিত্র স্থান।

৫৫. হ্যালির ধূমকেতু আবির্ভূত হয়–

ক. প্রতি ৮০ বছর পর পর　　খ. প্রতি ৭৫ বছর পর পর
গ. প্রতি দুইশত বছর পর পর　　ঘ. প্রতি একশত বছর পর পর

উত্তর✓ খ　ধূমকেতু একটি বরফাবৃত সৌরজাগতিক বস্তু যা সূর্যের খুব নিকট দিয়ে পরিভ্রমণ করার সময় দর্শনীয়। এর আকৃতি উজ্জ্বল মস্তক বিশিষ্ট এবং লেজ দৈর্ঘ্যে কয়েকশো কোটি কিলোমিটার পর্যন্ত হতে পারে। হ্যালির ধূমকেতু নামকরণ করা হয়েছে ইংরেজ জ্যোতির্বিজ্ঞানী এডমন্ড হ্যালির নামানুসারে। প্রতি ৭৫-৭৬ বছর পর পর এই ধূমকেতু আবির্ভূত হয়। সর্বশেষ দেখা যায় ৯ ফেব্রুয়ারি ১৯৮৬ সালে।

৫৬. প্রথম কৃত্রিম উপগ্রহ উড্ডয়ন করে কোন দেশ?

ক. যুক্তরাষ্ট্র　　খ. চীন
গ. জাপান　　ঘ. রাশিয়া　　উত্তর ঘ

৫৭. বাংলাদেশের কোন বিজ্ঞানী 'কলিঙ্গ পুরস্কার' লাভের গৌরব অর্জন করেছেন?

ক. ড. আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দীন
খ. ড. কুদরত-ই-খুদা
গ. ড. জগদীশ চন্দ্র বসু
ঘ. ড. কামাল উদ্দীন আহমদ

উত্তর✓ ক　ড. আব্দুল্লাহ আল মুতী শরফুদ্দিন একজন প্রখ্যাত শিক্ষাবিদ, বিজ্ঞান লেখক, বিজ্ঞান কর্মী। তিনি ১৯৮৩ সালে ইউনেস্কোর আন্তর্জাতিক কলিঙ্গ পুরস্কার লাভ করেন বিজ্ঞানকে জনপ্রিয় করার জন্য। কলিঙ্গ পুরস্কারের মূল নাম 'কলিঙ্গ প্রাইজ ফর দ্য পপুলারাইজেশন অব সায়েন্স'। তিনি ১৯৯৫ সালে স্বাধীনতা পদক লাভ করেন।

৫৮. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সর্বোচ্চ আইন কি?

ক. মৃত্যুদণ্ড　　খ. সংবিধান
গ. সংসদ　　ঘ. ফৌজদারি আইন

উত্তর✓ খ　বাংলাদেশের সংবিধানের ৭(২) অনুচ্ছেদে বলা হয়েছে 'জনগণের অভিপ্রায়ের পরম অভিব্যক্তিরূপে এই সংবিধান প্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন এবং অন্য কোন আইন যদি এই সংবিধানের সহিত অসামঞ্জস্য হয়, তাহা হইলে সেই আইনের যতখানি অসামঞ্জস্যপূর্ণ ততখানি বাতিল হইবে।'

৫৯. কোন তারিখে বাংলাদেশের সংবিধান কার্যকর হয়?

ক. ১৬ডিসেম্বর, ১৯৭১　　খ. ১০ এপ্রিল, ১৯৭২
গ. ১৬ ডিসেম্বর, ১৯৭২　　ঘ. ১০ এপ্রিল, ১৯৭১

উত্তর✓ গ　বাংলাদেশের সংবিধান প্রণয়নের জন্য ৩৪ সদস্য বিশিষ্ট খসড়া সংবিধান প্রণয়ন কমিটি গঠিত হয় ১০ এপ্রিল ১৯৭২ সালে। এই কমিটির প্রধান বা সভাপতি ছিলেন ড. কামাল হোসেন। তিনি ১২ অক্টোবর ১৯৭২ সালে খসড়া সংবিধান গণপরিষদে উত্থাপন করেন। গণপরিষদ কর্তৃক খসড়া সংবিধান গৃহীত হয় ৪ নভেম্বর ১৯৭২ সালে। ১৬ ডিসেম্বর ১৯৭২ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কার্যকর করা হয়।

৬০. বাংলাদেশে কার উপর আদালতের এখতিয়ার নেই?

ক. বিচারপতি　　খ. প্রধানমন্ত্রী
গ. সেনাপ্রধান　　ঘ. রাষ্ট্রপতি

উত্তর✓ ঘ　বাংলাদেশের সংবিধানের ৫১ নং অনুচ্ছেদে রাষ্ট্রপতির দায়মুক্তি সম্পর্কে বলা হয়েছে। এই অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের রাষ্ট্রপতির উপর আদালতের এখতিয়ার নেই।

৬১. সর্বোচ্চ বীরত্বসূচক উপাধি কি?

ক. বীরশ্রেষ্ঠ　　খ. বীর বিক্রম
গ. বীর উত্তম　　ঘ. বীর প্রতীক

উত্তর✓ ক　বাংলাদেশের সর্বোচ্চ বীরত্ব খেতাব বীরশ্রেষ্ঠ। মহান মুক্তিযুদ্ধে অসামান্য অবদানের জন্য সাত জনকে বীরশ্রেষ্ঠ খেতাব প্রদান করা হয়েছে। এর মধ্যে সেনাবাহিনীর ৩ জন, ইপিআর ২ জন, নৌবাহিনী ১ জন ও বিমানবাহিনীর ১ জন সদস্য ছিলেন।

৬২. 'Vacant' শব্দের Synonym হচ্ছে–


ক. Busy　　খ. Blank
গ. Engaged　　ঘ. Employe

উত্তর✓ খ　Vacant→খালি/ফাঁকা/শূন্য। (ক) এ Busy অর্থ হলো ব্যস্ত। (খ) Blank→খালি/ফাঁকা/শূন্য। (গ) Engaged → জড়িত/ ব্যস্ত/ নিযুক্ত। (ঘ) Employed→নিয়োগ প্রাপ্ত।

৬৩. ৮, ১১, ১৭, ২৯, ৫৩, ... ধারাটির পরবর্তী সংখ্যা কত?

ক. ১৫০　　খ. ১০৫
গ. ১০১　　ঘ. ৭৫

উত্তর✓ গ



৬৪. $(০.০০৩)^২$ = কত?

ক. ০.০০০০০৯　　খ. ০.০০০০৯
গ. ০.০০০৯　　ঘ. ০.০০৯

উত্তর✓ ক　$(০.০০৩)^২ = ০.০০৩ \times ০.০০৩ = ০.০০০০০৯$

৬৫. 'সৌভাগ্যের বিষয়' কথাটি কোন বাগধারা দিয়ে বুঝানো হয়েছে?

ক. কেউকেটা　　খ. শাপে বর
গ. ব্যাঙের আধুলি　　ঘ. একাদশে বৃহস্পতি

উত্তর✓ ঘ　কতিপয় বাগ্‌ধারা : কেউকেটা (সামান্য), ব্যাঙের আধুলি (সামান্য সম্পদ), শাপে বর (অনিষ্টে ইষ্ট লাভ)।

৬৬. নিচের কোনটি জীবাশ্ম জ্বালানি নয়?

ক. পেট্রোলিয়াম　　খ. বায়োগ্যাস
গ. কয়লা　　ঘ. প্রাকৃতিক গ্যাস

উত্তর✓ খ　ভূ-গর্ভের শিলাস্তরে দীর্ঘকাল চাপা পড়ে থাকা জীবের সামগ্রিক বা আংশিক প্রস্তরীভূত দেহ বা দেহছাপকে জীবাশ্ম বলে। যেমন: কয়লা, প্রাকৃতিক গ্যাস প্রভৃতি জীবাশ্ম জ্বালানি।

৬৭. মডেমের মাধ্যমে কম্পিউটারের সাথে–

ক. ইন্টারনেট লাইনের সংযোগ সাধন হয়
খ. টেলিভিশন লাইনের সংযোগ সাধন হয়
গ. টেলিফোন লাইনের সংযোগ সাধন হয়
ঘ. রেডিও লাইনের সংযোগ সাধন হয়

উত্তর✓ ক　মডেম (মড্যুলেটর-ডিম্যুলেটর) হল একটি যন্ত্র যা একটি প্রেরিত এনালগ সংকেতকে ডিজিটাল তথ্যে রূপান্তর করে এবং ডিজিটাল তথ্যকে পাঠানোর সময় তাকে এনালগ সংকেতে রূপান্তর করে। মডেমের মাধ্যমে কম্পিউটারের সাথে ইন্টারনেট লাইনের সংযোগ দেওয়া হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৬৮. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়–

ক. ১৮৯৭ সালে খ. ১৯০২ সালে
গ. ১৯২১ সালে ঘ. ১৯৩২ সালে

উত্তর✓ গ ব্যাখ্যা: নাথান কমিশনের সুপারিশ অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১ জুলাই ১৯২১ সালে। প্রতিষ্ঠাকালীন সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুষদ ছিল (৩টি কলা, বিজ্ঞান ও আইন)। আবাসিক হল ছিল ৩টি - সলিমুল্লাহ হল, জগন্নাথ হল ও শহীদুল্লাহ হল। ঢাকা বিশ্ববিদ্যালয় যাত্রা শুরু করে ৮৭৭ জন শিক্ষার্থী এবং ৬০ জন শিক্ষক নিয়ে।

৬৯. সুবাদার ইসলাম খান ঢাকার নাম রাখেন–

ক. জাহাঙ্গীরনগর খ. জান্নাতাবাদ
গ. ইসলামাবাদ ঘ. নাসিরাবাদ

উত্তর✓ ক ব্যাখ্যা: সম্রাট জাহাঙ্গীর, ইসলাম খানকে বাংলার সুবাদার নিযুক্ত করেন। ইসলাম খানের আসল নাম শেখ আলাউদ্দিন চিশতী। সুবাদার ইসলাম খান ১৬১০ সালে বাংলার রাজধানী বিহারের রাজমহল থেকে ঢাকায় স্থানান্তর করেন এবং ঢাকার নাম রাখেন জাহাঙ্গীরনগর।

৭০. জিব্রাল্টার প্রণালি পৃথক করেছে–

ক. ইটালি-সিসিলি খ. আফ্রিকা-স্পেন
গ. ফ্রান্স-ব্রিটেন ঘ. আমেরিকা-এশিয়া

উত্তর✓ খ ব্যাখ্যা: জিব্রাল্টার প্রণালি ভূমধ্যসাগরকে আটলান্টিক মহাসাগরের সাথে সংযুক্ত করেছে। এটি উত্তর আফ্রিকাকে দক্ষিণ-পশ্চিম ইউরোপ থেকে পৃথক করেছে। প্রণালিটি ৬০ কিলোমিটার দীর্ঘ এবং প্রস্থ ১৩ থেকে ৩৯ কিলোমিটার পর্যন্ত।

৭১. হিজরি সন গণনা শুরু হয়–

ক. ৬২৩ সাল থেকে খ. ৬২২ সাল থেকে
গ. ৬১২ সাল থেকে ঘ. ৬০২ সাল থেকে

উত্তর✓ খ ব্যাখ্যা: মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) মক্কার কাফেরদের ষড়যন্ত্রের কারণে মক্কা ছেড়ে মদিনায় চলে যান ৬২২ খ্রিস্টাব্দে। যা হিজরত নামে পরিচিত। এই হিজরতের সময় থেকে হিজরি সাল গণনা শুরু হয়। হিজরি মাসের হিসাব হয় চন্দ্র পঞ্জিকা অনুসারে।

৭২. বাংলাদেশ স্টান্ডার্ড টাইম ও গ্রিনিচ মান টাইম-এর মধ্যে পার্থক্য হল–

ক. ১০ ঘণ্টা খ. ৮ ঘণ্টা
গ. ৭ ঘণ্টা ঘ. ৬ ঘণ্টা উত্তর ঘ

৭৩. কোন দেশের শিক্ষার হার সর্বোচ্চ?

ক. শ্রীলঙ্কা খ. ভারত
গ. বাংলাদেশ ঘ. পাকিস্তান

উত্তর✓ ক ব্যাখ্যা: ইউনেস্কোর দেয়া তথ্য অনুযায়ী ২০১৭ সালে শিক্ষার হার ছিলো শ্রীলংকা ৯২.৬%, ভারত ৭২.১%, বাংলাদেশ ৬১.৫% ও পাকিস্তানের ৫৬.৪%। সার্কভুক্ত দেশগুলোর মধ্যে শিক্ষার হার সবচেয়ে বেশি মালদ্বীপে ৯৯.৩% এবং সর্বনিম্ন আফগানিস্তানে ৩৮.২%।

৭৪. WHO-এর সদর দফতর কোথায়?

ক. ইউএসএ খ. ইতালি
গ. সুইজারল্যান্ড ঘ. ফ্রান্স

উত্তর✓ গ ব্যাখ্যা: বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) প্রতিষ্ঠিত হয় ৭ এপ্রিল ১৯৪৮ সালে। WHO এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়। WHO এর বর্তমান সদস্য দেশ ১৯৪টি, সর্বশেষ সদস্য দেশ দক্ষিণ সুদান। WHO এর প্রধানের পদবি মহাপরিচালক।

৭৫. 'দুলাহাজরা' সাফারি পার্ক কোথায় অবস্থিত?

ক. বরিশাল খ. কক্সবাজার
গ. রংপুর ঘ. সিলেট

উত্তর✓ খ ব্যাখ্যা: দুলাহাজরা সাফারি পার্কের বর্তমান নাম বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারি পার্ক। সাফারি পার্কটি কক্সবাজার জেলার চকোরিয়ায় অবস্থিত। উদ্বোধন করা হয় ১৯ জানুয়ারি ২০০১ সালে।

৭৬. মুক্তিযুদ্ধে বীরত্বের জন্য 'বীরশ্রেষ্ঠ' খেতাব কতজনকে দেওয়া হয়?

ক. ৫ জন খ. ১০ জন
গ. ৮ জন ঘ. ৭ জন

উত্তর✓ ঘ ব্যাখ্যা: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৭৩ সালের ১৫ ডিসেম্বর সরকারি গেজেট প্রকাশের মাধ্যমে মুক্তিযোদ্ধাদের খেতাব প্রদান করে। চারটি বিভাগে খেতাবপ্রাপ্ত মোট মুক্তিযোদ্ধা ৬৭৬ জন। বীরশ্রেষ্ঠ ৭ জন, বীর উত্তম ৬৮ জন, বীর বিক্রম ১৭৫ জন এবং বীর প্রতীক ৪২৬ জন।

৭৭. দূষিত বাতাসের কোন গ্যাসটি মানবদেহে রক্তের অক্সিজেন পরিবহন ক্ষমতা নষ্ট করে?

ক. কার্বন মনোক্সাইড খ. কার্বন ডাইঅক্সাইড
গ. নাইট্রিক অক্সাইড ঘ. সালফার ডাইঅক্সাইড

উত্তর✓ ক ব্যাখ্যা: কার্বন মনোক্সাইড হচ্ছে বর্ণহীন, গন্ধহীন, স্বাদহীন গ্যাস যা বাতাসের তুলনায় হালকা। এটি নীরব ঘাতক, কারণ এটি মানবদেহে রক্তের অক্সিজেন পরিবহন ক্ষমতা নষ্ট করে দেয় এবং মানুষ ধীরে ধীরে মৃত্যুমুখে পতিত হয়।

৭৮. পলাশীর যুদ্ধ কোন সালে সংঘটিত হয়েছিল?

ক. ১৮৫৭ সালে খ. ১৮০৩ সালে
গ. ১৭৫৭ সালে ঘ. ১৭৫৫ সালে

উত্তর✓ গ ব্যাখ্যা: পলাশীর যুদ্ধ সংগঠিত হয়েছিল ২৩ জুন ১৭৫৭ সালে ভাগীরথী নদীর তীরে পলাশীর প্রান্তরে। এ যুদ্ধ সংগঠিত হয় বাংলার শেষ নবাব সিরাজউদ্দৌলা এবং ইংরেজ সেনাপতি লর্ড ক্লাইভের মধ্যে। প্রধান সেনাপতি মীরজাফর আলী খান, রায়দুর্লভ, ইয়ারলতিফ, জগৎশেঠ সহ অন্যদের বিশ্বাসঘাতকতায় নবাব এ যুদ্ধে পরাজিত হন।

৭৯. বাংলাদেশের কোন জেলা দুই দেশের সীমানা দ্বারা বেষ্টিত?

ক. খাগড়াছড়ি খ. বান্দরবান
গ. রাঙ্গামাটি ঘ. কুমিল্লা

উত্তর✓ গ ব্যাখ্যা: বাংলাদেশের সীমান্তবর্তী জেলা মোট ৩২ টি। এর মধ্যে ভারতের সাথে ৩০টি এবং মিয়ানমারের সাথে ৩টি জেলার সীমান্ত রয়েছে। মিয়ানমারের সীমান্তবর্তী তিনটি জেলা হচ্ছে বান্দরবান, রাঙামাটি ও কক্সবাজার। রাঙামাটি একমাত্র জেলা যা মিয়ানমার ও ভারত এই দুটি দেশের সীমান্তে অবস্থিত।

৮০. ইন্দোনেশিয়া স্বাধীনতা লাভের পূর্বে কোন দেশের উপনিবেশ ছিল?

ক. ব্রিটেন খ. পর্তুগাল
গ. হল্যান্ড ঘ. নেদারল্যান্ড

উত্তর✓ ঘ ব্যাখ্যা: ইন্দোনেশিয়া দক্ষিণ-পূর্ব এশিয়ার একটি স্বাধীন রাষ্ট্র। ইন্দোনেশিয়া স্বাধীনতা লাভের পূর্বে নেদারল্যান্ডের উপনিবেশ ছিল। নেদারল্যান্ডের পূর্বনাম হল্যান্ড।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS



৩১

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২

সেট : ১ | (কোড : করতোয়া) | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ২৪.০২.২০১২ | পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল
বরগুনা, ঝালকাঠি, ভোলা, রাজশাহী, জয়পুরহাট, নওগাঁ, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, পিরোজপুর।

[দ্রষ্টব্য: সকল প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে
বনের পাখি ছিল বনে।
একদা কী করিয়া মিলন হল দোঁহে,
কী ছিল বিধাতার মনে।
পঙ্‌ক্তিটির রচয়িতা কে?

ক. রবীন্দ্রনাথ ঠাকুর | খ. বিহারীলাল চক্রবর্তী
গ. সত্যেন্দ্রনাথ দত্ত | ঘ. কবি সুফিয়া কামাল

উত্তর: ক

০২. 'সূর্যদীঘল বাড়ি' উপন্যাসটির রচয়িতা কে?

ক. জহির রায়হান | খ. মানিক বন্দ্যোপাধ্যায়
গ. আবু ইসহাক | ঘ. অন্নদাশঙ্কর রায়

উত্তর: গ | ব্যাখ্যা: ঔপন্যাসিক ও উল্লেখযোগ্য উপন্যাস :

ঔপন্যাসিক	উপন্যাস
আবু ইসহাক	সূর্য - দীঘল বাড়ী, পদ্মার পলিদ্বীপ
জহির রায়হান	হাজার বছর ধরে, আরেক ফাল্গুন
মানিক বন্দ্যোপাধ্যায়	পদ্মানদীর মাঝি, জননী
অন্নদাশঙ্কর রায়	কষ্কাবতী, মর্তের স্বর্গ

০৩. 'রক্তাক্ত প্রান্তর' নাটকটির রচয়িতা কে?

ক. মুনীর চৌধুরী | খ. হুমায়ূন আহমেদ
গ. মমতাজ উদ্দিন আহমেদ | ঘ. কল্যাণ মিত্র

উত্তর: ক | ব্যাখ্যা: 'রক্তাক্ত প্রান্তর' ছাড়াও মুনীর চৌধুরীর অন্যান্য নাটক : কবর, চিঠি, দণ্ডকারণ্য, পলাশী ব্যারাক ও অন্যান্য।

০৪. 'যিনি অধিক কথা বলেন না।' – এক কথায় কী হবে?

ক. সংযত | খ. মিতভাষী
গ. অল্পভাষী | ঘ. সন্ন্যাসী

উত্তর: খ | ব্যাখ্যা: কতিপয় এক কথায় প্রকাশ : অধিক উক্তি - অত্যুক্তি, বেশি কথা বলে যে - বাচাল, যিনি বহু দেখেছেন - বহুদর্শী, যিনি ব্যাকরণ জানেন - বৈয়াকরণ, যিনি অনেক দেখেছেন - ভূয়োদর্শী। যিনি বক্তৃতায় পটু - বাগ্মী।

০৫. 'যা কষ্টে জয় করা যায়।' – এক কথায় কী হবে?

ক. কষ্টার্জিত | খ. পরিশ্রমলব্ধ
গ. দুর্জয় | ঘ. দুর্লভ

উত্তর: গ

০৬. কোন বানানটি শুদ্ধ?

ক. মরিচিকা | খ. মরিচীকা
গ. মরীচিকা | ঘ. মরীচীকা

উত্তর: গ | ব্যাখ্যা: কতিপয় বানান : কনীনিকা, নিমীলিত, নিশীথিনী, উদীচী, প্রতীচী, প্রতীকী, বাল্মীকি, মুহূর্ত, মুমূর্ষু, ম্রিয়মাণ।

০৭. কোনটি শুদ্ধ বানান?

ক. অন্বেষণ | খ. অন্বেষন
গ. অন্বেশন | ঘ. অন্বেশণ

উত্তর: ক

০৮. আলোয় আঁধার কাটে– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. অধিকরণে ৭মী | খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী | ঘ. কর্তায় ৭মী

উত্তর: খ | ব্যাখ্যা: বিভিন্ন কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ : গাঁয়ে মানে না, আপনি মোড়ল। (কর্তায় সপ্তমী), তিলে তৈল হয়। (অপাদানে সপ্তমী), এ দেহে প্রাণ নেই। (অধিকরণে সপ্তমী)।

০৯. খনিতে সোনা পাওয়া যায়– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. করণে ৭মী | খ. অপাদানে ৭মী
গ. অধিকরণে ৭মী | ঘ. কর্তায় ৭মী

উত্তর: গ

১০. 'ক্ষুধার্ত' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

ক. ক্ষুধা + ঋত | খ. ক্ষুধ + আর্ত
গ. ক্ষুধা + রত | ঘ. ক্ষুধার + ত

উত্তর: ক | ব্যাখ্যা: ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত (স্বরসন্ধি)। অ-কার কিংবা আ-কারের পর 'ঋত' শব্দ থাকলে (অ, আ + ঋ) উভয় মিলে 'আর' হয় এবং বানানে পূববর্তী বর্ণে 'আ' ও পরবর্তী বর্ণে রেফ লেখা হয়। যেমন : শীত + ঋত = শীতার্ত, তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত।

১১. 'আমরণ' কোন সমাস (মরণ পর্যন্ত)?

ক. তৎপুরুষ | খ. কর্মধারয়
গ. অব্যয়ীভাব | ঘ. বহুব্রীহি

উত্তর: গ | ব্যাখ্যা: মরণ পর্যন্ত = আমরণ (অব্যয়ীভাব সমাস)। সামীপ্য (নৈকট্য), বিপ্সা (পৌনঃপুনিকতা), পর্যন্ত, অভাব, অনতিক্রম্যতা, সাদৃশ্য, যোগ্যতা প্রভৃতি নানা অর্থে অব্যয়ীভাব সমাস হয়।

১২. পূর্ব পদের বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয় তাকে বলে –

ক. বহুব্রীহি সমাস | খ. দ্বন্দ্ব সমাস
গ. কর্মধারয় সমাস | ঘ. তৎপুরুষ সমাস

উত্তর: ঘ

১৩. 'উনপাঁজুরে' বাগ্‌ধারাটির অর্থ কী?

ক. সৌভাগ্যবান | খ. হতভাগ্য
গ. সুসময় | ঘ. এর কোনোটিই নয়

উত্তর: খ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৩৬. ৪০ লিটার অকটেন-পেট্রোল মিশ্রণে, পেট্রোল ও অকটেনের অনুপাত ৩ ঃ ২। এতে আর কত অকটেন মিশালে পেট্রোল ও অকটেনের অনুপাত ২ ঃ ৩ হবে?

ক. ১৫ লিটার খ. ১৮ লিটার
গ. ২০ লিটার ঘ. ২৫ লিটার

উত্তর✓ গ

অনুপাত দ্বয়ের যোগফল = ৩ + ২ = ৫

∴ পেট্রোলের পরিমাণ $(৪০ \text{ এর } \frac{৩}{৫}) = ২৪$ লিটার

অকটেনের পরিমাণ $\left(৪০ \text{ এর } \frac{২}{৫}\right) = ১৬$ লিটার

মনেকরি, x পরিমাণ অকটেন মিশাতে হবে

প্রশ্নমতে, ২৪ : x + ১৬ = ২ : ৩

$\Rightarrow \frac{২৪}{x + ১৬} = \frac{২}{৩}$

$\Rightarrow ২x + ৩২ = ৭২$

$\Rightarrow ২x = ৭২ - ৩২$

$\Rightarrow ২x = ৪০$

∴ x = ২০ লিটার।

৩৭. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক. $\frac{1}{2}$ খ. $\frac{4}{5}$
গ. $\frac{5}{7}$ ঘ. $\frac{4}{9}$

উত্তর✓ খ

$\frac{1}{2} = 0.5; \frac{4}{5} = 0.8; \frac{5}{7} = 0.71$ এবং $\frac{4}{9} = 0.44$

৩৮. $\frac{০.১ \times ০.০১ \times ০.০০৪}{০.০২ \times ০.০০২}$ এর মান কত?

ক. ০.১ খ. ০.০১
গ. ০.০২ ঘ. ০.০০১

উত্তর✓ ক

$\frac{০.১ \times ০.০১ \times ০.০০৪}{০.০২ \times ০.০০২} = \frac{১ \times ১ \times ৪}{১০ \times ২ \times ২} = ০.১$

৩৯. একটি গ্রামের লোকসংখ্যা ৯% হারে বর্ধিত হয়ে ১৬৩৫ হলে পূর্বের লোকসংখ্যা কত ছিল?

ক. ১৩৫০ খ. ১৪০০
গ. ১৫০০ ঘ. ১৫০০

উত্তর✓ গ

৯% বৃদ্ধিতে বর্তমান জনসংখ্যা (১০০ + ৯) = ১০৯

বর্তমান জনসংখ্যা ১০৯ হলে পূর্বের জনসংখ্যা ১০০ জন

" " ১ " " " $\frac{১০০}{১০৯}$ "


" " ১৬৩৫ " " " $\frac{১০০ \times ১৬৩৫}{১০৯}$

= ১৫০০ জন

৪০. ১৩ সেমি ব্যাসার্ধবিশিষ্ট কোনো বৃত্তের কেন্দ্র হতে একটি জ্যা-এর লম্ব দূরত্ব ৫ সেমি হলে জ্যা-এর দৈর্ঘ্য হবে–

ক. ২০ সেমি খ. ২৪ সেমি
গ. ১৮ সেমি ঘ. ২২ সেমি

উত্তর✓ খ



বৃত্তের OAB ত্রিভুজের OA = ১৩, OB = ৫

∴ $OA^2 = AB^2 + OB^2$

$\Rightarrow (১৩)^2 = AB^2 + (5)^2$

$\Rightarrow ১৬৯ = AB^2 + 25$

$\Rightarrow AB^2 = ১৬৯ - ২৫ = ১৪৪$

$\Rightarrow AB = \sqrt{১৪৪} = ১২$

বৃত্তের কেন্দ্র হতে জ্যা এর উপর অঙ্কিত লম্ব জ্যাকে সমদ্বিখণ্ডিত করে।

সুতরাং AB + BD = AD

∴ ১২ + ১২ = ২৪ সে.মি.

৪১. একটি সুষম পঞ্চভুজের একটি অন্তঃকোণের পরিমাণ হবে–

ক. ৯০° খ. ১১০°
গ. ১২০° ঘ. ১০৮°

উত্তর✓ ঘ

আমরা জানি বহুভুজের অন্তঃকোণের পরিমাণ $= \frac{n-২}{n} \times ১৮০°$

$= \frac{৫-২}{৫} \times ১৮০°$

$= \frac{৩}{৫} \times ১৮০°$

$= ১০৮°$

৪২. একজন দোকানদার ৮% লাভে একটি জিনিস ৫৪ টাকায় বিক্রি করেন। জিনিসটির ক্রয়মূল্য কত?

ক. ৪৮ টাকা খ. ৫০ টাকা
গ. ৫২ টাকা ঘ. ৪৬ টাকা

উত্তর✓ খ

ক্রয়মূল্য $= \frac{১০০ \times \text{বিক্রয়মূল্য}}{১০০ + \text{লাভ}}$

$= \frac{১০০ \times ৫৪}{১০০ + ৮}$

$= \frac{১০০ \times ৫৪}{১০৮} = ৫০$ টাকা

৪৩. কোনো পরীক্ষায় ১৮% পরীক্ষার্থী ইংরেজিতে, ১২% পরীক্ষার্থী গণিতে এবং ৯% পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করলো। শতকরা কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে পাস করেছে?

ক. ৭৯ জন খ. ৭৫ জন
গ. ৭৭ জন ঘ. ৮২ জন

উত্তর✓ ক

শুধু ইংরেজিতে ফেল করে (১৮ - ৯)% = ৯%

শুধু গণিতে ফেল করে (১২ - ৯)% = ৩ %

ইংরেজিতে বা গণিতে বা উভয় বিষয়ে ফেল করে

(৯ + ৩ + ৯)% = ২১%

উভয় বিষয়ে পাশ করে (১০০ - ২১)% = ৭৯%

৪৪. ১ হতে ৫৯ পর্যন্ত ক্রমিক সংখ্যাগুলোর গড় কত?

ক. ২৭ খ. ২৮

গ. ৩০ ঘ. ৩১

উত্তর✓ গ সমষ্টি $= \frac{n(n+১)}{২}$

$= \frac{৫৯(৫৯+১)}{২}$

$= \frac{৫৯ \times ৬০}{২} = ১৭৭০$

$\therefore$ গড় $= \frac{১৭৭০}{৫৯} = ৩০$

৪৫. একজন মাঝি স্রোতের অনুকূলে ২ ঘণ্টায় ৫ মাইল যায় এবং ৪ ঘণ্টায় যাত্রাস্থানে ফিরে আসে। তাঁর মোট ভ্রমণে প্রতি ঘণ্টায় গড় বেগ কত?

ক. $১\frac{২}{৩}$ খ. $\frac{৫}{৬}$

গ. $১\frac{৩}{৪}$ ঘ. $১\frac{৫}{৬}$

উত্তর✓ ক মোট সময় $= ২ + ৪ = ৬$ ঘণ্টা

মোট অতিক্রান্ত দূরত্ব $= ৫ + ৫ = ১০$ মাইল

$\therefore$ গড় বেগ $= \frac{১০}{৬} = ১\frac{২}{৩}$ মাইল / ঘণ্টা

৪৬. একটি সরল দোলককে পৃথিবীর কেন্দ্রে নিলে তার দোলনকাল কত হবে?

ক. শূন্য খ. অসীম

গ. ভূপৃষ্ঠের সমান ঘ. ভূপৃষ্ঠ থেকে কম

উত্তর✓ খ পৃথিবীর কেন্দ্রে অভিকর্ষজ ত্বরণের মান শূণ্য। তাই একটি সরল দোলককে পৃথিবীর কেন্দ্রে নিলে তার দোলনকাল অসীম হবে।

৪৭. বিদ্যুৎশক্তির বাণিজ্যিক একক কী?

ক. ওয়াট খ. ওয়াট-ঘণ্টা

গ. কিলোওয়াট-ঘণ্টা ঘ. কুলম্ব

উত্তর✓ গ এক কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন একটি তড়িৎযন্ত্র এক ঘণ্টায় যে শক্তি ব্যয় করে তাকে এক কিলোওয়াট ঘণ্টা বলে। এটি বিদ্যুৎ শক্তির বাণিজ্যিক একক।

৪৮. নিচের কোন গ্যাসটি বায়ুমণ্ডলে গ্রিনহাউস প্রভাবের জন্য দায়ী?

ক. কার্বন ডাইঅক্সাইড খ. অক্সিজেন

গ. হাইড্রোজেন ঘ. হিলিয়াম

উত্তর✓ ক গ্রিন হাউস ইফেক্ট বলতে মূলত তাপ আটকে পড়ে পৃথিবীর সার্বিক তাপমাত্রা বৃদ্ধিকে বুঝায়। বায়ুমণ্ডলে গ্রিনহাউস প্রভাবের জন্য কার্বনডাই অক্সাইড, সি এফ সি, মিথেন, নাইট্রাস অক্সাইড দায়ী।

৪৯. নিষ্ক্রিয় গ্যাস নয়–

ক. অক্সিজেন খ. নিয়ন

গ. হিলিয়াম ঘ. আর্গন

উত্তর✓ ক যেসব মৌল রাসায়নিকভাবে সক্রিয় নয় তাদের নিষ্ক্রিয় গ্যাস বলে। পর্যায় সারণির ডানদিকে শূণ্য গ্রুপে অবস্থিত ৬টি গ্যাসীয় মৌল হল নিষ্ক্রিয় গ্যাস। এদের পরমাণুর বহিস্থ শেলে ইলেক্ট্রনের অষ্টক পূর্ণ থাকায় এরা রাসায়নিক ভাবে নিষ্ক্রিয়। এগুলো হল - হিলিয়াম, নিয়ন, আর্গন, ক্রিপ্টন, জেনন, রেডন।

৫০. সার্কের বর্তমান মহাসচিব কোন দেশের?

ক. নেপাল খ. পাকিস্তান

গ. ভুটান ঘ. বাংলাদেশ

উত্তর✓ খ সার্ক (SAARC) আনুষ্ঠানিকভাবে গঠিত হয় ৮ ডিসেম্বর ১৯৮৫ সালে। সার্ক সচিবালয় নেপালের কাঠমান্ডুতে অবস্থিত। সার্কের প্রথম মহাসচিব বাংলাদেশের আবুল আহসান। সার্কের বর্তমান বা ১৩তম মহাসচিব পাকিস্তানের আমজাদ হোসেন সিয়াল। তিনি ১ মার্চ ২০১৭ দায়িত্ব গ্রহন করেছেন।

৫১. ইরানের ইসলামি বিপ্লবের নায়ক কে?

ক. মোহাম্মদ রেজা পাহলভি খ. আয়াতুল্লাহ আলী খামেনি

গ. রুহুল্লাহ আয়াতুল্লাহ খোমেনি ঘ. আহমাদিনেজাদ

উত্তর✓ গ ইরানের ইসলামী বিপ্লব হচ্ছে ১৯৭৯ সালে ঘটা একটি যুগান্তকারী বিপ্লব, যা ইরানকে পাশ্চাত্যপন্থী দেশ থেকে ইসলামি প্রজাতন্ত্রে পরিণত করে। এই বিপ্লবের নায়ক ছিলেন আয়াতুল্লাহ রুহুল্লাহ খোমেনি। তার নেতৃত্বে ১৬ জানুয়ারি ১৯৭৯ সালে মাত্র একদিনের গণঅভ্যুত্থানে ইরানের শেষ সম্রাট মোহাম্মদ রেজা শাহ পাহলভীর পতন হয়। ইমাম খোমেনির নের্তৃত্বে ইরান ইসলামী প্রজাতন্ত্র হিসেবে আত্মপ্রকাশ করে।

৫২. কোন প্রক্রিয়ার সাহায্যে উদ্ভিদ খাদ্য তৈরি করে?

ক. শ্বসন খ. প্রস্বেদন

গ. ব্যাপন ঘ. সালোকসংশ্লেষণ

উত্তর✓ ঘ সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় উদ্ভিদ সূর্যালোকের উপস্থিতিতে কোষস্থ পানি ও অন্যান্য জৈব রাসায়নিক পদার্থের সাথে Co_2 এর বিক্রিয়া ঘটিয়ে শর্করা জাতীয় খাদ্য তৈরি করে।

৫৩. নাইট্রোজেনের প্রধান উৎস কি?

ক. বায়ু খ. গাছপালা

গ. মাটি ঘ. পানি

উত্তর✓ ক নাইট্রোজেনের পারমাণবিক সংখ্যা ৭। বাতাসের ৭৮.২% হচ্ছে নাইট্রোজেন, যা মৌলিক অবস্থায় আছে। তাই নাইট্রোজেনের প্রধান উৎস বায়ু।

৫৪. আলট্রাভায়োলেট রশ্মি কোন রোগ সৃষ্টি করে?

ক. ব্লাড ক্যান্সার খ. চর্ম ক্যান্সার

গ. ব্রেন ক্যান্সার ঘ. এইডস

উত্তর✓ খ আলট্রাভায়োলেট রশ্মি সূর্য থেকে পৃথিবীতে আসে এবং মানুষের চর্ম ক্যান্সার ও অন্যান্য মারাত্মক রোগ সৃষ্টি করে।

৫৫. এইডস প্রতিরোধের ক্ষেত্রে কোনটি অধিকতর কার্যকর?

ক. সচেতনতা সৃষ্টি খ. শিক্ষার ব্যবস্থা
গ. আক্রান্তদের এড়িয়ে চলা ঘ. আক্রান্তদের প্রতি যত্নবান হওয়া

উত্তর✓ ক ব্যাখ্যা: অনিয়ন্ত্রিত যৌন মিলন, রক্তদান বা গ্রহণ এবং ড্রাগ ব্যবহারকারীদের সিরিঞ্জের মাধ্যমে এইডস ছড়ায়। তাই সচেতনতা সৃষ্টি করলে এইডস প্রতিরোধ করা সম্ভব।

৫৬. কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়?

ক. ভিটামিন 'এ' খ. ভিটামিন 'বি'
গ. ভিটামিন 'সি' ঘ. ভিটামিন 'ডি'

উত্তর✓ ক ব্যাখ্যা: প্রাণীদেহের গঠন, ক্ষয়পূরণ, বৃদ্ধিসাধন আমিষের প্রধান কাজ। আমিষের অভাবে কোয়াশিয়রকর রোগ হয়।

৫৭. 'মিষ্টি আলু' কোন ধরনের খাদ্য?

ক. আমিষ খ. শ্বেতসার
গ. স্নেহ জাতীয় ঘ. ভিটামিন উত্তর খ

৫৮. কোনটির অভাবে কোয়াশিয়রকর রোগ হয়?

ক. শ্বেতসার খ. ভিটামিন
গ. আমিষ ঘ. খনিজ লবণ উত্তর গ

৫৯. পৃথিবী থেকে চাঁদের দূরত্ব কত?

ক. ৩,৮৪,০০০ কিমি খ. ৩,৯৫,০০০ কিমি
গ. ৪,০৫,০০০ কিমি ঘ. ৪,২০,০০০ কিমি উত্তর ক

০. বাংলাদেশ সরকার কোন সালে 'জাতীয় পরিবেশ নীতি' ঘোষণা করে?

ক. ১৯৯৫ খ. ১৯৯৭
গ. ১৯৯৪ ঘ. ২০০১

উত্তর✓ = ব্যাখ্যা: বাংলাদেশ সরকার 'জাতীয় পরিবেশ নীতি' ঘোষণা করে ১৯৯২ সালে। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন করা হয় ১৯৯৫ সালে। বাংলাদেশে পরিবেশ আদালত গঠন করা হয় ২০০১ সালে। পরিবেশ সংরক্ষণ নিরাপত্তা বিধিমালা করা হয় ১৯৯৭ সালে।

৬১. কত সালে জাতিসংঘ গঠিত হয়?

ক. ১৯৪৩ খ. ১৯৪৪
গ. ১৯৪৫ ঘ. ১৯৪৬

উত্তর✓ গ ব্যাখ্যা: জাতিসংঘ সনদ স্বাক্ষরিত হয় ২৬ জুন ১৯৪৫ সালে যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকোতে। জাতিসংঘ সনদ কার্যকর হয় ২৪ অক্টোবর ১৯৪৫ সালে। প্রতিষ্ঠাতা সদস্য দেশ ৫১টি। জাতিসংঘের অফিসিয়াল ভাষা ৬টি-ইংরেজি, ফরাসি, চীনা, রুশ, স্প্যানিশ ও আরবি। জাতিসংঘের বাজেট দু'বছরে একবার ঘোষিত হয়।

৬২. ভূপৃষ্ঠে সবচেয়ে বেশি পাওয়া যায়–

ক. অক্সিজেন খ. হাইড্রোজেন
গ. নাইট্রোজেন ঘ. কার্বন

উত্তর✓ ক ব্যাখ্যা: ভূ-পৃষ্ঠে সবচেয়ে অক্সিজেন বেশি পাওয়া যায়। এর পরিমাণ ৪২.৭ %।

৬৩. সাধারণ তাপমাত্রায় কোন মৌলিক ধাতু তরল অবস্থায় থাকে?

ক. সিসা খ. পারদ
গ. ক্যালসিয়াম ঘ. লিথিয়াম উত্তর খ

৬৪. কম্পিউটার হার্ডওয়্যার বলতে বোঝানো হয়–

ক. স্মৃতি অংশ
খ. কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ অংশ
গ. কম্পিউটার ও সংশ্লিষ্ট যান্ত্রিক সরঞ্জাম
ঘ. শক্ত ধাতব অংশ উত্তর গ

৬৫. ডায়াবেটিস রোগ সম্পর্কে যে তথ্যটি সঠিক নয় সেটি হলো–

ক. চিনি জাতীয় খাবার বেশি খেলে এই রোগ হয়
খ. এই রোগ হলে রক্তে গ্লুকোজের পরিমাণ বৃদ্ধি পায়
গ. ইনসুলিন নামক একটি হরমোনের অভাবে এই রোগ হয়
ঘ. এই রোগ মানবদেহের কিডনি বিনষ্ট করে উত্তর ক

৬৬. পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য দেশের মোট আয়তনের শতকরা কতভাগ বনভূমি থাকা দরকার?

ক. ১২ ভাগ খ. ১৫.৮ ভাগ
গ. ১৯ ভাগ ঘ. ২৫ ভাগ উত্তর ঘ

৬৭. কোন মাটির পানি ধারণ ক্ষমতা সবচেয়ে কম?

ক. বেলে মাটি খ. এঁটেল মাটি
গ. দোআঁশ মাটি ঘ. এর কোনোটিই নয়

উত্তর✓ ক ব্যাখ্যা: বেলে মাটির প্রধান বৈশিষ্ট্য হলো এদের পানি ধারণ ক্ষমতা খুবই কম। এছাড়াও এতে বিদ্যমান মাটির কণার আকার সবচেয়ে বড় থাকে, ফলে কণাগুলোর মাঝে ফাঁকা জায়গা বেশি থাকে।

৬৮. নিচের কোনটি জীবাশ্ম জ্বালানি নয়?

ক. কয়লা খ. বায়োগ্যাস
গ. প্রাকৃতিক গ্যাস ঘ. কোনোটিই নয় উত্তর খ

৬৯. সূর্য শক্তি তৈরি হচ্ছে কোন প্রক্রিয়ায়?

ক. রাসায়নিক প্রক্রিয়ায়
খ. আণবিক শক্তি প্রক্রিয়ায়
গ. পারমাণবিক শক্তি প্রক্রিয়ায়
ঘ. বিদ্যুৎ বিশ্লেষণ প্রক্রিয়ায়

উত্তর✓ গ ব্যাখ্যা: যে প্রক্রিয়ায় একাধিক হালকা নিউক্লিয়াস একত্রিত হয়ে অপেক্ষাকৃত ভারী নিউক্লিয়াস গঠন করে এবং অত্যাধিক শক্তি নির্গত হয় তাকে নিউক্লিয় ফিউশন বা পারমাণবিক শক্তি প্রক্রিয়া বলে। সূর্যে শক্তি এই প্রক্রিয়ায় উৎপন্ন হয়।

৭০. পৃথিবী পৃষ্ঠ থেকে উপরে উঠলে মাধ্যাকর্ষণ বল–

ক. কমে যায় খ. বেশি হয়
গ. অপরিবর্তিত থাকে ঘ. কোনোটিই সঠিক নয়

উত্তর✓ ক ব্যাখ্যা: যে বলে পৃথিবী অন্য কোনো বস্তুকে আকর্ষণ করে তাকে মাধ্যাকর্ষণ বল বলে। পৃথিবী পৃষ্ঠ থেকে উপরে উঠলে মাধ্যাকর্ষণ বল কমে যায়।

৭১. পৃথিবীর বৃহত্তম দ্বীপ কোনটি?

ক. জাভা খ. গ্রিনল্যান্ড
গ. আইসল্যান্ড ঘ. মাদাগাস্কার

উত্তর✓ খ

দ্বীপ	আয়তন (বর্গ কিমি)	অবস্থান
জাভা	১,২৬,৭০০	ভারত মহাসাগর
গ্রিনল্যান্ড	২১,৭৫,৬০০	আটলান্টিক-আর্কটিক মহাসাগর
আইসল্যান্ড	১,০৩,০০০	উত্তর আটলান্টিক মহাসাগর
মাদাগাস্কার	৫,৮৭,০০০	ভারত মহাসাগর

৭২. কোনো স্থানে সময় যখন শনিবার সকাল ১০টা তখন এর ১৮০° পূর্বদিকে অবস্থিত স্থানের সময় হবে–

ক. শনিবার রাত্রি ১০টা খ. শনিবার দুপুর ৪টা
গ. শুক্রবার রাত্রি ১০টা ঘ. শনিবার ভোর ৪টা উত্তর ক

৭৩. ১২ মাসে বছর ও ৩০ দিনে মাস এ গণনারীতি কাদের?

ক. আরবীয়দের খ. মিশরীয়দের
গ. দারিযুগের ঘ. ক্যাম্বসেসের

উত্তর✓ খ মিশরীয় সভ্যতা গড়ে উঠেছিল নীল নদের তীরে। খ্রিস্টপূর্ব ৫০০০ অব্দ থেকে এই সভ্যতার সূচনা। ১২ মাসে এক বছর, ৩০ দিনে একমাস, ৩৬৫ দিনে এক বছর এ গণনারীতি মিশরীয়দের। মিসরীয় সভ্যতার বিখ্যাত অবদান পিরামিড, লিখন পদ্ধতি, জ্যোতির্বিদ্যায় প্রভৃতিতে।

৭৪. এ দেশের সরকারি কাজে 'ফারসি' ভাষা চালু করেন কে?

ক. হুসেন শাহ খ. সম্রাট জাহাঙ্গীর
গ. রাজা টোডরমল ঘ. ইংরেজরা

উত্তর✓ গ টোডরমল ছিলেন আকবরের রাজত্বকালে মোঘল সাম্রাজ্যের অর্থমন্ত্রী। তিনি সম্রাট আকবরের নয়জন উপদেষ্টা অর্থাৎ নবরত্নের একজন ছিলেন। টোডরমল রাজস্ব সংস্কারের জন্য ইতিহাস বিখ্যাত। টোডরমল উপমহাদেশে সরকারি কাজে 'ফারসি' ভাষা চালু করেন।

৭৫. আসাদ কবে শহিদ হন?

ক. ১৯৬৯ সালের ২০ জানুয়ারি খ. ১৯৬৯ সালের ২১ ফেব্রুয়ারি
গ. ১৯৬৯ সালের ২ ফেব্রুয়ারি ঘ. ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি

উত্তর✓ ক ১৯৬৯ এর গণঅভ্যুত্থানে আসাদ শহিদ হন ২০ জানুয়ারি ১৯৬৯ সালে। শহিদ আসাদের বাড়ি নরসিংদী জেলার হাতিরদিয়ায়। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের ছাত্র ছিলেন। ঢাকার বকশীবাজারের নবকুমার ইনস্টিটিউটের ছাত্র মতিউর রহমান শহিদ হন ২৪ জানুয়ারি ১৯৬৯ সালে। ২৪ জানুয়ারি গণঅভ্যুত্থান দিবস পালিত হয়।

৭৬. মোগল বংশের প্রতিষ্ঠাতা কে?

ক. বাবর খ. হুমায়ুন
গ. শাহজাহান ঘ. আকবর

উত্তর✓ ক মুঘলদের আদি বাসভূমি মঙ্গোলিয়া। ভারতীয় উপমহাদেশে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা জহিরউদ্দিন মুহাম্মদ বাবর। পানিপথের প্রথম যুদ্ধে ইব্রাহিম লোদীকে পরাজিত করে বাবর মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠা করেন। পানিপথের প্রথম যুদ্ধ সংঘটিত হয় ২১ এপ্রিল ১৫২৬ সালে।

৭৭. যুক্তফ্রন্টের নির্বাচনী প্রচারণা কত দফার ভিত্তিতে পরিচালিত হয়?

ক. ১০ দফা খ. ১৬ দফা
গ. ২১ দফা ঘ. ২৬ দফা

উত্তর✓ গ ১৯৫৪ সালের প্রাদেশিক নির্বাচনে অংশগ্রহণের উদ্দেশ্যে চারটি দল নিয়ে ৪ ডিসেম্বর ১৯৫৩ সালে যুক্তফ্রন্ট গঠিত হয়। যুক্তফ্রন্টের নির্বাচনী প্রচারণা ২১ দফার ভিত্তিতে পরিচালিত হয়। ২১ দফার প্রথম দফা ছিলো বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করা। যুক্তফ্রন্টের নির্বাচনী প্রতীক ছিল নৌকা।

৭৮. প্রথম 'সাফ' গেমস অনুষ্ঠিত হয় কোথায়?

ক. কাঠমাণ্ডু খ. ঢাকা
গ. নয়াদিল্লি ঘ. কলম্বো

উত্তর✓ ক সাফ গেমসের বর্তমান নাম 'সাউথ এশিয়ান গেমস' বা 'এসএ গেমস'। সাউথ এশিয়ান গেমস অনুষ্ঠিত হয় ২ বছর পর পর।

আয়োজন	সাল	ভেন্যু
১ম	১৯৮৪	কাঠমান্ডু, নেপাল
১২তম	২০১৬	আসাম ও মেঘালয়, ভারত
১৩তম	২০১৮	কাঠমান্ডু, নেপাল

৭৯. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়–

ক. ১৯৬০ সালে খ. ১৯৬২ সালে
গ. ১৯৬৫ সালে ঘ. ১৯৬৬ সালে

উত্তর✓ ঘ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম জেলার হাটহাজারীতে অবস্থিত। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১৯৬৬ সালের ১৮ নভেম্বর। এটি দেশের তৃতীয় এবং ক্যাম্পাস আয়তনের দিক থেকে দেশের সর্ববৃহৎ বিশ্ববিদ্যালয়। প্রথম উপাচার্য ছিলেন ইফতেখার উদ্দিন চৌধুরী। ক্যাম্পাসের আয়তন ১৭৫৪ একর।

৮০. কর্ণফুলী পেপার মিলস্ কোথায় অবস্থিত?

ক. রাঙামাটির চন্দ্রঘোনায় খ. সিলেটের ছাতকে
গ. পাবনার পাকশীতে ঘ. কুষ্টিয়ার জগতিতে

উত্তর✓ ক কর্ণফুলী পেপার মিলস্ রাঙামাটির চন্দ্রঘোনায় অবস্থিত। মিলটি প্রতিষ্ঠিত হয় ১৯৫৩ সালে। কর্ণফুলী পেপার মিলস্ এ কাঁচামাল হিসেবে প্রধানত বাঁশ ব্যবহার করা হয়।



৩২

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২

সেট : ১
তারিখ : ২৪.০২.২০১২

[কোড : যমুনা]

সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল
খুলনা, কুষ্টিয়া,যশোর, মাগুরা, সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ, মৌলভীবাজার, ঝিনাইদহ, সাতক্ষীরা।

[দ্রষ্টব্য: সকল প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. ক ও খ এর বেতনের অনুপাত ৭ ঃ ৫। ক, খ অপেক্ষা ৪০০ টাকা বেশি বেতন পেলে খ এর বেতন কত?

ক. ৯০০ টাকা　　খ. ১০০০ টাকা
গ. ১১০০ টাকা　　ঘ. ১৬০০ টাকা

উত্তর✓ খ

মনেকরি, ক এর বেতন ৭x টাকা
খ " " ৫x টাকা

প্রশ্নমতে, $৭x - ৫x = ৪০০$

$\Rightarrow 2x = ৪০০$

$\Rightarrow x = \frac{৪০০}{২} = ২০০$

$\therefore x = ২০০$

$\therefore$ খ এর বেতন $(৫ \times ২০০) = ১০০০$ টাকা

০২. সমানুপাতের দ্বিতীয় ও তৃতীয় রাশিকে বলে–

ক. মধ্য রাশি　　খ. প্রান্ত রাশি
গ. মিশ্র রাশি　　ঘ. ত্রৈমিক রাশি

উত্তর✓ ক সমানুপাতের দ্বিতীয় ও তৃতীয় রাশিকে মধ্য রাশি বলে।

০৩. চিনির মূল্য ২৫% বৃদ্ধি পাওয়াতে একটি পরিবার চিনি খাওয়া এমনভাবে কমাল যে, চিনি বাবদ ব্যয় বৃদ্ধি পেল না। ঐ পরিবার চিনি খাওয়ার খরচ শতকরা কত কমিয়েছিল?

ক. ৩০%　　খ. ২৫%
গ. ২২%　　ঘ. ২০%

উত্তর✓ ঘ ২৫ বৃদ্ধিতে চিনি খাওয়া খরচ কমাতে হবে

$= \frac{r}{১০০ + r} \times ১০০\%$　　$r = ২৫\%$

$= \frac{২৫}{১০০ + ২৫} \times ১০০\%$

$= \frac{২৫}{১২৫} \times ১০০\%$

$= ২০\%$

০৪. কোনো বই ৪০ টাকায় বিক্রি করলে ২০% ক্ষতি হয়। কত টাকায় বিক্রয় করলে ৪০% লাভ হবে?

ক. ৫০ টাকা　　খ. ৪৪ টাকা
গ. ৭০ টাকা　　ঘ. ৬৫ টাকা

উত্তর✓ গ ক্রয়মূল্য $= \frac{১০০ \times \text{বিক্রয়মূল্য}}{১০০ - \text{ক্ষতি}}$

$= \frac{১০০ \times ৪০}{১০০ - ২০}$

$= \frac{১০০ \times ৪০}{৮০} = ৫০$ টাকা

বিক্রয়মূল্য $= \frac{১০০ + \text{লাভ}}{১০০} \times \text{ক্রয়মূল্য}$

$= \frac{১০০ + ৪০}{১০০} \times ৫০$

$= \frac{১৪০}{১০০} \times ৫০ = ৭০$ টাকা

০৫. এক ব্যক্তি চাল বিক্রয় করে দেখল যে, ২৫ কেজি চালের বিক্রয়মূল্য ২০ কেজি চালের ক্রয়মূল্যের সমান। তার শতকরা কত ক্ষতি হল?

ক. ১৫%　　খ. ২০%
গ. ২৫%　　ঘ. ৩০%

উত্তর✓ খ ধরি, ২০ কেজি চালের ক্রয়মূল্য ১০০ টাকা
২৫ কেজি চালের বিক্রয়মূল্য ১০০ টাকা

২০ " " " $\frac{১০০ \times ২০}{২৫}$ টাকা $= ৮০$ টাকা

$\therefore$ ১০০ টাকায় ক্ষতি হয় $= (১০০ - ৮০)$ টাকা $= ২০$ টাকা।

০৬. দুই ব্যক্তি একটি কাজ একত্রে ৮ দিনে করতে পারে। প্রথম ব্যক্তি একাকী কাজটি ১২ দিনে করতে পারে। দ্বিতীয় ব্যক্তি একাকী কাজটি কত দিনে করতে পারবে?

ক. ২৪ দিন　　খ. ২৬ দিন
গ. ২২ দিন　　ঘ. ২০ দিন

উত্তর✓ ক একাকী করলে,

$\text{সময়} = \frac{\text{বড়সংখ্যা} \times \text{ছোট সংখ্যা}}{\text{বড়সংখ্যা} - \text{ছোটসংখ্যা}} \times \text{অংশ}$

$= \frac{১২ \times ৮}{১২ - ৮} \times \text{সম্পূর্ণ}$

$= \frac{১২ \times ৮}{৪} = ২৪$ দিন

০৭. যদি ৫টি বিড়াল ৫টি ইঁদুর ধরে ৫ দিনে, তাহলে ১০০টা বিড়াল ১০০টা ইঁদুর ধরবে কত দিনে–

ক. ১ দিনে　　খ. ৫ দিনে
গ. ২০ দিনে　　ঘ. ১০০ দিনে

উত্তর✓ খ

৫ টি বিড়াল ৫ টি ইঁদুর ধরে ৫ দিনে

১ " " ১ " " $\frac{৫ \times ৫}{৫}$ দিনে

১০০ " ১০০ " " $\frac{৫ \times ৫ \times ১০০}{৫ \times ১০০}$ দিনে

= ৫ দিনে

০৮. ২ থেকে শুরু করে পর পর পাঁচটি জোড় সংখ্যার গড় কত হবে?

ক. ৪　　খ. ৫
গ. ৬　　ঘ. ৭

উত্তর✓ গ $\frac{২ + ৪ + ৬ + ৮ + ১০}{৫} = \frac{৩০}{৫} = ৬$

০৯. কোনো শ্রেনিতে ২০ জন ছাত্রের বয়সের গড় ১০ বছর। শিক্ষকসহ তাদের বয়সের গড় ১২ বছর হলে শিক্ষকের বয়স কত?

ক. ৩২ বছর　　খ. ৪২ বছর
গ. ৬২ বছর　　ঘ. ৫২ বছর

উত্তর✓ ঘ

২০ জন ছাত্রের মোট বয়স $(২০ \times ১০) = ২০০$ বছর
শিক্ষকসহ ২০ জন ছাত্রের বয়স $(২১ \times ১২) = ২৫২$ বছর
∴ শিক্ষকের বয়স = $(২৫২ - ২০০) = ৫২$ বছর।

১০. $4x^2 - 13x - 12$ এর উৎপাদক কত?

ক. $(x - 4)(4x + 3)$　　খ. $(2x - 4)(2x - 3)$
গ. $(2x - 4)(2x + 3)$　　ঘ. $(x + 4)(4x - 3)$

উত্তর✓ ক $4x^2 - 13x - 12 = 4x^2 - 16x + 3x - 12$
$= 4x(x - 4) + 3(x - 4)$
$= (x - 4)(4x + 3)$

১১. $a + \frac{1}{a} = 4$ হলে $a^3 + \frac{1}{a^3}$ = কত?

ক. 76　　খ. 70
গ. 52　　ঘ. 47

উত্তর✓ গ $a^3 + \frac{1}{a^3} = \left(a + \frac{1}{a}\right)^3 - 3.a.\frac{1}{a}\left(a + \frac{1}{a}\right)$
$= 4^3 - 3.4$
$= 64 - 12 = 52$

১২. ত্রিভুজের যে কোনো বাহুকে উভয়দিকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণদ্বয়ের সমষ্টি–

ক. দুই সমকোণ অপেক্ষা ক্ষুদ্রতর
খ. দুই সমকোণ অপেক্ষা বৃহত্তর
গ. দুই সমকোণের সমান
ঘ. দুই সমকোণের অর্ধেক

উত্তর✓ খ ত্রিভূজের যে কোনো বাহুকে উভয়দিকে বর্ধিত করলে উৎপন্ন বহিস্থ কোণদ্বয়ের সমষ্টি দুই সমকোণ অপেক্ষা বৃহত্তর।

১৩. স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধ এবং স্পর্শকের অন্তর্ভুক্ত কোণ–

ক. এক সমকোণের অর্ধেক　　খ. সরল কোণ
গ. এক সমকোণ　　ঘ. কোনোটিই নয়

উত্তর✓ গ বৃত্তের যে কোনো বিন্দুতে অঙ্কিত স্পর্শক স্পর্শগামী ব্যাসার্ধের উপর লম্ব।

১৪. Which one is the correct past tense form of 'ring'?

ক. Rung　　খ. Rang
গ. Ringed　　ঘ. Runged

উত্তর✓ খ

Present	Past	Past participle
Ring	rang	rung

১৫. Which one is conjunction?

ক. or　　খ. very
গ. out　　ঘ. for

উত্তর✓ ক (ক) or-একটি conjunction এটি দ্বারা বাক্য সংযোজন হয়। (খ) verb→adjective (গ) for→ preposition।

১৬. কোনটি শুদ্ধ বানান?

ক. Jewelery　　খ. Jewellry
গ. Jwellry　　ঘ. Jewellery

উত্তর✓ ঘ Jewellery (n) → মনিরত্ন/অলংকার।

১৭. কোনটি শুদ্ধ বানান?

ক. Posesion　　খ. Posession
গ. Possession　　ঘ. Possesion

উত্তর✓ গ Possession (n) → দখল/অধিকার।

১৮. 'Fortune favours the brave' এর পরিবর্তিত voice form হচ্ছে–

ক. The brave is favoured by forture
খ. The brave are favoured by fortune
গ. The brave has favoured by fortune
ঘ. The brave shall be favoured by fortune

উত্তর✓ খ বাক্যটি Present indefinite tense এর হওয়ায় এক্ষেত্রে নিয়মটি হলো: Structure: Object টি Subject হিসেবে বসবে + be verb (tense অনুযায়ী) + v3 + by + subject টির objective form বসবে।

১৯. "Let me do the sum" এর পরিবর্তিত voice form হচ্ছে–

ক. Let the sum be done by me
খ. Let the sum done by me
গ. Let the sum being done by me
ঘ. Let the sum is to be done by me

উত্তর✓ ক Let যুক্ত Active vioce কে Passive voice করার নিয়ম হলো: Structure: Let + subject + be + v3 + by + প্রাণীবাচক object।

২০. The poorman said, "Let me have some food." বাক্যের indirect speech হচ্ছে–

ক. The poorman begged that I might nad some food.
খ. The poorman begged that I might have some food.
গ. The poorman begged that he might had some food.
ঘ. The poorman begged that he might have some food.

উত্তর✓ ঘ বাক্যটিকে direct speech থেকে indirect speech এ রূপান্তর করতে হলেঃ Reporting verb 'said' এর পরিবর্তে begged বসবে + that + reporting verb এর subject পুনরায় বসবে + might + reported speech এর মূল verb থেকে শেষ পর্যন্ত।

২১. He said, "How charming the sight is!" বাক্যের indirect form হচ্ছে–

ক. He exclaimed that the sight is very charming.
খ. He exclaimed that the sight is charming.
গ. He exclaimed that the sight was very charming.
ঘ. He exclaimed that the sight was charming.

উত্তর✓ গ বাক্যটির Indirect form এর structure হচ্ছে: Subject + exclaimed + that + reported speech এর subject + verb এর past form + very/great + adjective +বাকি অংশ (যদি থাকে)।

২২. If you help me, I – grateful. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. will remain খ. shall remain
গ. would remain ঘ. am remaining

উত্তর✓ ক If যুক্ত conditional sentence এর ক্ষেত্রে if part এ present indefinite থাকলে পরের অংশে Future indefinite tense হয়। কিন্তু জোর দেওয়া অর্থে shall এর পরিবর্তে will ব্যবহৃত হয়।

২৩. Do not brood so much – your misfortune বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. on খ. of
গ. to ঘ. upon

উত্তর✓ ক শূন্যস্থানে সঠিক Preposition বসবে। এখানে brood on অর্থ চিন্তা করা।

২৪. Fall into line' idiom-টির অর্থ হচ্ছে–

ক. Disagree খ. Honest
গ. Brave ঘ. Agree

উত্তর✓ ঘ 'Fall into line' idiom টির অর্থ হচ্ছে। 'একমত হওয়া' (to agree)।

২৫. 'Ins and outs' idiom-টির অর্থ হচ্ছে–

ক. Briefly খ. Summary
গ. In details ঘ. None

উত্তর✓ গ 'Ins and outs' idiom টির অর্থ হচ্ছে বিস্তারিত (in details)।

২৬. কোনটি শুদ্ধ বাক্য?

ক. He dares go there.
খ. I came in when he was writing.
গ. The police were informed of the matter.
ঘ. Matin is good than his brother.

উত্তর✓ গ প্রদত্ত option গুলির মধ্যে option 'গ' সঠিক sentence কেননা, প্রথমত, 'Inform' verb টি passive voice এ আছে এবং verb টির পরে ব্যবহৃত preposition 'of' 'the matter' Nounটির পূর্বে বসেছে। বি.দ্র. option (ক)তে 'dare' verb টির পর preposition to বসবে। option (খ) তে এর 'when' এর স্থলে 'while' বসবে option (ঘ) তে 'good' এর স্থলে better হবে।

২৭. কোনটি শুদ্ধ বাক্য?

ক. I forbade him to go
খ. The moon shines by night
গ. Did they wrote the book?
ঘ. He stopped to write letters to me.

উত্তর✓ Blank প্রদত্ত option গুলোর মধ্যে option (ক) তে 'to' এর স্থলে from হবে। option (খ) তে 'by night' স্থানে 'at night' বসবে। option (গ) তে 'wrote' এর স্থলে 'write' হবে। option (ঘ) তে to write এর স্থলে ing যোগ হবে। For example: He stopped reading.

২৮. 'মসনদের মোহ' নাটকটির রচয়িতা কে?

ক. আকবর উদ্দীন খ. ইব্রাহীম খাঁ
গ. দ্বিজেন্দ্রলাল রায় ঘ. শাহাদৎ হোসেন

উত্তর✓ ঘ নাট্যকার ও উল্লেখযোগ্য নাটক :

নাট্যকার	নাটক
শাহাদাৎ হোসেন	মসনদের মোহ, আনারকলি
ইব্রাহীম খাঁ	কামাল পাশা, আনোয়ার পাশা
আকবর উদ্দিন	নাদির শাহ, সিন্ধুবিজয়
দ্বিজেন্দ্রলাল রায়	তারাবাঈ, নূরজাহান, সাজাহান

২৯. 'ছায়া হরিণ' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?

ক. সৈয়দ আলী আহসান খ. শামসুর রাহমান
গ. আহসান হাবীব ঘ. ফররুখ আহমদ

উত্তর✓ গ কবি ও উল্লেখযোগ্য কাব্য :

কবি	কাব্য
সৈয়দ আলী আহসান	একক সন্ধ্যায় বসন্ত, সহসা সচকিত
শামসুর রাহমান	প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে, বন্দী শিবির থেকে
আহসান হাবীব	রাত্রিশেষ, সারা দুপুর, আশায় বসতি
ফররুখ আহমদ	সাত সাগরের মাঝি, হাতেমতায়ী

৩০. 'সীমানা ছাড়িয়ে' উপন্যাসটির রচয়িতা কে?

ক. জহির রায়হান খ. সৈয়দ শামসুল হক
গ. আনিস চৌধুরী ঘ. দাউদ হায়দার

উত্তর✓ খ 'সীমানা ছাড়িয়ে' ছাড়াও সৈয়দ শামসুল হকের উল্লেখযোগ্য উপন্যাস : অনুপম দিন, খেলারাম খেলে যা, নীল দংশন, তুমি সেই তরবারী।

৩১. কোনটি শুদ্ধ বানান?

ক. দধিচি খ. দধিচী
গ. দধীচি ঘ. দধীচী

উত্তর✓ গ কতিপয় বানান : মরীচিকা, পিপীলিকা, হরীতকী, বিদ্বান, বিদুষী, পসারিণী, প্রোজ্জ্বল, প্রজ্বলন, প্রত্যুৎপন্ন, প্রত্যুদ্গমন, মারণাস্ত্র, মোহ্যমান।

৩২. কোনটি শুদ্ধ বানান?

ক. ভাগীরথী খ. ভাগিরথী
গ. ভাগীরথি ঘ. ভাগিরথি

৩৩. 'গুণহীনে ত্যাগ কর'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. কর্মে ৭মী খ. অধিকরণে ৭মী
গ. সম্প্রদানে ৭মী ঘ. অপাদানে ৭মী

৩৪. 'আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে'? -বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. কর্মে ২য়া খ. অপাদানে ৭মী
গ. করণে ৭মী ঘ. অপাদানে ৫মী

উত্তর✓ খ 'আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে?' এ বাক্যে 'রাঘবে' শব্দটি অপাদান কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ। 'এ, য়, তে, এতে' দ্বারা সপ্তমী বিভক্তি বোঝায়।

৩৫. বিশেষণের সাথে বিশেষ্যের যে সমাস হয় তার নাম কী?
ক. দ্বন্দ্ব খ. তৎপুরুষ
গ. কর্মধারয় ঘ. বহুব্রীহি
উত্তর✓ গ
কতিপয় ব্যাকরণিক সংজ্ঞা :
- **দ্বন্দ্ব সমাস :** যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে। উদা : তাল-তমাল, দোয়াত-কলম।
- **তৎপুরুষ সমাস :** পূর্বপদের বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয় তাকে তৎপুরুষ সমাস বলে। উদা : বিপদকে আপন্ন = বিপদাপন্ন।
- **বহুব্রীহি সমাস :** যে সমাসে সমস্যমান পদগুলোর কোনোটির অর্থ না বুঝিয়ে, অন্য কোনো পদকে বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে। উদা : মহান আত্মা যার = মহাত্মা।

৩৬. পূর্বপদের বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয় তাকে বলে-
ক. বহুব্রীহি সমাস খ. দ্বন্দ্ব সমাস
গ. কর্মধারয় সমাস ঘ. তৎপুরুষ সমাস
উত্তর ঘ

৩৭. 'তিমির' এর বিপরীতার্থক শব্দ-
ক. আলো খ. অন্ধকার
গ. কালো ঘ. তিরস্কার
উত্তর✓ ক
কতিপয় বিপরীতার্থক শব্দ : কালো - সাদা, তিরস্কার - পুরস্কার, সমষ্টি - ব্যষ্টি, খাঁটি - ভেজাল, নিদ্রিত - জাগ্রত, অনুরাগ - বিরাগ, অধম - উত্তম।

৩৮. 'পৃথিবী' এর সমার্থক শব্দ নয়-
ক. বসুন্ধরা খ. ধরণী
গ. যামিনী ঘ. অবনী
উত্তর✓ গ
'পৃথিবী' শব্দের সমার্থক : অবনী, ধরণী, বসুন্ধরা। অপরদিকে, 'যামিনী' শব্দের সমার্থক : রাত, রাত্রি, নিশা, রজনী, নিশীথিনী, শর্বরী।

৩৯. কোন বাগ্‌ধারা দ্বারা সুসময়ের বন্ধু বোঝানো হয়?
ক. সাত সতেরো খ. সুখের পায়রা
গ. ষোলো আনা ঘ. কোনোটিই নয়
উত্তর✓ খ
সমার্থ বিশিষ্ট বাগ্‌ধারা :

সুসময়ের বন্ধু	সুখের পায়রা, দুধের মাছি, বসন্তের কোকিল, শরতের শিশির, লক্ষ্মীর বরযাত্রী।

৪০. 'গবেষণা' এর সন্ধিবিচ্ছেদ–
ক. গ + এষণা খ. গো + ষণ
গ. গ + ষণা ঘ. গো + এষণা
উত্তর✓ ঘ
গো + এষণা = গবেষণা (স্বরসন্ধি)। এ, ঐ, ও, ঔ-কারের পর এ, ঐ এর স্থানে যথাক্রমে অয়, আয় এবং ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব হয়। যেমন : নে + অন = নয়ন, গৈ + অক = গায়ক, পো + অন = পবন, গো + আদি = গবাদি, নৌ + ইক = নাবিক।

৪১. প্রত্যয় কত প্রকার?
ক. ২ প্রকার খ. ৩ প্রকার
গ. ৪ প্রকার ঘ. ৫ প্রকার
উত্তর✓ ক
প্রত্যয় দুই প্রকার। যথা : ১. কৃৎ প্রত্যয় ২. তদ্ধিত প্রত্যয়।

৪২. ইনসুলিন কী?
ক. এক ধরনের এনজাইম খ. এক ধরনের হরমোন
গ. এক ধরনের কৃত্রিম অঙ্গ ঘ. এক ধরনের অস্ত্র
উত্তর✓ খ
অগ্নাশয়ের আইলেট অব ল্যাঙ্গার হ্যানস অংশ হতে নিঃসৃত এক ধরণের হরমোন, যা রক্তে গ্লুকোজের মাত্রা নিয়ন্ত্রণ করে তাকে ইনসুলিন বলে। এর অভাবে ডায়াবেটিস বা বহুমূত্র রোগ হয়।

৪৩. দুধে কোন ধরনের এসিড থাকে?
ক. সাইট্রিক এসিড খ. অক্সালিক এসিড
গ. ল্যাকটিক এসিড ঘ. কোনো এসিড থাকে না
উত্তর✓ গ
দুধ যখন টক হয়ে যায় তখন এতে ল্যাকটিক এসিড উৎপন্ন হয়।

৪৪. উদ্ভিদ কোষ হতে বাষ্পাকারে পানি বের হয়ে যাবার প্রক্রিয়াকে বলে-
ক. ব্যাপন খ. বাষ্পীভবন
গ. শ্বসন ঘ. প্রস্বেদন
উত্তর✓ ঘ
উদ্ভিদ কোষ হতে বাষ্পাকারে পানি বের হয়ে যাবার প্রক্রিয়াকে প্রস্বেদন বলে।

৪৫. শরীর হতে বর্জ্য পদার্থ বের করে দেয়-
ক. ফুসফুস খ. কিডনি
গ. হৃৎপিণ্ড ঘ. যকৃত
উত্তর✓ খ
আমাদের দেহের বিপাকক্রিয়ায় তৈরি বর্জ্য পদার্থ শরীর থেকে কিডনির মাধ্যমেই বের হয়ে যায়।

৪৬. ক্রমশ ব্যারোমিটারে পারদের উচ্চতা বৃদ্ধি কিসের ইঙ্গিত দেয়?
ক. ভালো আবহাওয়ার খ. আসন্ন ঝড়ের
গ. বৃষ্টির সম্ভাবনা ঘ. তাৎপর্যহীন
উত্তর✓ ক
বায়ুমণ্ডলের চাপ ব্যারোমিটার যন্ত্রের মাধ্যমে নির্ণয় করা হয়। ক্রমশ ব্যারোমিটারে পারদের উচ্চতা বৃদ্ধি ভালো আবহাওয়ার ইঙ্গিত দেয়।

৪৭. কোন মাটিতে সমান পরিমাণে বালি, পলি ও কাদা থাকে?
ক. বেলে মাটি খ. পলিমাটি
গ. দো-আঁশ মাটি ঘ. এঁটেল মাটি
উত্তর✓ গ
দো-আঁশ মাটিতে সমান পরিমাণ বালি, পলি ও কাদা থাকে। দো-আঁশ মাটির একদিকে যেমন পানি ধারণ ক্ষমতা ভাল আবার প্রয়োজনের সময় পানি দ্রুত নিষ্কাশন হতে পারে। তাই ফসল চাষাবাদের জন্য দো-আঁশ মাটি খুবই উপযোগী।

৪৮. বরেন্দ্রভূমি বলা হয়-
ক. ময়নামতি ও লালমাই পাহাড়কে
খ. শালবন বিহারকে
গ. মধুপুর ও ভাওয়াল গড়কে
ঘ. রাজশাহী বিভাগের উত্তর পশ্চিমাঞ্চলকে
উত্তর✓ ঘ
রাজশাহীর উত্তরাংশ, বগুড়ার পশ্চিমাংশ, রংপুর ও দিনাজপুরের কিছু অংশ নিয়ে বরেন্দ্রভূমি গঠিত। বরেন্দ্রভূমির আয়তন ৯৩২০ বর্গ কিলোমিটার। বরেন্দ্রভূমির মাটির রং ধূসর ও লাল বর্ণের। প্লাবন সমভূমি থেকে বরেন্দ্রভূমির উচ্চতা ৬-১২ মিটার।

৪৯. মহাস্থানগড় কোন নদীর তীরে অবস্থিত?
ক. যমুনা খ. করতোয়া
গ. পত্তর ঘ. মহানন্দা
উত্তর✓ খ
'মহাস্থানগড়' বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায় অবস্থিত। এটি করতোয়া নদীর পশ্চিম তীরে অবস্থিত।

৫০. আইফেল টাওয়ার কোথায় অবস্থিত?
ক. প্যারিস খ. মস্কো
গ. মিউনিখ ঘ. লন্ডন
উত্তর✓ ক
আইফেল টাওয়ার ফ্রান্সের রাজধানী প্যারিসে অবস্থিত। এর স্থপতি আলেকজান্ডার গুসটাভ আইফেল। আইফেল টাওয়ারের নির্মাণ কাজ শুরু হয় ২৬ জানুয়ারি ১৮৮৭ সালে এবং উদ্বোধন করা হয় ৩১ মার্চ ১৮৮৯ সালে। আইফেল টাওয়ারের উচ্চতা ৩২৪ মিটার।

৫১. পৃথিবীকে উত্তর দক্ষিণে বিভক্ত করেছে?-
ক. অক্ষরেখা খ. নিরক্ষরেখা
গ. পূর্ব দ্রাঘিমারেখা ঘ. পশ্চিম দ্রাঘিমারেখা
উত্তর✓ খ ব্যাখ্যা দুই মেরু থেকে সমান দূরত্বে পৃথিবীর পূর্ব থেকে পশ্চিমে যে রেখা কল্পনা করা হয় তাকে নিরক্ষরেখা বলে। পৃথিবীকে এই রেখা উত্তর দক্ষিণে বিভক্ত করেছে।

৫২. জলভাগের পরিমাণ বেশি-
ক. পূর্ব গোলার্ধে খ. পশ্চিম গোলার্ধে
গ. দক্ষিণ গোলার্ধে ঘ. উত্তর গোলার্ধে উত্তর গ

৫৩. দ্বিতীয় বৃহত্তম মহাসাগর-
ক. ভারত মহাসাগর খ. দক্ষিণ মহাসাগর
গ. আরব সাগর ঘ. আটলান্টিক মহাসাগর
উত্তর✓ ঘ ব্যাখ্যা আটলান্টিক মহাসাগর পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম মহাসাগর। এর আয়তন ৭,৬৭,৬২,০০০ বর্গ কিলোমিটার। এটি পৃথিবীপৃষ্ঠের প্রায় এক পঞ্চমাংশ এলাকা জুড়ে অবস্থিত। এই মহাসাগরের আকৃতি অনেকটা ইংরেজি 'S' বর্ণের মত। আটলান্টিক মহাসাগরের পশ্চিমে উত্তর ও দক্ষিন আমেরিকা মহাদেশ এবং পূর্বে ইউরোপ ও আফ্রিকা মহাদেশ অবস্থিত।

৫৪. ধ্রুবতারা দেখা যায়-
ক. উত্তর গোলার্ধে খ. দক্ষিণ গোলার্ধে
গ. পূর্ব গোলার্ধে ঘ. পশ্চিম গোলার্ধে
উত্তর✓ ক ব্যাখ্যা ইংরেজিতে পোলারিস্ বা মেরু তারা (pole star) পৃথিবীর উত্তর মেরুর অক্ষ বরাবর দৃশ্যমান তারা ধ্রুবতারা নামে পরিচিত। উত্তরে থাকে বলে একে নর্থ স্টারও বলে।

৫৫. অস্ট্রেলিয়া মহাদেশের উষ্ণতম মাস–
ক. জুলাই খ. নভেম্বর
গ. জানুয়ারি ঘ. মার্চ
উত্তর✓ গ ব্যাখ্যা অস্ট্রেলিয়া মহাদেশ দক্ষিণ গোলার্ধে অবস্থিত। দক্ষিণ গোলার্ধে সবচেয়ে বড় দিন ২২ ডিসেম্বর। এই দিন সূর্য দক্ষিণ গোলার্ধের সবচেয়ে নিকটে অবস্থান করে। তাই ডিসেম্বর-জানুয়ারি অস্ট্রেলিয়া মহাদেশের উষ্ণতম মাস এবং জুন-জুলাই শীতলতম মাস।

৫৬. দক্ষিণ এশিয়ার একটি দেশ-
ক. থাইল্যান্ড খ. মায়ানমার
গ. ইরান ঘ. মালয়েশিয়া
উত্তর✓ গ ব্যাখ্যা দক্ষিণ এশিয়ার দেশ ৯টি। বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলংকা, নেপাল, ভুটান, মালদ্বীপ, আফগানিস্তান ও ইরান। থাইল্যান্ড, মিয়ানমার, মালয়েশিয়া দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশ।

৫৭. লালবাগের কেল্লা স্থাপন করেন কে?
ক. ইসলাম খান খ. শাহ সুজা
গ. টিপু সুলতান ঘ. শায়েস্তা খান
উত্তর✓ ঘ ব্যাখ্যা সম্রাট আওরঙ্গজেবের পুত্র শাহজাদা মোহাম্মদ আজম শাহ্ ১৬৭৮ সালে লালবাগ কেল্লার নির্মাণ কাজ শুরু করেন। নির্মাণ কাজ সমাপ্ত করেন শায়েস্তা খান। লালবাগ কেল্লার আদি নাম 'আওরঙ্গবাদ দুর্গ'।

৫৮. নিম্নের কোন পর্যটক সোনারগাঁও এসেছিলেন?
ক. ইবনে বতুতা খ. ফা-হিয়েন
গ. মার্কো পোলো ঘ. হিউয়েন সাং
উত্তর✓ ক ব্যাখ্যা ইবনে বতুতা ১৩০৪ সালে মরক্কোয় জন্মগ্রহণ করেন। তিনি ভারতে আসেন ১৩৩৩ সালে মুহম্মদ বিন তুঘলকের শাসনকালে। ইবনে বতুতা সোনারগাঁও আসেন ১৩৪৬ সালে ফখরুদ্দিন মুবারক শাহ্‌র রাজত্বকাল। তিনি বাংলাকে 'নিয়ামত পূর্ণ দোযখ' বলে অভিহিত করেন।

৫৯. বাংলা নববর্ষ পহেলা বৈশাখ চালু করেছিলেন–
ক. লক্ষণ সেন খ. ইলিয়াস শাহ
গ. আকবর ঘ. রূপসা
উত্তর✓ গ ব্যাখ্যা বাংলা নববর্ষ বা বাংলা সন প্রবর্তণ করেন সম্রাট আকবর ১৫৮৪ সালে। বাংলা সন গণনা কার্যকর করা হয় ৫ নভেম্বর ১৫৫৬ সালে। এই দিনে আকবর দ্বিতীয় পানিপথের যুদ্ধে হিমুকে পরাজিত করে সিংহাসনে বসেন।

৬০. দক্ষিণ তালপট্টি দ্বীপ বাংলাদেশের কোন নদীর মোহনায় অবস্থিত?
ক. বলেশ্বর খ. হাড়িয়াভাঙ্গা
গ. ভৈরব ঘ. বিজয় সেন
উত্তর✓ খ ব্যাখ্যা সুন্দরবনে বাংলাদেশ-ভারত সীমান্তের হাড়িয়াভাঙ্গা নদীর মোহনায় বঙ্গোপসাগরে একটি দ্বীপ দক্ষিন তালপট্টি। এই দ্বীপের ভারতীয় নাম পূর্বাশা বা নিউমুর।

৬১. মহাস্থানগড় একসময় বাংলাদেশের রাজধানী ছিল। তখন তার নাম ছিল–
ক. পুণ্ড্রনগর খ. রামাবতী
গ. কর্ণ সুবর্ণ ঘ. মহাস্থান
উত্তর✓ ক ব্যাখ্যা বাংলাদেশের প্রাচীনতম জনপদ পুণ্ড্র। পুণ্ড্র জনপদের রাজধানী ছিল পুণ্ড্রনগর বা পুণ্ড্রবর্ধন। পুণ্ড্রনগর এর বর্তমান নাম মহাস্থানগর। মহাস্থানগর বগুড়া জেলার শিবগঞ্জে অবস্থিত।

৬২. 'Unstable' শব্দের synonym হচ্ছে–
ক. Constant খ. Reliable
গ. Steady ঘ. Changeable
উত্তর✓ ঘ ব্যাখ্যা Unstable শব্দের অর্থ হচ্ছে স্থির নয় এমন/ পরিবর্তনশীল। (ক) constant → স্থির (খ) Reliable → নির্ভরযোগ্য (গ) steady → স্থির (ঘ) changeable → পরিবর্তনীয়।

৬৩. ১, ২, ৩, ৫, ৮, ১৩, ২১, ৩৪, ... ধারাটির পরবর্তী সংখ্যা কত?
ক. ৯০ খ. ৬৮
গ. ৫৫ ঘ. ৪০
উত্তর✓ গ ব্যাখ্যা ২ + ৩ = ৫
দুই পদের যোগ করলে পরবর্তী পদ বের হয়।
২১ + ৩৪ = ৫৫

৬৪. $(০.০০৪)^২$ = কত?
ক. ০.০১৬ খ. ০.০০০০১৬
গ. ০.০০০১৬ ঘ. ০.০০১৬
উত্তর✓ খ ব্যাখ্যা $(০.০০৪)^২ = ০.০০৪ \times ০.০০৪ = ০.০০০০১৬$

৬৫. 'যার অনেক বুদ্ধি আছে' তাকে এক কথায় কী বলে?
ক. গভীর জলের মাছ খ. বুদ্ধির ঢেঁকি
গ. বিড়াল তপস্বী ঘ. ভূষণ্ডির কাক উত্তর ক

৬৬. তিন লিটার পানির ওজন–
ক. ২.৫ কি.গ্রা. খ. ৪ কি.গ্রা.
গ. ২.৭৫ কি.গ্রা. ঘ. ৩ কি.গ্রা. উত্তর ঘ

৬৭. কম্পিউটারের হার্ডওয়্যারের মধ্যে থাকে –
ক. ৩টি অংশ খ. ৪টি অংশ
গ. ৫টি অংশ ঘ. ৬টি অংশ
উত্তর✓ ক ব্যাখ্যা কম্পিউটারের বাহ্যিক আকৃতি সম্পন্ন সকল যন্ত্রাংশকে হার্ডওয়্যার বলে। কম্পিউটারের হার্ডওয়্যারের ৩টি অংশ থাকে। ১. ইনপুট পেরিফেরাল। ২. আউটপুট পেরিফেরাল ও ৩. ইনপুট- আউটপুট পেরিফেরাল।

৬৮. বাংলাদেশ সিভিল সার্ভিসের (BCS) ক্যাডার কতটি?
ক. ২৯টি খ. ২২টি
গ. ১৯টি ঘ. ১৩টি
উত্তর✓ ক
প্রশ্নটি করার সময় BCS ক্যাডার ২৯টিই ছিল। সর্বশেষ ১৫ সেপ্টেম্বর ২০১৪ সালে টেলিকমিউনিকেশন ক্যাডার বিলুপ্ত হওয়ায় ২৮টি থেকে বর্তমান ক্যাডার সংখ্যা ২৭টি।

৬৯. সপ্তম শতাব্দীতে নির্মিত পাহাড়পুরের বৌদ্ধ বিহারটি কি নামে পরিচিত ছিল?
ক. শ্রী বিহার খ. সোমপুর বিহার
গ. ধর্মপাল বিহার ঘ. জগদ্দল বিহার
উত্তর✓ খ
সপ্তম শতাব্দীতে নির্মিত পাহাড়পুর বৌদ্ধ বিহারের অপর নাম সোমপুর বিহার। বিহারটি নওগাঁ জেলার বদলগাছিতে অবস্থিত। নির্মাণ করেন শ্রী ধর্মপাল।

৭০. ইংলিশ চ্যানেলকে উত্তর সাগরের সাথে সংযুক্ত করেছে–
ক. বসফরাস প্রণালি খ. বেরিং প্রণালি
গ. মেসিনা প্রণালি ঘ. ডোভার প্রণালি
উত্তর✓ ঘ
ডোভার প্রণালি ইংলিশ চ্যানেলকে উত্তর সাগরের সঙ্গে যুক্ত করেছে এবং ফ্রান্স ও ব্রিটেনকে পৃথক করেছে।

৭১. বদরের যুদ্ধ সংঘটিত হয়-
ক. ৬২০ সালে খ. ৬২২ সালে
গ. ৬২৪ সালে ঘ. ৬২৬ সালে
উত্তর✓ গ
বদরের যুদ্ধ ১৩ মার্চ ৬২৪ খ্রিস্টাব্দে (২ হিজরি ১৭ রমজান) মদিনার মুসলিম ও মক্কার কুরাইশদের মধ্যে সংগঠিত হয়। ইসলামের ইতিহাসে এটি প্রথম প্রধান যুদ্ধ। এই যুদ্ধ সংগঠিত হয় মদিনার দক্ষিণে বদর প্রান্তরে। এই যুদ্ধে জয়ের ফলে মুসলিমদের ক্ষমতা পূর্বের তুলনায় বৃদ্ধি পায়।

৭২. বুকার পুরস্কার হচ্ছে-
ক. সাহিত্য পুরস্কার খ. শান্তি পুরস্কার
গ. জনসংখ্য পুরস্কার ঘ. এর কোনোটিই নয়
উত্তর✓ ক
ম্যান বুকার পুরস্কার বিশ্ব সাহিত্যের অন্যতম মর্যাদাসম্পন্ন পুরস্কার যা প্রদান করা হয় ব্রিটেন থেকে। ১৯৬৯ সালে যুক্তরাজ্যের বুকার ম্যাক কোলেন কোম্পানি বুকার পুরস্কার প্রবর্তন করে। প্রতি বছর বিগত এক বছরে প্রকাশিত শ্রেষ্ঠ পূর্ণদৈর্ঘ্যের উপন্যাসকে এই পুরস্কারটি প্রদান করা হয়। লেখককে অবশ্যই কমনওয়েলথ, জিম্বাবুয়ে অথবা আয়ারল্যান্ডের নাগরিক হতে হবে এবং উপন্যাসটি ইংরেজি ভাষায় রচিত হতে হবে।

৭৩. অস্ট্রেলিয়ার রাজধানী-
ক. সিডনী খ. ক্যানবেরা
গ. মেলবোর্ন ঘ. পার্থ
উত্তর✓ খ
ওশেনিয়া মহাদেশের একটি দেশ অস্ট্রেলিয়া। অস্ট্রেলিয়ার রাজধানী ক্যানবেরা। অফিসিয়াল ভাষা ইংরেজি এবং মুদ্রা অস্ট্রেলিয়ান ডলার। অস্ট্রেলিয়া শব্দের অর্থ এশিয়ার দক্ষিণাঞ্চল। অস্ট্রেলিয়ায় সাংবিধানিক রাজতন্ত্র বিদ্যমান।

৭৪. কোন প্রতিষ্ঠান ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক ভাষা দিবস হিসেবে স্বীকৃতি প্রদান করে?
ক. EU খ. UNICEF
গ. UNHCR ঘ. UNESCO
উত্তর✓ ঘ
১৯৯৯ সালের ১৭ নভেম্বর প্যারিসে ইউনেস্কোর অধিবেশনে একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয় এবং ২০০০ সালের ২১ ফেব্রুয়ারি থেকে দিবসটি জাতিসংঘের সদস্যদেশ সমূহে যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে। ২০১০ সালের ২১ অক্টোবর জাতিসংঘ সাধারণ পরিষদের ৬৫তম অধিবেশনে জাতিসংঘ ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি প্রদান করে।

৭৫. সতীদাহ প্রথা রহিতকরণ আইন পাস করেন কে?
ক. লর্ড ক্যানিং খ. লর্ড বেন্টিঙ্ক
গ. লর্ড রিপন ঘ. লর্ড কার্জন
উত্তর✓ খ
সতীদাহ প্রথা হচ্ছে হিন্দু ধর্মাবলম্বী বিধবা নারীদের স্বামীর চিতায় সহমরণে বা আত্মাহুতি দেবার ঐতিহাসিক প্রথা। বেঙ্গল প্রেসিডেন্সীর গভর্নর লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক ১৮২৯ সালের ৪ ডিসেম্বর সতীদাহ প্রথা রহিতকরণ আইন পাশ করেন। এ আইনী কার্যক্রম গৃহীত হয় মূলতঃ রাজা রামমোহন রায়ের সামাজিক আন্দোলনের পরিপ্রেক্ষিতেই।

৭৬. মালয়েশিয়া কোন দেশের উপনিবেশ ছিল?
ক. ব্রিটেন খ. পর্তুগাল
গ. ফ্রান্স ঘ. যুক্তরাষ্ট্র
উত্তর✓ ক
মালয়েশিয়া দক্ষিণ-পূর্ব এশিয়ার একটি দেশ। দেশটির রাজধানী শহর কুয়ালালামপুর এবং প্রশাসনিক বা ফেডারেল সরকারের রাজধানী পুত্রজায়া। মালয়েশিয়ার ভাষা মালয় এবং মুদ্রা রিঙ্গিট। মালয়েশিয়া ব্রিটেনের কাছ থেকে স্বাধীনতা লাভ করে ৩১ আগষ্ট ১৯৫৭ সালে। মালয়েশিয়ার স্বাধীনতার জনক এবং প্রথম রাজা টেংকু আবদুর রহমান।

৭৭. ভারতে ক্যাবিনেট মিশন কখন এসেছিল?
ক. ১৯৪০ সালে খ. ১৯৪২ সালে
গ. ১৯৪৬ সালে ঘ. ১৯৪৭ সালে
উত্তর✓ গ
ভারতীয় রাজনৈতিক শাসনতান্ত্রিক সমস্যাবলি নিরসনে ব্রিটিশ প্রধানমন্ত্রী এটলি ক্যাবিনেট মিশন গঠন করেন ১৯ ফেব্রুয়ারি ১৯৪৬ সালে। ৩ সদস্য বিশিষ্ট ক্যাবিনেট মিশনের প্রধান ছিলেন লর্ড প্যাথিক লরেন্স। অন্য ২ জন সদস্য ছিলেন স্ট্যাফোর্ড ক্রিপস এবং এ. ভি. আলেকজান্ডার।

৭৮. জাতীয় সংসদে কোরাম হয় কত জনে?
ক. ৯০ খ. ৭৫
গ. ৭০ ঘ. ৬০
উত্তর✓ ঘ
বাংলাদেশের সংবিধানের ৭৫(২) নং অনুচ্ছেদে জাতীয় সংসদের কোরাম সম্পর্কে বলা হয়েছে। এই ধারা অনুযায়ী, বাংলাদেশ জাতীয় সংসদে কোরাম হয় ন্যূনতম ৬০ জন সদস্য উপস্থিত থাকলে। ৬০ জনের কম উপস্থিত থাকলে স্পিকার বৈঠক স্থগিত করে ৫ মিনিট সময় ধরে সংসদের ঘন্টা বাজান। এতেও কোরাম না হলে স্পিকার বৈঠক মূলতবি ঘোষণা করেন।

৭৯. বাঁশের কেল্লা খ্যাত স্বাধীনতা সংগ্রামী কে?
ক. ফকির মজনু শাহ খ. তিতুমীর
গ. দুদু মিয়া ঘ. মীর কাশিম
উত্তর✓ খ
তিতুমীরের প্রকৃত নাম মীর নিসার আলী। তিতুমীর চব্বিশ পরগণা জেলার বারাসাত মহকুমায় ১৭৮২ সালে জন্মগ্রহণ করেন। তিতুমীর ১৮৩১ সালের অক্টোবরে নারিকেলবাড়িয়ায় বাঁশের কেল্লা নির্মাণ করেন। তাই তিতুমীরকে বাঁশের কেল্লা খ্যাত স্বাধীনতা সংগ্রামী বলা হয়। প্রথম বাঙালি হিসেবে ইস্ট ইন্ডিয়া কোম্পানির বিরুদ্ধে অস্ত্রধারণ করে শহিদ হয়েছেন।

৮০. শীতকালে শরীরের চামড়া ফাটে কেন?
ক. আর্দ্রতার অভাবে খ. রৌদ্রের অভাবে
গ. ভিটামিনের অভাবে ঘ. স্নেহ জাতীয় পদার্থের অভাবে
উত্তর✓ ক
শীতকালে বাতাসের আর্দ্রতা বা জলীয়বাষ্প খুব কম থাকে। ফলে বায়ু আমাদের অনাবৃত অংশের কোমল স্থানগুলোর সংস্পর্শে এসে ত্বকের জলীয় অংশকে দ্রুত বাষ্পীভূত করে। ফলে ত্বক শুকিয়ে যায় এবং তাতে ফাটল ধরে।



৩৩ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২

সেট : ১
তারিখ : ২৪.০২.২০১২

[কোড : কর্ণফুলী]

সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল
ঠাকুরগাঁও, চাঁপাইনবাবগঞ্জ, নড়াইল, পাবনা, দিনাজপুর, কুড়িগ্রাম, নাটোর, পঞ্চগড়, মেহেরপুর, চুয়াডাঙ্গা, বাগেরহাট।

[দ্রষ্টব্য: সকল প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. আমি বেদুঈন, আমি চেঙ্গিস
আমি আপনারে ছাড়া করি না কাহারে কুর্নিশ।
পঙ্‌ক্তিটির রচয়িতা কে?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. গোলাম মোস্তফা ঘ. ফররুখ আহমদ
উত্তর✓ খ ব্যাখ্যা উদ্ধৃত পঙ্‌ক্তিটি কাজী নজরুল ইসলামের 'অগ্নি-বীণা' কাব্যের 'বিদ্রোহী' কবিতার অংশবিশেষ। তাঁর কতিপয় পঙ্‌ক্তি :
(i) তারি তরে ভাই গান রচে যাই, বন্দনা করি তারে।
(ii) এই হৃদয়ের চেয়ে বড় কোনো মন্দির -কাবা নাই।
(iii) মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরি, আর হাতে রণ-তূর্য!
(iv) আশিটা বছর কেটে গেল, আমি ডাকিনি তোমায় কভু,
আমার ক্ষুধার অন্ন তা'বলে বন্ধ করোনি প্রভু!
(v) বর্তমানের কবি আমি ভাই, ভবিষ্যতের নই 'নবি'!

০২. 'বরফ গলা নদী' উপন্যাসটির রচয়িতা কে?
ক. জহির রায়হান খ. সৈয়দ এমদাদ আলী
গ. হুমায়ূন আহমেদ ঘ. প্রমথনাথ বিশী
উত্তর✓ ক ব্যাখ্যা 'বরফ গলা নদী' ছাড়াও জহির রায়হানের উল্লেখযোগ্য উপন্যাস : হাজার বছর ধরে, আরেক ফাল্গুন, তৃষ্ণা, শেষ বিকেলের মেয়ে।

০৩. 'রক্তকরবী' নাটকটি কার রচনা?
ক. গিরিশচন্দ্র ঘোষ খ. কায়কোবাদ
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. সৈয়দ শামসুল হক
উত্তর✓ গ ব্যাখ্যা 'রক্তকরবী' ছাড়াও রবীন্দ্রনাথ ঠাকুরের উল্লেখযোগ্য নাটক : বিসর্জন, রাজা, ডাকঘর, অচলায়তন, চিরকুমার সভা, তাসের দেশ।

০৪. 'যা কষ্টে লাভ করা যায়।' এক কথায় কী হবে?
ক. দুর্লভ খ. কষ্টার্জিত
গ. দুর্জয় ঘ. পরিশ্রমলব্ধ
উত্তর✓ ক ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : যা কষ্টে জয় করা যায় - দুর্জয়, যা বিনা আয়াসে লাভ করা যায় - অনায়াসলভ্য, যা বিনা যত্নে লাভ করা হয়েছে - অযত্নলব্ধ, যা আশা করা যায় তার অধিক - আশাতীত, যা দমন করা যায় না - অদম্য, যা অবশ্যই ঘটবে - অবশ্যম্ভাবী।

০৫. 'আবক্ষ জলে নেমে স্নান।' - এক কথায় কী হবে?
ক. স্নান খ. প্রক্ষালন
গ. অবগাহন ঘ. পদধৌত
উত্তর গ

০৬. কোন বানানটি শুদ্ধ?
ক. পসারিণী খ. পসারিনি
গ. পসারিনী ঘ. পসারীনী
উত্তর ক

০৭. কোনটি শুদ্ধ বানান?
ক. আনুষঙ্গিক খ. আনুসঙ্গিক
গ. অনুষঙ্গিক ঘ. আনূষঙ্গিক
উত্তর ক

০৮. খালেদ বই পড়ে- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে শূন্য খ. অধিকরণে শূন্য
গ. কর্মে শূন্য ঘ. অপাদানে শূন্য
উত্তর✓ গ ব্যাখ্যা বিভিন্ন কারকে শূন্য বিভক্তির দৃষ্টান্ত : ছাত্ররা বল খেলে (করণে শূন্য), মনে পড়ে সেই জ্যৈষ্ঠ দুপুরে পাঠশালা পলায়ন (অপাদানে শূন্য), বাবা বাড়ি নেই (অধিকরণে শূন্য)।

০৯. ব্যায়ামে শরীর ভালো থাকে- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে ৭মী খ. কর্মে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী
উত্তর ক

১০. 'দ্যুলোক' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. দুৎ + লোক খ. দিব্ + লোক
গ. দুঃ + লোক ঘ. দুত + লোক
উত্তর✓ খ ব্যাখ্যা দিব্ + লোক = দ্যুলোক (নিপাতনে সিদ্ধ সন্ধি)। এরকম : তৎ + কর = তস্কর, হিরণ্য + ময় = হিরণ্ময়, হরি + চন্দ্র = হরিশ্চন্দ্র, বৃহৎ + পতি = বৃহস্পতি।

১১. 'মৌমাছি' কোন সমাস (মৌ সংগ্রহকারী মাছি)?
ক. তৎপুরুষ খ. অব্যয়ীভাব
গ. কর্মধারয় ঘ. দ্বিগু
উত্তর✓ গ ব্যাখ্যা মৌ সংগ্রহকারী মাছি = মৌমাছি (মধ্যপদলোপী কর্মধারায়), দুঃখকে প্রাপ্ত = দুঃখপ্রাপ্ত (তৎপুরুষ সমাস), যুবতী জায়া যার = যুবজানি (বহুব্রীহি সমাস), রীতিকে অতিক্রম না করে = যথারীতি (অব্যয়ীভাব সমাস)।

১২. 'অসুখ' কোন সমাস। (নাই সুখ যার)?
ক. তৎপুরুষ খ. কর্মধারয়
গ. অব্যয়ীভাব ঘ. বহুব্রীহি
উত্তর ঘ

১৩. 'মুখচোরা' বাগ্‌ধারাটির অর্থ কী?
ক. লাজুক খ. ভীতু
গ. স্পষ্টভাষী ঘ. বাচাল
উত্তর✓ ক ব্যাখ্যা কতিপয় বাগ্‌ধারা : চোখের পর্দা (লজ্জা), ঠোঁট কাটা (স্পষ্টভাষী), চোখের বালি (চক্ষুশূল), চোখ কপালে তোলা (বিস্মিত হওয়া), চোখ বুলানো (দেখা), চোখে ধুলা দেওয়া (প্রতারণা করা)।

১৪. কোনটি 'পৃথিবী' শব্দের সমার্থক শব্দ?
ক. বসুধা খ. সবিতা
গ. মিহির ঘ. ভূধর
উত্তর✓ ক ব্যাখ্যা 'পৃথিবী' শব্দের সমার্থক বসুধা; মিহির ও সবিতা 'সূর্যের' সমার্থক এবং 'ভূধর' শব্দের সমার্থক শব্দ পর্বত।

১৫. 'ঔদ্ধত্য' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. সরল খ. বিনয়
গ. শান্ত ঘ. বিনীত
উত্তর✓ খ ব্যাখ্যা: কতিপয় বিপরীতার্থক শব্দ : সরল - বক্র, শান্ত - দুরন্ত, উদ্ধত - বিনীত, উৎকর্ষ - অপকর্ষ, আকুঞ্চন - প্রসারণ, ইদানীং - তদানীং, দুষ্ট - শিষ্ট, স্থির - চঞ্চল।

১৬. কোন বানানটি শুদ্ধ?
ক. Contiguos খ. Contiguous
গ. Contigous ঘ. Conteguous
উত্তর✓ খ ব্যাখ্যা: Contiguous (adj) → সংলগ্ন/ পার্শ্ববর্তী।

১৭. কোনটি শুদ্ধ বানান?
ক. Agricultural খ. Agrecultural
গ. Agrecaltural ঘ. Agricalturel
উত্তর✓ ক ব্যাখ্যা: Agricultural (Adj) → কৃষিজাত।

১৮. কোনটি Adstract Noun?
ক. Elephant খ. Harbou
গ. Strength ঘ. Dhaka
উত্তর✓ গ ব্যাখ্যা: Abstract Noun বলতে বোঝায় গুণবাচক বিশেষ্যকে। প্রদত্ত option গুলোর মধ্যে option (গ) strength (শক্তি) দ্বারাই গুণের নাম বোঝায়।

১৯. কোনটি Common Noun?
ক. Truth খ. Bank
গ. Victory ঘ. Length
উত্তর✓ খ ব্যাখ্যা: Common Noun বা জাতিবাচক বিশেষ্য দ্বারা একই জাতীয় ব্যক্তি/বস্তুকে বোঝায়। (খ) Bank দ্বারা এক জাতীয় বস্তুকে বোঝায়।

২০. 'Who is calling me?' বাক্যটির Passive form হবে–
ক. By whom am I called?
খ. By whom I am called?
গ. By whom I was called?
ঘ. By whom am I being called?
উত্তর✓ ঘ ব্যাখ্যা: who যুক্ত Active voice থেকে passive voice করার নিয়ম (প্রদত্ত বাক্যে): Structure: By whom + be verb (person ও tense অনুযায়ী) + object টির subjective form + being + v3।

২১. 'Never tell a lie.' বাক্যটির Passive form হবে–
ক. Let not a lie ever be told
খ. Let a lie never be told
গ. Let a lie not ever be told
ঘ. Let never be told a lie
উত্তর✓ ক ব্যাখ্যা: Never যুক্ত Imperative sentence এর ক্ষেত্রে passive voice করার নিয়ম হল: structure: Let not + Object + টি subject + ever be +v3।

২২. The man said, "Good morning my friends" বাক্যটির indirect speech হবে–
ক. The man bade his friends good morning
খ. The man wished his friends good morning
গ. The man had told his friends good morning
ঘ. The man wishes his friends good morning
উত্তর✓ খ ব্যাখ্যা: Direct speech এ Good morning/Good evening থাকলে–Reporting speech এর subject + wished + good morning/ good evening।

২৩. He said to her, 'What do you want?' বাক্যটির indirect speech হবে–
ক. He told her what did she want
খ. He told her what she wanted
গ. He asked her what does she want
ঘ. He asked her what did she wanted
উত্তর✓ খ ব্যাখ্যা: Reported speech যদি WH question (What, when, which, how, why, who, whom, whoever, whosever, why ever, wherever) ইত্যাদি দ্বারা শুরু হয় তাহলে indirevt speech এ সেগুলো অপরিবর্তিত থাকে। এ ক্ষেত্রে নিয়মটি হল Reporting speech এর subject + said to/ told + object + WH word + Reported এর subject + verb + বাকী অংশ। Note: verb টি narration নিয়মানুযায়ী পরিবর্তন হবে।

২৪. I shall do it — pleasure. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. in খ. at
গ. with ঘ. to
উত্তর✓ গ ব্যাখ্যা: I shall do it with pleasure → আমি আনন্দের সাথে কাজটি করব। with pleasure → আনন্দের সাথে।

২৫. He broke the jug – a hundred pieces. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. to খ. in
গ. into ঘ. with
উত্তর✓ গ ব্যাখ্যা: Break into→ ভেঙ্গে টুকরো টুকরো করা।

২৬. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. He gave me a piece of advice
খ. I went to my house
গ. He applied for freeship
ঘ. The meat is hard
উত্তর✓ ক ব্যাখ্যা: option (ক) এর বাক্যটি শুদ্ধ। advice শব্দটি uncountable বিধায় এর সাথে 'a piece of' ব্যবহার করে Countable করা হয়েছে। বাকি option গুলো grammatical সমস্যা রয়েছে।

২৭. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. He came this morning খ. Asad is sick
গ. Anis told me a liar ঘ. Put your sign here
উত্তর✓ ক ব্যাখ্যা: Option (ক) এর বাক্যটি শুদ্ধ। Option (খ তে sick এর স্থানে ill হবে কারণBritish Grammar এ অসুস্থতা বুঝাতে ill ব্যবহার করা হয়। option (গ) তে 'told' এর স্থানে call হবে। Option (ঘ) sign এর পরিবর্তে signature হবে।

২৮. কোনটি 'Sacred' শব্দের সমার্থক শব্দ?
ক. Secular খ. Divine
গ. Evil ঘ. Profane
উত্তর✓ খ ব্যাখ্যা: 'sacred' শব্দের অর্থ হল পবিত্র/ স্বর্গীয়। option (ক) Secular→ধর্মনিরপেক্ষ। option (খ) Divine→ স্বর্গীয়। Option (গ)→Evil→মন্দ/খারাপ। option (ঘ) Profance →অপবিত্র।

২৯. কোনটি 'Gigantic' শব্দের সমার্থক শব্দ?

ক. Small　　খ. Little
গ. Large　　ঘ. Minute

উত্তর✓ গ 'Gigantic' শব্দটির অর্থ হল বিশাল/বৃহৎ। Option (ক) small→ ছোট। Option (খ) Little→ ক্ষুদ্র বা ছোট। Option (গ) Large→ বড়/বৃহৎ। Option (ঘ) → Minute → ক্ষুদ্র/অল্প।

৩০. 'White elephant' এর অর্থ–

ক. A very cheap thing　　খ. Very costly possession
গ. Dead elephant　　ঘ. White coloured elephant

উত্তর✓ খ 'white elephant' একটি idiom. যার অর্থ হলো খুব দামি কিন্তু অপ্রয়োজনীয় জিনিস (very costly but trouble some possession)।

৩১. $z+\frac{1}{z}=4$ হলে $z^3+\frac{1}{z^3}$ এর মান হবে–

ক. 42　　খ. 48
গ. 52　　ঘ. 76

উত্তর✓ গ

$$z^3+\frac{1}{z^3}=\left(z+\frac{1}{z}\right)^3-3.z.\frac{1}{z}\left(z+\frac{1}{z}\right)$$
$$=4^3-3.4$$
$$=64-12=52$$

৩২. x^2-y^2-2y-1 এর একটি উৎপাদক–

ক. $x-y-1$　　খ. $x+y-1$
গ. $x-y+1$　　ঘ. $x+2y+1$

উত্তর✓ ক

$$x^2-y^2-2y-1=x^2-(y^2+2y+1)$$
$$=x^2-(y+1)^2$$
$$=(x-y-1)(x+y+1)$$

৩৩. ৬ জন শ্রমিক ৫ দিনে ১,৮০০ টাকা আয় করে। ১০ জন শ্রমিক কতদিনে সমপরিমাণ টাকা আয় করবে?

ক. ৩ দিনে　　খ. ৪ দিনে
গ. ৫ দিনে　　ঘ. ৬ দিনে

উত্তর✓ ক

৬ জনে আয় করে ৫ দিনে
১ " " " (৬ × ৫) দিনে
১০ " " " $\frac{৫\times৬}{১০}=৩$ দিন

৩৪. লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় ১৫ কিমি ও ৫ কিমি। নদী পথে ৪০ কিমি দূরত্ব অতিক্রম করে পুনরায় যথাস্থানে ফিরে আসতে সময় লাগবে–

ক. ৫ ঘণ্টা　　খ. ৬ ঘণ্টা
গ. ৭ ঘণ্টা　　ঘ. ৮ ঘণ্টা

উত্তর✓ খ

$$\text{স্রোতের অনুকূলে সময়} = \frac{\text{মোট দূরত্ব}}{\text{দুই বেগের যোগফল}}$$
$$=\frac{৪০}{১৫+৫}=\frac{৪০}{২০}=২\text{ ঘণ্টা}$$

$$\text{স্রোতের প্রতিকূলে সময়} = \frac{\text{মোট দূরত্ব}}{\text{দুই বেগের বিয়োগফল}}$$
$$=\frac{৪০}{১৫-৫}=\frac{৪০}{১০}=৪\text{ ঘণ্টা}$$

মোট সময় লাগে = ৪ + ২ = ৬ ঘণ্টা

৩৫. একজন লোক সপ্তাহে ৪,৫০০ টাকা আয় করেন এবং ৩,০০০ টাকা ব্যয় করেন। তার আয়ের সাথে সঞ্চয়ের অনুপাত হবে–

ক. ৩ ঃ ২　　খ. ৩ ঃ ১
গ. ২ ঃ ১　　ঘ. ৫ ঃ ২

উত্তর✓ খ সঞ্চয় = আয় − ব্যয়
= ৪৫০০ − ৩০০০
= ১৫০০ টাকা

আয়: সঞ্চয় = ৪৫০০ : ১৫০০ = ৩ : ১

৩৬. ৩২ লিটার অকটেন–পেট্রোল মিশ্রণে, পেট্রোল ও অকটেনের অনুপাত ৫ ঃ ৩। এতে আর কত অকটেন মিশালে পেট্রোল ও অকটেনের অনুপাত ৪ ঃ ৫ হবে?

ক. ১০ লিটার　　খ. ১২ লিটার
গ. ১৩ লিটার　　ঘ. ১৫ লিটার

উত্তর✓ গ অনুপাতদ্বয়ের যোগফল (৫ + ৩) = ৮

পেট্রোলের পরিমাণ $\left(৩২\text{ এর }\frac{৫}{৮}\right)$ = ২০ লিটার

অকটেনের পরিমাণ $\left(৩২\text{ এর }\frac{৩}{৮}\right)$ = ১২ লিটার

ধরি, x লিটার অকটেন মিশাতে হবে

প্রশ্নমতে, $\frac{২০}{x+১২}=\frac{৪}{৫}$

$\Rightarrow ৪x+৪৮=১০০$

$\Rightarrow ৪x=৫২$

$\therefore x=১৩$ লিটার।

৩৭. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক. $\frac{৩}{৪}$　　খ. $\frac{৫}{৬}$
গ. $\frac{৭}{৯}$　　ঘ. $\frac{৮}{১১}$

উত্তর✓ খ

$\frac{৩}{৪}=০.৭৫$, $\frac{৫}{৬}=০.৮৬$, $\frac{৭}{৯}=০.৭৮$, $\frac{৮}{১১}=০.৭৩$।

৩৮. $\frac{০.১\times০.০২\times০.০০২}{০.০১\times০.০৪}$-এর মান কত?

ক. ০.০১　　খ. ০.১
গ. ০.০৪　　ঘ. ০.০০৪

উত্তর✓ ক

$$\frac{০.১\times০.০২\times০.০০২}{০.০১\times০.০৪}=\frac{১\times২\times২}{১০\times১\times৪\times১০}=০.০১$$

৩৯. একটি গ্রামের লোকসংখ্যা ১০% হারে বর্ধিত হয়ে ১৬৫০ হলে পূর্বের লোকসংখ্যা কত ছিল?

ক. ১৪০০　　খ. ১৫০০
গ. ১৫৪০　　ঘ. ১৫৮০

উত্তর✓ খ

১০% বৃদ্ধিতে লোকসংখ্যা (১০০ +১০) = ১১০ জন
বর্তমানে ১১০ জন হলে পূর্বে ছিলো ১০০ জন
" ১ " " " $\frac{১০০}{১১০}$ জন
" ১৬৫০ " " $\frac{১০০\times১৬৫০}{১১০}=১৫০০$ জন।

৪০. ১৩ সেমি ব্যাসার্ধবিশিষ্ট কোনো বৃত্তের কেন্দ্র হতে ২৪ সেমি দীর্ঘ জ্যা-এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য হবে–


ক. ৫ সেমি
খ. ৬ সেমি
গ. ৭ সেমি
ঘ. ৮ সেমি

উত্তর✓ ক

OA = ব্যাসার্ধ = ১৩ সে.মি.

$AB = \frac{AD}{2} = \frac{২৪}{২} = ১২$ সে.মি.

OB = ?



∴ পীথাগোরাসের সূত্র হতে, $OA^2 = AB^2 + OB^2$

$\Rightarrow (১৩)^2 = (১২)^2 + (OB)^2$

$\Rightarrow OB^2 = ১৬৯ - ১৪৪$

$\Rightarrow OB^2 = ২৫$

$\Rightarrow OB = \sqrt{২৫} = ৫$

৪১. একটি সুষম ষড়ভুজের একটি অন্তঃকোণের পরিমাণ হবে–

ক. ৯০°
খ. ১০৫°
গ. ১২০°
ঘ. ১৪৫°

উত্তর✓ গ

অন্তঃ কোণের পরিমাণ $= \frac{n-২}{n} \times ১৮০°$

$= \frac{৬-২}{৬} \times ১৮০°$

$= \frac{৪}{৬} \times ১৮০°$

$= ১২০°$

৪২. একজন দোকানদার ১২% লাভে একটি জিনিস ৫৬ টাকায় বিক্রি করেন। জিনিসটির ক্রয়মূল্য কত?

ক. ৪৬ টাকা
খ. ৪৮ টাকা
গ. ৫০ টাকা
ঘ. ৫২ টাকা

উত্তর✓ গ

ক্রয়মূল্য $= \frac{১০০ \times \text{বিক্রয়মূল্য}}{১০০ + \text{লাভ}}$

$= \frac{১০০ \times ৬৫}{১০০ + ১২}$

$= \frac{১০০ \times ৬৫}{১১২} = ৫০$ টাকা

৪৩. কোনো পরীক্ষায় ২০% পরীক্ষার্থী ইংরেজিতে, ১৮% পরীক্ষার্থী গণিতে এবং ১১% পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করেছে। শতকরা কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে পাশ করেছে?

ক. ৭০ জন
খ. ৭৩ জন
গ. ৭৫ জন
ঘ. ৭৬ জন

উত্তর✓ খ

শুধু ইংরেজিতে ফেল করে = (২০ – ১১)% = ৯ %

শুধু গণিতে " " = (১৮ – ১১)% = ৭ %

ইংরেজি বা গণিতে বা উভয় বিষয়ে ফেল করে

= (৯ + ৭ + ১১)% = ২৭ %

উভয় বিষয়ে পাস করে = (১০০ – ২৭) = ৭৩ %

৪৪. ১ হতে ৬৫ পর্যন্ত ক্রমিক সংখ্যাগুলোর গড় কত?

ক. ৩৩
খ. ৩৪
গ. ৩৬
ঘ. ৩০

উত্তর✓ ক

সমষ্টি $= \frac{n(n+১)}{২} = \frac{৬৫(৬৫+১)}{২} = \frac{৬৫ \times ৬৬}{২} = ৬৫ \times ৩৩$

∴ গড় $= \frac{৬৫ \times ৩৩}{৬৫} = ৩৩$

৪৫. একজন মাঝি স্রোতের অনুকূলে ২ ঘণ্টায় ৬ মাইল যায় এবং ৫ ঘণ্টায় যাত্রাস্থানে ফিরে আসবে। তার মোট ভ্রমণে প্রতি ঘণ্টায় গড় বেগ কত?

ক. $১\frac{৫}{৮}$
খ. $১\frac{৫}{৭}$
গ. $১\frac{৫}{৬}$
ঘ. $১\frac{৪}{৫}$

উত্তর✓ খ মোট সময় = ২ + ৫ = ৭ ঘণ্টা

মোট দূরত্ব = ৬ + ৬ = ১২ মাইল

∴ গড় বেগ $= \frac{১২}{৭} = ১\frac{৫}{৭}$ মাইল/ ঘণ্টা।

৪৬. একটি পেন্ডুলাম ঘড়ি বিষুবরেখা থেকে মেরুতে নিলে ঘড়িটি–

ক. স্লো হবে
খ. ফাস্ট হবে
গ. ঠিক সময় দেবে
ঘ. কোনো রকম প্রভাবিত হবে না

উত্তর✓ খ বিষুবরেখা থেকে মেরুতে অভিকর্ষজ ত্বরণের মান বেশি। তাই ঘড়ির দোলনকাল কমবে এবং তা দ্রুত চলবে।

৪৭. মাধ্যাকর্ষণজনিত ত্বরণ সর্বোচ্চ কোথায়?

ক. ভূপৃষ্ঠে
খ. ভূপৃষ্ঠ থেকে ১০০০ মিটার উপরে
গ. ভূকেন্দ্রে
ঘ. ভূপৃষ্ঠ থেকে ১০০০ মিটার নিচে

উত্তর✓ ক যে বলে পৃথিবী অন্য কোনো বস্তুকে আকর্ষণ করে তাকে মাধ্যাকর্ষণ বলে। মাধ্যাকর্ষণজনিত ত্বরণ সর্বোচ্চ ভূ-পৃষ্ঠে।

৪৮. বায়ুমণ্ডলের কোন উপাদান অতিবেগুনি রশ্মিকে শোষণ করে?

ক. অক্সিজেন
খ. নাইট্রোজেন
গ. ওজোন
ঘ. হিলিয়াম

উত্তর✓ গ স্ট্রাটোস্ফিয়ারের উপরে অবস্থিত ওজনস্তর অতিবেগুনি রশ্মিকে শোষণ করে।

৪৯. নিচের কোন যৌগটি ভিটামিন সি?

ক. সাইট্রিক এসিড
খ. অ্যাসকরবিক এসিড
গ. অ্যাসিটিক এসিড
ঘ. অক্সালিক এসিড

উত্তর খ

৫০. ১৯৭১ সালের মুক্তিযুদ্ধকালে জাতিসংঘের মহাসচিব কে ছিলেন?

ক. কফি আনান
খ. উ থান্ট
গ. দ্যাগ হ্যামারশোল্ড
ঘ. ভুট্রোস ঘালি

উত্তর✓ খ জাতিসংঘ সচিবালয়ের প্রধান মহাসচিব বা সেক্রেটারি জেনারেল। জাতিসংঘের তৃতীয় মহাসচিব উ থান্ট। তিনি মিয়ানমারের নাগরিক। উ থান্ট ১৯৬১ সালের ৩০ নভেম্বর থেকে ১৯৭১ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত জাতিসংঘ মহাসচিবের দায়িত্ব পালন করেন। তিনি এশিয়া মহাদেশ থেকে নির্বাচিত জাতিসংঘের প্রথম মহাসচিব।

৫১. 'এডেন' সমুদ্রবন্দরটি কোথায় অবস্থিত?

ক. ইয়েমেন
খ. জর্ডান
গ. কাতার
ঘ. সংযুক্ত আরব আমিরাত

উত্তর✓ ক এডেন উপসাগরের তীরে অবস্থিত এডেন সমুদ্রবন্দরটি ইয়েমেনে অবস্থিত। জর্ডানের সমুদ্রবন্দর আকাবা।

৫২. প্রাণী কোন প্রক্রিয়ায় কার্বন ডাইঅক্সাইড তৈরি করে?
ক. ব্যাপন খ. রেচন
গ. শ্বসন ঘ. অভিস্রবণ
উত্তর✓ গ যে প্রক্রিয়ায় সজীব কোষে জৈব খাদ্য উৎসেচকের উপস্থিতিতে অক্সিজেনের সাহায্যে জারণের মাধ্যমে ভেঙে শক্তি নির্গত হয় এবং উপজাত দ্রব্য হিসেবে Co_2 ও পানি তৈরি হয় তাকে শ্বসন বলে।

৫৩. কোনটি পৃথিবীর বিশাল প্রাকৃতিক শোধনাগার?
ক. বায়ু খ. মাটি
গ. পানি ঘ. গাছপালা
উত্তর✓ খ মাটি হলো নানারকম জৈব ও অজৈব রাসায়নিক পদার্থের মিশ্রণ। মাটি হলো পৃথিবীর বিশাল আকৃতির শোধনাগার।

৫৪. বায়ুমণ্ডলে কার্বন ডাইঅক্সাইড বৃদ্ধির প্রধান কারণ কি?
ক. গাছপালা কমে যাওয়া খ. ভূপৃষ্ঠের কার্বনেট শিলার ভাঙন
গ. যানবাহনের সংখ্যা বৃদ্ধি ঘ. ব্যাপক হারে জনসংখ্যা বৃদ্ধি
উত্তর✓ ক বায়ুমণ্ডলে CO_2 এর ভারসাম্য গাছপালা গ্রহণের মাধ্যমে রক্ষা করে। গাছপালা CO_2 গ্রহণ করে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় খাদ্য তৈরি করে। গাছপালা কমে যাওয়াতে CO_2 এর পরিমাণ প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে।

৫৫. কোন রোগের নির্দিষ্ট লক্ষণ নেই?
ক. এইডস খ. গনোরিয়া
গ. গলগণ্ড রোগ ঘ. গোদ রোগ
উত্তর✓ খ যৌন মিলনের সময় সংক্রমণের ফলে গনোরিয়া হয়। এই রোগের নির্দিষ্ট কোন লক্ষণ নেই।

৫৬. – এর অভাবে ঠোঁটে ও জিহ্বায় ঘা হয়।
ক. ভিটামিন 'এ' খ. ভিটামিন 'বি'
গ. ভিটামিন 'সি' ঘ. ভিটামিন 'ডি'
উত্তর✓ খ ভিটামিন 'বি' এর অভাবে মুখে, ঠোঁটে ঘাঁ হয়।

৫৭. 'শিমের বিচি' কোন ধরনের খাদ্য?
ক. আমিষ খ. শ্বেতসার
গ. স্নেহ জাতীয় ঘ. ভিটামিন
উত্তর✓ ক উদ্ভিদ আমিষ এর উৎস- শিমের বীচি, মসুর ডাল।

৫৮. কোনটির অভাবে গলগণ্ড হয়?
ক. ভিটামিন 'এ' খ. ক্যালসিয়াম
গ. সোডিয়াম ঘ. আয়োডিন উত্তর ঘ

৫৯. পৃথিবীতে একবার প্রদক্ষিণ করতে চাঁদ-এর সময় লাগে-
ক. ২৭ দিন ৮ ঘণ্টা খ. ২৭ দিন ১৭ ঘণ্টা
গ. ২৮ দিন ২ ঘণ্টা ঘ. ২৮ দিন ৫ ঘণ্টা
উত্তর✓ ক চাঁদ পৃথিবীর একমাত্র উপগ্রহ। পৃথিবীকে একবার প্রদক্ষিণ করতে চাঁদ এর সময় লাগে ২৭ দিন ৮ ঘণ্টা।

৬০. 'বিশ্ব পরিবেশ দিবস' কবে পালন করা হয়?
ক. ৫ এপ্রিল খ. ৫ মে
গ. ৫ জুন ঘ. ৫ জুলাই
উত্তর✓ গ জাতিসংঘের পরিবেশ বিষয়ক প্রথম সম্মেলন 'জাতিসংঘ মানব পরিবেশ সম্মেলন' অনুষ্ঠিত হয় ৫-১৬ জুন ১৯৭২ সালে সুইডেনের স্টকহোমে। সম্মেলন শুরুর দিনটিকে স্মরণীয় করে রাখতে ৫ জুন 'বিশ্ব পরিবেশ দিবস' হিসেবে পালন করা হয়।

৬১. বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য?
ক. ১৩৬ খ. ১৩৭
গ. ১৩৮ ঘ. ১৩৯
উত্তর✓ ক বাংলাদেশ জাতিসংঘ সাধারণ পরিষদের ২৯তম অধিবেশনে ১৭ সেপ্টেম্বর ১৯৭৪ সালে জাতিসংঘের সদস্যপদ লাভ করে। বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম সদস্য।

৬২. কোন ধাতু সবচেয়ে তাড়াতাড়ি ক্ষয়প্রাপ্ত হয়?
ক. দস্তা
খ. অ্যালুমিনিয়াম
গ. তামা
ঘ. পরস্পরের সংস্পর্শে থাকা তামা ও অ্যালুমিনিয়াম
উত্তর✓ ক দস্তা নীলাভ সাদা বর্ণের ধাতু। এ ধাতু সবচেয়ে তাড়াতাড়ি ক্ষয়প্রাপ্ত হয়।

৬৩. পচা ডিমের গন্ধের জন্য দায়ী–
ক. ইথেন খ. হাইড্রোজেন সালফাইড
গ. মিথেন ঘ. হিলিয়াম
উত্তর✓ খ পঁচা ডিমের গন্ধের জন্য দায়ী হাইড্রোজেন সালফাইড।

৬৪. ১০২৪ বাইট = কত?
ক. ১ মেগাবাইট খ. ১ গিগাবাইট
গ. ১ কিলোবাইট ঘ. ১ টেরাবাইট
উত্তর✓ গ ১ বাইট = ৮ বিট
১ কিলোবাইট = ১০২৪ বাইট
১ মেগাবাইট = ১০২৪ কিলোবাইট
১ গিগাবাইট = ১০২৪ মেগাবাইট
১ টেরাবাইট = ১০২৪ গিগাবাইট

৬৫. কোন হরমোনের অভাবে ডায়াবেটিস রোগ হয়?
ক. থাইরোসিন খ. গ্লুকাগন
গ. ইনসুলিন ঘ. এড্রিনালিন
উত্তর✓ গ ইনসুলিন হরমোনের অভাবে ডায়াবেটিস রোগ হয়। ডায়েট, ডিসিপ্লিন ও ড্রাগ এই থ্রি ডি পালন করতে হয় ডায়াবেটিস রোগে।

৬৬. পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য কোনো দেশের মোট আয়তনের শতকরা কত ভাগ বনভূমি থাকা আবশ্যক?
ক. ৯ ভাগ খ. ১৬ ভাগ
গ. ১৯.৮ ভাগ ঘ. ২৫ ভাগ
উত্তর✓ ঘ দেশের মোট আয়তনের ২৫ ভাগ বনভূমি থাকলে পরিবেশের ভারসাম্য রক্ষা হয়।

৬৭. কোন প্রকার মাটির পানি ধারণক্ষমতা সবচেয়ে বেশি?
ক. বেলে মাটি খ. এটেল মাটি
গ. দো-আঁশ মাটি ঘ. কোনোটিই নয়
উত্তর✓ খ এঁটেল বা কাদা মাটির প্রধান বৈশিষ্ট্য হলো এরা প্রচুর পানি ধারণ করতে পারে। এই মাটিতে মাটির কণাগুলো খুব সূক্ষ্ম হয়।

৬৮. একটি জ্বলন্ত মোমবাতিকে কাচের গ্লাস দ্বারা ঢাকি নিভে যায়, কারণ–

ক. কাচ আলোকে জ্বলতে বাধা দেয়
খ. পাত্রের ভিতর বায়ুশূন্য হয়ে যায়
গ. গ্লাসের ভিতর হাইড্রোজেন সরবরাহ বন্ধ হয়ে যায়
ঘ. গ্লাসের ভিতর অক্সিজেন সরবরাহ বন্ধ হয়ে যায়

উত্তর✓ ঘ ব্যাখ্যা: অক্সিজেন আগুন জ্বলতে সাহায্য করে। একটি জ্বলন্ত মোমবাতিকে কাচের গ্লাস দ্বারা ঢাকলে মোমবাতি নিভে যায়, কারণ গ্লাসের ভিতর অক্সিজেন সরবরাহ বন্ধ হয়ে যায়।

৬৯. আদমসুরত বলা হয়–

ক. কালপুরুষকে খ. সপ্তর্ষিমণ্ডলকে
গ. ক্যাসিওপিয়াকে ঘ. সুরনদীকে

উত্তর✓ ক

৭০. পৃথিবীপৃষ্ঠ থেকে ভিতরে গেলে মাধ্যাকর্ষণ শক্তি–

ক. কমে যাবে খ. বেড়ে যাবে
গ. অপরিবর্তিত থাকবে ঘ. কোনোটিই ঠিক নয়

উত্তর✓ ক

৭১. কুয়েত কোন সাগরের তীরে অবস্থিত?

ক. বঙ্গোপসাগর খ. ভারত মহাসাগর
গ. পারস্য উপসাগর ঘ. আরব সাগর

উত্তর✓ গ ব্যাখ্যা: পারস্য উপসাগর দক্ষিণ-পশ্চিম এশিয়ায় অবস্থিত। এটি ওমান উপসাগরের একটি বর্ধিত অংশ। পারস্য উপসাগরের তীরবর্তী দেশগুলো হচ্ছে কুয়েত, কাতার, বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব, ওমান ও ইরান।

৭২. কোনো স্থানে সময় যখন রবিবার সকাল ৬টা তখন এর ১৮০° পশ্চিম দিকে অবস্থিত স্থানের সময় হবে–

ক. শনিবার রাত ১২টা
খ. শনিবার সন্ধ্যা ৬টা
গ. রবিবার দুপুর ২টা
ঘ. রবিবার সন্ধ্যা ৬টা

উত্তর✓ খ

৭৩. আজকের কোন দেশটি প্রাচীনকালে পারস্য নামে পরিচিত ছিল?

ক. ইরাক খ. ইরান
গ. মিশর ঘ. লিবিয়া

উত্তর✓ খ ব্যাখ্যা: পারস্য সভ্যতা খ্রিস্টপূর্ব ৬০০ অব্দে গড়ে উঠেছিল। পারস্য সভ্যতার অপর নাম একমেনিড সভ্যতা। পারস্যের ইতিহাসে সবচেয়ে সফল শাসক ছিলেন দরিয়ুস। সভ্যতায় পারস্যদের অবদান ধর্ম সংস্কার। আজকের ইরান প্রাচীনকালে পারস্য নামে পরিচিত ছিল। ইরান দক্ষিন এশিয়ার একটি দেশ। ইরানের রাজধানী তেহরান, ভাষা ফার্সি, মুদ্রা রিয়াল।

৭৪. ইবনে বতুতা কোন শতকে বাংলাদেশে আসেন?

ক. চতুর্দশ খ. সপ্তদশ
গ. অষ্টাদশ ঘ. ত্রয়োদশ

উত্তর✓ ক ব্যাখ্যা: ইবনে বতুতা ভারতীয় উপমহাদেশে আসেন ১৩৩৩ সালে মুহম্মদ বিন তুঘলকের শাসনামলে। তিনি বাংলার সোনারগাঁও আসেন ১৩৪৬ সালে ফখরুদ্দিন মুবারক শাহর রাজত্বকালে। তিনি বাংলাকে 'নিয়ামতপূর্ণ দোযখ' বলে অভিহিত করেন।

৭৫. পূর্ব পাকিস্তানে গণঅভ্যুত্থান কত সালে হয়?

ক. ১৯৪৮ সালে খ. ১৯৫২ সালে
গ. ১৯৬৯ সালে ঘ. ১৯৭১ সালে

উত্তর✓ গ ব্যাখ্যা: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে প্রধান আসামী করে আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয় ১৮ জানুয়ারি ১৯৬৮ সালে। এর প্রেক্ষিতে ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান সংগঠিত হয়। এই গণঅভ্যুত্থানের ফলে ২২ ফেব্রুয়ারি ১৯৬৯ সালে আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার করা হয় এবং ২৫ মার্চ ১৯৬৯ সালে ফিল্ড মার্শাল আইয়ুব খান পদত্যাগ করেন।

৭৬. ভারতবর্ষে 'ঘোড়ার ডাক'-এর প্রচলন করেন–

ক. আকবর খ. শেরশাহ
গ. মুহম্মদ বিন তোঘলক ঘ. আওরঙ্গজেব

উত্তর✓ খ ব্যাখ্যা: দিল্লির প্রথম সুলতান কুতুবউদ্দিন আইবেক উপমহাদেশে সর্বপ্রথম আংশিকভাবে ঘোড়ার ডাক প্রচলন করেন। শেরশাহ ডাক ব্যবস্থার সার্বিক সংস্কার সাধন করেন। তিনি ভারতবর্ষে 'ঘোড়ার ডাক' সম্পূর্ণরূপে প্রচলন করেন।

৭৭. পূর্ব বাংলা প্রাদেশিক নির্বাচন কত সালে অনুষ্ঠিত হয়?

ক. ১৯৫২ সালে খ. ১৯৫৪ সালে
গ. ১৯৫৬ সালে ঘ. ১৯৫৭ সালে

উত্তর✓ খ ব্যাখ্যা: পূর্ব বাংলা প্রাদেশিক নির্বাচন অনুষ্ঠিত হয় ৮-১২ মার্চ ১৯৫৪ সালে। এই নির্বাচনে আসন সংখ্যা ছিলো ৩০৯ টি। মুসলিম আসন ২৩৭টি এবং অমুসলিমদের জন্য সংরক্ষিত ৭২টি। এই নির্বাচনে ২৩৭টি আসনের মধ্যে যুক্তফ্রন্ট ২২৩ টি আসন লাভ করে এবং মুসলিম লীগ পায় ৯টি আসন। যুক্তফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী হন এ কে ফজলুল হক।

৭৮. প্রথম 'সাফ' গেমস অনুষ্ঠিত হয় কত সালে?

ক. ১৯৮২ সালে খ. ১৯৮৩ সালে
গ. ১৯৮৪ সালে ঘ. ১৯৮৫ সালে

উত্তর✓ গ ব্যাখ্যা: সাফ গেমসের বর্তমান নাম সাউথ এশিয়ান গেমস বা এসএ গেমস। প্রথম সাউথ এশিয়ান গেমস অনুষ্ঠিত হয় ১৯৮৪ সালে নেপালের রাজধানী কাঠমান্ডুতে। এই গেমসের মাসকট ছিল ভালুকের বাচ্চা। বাংলাদেশ ২টি স্বর্ণ, ৮টি রৌপ্য ও ১৩টি ব্রোঞ্জ সহ মোট ২৩টি পদক নিয়ে প্রথম আসরে পঞ্চম স্থান অধিকার করে।

৭৯. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়-

ক. ১৮২১ সালে খ. ১৮৭০ সালে
গ. ১৯১০ সালে ঘ. ১৯২১ সালে

উত্তর✓ ঘ ব্যাখ্যা: ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১ জুলাই ১৯২১ সালে। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন ব্রিটিশ ভাইসরয় লর্ড কার্জন। ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস ১ জুলাই পালন করা হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের ছাত্র ছিলেন।

৮০. কর্ণফুলী কাগজকলে কাঁচামাল হিসেবে ব্যবহার করা হয়-

ক. বাঁশ খ. আখের ছোবড়া
গ. পাটকাঠি ঘ. ধানের খড়

উত্তর✓ ক ব্যাখ্যা: কর্ণফুলী কাগজ কল রাঙামাটির চন্দ্রঘোনায় অবস্থিত। কাগজ কলটি প্রতিষ্ঠিত হয় ১৯৫৩ সালে। কর্ণফুলী কাগজকলে কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয় বাঁশ। এটি বাংলাদেশের প্রথম কাগজ কল এবং BCIC নিয়ন্ত্রণাধীন একমাত্র কাগজ কল।



৩৪

রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১১

সেট : ১
তারিখ : ০৯.১২.২০১১

[কোড : হাসনাহেনা]

সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল
মুন্সিগঞ্জ, গাজীপুর, টাঙ্গাইল, ঢাকা, নরসিংদী, মানিকগঞ্জ, ময়মনসিংহ, গোপালগঞ্জ, শরীয়তপুর, চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, লক্ষ্মীপুর।

[দ্রষ্টব্য: সকল প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. নাচে পাপ-সিন্ধুতে তুঙ্গ তরঙ্গ!
মৃত্যুর মহানিশা রুদ্র উলঙ্গ!
নিঃশেষে নিশাচর গ্রাসে মহাবিশ্বে
ত্রাসে কাঁপে তরণীর পাপী যত নিঃস্বে।
পঙ্‌ক্তিটি কোন কবির রচনা?

ক. রবীন্দ্রনাথ ঠাকুর
খ. কাজী নজরুল ইসলাম
গ. শামসুর রাহমান
ঘ. ফররুখ আহমদ

উত্তর✓ খ [illegible] কাজী নজরুল ইসলামের কতিপয় গুরুত্বপূর্ণ পঙ্‌ক্তি :

অসহায় জাতি ডুবিছে মরিয়া, জানে না সন্তরণ কাণ্ডারী! আজ দেখিব তোমার মাতৃমুক্তিপণ হিন্দু না ওরা মুসলিম? ওই জিজ্ঞাসে কোন জন? কাণ্ডারী! বল ডুবিছে মানুষ, সন্তান মোর মার। —কাণ্ডারী হুঁশিয়ার!
আমি উন্মাদ, আমি উন্মাদ!! আমি চিনেছি আমারে, আজিকে আমার খুলিয়া গিয়াছে সব বাঁধ!! আমি পরশুরামের কঠোর কুঠার নিঃক্ষত্রিয়া করিব বিশ্ব, আনিব শান্তি শান্ত উদার। —বিদ্রোহী

০২. 'ক্রীতদাসের হাসি' শওকত ওসমান রচিত একটি-

ক. নাটক
খ. উপন্যাস
গ. প্রবন্ধ
ঘ. ছোটগল্প

উত্তর✓ খ [illegible] শওকত ওসমানের (১৯১৭-৯৮) অন্যান্য উপন্যাস : সমাগম (১৯৬৭), চৌরসন্ধি (১৯৬৮), রাজা উপাখ্যান (১৯৭০) জাহান্নম হইতে বিদায় (১৯৭১), দুই সৈনিক (১৯৭৩), নেকড়ে অরণ্য (১৯৭৩), জলাংগী (১৯৮৬) প্রভৃতি।

০৩. 'পায়ের আওয়াজ পাওয়া যায়' নাটকটির নাট্যকার-

ক. সৈয়দ শামসুল হক
খ. জহির রায়হান
গ. আবদুল্লাহ আল মামুন
ঘ. জিয়া হায়দার

উত্তর✓ ক [illegible] সৈয়দ শামসুল হকের (১৯৩৫-২০১৬) অন্যান্য কাব্যনাট্য : পায়ের আওয়াজ পাওয়া যায় (১৯৭৬), নূরলদীনের সারা জীবন (১৯৮২), এখানে এখন (১৯৮৮)।

০৪. কোনটি শুদ্ধ বানান?

ক. সঙ্কীর্নমনা
খ. সংকির্ণমনা
গ. সংকীর্নমনা
ঘ. সংকীর্ণমনা

উত্তর✓ ঘ [illegible] কতিপয় শুদ্ধ বানান : সতিন, সদ্যস্নাত, সদ্যোজাত, সমীচীন, স্বচ্ছন্দ, স্বাচ্ছন্দ্য, স্বাজাত্যবোধ, সন্তরণ, স্বাক্ষর (সই), স্বাক্ষর (নিরক্ষর নয়)।

০৫. কোন বানানটি শুদ্ধ?

ক. রৌদ্রকরজ্জল
খ. রৌদ্ধকরোজ্জল
গ. রৌদ্রকরজ্জ্বল
ঘ. রৌদ্রকরোজ্জ্বল

উত্তর✓ ঘ [illegible] কতিপয় শুদ্ধ বানান : ভর্ৎসনা, মন্ত্রিত্ব, মনীষী, মনঃক্ষুণ্ন, মাহাত্ম্য, মনুষ্যত্ব, রেজিস্ট্রার, স্টেডিয়াম, সরস্বতী, সস্ত্রীক, সংবর্ধনা, স্বাচ্ছন্দ্য, সুষ্ঠু, সূচিপত্র, সমীপবর্তিনী, সার্থক।

০৬. আলোয় আঁধার কাটে। নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি?

ক. কর্তায় ৭মী
খ. কর্মে ৭মী
গ. করণে ৭মী
ঘ. অপাদানে ৭মী

উত্তর✓ গ [illegible] ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়কেই করণ কারক বলা হয়। ক্রিয়া পদকে কীসের দ্বারা বা কী উপায় দ্বারা প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তাই করণ কারক। এখানে, আলো দ্বারা অন্ধকার কেটে যায়।

০৭. ছেলেরা ক্রিকেট খেলে। নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি?

ক. কর্মে শূন্য
খ. করণে শূন্য
গ. অপাদানে শূন্য
ঘ. অধিকরণে শূন্য

উত্তর✓ ক [illegible] যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্মকারক বলে। যেমন : আমাকে একখানা বই দাও।

০৮. 'অবোধ' কোন সমাস (নাই বোধ যার)?

ক. অব্যয়ীভাব
খ. তৎপুরুষ
গ. কর্মধারয়
ঘ. বহুব্রীহি

উত্তর✓ ঘ [illegible] বিশেষ্য পূর্বপদের আগে নঞ্ (না অর্থবোধক) অব্যয় যোগ করে বহুব্রীহি সমাস করা হলে তাকে নঞ্ বহুব্রীহি বলে। নঞ্ বহুব্রীহি সমাসে সাধিত পদটি বিশেষণ হয়। যেমন : না (নয়) জানা যা = অজানা বা নাজানা। ন (নাই) জ্ঞান যার = অজ্ঞান।

০৯. 'শশব্যস্ত' কোন সমাস (শশকের ন্যায় ব্যস্ত)?

ক. কর্মধারয়
খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি
ঘ. অব্যয়ীভাব

উত্তর✓ ক [illegible] উপমান অর্থ তুলনীয় বস্তু। প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটি উপমেয় এবং যার সঙ্গে তুলনা করা হয়, তাকে বলা হয় উপমান। উপমান ও উপমেয়ের একটি সাধারণ ধর্ম থাকবে। এখানে, 'শশব্যস্ত' উপমান কর্মধারয় সমাস।

১০. 'চলচ্চিত্র' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

ক. চলৎ + চিত্র
খ. চল + চিত্র
গ. চলচি + ত্র
ঘ. চলচ + চিত্র

উত্তর✓ ক [illegible] ত্ ও দ্ - এর পর চ্ ও ছ্ থাকলে ত্ ও দ্ স্থানে চ্ হয়। যেমন : উৎ + ছেদ = উচ্ছেদ, বিপদ + চয় = বিপচ্চয়, শরৎ + চন্দ্র = শরচ্চন্দ্র।

১১. কোনটি 'উচাটন' এর সমার্থক শব্দ?
ক. উৎপাটিত
খ. উৎকণ্ঠা
গ. উদ্দীপন
ঘ. বন্ধনহীন
উত্তর✓ খ 'উচাটন' এর কয়েকটি সমার্থক শব্দ : আশঙ্কা, উদ্বেগ, উৎকণ্ঠা, সংবেগ, দুশ্চিন্তা, ব্যাকুল, বৈমনস্য, ত্রাস, আতঙ্ক।

১২. 'আদিষ্ট' এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. নিষিদ্ধ
খ. উদ্যত
গ. হাজির
ঘ. অনাসক্ত
উত্তর✓ ক কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
আসক্ত	নিরাসক্ত	আবির্ভাব	তিরোধান, তিরোভাব
আদিষ্ট	নিষিদ্ধ	আর্য	অনার্য
আবৃত	অনাবৃত	আকস্মিক	চিরন্তন/স্থায়ী

১৩. 'ইঁদুর কপালে' বাগ্‌ধারাটির অর্থ কী?
ক. মন্দ ভাগ্য
খ. ভালো ভাগ্য
গ. ইঁদুরের মতো কপাল
ঘ. ছোট কপাল
উত্তর✓ ক কতিপয় গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : ত্রিশঙ্কু অবস্থা (মধ্যাবস্থা), তালপাতার সেপাই (ক্ষীণজীবী), তারে নাচন (দুরবস্থার একশেষ), তেল-নুন-লকড়ি (মৌলিক প্রয়োজন), তোলা হাড়ি (গম্ভীর), তামার বিষ (অর্থের কুপ্রভাব)।

১৪. 'যার আগমনের কোন তিথি নেই' এক কথায় হবে-
ক. শরণার্থী
খ. অতিথি
গ. ভিখারী
ঘ. বেকার
উত্তর✓ খ কতিপয় এক কথায় প্রকাশ : দমন করা যায় না যাকে– অদম্য, যিনি অতিশয় হিসাবি– পাটোয়ারি, যে অগ্র-পশ্চাৎ চিন্তা না করে কাজ করে- অবিমৃশ্যকারী, ক্ষমার যোগ্য– ক্ষমার্হ।

১৫. 'যা দমন করা যায় না' এক কথায় হবে-
ক. দুর্দমনীয়
খ. দুর্দম
গ. অদম্য
ঘ. অসম্ভব
উত্তর✓ গ কতিপয় এক কথায় প্রকাশ : যে নারীর কোনো হিংসা নেই– অনসূয়া, যে নারী বীর সন্তান প্রসব করে– বীরপ্রসূ, যে মেয়ের বিয়ে হয়নি– অনূঢ়া, যে নারী প্রিয় বাক্য বলে– প্রিয়ংবদা।

১৬. কোনটি Abstract Noun?
ক. Manhood
খ. Friend
গ. Fleet
ঘ. Anwar
উত্তর✓ ক 'Manhood' Noun টি ইন্দ্রিয়গ্রাহ্য নয়; উপলব্ধি করা যায় মাত্র। অতএব, এটি একটি Abstract Noun।

১৭. কোনটি Common Noun?
ক. March
খ. Class
গ. Jute
ঘ. Mouth
উত্তর ঘ

১৮. কোনটি শুদ্ধ বানান?
ক. Disentary
খ. Dysentary
গ. Dysentery
ঘ. Dysentry
উত্তর গ

১৯. কোনটি শুদ্ধ বানান?
ক. Indispensable
খ. Indispensible
গ. Indispansable
ঘ. Indispansible
উত্তর✓ ক Indispensable (adj) - অপরিহার্য।

২০. 'Don't look down upon the poor.' বাক্যটির Passive form হবে–
ক. Let not the poor be looked down upon.
খ. The poor should not be looked down upon.
গ. Let the poor not look down upon.
ঘ. Let the poor not be looked down upon.
উত্তর✓ ক Don't দিয়ে শুরু বাক্যটিকে Passive করতে হলে let not দিয়ে শুরু করতে হয়। let not এর পর subject হিসেবে the poor ব্যবহৃত হবে।
Struct: let not + sub + be + V_3 (Past participle)

২১. 'Who will help you?' বাক্যটির Passive form হবে–
ক. By whom you will be helped?
খ. By whom will you be helped?
গ. By whom would you be helped?
ঘ. By whom you would be helped?
উত্তর খ

২২. The man said, "Good Morning, my friends." বাক্যটির Indirect speech হবে-
ক. The man said that my friends good morning.
খ. The man bade his friends good morning.
গ. The man wished his friends good morning.
ঘ. The man addressing his friends good morning.
উত্তর গ

২৩. Amani exclaimed that she was a great fool. বাক্যটির direct form হবে-
ক. Amani said, "What a fool I am!"
খ. Amani said, "What I am a fool!"
গ. Amani said, "How I am a fool!"
ঘ. Amani exclaimed, "I am a great fool!"
উত্তর ক

২৪. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. I had a strong headache.
খ. Asad alone is reliable.
গ. His head was open.
ঘ. He came today morning.
উত্তর খ

২৫. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. He said me a coward
খ. He said the truth.
গ. I love my mother.
ঘ. I took my meal.
উত্তর গ

২৬. He abides – me. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. with
খ. in
গ. upon
ঘ. at
উত্তর✓ ক Abide with – সঙ্গে থাকা।

২৭. I acceded —— his request. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. on
খ. at
গ. to
ঘ. in
উত্তর✓ গ Accede to – রাজী হওয়া/ মেনে নেওয়া।

২৮. কোনটি 'Gain' শব্দের সমার্থক শব্দ?
ক. Fulfil
খ. Promote
গ. Trouble
ঘ. Advantage
উত্তর✓ ঘ

Gain (N) – লাভ/মুনাফা	Advantage (N) – সুবিধা
Trouble (N) – সমস্যা	Promote(N) – পদোন্নতি দান করা
Fulfill (V) – পূর্ণ করা।	

২৯. কোনটি 'Benefit' শব্দের সমার্থক শব্দ?

ক. Injury　　খ. Favour
গ. Draw back　　ঘ. Basement　　উত্তর: খ

৩০. 'All in all' এর অর্থ–

ক. all powerful　　খ. powerless
গ. who has lost power　　ঘ. only one

উত্তর✓ ক　ব্যাখ্যা: All in all (idiom) – সর্বেসর্বা' All Powerful – সর্বশক্তিমান।

৩১. $x+y=5, x-y=3$ হলে x^2+y^2 এর মান কত?

ক. 17　　খ. 18
গ. 20　　ঘ. 22　　উত্তর: ক

উত্তর✓ ক　ব্যাখ্যা: $x^2+y^2=\frac{1}{2}\{(x+y)^2+(x-y)^2\}$

$=\frac{1}{2}\{5^2+3^2\}$

$=\frac{1}{2}(25+9)$

$=\frac{1}{2}\times 34$

$=17$

৩২. $a-\frac{1}{a}=5$ হলে $a^2+\frac{1}{a^2}$ এর মান কত?

ক. 20　　খ. 23
গ. 25　　ঘ. 27

উত্তর✓ ঘ　ব্যাখ্যা: $a^2+\frac{1}{a^2}=\left(a-\frac{1}{a}\right)^2+2.a.\frac{1}{a}$

$=5^2+2$

$=25+2$

$=27$

৩৩. একটি কাজ ক একা ১৫ দিনে এবং খ একা ১০ দিনে শেষ করতে পারলে, ক ও খ একত্রে ঐ কাজ কত দিনে শেষ করতে পারবে?

ক. ৫ দিন　　খ. ৬ দিন
গ. ৮ দিন　　ঘ. ১০ দিন

উত্তর✓ খ　ব্যাখ্যা: একত্রে কাজ করলে,

$$\text{সময়} = \frac{\text{বড় সংখ্যা} \times \text{ছোট সংখ্যা}}{\text{বড় সংখ্যা} + \text{ছোট সংখ্যা}} \times \text{অংশ}$$

$=\frac{১৫\times ১০}{১৫+১০}\times$ সম্পূর্ণ (১)

$=$ ৬ দিন

৩৪. একটি রাস্তা মেরামত করতে ৩৫ জন শ্রমিকের ১৬ দিন লাগলে ২৮ জন শ্রমিকের কত দিন লাগবে?

ক. ১৮ দিন　　খ. ২০ দিন
গ. ২২ দিন　　ঘ. ২৪ দিন

উত্তর✓ খ　ব্যাখ্যা: ৩৫ জন শ্রমিকের লাগে ১৬ দিন

১ জন শ্রমিকের লাগে ১৬ × ৩৫ দিন

∴ ২৮ জন শ্রমিকের লাগে $=\frac{১৬\times ৩৫}{২৮}=২০$ দিন

৩৫. পিতা ও দুই পুত্রের বর্তমান গড় বয়স ২২ বছর। ৩ বছর পর দুই পুত্রের গড় বয়স ১৩ বছর হলে পিতার বর্তমান বয়স কত?

ক. ৪০ বছর　　খ. ৪২ বছর
গ. ৪৩ বছর　　ঘ. ৪৬ বছর

উত্তর✓ ঘ　ব্যাখ্যা:
পিতা ও দুই পুত্রের মোট বয়স (২২ × ৩) = ৬৬ বছর
৩ বছর পর দুই পুত্রের গড় বয়স ১৩ বছর হলে
বর্তমানে দুই পুত্রের বয়সের গড় = ১৩ – ৩
= ১০ বছর

বর্তমানে দুই পুত্রের মোট বয়স = ১০ × ২ = ২০ বছর
∴ পিতার বর্তমান বয়স = ৬৬ – ২০
= ৪৬ বছর।

৩৬. পিতা ও মাতার বয়সের গড় ৪০ বছর। পিতা, মাতা ও পুত্রের বয়সের গড় ৩২ বছর হলে, পুত্রের বয়স কত?

ক. ১২ বছর　　খ. ১৪ বছর
গ. ১৬ বছর　　ঘ. ১৮ বছর

উত্তর✓ গ　ব্যাখ্যা: পিতা ও মাতার মোট বয়স (৪০ × ২) = ৮০ বছর
পিতা, মাতা ও পুত্রের মোট বয়স (৩২ × ৩) = ৯৬ বছর
∴ পুত্রের বয়স (৯৬ – ৮০) = ১৬ বছর।

৩৭. ১৪৩ টাকাকে ২ : ৪ : ৫ অনুপাতে ভাগ করলে, বৃহত্তম ও ক্ষুদ্রতম অংশের পার্থক্য কত টাকা হবে?

ক. ৩৬ টাকা　　খ. ৩৯ টাকা
গ. ৪০ টাকা　　ঘ. ৪২ টাকা

উত্তর✓ খ　ব্যাখ্যা: অনুপাতগুলোর যোগফল (২+৪+৫) = ১১
∴ বৃহত্তম অংশ $\left(১৪৩ \text{ এর } \frac{৫}{১১}\right)=$ ৬৫ টাকা

ক্ষুদ্রতম অংশ $\left(১৪৩ \text{ এর } \frac{২}{১১}\right)=$ ২৬ টাকা

বৃহত্তম ও ক্ষুদ্রতম অংশের পার্থক্য = ৬৫ – ২৬
= ৩৯ টাকা

৩৮. ২৪ কে ৭ : ৬ অনুপাতে বৃদ্ধি করলে নতুন সংখ্যা হবে–

ক. ২৪　　খ. ২৬
গ. ২৮　　ঘ. ৩০

উত্তর✓ গ　ব্যাখ্যা: মনে করি, নতুন সংখ্যা x
প্রশ্নমতে,

$x : ২৪ = ৭:৬ \Rightarrow \frac{x}{২৪}=\frac{৭}{৬}$

$\Rightarrow x=\frac{৭\times ২৪}{৬}=২৮$

৩৯. একটি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলে, শতকরা ক্ষতি কত?

ক. ৪%　　খ. ৫%
গ. ৬%　　ঘ. ৮%

উত্তর✓ খ　ব্যাখ্যা: ক্রয়মূল্য = ৩৮০ + ২০ = ৪০০ টাকা
৪০০ টাকায় ক্ষতি হয় ২০ টাকা

১ টাকায় ক্ষতি হয় $\frac{২০}{৪০০}$ টাকা

∴ ১০০ টাকায় ক্ষতি হয় $\frac{২০\times ১০০}{৪০০}=$ ৫ টাকা।

৪০. ৫০টি কলা ২২০ টাকায় বিক্রয় করায় ১০% লাভ হল। ১০০টি কলার ক্রয়মূল্য কত?

ক. ২৫০ টাকা　　খ. ২৭৫ টাকা
গ. ৩২৫ টাকা　　ঘ. ৪০০ টাকা

উত্তর✓ ঘ

$$\frac{\text{বিক্রয় সংখ্যা}}{\text{ক্রয় সংখ্যা}} = \frac{১০০\times\text{বিক্রয়মূল্য}}{\text{ক্রয়মূল্য}(১০০+\text{লাভ})}$$

$$\Rightarrow \frac{৫০}{১০০} = \frac{১০০\times২২০}{\text{ক্রয়মূল্য}(১০০+১০)}$$

$$\Rightarrow \text{ক্রয়মূল্য} = \frac{১০০\times২২০\times১০০}{১১০\times৫০}$$


$\therefore$ ক্রয়মূল্য = ৪০০ টাকা

বিক্রয় সংখ্যা = ৫০টি
ক্রয় সংখ্যা = ১০০টি
বিক্রয়মূল্য = ২২০ টাকা
লাভ = ১০%
ক্রয়মূল্য = ?

৪১. ১, ৪, ৭, ১০ ..... ধারাটির ৭ম পদ কত?

ক. ২২　　খ. ২৫
গ. ২৭　　ঘ. ৩০


উত্তর✓ Blank এখানে প্রত্যেক পদের ব্যবধান :



৪২. ২, ৬, ১৪, ৩০ .... ধারাটির পরবর্তী সংখ্যা কত?

ক. ৫৬　　খ. ৬২
গ. ৭৪　　ঘ. ৮০

উত্তর✓ খ



৪৩. কোন পরীক্ষায় ৮৫% পরীক্ষার্থী পদার্থবিদ্যায়, ৮০% পরীক্ষার্থী রসায়নবিদ্যায় এবং ৭৫% পরীক্ষার্থী উভয় বিষয়ে পাস করে। কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করেছে?

ক. ৮ জন　　খ. ১০ জন
গ. ১২ জন　　ঘ. ১৫ জন

উত্তর✓ খ

শুধু পদার্থবিদ্যায় পাস করে $(৮৫ - ৭৫)\% = ১০\%$
শুধু রসায়ন বিদ্যায় পাস করে $(৮০ - ৭৫)\% = ৫\%$
পদার্থবিদ্যা বা রসায়নবিদ্যা বা উভয় বিষয়ে পাস করে
$(১০ + ৫ + ৭৫)\% = ৯০\%$
$\therefore$ উভয় বিষয়ে ফেল করে = $(১০০ - ৯০) = ১০\%$

৪৪. একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণের পরিমাণ ১১০° হলে, পরিধিস্থ কোণের পরিমাণ হবে–

ক. ৫০°　　খ. ৫৫°
গ. ৬০°　　ঘ. ৭০°

উত্তর✓ খ একই চাপের উপর দণ্ডয়মান কেন্দ্রস্থ কোণের পরিমান পরিধিস্থ কোণের দ্বিগুণ।

$\therefore$ পরিধিস্থ কোণ $= \frac{\text{কেন্দ্রস্থ কোণ}}{২} = \frac{১১০^\circ}{২} = ৫৫^\circ$

৪৫. সুষম পঞ্চভুজের একটি বহিঃস্থ কোণের পরিমাণ হবে–

ক. ৬০°　　খ. ৬৪°
গ. ৭০°　　ঘ. ৭২°

উত্তর✓ ঘ অন্তঃস্থ কোণ $= \frac{n-২}{n} \times ১৮০^\circ$

$= \frac{৫-২}{৫} \times ১৮০^\circ$

$= ১০৮^\circ$

পঞ্চভুজের বহিঃস্থ কোণ $= ১৮০^\circ - ১০৮^\circ = ৭২^\circ$

৪৬. কোন মাধ্যমে শব্দের গতি সবচেয়ে বেশি?

ক. শূন্যতায়　　খ. কঠিন পদার্থে
গ. তরল পদার্থে　　ঘ. বায়বীয় পদার্থে

উত্তর✓ খ শব্দ প্রতি সেকেন্ডে যে দূরত্ব অতিক্রম করে তাকে শব্দের দ্রুতি বলে। কঠিন মাধ্যমে শব্দের গতি সবচেয়ে বেশি।

৪৭. কোন রঙের বস্তুর তাপ শোষণ ক্ষমতা কম?

ক. কালো　　খ. সাদা
গ. বেগুনি　　ঘ. লাল

উত্তর✓ খ সাদা রঙের বস্তু সব বর্ণের আলো প্রতিফলিত করে। তাই সাদা রঙের বস্তুর তাপ শোষণ ক্ষমতা কম।

৪৮. প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান হলো–

ক. মিথেন　　খ. নাইট্রোজেন গ্যাস
গ. হিলিয়াম গ্যাস　　ঘ. হাইড্রোজেন গ্যাস

উত্তর✓ ক প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান মিথেন (CH_4)। এই গ্যাসে ৮০% – ৯০% মিথেন থাকে।

৪৯. বায়োগ্যাস প্ল্যান্টে গোবর ও পানির অনুপাত হলো–

ক. ১ ঃ ২　　খ. ১ ঃ ৩
গ. ১ ঃ ৪　　ঘ. ২ ঃ ৩

উত্তর✓ ক গরু, মহিষ প্রভৃতি গবাদি পশুর গোবর কাজে লাগিয়ে তা থেকে যে গ্যাস তৈরি করা হয় তাই বায়োগ্যাস নামে পরিচিত। এ গ্যাসের প্রধান কাঁচামাল গোবর ও পানি এর অনুপাত ১:২।

৫০. হাড় ও দাঁতকে মজবুত করে–

ক. আয়োডিন　　খ. আয়রন
গ. ম্যাগনেসিয়াম　　ঘ. ফসফরাস　　উত্তর ঘ

৫১. সমাজের ভিত্তি কোনটি?

ক. ঐক্য　　খ. কর্তব্যবোধ
গ. শিষ্টাচার　　ঘ. ন্যায়বোধ　　উত্তর ক

৫২. মাটির উর্বরতা বৃদ্ধিতে সাহায্য করে বায়ুর-

ক. অক্সিজেন　　খ. নাইট্রোজেন
গ. হাইড্রোজেন　　ঘ. কার্বন ডাইঅক্সাইড

উত্তর✓ খ নাইট্রোজেন বর্ণহীন, গন্ধহীন ও স্বাদবিহীন গ্যাস। এটি মাটির উর্বরতা বৃদ্ধিতে সাহায্য করে।

৫৩. নিচের কোন উদ্ভিদটিতে ক্লোরোফিল নেই?

ক. এককোষী শৈবাল　　খ. ফার্ন
গ. ব্যাঙের ছাতা　　ঘ. সামুদ্রিক শৈবাল

উত্তর✓ গ ক্লোরোফিল সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার খাদ্য তৈরির প্রধান উপাদান। ব্যাঙের ছাতা নিজের খাদ্য নিজে তৈরি করতে পারে না। এদের ক্লোরোফিল নেই।



৩৫

রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১১

সেট : ১ | [কোড : শিউলী] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ০৯.১২.২০১১ | পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল
বরিশাল, পটুয়াখালী, রাজশাহী, নাটোর, জয়পুরহাট, নওগাঁ, চাঁদপুর, ফেনী, ঝালকাঠি, সুনামগঞ্জ।

[দ্রষ্টব্য: সকল প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. ওরে নবীন, ওরে আমার কাঁচা,
ওরে সবুজ, ওরে অবুঝ,
আধ-মরাদের ঘা মেরে তুই বাঁচা।
–পঙ্‌ক্তিটি কোন কবির রচনা

ক. রবীন্দ্রনাথ ঠাকুর | খ. কাজী নজরুল ইসলাম
গ. গোলাম মোস্তফা | ঘ. সুফিয়া কামাল

উত্তর✓ ক ব্যাখ্যা: রবীন্দ্রনাথ ঠাকুরের কতিপয় গুরুত্বপূর্ণ পঙ্‌ক্তি :

বিপদে মোরে রক্ষা করো এ নহে মোর প্রার্থনা, বিপদে আমি না যেন করি ভয়।	- আত্মত্রাণ
মনেরে আজ কহ যে, ভালো মন্দ যাহাই আসুক সত্যেরে লও সহজে।	- বোঝাপড়া

০২. কাজী নজরুল ইসলাম রচিত 'রাজবন্দীর জবানবন্দী' একটি–

ক. নাটক | খ. প্রবন্ধগ্রন্থ
গ. গল্প | ঘ. উপন্যাস

উত্তর✓ খ ব্যাখ্যা: যুগবাণী (১৯২২), রাজবন্দীর জবানবন্দী (১৯২৩), দুর্দিনের যাত্রী (১৯২৬), রুদ্র-মঙ্গল (১৯২৬) - কাজী নজরুল ইসলাম রচিত প্রবন্ধগ্রন্থ।

০৩. 'ওরা কদম আলী' নাটকটির রচয়িতা কে?

ক. মুনীর চৌধুরী | খ. ওকত ওসমান
গ. আবদুল্লাহ আল মামুন | ঘ. মামুনুর রশীদ

উত্তর✓ ঘ ব্যাখ্যা: মামুনুর রশীদ রচিত কতিপয় নাটক : ওরা কদম আলী (১৯৭৮), ওরা আছে বলেই (১৯৮০), মে দিবস (১৯৮১), ইবলিশ (১৯৮২), এখানে নোঙর (১৯৮৬), গিনিপিগ (১৯৮৫), সমতট (১৯৯০), পাথর (১৯৯৩), লেবেদেফ (১৯৯৭)।

০৪. কোন বানানটি শুদ্ধ?

ক. ক্ষীনজীবী | খ. ক্ষিণজীবী
গ. ক্ষীণজীবী | ঘ. ক্ষীণজিবি

উত্তর✓ গ ব্যাখ্যা: কতিপয় শুদ্ধ বানান : নিশীথিনী, ক্ষুৎক্ষাম, ক্ষৈরেয়, ক্ষুন্নিবারণ, ক্ষৌণি, ক্ষৌণীশ, ক্ষালন, ক্ষপণী, ক্ষতিগ্রস্ত, ক্ষিতিশ্বর, ক্ষান্ত।

০৫. কোনটি শুদ্ধ বানান?

ক. শশিভূসণ | খ. শশিভূষণ
গ. শশিভুসণ | ঘ. শশিভুসন

উত্তর✓ খ ব্যাখ্যা: কতিপয় শুদ্ধ বানান : অক্ষুণ্ন, অধ্যবসায়, ঊর্ধ্ব, অত্যন্ত, আকাঙ্ক্ষা, আষাঢ়, অমাবস্যা, ঈদৃশ, উজ্জ্বল, উত্তীর্ণ, উদ্বাস্তু, এতদ্ব্যতীত, ঐকতান, কৃচ্ছ্র, কুজ্ঝটিকা।

০৬. অল্প শোকে কাতর– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. কর্তৃ কারকে ২য়া | খ. করণ কারকে ৭মী
গ. অপাদান কারকে ৭মী | ঘ. অধিকরণ কারকে ৭মী

উত্তর✓ খ ব্যাখ্যা: 'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। যেমন : ফুলে ফুলে ঘর ভরেছে।

০৭. আষাঢ়ে বৃষ্টি নামে। বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. কর্তায় ৭মী | খ. কর্মে ৭মী
গ. অপাদানে ৭মী | ঘ. অধিকরণে ৭মী

উত্তর✓ ঘ ব্যাখ্যা: ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। যেমন : আধার (স্থান) : আমরা রোজ স্কুলে যাই। কাল (সময়) : প্রভাতে সূর্য ওঠে।

০৮. 'অনুতাপ (তাপের পশ্চাৎ) কোন সমাস?

ক. প্রাদি সমাস | খ. তৎপুরুষ
গ. কর্মধারয় | ঘ. বহুব্রীহি

উত্তর✓ ক ব্যাখ্যা: প্র, প্রতি, অনু প্রভৃতি অব্যয়ের সঙ্গে যদি কৃৎপ্রত্যয় সাধিত বিশেষ্যের সমাস হয়, তাকে বলে প্রাদি সমাস। যেমন : অনুতে (পশ্চাতে) যে তাপ = অনুতাপ; প্র (প্রকৃষ্ট) রূপে গতি = প্রগতি; প্র (প্রকৃষ্ট) যে বচন = প্রবচন।

০৯. 'আশীবিষ' (আশীতে বিষ যার) কোন সমাস?

ক. তৎপুরুষ | খ. কর্মধারয়
গ. বহুব্রীহি | ঘ. অব্যয়ীভাব

উত্তর✓ গ ব্যাখ্যা: যে সমাসে সমস্যমান পদগুলোর কোনোটির অর্থ না বুঝিয়ে, অন্য কোনো অর্থ বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন : বহু ব্রীহি (ধান) আছে যার = বহুব্রীহি।

১০. 'উদ্যোগ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

ক. উদ + যোগ | খ. উদ্ + যোগ
গ. উদ্যো + গ | ঘ. উত + যোগ

উত্তর✓ খ ব্যাখ্যা: বর্গের ১ম ধ্বনি ক্, ট্, ত্, প্ আগে থাকলে এবং য্, র্, ল্, ব্, হ্ পরে থাকলে ১ম ধ্বনি ৩য় ধ্বনি গ্, জ্, ড্, দ্, ব্ তে পরিণত হয়। যেমন :

উৎ + যাপন = উদ্‌যাপন	উৎ + যম = উদ্যম
তৎ + রূপ = তদ্রূপ	ষট্ + যন্ত্র = ষড়যন্ত্র

১১. কোনটি 'অন্ধকার' এর সমার্থক শব্দ?

ক. পাবক | খ. মনোজ
গ. ধারাপাত | ঘ. তমসা

উত্তর✓ ঘ ব্যাখ্যা: কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
অশন	অনশন	অনুরাগ	বিরাগ
অবনত	উন্নত	অমৃত	বিষ/গরল

১২. 'অর্বাচীন' এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. নিরপরাধ খ. প্রাচীন
গ. অনুজ ঘ. অন্যভ্যাস
উত্তর✓ খ ব্যাখ্যা কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
অপ্রতিভ	সপ্রতিভ	অলস	পরিশ্রমী
অনুরক্ত	বিরক্ত	অব্যক্ত, গুপ্ত	ব্যক্ত

১৩. 'চক্ষুদান করা' বাগ্‌ধারাটির অর্থ কী?
ক. সচেতন করা খ. চক্ষু দান করা
গ. চুরি করা ঘ. কোনোটিই নয়
উত্তর✓ গ ব্যাখ্যা গুরুত্বপূর্ণ কতিপয় বাগ্‌ধারা : তুবড়ি ছোটা (বেশি কথা বলা), বাহাত্তরে ধরা (মতিচ্ছন্ন হওয়া), শিয়রে শমন (আসন্ন মৃত্যু), মান্ধাতার আমল (অতি প্রাচীন কাল), পাথরে পাঁচকিল (প্রবল সৌভাগ্য)।

১৪. 'আপনাকে পণ্ডিত মনে করে যে।' এক কথায় কী হবে?
ক. অতিপণ্ডিত খ. মহাপণ্ডিত
গ. পণ্ডিত নেতা ঘ. পণ্ডিতম্মন্য
উত্তর✓ ঘ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : ইহলোক বিষয়ক– ঐহিক, ইতস্তত ভ্রমণ– বিচরণ, ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি– ইতিহাসবেত্তা, ইন্দ্রিয়কে জয় করেছে যে– জিতেন্দ্রিয়, ইহার তুল্য– ঈদৃশ।

১৫. 'এক বিষয়ে যার চিত্ত নিবিষ্ট।' এক কথায় হবে–
ক. একাগ্রচিত্ত খ. একমনা
গ. অন্যমনা ঘ. মনোযোগী
উত্তর✓ ক ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : আকাশ ও পৃথিবী– ক্রন্দসী, আকালের বছর– দুর্ভিক্ষ, আবক্ষ জলে নেমে স্নান– অবগাহন, আঘাতের বিপরীত– প্রত্যাঘাত, আমার সদৃশ– মাদৃশ।

১৬. কোনটি Material Noun?
ক. Book খ. Ring
গ. River ঘ. Paper
উত্তর✓ ঘ ব্যাখ্যা Paper; Noun টি একটি বস্তুবাচক বিশেষ্য পদ এবং uncountable Noun (গণনা করা যায় না) হওয়ায় এটি একটি Material Noun।

১৭. কোনটি Collective Noun?
ক. Bashar খ. Class
গ. Youth ঘ. Island
উত্তর✓ গ ব্যাখ্যা class শব্দটি দ্বারা একটি নির্দিষ্ট শ্রেণীর সকল সদস্য কে একত্রে বোঝানো হয় বিধায় এটি একটি Collective Noun।

১৮. কোন বানানটি শুদ্ধ?
ক. Collaboration খ. Colaboration
গ. Colaboretion ঘ. Collaboretion
উত্তর✓ ক ব্যাখ্যা Collaboration (N) অর্থ সহযোগিতা।

১৯. কোনটি শুদ্ধ বানান?
ক. Ocasion খ. Ocation
গ. Occasion ঘ. Occassion
উত্তর গ

২০. 'Do you know him? বাক্যটির Passive form হবে–
ক. Is he know by you? খ. Is he known to you?
গ. Does he known by you? ঘ. Is he known with you?
উত্তর✓ খ ব্যাখ্যা Interrogative sentence, helping verb দিয়ে শুরু হলে এর Passive voice টি ও helping verb দিয়ে শুরু করতে হয়। Passive voice এর Subject 'he' হওয়ায় helping verb হিসেবে বাক্যের শুরুতে 'is' ব্যবহৃত হলো।

২১. 'His behaviour surprised me'. বাক্যটির passive form হবে–
ক. I was surprised at his behaviour.
খ. I was surprised with his behviour.
গ. I had been surprised at his behaviour
ঘ. I had been surprised with his behaviour.
উত্তর✓ ক ব্যাখ্যা বাক্যের transitive verb টি (Surprised) past indefinite tense এর হওয়ায় subject অনুযায়ী helping verb হিসেবে was/were ব্যবহৃত হবে এবং মূল verb এর past participle form (surprised) বসবে।
বি.দ্র : 'Surprise' verb টির পর preposition 'at' বসে।

২২. Anis said, "Good night, Father". - বাক্যটির Indirect speech হবে–
ক. Anis said good night for his father.
খ. Anis bade his father good-bye.
গ. Anis gave good night to his father.
ঘ. Anis addresed his father and told good-bye
উত্তর✓ খ ব্যাখ্যা বিদায় জানানোর ক্ষেত্রে Indirect speech-এ verb হিসেবে, 'bade' verb টি ব্যবহৃত হয়।

২৩. Aref said, "I must write a letter."– বাক্যটির Indirect speech হবে–
ক. Aref said that he has to write a letter.
খ. Aref said that he had to write a letter.
গ. Aref told that he would have to write a letter.
ঘ. Aref told that he will have to write a letter.
উত্তর✓ খ ব্যাখ্যা Reported speech এ 'must' থাকলে Indirect Narration এ রূপান্তরের সময় 'must' পরিবর্তিত হয়ে 'has to' ব্যবহৃত হয়।

২৪. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. There is nc place in the bench
খ. I got two bread
গ. It is a nice poem
ঘ. I went to my house
উত্তর গ

২৫. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. Quote this from memory
খ. I got boarding and lodging
গ. Put your sign here
ঘ. My brother is sick
উত্তর✓ ক ব্যাখ্যা Quote this from memory – স্মৃতি হতে উদ্ধৃতি করা।

২৬. He is not —— home today. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. at　　খ. in
গ. with　　ঘ. on

উত্তর✓ ক　'Home' Noun টির পূর্বে Preposition হিসেবে 'at' ব্যবহৃত হয়।

বি.দ্র: 'home' বাক্যে adverb হিসেবে ব্যবহৃত হলে এর পূর্বে কোনো Preposition বসেনা। যেমন : I went home (adv)

২৭. I cannot put faith —— him. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-

ক. in　　খ. on
গ. at　　ঘ. upon

উত্তর✓ ক　কোনো কিছুতে আস্থা থাকা অর্থে 'faith' Noun টির পর Preposition হিসেবে 'in' ব্যবহৃত হয়।

২৮. কোনটি 'Calm' শব্দের সমার্থক শব্দ?

ক. Angry　　খ. Agitated
গ. Quiet　　ঘ. Inflamed　　উত্তর গ

২৯. কোনটি 'Abolish' শব্দের সমার্থক শব্দ?

ক. Cancel　　খ. Perform
গ. Create　　ঘ. Generate　　উত্তর ক

৩০. 'All at once' এর অর্থ–

ক. Quickly　　খ. Slowly
গ. Suddenly　　ঘ. Gradually　　উত্তর গ

৩১. $x^2 + y^2 = 18$ এবং $xy = 6$ হলে $(x-y)^2$ এর মান কত?

ক. 4　　খ. 6
গ. 8　　ঘ. 12

উত্তর✓ খ　$(x-y)^2 = x^2 - 2xy + y^2$
$= x^2 + y^2 - 2xy$
$= 18 - 2.6$
$= 6$

৩২. $a + \frac{1}{a} = 4$ হলে $a^2 + \frac{1}{a^2}$ এর মান কত?

ক. 14　　খ. 12
গ. 16　　ঘ. 18

উত্তর✓ ক　$a^2 + \frac{1}{a^2} = \left(a + \frac{1}{a}\right)^2 - 2.\ a.\ \frac{1}{a}$
$= 4^2 - 2$
$= 16 - 2$
$= 14$

৩৩. ক ও খ একত্রে একটি কাজ ১০ দিনে শেষ করতে পারে। খ একা কাজটি ১৪ দিনে শেষ করতে পারলে ক একা কত দিনে কাজটি শেষ করতে পারবে?

ক. ২৫ দিন　　খ. ২৮ দিন
গ. ৩২ দিন　　ঘ. ৩৫ দিন

উত্তর✓ ঘ

একা করলে, সময় $= \frac{\text{বড় সংখ্যা} \times \text{ছোট সংখ্যা}}{\text{বড় সংখ্যা} - \text{ছোট সংখ্যা}} \times \text{অংশ}$

$= \frac{১৪ \times ১০}{১৪ - ১০} \times \text{সম্পূর্ণ (১)}$

$= \frac{১৪০}{৪} = ৩৫$ দিন

৩৪. একটি ক্যাম্পে ৭২ জন স্কাউটের ৬ দিনের খাদ্য মজুদ আছে। ১৮ জন স্কাউট চলে গেলে, ঐ খাদ্যে বাকি স্কাউটদের আরো কত দিন চলবে?

ক. ২ দিন　　খ. ৩ দিন
গ. ৪ দিন　　ঘ. ৬ দিন

উত্তর✓ ক　বাকি থাকে $(৭২ - ১৮) = ৫৪$ জন

৭২ জনের খাদ্য আছে ৬ দিনের
১ " " " ৬×৭২
$\therefore$ ৫৪ " " " $\frac{৬ \times ৭২}{৫৪}$
$= ৮$ দিন

$\therefore$ স্কাউটদের $(৮ - ৬) = ২$ দিন চলবে।

৩৫. কোনো এক স্থানে সপ্তাহের গড় তাপমাত্রা ৩০° সেলসিয়াস। প্রথম ৩ দিনের গড় তাপমাত্রা ২৮° সে. ও শেষ ৩ দিনের গড় তাপমাত্রা ২৯° সেলসিয়াস হলে চতুর্থ দিনের তাপমাত্রা কত?

ক. ৩৩° সে.　　খ. ৩৬° সে.
গ. ৩৯° সে.　　ঘ. ৪৩° সে.

উত্তর✓ গ

সপ্তাহের মোট তাপমাত্রা $(৩০^\circ \times ৭) = ২১০^\circ$ সে.
১ম ৩ দিনের মোট তাপমাত্রা $(২৮^\circ \times ৩) = ৮৪^\circ$ সে.
শেষ ৩ " " " $(২৯^\circ \times ৩) = ৮৭^\circ$ সে.
৪র্থ দিনের তাপমাত্রা $= ২১০ - (৮৪ + ৮৭)$
$= ৩৯^\circ$ সে.

৩৬. ৩ বৎসর আগে ক ও খ এর বয়সের গড় ছিল ১৬ বছর। গ তাদের সাথে যোগ দেয়ায় বর্তমান তাদের বয়সের গড় ২০ বৎসর হয়। গ এর বয়স কত?

ক. ২০ বছর　　খ. ২২ বছর
গ. ২৪ বছর　　ঘ. ২৬ বছর

উত্তর✓ খ　বর্তমান ক ও খ এর বয়সের গড় $(১৬ + ৩) = ১৯$ বছর

বর্তমানে ক ও খ এর মোট বয়স $(১৯ \times ২) = ৩৮$ বছর
" ক, খ ও গ " " $(২০ \times ৩) = ৬০$ বছর

$\therefore$ গ এর বয়স $(৬০ - ৩৮) = ২২$ বছর।

৩৭. ক : খ = ৫ : ৬ এবং খ : গ = ৩ : ১০ হলে ক : গ = কত?

ক. ৫ : ২০　　খ. ৬ : ১২
গ. ১০ : ২০　　ঘ. ৫ : ১২

উত্তর✓ ক　ক : খ = ৫ : ৬ = ১৫ : ১৮ [৩ দ্বারা গুণ করে]
খ : গ = ৩ : ১০ = ১৮ : ৬০ [৬ দ্বারা গুণ করে]

$\therefore$ ক : গ = ১৫ : ৬০
$= ৫ : ২০$

৩৮. ৬৩ লিটার পরিমাণ মিশ্রণে এসিড ও পানির অনুপাত ৭ : ২; ঐ মিশ্রণে এসিড ও পানির পরিমাণ কত?

ক. ৩৯ লি, ২৪ লি.　　খ. ৪৯ লি, ১৪ লি.
গ. ২৪ লি, ৩৯ লি.　　ঘ. ২৯ লি, ৩৪ লি.

উত্তর✓ খ　অনুপাত দ্বয়ের যোগফল $(৭ + ২) = ৯$

$\therefore$ এসিডের পরিমান $(৬৩ \text{ এর } \frac{৭}{৯}) = ৪৯$ লি.

$\therefore$ পানির " $(৬৩ \text{ এর } \frac{২}{৯}) = ১৪$ লি.

৩৯. একটি খাসি ১,৫০০ টাকায় ক্রয় করে, ১৮০০ টাকায় বিক্রি করলে শতকরা লাভ কত?

ক. ১৬%　　খ. ১৮%
গ. ২০%　　ঘ. ২৫%

উত্তর✓ গ

শতকরা লাভ $= \frac{\text{বিক্রয়মূল্য} - \text{ক্রয়মূল্য}}{\text{ক্রয়মূল্য}} \times ১০০\%$

$= \frac{১৮০০ - ১৫০০}{১৫০০} \times ১০০$

$= \frac{৩০০}{১৫০০} \times ১০০$

$= ২০$ টাকা

৪০. একটি জিনিস ৫০ টাকায় কিনে ৬০ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?

ক. ১৫%　　খ. ২০%
গ. ২২%　　ঘ. ২৫%

উত্তর✓ খ

শতকরা লাভ $= \frac{\text{বিক্রয়মূল্য} - \text{ক্রয়মূল্য}}{\text{ক্রয়মূল্য}} \times ১০০\%$

$= \frac{৬০ - ৫০}{৫০} \times ১০০$


$= \frac{১০}{৫০} \times ১০০$

$= ২০$ টাকা

৪১. ১, ৩, ৫, ৭, ... ধারাটির অষ্টম পদ কত?

ক. ১৩　　খ. ১৫
গ. ১৭　　ঘ. ২০

উত্তর✓ খ



৪২. ১, ৩, ৪, ৭, ১১, ... ধারাটির পরবর্তী সংখ্যা কত?

ক. ৮　　খ. ১৪
গ. ১৮　　ঘ. ২৫

উত্তর✓ গ পর পর দুই পদ যোগ করে পরবর্তী সংখ্যা।

$\Rightarrow ৭ + ১১ = ১৮$

৪৩. কোনো পরীক্ষায় ৫২% পরীক্ষার্থী ইংরেজিতে এবং ৪২% পরীক্ষার্থী গণিতে ফেল করল। যদি উভয় বিষয়ে ১৭% ফেল করে থাকে, তবে কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে পাস করেছে?

ক. ২৩ জন　　খ. ২৪ জন
গ. ২৫ জন　　ঘ. ২৬ জন

উত্তর✓ ক শুধু ইংরেজিতে ফেল করে $(৫২ - ১৭)\% = ৩৫\%$
শুধু গণিতে " $(৪২ - ১৭)\% = ২৫\%$
ইংরেজি বা গণিতে বা উভয় বিষয়ে ফেল করে
$= (৩৫ + ২৫ + ১৭)\% = ৭৭\%$
উভয় বিষয়ে পাস করে $= (১০০ - ৭৭)\% = ২৩\%$

৪৪. একই চাপের উপর দণ্ডায়মান পরিধিস্থ কোণের পরিমাণ ৬৫° হলে কেন্দ্রস্থ কোণের পরিমাণ হবে–

ক. ১১৫°　　খ. ১২০°
গ. ১৩০°　　ঘ. ১৩৫°

উত্তর✓ গ একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণ পরিধিস্থ কোণের দ্বিগুণ।
∴ কেন্দ্রস্থ কোণ $= ৬৫ \times ২ = ১৩০°$

৪৫. সুষম বহুভুজের একটি অন্তঃকোণের পরিমাণ ১৪০° হলে বহুভুজটির বাহুর সংখ্যা হবে–

ক. ৬　　খ. ৮
গ. ৯　　ঘ. ১০

উত্তর✓ গ সুষম বহুভুজের বাহুর সংখ্যা n হলে

অন্তঃকোণ $= \frac{n-২}{n} \times ১৮০°$

$\Rightarrow ১৪০° = \frac{n-২}{n} \times ১৮০°$

$\Rightarrow \frac{১৪০}{১৮০} = \frac{n-২}{n}$

$\Rightarrow \frac{৭}{৯} = \frac{n-২}{n}$

$\Rightarrow ৯n - ১৮ = ৭n$

$\Rightarrow ৯n - ৭n = ১৮$

$\Rightarrow n = \frac{১৮}{২} = ৯$

৪৬. কোনটি পদার্থ নয়?

ক. আলো　　খ. অক্সিজেন
গ. নাইট্রোজেন　　ঘ. পানি

উত্তর✓ ক যার ওজন আছে, স্থান দখল করে তাকে পদার্থ বলে। আলো এক প্রকার শক্তি যা চোখে প্রবেশ করে দর্শনের অনুভূতি জন্মায়।

৪৭. কোন রঙের বস্তুর তাপ শোষণ ক্ষমতা বেশি?

ক. সাদা　　খ. কালো
গ. বেগুনি　　ঘ. লাল　　উত্তর খ

উত্তর✓ ক কালো রঙের বস্তুর তাপ শোষণ ক্ষমতা বেশি।

৪৮. ভূপৃষ্ঠে কোন ধাতু সবচেয়ে বেশি আছে?

ক. অ্যালুমিনিয়াম　　খ. তামা
গ. সিসা　　ঘ. দস্তা

উত্তর✓ ক ভূ-পৃষ্ঠে অ্যালুমিনিয়াম ধাতু বেশি। যার পরিমান ৮.১ %।

৪৯. কাচ তৈরির প্রধান কাঁচামাল হলো–

ক. চুনাপাথর　　খ. জিপসাম
গ. বালি　　ঘ. সাজি মাটি

উত্তর✓ গ কাচ তৈরির প্রধান উপাদান হচ্ছে বালি বা সিলিকা।

৫০. সালোকসংশ্লেষণ সবচেয়ে বেশি পরিমাণে হয়–

ক. সবুজ আলোতে　　খ. লাল আলোতে
গ. নীল আলোতে　　ঘ. বেগুনি আলোতে

উত্তর✓ খ লাল আলোতে ক্লোরোফিল বেশি সক্রিয় হয় বলে সালোকসংশ্লেষণ সবচেয়ে বেশি হয়।

৫১. জাতিসংঘ আন্তর্জাতিক নারী দিবস হিসেবে কোন দিনটিকে স্বীকৃতি দেয়?

ক. ৭ মার্চ　　খ. ৮ মার্চ
গ. ৯ মার্চ　　ঘ. ১০ মার্চ

উত্তর✓ খ ১৯১৪ সালের ৮ মার্চ থেকে বিশ্বের বিভিন্ন দেশে বেসরকারিভাবে নারী দিবস পালন শুরু হয়। ১৯৭৫ সালে জাতিসংঘ ৮ মার্চকে আন্তর্জাতিক স্বীকৃতি প্রদান করে। এর পর থেকেই সারা পৃথিবী জুড়ে পালিত হচ্ছে দিনটি, নারীর সমঅধিকার আদায়ের প্রত্যয় পুনর্ব্যক্ত করার অভীপ্সা নিয়ে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৫২. সিস্টোলিক চাপ বলতে বুঝায়–

ক. হৃৎপিণ্ডের সংকোচন চাপ

খ. হৃৎপিণ্ডের প্রসারণ চাপ

গ. হৃৎপিণ্ডের সংকোচন ও প্রসারণ চাপ

ঘ. কোনোটিই নয়

উত্তর✓ ক সিস্টোলিক চাপ বলতে হৃৎপিণ্ডের সংকোচন এবং হৃৎপিণ্ডের প্রসারণ চাপকে ডায়াস্টোলিক চাপ বলা হয়।

৫৩. কোনটি বায়ুবাহিত রোগ?

ক. ডায়রিয়া খ. কলেরা

গ. হাম ঘ. জন্ডিস

উত্তর✓ গ যে সব রোগের রোগজীবাণু বায়ুর মাধ্যমে ছড়ায় তাকে বায়ুবাহিত রোগ বলে। যেমন: হাম।

৫৪. নিউমোনিয়া রোগে আক্রান্ত হয় মানবদেহের–

ক. ফুসফুস খ. কিডনি

গ. যকৃত ঘ. প্লীহা

উত্তর✓ ক অত্যধিক ঠাণ্ডার কারণে নিউমোনিয়া হয়। নিউমোনিয়া হল ফুসফুসের প্রদাহ।

৫৫. 'রবিশস্য' বলতে কি বুঝায়?

ক. গ্রীষ্মকালীন শস্য খ. বর্ষাকালীন শস্য

গ. শীতকালীন শস্য ঘ. যে কোনো সময়ের শস্য

উত্তর✓ গ 'রবিশস্য' বলতে শীতকালীন শস্যকে বুঝায়। আশ্বিন থেকে ফাল্গুন মাস পর্যন্ত সময়কে রবি মৌসুমি বলে। প্রধান রবিশস্য হচ্ছে ফুলকপি, বাধাকপি, মুলা, গাজর, লাউ, শিম ইত্যাদি। 'খরিপ শস্য' বলতে গ্রীষ্মকালীন শস্যকে বুঝায়।

৫৬. নিচের কোন উক্তিটি সঠিক?

ক. বায়ু একটি যৌগিক পদার্থ খ. বায়ু একটি মৌলিক পদার্থ

গ. বায়ু একটি মিশ্র পদার্থ ঘ. উপরের কোনোটিই নয়

উত্তর✓ গ বায়ু একটি মিশ্র পদার্থ কারণ বায়ুতে বিভিন্ন মৌলিক ও যৌগিক পদার্থের উপস্থিতি রয়েছে। যেমন: অক্সিজেন, নাইট্রোজেন, কার্বনডাই অক্সাইড প্রভৃতি।

৫৭. সমুদ্রের গভীরতা মাপা হয় কোন যন্ত্র দিয়ে?

ক. ফ্যাদোমিটার খ. জাইরো কম্পাস

গ. সাবমেরিন ঘ. অ্যানিওমিটার

উত্তর✓ ক শব্দের প্রতিধ্বনির উপর নির্ভরশীল ফ্যাদোমিটার যন্ত্রের সাহায্যে সমুদ্রের গভীরতা মাপা হয়।

৫৮. উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্র–

ক. ক্রনোমিটার খ. ওডোমিটার

গ. ট্যাকোমিটার ঘ. ক্রেসকোগ্রাফ

উত্তর✓ গ উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্র হল ট্যাকোমিটার।

৫৯. কম্পিউটার একটি–

ক. হিসাবকারী যন্ত্র খ. সিদ্ধান্ত গ্রহণের যন্ত্র

গ. সমস্যা সমাধানের যন্ত্র ঘ. হিসাব পরীক্ষার যন্ত্র

উত্তর✓ ক কম্পিউটার একটি হিসাবকারী যন্ত্র। কিন্তু বর্তমানে কম্পিউটার আমরা জীবনের সর্বক্ষেত্রে ব্যবহার করছি।

৬০. যখন সূর্য ও পৃথিবীর মধ্যে চন্দ্র অবস্থান করে তখন হয়–

ক. সূর্যগ্রহণ খ. চন্দ্রগ্রহণ

গ. অমাবস্যা ঘ. কোনোটিই নয়

উত্তর✓ ক যখন সূর্য, চাঁদ ও পৃথিবী একই সরলরেখায় থাকে তখন সূর্যগ্রহণ হয়।

৬১. সূর্যকে কেন্দ্র করে ঘূর্ণায়মান জ্যোতিষ্কমণ্ডলীকে বলা হয়–

ক. নক্ষত্র খ. পৃথিবী

গ. সৌরজগৎ ঘ. বুধ

উত্তর✓ গ সূর্যকে কেন্দ্র করে ঘূর্ণায়মান জ্যোতিষ্ক মন্ডলীকে সৌরজগৎ বলে।

৬২. সৌরজগতের বৃহত্তম গ্রহ–

ক. পৃথিবী খ. বৃহস্পতি

গ. শনি ঘ. বুধ

উত্তর✓ খ সৌরজগতের বৃহত্তম গ্রহ বৃহস্পতি যাকে গ্রহরাজ বলা হয়। অপরদিকে ক্ষুদ্রতম গ্রহ হলো বুধ।

৬৩. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে?

ক. কামরুল হাসান খ. জয়নুল আবেদিন

গ. হাসেম খান ঘ. হামিদুর রহমান

উত্তর✓ ক শিব নারায়ণ দাস মানচিত্র খচিত বাংলাদেশের জাতীয় পতাকার প্রথম নকশা করেন ৬ জুন ১৯৭০ সালে। বাংলাদেশের বর্তমান জাতীয় পতাকা গৃহীত হয় ১৭ জানুয়ারি ১৯৭২ সালে। বর্তমান জাতীয় পতাকার রূপকার কামরুল হাসান। সংবিধানের ৪(২) নং অনুচ্ছেদে জাতীয় পতাকার সম্পর্কে বলা হয়েছে।

৬৪. বাংলাদেশের সবচেয়ে উত্তরের উপজেলা কোনটি?

ক. পঞ্চগড় খ. ঠাকুরগাঁও

গ. দিনাজপুর ঘ. লালমনিরহাট

উত্তর✓ ক বাংলাদেশের সর্ব উত্তরের জেলা পঞ্চগড়, সর্ব উত্তরের উপজেলা তেঁতুলিয়া, সর্ব উত্তরের ইউনিয়ন বাংলাবান্ধা এবং সর্ব উত্তরের স্থান জায়গীরজোত। সর্ব দক্ষিণের জেলা কক্সবাজার, সর্ব পশ্চিমের জেলা চাঁপাইনবাবগঞ্জ এবং সর্ব পূর্বের জেলা বান্দরবান।

৬৫. পদ্মা ও যমুনা কোথায় মিলিত হয়েছে?

ক. চাঁদপুর খ. সিরাজগঞ্জ

গ. গোয়ালন্দ ঘ. ভোলা

উত্তর✓ গ পদ্মা ও যমুনা মিলিত হয়েছে গোয়ালন্দ (রাজবাড়ী) এবং শিবালয়ে (মানিকগঞ্জ)। এই মিলিত ধারা পদ্মা নামে প্রবাহিত হয়ে চাঁদপুরে মেঘনা নদীর সাথে মিলিত হয়েছে। এই মিলিত ধারা মেঘনা নামে প্রবাহিত হয়ে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

৬৬. প্রাচীন পুণ্ড্রনগর কোথায় অবস্থিত?

ক. ময়নামতি খ. বিক্রমপুর

গ. মহাস্থানগড় ঘ. পাহাড়পুর

উত্তর✓ গ বাংলার প্রাচীনতম জনপদ পুণ্ড্র। পুণ্ড্র জনপদের রাজধানী ছিল পুণ্ড্রনগর বা পুণ্ড্রবর্ধন। পুণ্ড্রনগর বর্তমান বগুড়া জেলার মহাস্থানগড়ে করতোয়া নদীর পশ্চিম তীরে অবস্থিত।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৬৭. পৃথিবীর দ্বিতীয় দীর্ঘতম নদী–
ক. নীল খ. মিসিসিপি
গ. আমাজন ঘ. সেন্ট লরেন্স
উত্তর✓ গ পৃথিবীর দ্বিতীয় দীর্ঘতম নদী আমাজান দক্ষিণ আমেরিকা মহাদেশে অবস্থিত। এর দৈর্ঘ্য ৬৪৩৭ কিলোমিটার। পৃথিবীর দীর্ঘতম নদী নীল নদ আফ্রিকা মহাদেশে অবস্থিত। এই নদীর দৈর্ঘ্য ৬৮২৫ কিলোমিটার। মিসিসিপি-মিসৌরী পৃথিবীর চতুর্থ বৃহত্তম নদী যা উত্তর আমেরিকায় অবস্থিত। দৈর্ঘ্য ৬২৭০ কিলোমিটার। সেন্ট লরেন্স নদী উত্তর আমেরিকায় অবস্থিত, দৈর্ঘ্য ১১৯৭ কিলোমিটার।

৬৮. কয়লা উৎপাদনে বিশ্বে প্রথম–
ক. যুক্তরাষ্ট্র খ. ভারত
গ. অস্ট্রেলিয়া ঘ. চীন
উত্তর✓ ঘ কয়লা উৎপাদন, আমদানি এবং ব্যবহারে শীর্ষ দেশ চীন। কয়লা রপ্তানিতে শীর্ষ দেশ ইন্দোনেশিয়া।

৬৯. কেন্দ্রীয় শহিদ মিনারের স্থপতি–
ক. হামিদুর রহমান খ. হামিদুজ্জামান
গ. তানভীর কবির ঘ. অঙ্কার বাদল
উত্তর✓ ক কেন্দ্রীয় শহিদ মিনারের অবস্থান ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গণে। কেন্দ্রীয় শহিদ মিনারের ভিত্তিপ্রস্তর স্থাপিত হয় ১৯৫৬ সালের ফেব্রুয়ারি মাসে এবং উদ্বোধন করা হয় ২১ ফেব্রুয়ারি ১৯৬৩ সালে। কেন্দ্রীয় শহিদ মিনারের স্থপতি হামিদুর রহমান।

৭০. লালবাগ দুর্গের পূর্বনাম কি ছিল?
ক. জাহাঙ্গীর দুর্গ খ. আওরঙ্গবাদ দুর্গ
গ. আজম দুর্গ ঘ. পরিবিবির দুর্গ
উত্তর✓ খ লালবাগ কেল্লার আদিনাম আওরঙ্গবাদ দুর্গ। সম্রাট আওরঙ্গজেবের পুত্র শাহজাদা মোহাম্মদ আজম শাহ্ ১৬৭৮ সালে লালবাগ কেল্লা নির্মাণ কাজ শুরু করেন। নির্মাণ কাজ সমাপ্ত করেন শায়েস্তা খান।

৭১. সোনারগাঁও-এর পূর্ব নাম ছিল–
ক. চন্দ্রদ্বীপ খ. সুবর্ণগ্রাম
গ. সুধারাম ঘ. গৌড়
উত্তর✓ খ সোনারগাঁও নারায়ণগঞ্জ জেলায় অবস্থিত। সোনারগাঁও-এর প্রাচীন বা পূর্বনাম সুবর্ণগ্রাম। বাংলাদেশের একমাত্র লোকশিল্প জাদুঘর সোনারগাঁও-এ অবস্থিত। সোনারগাঁও নামকরণ করা হয় ঈশা খাঁর স্ত্রী সোনাবিবির নামানুসারে। এছাড়া সোনারগাঁও-এ গিয়াসউদ্দিন আজম শাহের কবর, পাঁচ পীরের মাজার অবস্থিত।

৭২. ঢাকার চকের মসজিদের নির্মাতা–
ক. মীর জুমলা খ. ইসলাম খান
গ. শায়েস্তা খান ঘ. মুরশীদ কুলি খান
উত্তর✓ গ চকবাজার শাহী মসজিদ ঢাকার চকবাজারে অবস্থিত একটি মোঘল স্থাপত্য। মোঘল সুবেদার শায়েস্তা খান ১৬৭৬ খ্রিস্টাব্দে মসজিদটি নির্মাণ করেন।

৭৩. অষ্টম শতাব্দীতে নির্মিত শালবন বিহার কোথায়?
ক. পাহাড়পুরে খ. নাটোরে
গ. ময়নামতিতে ঘ. রাঙ্গামাটিতে
উত্তর✓ গ শালবন বিহার কুমিল্লা জেলার ময়নামতিতে অবস্থিত। অষ্টম শতকে দেব বংশীয় রাজা শ্রী ভবদেব বিহারটি নির্মাণ করেন।

৭৪. এশিয়ার দীর্ঘতম নদী কোনটি?
ক. হোয়াংহো খ. ইয়াংসিকিয়াং
গ. গঙ্গা ঘ. সিন্ধু
উত্তর✓ খ ইয়াংসিকিয়াং বিশ্বের তৃতীয় দীর্ঘতম নদী এবং এশিয়ার দীর্ঘতম নদী। চীনে অবস্থিত ইয়াংসিকিয়াং নদীর দৈর্ঘ্য ৬৩৮০ কিলোমিটার। তিব্বতের মালভূমিতে উৎপন্ন হয়ে নদীটি পূর্ব চীন সাগরে পতিত হয়েছে।

৭৫. 'ভানুসিংহ' কার ছদ্মনাম–
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. সত্যেন্দ্রনাথ দত্ত
গ. প্রমথ চৌধুরী ঘ. টেকচাঁদ ঠাকুর
উত্তর✓ ক প্রখ্যাত সাহিত্যিকদের ছদ্মনাম :

প্রকৃত নাম	ছদ্মনাম	প্রকৃত নাম	ছদ্মনাম
কাজী নজরুল	ব্যাঙাচি	শরৎচন্দ্র	শ্রীকান্ত শর্মা
ড.মনিরুজ্জামান	হায়াৎ মামুদ	রোকনুজ্জামান খান	দাদা ভাই

৭৬. 'ফণি-মনসা' কাব্যের রচয়িতা কে?
ক. কাজী নজরুল ইসলাম
খ. আহসান হাবীব
গ. সিকানদার আবু জাফর
ঘ. হাসান হাফিজুর রহমান
উত্তর ক

৭৭. রক্তে কোলেস্টেরল-এর পরিমাণ বেড়ে গেলে কোনটি খাওয়া উচিত নয়?
ক. বেলে মাছ খ. পালংশাক
গ. খাসির মাংস ঘ. মুরগীর মাংস
উত্তর গ

৭৮. হালদা ভ্যালি কোথায় অবস্থিত?
ক. রাঙ্গামাটি খ. খাগড়াছড়ি
গ. বান্দরবান ঘ. সন্দ্বীপ
উত্তর✓ খ দুই পাহাড়ের মধ্যবর্তী প্রশস্ত সমতল ক্ষেত্র বা অসমতল ঢালু ক্ষেত্রকে উপত্যকা বা ভ্যালি বলে।

ভ্যালি	অবস্থান
হালদা ভ্যালি	খাগড়াছড়ি
ভেঙ্গী ভ্যালি	রাঙ্গামাটি
বলিশিয়া ভ্যালি	মৌলভিবাজার
সাজেক ভ্যালি	রাঙ্গামাটি
নাপিত খালি ভ্যালি	কক্সবাজার
সাঙ্গু ভ্যালি	চট্টগ্রাম
মাইনমুখী ভ্যালি	রাঙামাটি

৭৯. কোনটি এনামুল হকের রচনা?
ক. ভাষার ইতিবৃত্ত
খ. আধুনিক ভাষাতত্ত্ব
গ. মনীষা-মঞ্জুষা
ঘ. বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান
উত্তর গ

৮০. প্রেসার কুকারে পানির স্ফুটনাঙ্ক–
ক. কম হয় খ. বেশি হয়
গ. ঠিক থাকে ঘ. কোনোটিই নয়
উত্তর✓ খ প্রেসার কুকারে পানির স্ফুটনাঙ্ক বেশি হয়।



রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১১

সেট : ১
তারিখ : ০৯.১২.২০১১

[কোড : শাপলা]

সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল

রংপুর, নীলফামারী, খুলনা, সাতক্ষীরা, গাইবান্ধা, সিরাজগঞ্জ।

[দ্রষ্টব্য: সকল প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. কোন দেশটি ল্যাটিন আমেরিকার অন্তর্ভুক্ত নয়?

ক. ব্রাজিল　　খ. আর্জেন্টিনা
গ. পেরু　　ঘ. পানামা

উত্তর✓ ঘ ব্যাখ্যা ব্রাজিল, আর্জেন্টিনা ও পেরু দক্ষিণ আমেরিকা মহাদেশে অবস্থিত। দক্ষিণ আমেরিকায় স্বাধীন রাষ্ট্র ১২টি। পানামা উত্তর আমেরিকা মহাদেশের একটি দেশ।

০২. বাংলাদেশের বৃহত্তম স্থলবন্দর–

ক. সোনা মসজিদ　　খ. চট্টগ্রাম
গ. বেনাপোল　　ঘ. হিলি

উত্তর✓ গ ব্যাখ্যা বাংলাদেশের বৃহত্তম স্থলবন্দর বেনাপোল স্থলবন্দর যশোর জেলার শার্শা উপজেলায় অবস্থিত। এটিকে স্থলবন্দর ঘোষণা করা হয় ১২ জানুয়ারি ২০০২ সালে। বেনাপোলের বিপরীতে ভারতের পশ্চিমবঙ্গের পেট্রোপোল অবস্থিত।

০৩. 'ক্ষীয়মান' এর বিপরীত শব্দ কী?

ক. বৃহৎ　　খ. বর্ধিষ্ণু
গ. বর্ধমান　　ঘ. বৃদ্ধিপ্রাপ্ত

উত্তর✓ গ ব্যাখ্যা কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
বহুল	বিরল	বহাল	বরখাস্ত
বন্দনা	গঞ্জনা	বিধি	নিষেধ

০৪. ডেঙ্গু জ্বরের বাহক কোন মশা?

ক. এনোফিলিস　　খ. এডিস
গ. কিউলেক্স　　ঘ. সব ধরনের মশা

উত্তর✓ খ ব্যাখ্যা ডেঙ্গু জ্বর এডিস মশার মাধ্যমে ছড়িয়ে পড়ে। ডেঙ্গু জ্বরে রোগীর মাথা ব্যাথা, উচ্চ তাপমাত্রার জ্বর, মাংসপেশীতে মারাত্মক ব্যথা অনুভূত হয়ে থাকে।

০৫. স্বর্ণের খাদ বের করতে কোন এসিড ব্যবহার করা হয়?

ক. সাইট্রিক এসিড　　খ. নাইট্রিক এসিড
গ. হাইড্রোক্লোরিক এসিড　　ঘ. টারটারিক এসিড

উত্তর✓ খ ব্যাখ্যা নাইট্রিক এসিড যার রাসায়নিক সংকেত HNO_3 যা একুয়া কাটিস এবং সিপরিট অফ নাইটার নামে পরিচিত। স্বর্ণের খাদ বের করতে নাইট্রিক এসিড ব্যবহার করা হয়।

০৬. 'কাঁচি' কোন ধরনের শব্দ?

ক. আরবি　　খ. ফারসি
গ. হিন্দি　　ঘ. তুর্কি

উত্তর✓ ঘ ব্যাখ্যা কতিপয় গুরুত্বপূর্ণ তুর্কি শব্দ : কুর্নিশ, কুলি, পাঁচ, খোকা, চাকু, ঠাকুর, দাদা, বাবুর্চি, বাহাদুর, লাশ, মোগল, সওগাত, বাবা।

০৭. বাংলাদেশে প্রথম বেসরকারি ব্যাংক কোনটি?

ক. ন্যাশনাল ব্যাংক　　খ. আরব বাংলাদেশ ব্যাংক
গ. দি সিটি ব্যাংক　　ঘ. আইএফআইসি ব্যাংক

উত্তর✓ খ ব্যাখ্যা বাংলাদেশে প্রথম বেসরকারি ব্যাংক আরব-বাংলাদেশ (এবি) ব্যাংক। এবি ব্যাংক অনুমোদন পায় ১৯৮১ সালের ৩১ ডিসেম্বর এবং কার্যক্রম শুরু করে ১২ এপ্রিল ১৯৮২ সালে। ন্যাশনাল ব্যাংক, দি সিটি ব্যাংক, আইএফআইসি ব্যাংক ১৯৮৩ সালে প্রতিষ্ঠিত হয়। বর্তমানে বাংলাদেশে বেসরকারী ব্যাংক ৪৮টি।

০৮. বাংলাদেশের কোন স্থানটি বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের স্মৃতির সাথে জড়িত?

ক. চুরুলিয়া　　খ. দরিরামপুর
গ. শান্তিডাঙ্গা　　ঘ. কালীগঞ্জ　　উত্তর✓ খ

০৯. আনন্দবিহার কোথায়?

ক. রাজশাহীতে　　খ. মহাস্থানগড়
গ. ময়নামতি　　ঘ. পাহাড়পুর

উত্তর✓ গ ব্যাখ্যা আনন্দ বিহার কুমিল্লা জেলার ময়নামতিতে লালমাই পাহাড়ে অবস্থিত। ৭ম বা ৮ম শতকে শ্রী আনন্দদেব আনন্দ বিহার নির্মাণ করেন।

১০. ষাটগম্বুজ মসজিদ নির্মাণ করেন–

ক. হযরত শাহজালাল　　খ. পীর খান জাহান আলী
গ. হযরত আমানত শাহ　　ঘ. বায়েজিদ বোস্তামী

উত্তর✓ খ ব্যাখ্যা ষাট গম্বুজ মসজিদ বাগেরহাট জেলায় অবস্থিত। পীর খান জাহান আলী পঞ্চদশ শতাব্দীতে মসজিদটি নির্মাণ করেন। ষাট গম্বুজ মসজিদে মোট গম্বুজ রয়েছে ৮১টি।

১১. মহামুনি বিহার কোথায়?

ক. জামালপুরের দেওয়ানগঞ্জে　　খ. সিলেটের হবিগঞ্জে
গ. চট্টগ্রামের রাউজান　　ঘ. দিনাজপুরের ফুলবাড়ি

উত্তর✓ গ ব্যাখ্যা মহামুনি বিহার চট্টগ্রাম জেলার রাউজান উপজেলার পাহাড়তলী ইউনিয়নে অবস্থিত। ধারণা করা হয়, ১৮১৩ সালে পুণ্যাত্মা ভিক্ষু চাইংগা ঠাকুর গ্রামবাসীর সামগ্রিক সহায়তায় এই বিহারটি প্রতিষ্ঠা করেন।

১২. শাপলা চত্বরের স্থপতি–

ক. আজিজুল জলিল পাশা　　খ. নিতুন কুন্ডু
গ. শামীম শিকদার　　ঘ. মোস্তফা মনোয়ার

উত্তর✓ ক ব্যাখ্যা শাপলা চত্বর ঢাকার মতিঝিলে অবস্থিত। এর স্থপতি আজিজুল জলিল পাশা। এখানে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময়কালের একটি গণকবর চিহ্নিত হয়েছে।

১৩. পাট কোন দেশের প্রধান শিল্প?
ক. ভারত খ. মিশর
গ. বাংলাদেশ ঘ. যুক্তরাজ্য
উত্তর✓ গ বাংলাদেশের প্রধান শিল্প পাট। পাট বাংলাদেশের প্রধান অর্থকারী ফসল। বিশ্বে পাট উৎপাদনে শীর্ষ দেশ ভারত, বাংলাদেশ দ্বিতীয়। ভারতের প্রধান শিল্প কার্পাস বয়ন।

১৪. পৃথিবীর সবচেয়ে বেশি স্বর্ণ উত্তোলিত হয়–
ক. রাশিয়া খ. অস্ট্রেলিয়া
গ. দক্ষিণ আফ্রিকা ঘ. কানাডা
উত্তর✓ = সঠিক উত্তর নেই। বর্তমানে স্বর্ণ উৎপাদনে শীর্ষ দেশ চীন, অস্ট্রেলিয়া দ্বিতীয়, রাশিয়া তৃতীয়, যুক্তরাষ্ট্র চতুর্থ এবং কানাডা পঞ্চম।

১৫. উত্তর আমেরিকাকে দক্ষিণ আমেরিকার সাথে যুক্ত করেছে–
ক. বেরিং প্রণালি খ. পানামা যোজক
গ. গ্রেট লেকস্ ঘ. ফ্লোরিডা প্রণালি
উত্তর✓ খ উত্তর আমেরিকাকে দক্ষিণ আমেরিকা থেকে পৃথক করেছে পানামা খাল। পানামা খাল সংযুক্ত করেছে আটলান্টিক এবং প্রশান্ত মহাসাগরকে। বেরিং প্রণালি সংযুক্ত করেছে উত্তর সাগর ও বেরিং সাগরকে। ফ্লোরিডা প্রণালি সংযুক্ত করেছে মেক্সিকো উপসাগর ও আটলান্টিক মহাসাগরকে।

১৬. যমুনা নদী কোথায় পতিত আছে?
ক. পদ্মা খ. বুড়িগঙ্গা
গ. ব্রহ্মপুত্র ঘ. মেঘনা
উত্তর✓ ক যমুনা নদী শিবালয় (মানিকগঞ্জ) ও গোয়ালন্দ (রাজবাড়ি) তে পদ্মা নদীর সাথে মিলিত হয়েছে। এই মিলিত ধারা পদ্মা নামে প্রবাহিত হয়ে চাঁদপুরে মেঘনা নদীর সাথে মিলিত হয়েছে। মিলিত ধারা মেঘনা নাম ধারণ করে প্রবাহিত হয়ে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

১৭. নিম্নলিখিত কোনটির উপর বাংলাদেশ অবস্থিত?
ক. ট্রপিক অব ক্যাপিকর্ন খ. ট্রপিক অব ক্যানসার
গ. ইকুয়েটর ঘ. আর্কটিক সার্কেল
উত্তর✓ খ ট্রপিক অব ক্যানসারের অর্থ হলো কর্কটক্রান্তি রেখা যা বাংলাদেশের মধ্যভাগ দিয়ে গেছে।

১৮. স্বাধীনতা যুদ্ধের সময় বাংলাদেশ কতগুলো সেক্টরে বিভক্ত ছিল?
ক. ১৯টি খ. ৯টি
গ. ৮টি ঘ. ১১টি
উত্তর✓ ঘ ১৯৭১ সালের ১১ জুলাই মুক্তিযুদ্ধের সেনাপতি এম এ জি ওসমানী সমগ্র বাংলাদেশকে যুদ্ধের সুবিধার্থে ১১টি সেক্টরে বিভক্ত করেন। সাবসেক্টর ছিল ৬৪টি।

১৯. ভূমিকম্পের কম্পনের বেগ সর্বাপেক্ষা বেশি–
ক. কেন্দ্রে খ. উপকেন্দ্রে
গ. ভূ-অভ্যন্তরে ঘ. উপকেন্দ্রের চারপাশে
উত্তর✓ খ আগ্নেয়গিরি, শিলাচ্যুতি, পাহাড়ধ্বস প্রভৃতির কারণে ভূ-আলোড়ন ঘটে। এই ভূ-আলোড়নই হল ভূমিকম্প। ভূমিকম্পের কম্পনের বেগ উপকেন্দ্রে সবচেয়ে বেশি।

২০. পৃথিবীর নিকটতম গ্রহ–
ক. শুক্র খ. বৃহস্পতি
গ. বুধ ঘ. মঙ্গল
উত্তর✓ ক পৃথিবীর নিকটতম গ্রহ হলো শুক্র। এটি সন্ধ্যার আকাশে সন্ধ্যাতারা ও ভোরের আকাশে শুকতারা হিসেবে দেখি।

২১. কচুরিপানা পানিতে ভাসে–
ক. শিকড় লম্বা বলে খ. কাণ্ড ফাঁপা বলে
গ. পাতাগুলো ছড়ানো বলে ঘ. সবগুলোই ঠিক
উত্তর✓ খ কাণ্ড ফাঁপা থাকার কারণে কচুরিপানা পানিতে ভাসে। এর আদি নিবাস দক্ষিণ আমেরিকায়।

২২. নিচের কোনটিকে কম্পিউটারের মস্তিষ্ক বলা হয়–
ক. নির্গমন মুখ খ. যুক্তি বর্তনী
গ. স্মৃতি ঘ. কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ
উত্তর✓ ঘ কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ ইউনিট হল কম্পিউটারের মস্তিষ্ক। যেখানে তথ্য প্রক্রিয়াজাত হয়।

২৩. "হয় রওনা হও, নতুবা গাড়িতে ওঠ"- এটি কোন ধরনের বাক্য?
ক. সরল বাক্য খ. যৌগিক বাক্য
গ. জটিল বাক্য ঘ. মিশ্র বাক্য উত্তর✓ খ

২৪. সূর্যে শক্তি উৎপন্ন হয়–
ক. পরমাণুর ফিশন পদ্ধতিতে খ. পরমাণুর ফিউশন পদ্ধতিতে
গ. রাসায়নিক বিক্রিয়ার ফলে ঘ. তেজস্ক্রিয়তার ফলে
উত্তর✓ খ যে প্রক্রিয়ায় একাধিক হালকা নিউক্লিয়াস একত্রিত হয়ে অপেক্ষাকৃত ভারী নিউক্লিয়াস গঠন করে এবং অত্যধিক শক্তি নির্গত হয় তাকে নিউক্লীয় ফিউশন বলে। পরমাণুর ফিউশন পদ্ধতিতে সূর্যে শক্তি উৎপন্ন হয়।

২৫. বৈদ্যুতিক পাখা ধীরে ধীরে ঘুরলে বিদ্যুৎ খরচ–
ক. কম হয় খ. বেশি হয়
গ. একই হয় ঘ. খুব কম হয়
উত্তর✓ গ রেগুলেটরের মাধ্যমে বৈদ্যুতিক পাখায় বিদ্যুৎ সরবরাহ নিয়ন্ত্রণ করা হয়। সব সময় বিদ্যুৎ সরবারহ একই থাকে। তাই বৈদ্যুতিক পাখা ধীরে ঘুরলেও খরচ একই হয়।

২৬. মিয়ানমার ও বাংলাদেশকে বিভক্তকারী নদীর নাম কি?
ক. কর্ণফুলি খ. নাফ
গ. মাতামুহুরী ঘ. সাঙ্গু
উত্তর✓ খ কক্সবাজারের টেকনাফে বাংলাদেশ ও মিয়ানমারকে পৃথক করেছে নাফ নদী। নাফ নদীর দৈর্ঘ্য ৬৪ কিলোমিটার। সর্বাধিক প্রস্থ ১৫৫০ মিটার। নাফ নদী প্রবাহিত হয়েছে বান্দরবান ও কক্সবাজার জেলায় এবং পতিত হয়েছে বঙ্গোপসাগরে।

২৭. নাড়ির স্পন্দন প্রবাহিত হয়–
ক. ধমনির ভিতর দিয়ে খ. শিরার ভিতর দিয়ে
গ. স্নায়ুর ভিতর দিয়ে ঘ. ল্যাকটিয়ালের ভিতর দিয়ে
উত্তর✓ ক যেসব রক্তনালির মাধ্যমে রক্ত হৃদপিণ্ড থেকে দেহের বিভিন্ন অংশে বাহিত হয়, তাকে ধমনি বলে। ধমনির ভিতর দিয়ে নাড়ির স্পন্দন প্রবাহিত হয়।

২৮. মানুষের ক্রোমোসোমের সংখ্যা কত?

ক. ২০ জোড়া　　খ. ২১ জোড়া
গ. ২২ জোড়া　　ঘ. ২৩ জোড়া

উত্তর✓ ঘ　ক্রোমোসোম হল বংশগতির বৈশিষ্ট্যের ধারক ও বাহক। মানুষের ক্রোমোসোমের সংখ্যা ২৩ জোড়া। এর মধ্যে ২২ জোড়া অটোসোম এবং এক জোড়া সেক্স ক্রোমোসোম।

২৯. কোনটি অপুষ্পক উদ্ভিদ নয়?

ক. ক্লোরেলা　　খ. শিমুল
গ. নস্টক　　ঘ. ব্যাঙের ছাতা

উত্তর✓ খ　যেসব উদ্ভিদ নিজেই নিজের খাদ্য উৎপাদন করে তাকে সপুষ্পক উদ্ভিদ বলে। যেমন- শিমুল, অপরদিকে যারা নিজের খাদ্য নিজেরা তৈরি করে না, তা অপুষ্পক উদ্ভিদ। যেমন- ব্যাঙের ছাতা, ক্লোরেলা।

৩০. ভূমির অবস্থা ও গঠন সময়ের হিসেবে বাংলাদেশের ভূমিরূপকে কয় ভাগে ভাগ করা হয়?

ক. দুই ভাগ　　খ. তিন ভাগ
গ. চার ভাগ　　ঘ. পাঁচ ভাগ

উত্তর✓ খ　ভূমির অবস্থা ও গঠন সময়ের হিসেবে বাংলাদেশের ভূমিরূপকে তিন ভাগে ভাগ করা হয়।
১. টারশিয়ারি যুগের পাহাড়সমূহ।
২. প্লাইস্টোসিনকালের সোপানসমূহ।
৩. সাম্প্রতিককালের প্লাবন সমভূমি।

৩১. কচুশাক বিশেষভাবে মূল্যবান যে উপাদানের জন্য–

ক. ভিটামিন এ　　খ. ভিটামিন সি
গ. লৌহ　　ঘ. ক্যালসিয়াম

উত্তর✓ গ　লৌহ রক্তের একটি প্রধান উপাদান। এর প্রধান কাজ হিমোগ্লোবিন গঠনে সহায়তা করা। কচুশাক, নটেশাক, নিম পাতা প্রভৃতি লৌহের প্রধান উৎস।

৩২. নাইট্রোজেন গ্যাস থেকে কোন সার প্রস্তুত করা হয়?

ক. সবুজ সার　　খ. পটাশ
গ. টিএসপি　　ঘ. ইউরিয়া

উত্তর✓ ঘ　নাইট্রোজেন গ্যাসকে বিশেষ প্রক্রিয়ায় অ্যামোনিয়ায়, এরপর অ্যামোনিয়া থেকে ইউরিয়া সার তৈরি করা হয়।

৩৩. সংকর ধাতু ব্রোঞ্জের উপাদান হলো–

ক. তামা ও লোহা　　খ. টিন ও দস্তা
গ. তামা ও টিন　　ঘ. লোহা ও দস্তা

উত্তর✓ গ

সংকর ধাতু	উপাদান
পিতল	তামা+ দস্তা
ব্রোঞ্জ	তামা+ টিন।

৩৪. কোন রঙের আলোর বিচ্যুতি সবচেয়ে কম?

ক. লাল　　খ. হলুদ
গ. বেগুনি　　ঘ. নীল

উত্তর✓ ক　যে আলোর তরঙ্গদৈর্ঘ্য বেশি, তার বিচ্যুতি সবচেয়ে কম। লাল আলোর তরঙ্গদৈর্ঘ্য বেশি বলে এর বিচ্যুতি কম।

৩৫. কত তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি?

ক. ০° সেলসিয়াম　　খ. ৪° সেলসিয়াস
গ. ৬° সেলসিয়াস　　ঘ. ৭° সেলসিয়াস

উত্তর✓ খ　৪° সেলসিয়াস তাপমাত্রায় পানি ব্যতিক্রমী প্রসারণ ঘটে। এই তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি।

৩৬. আট বাহুবিশিষ্ট সুষম বহুভুজের একটি বহিঃস্থ কোণের পরিমাণ হবে–

ক. ৪৫°　　খ. ৬০°
গ. ৮০°　　ঘ. ১০০°


উত্তর✓ ক　বহিঃস্থ কোণের পরিমাণ $= \frac{৩৬০^\circ}{n} = \frac{৩৬০^\circ}{৮} = ৪৫^\circ$

৩৭. ত্রিভুজের যে কোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখা তৃতীয় বাহুর–

ক. সমান হবে　　খ. দ্বিগুণ হবে
গ. অর্ধেক হবে　　ঘ. এক তৃতীয়াংশ হবে

উত্তর✓ গ　ত্রিভুজের যে কোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখা তৃতীয় বাহুর অর্ধেক হবে।

এখানে, $EF = \frac{1}{2} BC$



৩৮. কোন পরীক্ষায় ৪০% পরীক্ষার্থী ইংরেজিতে, ২৫% গণিতে এবং ১৫% পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করেছে। কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে পাস করেছে?


ক. ৩০　　খ. ৩৫
গ. ৪০　　ঘ. ৫০

উত্তর✓ ঘ　শুধু ইংরেজিতে ফেল করে $(৪০ - ১৫)\% = ২৫\%$
শুধু গণিতে ফেল করে $(২৫-১৫)\% = ১০\%$
ইংরেজি বা গনিত বা উভয় বিষয়ে ফেল করে
$(২৫ + ১০ + ১৫)\% = ৫০\%$
∴ উভয় বিষয়ে পাশ করে ৫০ %

৩৯. ১, ৪, ১৩, ৪০, ... ধারাটির পরবর্তী পদ কত?

ক. ৩৯　　খ. ৮১
গ. ১২১　　ঘ. ৩৬৩


উত্তর✓ গ



৪০. ২, ৬, ১০, ১৪, ... ধারাটির ৭ম পদ কত?

ক. ২২　　খ. ২৬
গ. ২৮　　ঘ. ৩০

উত্তর✓ খ



৪১. একটি জিনিস ৫৬০ টাকায় বিক্রয় করায় ১২% লাভ হলো। জিনিসটির ক্রয়মূল্য কত?

ক. ৫০০ টাকা
খ. ৫১২ টাকা
গ. ৫২০ টাকা
ঘ. ৫২৫ টাকা

উত্তর✓ ক ব্যাখ্যা ক্রয় মূল্য $= \frac{১০০ \times \text{বিক্রয়মূল্য}}{১০০ + \text{লাভ}}$

$= \frac{১০০ \times ৫৬০}{১০০ + ১২}$

$= \frac{১০০ \times ৫৬০}{১১২}$

$= ৫০০$ টাকা

৪২. একটি জিনিস ২৫০ টাকায় ক্রয় করে ২৮০ টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ হবে?

ক. ১০%
খ. ১২%
গ. ১৫%
ঘ. ২০%

উত্তর✓ খ ব্যাখ্যা শতকরা লাভ $= \frac{\text{বিক্রয়মূল্য-ক্রয়মূল্য}}{\text{ক্রয়মূল্য}} \times ১০০$

$= \frac{২৮০-২৫০}{২৫০} \times ১০০$

$= \frac{৩০}{২৫০} \times ১০০$

$= ১২$ টাকা

৪৩. ৬৪ কে ৭ ঃ ৮ অনুপাতে হ্রাস করলে নতুন সংখ্যা হবে–

ক. ৫৪
খ. ৫৬
গ. ৫৮
ঘ. ৬০

উত্তর✓ খ ব্যাখ্যা ধরি, নতুন সংখ্যা x

প্রশ্নমতে, $x ঃ ৬৪ = ৭ ঃ ৮$

$\Rightarrow \frac{x}{৬৪} = \frac{৭}{৮}$

$\Rightarrow x = \frac{৭ \times ৬৪}{৮}$

$\therefore x = ৫৬$

৪৪. দুটি রাশির অনুপাত ৭ ঃ ১২। উত্তর রাশি ৯৬ হলে পূর্ব রাশি কত?

ক. ৪৯
খ. ৫৪
গ. ৫৬
ঘ. ৬০

উত্তর✓ গ ব্যাখ্যা প্রশ্নমতে, পূর্ব রাশি ঃ ৯৬ = ৭ ঃ ১২

$\Rightarrow \frac{\text{পূর্ব রাশি}}{৯৬} = \frac{৭}{১২}$

$\Rightarrow \text{পূর্ব রাশি} = \frac{৭ \times ৯৬}{১২} = ৫৬$

৪৫. পিতা ও দুই পুত্রের বয়সের গড় ২০ বছর। ২ বছর পূর্বে দুই পুত্রের বয়সের গড় ছিল ১২ বছর। পিতার বর্তমান বয়স কত?

ক. ২৬ বছর
খ. ২৮ বছর
গ. ৩০ বছর
ঘ. ৩২ বছর

উত্তর✓ ঘ ব্যাখ্যা ২ বছর পর বর্তমানে দুই পুত্রের বয়সের গড় $= ১২ + ২ = ১৪$

বর্তমানে দুই পুত্রের মোট বয়স $(১৪ \times ২) = ২৮$ বছর

পিতা ও দুই পুত্রের মোট বয়স $(২০ \times ২) = ৬০$ বছর

$\therefore$ পিতার বর্তমান বয়স $(৬০ - ২৮) = ৩২$ বছর।

৪৬. ৯ জন ছাত্রের গড় বয়স ১৫ বছর। ৩ জন ছাত্রের বয়সের গড় ১৭ বছর হলে বাকি ৬ জন ছাত্রের বয়সের গড় কত?

ক. ১৪ বছর
খ. ১৫ বছর
গ. ১৬ বছর
ঘ. ১৭ বছর

উত্তর✓ ক ব্যাখ্যা ৯ জন ছাত্রের মোট বয়স $(১৫ \times ৯) = ১৩৫$ বছর

৩ জন ছাত্রের মোট বয়স $(৩ \times ১৭) = ৫১$ বছর

$\therefore$ ৬ জন ছাত্রের মোট বয়স $(১৩৫-৫১) = ৮৪$ বছর

$\therefore$ ৬ জন ছাত্রের বয়সের গড় $= \frac{৮৪}{৬}$ বছর

$= ১৪$ বছর

৪৭. একজন কৃষকের ৪০টি গরুর জন্য ৩৫ দিনের খাদ্য মজুদ আছে। তিনি আরো ১০টি গরু ক্রয় করলে ঐ খাদ্যে কত দিন চলবে?

ক. ২০ দিন
খ. ২৪ দিন
গ. ২৬ দিন
ঘ. ২৮ দিন

উত্তর✓ ঘ ব্যাখ্যা ৪০ টি গরুর খাদ্য আছে ৩৫ দিনের

১ টি গরুর খাদ্য আছে ৩৫×৪০

৫০ টি গরুর খাদ্য আছে $\frac{৩৫ \times ৪০}{৫০} = ২৮$ দিন

৪৮. ৫৬ জন শ্রমিক একটি কাজ ২১ দিনে শেষ করতে পারে। ১৪ দিনে কাজটি শেষ করতে হলে নতুন কত জন শ্রমিক নিয়োগ করতে হবে?

ক. ২৪ জন
খ. ২৬ জন
গ. ২৮ জন
ঘ. ৩০ জন

উত্তর✓ গ ব্যাখ্যা ২১ দিনে করতে পারে ৫৬ জন শ্রমিক

১ " " " ৫৬×২১ " "

১৪ " " " $\frac{৫৬ \times ২১}{১৪}$ " "

$= ৮৪$ জন শ্রমিক

$\therefore$ অতিরিক্ত শ্রমিক লাগবে $= (৮৪ - ৫৬)$ জন $= ২৮$ জন।

৪৯. $x - \frac{1}{x} = 7$ হলে $x^2 + \frac{1}{x^2}$ এর মান কত?

ক. 49
খ. 50
গ. 51
ঘ. 52

উত্তর✓ গ ব্যাখ্যা $x^2 + \frac{1}{x^2} = \left(x - \frac{1}{x}\right)^2 + 2.x.\frac{1}{x}$

$= 7^2 + 2$

$= 49 + 2 = 51$

৫০. $a + b = 5, ab = 4$ হলে $(a - b)$ এর মান কত?

ক. 41
খ. 33
গ. 9
ঘ. 17

উত্তর✓ Blank ব্যাখ্যা $(a - b)^2 = (a + b)^2 - 4ab$

$= 5^2 - 4.4$

$= 25 - 16$

$= \sqrt{9} = \pm 3$

$\therefore (a - b) = \sqrt{9} = \pm 3$

প্রশ্নে উত্তর ভুল আছে।

৬৮. 'অগত্যা যাত্রা' বাগ্‌ধারাটির অর্থ কী?

ক. শুরু করা
খ. তাড়াতাড়ি শেষ করা
গ. বিশ্রাম করা
ঘ. শেষ বিদায়

উত্তর✓ ঘ কয়েকটি গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : আমড়াগাছি করা (অযথা তোষামোদ করা), চর্বিতচর্বণ (পুনরাবৃত্তি), রামগরুড়ের ছানা (গোমড়ামুখো ব্যক্তি), খয়ের খাঁ (চাটুকার), খেজুরে আলাপ (অকাজের কথা)।

৬৯. 'আকস্মিক' এর বিপরীতার্থক শব্দ কোনটি?

ক. হঠাৎ
খ. চিরন্তন
গ. তিরোভাব
ঘ. স্থির

উত্তর✓ খ কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
আহূত	অনাহূত	আদৃত	অনাদৃত
আবিল	অনাবিল	আবাহন	বিসর্জন
আকুঞ্চন	প্রসারণ	আকর্ষণ	বিকর্ষণ

৭০. 'ঊর্মি' শব্দের সমার্থক শব্দ কোনটি?

ক. ঢেউ
খ. সোজা
গ. অসংহত
ঘ. ঋজু

উত্তর✓ ক 'ঢেউ' এর কতিপয় সমার্থক শব্দ : তরঙ্গ, ঊর্মি, কল্লোল, হিল্লোল, বীচি, লহর, লহরী, মউজ, উৎকলিকা, মহাতরঙ্গ, উল্লোল, মহোর্মি, জলতরঙ্গ, জলকল্লোল।

৭১. 'বিচ্ছিন্ন' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

ক. বিচ + ছিন্ন
খ. বি + ছিন্ন
গ. বিৎ + চ্ছিন্ন
ঘ. বিৎ + ছিন্ন

উত্তর✓ খ স্বরধ্বনির পর ছ থাকলে, উক্ত ছ ধ্বনি 'চ্ছ' হয়ে যায়। যেমন :

মুখ + ছবি = মুখচ্ছবি	কথা + ছলে = কথাচ্ছলে
আ + ছাদন = আচ্ছাদন	বি + ছেদ = বিচ্ছেদ
এক + ছত্র = একচ্ছত্র	তরু + ছায়া = তরুচ্ছায়া

৭২. 'ছায়াশীতল' কোন সমাস (ছায়া দ্বারা শীতল)?

ক. তৎপুরুষ
খ. বহুব্রীহি
গ. কর্মধারয়
ঘ. দ্বিগু

উত্তর✓ ক পূর্বপদে তৃতীয়া বিভক্তির (দ্বারা, দিয়া, কর্তৃক ইত্যাদি) লোপে যে সমাস হয়, তাকে তৃতীয়া তৎপুরুষ সমাস বলে। যথা : মন দিয়ে গড়া = মনগড়া, শ্রম দ্বারা লব্ধ = শ্রমলব্ধ, মধু দিয়ে মাখা = মধুমাখা, ধন দ্বারা আঢ্য = ধনাঢ্য।

৭৩. 'হারামণি' কোন সমাস (হারিয়েছে যে মণি)?

ক. তৎপুরুষ
খ. কর্মধারয়
গ. বহুব্রীহি
ঘ. অব্যয়ীভাব

উত্তর✓ খ যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। যেমন : নীল যে আকাশ = নীলাকাশ।

৭৪. পড়াশোনায় মন দাও। নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি?

ক. কর্তা ৭মী
খ. কর্মে ৭মী
গ. অপাদানে শূন্য
ঘ. অধিকরণে ৭মী

উত্তর✓ ঘ ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। যেমন : কাননে কুসুমকলি সকলি ফুটিল।

৭৫. গাড়ি স্টেশন ছাড়ল। নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি?

ক. কর্তায় শূন্য
খ. কর্মে শূন্য
গ. অপাদানে শূন্য
ঘ. অধিকরণে শূন্য

উত্তর✓ গ যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমন : পাপে বিরত হও।

৭৬. কোনটি শুদ্ধ বানান?

ক. নিশীথিনী
খ. নিশিথিনি
গ. নিশীথিনী
ঘ. নিশীথীণী

উত্তর✓ গ কতিপয় শুদ্ধ বানান : সান্ত্বনা, শ্রদ্ধাঞ্জলি, সংবলিত, সান্ত্বনা, সন্দিহান, সহযোগিতা, স্বায়ত্তশাসন, সরস্বতী, স্বোপার্জিত, সংবর্ধনা, সমীচীন, স্নেহাশিস।

৭৭. কোন বানানটি শুদ্ধ?

ক. জ্ঞানভুসিত
খ. জ্ঞাণভুষি
গ. জ্ঞানভূষিত
ঘ. জ্ঞাণভুসিত

উত্তর✓ গ কতিপয় শুদ্ধ বানান : বহিরিন্দ্রিয়, বিভীষিকা, বাল্মীকি, বৈয়াকরণ, বুদ্ধিজীবী, ভবিষ্যদ্বাণী, ভুবনভুলানো, মুহূর্ত, মনঃপুত, মনোমোহন, মনস্তত্ত্ব, মহত্ত্ব, মুহূর্ত, ম্যাজিস্ট্র্যাট, মুমূর্ষু।

৭৮. 'কবর' নাটকটির রচয়িতা কে?

ক. হুমায়ূন আহমেদ
খ. মুনীর চৌধুরী
গ. জিয়া হায়দার
ঘ. মামুনুর রশীদ

উত্তর✓ খ ভাষা আন্দোলনের উপর প্রথম রচিত নাটক মুনীর চৌধুরীর (১৯২৫-৭১) 'কবর' (১৯৫৩)। যা ঢাকা জেলে বসে রচিত ও রাজবন্দিদের দ্বারা অভিনীত হয়।

৭৯. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত 'পথের পাঁচালী' একটি-

ক. নাটক
খ. ভ্রমণ কাহিনি
গ. গল্প
ঘ. উপন্যাস

উত্তর✓ ঘ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের (১৮৯৪-১৯৫০) অন্যান্য উপন্যাস : পথের পাঁচালী (১৯২৯), অপরাজিত (১৯৩১), দৃষ্টি প্রদীপ (১৯৩৫), আরণ্যক (১৯৩৮), আদর্শ হিন্দু হোটেল (১৯৪০), ইছামতি (১৯৮৯), অশনি সংকেত (১৯৫৯) প্রভৃতি।

৮০. বাপের বাড়িতে যাইবার কালে কহিত ধরিয়া পা "আমারে দেখিতে যাইও কিন্তু উজান-তলীর গাঁ।" পঙ্‌ক্তিটির রচয়িতা কে?

ক. জসীমউদ্‌দীন
খ. আবদুল কাদির
গ. সত্যেন্দ্রনাথ দত্ত
ঘ. নবীনচন্দ্র সেন

উত্তর✓ ক পঙ্‌ক্তিটি জসীমউদ্‌দীনের 'কবর' কবিতার অন্তর্ভুক্ত।



৩৭

রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১১

সেট : ১ | [কোড : গোলাপ] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ০৯.১২.২০১১ | পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল
হবিগঞ্জ, ঠাকুরগাঁও, পঞ্চগড়, সিলেট, মৌলভীবাজার, দিনাজপুর, লালমনিরহাট, মাগুরা, যশোর, নড়াইল।

[দ্রষ্টব্য: সকল প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. দেহকোষের পুনরুজ্জীবন ঘটানোর জন্য প্রয়োজন–
ক. কার্বোহাইড্রেড খ. প্রোটিন
গ. স্নেহদ্রব্য ঘ. কোনোটিই নয়
উত্তর✓ খ [illegible] কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন ও নাইট্রোজেন-এ চারটি পদার্থের সমন্বয়ে আমিষ গঠিত। দেহকোষ গঠনে আমিষ অপরিহার্য। দেহকোষের গঠনবস্তুর বেশির ভাগই প্রোটিনযুক্ত। প্রোটিন দেহ কোষের পুনরুজ্জীবন ঘটানোর জন্য প্রয়োজন।

০২. কোন উদ্ভিদের কাণ্ড রূপান্তরিত হয়ে পাতার কাজ করে?
ক. ফণীমনসা খ. পাথরকুচি
গ. ফার্ন ঘ. আদা
উত্তর✓ ক [illegible] ফণীমনসা কন্টকযুক্ত, চ্যাপ্টা ও ডিম্বাকৃতির উদ্ভিদ। এর কান্ড রূপান্তরিত হয়ে পাতার কাজ করে।

০৩. সবচেয়ে শক্ত বস্তু কোনটি?
ক. গ্রানাইট পাথর খ. পিতল
গ. ইস্পাত ঘ. হীরা
উত্তর✓ ঘ [illegible] কার্বনের একটি রূপভেদ হলো হীরা। এটি কাটতে অসংখ্য সমযোজী বন্ধন ছিন্ন করতে হয় বলে হীরা অত্যন্ত শক্ত।

০৪. কোন রঙের কাপে চা তাড়াতাড়ি ঠাণ্ডা হয়?
ক. সাদা খ. লাল
গ. কালো ঘ. ধূসর
উত্তর✓ গ [illegible] কালো রঙের তাপ শোষণ ক্ষমতা বেশি হওয়ার কারণে কালো রঙের চায়ের কাপে চা তাড়াতাড়ি ঠান্ডা হয়।

০৫. পানির খরতার কারণ–
ক. ক্যালসিয়াম বাইকার্বনেট লবণ খ. ক্যালসিয়াম ক্লোরাইড লবণ
গ. ক্যালসিয়াম সালফেট লবণ ঘ. ক্যালসিয়াম কার্বনেট লবণ
উত্তর✓ ক [illegible] যে পানিতে সাবানের ফেনা উৎপন্ন হয় না তাকে খর পানি বলে। খর পানিতে ক্যালসিয়াম সালফেট, ক্লোরাইড ও বাই কার্বনেট, ম্যাগনিসিয়াম ক্লোরাইড প্রভৃতি লবণ মিশ্রিত থাকে।

০৬. ভূপৃষ্ঠে কোন ধাতু সবচেয়ে বেশি আছে?
ক. কপার খ. এলুমিনিয়াম
গ. জিংক ঘ. লৌহ
উত্তর ঘ

০৭. এমএস ওয়ার্ড এ কোনো কিছু কপি করতে হলে কি-বোর্ডে কমান্ড বাটন হচ্ছে-
ক. Shift + Copy খ. Shift + Alter + C
গ. Alt + G ঘ. Ctrl + C
উত্তর ঘ

০৮. 'জগিস' একটি-
ক. কাব্যগ্রন্থ খ. উপন্যাস
গ. নাটক ঘ. গল্প সংকলন
উত্তর গ

০৯. 'হাজার বছর ধরে' রচনাটি কার?
ক. মুনীর চৌধুরী খ. জহির রায়হান
গ. মোতাহের হোসেন চৌধুরী ঘ. প্রমথ চৌধুরী
উত্তর খ

১০. 'ছায়াহরিণ' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?
ক. আহসান হাবীব খ. ফররুখ আহমদ
গ. শামসুর রাহমান ঘ. সুকান্ত ভট্টাচার্য
উত্তর ক

১১. পাশাপাশি দুটি ধ্বনি বা বর্ণের মিলনকে কী বলে?
ক. উপসর্গ খ. অনুসর্গ
গ. সমাস ঘ. সন্ধি
উত্তর✓ ঘ [illegible] সন্ধি শব্দের অর্থ 'মিলন'। পরস্পর সন্নিহিত দুটি ধ্বনি মিলিত হয়ে এক ধ্বনিতে রূপান্তরিত হওয়াকে সন্ধি বলে। যেমন: মরু + উদ্যান = মরূদ্যান, শশ + অঙ্ক = শশাঙ্ক।

১২. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. বাল্মিকী খ. বাল্মিকি
গ. বাল্মীকি ঘ. বাল্মীকী
উত্তর✓ গ [illegible] কতিপয় শুদ্ধ বানান : অক্ষুণ্ন, অধ্যবসায়, উর্ধ্ব, অত্যন্ত, আকাঙ্ক্ষা, আষাঢ়, অমাবস্যা, ঈদৃশ, উজ্জ্বল, উত্তীর্ণ, উদ্বাস্তু, এতদ্ব্যতীত, ঐকতান, কৃচ্ছ্র, কুজ্ঝটিকা।

১৩. কোনটি বহুব্রীহি সমাস?
ক. সুপুরুষ খ. দশানন
গ. সাদাকালো ঘ. চৌরাস্তা
উত্তর✓ খ [illegible] যে সমাসে সমস্যমান পদগুলোর কোনোটির অর্থ না বুঝিয়ে, অন্য কোনো অর্থ বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন : দশ আনন আছে যার = দশানন। এখানে 'দশ' বা 'আনন' কোনোটির অর্থ না বুঝিয়ে লঙ্কার রাজা রাবণের দশটি মাথাকে নির্দেশ করা হয়েছে।

১৪. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. শারীরিক খ. শারিরীক
গ. শারিরিক ঘ. শারীরীক
উত্তর✓ ক [illegible] কতিপয় শুদ্ধ বানান : ভর্ৎসনা, মন্ত্রিত্ব, মনীষী, মনঃক্ষুণ্ন, মাহাত্ম্য, মনুষ্যত্ব, রেজিস্ট্রার, স্টেডিয়াম, সরস্বতী, সত্রীক, সংবর্ধনা, স্বাচ্ছন্দ্য, সুষ্ঠু, সূচিপত্র, সমীপবর্তিনী, সার্থক।

১৫. নিচের কোনটি নিত্য সমাস?
ক. ভালমন্দ খ. বেয়াদব
গ. পঞ্চনদ ঘ. দেশান্তর
উত্তর✓ ঘ [illegible] যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না, তাকে নিত্য সমাস বলে। যেমন: অন্য দেশ = দেশান্তর, অন্য গ্রাম = গ্রামান্তর, অন্য গৃহ = গৃহান্তর।

১৯. 'মূল বিষয় জানি কথা' বাক্যের 'মূলে' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তৃকারকে ১মী
খ. সম্প্রদান কারকে ৭মী
গ. কর্তৃকারকে ৭মী
ঘ. কর্তৃকারকে ১মী

উত্তর: ঘ কারকটির যে বিশেষ যে সম্পর্কে পদ ক্রিয়া সম্পন্ন করে বা ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক যেমন- মুকুন্দরাম মূল জন্ম আগে কবি যে মুকুন্দরাম কবে এল, হয় আগে এই

২০. 'আকাশ পাতাল পড়ে বিস্তর মিলিবে' 'আকাশ পাতাল' কোন কারকে কোন বিভক্তি?
ক. অধিকরণে ৭মী
খ. অধিকরণে ৫মী
গ. অপাদানে ৭মী
ঘ. অপাদানে ৫মী

উত্তর: খ যেমন সম্পাদনের জন্য (সময়) এবং অবস্থানে অধিকরণ কারক হয়ে যেমন অবস্থান (স্থান) অবধি যেমন মূল্য কবি (সময়) প্রকাশে ৭মী হয়

২১. 'যে ব্যক্তি এক মন, মনের কথা মনে ঠিক করে, তাহার' এক কথায়-
ক. মনুষ্য
খ. মন্ত্রণা
গ. মনোনীত
ঘ. অবিমৃষ্যকারী

উত্তর: ঘ অভিধেয় এক কথায় প্রকাশ অবিমৃষ্য বা অবিমৃষ্য- বিবেচনা, অবধারণ বহু- বুদ্ধির, অবিমৃষ্য জ্ঞান যেমন বুদ্ধি- অবধারণ, অবধারণ বিশেষীত- প্রত্যাবাহ, অবিমৃষ্য কাজ হয়েছে যেমন- অবিমৃষ্য

২২. 'অবাধে যাহার আনাগোনা করা হয়' এক কথায়-
ক. অন্তঃপাতন
খ. অনধিগম্য
গ. অন্তর্ভেদিনশক্তিহীন
ঘ. অনধিগম্য

উত্তর: ঘ অভিধেয় এক কথায় প্রকাশ অবাধে পড়ে হয়েছে যা- অনধিগম্য, অধিগম্য অর্থের যেমন- প্রবেশ, অনধিগম্য যেমন একজন- অনাহার, অনধিগম্য বেশ্য যেমন যে- অন্তর্ভেদিনী

২৩. 'পাঞ্জরিকা প্রথম' এর ঠিক অর্থ কোনটি?
ক. সব-কম হওয়া
খ. সবচেয়ে প্রথমেই হওয়া
গ. মাত্র মনুষ্যের
ঘ. কোনোটিই নয়

উত্তর: খ গুরুত্বপূর্ণ অভিধেয় বাক্যাংশ যাকাতার অবধি (অতি প্রাচীন কাল), পাশ্চাত্যে পৌরাণিক (প্রথম সৌভাগ্য), ইলাবাদে (বেলা), চিরে (অতীত কাল), হরিষে আত্মা (অবশেষ বন্ধু)

২৪. 'আকাশ' এর প্রতিশব্দ নয় কোনটি?
ক. অম্বর
খ. বাহি
গ. পাবক
ঘ. অভ্র

উত্তর: গ 'আকাশ' ও 'অভ্র' এর অন্যান্য প্রতিশব্দ:

আকাশ	আহ্লি, ইতিহাস, পাবক, অর্ণব, বিতস্তু, অর্ণবি, ব্যোমান, হুতাশন, হুমায়ি, বাহি
অভ্র	ভ্রূণ, হুরন, পাবি, মন, বহু, হাত

২৫. 'চন্দন' এর বিপরীতার্থক শব্দ-
ক. ক্লান্ত
খ. পঙ্কীর
গ. অলৌকিক
ঘ. অবাস্তব

উত্তর: ঘ অভিধেয় বিপরীত শব্দ:

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
চন্দন	অহিতে	দুঃখ	পঙ্কীর
চিন্তা	মৃত্যু অচেতন	চেতন	অভ্র
চড়াই	উৎরাই	ঠেকা	হাত হাঁকা

২৬. কোনো একটি বই ১০ টাকায় বিক্রি করলে ২০% কমে হয় তত টাকা বিক্রি করলে ৯০% কত হবে?
ক. ১৫ টাকা
খ. ১৮ টাকা
গ. ১৯ টাকা
ঘ. ২০ টাকা

উত্তর:

২৭. কোনো একটি সমন্বিত ক্রমমূল্য বাজার দরের ১০% বেশি তত শতাংশ কাজ বা কমতি হবে?
ক. ১ % কম
খ. ১ % কমতি
গ. ১২ % কম
ঘ. ১২ % কমতি

উত্তর: খ যেন কোন, সমন্বিত বাজার দর ১০০ টাকা
সমন্বিত ক্রমমূল্য ১০ টাকা

$$\text{শতকরা কম} = \frac{\text{ক্রয়মূল্য} - \text{ক্রমমূল্য}}{\text{ক্রয়মূল্য}} \times ১০০$$

$$= \frac{১০০ - ৯০}{১০০} \times ১০০$$

$$= \frac{১০}{১০০} \times ১০০$$

$$= ১০ \text{ টাকা}$$

২৮. ১ হতে ১৯ পর্যন্ত ক্রমিক সংখ্যাগুলোর যোগফল কত?
ক. ১৯০
খ. ১৯০.৫
গ. ১৯
ঘ. ১৯০

উত্তর: ঘ ১ হতে ১৯ পর্যন্ত ক্রমিক সংখ্যার সমষ্টি

$$= \frac{n(n+১)}{২}$$

$$= \frac{১৯(১৯+১)}{২}$$

$$= ১৯ \times ১০$$

$$\therefore ১ \text{ হতে } ১৯ \text{ পর্যন্ত ক্রমিক সংখ্যাগুলোর যোগফল} = \frac{১৯ \times ২০}{২} = ১০$$

২৯. কোনো ক্লাসে ২০ জন ছাত্রীর বয়সের গড় ১২ বছর ১ জন নতুন ছাত্রী ভর্তি হওয়ায় তাদের বয়সের গড় ১ বছর কমে গেল নতুন ১ জন ছাত্রীর বয়স কত?
ক. ১ বছর
খ. ১ বছর
গ. ১২ বছর
ঘ. ১১ বছর

উত্তর: গ ২০ জনের মোট বয়স $(২০ \times ১২) = ২৪০$ বছর
১ জন ভর্তি হওয়ায় তাদের বয়সের গড় ১ বছর কমে গেল তাদের বয়সের গড় $= ১২ - \frac{১}{২০} = \frac{২৫}{২}$ বছর

২১ জন ছাত্রীর মোট বয়স $= \frac{২৫}{২} \times ২১ = ২৬২$ বছর

১ জন ছাত্রীর মোট বয়স $= (২৬০ - ২৪২) = ১২$ বছর

$\therefore$ ১ জন ছাত্রীর গড় বয়স $= \frac{১২}{১} = ১২$ বছর

৩১. কোনো ত্রিভুজের কিন কোনের ত্রি-সমদ্বিখণ্ড যে বিন্দুতে মিলিত হয় তাকে কি বলে?
ক. অন্তঃকেন্দ্র
খ. অন্তঃকেন্দ্র
গ. পরিকেন্দ্র
ঘ. অন্তঃকেন্দ্র

উত্তর: ঘ ত্রিভুজের কিন কোনের সমদ্বিখণ্ডকের বিপরীত বিন্দুতে ত্রি ত্রিভুজের অন্তঃকেন্দ্র হয়



২৮. কোন ক্ষেত্রটি সামন্তরিক নয়?

ক. রম্বস　　খ. বর্গক্ষেত্র
গ. আয়তক্ষেত্র　　ঘ. ট্রাপিজিয়াম

উত্তর✓ ঘ ট্রাপিজিয়ামের দুইটি বিপরীত বাহু পরস্পর সমান্তরাল। কিন্তু আর দু'টি বিপরীত বাহু পরস্পর অসমান্তরাল। তাই ট্রাপিজিয়াম সমান্তরিক না।

২৯. $9a^2 + 16b^2$ রাশিটির সাথে নিচের কোনটি যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে?

ক. 12ab　　খ. 24ab
গ. 36ab　　ঘ. 144ab

উত্তর✓ খ $9a^2 + 16b^2$
$= (3a)^2 + (4b)^2 + 2.3a.4b - 2.3a.4b$
$= (3a + 4b)^2 - 24ab$
∴ প্রদত্ত রাশিটির সাথে 24ab যোগ করলে যোগফল পূর্ণ বর্গ হবে।

৩০. p -এর মান কত হলে $4x^2 - px + 9$ একটি পূর্ণবর্গ হবে?

ক. 12　　খ. 16
গ. 10　　ঘ. 9

উত্তর✓ ক $4x^2 - px + 9 = (2x)^2 - 2.2x.3 + 3^2 + 12x - Px$
$= (2x - 3)^2 + 12x - px$
প্রদত্ত রাশিটি পূর্ণবর্গ হলে, $12x - px = 0$ হবে।
∴ $12x - px = 0$
$\Rightarrow px = 12x$
∴ $p = 12$

৩১. কোনো পুস্তকের ৯৬ পৃষ্ঠা পড়বার পরেও তার $\frac{৫}{১৩}$ অংশ পড়তে বাকি থাকলে পুস্তকটির মোট পৃষ্ঠা সংখ্যা কত?

ক. ১৮৫ পৃষ্ঠা　　খ. ১৫৬ পৃষ্ঠা
গ. ২৫০ পৃষ্ঠা　　ঘ ৩২০ পৃষ্ঠা

উত্তর✓ খ $\left(১ - \frac{৫}{১৩}\right)$ বা $\frac{৮}{১৩}$ অংশ = ৯৬ পৃষ্ঠা

১ বা সম্পূর্ণ $= \frac{৯৬ \times ১৩}{৮}$
$= ১৫৬$ পৃষ্ঠা

৩২. এক খণ্ড জমির $\frac{৩}{৮}$ অংশের মূল্য ৩৭৫ টাকা হলে ঐ জমির $\frac{১}{৫}$ অংশের দাম কত?

ক. ৩২৫ টাকা　　খ. ২৫০ টাকা
গ. ২০০ টাকা　　ঘ. ৪০০ টাকা

উত্তর✓ গ $\frac{৩}{৮}$ অংশের মূল্য ৩৭৫ টাকা

১ অংশের মূল্য $= \frac{৩৭৫ \times ৮}{৩}$ টাকা

∴ $\frac{১}{৫}$ অংশের মূল্য $\frac{৩৭৫ \times ৮}{৩ \times ৫} = ২০০$ টাকা

৩৩. কয়লার দাম ২৫% বৃদ্ধি পেয়েছে। কোনো পরিবার যদি কয়লার জন্য মাসিক খরচ অপরিবর্তিত রাখতে চায়, তবে কয়লার ব্যবহারের পরিমাণ শতকরা কত হারে কমাতে হবে?

ক. ২২%　　খ. ১৯%
গ. ১০%　　ঘ. ২০%

উত্তর✓ ঘ ব্যবহার কমাতে হবে $= \frac{r}{১০০ + r} \times ১০০\%$

$= \frac{২৫}{১০০ + ২৫} \times ১০০\%$

$= \frac{২৫}{১২৫} \times ১০০\%$

$= ২০\%$

৩৪. ১৬:২৫ অনুপাতের উভয় পদ থেকে কত বিয়োগ করলে অনুপাতের মান $\frac{১}{২}$ হবে?

ক. ১৩　　খ. ১১
গ. ৭　　ঘ. ২

উত্তর✓ গ ধরি, x বিয়োগ করতে হবে
শর্তমতে, $১৬ - x : ২৫ - x = \frac{১}{২}$

$\Rightarrow \frac{১৬ - x}{২৫ - x} = \frac{১}{২}$
$\Rightarrow ৩২ - ২x = ২৫ - x$
$\Rightarrow -২x + x = ২৫ - ৩২$
$\Rightarrow -x = -৭$
$x = ৭$

৩৫. ২ বছর আগে বাবার বয়স পুত্রের বয়সের 14 গুণ। দুই বছর বাদে বাবার বয়স পুত্রের বয়সের চেয়ে 26 বছর বেশি হয়, তবে বাবা ও পুত্রের বয়সের অনুপাত কত হবে?


ক. 15 : 2　　খ. 3 : 6
গ. 1 : 4　　ঘ. কোনোটিই নয়

উত্তর✓ ক মনে করি, পিতার বয়স x এবং পুত্রের বয়স y বছর
∴ $x + 2 = y + 2 + 26$
$x + 2 = y + 28$
$\Rightarrow x = y + 28 - 2$
$\Rightarrow x = y + 26$
আবার, $x - 2 = 14(y - 2)$
$\Rightarrow x - 2 = 14y - 28$
$\Rightarrow y + 26 - 2 = 14y - 28$
$\Rightarrow y + 24 = 14y - 28$
$\Rightarrow y - 14y = -28 - 24$
$\Rightarrow -13y = -52$
$y = \frac{52}{13}$
$y = 4$
∴ $x = 4 + 26 = 30$
∴ $x : y = 30 : 4$
$= 15 : 2$

৩৬. ৩, ৬, ১১, ১৮, ২৭ এর পরবর্তী সংখ্যাটি কত?

ক. ৩৫ খ. ৩৮
গ. ৪২ ঘ. ৪৮

উত্তর✓ খ ব্যবধান



৩৭. নিম্নের ক্রমটির পরবর্তী সংখ্যা কত? ৫, ১৪, ৪০, ১১৭,....

ক. ২৮০ খ. ৩০০
গ. ৩৪৭ ঘ. ৩৫১

উত্তর✓ গ $৫ \times ৩ - ১ = ১৪$
$১৪ \times ৩ - ২ = ৪০$
$৪০ \times ৩ - ৩ = ১১৭$
$১১৭ \times ৩ - ৪ = ৩৪৭$

৩৮. পৃথিবীর সবচাইতে বড় মহাসাগর-

ক. অ্যান্টার্কটিক খ. আটলান্টিক
গ. প্রশান্ত ঘ. ভারত

উত্তর✓ গ পৃথিবীর বৃহত্তম মহাসাগর প্রশান্ত মহাসাগর। আয়তন ১৫,৫৫,৫৭,০০০ বর্গ কিলোমিটার। পর্তুগিজ অভিযাত্রী ফার্দিনান্দ ম্যাজেলান প্রশান্ত মহাসাগরের নাম দেন প্যাসিফিক। প্যাসিফিক শব্দের অর্থ শান্ত। এই মহাসাগরের আকৃতি বৃহদাকার ত্রিভুজের মত। মারিয়ানা ট্রেঞ্চ ও গ্রেট বেরিয়ার রীফ প্রশান্ত মহাসাগরে অবস্থিত।

৩৯. কোনটি 'পিংক সিটি' নামে পরিচিত?

ক. টোকিও খ. দিল্লি
গ. বেইজিং ঘ. জয়পুর

উত্তর✓ ঘ জয়পুর ভারতের রাজস্থান রাজ্যের বৃহত্তম শহর ও রাজধানী। এটি 'পিংক সিটি' বা 'গোলাপী শহর' নামে পরিচিত। জয়পুর শহর প্রতিষ্ঠা করেন দ্বিতীয় জয় সিংহ। তার নামানুসারেই জয়পুর নামকরণ করা হয়।

৪০. সৌরজগতের বৃহত্তম গ্রহ–

ক. বৃহস্পতি খ. বুধ
গ. শনি ঘ. পৃথিবী উত্তর ক

৪১. পৃথিবী থেকে উপরে উঠলে মাধ্যাকর্ষণ বল–

ক. অপরিবর্তিত থাকে খ. কমে যায়
গ. বেশি হয় ঘ. প্রথমে কমে, পরে বাড়ে উত্তর খ

৪২. ধ্রুবতারা দেখা যায়–

ক. পূর্ব গোলার্ধে খ. পশ্চিম গোলার্ধে
গ. উত্তর গোলার্ধে ঘ. সব গোলার্ধে উত্তর গ

৪৩. হ্যালির ধূমকেতু আবির্ভূত হয়–

ক. প্রতি একশত বছর পর পর খ. আশি বছর পর পর
গ. দুইশত বছর পর পর ঘ. ছিয়াত্তর বছর পর পর

উত্তর✓ ঘ হ্যালির ধূমকেতু প্রতি ৭৫-৭৬ বছর পর পর আকাশে দৃশ্যমান হয়। ইংরেজ জ্যোতির্বিজ্ঞানী এডমন্ড হ্যালির নামানুসারে এর নামকরণ করা হয়েছে। ১৯৮৬ সালে সর্বশেষ এ ধূমকেতু দেখা গিয়েছিল। ২০৬১ সালে এটি আবার পৃথিবীর আকাশে দেখা যাবে।

৪৪. চট্টগ্রাম গ্রীষ্মকালে দিনাজপুর অপেক্ষা শীতল ও শীতকালে উষ্ণ থাকে–

ক. মৌসুমি বায়ুর প্রভাবে খ. সামুদ্রিক বায়ুর প্রভাবে
গ. স্থল বায়ুর প্রভাবে ঘ. আয়ন বায়ুর প্রভাবে উত্তর খ

৪৫. উপকূলে কোনো একটি স্থানে পর পর দুটি জোয়ারের মধ্যে ব্যবধান হলো–

ক. প্রায় ১২ ঘণ্টা খ. প্রায় ২৪ ঘণ্টা
গ. প্রায় ৬ ঘণ্টা ঘ. চাঁদের তিথি অনুসারে ভিন্ন উত্তর ক

৪৬. কোনটিকে বলা হয় 'নিশীথ সূর্যের দেশ'?

ক. সুইডেন খ. ফ্রান্স
গ. নরওয়ে ঘ. কোনোটিই নয়

উত্তর✓ গ নরওয়ে উত্তর মেরুতে অবস্থিত হওয়ায় মে থেকে জুলাই মাস পর্যন্ত সূর্য অস্ত না গিয়ে সবসময়ই আকাশ আলোকিত রাখে, অর্থাৎ এ সময় এখানে সূর্য কখনো সম্পূর্ণ অস্তমিত হয় না। তাই নরওয়েকে নিশীথ সূর্যের দেশ বলা হয়। বিপরীতে নভেম্বর থেকে জানুয়ারি সূর্য ওঠেই না।

৪৭. কোন ভিটামিনের অভাবে 'রাতকানা' রোগ হয়?

ক. ভিটামিন 'ই' খ. ভিটামিন 'এ'
গ. ভিটামিন 'বি' ঘ. ভিটামিন 'ডি' উত্তর খ

৪৮. বাংলাদেশের বছরের দীর্ঘতম দিন–

ক. ২২ জুলাই খ. ২০ জুন
গ. ২২ জুন ঘ. ২১ জুন

উত্তর✓ ঘ বাংলাদেশ উত্তর গোলার্ধে অবস্থিত। উত্তর গোলার্ধে সবচেয়ে বড় দিন ২১ জুন এবং সবচেয়ে ছোট দিন ২২ ডিসেম্বর। দক্ষিণ গোলার্ধে সবচেয়ে বড় দিন ২২ ডিসেম্বর এবং সবচেয়ে ছোট দিন ২১ জুন। ২১ মার্চ ও ২৩ সেপ্টেম্বর সর্বত্র দিনরাত্রি সমান থাকে।

৪৯. কোন জেলা তুলা চাষের জন্য সবচেয়ে বেশি উপযোগী?

ক. যশোর খ. রংপুর
গ. রাজশাহী ঘ. ফরিদপুর

উত্তর✓ ক তুলা চাষের জন্য সবচেয়ে বেশি উপযোগী যশোর জেলা। পাট চাষের জন্য সবচেয়ে বেশি উপযোগী ফরিদপুর জেলা। ভুট্টা ও তামাক চাষের জন্য উপযোগী রংপুর জেলা এবং রেশম চাষের জন্য সবচেয়ে উপযোগী রাজশাহী জেলা।

৫০. মহাস্থানগড় কোন নদীর তীরে অবস্থিত?

ক. মহানন্দা খ. করতোয়া
গ. ব্রহ্মপুত্র ঘ. যমুনা

উত্তর✓ খ মহাস্থানগড় বগুড়া জেলায় করতোয়া নদীর পশ্চিম তীরে অবস্থিত। মহাস্থানগড়ে বাংলাদেশের প্রাচীন জনপদ পুণ্ড্রের রাজধানী পুণ্ড্রনগর অবস্থিত।

৫১. 'Remove' শব্দটির Noun–

ক. Removing খ. Remove
গ. Removal ঘ. Re-movement

উত্তর✓ গ Remove + al (suffix) → removal (N)

৫২. 'Full' শব্দটির verb–

ক. Filled খ. Fulfilment
গ. Full ঘ. Fill

উত্তর✓ ঘ Full (পূর্ণ) → Fill (পূর্ণ করা)।

৬৮. আন্তর্জাতিক পরিবেশ দিবস পালিত হয়–

ক. ৭ জুলাই খ. ৯ মার্চ
গ. ৫ জুন ঘ. ২১ মে

উত্তর✓ গ ব্যাখ্যা পরিবেশ বিষয়ক জাতিসংঘের প্রথম সম্মেলন 'জাতিসংঘ মানব পরিবেশ সম্মেলন' অনুষ্ঠিত হয় ৫-১৬ জুন ১৯৭২ সালে সুইডেনের স্টকহোমে। ৫ জুন সম্মেলনটি শুরু হওয়ায় দিনটিকে স্মরণীয় করে রাখার জন্য জাতিসংঘ ৫ জুন 'বিশ্ব পরিবেশ দিবস' ঘোষণা করে।

৬৯. পূর্ব ইউরোপের দেশ নয়–

ক. রুমানিয়া খ. পর্তুগাল
গ. হাঙ্গেরী ঘ. আলবেনিয়া

উত্তর✓ খ,গ ব্যাখ্যা ইউরোপ পৃথিবীর পঞ্চম বৃহত্তম মহাদেশ। ইউরোপে স্বাধীন দেশের সংখ্যা ৪৮ টি। রোমানিয়া ও হাঙ্গেরী পূর্ব ইউরোপের দেশ। আলবেনিয়া ও পর্তুগাল দক্ষিণ ইউরোপে অবস্থিত।

৭০. মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য সমগ্র বাংলাদেশকে কয়টি অঞ্চলে ভাগ করা হয়েছিল?

ক. ১১টি খ. ১২টি
গ. ১৩টি ঘ. ৯টি

উত্তর✓ ক ব্যাখ্যা বাংলাদেশের মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি এম এ জি ওসমানী। তিনি ১৯৭১ সালে ১১ জুলাই সমগ্র বাংলাদেশকে ১১টি সেক্টরে বিভক্ত করেন। প্রতি সেক্টরে সেক্টর কমান্ডার নিয়োগ করেন। সাব-সেক্টর ছিলো মোট ৬৪টি।

৭১. কমনওয়েলথ গেমস শুরু হয় কত বছর পর পর?

ক. ২ বছর খ. ৩ বছর
গ. ৪ বছর ঘ. ৫ বছর

উত্তর✓ গ ব্যাখ্যা প্রথম কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হয় ১৯৩০ সালে কানাডায়। ৪ বছর পর পর এই গেমস অনুষ্ঠিত হয়। ২০তম কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হয় ২০১৮ সালে অস্ট্রেলিয়ায়।

৭২. বাংলাদেশের কোন নেতা কলকাতা করপোরেশনের মেয়র ছিলেন?

ক. মাওলানা আবদুল হামিদ খান ভাসানী
খ. শের-এ বাংলা এ কে ফজলুল হক
গ. হোসেন শহীদ সোহরাওয়ার্দী
ঘ. এদের কেউই নন

উত্তর✓ খ ব্যাখ্যা শের-এ বাংলা আবুল কাশেম ফজলুল হক বরিশালের সাতুরিয়ায় জন্মগ্রহণ করেন ১৮৭৩ সালের '১৬ অক্টোবর। তিনি কলকাতা কর্পোরেশনের মেয়র নির্বাচিত হন ১৯৩৫ সালে। এ কে ফজলুল হক অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী। মুখ্যমন্ত্রী হন ১ এপ্রিল ১৯৩৭ সালে। তিনি ঋণ সালিশি আইন, প্রজাস্বত্ব আইন এবং মহাজনি প্রথা বাতিল আইনের প্রবর্তক। ২৭ এপ্রিল ১৯৬২ সালে এ কে ফজলুল হক মারা যান।

৭৩. কতজন নারী বীর প্রতীক খেতাবে ভূষিত হয়েছেন?

ক. ৫ জন খ. ৪ জন
গ. ৩ জন ঘ. ২ জন

উত্তর✓ ঘ ব্যাখ্যা ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে বীরত্বের জন্য ২ জন নারী বীর প্রতীক খেতাবে ভূষিত হয়েছেন। ক্যাপ্টেন ডা. সেতারা বেগম এবং তারামন বিবি। ডা. সেতারা বেগম ২নং সেক্টরে এবং তারামন বিবি ১১ নং সেক্টরে যুদ্ধ করেছেন। তাদের খেতাব নম্বর যথাক্রমে ১৫ ও ৩৯৪।

৭৪. 'আইএমএফ' এর সদর দফতর কোথায় অবস্থিত?

ক. ওয়াশিংটন ডিসি খ. নিউইয়র্ক
গ. জেনেভা ঘ. লন্ডন

উত্তর✓ ক ব্যাখ্যা International Monetary Fund (IMF) প্রতিষ্ঠিত হয় ১৯৪৪ সালের জুলাই মাসে যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ারের ব্রেটন উডসের মাউন্ট ওয়াশিংটন হোটেলে অনুষ্ঠিত ৪৫ টি দেশের প্রতিনিধিদের অংশগ্রহণে গৃহীত চুক্তির মাধ্যমে। IMF কার্যক্রম শুরু করে ১ মার্চ ১৯৪৭ সালে। IMF এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে অবস্থিত। বর্তমান সদস্য দেশ ১৮৯ টি।

৭৫. নিচের কোনটি গ্রিন হাউজ গ্যাস?

ক. অক্সিজেন খ. নাইট্রোজেন
গ. কার্বন ডাই-অক্সাইড ঘ. হিলিয়াম

উত্তর✓ গ ব্যাখ্যা গ্রীন হাউজ গ্যাস সমূহ হল ঃ কার্বন ডাই অক্সাইড, সিএফসি, মিথেন, নাইট্রাস অক্সাইড প্রভৃতি।

৭৬. ইতিহাস বিখ্যাত 'ট্রয় নগরী' কোথায়?

ক. ইতালিতে খ. গ্রিসে
গ. তুরস্কে ঘ. স্পেনে

উত্তর✓ গ ব্যাখ্যা ট্রয় একটি কিংবদন্তির শহর যাকে কেন্দ্র করে বিখ্যাত ট্রয় যুদ্ধ সংঘটিত হয়েছিলো। ট্রয় নগরী বর্তমান তুরস্কের আনাতোলিয়া অঞ্চলের হিলারসিক নামক স্থানে অবস্থিত। ১৮৬৫ সালে ইংরেজ প্রত্নতত্ত্ববিদ ফ্রানক কার্লভার্ট সর্বপ্রথম ট্রয় নগরীর সন্ধান পান। খনন কাজ শুরু হয় ১৮৭০ সালে। ১৯৯৮ সালে এই প্রত্নতাত্ত্বিক নিদর্শন ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্যবাহী স্থানের তালিকায় অন্তর্ভুক্ত হয়।

৭৭. চট্টগ্রামের অস্ত্রাগার লুণ্ঠিত হয় কোন সালে?

ক. ১৯১১ সালে খ. ১৯১৫ সালে
গ. ১৯২১ সালে ঘ. ১৯৩০ সালে

উত্তর✓ ঘ ব্যাখ্যা সূর্যকুমার সেন ২২ মার্চ ১৮৯৪ সালে চট্টগ্রামের রাউজানে জন্মগ্রহণ করেন। তিনি মাস্টারদা সূর্যসেন নামে সমধিক পরিচিত। তিনি ভারতবর্ষের ব্রিটিশ বিরোধী স্বাধীনতা আন্দোলনের অন্যতম নেতা ছিলেন। তার নেতৃত্বে চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠীত হয় ১৮ এপ্রিল ১৯৩০ সালে। ১৯৩৩ সালের ১৬ ফেব্রুয়ারি সূর্যসেন গ্রেপ্তার হন। ১৯৩৪ সালের ১২ জানুয়ারি মধ্যরাতে মাস্টারদা সূর্যসেন এর ফাঁসি কার্যকর করা হয়।

৭৮. যখন কোনো বস্তুকে বিষুবরেখা থেকে মেরুতে নেওয়া হয় তখন তার ওজন-

ক. বাড়ে খ. কমে
গ. অর্ধেক হয় ঘ. একই থাকে উত্তর ক

৭৯. কোন মশার কামড়ে ডেঙ্গু জ্বর হয়?

ক. এনোফিলিস খ. এডিস
গ. কিউলেক্স ঘ. স্ত্রী এনোফিলিস

উত্তর✓ খ ব্যাখ্যা এডিস মশার কামড়ে ডেঙ্গু জ্বর হয়। অত্যধিক মাথাব্যাথা, মাংসপেশীতে ব্যাথাসহ অন্যান্য উপসর্গ দেখা যায় ডেঙ্গু জ্বর হলে।

৮০. সমুদ্রপৃষ্ঠে বায়ুর স্বাভাবিক চাপ-

ক. ৭৭ সে.মি. খ. ৭.৬ সে.মি.
গ. ৭২ সে.মি. ঘ. ৭৬ সে.মি. উত্তর ঘ

১৪. 'I have to do it'-এর passive form–

ক. It has to be done by me.
খ. It is to be done by me.
গ. Let it be done by me.
ঘ. It has to be done to me.

উত্তর✓ ক ব্যাখ্যা Active voice এর বাক্যে মূল Verb এর পূর্বে 'have/has + to' ব্যবহৃত হলে Passive voice এ রূপান্তরের সময় উহা পরিবর্তিত হয়ে 'have to/has to + be' (Person অনুযায়ী) হবে এবং মূল verb এর Past Participle form ব্যবহৃত হবে।

১৫. 'I know him'-এর passive form–

ক. He is known by me.
খ. He was known to me.
গ. He is known to me.
ঘ. He is being known to me. উত্তর গ

১৬. আমাদের দেহকোষ রক্ত হতে গ্রহণ করে–

ক. অক্সিজেন ও রক্তের আমিষ
খ. ইউরিয়া ও গ্লুকোজ
গ. অক্সিজেন ও গ্লুকোজ
ঘ. এমাইনো এসিড ও কার্বন ডাইঅক্সাইড উত্তর গ

১৭. ব্রিটিশ আমলে বাংলাদেশে যেসব আন্দোলন হয়েছিল তার মধ্যে কোনটি প্রধান?

ক. কোরাইশী আন্দোলন খ. হাসেমী আন্দোলন
গ. সৈয়দ আন্দোলন ঘ. ফরায়েজী আন্দোলন

উত্তর✓ ঘ ব্যাখ্যা ব্রিটিশ আমলে বাংলাদেশে যে সব আন্দোলন হয়েছিল তার মধ্যে ফরায়েজী আন্দোলন অন্যতম। ফরায়েজী আন্দোলনের প্রতিষ্ঠাতা হাজী শরীয়তউল্লাহ্। শরীয়তউল্লাহ্ ১৭৮১ সালে মাদারীপুরে জন্মগ্রহণ করেন। তিনি ১৮১৮ সালে ফরায়েজী আন্দোলন শুরু করেন এবং ১৮৪০ সালে মৃত্যুবরণ করেন। শরীয়তউল্লাহ্র মৃত্যুর পর ফরায়েজী আন্দোলনের নেতৃত্ব গ্রহণ করেন দুদু মিয়া।

১৮. জাতিসংঘের সদর দপ্তর কোথায় অবস্থিত?

ক. জেনেভা খ. নিউইয়র্ক
গ. হেগ ঘ. প্যারিস

উত্তর✓ খ ব্যাখ্যা জাতিসংঘের সদর দপ্তর যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অবস্থিত। জাতিসংঘ সদর দপ্তরের স্থপতি ডব্লিউ হ্যারিসন। জাতিসংঘ সদর দপ্তরের জমি দান করেন জন ডি রকফেলার জুনিয়র। জাতিসংঘ সদর দপ্তর ভবনের নাম 'ফ্লাসিং মিডোস'। জাতিসংঘের অফিসিয়াল ভাষা ৬টি- ইংরেজি, ফরাসি, চীনা, রুশ, স্প্যানিশ ও আরবি।

১৯. নিম্নের কোন দেশটি আফ্রিকা মহাদেশে অবস্থিত নয়?

ক. সিরিয়া খ. মিসর
গ. মরক্কো ঘ. মৌরিতানিয়া

উত্তর✓ ক ব্যাখ্যা আফ্রিকা পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম মহাদেশ। আফ্রিকা মহাদেশে স্বাধীন দেশের সংখ্যা ৫৪টি। মিশর, মরক্কো, মৌরিতানিয়া আফ্রিকা মহাদেশে অবস্থিত। সিরিয়া এশিয়া মহাদেশের পশ্চিম অংশে অবস্থিত একটি দেশ।

২০. সর্বোচ্চ বীরত্বসূচক উপাধি কি?

ক. বীর প্রতীক খ. বীর বিক্রম
গ. বীর উত্তম ঘ. বীরশ্রেষ্ঠ

উত্তর✓ ঘ ব্যাখ্যা ১৯৭৩ সালের ১৫ ডিসেম্বর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মুক্তিযোদ্ধাদের বীরত্বের জন্য চারটি বিভাগে খেতাব প্রদান করে। মোট ৬৭৬ জনকে খেতাব প্রদান করা হয়। ৭ জন বীরশ্রেষ্ঠ, ৬৮ জন বীর উত্তম, ১৭৫ জন বীর বিক্রম, ৪২৬ জন বীর প্রতীক। এর মধ্যে বীরশ্রেষ্ঠ সর্বোচ্চ বীরত্বসূচক উপাধি।

২১. হিজরি সন গণনা শুরু হয় কোন সালে?

ক. ৬০২ সালে খ. ৬১৪ সালে
গ. ৬২২ সালে ঘ. ৬২৪ সালে

উত্তর✓ গ ব্যাখ্যা মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) মক্কার কাফেরদের ষড়যন্ত্রের কারণে মদিনায় হিজরত করেন ৬২২ খ্রিস্টাব্দে। এই হিজরতের দিন থেকে হিজরি সাল গণনা করা হয়। হিজরি মাসের হিসাব করা হয় চন্দ্রপঞ্জিকা অনুসারে।

২২. এশিয়ার দক্ষিণ ভাগ দিয়ে অতিক্রম করেছে–

ক. মূল মধ্যরেখা খ. কর্কটক্রান্তি
গ. বিষুবরেখা ঘ. মকরক্রান্তি উত্তর খ

২৩. জাতীয় স্মৃতিসৌধের স্থপতি কে?

ক. কামরুল হাসান খ. সৈয়দ মঈনুল হোসেন
গ. শিল্পী জয়নুল আবেদীন ঘ. আলতাফ মাহমুদ

উত্তর✓ খ ব্যাখ্যা জাতীয় স্মৃতিসৌধ সাভারের নবীনগরে অবস্থিত। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৬ ডিসেম্বর ১৯৭২ সালে স্মৃতিসৌধের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। জাতীয় স্মৃতিসৌধের স্থপতি সৈয়দ মাইনুল হোসেন। ১৬ ডিসেম্বর ১৯৮২ সালে স্মৃতিসৌধের আনুষ্ঠানিক উদ্বোধন করেন হুসেইন মুহাম্মদ এরশাদ। এর উচ্চতা ১৫০ ফুট বা ৪৫.৭২ মিটার এবং ফলকের সংখ্যা ৭টি।

২৪. বাংলা নববর্ষ (বৈশাখ থেকে শুরু) প্রবর্তনকারী কে?

ক. সুলতান মাহমুদ খ. লক্ষণ সেন
গ. শেরশাহ ঘ. আকবর

উত্তর✓ ঘ ব্যাখ্যা বাংলা নববর্ষ বা বাংলা সন প্রবর্তন করেন মুঘল সম্রাট আকবর ১৫৮৪ সালে। বাংলা সন গণনা কার্যকর করা হয় ৫ নভেম্বর ১৫৫৬ সালে। এই দিনে আকবর দ্বিতীয় পানিপথের যুদ্ধে হিমুকে পরাজিত করে সিংহাসনে বসেন। আকবরের নির্দেশে পন্ডিত ফতেহ উল্লাহ সিরাজী বাংলা সন তৈরি করেন।

২৫. কোন ইউরোপীয় দেশ বাংলাদেশকে প্রথম স্বীকৃতি প্রদান করে?

ক. যুক্তরাজ্য খ. স্পেন
গ. ফ্রান্স ঘ. পোল্যান্ড

উত্তর✓ = ব্যাখ্যা ইউরোপীয় দেশ হিসেবে পূর্ব জার্মানি বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দেয় ১১ জানুয়ারি ১৯৭২ সালে।

দেশের নাম	স্বীকৃতির তারিখ
পোল্যান্ড	১২ জানুয়ারি ১৯৭২
যুক্তরাজ্য	৪ ফেব্রুয়ারি ১৯৭২
ফ্রান্স	১৪ ফেব্রুয়ারি ১৯৭২
স্পেন	১২ মে ১৯৭২

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

২৬. 'ওয়াল স্ট্রিট' কোন শহরে অবস্থিত?
ক. ডালাস খ. লন্ডন
গ. নিউইয়র্ক ঘ. হংকং
উত্তর: গ
ওয়াল স্ট্রিট নিউইয়র্ক শহরের একটি প্রখ্যাত সড়ক। মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরের বাণিজ্য কেন্দ্র ম্যানহাটানের দক্ষিণাংশে, হাডসন নদীর অদূরে, ওয়াল স্ট্রিট অবস্থিত। এই সড়কে নিউইয়র্ক স্টক এক্সচেঞ্জ, ফেডারেল রিজার্ভ ব্যাংক সহ বহু গুরুত্বপূর্ণ আর্থিক প্রতিষ্ঠান অবস্থিত।

২৭. উত্তরা গণভবন অবস্থিত কোন জেলায়?
ক. নাটোরে খ. রাজশাহীতে
গ. সৈয়দপুরে ঘ. ঠাকুরগাঁয়ে
উত্তর: ক
উত্তরা গণভবন নাটোর মূল শহর থেকে প্রায় অর্ধাই কিলোমিটার উত্তরে অবস্থিত। এটি পূর্বে দিঘাপাতিয়া জমিদারবাড়ি নামে পরিচিত ছিল। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালের ৯ ফেব্রুয়ারি এটিকে উত্তরা গণভবন ঘোষণা করেন এবং এখানে মূল প্রাসাদের ভিতর মন্ত্রিসভার বৈঠক আহ্বান করেন।

২৮. ক্ষমতার একক হলো–
ক. কালরি খ. ওয়াট
গ. ফুট ঘ. নিউটন
উত্তর: খ
কোন একটি উৎস বা যন্ত্রের কাজ করার হারকে ক্ষমতা বলে। ক্ষমতার একক হল ওয়াট।

২৯. 'সিএফসি' কী ক্ষতি করে?
ক. বায়ুর তাপ বৃদ্ধি করে
খ. এসিড বৃষ্টিপাত ঘটায়
গ. ওজোন স্তর ধ্বংস করে
ঘ. রক্তের অক্সিজেন পরিবহন ক্ষমতা হ্রাস করে
উত্তর: গ
সিএফসি মানবজগতের জন্য কল্যাণকর ওজোনস্তরকে ফুটো করে দেয়। ফলে ওজোনস্তর ক্ষতিগ্রস্থ হয়।

৩০. স্বাধীন বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলিত হয় ১৯৭১ সালের কোন তারিখে?
ক. ১৬ ডিসেম্বর খ. ২৬ মার্চ
গ. ৭ মার্চ ঘ. ২ মার্চ
উত্তর: ঘ
স্বাধীন বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয় ২ মার্চ ১৯৭১ সালে। তৎকালীন ডাকসু ভিপি আ স ম আব্দুর রব ঢাকা বিশ্ববিদ্যালয়ে কলা ভবনের সামনে এক ছাত্র সমাবেশে এই পতাকা উত্তোলন করা হয়। ২ মার্চ পতাকা উত্তোলন দিবস পালন করা হয়।

৩১. পৃথিবীতে প্রাণের সূচনা হয় আনুমানিক–
ক. ১০০ কোটি বছর আগে খ. ১০ কোটি বছর আগে
গ. ১ কোটি বছর আগে ঘ. ৫০ লক্ষ বছর আগে
উত্তর: ক

৩২. কোন খনিজ লবণের অভাবে গাছের বর্ধনশীল অংশে গজানো কচি পাতাগুলো হলদে রঙের হয়–
ক. লৌহ বা আয়োডিন
খ. ম্যাঙ্গানিজ ও ক্যালসিয়াম
গ. ফসফরাস ও ক্লোরিন
ঘ. ম্যাগনেশিয়াম ও নাইট্রোজেন
উত্তর: ঘ
উদ্ভিদের পুষ্টি উপাদান মোট ১৬ টি। এদের মধ্যে নাইট্রোজেন ও ম্যাগনেসিয়ামের অভাবে গাছের বর্ধনশীল [illegible] হলদে রঙের হয়।

৩৩. স্বাভাবিক আদর্শ পরিবেশে পানির ঘনত্ব যে তাপমাত্রায় সর্বোচ্চ মান পরিগ্রহ করে তাহলো–
ক. ০° সেন্টিগ্রেড খ. ৪° সেন্টিগ্রেড
গ. ১০০° সেন্টিগ্রেড ঘ. ২৬৩° কেলভিন
উত্তর: খ

৩৪. দৃশ্যমান আলোর বর্ণালির ক্ষুদ্রতম তরঙ্গ দৈর্ঘ্য কোন রঙের হয়?
ক. সবুজ খ. নীল
গ. বেগুনি ঘ. লাল
উত্তর: গ
দৃশ্যমান আলোর বর্ণালীর ক্ষুদ্রতম দৈর্ঘ্য বেগুনি রঙের। তরঙ্গদৈর্ঘ্যের ক্রম → বেগুনি > নীল > আসমানি > সবুজ > হলুদ > কমলা > লাল।

৩৫. অধাতু কোনটি–
ক. মার্কারী খ. কার্বন
গ. পটাশিয়াম ঘ. কপার
উত্তর: খ
যেসব পদার্থ বিদ্যুৎ ও তাপ অপরিবাহী, আঘাতে শব্দ হয় না, দ্যুতি নেই তাকে অধাতু বলে। যেমন: কার্বন, ফসফরাস প্রভৃতি।

৩৬. শুষ্ক বরফ বলা হয়–
ক. হিমায়িত কার্বন ডাইঅক্সাইডকে
খ. হিমায়িত অক্সিজেনকে
গ. ক্যালসিয়াম অক্সাইডকে
ঘ. হিমায়িত কার্বন মনোক্সাইডকে
উত্তর: ক
শুষ্ক বরফ বা ড্রাই আইস হলো হিমায়িত CO_2।

৩৭. কম্পিউটারে ডাটা সংরক্ষণে কোন সংখ্যা পদ্ধতি ব্যবহার করা হয়?
ক. ডেসিমেল খ. অকট্যাল
গ. হেক্সাডেসিমেল ঘ. বাইনারি
উত্তর: ঘ
কম্পিউটার ডাটা সংরক্ষণে বাইনারি সংখ্যা ০ এবং ১ দিয়ে প্রকাশ করা হয়।

৩৮. 'কবর' নাটকটির নাট্যকার কে?
ক. জসীমউদ্দীন খ. মুনীর চৌধুরী
গ. অক্ষয়কুমার ঘ. কালীপ্রসন্ন সিংহ
উত্তর: খ
ভাষা আন্দোলনের উপর প্রথম রচিত নাটক মুনীর চৌধুরীর (১৯২৫-৭১) 'কবর' (১৯৫৩)। যা ঢাকা জেলে বসে রচিত ও রাজবন্দিদের দ্বারা অভিনীত হয়।

৩৯. 'খোয়াবনামা' উপন্যাসের রচয়িতা কে?
ক. কাজী নজরুল ইসলাম খ. শওকত ওসমান
গ. আখতারুজ্জামান ইলিয়াস ঘ. সৈয়দ সামসুল হক
উত্তর: গ
আখতারুজ্জামান ইলিয়াসের (১৯৪৩-১৯৯৭) 'চিলেকোঠার সেপাই' (১৯৮৭) গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটে এবং 'খোয়াবনামা' (১৯৯৬) গ্রাম বাংলার নিম্নবৃত্ত শ্রমজীবী মানুষের জীবনালেখ্যসহ ফকির সন্ন্যাসী বিদ্রোহ, আসামের ভূমিকম্প, তেভাগা আন্দোলন, ও সাম্প্রদায়িক দাঙ্গা প্রভৃতি ঐতিহাসিক উপাদানে রচিত।

৪০. 'মহাশ্মশান' মহাকাব্যটি কার রচনা?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. কায়কোবাদ ঘ. মহাকবি আলাওল
উত্তর: গ
পানিপথের তৃতীয় যুদ্ধ (১৭৬১) অবলম্বনে কায়কোবাদের (১৮৫৭-১৯৫১) শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ (মহাকাব্য) 'মহাশ্মশান' (১৯০৫) রচিত। উল্লেখ্য, মহাকাব্যটি ধারাবাহিকভাবে মুহম্মদ রওশন আলী সম্পাদিত 'কোহিনূর' পত্রিকায় প্রকাশিত হয়।

৪১. 'পদ্ধতি' শব্দের সন্ধিবিচ্ছেদ–
ক. পদ + হতি
খ. পদ + ধতি
গ. পৎ + ধতি
ঘ. পদ্ + ইতি

উত্তর✓ ক [illegible] ত্ বা দ্ এর পরে হ্ থাকলে দুইয়ে মিলে 'দ্ধ' হয়। যেমন :

উৎ + হত = উদ্ধত	উৎ + হার = উদ্ধার
উৎ + হৃত = উদ্ধৃত	তদ্ + হিত = তদ্ধিত
পদ্ + হতি = পদ্ধতি	উৎ + হরণ = উদ্ধরণ

৪২. কোন বানানটি শুদ্ধ?
ক. সমিচীন
খ. সমীচিন
গ. সমিচিন
ঘ. সমীচীন

উত্তর✓ ঘ [illegible] কতিপয় শুদ্ধ বানান : পিপীলিকা, নিমীলিত, সমীচীন, মনীষী, নিশীথে, নিরীক্ষণ, শারীরিক, মরীচিকা, সুষ্ঠু, সরস্বতী, সস্ত্রীক।

৪৩. কোনটি দ্বিগু সমাস?
ক. পুরুষসিংহ
খ. চৌরাস্তা
গ. হাটবাজার
ঘ. কোনোটিই নয়

উত্তর✓ খ [illegible] সমাহার (সমষ্টি) বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে দ্বিগু সমাস বলে। যেমন : ত্রি কালের সমাহার– ত্রিকাল। এখানে 'ত্রি' সংখ্যাবাচক শব্দ এবং 'কাল' বিশেষ্য।

৪৪. কোনটি শুদ্ধ বানান?
ক. আলস্যতা
খ. অলস্য
গ. আলস্য
ঘ. আলসভা

উত্তর✓ গ [illegible] কতিপয় শুদ্ধ বানান : সতীত্ব, সতীর্থ, কৃতিত্ব, দায়িত্ব, সখিত্ব, আশিস, আশীর্বাদ, ইতোমধ্যে, উচ্ছ্বাস, আগমনী, অপরাহ্ণ, অহোরাত্র, অনসূয়া, অধ্যয়ন, আদ্যন্ত, অধ্যবসায়, অতিথি।

৪৫. 'নীলাম্বর' কোন সমাস?
ক. দ্বন্দ্ব
খ. তৎপুরুষ
গ. কর্মধারয়
ঘ. অব্যয়ীভাব

উত্তর✓ গ [illegible] যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। যেমন : নীল যে আকাশ = নীলাকাশ।

৪৬. 'আলোয় আঁধার কাটে।' বাক্যে 'আলোয়' কোন কারক?
ক. অধিকরণ
খ. অপাদান
গ. সম্প্রদান
ঘ. করণ

উত্তর✓ ঘ [illegible] 'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। যেমন : নীরা কলম দিয়ে লেখে। (উপকরণ– কলম)।

৪৭. 'মাঠে ধান ফলেছে' বাক্যে মাঠে কোন কারক?
ক. কালাধিকরণ
খ. স্থানাধিকরণ
গ. বিষয়াধিকরণ
ঘ. ভাবাধিকরণ

উত্তর✓ খ [illegible] ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। যেমন : আধার (স্থান) : আমরা রোজ স্কুলে যাই।

৪৮. 'দিনের আলো ও সন্ধ্যার আলোর মিলন' এক কথায় কী হবে?
ক. সায়াহ্ন
খ. প্রদোষ
গ. অপরাহ্ন
ঘ. গোধূলি

উত্তর✓ খ [illegible] কতিপয় এক কথায় প্রকাশ : ইহলোক বিষয়ক– ঐহিক, ইতস্তত ভ্রমণ– বিচরণ, ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি– ইতিহাসবেত্তা, ইন্দ্রিয়কে জয় করেছে যে– জিতেন্দ্রিয়।

৪৯. 'যা দীপ্তি পাচ্ছে' এক কথায় কী হবে?
ক. দীপ্তিমান
খ. আলোকিত
গ. দেদীপ্যমান
ঘ. উজ্জ্বল

উত্তর✓ গ [illegible] কতিপয় এক কথায় প্রকাশ : অকালে পক্ব হয়েছে যা– অকালপক্ব, অক্ষির সমক্ষে বর্তমান– প্রত্যক্ষ, অনেকের মধ্যে একজন– অন্যতম, আপনাকে কেন্দ্র করে যার চিন্তা– আত্মকেন্দ্রিক।

৫০. 'কাকনিদ্রা' এর ঠিক অর্থ কোনটি?
ক. অগভীর নিদ্রা
খ. কাকের ন্যায় অল্প নিদ্রা
গ. কপট চিন্তা
ঘ. নিদ্রার ভান করা

উত্তর✓ ক [illegible] কতিপয় গুরুত্বপূর্ণ বাগধারা : কলকে পাওয়া (পাত্তা পাওয়া); কড়ি কপালে (ভাগ্যবান); কড়িকাঠ গোনা (নিষ্কর্মা বসে থাকা); কপাল ঠুকে লাগা (প্রত্যয় নিয়ে কাজ করে); কলা দেখানো (ফাঁকি দেওয়া); কলির কেষ্ট (লম্পট ব্যক্তি); কলির সন্ধ্যা (কষ্ট বা দুর্দিনের সূত্রপাতমাত্র)।

৫১. 'সূর্য' এর প্রতিশব্দ নয় কোনটি?
ক. দিবাকর
খ. বিভাবসু
গ. হিমকর
ঘ. দিনকর

উত্তর✓ গ [illegible] 'সূর্য' এর কয়েকটি সমার্থক শব্দ : আফতাব, মিহির, অর্ক, বালার্ক, ভানু, ভাস্কর, মার্তণ্ড, সবিতা, বিভাবসু, প্রভাকর, দিবাকর, আদিত্য, অংশুমান, বিভাকর, দিনেশ, দিনপতি, তপন, অর্যমা, অংশুমালী, চিত্রভানু, বিবস্বান, পূষণ।

৫২. 'অর্বাচীন' এর বিপরীতার্থক শব্দ–
ক. তরুণ
খ. প্রাচীন
গ. অচেনা
ঘ. নবীন

উত্তর✓ খ [illegible] কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
অপ্রতিভ	সপ্রতিভ	অনুরক্ত	বিরক্ত
অনুলোম	প্রতিলোম	অব্যক্ত, গুপ্ত	ব্যক্ত

৫৩. একটি জিনিস ৬০.০০ টাকায় বিক্রয় করায় ২০% লাভ হলো, এর ক্রয়মূল্য কত?
ক. ৪০ টাকা
খ. ৫০ টাকা
গ. ৭২ টাকা
ঘ. ৮০ টাকা

উত্তর✓ খ [illegible] ক্রয়মূল্য $= \frac{১০০ \times \text{বিক্রয়মূল্য}}{১০০ + \text{লাভ}}$

$= \frac{১০০ \times ৬০}{১০০ + ২০}$

$= \frac{১০০ \times ৬০}{১২০}$

$= ৫০$ টাকা

৪৪. একটি জমা ৫০০ টাকার উপর বার্ষিক কত হারে চক্রবৃদ্ধি সুদে ২ বছরে মোট সুদ ১০১ টাকা হবে? [ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য কত হারে সুদ দেয়া হয়ে থাকে?]

ক ১০% হারে
খ ৫% হারে
গ ১৪% হারে
ঘ ১০% হারে

উত্তর: খ

৪৫. ৪টি সাধারণ গড় ৩৫ ; প্রথম ৩টির গড় ৩৪ ও শেষ ৩টির গড় ৩৬ হলে মাঝের সংখ্যাটি কত?

ক ৪৪
খ ৩৫
গ ৩৪
ঘ ৩১

উত্তর: গ

৪৬. ক, খ ও গ এর মাসিক গড় বেতন ৫০০৳ টাকা। খ, গ ও ঘ এর মাসিক গড় বেতন ৪৪০৳ টাকা। ক এর বেতন ৩৪০৳ টাকা হলে ঘ এর বেতন কত?

ক ৩৭৫ টাকা
খ ৩৯০৳ টাকা
গ ৪৯০ টাকা
ঘ ৪৯০৳ টাকা

উত্তর: ঘ

৪৭. $\angle A = 8০^\circ$ ডিগ্রি। এর পূরক কোণ কত ডিগ্রি?

ক ৩০°
খ ৪০°
গ ৪৩°
ঘ ৬০°

উত্তর: ঘ

৪৮. সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় যথাক্রমে ৩ ও ৪ মি. হলে এর অতিভুজের মান কত?

ক ৫ মি.
খ ৬ সে.মি.
গ ৭ সে.মি.
ঘ ৯ সে.মি.

উত্তর: ক

৪৯. $x + \frac{1}{x} = 5$ হলে $x^3 + \frac{1}{x^3}$ = কত?

ক ১৫
খ ১৭
গ ১৮
ঘ ১৯

উত্তর: ঘ

৫০. ১০০ মিটার লম্বা ট্রেন ৪০০ মিটার লম্বা একটি প্ল্যাটফরমকে ৩০ সেকেন্ডে অতিক্রম করলে ঐ ট্রেনের গতিবেগ ঘণ্টায় কত হবে?

ক ৪০০ কিমি
খ ৩০০ কিমি
গ ৬০ কিমি
ঘ ৩০ কিমি

উত্তর: গ

৫১. ১০ জন লোক একটি কাজ ১২ দিনে করতে পারে। ৫ জন লোক কাজটি ১৫ দিনে করতে পারে। ১০ জন লোক কাজটি ১৫ দিনে করতে পারে। ১০ জন লোক কাজটি ১৫ দিনে করতে পারে।

ক ১০ দিনে
খ ১২ দিনে
গ ১৫ দিনে
ঘ ১৮ দিনে

উত্তর: খ

৫২. দুটি নল দ্বারা একটি চৌবাচ্চা যথাক্রমে ১০ ও ১৫ ঘণ্টায় পানি পূর্ণ করে। নল দুটি একত্রে খোলা রাখলে চৌবাচ্চাটি কতক্ষণে পানি পূর্ণ হবে?

ক ৬ ঘণ্টায়
খ ৭ ঘণ্টায়
গ ৪ ঘণ্টায়
ঘ ৯ ঘণ্টায়

উত্তর: ঘ

৬৩. একটি স্কুলে ৫০ জন ছাত্রী ও ৭০ জন ছাত্র আছে। ছাত্রীদের ৪০% এবং ছাত্রদের ৫০% এক বনভোজনে গিয়ে থাকলে মোট ছাত্র-ছাত্রীর কত শতাংশ বনভোজনে গিয়েছিল?

ক. ৪০%　　খ. ৪২%
গ. ৪৬%　　ঘ. ৪৮%

উত্তর ✓ গ ছাত্রীরা বনভোজনে যায় = ৫০ এর ৪০%
= ২০ জন
ছাত্ররা " " = ৭০ এর ৫০%
= ৩৫ জন

$\therefore$ বনভোজনে অংশ নেয় $= \frac{২০ + ৩৫}{৫০ + ৭০} \times ১০০$

$= \frac{৫৫}{১২০} \times ১০০$

$= \frac{২৭৫}{৬} = ৪৫\frac{৫}{৬}\%$

৬৪. কোন অনুপাতের উভয় পদের সঙ্গে ১ যোগ করলে অনুপাতটি ৩ : ৪ এবং উভয় পদ থেকে ১ বিয়োগ করলে অনুপাতটি ২ : ৩ হবে?

ক. ২ : ৫　　খ. ৪ : ৯
গ. ৬ : ১১　　ঘ. ৫ : ৭

উত্তর ✓ ঘ ধরি, অনুপাত $x : y$

শর্তানুসারে, $\frac{x+১}{y+১} = \frac{৩}{৪}$ -------(i)

$\frac{x-১}{y-১} = \frac{২}{৩}$ -------(ii)

(i) নং হতে, $\frac{x+১}{y+১} = \frac{৩}{৪}$

$\Rightarrow ৪x + ৪ = ৩y + ৩$

$\Rightarrow ৪x = ৩y + ৩ - ৪$

$\Rightarrow x = \frac{৩y - ১}{৪}$

(ii) নং হতে, $\frac{x-১}{y-১} = \frac{২}{৩}$

$\Rightarrow ৩x - ৩ = ২y - ২$

$\Rightarrow ৩\frac{(৩y-১)}{৪} - ৩ = ২y - ২$ [x এর মান বসে]

$\Rightarrow \frac{৯y-৩}{৪} - ৩ = ২y - ২$

$\Rightarrow \frac{৯y - ৩ - ১২}{৪} = ২y - ২$

$\Rightarrow ৯y - ১৫ = ৮y - ৮$

$\Rightarrow ৯y - ৮y = -৮ + ১৫$

$\Rightarrow y = ৭$

$\therefore x = \frac{৩.৭ - ১}{৪}$

$= \frac{২১ - ১}{৪} = ৫$

$\therefore$ অনুপাতটি $x : y = ৫ : ৭$

৬৫. ৬ বছর আগে পিতার বয়স ছিল পুত্রের বয়সের ৫ গুণ; বর্তমানে পিতার বয়স পুত্রের বয়সের ৩ গুণ। তাহলে পিতা ও পুত্রের বর্তমান বয়স কত?

ক. ২৪ বছর, ৮ বছর　　খ. ৩৬ বছর, ১২ বছর
গ. ৯ বছর, ৩ বছর　　ঘ. ৪৮ বছর, ১৬ বছর

উত্তর ✓ খ মনে করি, বর্তমানে পুত্রের বয়স x বছর
" পিতার " ৩x "

৬ বছর আগে পুত্রের বয়স $(x - ৬)$ বছর
৬ " " পিতার " $(৩x - ৬)$ "

শর্তমতে, $৩x - ৬ = ৫(x - ৬)$

$\Rightarrow ৩x - ৬ = ৫x - ৩০$

$\Rightarrow ৫x - ৩x = -৬ + ৩০$

$\Rightarrow ২x = ২৪$

$\Rightarrow x = \frac{২৪}{২}$


$\therefore x = ১২$

$\therefore$ পিতার বয়স $(১২ \times ৩) = ৩৬$ বছর

৬৬. ১৪৪, ৮১, ৩৬ এর পরবর্তী সংখ্যাটি কত?

ক. ১৮　　খ. ১২
গ. ৯　　ঘ. ৬

উত্তর ✓ গ



৬৭. নিচের কোন সংখ্যাটি বৃহত্তম?

ক. $\frac{৩}{৫}$　　খ. $\frac{৪}{১৫}$
গ. $\frac{৩}{২০}$　　ঘ. $\frac{৭}{২৫}$

উত্তর ✓ ক $\frac{৩}{৫} = ০.৬$, $\frac{৪}{১৫} = ০.২৭$,

$\frac{৩}{২০} = ০.১৫$, $\frac{৭}{২৫} = ০.২৮$

সুতরাং $\frac{৩}{৫} = ০.৬$ বৃহত্তম।

৬৮. পৃথিবীতে সর্বোচ্চ ঘনবসতিপূর্ণ দেশ–

ক. চীন　　খ. জাপান
গ. মোনাকো　　ঘ. বাংলাদেশ

উত্তর ✓ গ জনসংখ্যার ঘনত্বে শীর্ষ দেশ :

অবস্থান	দেশ	জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ কিমি)
প্রথম	মোনাকো	২৫,৭১৮ জন
দ্বিতীয়	সিঙ্গাপুর	৯,০৯২ জন
তৃতীয়	বাহরাইন	২,০০৫ জন
চতুর্থ	ভ্যাটিকান সিটি	১,৮১৮ জন
সপ্তম	বাংলাদেশ	১,১১৪ জন



৩৯

রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১১

সেট : ১ [কোড : ঢগঘ] সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ০৯.১২.২০১১ পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল
চুয়াডাঙ্গা, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রাজশাহী, পাবনা, কুড়িগ্রাম, ঝিনাইদহ, মেহেরপুর, কুষ্টিয়া।

[দ্রষ্টব্য: সকল প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. পূর্ণ বয়স্ক ব্যক্তির হৃৎপিণ্ডের ওজন কত?
ক. ১ কিলোগ্রাম খ. ৫০০ গ্রাম
গ. ৩০০ গ্রাম ঘ. ২০০ গ্রাম
উত্তর✓ গ [illegible] হৃৎপিণ্ড রক্ত সংবহনতন্ত্রের অন্তর্গত একরকমের পাম্পবিশেষ। হৃৎপিণ্ড অনবরত সংকুচিত ও প্রসারিত হয়ে সারা দেহে রক্ত সঞ্চালন ঘটায়। পূর্ণ বয়স্ক ব্যক্তির হৃৎপিণ্ডের ওজন ৩০০ গ্রাম।

০২. মাটিতে নাইট্রোজেন আবদ্ধ করতে কোন মৌল সাহায্য করে?
ক. ক্যালসিয়াম খ. অক্সিজেন
গ. জিংক ঘ. সোডিয়াম
উত্তর✓ ক [illegible] মাটির উর্বরতা বৃদ্ধিতে নাইট্রোজেন অপরিহার্য মৌল। কিন্তু নাইট্রোজেন সরাসরি মাটিতে আবদ্ধ হয় না। মাটিতে নাইট্রোজেন আবদ্ধ করতে ক্যালসিয়াম মৌল সাহায্য করে। ক্যালসিয়াম একটি মৌলিক পদার্থ এবং এর পারমাণবিক সংখ্যা ২০।

০৩. বৈদ্যুতিক পাখা ধীরে ঘুরলে বিদ্যুৎ খরচ–
ক. বেশি হয় খ. একই হয়
গ. কম হয় ঘ. খুব কম হয় উত্তর খ

০৪. সমুদ্রের গভীরতা মাপা হয় কোন যন্ত্র দিয়ে?
ক. জাইরো কম্পাস খ. সাবমেরিন
গ. অ্যানিওমিটার ঘ. ফ্যাদোমিটার
উত্তর✓ ঘ [illegible] ফ্যাদোমিটার যন্ত্র ব্যবহার করে সমুদ্রের গভীরতা মাপা হয়। এটি আলট্রাসনিক তরঙ্গ উৎপন্ন করে যা সমুদ্রের তলদেশ হতে প্রতিফলিত হয়ে ফিরে আসে এবং জাহাজ রক্ষিত হাইড্রোফোন যন্ত্রে ধরা পড়ে।

০৫. কোন মৌলিক পদার্থ পৃথিবীতে বেশি আছে?
ক. অক্সিজেন খ. হাইড্রোজেন
গ. লৌহ ঘ. নাইট্রোজেন উত্তর ক

০৬. কোনটি রাসায়নিক পরিবর্তন নয়?
ক. লোহাতে মরিচা পড়া
খ. হাইড্রোজেন ও অক্সিজেনে পানি তৈরি করা
গ. বরফকে পানিতে পরিণত করা
ঘ. চাল সিদ্ধ করে ভাতে পরিণত করা
উত্তর✓ গ [illegible] যে পরিবর্তনের মাধ্যমে বস্তু কোন নতুন বস্তুতে পরিণত হয় এবং বস্তুকে তার পূর্ববর্তী অবস্থায় ফিরানো সম্ভব না, বস্তুর সে পবির্তনকে রাসায়নিক পরিবর্তন বলে। যেমন : লোহার উপর মরিচা পড়া।
অপরদিকে, বস্তুর পরিবর্তনের পর পুনরায় তাকে আগের অবস্থায় ফিরানো যায়, বস্তুর সে পরিবর্তনকে ভৌত পরিবর্তন বলে। যেমন : বরফকে পানিতে পরিণত করা।

০৭. কম্পিউটারে মেকানিক্যাল ডিভাইসকে বলা হয়–
ক. সফটওয়্যার খ. ডাটা
গ. হার্ডওয়্যার ঘ. ইউজার
উত্তর✓ গ [illegible] কোন কম্পিউটার ব্যবস্থায় সকল ভৌত যন্ত্রপাতি ও ডিভাইস, কী বোর্ড, প্রিন্টার, মনিটর অর্থাৎ মেকানিক্যাল ডিভাইসকে হার্ডওয়্যার বলে। এটি তিন ভাগে বিভক্ত-
১. সিপিইউ; ২. ইনপুট ডিভাইস; ৩. আউটপুট ডিভাইস।

০৮. 'অয়োময়' নাটকটির রচয়িতা কে?
ক. ইমদাদুল হক মিলন খ. সুনীল গঙ্গোপাধ্যায়
গ. মমতাজউদদীন আহমেদ ঘ. হুমায়ূন আহমেদ উত্তর ঘ

০৯. 'পদ্মানদীর মাঝি' কার লেখা?
ক. মুনীর চৌধুরী খ. মানিক বন্দ্যোপাধ্যায়
গ. শরৎচন্দ্র ঘ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
উত্তর✓ খ [illegible] মানিক বন্দ্যোপাধ্যায়ের (১৯০৮-৫৬) কতিপয় উপন্যাস : জননী (১৯৩৫), দিবারাত্রির কাব্য (১৯৩৫), পুতুল নাচের ইতিকথা (১৯৩৬), পদ্মানদীর মাঝি (১৯৩৬), অহিংসা (১৯৪১), আরোগ্য (১৯৫৩)।

১০. 'আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে'- কোন কবির কবিতা থেকে নেয়া?
ক. জীবনানন্দ দাশ খ. মাইকেল মধুসূদন দত্ত
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. গিরিশচন্দ্র সেন
উত্তর✓ ক [illegible] উক্ত চরণটি প্রকৃতির, রূপসী বাংলার কবি জীবনানন্দ দাশের (১৮৯৯-৫৪) 'রূপসী বাংলা' (১৯৫৭) কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত।

১১. 'বৃষ্টি' এর সন্ধিবিচ্ছেদ কী হবে?
ক. বৃ + টি খ. বৃশ + টি
গ. বৃষ + তি ঘ. সৃষ + টি
উত্তর✓ গ [illegible] আগে মূর্ধন্য ষ এবং পরে ত্ বা থ্ থাকলে সন্ধিতে ত্ স্থানে ট্ ও থ্ স্থানে ঠ্ হয়। যেমন :

আকৃষ্ + ত = আকৃষ্ট	ষষ্ + থ = ষষ্ঠ	দ্রষ্ + তা = দ্রষ্টা

১২. কোন বানানটি শুদ্ধ?
ক. সায়ত্বশাসন খ. স্বায়ত্তশাসন
গ. সায়ত্তশাসন ঘ. স্বায়ত্বশাসন
উত্তর✓ খ [illegible] কতিপয় শুদ্ধ বানান : শ্মশ্রু, সান্ত্বনা, শ্রদ্ধাঞ্জলি, সংবলিত, সান্ত্বনা, সন্দিহান, সহযোগিতা, স্বায়ত্তশাসন, সরস্বতী, স্বোপার্জিত, সংবর্ধনা, সমীচীন, স্নেহাশিস।

১৩. 'বিশ্বকবি' এর ব্যাসবাক্য কী হবে?
ক. বিশ্বরূপ কবি খ. যিনি বিশ্বের কবি
গ. বিশ্ব ও কবি ঘ. বিশ্বের কাব
উত্তর✓ ঘ [illegible] পূর্বপদে ষষ্ঠী বিভক্তির (র, এর, দের) লোপ হয়ে যে সমাস হয়, তাকে ষষ্ঠী তৎপুরুষ সমাস বলে ; যেমন : চায়ের বাগান = চাবাগান, রাজার পুত্র = রাজপুত্র, খেয়ার ঘাট = খেয়াঘাট।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১৪. নিচের কোন বানানটি অশুদ্ধ?

ক. জবা কুসুম　　খ. তিমির বিদারী
গ. সলীল সমাধী　　ঘ. যৌবন সূর্য

উত্তর✓ গ কতিপয় শুদ্ধ বানান : প্রণয়ন, পৌরোহিত্য, প্রোজ্জ্বল, পৈতৃক, পরিষ্কার, পরজীবী, ব্যারিস্টার, বয়ঃসন্ধি, বিদ্বজ্জন, ব্যুৎপত্তি, ব্যূহ, ব্যতীত, ব্রাহ্মণ।

১৫. 'হাট-বাজার' কোন অর্থে দ্বন্দ্ব?

ক. মিলনার্থে　　খ. সমার্থে
গ. বিপরীতার্থে　　ঘ. বিয়োগার্থে

উত্তর✓ খ দ্বন্দ্ব সমাসের পূর্বপদ এবং পরপদ একই অর্থ বহন করলে, তাকে সমার্থ দ্বন্দ্ব সমাস বলে। যেমন : লজ্জা ও শরম = লজ্জাশরম, হাট ও বাজার = হাটবাজার, ঘর ও বাড়ি = ঘরবাড়ি ইত্যাদি।

১৬. 'তিনি চোখে দেখেন না' বাক্যে চোখ কোন কারক?

ক. সম্প্রদান　　খ. করণ
গ. অধিকরণ　　ঘ. অপাদান

উত্তর✓ খ 'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। যেমন : নীরা **কলম** দিয়ে লেখে। (উপকরণ– কলম)।

১৭. 'আয়ু যেন পদ্ম পাতায় নীর।' 'পদ্ম পাতায়' কোন কারক?

ক. কর্মকারক　　খ. করণ কারক
গ. অপাদান কারক　　ঘ. অধিকরণ কারক

উত্তর✓ ঘ ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। যেমন : একজন বোধ করি **অন্তরীক্ষে** থাকিয়া লক্ষ করিলেন। উপকূল এক্সপ্রেস ট্রেনে **সিলেট** যাচ্ছি।

১৮. 'যে বহু বিষয় জানে' এক কথায়–

ক. বহুদর্শী　　খ. সর্বজ্ঞ
গ. সবজান্তা　　ঘ. কোনোটিই নয়

উত্তর✓ ঘ কতিপয় এক কথায় প্রকাশ : যে সব জানে– সর্বজ্ঞ; যা দীপ্তি পাচ্ছে– দীপ্তিমান; যা পূর্বে দেখা যায়নি– অদৃষ্টপূর্ব; যা বলা হবে– বক্তব্য; যে বিষয়ে কোনো বিতর্ক নেই– অবিসংবাদী।

১৯. 'কর দান করে যে' এক কথায়–

ক. অধীন　　খ. আশ্রিত
গ. করদ　　ঘ. প্রজা

উত্তর✓ গ কতিপয় এক কথায় প্রকাশ : কথায় যা প্রকাশ করা যায় না– অনির্বচনীয়; কালে যা ঘটে– কালীন; কাচের তৈরি ঘর– শিশমহল; কোনো কিছুতে ভয় নেই যার– অকুতোভয়।

২০. নিচের কোনটি 'আকাশ' শব্দের সমার্থক নয়?

ক. অন্তরীক্ষ　　খ. হিমাংশু
গ. অম্বর　　ঘ. ব্যোম

উত্তর✓ খ 'আকাশ' ও 'হিমাংশু' এর কয়েকটি সমার্থক শব্দ :

আকাশ	খ, অন্তরীক্ষ, ব্যোম, দ্যুলোক, অম্বর, নভঃ, নীলিমা, ইথার, খগ, অনন্ত, অভ্র, নভ, পবনপথ, গগন।
হিমাংশু	বিধু, সোম, নিশাকর, শশধর, ইন্দু, মৃগাঙ্ক, কলাধর, সুধাংশু, রাকা, সুধাকর, চন্দ্র, কলানিধি।

২১. 'হাতের পাঁচ' এর ঠিক অর্থ কোনটি?

ক. নিকট জন　　খ. পরমাত্মীয়
গ. বন্ধু　　ঘ. শেষ সম্বল

উত্তর✓ ঘ কতিপয় গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : হস্তিমূর্খ (ভীষণ বোকা); হরিহর আত্মা (অন্তরঙ্গ বন্ধুত্ব); হাতে জল না গলা ('অতি কৃপণ); হাতে দূর্বা গজানো (কুঁড়ে হওয়া); হাল ছেড়ে দেওয়া (হতাশ হওয়া); হাতে বেড়ি পড়া (গ্রেপ্তার হওয়া)।

২২. 'ঔদ্ধত্য'এর বিপরীতার্থক শব্দ-

ক. স্তব্ধ　　খ. বিনয়
গ. গম্ভীর　　ঘ. মাথা নত করা

উত্তর✓ খ কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
ঐহিক	পারত্রিক	ঐচ্ছিক	আবশ্যিক
ঐশ্বর্য	দারিদ্র্য	ঐকমত্য	মতভেদ
ঔদ্ধত্য	বিনয়	ঔদার্য	কার্পণ্য

২৩. টাকায় ৪টি করে লিচু কিনে ৫টা করে বিক্রয় করলে শতকরা কত ক্ষতি হবে?

ক. ২০%　　খ. ১৫%
গ. ৩০%　　ঘ. ২৫%

উত্তর✓ ক ক্ষতিপণ্য = (৫ − ৪) = ১টি

$$\text{শতকরা ক্ষতি} = \frac{\text{ক্ষতি পণ্য}}{\text{বিক্রয় পণ্য}} \times ১০০$$

$$= \frac{১}{৫} \times ১০০ = ২০\%$$

২৪. ৩৬ টাকা ডজন দরে কলা ক্রয় করে ২০% লাভে বিক্রয় করা হল। এক কুড়ি কলার বিক্রয়মূল্য কত হবে?

ক. ৬০ টাকা　　খ. ৬২ টাকা
গ. ৭২ টাকা　　ঘ. ৭৫ টাকা

উত্তর✓ গ

$$২০\% \text{ লাভে বিক্রয়মূল্য} = \frac{১০০ + \text{লাভ}}{১০০} \times \text{ক্রয়মূল্য}$$

$$= \frac{১০০ + ২০}{১০০} \times ৩৬$$

$$= \frac{১২০}{১০০} \times ৩৬ = ৪৩.২ \text{ টাকা}$$

১২ টি কলার বিক্রয়মূল্য ৪৩.২ টাকা

$$\therefore ২০ \text{ " " " } \frac{৪৩.২ \times ২০}{১২} \text{ " } = ৭২ \text{ টাকা}$$

২৫. পিতা ও তিন পুত্রের বয়স অপেক্ষা মাতা ও উক্ত তিন পুত্রের বয়সের গড় $১\frac{১}{২}$ বছর কম। মাতার বয়স ৩০ বছর হলে পিতার বয়স কত?

ক. $২৮\frac{১}{২}$ বছর　　খ. ৩০ বছর
গ. $৩১\frac{১}{২}$ বছর　　ঘ. ৩৬ বছর

উত্তর✓ ঘ মনে করি,
মাতা ও তিন পুত্রের বয়সের গড় ক বছর
" " " মোট বয়স (৪ × ক) = ৪ক

$$\text{পিতা ও তিন পুত্রের বয়সের গড়} = \text{ক} + ১\frac{১}{২} \text{ বছর}$$


$$= \text{ক} + \frac{৩}{২} \text{ বছর}$$

$$\text{" " " মোট বয়স} = ৪\left(\text{ক} + \frac{৩}{২}\right) \text{ বছর}$$

$$= ৪\text{ক} + \frac{১২}{২} \text{ বছর} = ৪\text{ক} + ৬ \text{ বছর}$$

পিতা ও মাতার বয়সের পার্থক্য = ৬ বছর
∴ পিতার বয়স = ৩০ + ৬ বছর = ৩৬ বছর

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS



JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৩৯. পৃথিবীতে সর্বোচ্চ কার্বন ডাইঅক্সাইড নিঃসরণকারী দেশ–

ক. জাপান খ. যুক্তরাজ্য
গ. যুক্তরাষ্ট্র ঘ. জার্মানি

উত্তর✓ গ [illegible] কার্বন ডাইঅক্সাইড ও গ্রিনহাউজ গ্যাস নিঃসরণে শীর্ষ দেশ চীন। মাথাপিছু গ্রিনহাউজ গ্যাস নিঃসরণে শীর্ষদেশ যুক্তরাষ্ট্র। মাথাপিছু কার্বন ডাইঅক্সাইড নিঃসরণে শীর্ষ দেশ কাতার।

৪০. 'দারফুর' কোথায় অবস্থিত?

ক. কঙ্গো খ. নাইজেরিয়া
গ. জিম্বাবুয়ে ঘ. সুদান

উত্তর✓ ঘ [illegible] দারফুর হচ্ছে সুদানের একটি অঞ্চল। তিনটি স্বায়ত্তশাসিত প্রদেশ নিয়ে দারফুর গঠিত। দারফুরের আয়তন ৪,৯৩,১৮০ বর্গ কিলোমিটার। ২০০৩ সাল থেকে গৃহযুদ্ধের কারণে অঞ্চলটিতে চরম মানবিক বিপর্যয় বিদ্যমান।

৪১. নিচের কোনটির অভাবে গলগণ্ড রোগ হয়?

ক. ভিটামিন এ খ. ভিটামিন সি
গ. আয়োডিন ঘ. প্রোটিন

উত্তর✓ গ [illegible] আয়োডিন একটি রাসায়নিক পদার্থ যা আমাদের শরীরে গুরুত্বপূর্ণ উপাদন থাইরয়েড হরমোন তৈরি করে। সাধারণত সমুদ্রের পানিতে প্রচুর পরিমাণ আয়োডিন থাকে। আয়োডিন পাওয়ার সহজ উৎস হল সামুদ্রিক শৈবাল, সামুদ্রিক মাছ, দুধ, ডিম প্রভৃতি। আয়োডিনের অভাবে গলগন্ড রোগ হয়।

৪২. ইউরোপিয়ান ইউনিয়নের 'সদর দপ্তর' কোথায় অবস্থিত?

ক. লন্ডন খ. ব্রাসেলস
গ. হেগ ঘ. প্যারিস

উত্তর✓ খ [illegible] ২৫ মার্চ ১৯৫৭ সালে স্বাক্ষরিত রোম চুক্তির মাধ্যমে ইউরোপীয় ইউনিয়ন প্রতিষ্ঠিত হয় ১ জানুয়ারি ১৯৫৮ সালে। ইউরোপীয় ইউনিয়নের সদর দপ্তর বেলজিয়ামের রাজধানী ব্রাসেলস এ অবস্থিত। ইউরোপীয় ইউনিয়নের সদস্য সংখ্যা ২৮টি, অফিসিয়াল ভাষা ২৩টি এবং পতাকায় তারকার সংখ্যা ১২টি। ইউরোপীয় পার্লামেন্টের সচিবালয় লুক্সেমবার্গে অবস্থিত।

৪৩. পৃথিবীর ক্ষুদ্রতম দেশ-

ক. ভ্যাটিকান সিটি খ. মালদ্বীপ
গ. সিঙ্গাপুর ঘ. আয়ারল্যান্ড

উত্তর✓ ক [illegible] আয়তনে ক্ষুদ্রতম দেশঃ

অবস্থান	রাষ্ট্র	আয়তন (বর্গ কিমি)	অবস্থান
প্রথম	ভ্যাটিকান সিটি	০.৪৪	ইউরোপ
দ্বিতীয়	মোনাকো	২	ইউরোপ
তৃতীয়	নাউরু	২১	ওশেনিয়া
নবম	মালদ্বীপ	২৯৮	এশিয়া

৪৪. মুক্তিযুদ্ধকালীন ঢাকা কোন সেক্টরের অধীনে ছিল?

ক. ১ খ. ২
গ. ৫ ঘ. ৭

উত্তর✓ খ [illegible] মুক্তিযুদ্ধকালীন ঢাকা জেলা ২ ও ৩নং সেক্টরের অধীনে ছিল। তবে ঢাকা শহর ছিল ২নং সেক্টরের অধীন। ২নং সেক্টরের কমান্ডার ছিলেন মেজর কে এম খালেদ মোশাররফ এবং মেজর এ টি এম হায়দার।

৪৫. সূর্যের নিকটতম গ্রহের নাম কি?

ক. জুপিটার খ. ভেনাস
গ. মার্কারি ঘ. মঙ্গল

উত্তর✓ গ

৪৬. কোন আরব দেশ স্বাধীন বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দান করে?

ক. সৌদি আরব খ. ইরান
গ. মিশর ঘ. ইরাক

উত্তর✓ ঘ [illegible]

দেশ	স্বীকৃতি প্রদানের তারিখ
সেনেগাল	১ ফেব্রুয়ারি ১৯৭২
ইরাক	৮ জুলাই ১৯৭২
মিশর	১৫ সেপ্টেম্বর ১৯৭৬
ইরান	২২ ফেব্রুয়ারি ১৯৭৪
সৌদি আরব	১৬ আগস্ট ১৯৭৫

৪৭. বাংলাদেশের সবচেয়ে প্রশস্ত নদী কোনটি?

ক. মেঘনা খ. পদ্মা
গ. সুরমা ঘ. যমুনা

উত্তর✓ ক [illegible] মেঘনা বাংলাদেশের প্রশস্ততম নদী। চাঁদপুরের নিকটে এই নদীর প্রস্থ প্রায় ১৩,০০০ মিটার। মেঘনা নদী আসামের নাগা মনিপুর পাহাড়ের দক্ষিণে লুসাই পাহাড়ে উৎপন্ন হয়েছে। মেঘনা কিশোরগঞ্জের ভৈরবে পুরাতন ব্রহ্মপুত্র এবং চাঁদপুরে পদ্মা নদীর সাথে মিলিত হয়ে ভোলার দক্ষিণে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

৪৮. বাংলাদেশের অন্তর্গত সুন্দরবনের আয়তন কত?

ক. ২৪০০ বর্গমাইল খ. ১৯৫০ বর্গমাইল
গ. ১৭৬০ বর্গমাইল ঘ. ১২২৫ বর্গমাইল

উত্তর✓ ক [illegible] বাংলাদেশের জাতীয় বন সুন্দরবন। এটি পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বন। সুন্দরবনের মোট আয়তন ১০,০০০ বর্গ কিলোমিটার। এর মধ্যে বাংলাদেশের অন্তর্গত ৬০১৭ বর্গ কিলোমিটার বা ২৪০০ বর্গ মাইল। ইউনেস্কো ৬ ডিসেম্বর ১৯৯৭ সালে সুন্দরবনকে ৭৯৮তম বিশ্বঐতিহ্য হিসেবে ঘোষণা করে।

৪৯. প্রধান নির্বাচন কমিশনারের মেয়াদকাল কত?

ক. ৭ বছর খ. ৬ বছর
গ. ৫ বছর ঘ. ৩ বছর

উত্তর✓ গ [illegible] বাংলাদেশের সংবিধানে ১১৮নং অনুচ্ছেদে নির্বাচন কমিশন প্রতিষ্ঠা সম্পর্কে বলা হয়েছে। সংবিধানের ১১৮(৩)নং অনুচ্ছেদে বলা হয়েছে 'এই সংবিধানের বিধানাবলী সাপেক্ষে কোন নির্বাচন কমিশনারের পদের মেয়াদ তাহার কার্যভার গ্রহণের তারিখ হইতে পাঁচ বৎসরকাল হইবে।'

৫০. ঢাকার বিখ্যাত তারা মসজিদ তৈরি করেছিলেন-

ক. নবাব সলিমুল্লাহ খ. মির্জা আহমেদ খান
গ. মির্জা গোলাম পীর ঘ. শায়েস্তা খান

উত্তর✓ গ [illegible] তারা মসজিদ পুরানো ঢাকার আরমানিটোলায় অবস্থিত। আঠারো শতকের প্রথম দিকে মির্জা গোলাম পীর এই মসজিদ নির্মাণ করেন। তার অপর নাম মির্জা আহমদ জান। মসজিদটিতে পাঁচটি গম্বুজ ও চারটি মিনার রয়েছে।

৫১. 'Do not open the door.' বাক্যের passive form হচ্ছে-

ক. Let not the door open.
খ. Let not the door be opened.
গ. Let not the door be open.
ঘ. Let not the door opened.

উত্তর✓ খ [illegible] **Do not যুক্ত Imperative sentence কে Passive Voice এ রূপান্তরের নিয়ম :**

Struct: Let not + Subject (Active voice এর object) + be + vpp/v_3 (opened) ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৫৪. 'Who is doing the work?' বাক্যের passive form হচ্ছে–
ক. By whom is the work being done?
খ. By whom is the work done?
গ. By whom was the work being done?
ঘ. By whom is the work has done?
উত্তর✓ ক Who যুক্ত Sentence কে Passive voice এ রূপান্তরের নিয়ম : By Whom + H.V (Subject এর person অনুযায়ী) + Subject + being + V_3 ।

৫৫. 'Passion' শব্দটির adjective হচ্ছে–
ক. Passionful
খ. Pastoral
গ. Emanation
ঘ. Passionate
উত্তর✓ খ

প্রদত্ত শব্দ	parts of speech	অর্থ
passion	noun	আবেগ
passionate	adjective	আবেগপ্রবণ,আবেগ তাড়িত।
Emanation	noun	উৎপাদন, জন্ম।

৫৪. 'Rely' শব্দটির Noun হচ্ছে–
ক. Relement
খ. Rely
গ. Reliance
ঘ. Reliment
উত্তর✓ গ

প্রদত্ত শব্দ	parts of speech	অর্থ
Rely	verb	নির্ভর করা
Reliance	noun	নির্ভরতা

৫৫. He asked me where I had gone the previous day. বাক্যের direct speech হচ্ছে–
ক. He asked to me, "Where did you go yesterday?
খ. He said to me, "Where did you go yesterday?"
গ. He said to me, "Where you went yesterday?"
ঘ. He said to me, "Where did I go yesterday?"
উত্তর✓ খ 'Reporting verb' এ asked থাকায় এবং 'reported speech এ past perfect tense এবং The previous day থাকায় আমাদেরকে বুঝতে Interrogative sentence টি Past Indefinite tense এ হবে এবং The previous day এর পরিবর্তে 'Yesterday' হবে।

৫৬. He said to me, "Which book do you want?" বাক্যের indirect speech হচ্ছে–
ক. He asked me which book I wanted
খ. He asked to me which book I wanted
গ. He said me which book I wanted
ঘ. He said to me which book I wanted
উত্তর✓ ক [sub + 'Reporting verb' এর ' said to me' এর পরিবর্তে ' asked me' + Wh word (অপরিবর্তিত থাকে) + Interrogative pattern অপরিবর্তিত হয়ে → Assertive pattern + past indefinite tense (present Indefinite tense) এর পরিবর্তে। সুতরাং সঠিক উত্তর (ক)।

৫৭. 'He is absorbed – thought.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ হবে–
ক. to
খ. at
গ. for
ঘ. in
উত্তর✓ ঘ 'be' absorbed in – কোনো কিছুতে মগ্ন/চিন্তায় নিমগ্ন থাকা।

৫৮. Karim as well as Nayeem – praise.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ হবে–
ক. are deserving
খ. deserve
গ. deserves
ঘ. is deserving
উত্তর✓ গ দুটি Noun 'as well as' দ্বারা যুক্ত হলে এবং বাক্যে Subject হিসেবে ব্যবহৃত হলে, উক্ত Subject এর verb form টি প্রথম Noun টির Number অনুযায়ী পরিবর্তিত হয়। বাক্যে প্রথম Noun টি 3rd person singular Number এবং verb form টি ও singular অর্থাৎ deserves হবে।

৫৯. 'Tooth and nails' phrase টির অর্থ–
ক. Beautiful
খ. Completely
গ. Incompletely
ঘ. Precise
উত্তর✓ খ 'Tooth and nails' mean 'Comolety' (পুরোপুরি, সম্পূর্ণ রূপে) অপশনগুলোর মধ্যে একমাত্র।

৬০. 'Dead letter' phrase টির অর্থ–
ক. Law not in force
খ. Bad letter
গ. Old letter
ঘ. Letter written by unknown person
উত্তর✓ ক Dead letter (N.P.) – অকার্যকর। Law not in force (N.P.) – যে আইনের বাস্তবিক প্রয়োগ নাই। 'Dead letter একটি phrase যার অর্থ 'Law not in force'(অচল আইন)। কাজেই সঠিক উত্তর (ক)।

৬১. 'Calm' শব্দটির synonym হচ্ছে–
ক. Agitated
খ. Quiet
গ. Angry
ঘ. Inflamed
উত্তর✓ খ

শব্দ	অর্থ
Calm	শান্ত, নিস্তব্ধ, নিথর
Igitated	ক্ষুব্ধ, উত্তেজিত, বিক্ষুব্ধ।
Quiet	শান্ত, নিস্তব্ধ।
Angry	ক্রুদ্ধ, রাগান্বিত।
Inflamed	রাগান্বিত, প্রজ্বলিত

৬২. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. Sycology
খ. Psykology
গ. Sychology
ঘ. Psychology
উত্তর✓ ঘ সঠিক বানান হচ্ছে 'Psychology' (মনোবিজ্ঞান, মনোবিদ্যা)

৬৩. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. Comision
খ. Comission
গ. Commission
ঘ. Commision
উত্তর✓ গ সঠিক বানান হচ্ছে 'Commission' (কমিশন)।

৬৪. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. Lake Chilka is in Orrisa.
খ. Lake Chilka is in the Orrisa.
গ. The Lake Chilka is in the Orrisa.
ঘ. The lake Chilka is in Orrisa.
উত্তর✓ ক অপশনগুলোর মধ্যে সঠিক উত্তর একমাত্র (ক)। কেননা 'Lake' (হ্রদ) এর নামের ''The' ব্যবহার করা হয় না।

৬৫. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. See the word in the dictionary.
খ. Find out the word in the dictionary.
গ. Pick up the word in the dictionary.
ঘ. Look up the word in the dictionary.
উত্তর✓ খ ব্যাখ্যা Dictionary -তে কোনো একটি নির্দিষ্ট শব্দ খোঁজার ক্ষেত্রে 'Look up' phrasal verb-টি ব্যবহৃত হয়।

৬৬. মানুষের ক্রোমোসোমের সংখ্যা কত?
ক. ২৩ জোড়া খ. ২২ জোড়া
গ. ২৫ জোড়া ঘ. ২১ জোড়া
উত্তর ক

৬৭. ফকিররা কত সাল থেকে কত সাল পর্যন্ত বাংলার বিভিন্ন স্থানে বিদ্রোহ করেছিল?
ক. ১৭৮১ থেকে ১৮৪০ পর্যন্ত খ. ১৭৬০ থেকে ১৮৪০ পর্যন্ত
গ. ১৭৫৭ থেকে ১৮৫৭ পর্যন্ত ঘ. ১৮১৯ থেকে ১৮৬২ পর্যন্ত
উত্তর✓ খ ব্যাখ্যা ফকিররা ১৭৫৭ থেকে ১৮০০ সাল পর্যন্ত বাংলার বিভিন্ন স্থানে বিদ্রোহ করেছিল। মজনু শাহের নেতৃত্বে ফকিরগণ রাজশাহী, বগুড়া, দিনাজপুর, রংপুর, পাবনা, ঢাকা সহ বিভিন্ন স্থানে ইংরেজ বিরোধী তৎপরতা শুরু করে। ১৭৭৬ সালে ফকিরগণ মহাস্থানে একটি দুর্গ নির্মাণ করে। ১৭৮৭ সালে মজনু শাহের মৃত্যুর পর সুযোগ্য নেতৃত্বের অভাবে ফকির আন্দোলন স্তিমিত হয়ে যায়।

৬৮. ইউনেস্কোর প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?
ক. নিউইয়র্ক খ. প্যারিস
গ. রোম ঘ. জেনেভা
উত্তর✓ খ ব্যাখ্যা United Nations Educational Scientific and Cultural Organization (UNESCO)- প্রতিষ্ঠার লক্ষ্যে সনদ স্বাক্ষরিত হয় ১৬ নভেম্বর ১৯৪৫ সালে। ইউনেস্কো কার্যক্রম শুরু করে ৪ নভেম্বর ১৯৪৬ সালে। ইউনেস্কোর সদর দপ্তর ফ্রান্সের রাজধানী প্যারিসে অবস্থিত। এই প্রতিষ্ঠানের প্রধানের পদবি মহাপরিচালক।

৬৯. দক্ষিণ পূর্ব এশিয়ার একটি দেশ-
ক. উত্তর কোরিয়া খ. দক্ষিণ কোরিয়া
গ. চীন ঘ. ভিয়েতনাম
উত্তর✓ ঘ ব্যাখ্যা এশিয়া পৃথিবীর বৃহত্তম মহাদেশ। এশিয়ায় স্বাধীন দেশের সংখ্যা ৪৪টি। উত্তর কোরিয়া, দক্ষিণ কোরিয়া, চীন, জাপান পূর্ব এশিয়া বা দূরপ্রাচ্যের দেশ। ভিয়েতনাম দক্ষিণ-পূর্ব এশিয়ার একটি দেশ।

৭০. আগরতলা ষড়যন্ত্র মামলা কত সালে দায়ের করা হয়?
ক. ১৯৬৬ সালে খ. ১৯৬৭ সালে
গ. ১৯৬৮ সালে ঘ. ১৯৭৯ সালে
উত্তর✓ গ ব্যাখ্যা আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয় ৩ জানুয়ারি ১৯৬৮ সালে। এই মামলার আসামি ছিল ৩৫জন। প্রধান আসামি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ১৯ জুন ১৯৬৮ সালে কুর্মিটোলা সেনানিবাসে এই মামলার বিচার কাজ শুরু হয়। আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার করা হয় ২২ ফেব্রুয়ারি ১৯৬৯ সালে।

৭১. বীরশ্রেষ্ঠ পদকপ্রাপ্তদের সংখ্যা কত?
ক. পাঁচ খ. সাত
গ. আট ঘ. দশ
উত্তর✓ খ ব্যাখ্যা বাংলাদেশের সর্বোচ্চ বীরত্ব সূচক খেতাব বীরশ্রেষ্ঠ। মহান মুক্তিযুদ্ধে অসামান্য বীরত্ব প্রদর্শনের জন্য বাংলাদেশ সরকার ৭ জনকে বীরশ্রেষ্ঠ খেতাব প্রদান করেছে। তাঁদের মধ্যে সর্বপ্রথম শহিদ হন সিপাহি মোহাম্মদ মোস্তফা কামাল ১৭ এপ্রিল ১৯৭১ সালে এবং সর্বশেষ শহিদ হন ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর ১৪ ডিসেম্বর ১৯৭১ সালে।

৭২. বিষধর সাপের কয়টি বিষদাঁত থাকে?
ক. চারটি খ. তিনটি
গ. দুটি ঘ. একটি
উত্তর গ

৭৩. কোন সালে ভারতে বাবরি মসজিদ ভাঙা হয়?
ক. ১৯৯৫ খ. ১৯৯৪
গ. ১৯৯৩ ঘ. ১৯৯২
উত্তর✓ ঘ ব্যাখ্যা বাবরি মসজিদ ভারতের উত্তর প্রদেশের অযোধ্যায় রামকোট হিলের উপর অবস্থিত ছিল। মসজিদটি ১৫২৭ খ্রিস্টাব্দে ভারতের প্রথম মুঘল সম্রাট বাবরের আদেশে নির্মিত হয় এবং তার নামানুসারে নামকরণ করা হয়। ১৯৯২ সালে বাবরি মসজিদ ধ্বংস করা হয়।

৭৪. কোনটি ক্ষুদ্রতম?
ক. সেন্টিমিটার খ. ডেসিমিটার
গ. হেক্টোমিটার ঘ. কিলোমিটার
উত্তর ক

৭৫. কোন প্রতিষ্ঠান সুন্দরবনকে 'ওয়ার্ল্ড হেরিটেজ সাইট' হিসেবে স্বীকৃতি দিয়েছে?
ক. UNDP খ. UNICEF
গ. UNESCO ঘ. এর কোনোটিই নয়
উত্তর✓ গ ব্যাখ্যা সুন্দরবন বিশ্বের সবচেয়ে বড় ম্যানগ্রোভ বন। ১০,০০০ বর্গ কিলোমিটার জুড়ে গড়ে ওঠা সুন্দরবনের ৬,০১৭ বর্গ কিলোমিটার রয়েছে বাংলাদেশে। ৬ ডিসেম্বর ১৯৯৭ সালে ইউনেস্কো সুন্দরবনকে ৭৯৮তম বিশ্বঐতিহ্যবাহী স্থান হিসেবে স্বীকৃতি দেয়।

৭৬. 'ট্রাফালগার স্কোয়ার' কোন শহরে অবস্থিত?
ক. ওয়াশিংটন খ. প্যারিস
গ. মস্কো ঘ. লন্ডন
উত্তর✓ ঘ ব্যাখ্যা 'ট্রাফালগার স্কয়ার' ইংল্যান্ডের সেন্ট্রাল লন্ডনে অবস্থিত একটি সাধারণ জনগণের মিলনস্থল। এ স্থানটির পূর্ব নাম ছিল চেরিং ক্রস। ১৮০৫ সালে সংঘটিত ব্রিটিশ নৌবাহিনীর ফ্রান্সের বিরুদ্ধে বিখ্যাত ট্রাফালগারের যুদ্ধে বিজয়কে স্মরণীয় করে রাখতে এই নামকরণ করা হয়।

৭৭. কোন ধরনের ভিটামিন দাঁত ও হাড়ের জন্য প্রয়োজন?
ক. ভিটামিন এ খ. ভিটামিন বি
গ. ভিটামিন সি ঘ. ভিটামিন ডি
উত্তর✓ ঘ ব্যাখ্যা একমাত্র প্রাণিজ উৎস থেকেই ভিটামিন D পাওয়া যায়। ডিমের কুসুম, দুধ, মাখন, যকৃত ও তেলসমৃদ্ধ মাছ ভিটামিন D এর প্রধান উৎস। দাঁত ও হাড়ের জন্য ভিটামিন D অপরিহার্য।

৭৮. সালোকসংশ্লেষণ সবচেয়ে বেশি পরিমাপে হয়–
ক. লাল আলোতে খ. নীল আলোতে
গ. সবুজ আলোতে ঘ. বেগুনি আলোতে
উত্তর ক

৭৯. ঐতিহাসিক ছয় দফা কোন সালে পেশ করা হয়েছিল?
ক. ১৯৭০ সালে খ. ১৯৬৭ সালে
গ. ১৯৬৬ সালে ঘ. ১৯৬৫ সালে
উত্তর✓ গ ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৫ ফেব্রুয়ারি ১৯৬৬ সালে লাহোরে বিরোধী দলসমূহের জাতীয় সম্মেলনের বিষয় নির্বাচনী কমিটিতে প্রথম ছয় দফা উত্থাপন করেন। তিনি ছয় দফা আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন ২৩ মার্চ ১৯৬৬ সালে লাহোরে এক সংবাদ সম্মেলনে।

৮০. কোনটি জৈব সার নয়?
ক. সবুজ সার খ. গোবর সার
গ. কম্পোষ্ট সার ঘ. ইউরিয়া সার
উত্তর✓ ঘ ব্যাখ্যা গাছপালা, পশুপাখির রেচন পদার্থ ও দেহাংশ দিয়ে যে সার তৈরি হয় তাকে জৈব সার বলে। উদাহরণ- সবুজ সার, গোবর সার।



প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) নিয়োগ পরীক্ষা-২০১০

তারিখ : ১৩.০৮.২০১০ [কোড : শূন্য] সময় : ১ ঘণ্টা ২০ মিনিট পূর্ণমান : ৮০

০১. 'চাঁদের অমাবস্যা' উপন্যাসটির রচয়িতা কে?
ক. বনফুল খ. আবু জাফর শামসুদ্দীন
গ. শিকদার আবু জাফর ঘ. সৈয়দ ওয়ালীউল্লাহ
উত্তর✓ খ সৈয়দ ওয়ালীউল্লাহর (১৯২২-৭১) কতিপয় উপন্যাস : লালসালু (১৯৬৮), চাঁদের অমাবস্যা (১৯৬৪), কাঁদো নদী কাঁদো (১৯৬৮), দি আর্লি এশিয়ান (ইংরেজি ভাষায়, রচনা : ১৯৬৩)।

০২. 'দোলন-চাঁপা' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?
ক. গোলাম মোস্তফা খ. কাজী নজরুল ইসলাম
গ. যতীন্দ্রমোহন বাগচী ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর
উত্তর✓ খ কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬) কতিপয় বিখ্যাত কাব্যগ্রন্থ : অগ্নি-বীণা (১৯২২), দোলন-চাঁপা (১৯২৩), বিষের বাঁশি (১৯২৪), ভাঙার গান (১৯২৪), সাম্যবাদী (১৯২৫), সর্বহারা (১৯২৬), জিঞ্জির (১৯২৮)।

০৩. 'রক্তকরবী' নাটকটির রচয়িতা কে?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. দ্বিজেন্দ্রলাল রায় ঘ. ইব্রাহীম খাঁ
উত্তর✓ ক রবীন্দ্রনাথ ঠাকুরের কতিপয় বিখ্যাত নাটক : বিসর্জন (১৮৯১), রাজা (১৯১০), ডাকঘর (১৯১২), অচলায়তন (১৯১২), চিরকুমার সভা (১৯২৬),রক্তকরবী (১৯২৬), তাসের দেশ (১৯৩৩)।

০৪. কোনটি শুদ্ধ বানান?
ক. আভ্যন্তরীন খ. অভ্যন্তরিণ
গ. অভ্যন্তরীণ ঘ. আভ্যন্তরিণ
উত্তর✓ গ কতিপয় শুদ্ধ বানান : ক্ষুণ্ন, শুশ্রূষা, কৌতূহল, ঝাণ্ঝাসিক, চিরুন, স্বতঃস্ফূর্ত, দুরবস্থা, বিদ্বান, উননব্বই, হীনম্মন্যতা, অভিশাপ, ঘনিষ্ঠ, সদ্যোজাত, মুমূর্ষু, স্টেশন, মুখস্থ, শারীরিক, ভুবন, সমীচীন, বুভুক্ষু।

০৫. কোনটি শুদ্ধ বানান?
ক. গৃহিনী খ. গৃহিণী
গ. গৃহীনী ঘ. গৃহিণি
উত্তর✓ খ কতিপয় শুদ্ধ বানান : উর্ধ্ব, মুহূর্ত, ইতঃপূর্বে, শ্রদ্ধাঞ্জলি, মুমূর্ষু, ঐক্য, করুণ, কৃপণ, উল্লিখিত, অহরহ, একাডেমি।

০৬. 'নাবিক' এর সন্ধিবিচ্ছেদ-
ক. নৌ + ইক খ. ন + ইক
গ. নব + ইকা ঘ. নবৌ + ইক
উত্তর✓ ক স্বরবর্ণ পরে থাকলে এ-কারের স্থানে অয়, ঐ-কারের স্থানে আয়, ও-কারের স্থানে অব এবং ঔ-কারের স্থানে আব হয়। যেমন :

শে + অন = শয়ন	পো + ইত্র = পবিত্র	নৈ + অক = নায়ক
গৈ + অক = গায়ক	পৌ + অক = পাবক	পো + অন = পবন

০৭. 'দুশ্চরিত্র' এর সন্ধিবিচ্ছেদ-
ক. দুশ্চ + চিত্র খ. দুঃ + চরিত্র
গ. দু + চরিত্র ঘ. দুঃ + চরিত
উত্তর✓ খ কতিপয় গুরুত্বপূর্ণ বিসর্গ সন্ধি : নিঃ + চল = নিশ্চল; নিঃ + চিন্ত = নিশ্চিন্ত; দুঃ + চিন্তা = দুশ্চিন্তা; নিঃ + চেষ্ট = নিশ্চেষ্ট; নিঃ + চেতন = নিশ্চেতন; নিঃ + চয়= নিশ্চয়।

০৮. যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটির নাম কী?
ক. ব্যাসবাক্য খ. সমস্ত পদ
গ. সমস্যমান পদ ঘ. সমাসবাক্য
উত্তর✓ গ যে যে পদে সমাস হয় তাকে সমস্যমান পদ বলে। যেমন : শোক দ্বারা আকুল = শোকাকুল। এখানে, শোক দ্বারা আকুল = ব্যাসবাক্য, শোক, আকুল = সমস্যমান পদ, শোকাকুল = সমস্তপদ, শোক = পূর্বপদ, আকুল = উত্তর বা পরপদ।

০৯. যে সমাসে পূর্ব পদের বিভক্তির লোপ হয় না তাকে বলে-
ক. নিত্য সমাস খ. প্রাদি সমাস
গ. দ্বন্দ্ব সমাস ঘ. অলুক সমাস
উত্তর✓ ঘ যে সমাসে কোনো সমস্যমান পদের বিভক্তি লোপ হয় না, তাকে অলুক সমাস বলে। যেমন : দুধে-ভাতে, ঘোড়ার ডিম, হাতে-বেড়ি, হাতে-কলমে।

১০. 'ঢাকের কাঠি' বাগ্‌ধারার অর্থ-
ক. সাহায্যকারী খ. তোষামুদে
গ. বাদক ঘ. স্বাস্থ্যহীন লোক
উত্তর✓ খ গুরুত্বপূর্ণ কতিপয় বাগ্‌ধারা : তুবড়ি ছোটা (বেশি কথা বলা), বাহাত্তরে ধরা (মতিচ্ছন্ন হওয়া), শিয়রে শমন (আসন্ন মৃত্যু), মান্ধাতার আমল (অতি প্রাচীন কাল), পাথরে পাঁচকিল (প্রবল সৌভাগ্য)।

১১. 'নীল আকাশের নিচে আমি রাস্তা চলেছি একা'-বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. সম্প্রদানে শূন্য
উত্তর✓ খ 'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। যেমন : নীরা কলম দিয়ে লেখে। (উপকরণ- কলম)। 'জগতে কীর্তিমান হও সাধনায়।' (উপায়-সাধনা)।

১২. 'নৌকায় নদী পার হলাম' বাক্যের নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে ৭মী খ. সম্প্রদায়ে ৪র্থী
গ. অপাদানে ৫মী ঘ. অধিকরণে ৭মী
উত্তর✓ ক 'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। যেমন : ফুলে ফুলে ঘর ভরেছে।

১৩. 'আনন্দ' এর সমার্থক শব্দ নয়-
ক. উচ্ছ্বাস খ. উল্লাস
গ. শ্রান্তি ঘ. স্ফুরণ
উত্তর✓ গ 'আনন্দ' এর কতিপয় সমার্থক শব্দ : সন্তোষ, তৃপ্তি, আহ্লাদ, পুলক, হৃষ্টি, উল্লাস, স্ফূর্তি, ফুর্তি।

১৪. 'অমৃত' এর বিপরীতার্থক শব্দ-
ক. তিক্ত খ. বিষাক্ত
গ. বিরল ঘ. গরল
উত্তর✓ ঘ কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
অপ্রতিভ	সপ্রতিভ	অলস	পরিশ্রমী
অনুলোম	প্রতিলোম	অগ্রিম	বকেয়া
অনুরক্ত	বিরক্ত	অব্যক্ত, গুপ্ত	ব্যক্ত

১৫. যা কষ্টে লাভ করা যায়-

ক. অলভ্য　　খ. দুর্লভ
গ. দুর্ভিক্ষ　　ঘ. কষ্টসাধ্য

উত্তর✓ খ [illegible] কতিপয় এক কথায় প্রকাশ। যা সরোবরে জন্মে– সরোজ, যার যশ আছে– যশস্বী, যার সর্বস্ব খোয়া গেছে– সর্বস্বান্ত, যে শুনেই মনে রাখতে পারে– শ্রুতিধর, যা বলা হবে– বক্তব্য, যে হব শুনে এসেছে– হবাহুত।

১৬. কোনটি Conjunction?

ক. or　　খ. very
গ. out　　ঘ. for

উত্তর✓ ক [illegible]

প্রদত্ত অপশন	Parts of Speech (পদ)
OR	Conjunction
Very	Adverb; Adjective
Out	Preposition
For	Preposition

১৭. কোনটি পুংলিঙ্গ?

ক. Girl　　খ. Goose
গ. Man　　ঘ. Mare

উত্তর✓ গ [illegible]

Feminine Gender	Masculine Gender
Girl (বালিকা)	Boy (বালক)
Goose (রাজ হংসী)	Gander (রাজ হংস)
Woman (মহিলা)	Man (পুরুষ)
Horse (ঘোড়া)	Mare (ঘোটকী)

১৮. কোনটি শুদ্ধ বানান?

ক. Achivement　　খ. Acheivment
গ. Achevement　　ঘ. Achievement

উত্তর✓ ঘ [illegible] অপশনগুলোর মধ্যে সঠিক বানান 'Achievement' (অর্জন, কৃতিত্ব, সম্পাদন)

১৯. কোনটি শুদ্ধ বানান?

ক. Ocasion　　খ. Occasion
গ. Ocassion　　ঘ. Occassion


উত্তর✓ খ [illegible] সঠিক বানান 'Occasion' (উপলক্ষ্য, ঘটনা)।

২০. 'We do not like idle people' বাক্যটির passive form হবে-

ক. Idle people are not liked by us
খ. We are not liked by idle people
গ. Idle people are not like us
ঘ. Idle people are not of our liking

উত্তর✓ ক [illegible] Present indefinite tense থাকলে Passive করার নিয়ম:

Active এর object কে subject হিসেবে ব্যবহার + person অনুযায়ী am/is/are+vpp$_3$+by+object (Active এর subject)



২১. 'They elected him captain' বাক্যের passive form কোনটি?

ক. He is elected captain by them
খ. He has been elected captain by them
গ. He was elected captain by them
ঘ. He elected captain by them

উত্তর✓ গ [illegible] এই ধরনের যুক্ত বাক্যকে passive করতে হলে: 'Indirect Object' কে subject ('him' এর পরিবর্তে 'He') + tense ও person অনুযায়ী 'to be verb' (was) + Vpp/V$_3$ (elected) + factitive object (captain) + by + subject এর object form ('They' এর পরিবর্তে 'Them')। উল্লেখ এখানে 'elected' হলো Factive verb এবং captain হলো factive object।

২২. 'Your offer is acceptable —— me' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-

ক. by　　খ. on
গ. for　　ঘ. to

উত্তর✓ ঘ [illegible] 'গ্রহণযোগ্য' অর্থে 'acceptable' এর appropriate preposition হিসেবে 'to' ব্যবহৃত হয়। প্রদত্ত বাক্যের অর্থ: তোমার প্রস্তাবটি আমার কাছে গ্রহণযোগ্য।

২৩. 'Your conduct admits – no excuse' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-

ক. for　　খ. at
গ. of　　ঘ. from

উত্তর✓ গ [illegible]

Admit of	অবকাশ থাকা/ সুযোগ থাকা
Admit to	'ভর্তি হওয়া বা করার ক্ষেত্রে' ব্যবহৃত হয়।
Admit at/ for	এই ধরনের ব্যবহার নেই।
Your conduct admits of no excuse. তোমার আচরণে অজুহাত/কৈফিয়তের অবকাশ নেই।	

২৪. 'The teacher said, "I shall not teach him English" এর indirect speech হচ্ছে–

ক. The teacher said he would not teach him English
খ. The teacher said he will not teach him English
গ. The teacher said that he will not teach him english
ঘ. The teacher said that he would not teach him English

উত্তর✓ ঘ [illegible] 'Reporting verb' টি Past tense এর হওয়ায় 'Reported Speech' এর verb 'Shall' এর পরিবর্তে 'would' ব্যবহৃত হবে।

২৫. 'With open arms' এর অর্থ হচ্ছে-

ক. Warmly　　খ. With beautiful arm
গ. With long arm　　ঘ. With strong arm

উত্তর✓ ক [illegible] কাউকে উষ্ণ অভ্যর্থনা প্রদানের ক্ষেত্রে 'With open arms' phrase টি ব্যবহৃত হয়। 'With open arms' অর্থ 'To greet someone warmly' (কাউকে কোনো দ্বিধা ছাড়াই উষ্ণ অভ্যর্থনা জানানো)। অপশনগুলোর মধ্যে একমাত্র সঠিক উত্তর অপশন (ক)।

২৬. 'Bring to book'-এর অর্থ হচ্ছে-
ক. Book written by famous writer
খ. Valueless person
গ. Book which is lost
ঘ. Rebuke

উত্তর✓ খ 'Bring to book' phrase টির অর্থ হচ্ছে তিরস্কার করা, গালমন্দ করা, শাস্তি দেওয়া।

প্রদত্ত অপশন	অর্থ
Book written by famous writer	বিখ্যাত লেখকের দ্বারা লিখিত কোনো বই
Valueless person	মূল্যহীন ব্যক্তি
Book which is lost	যে বইটি হারিয়ে গেছে
Rebuke	তিরস্কার করা, গালমন্দ দেওয়া, শাস্তি দেওয়া

২৭. 'Benefit'-এর synonym হচ্ছে-
ক. Injury
খ. Drawback
গ. Favour
ঘ. Basement

উত্তর✓ গ

Word	Meaning
Benefit	উপকার/ উপকার করা।
Injury	আঘাত, ক্ষতি, জখম।
Drawback	অসুবিধা, সমস্যা, সীমাবদ্ধতা।
Favour	আনুকূল্য, অনুগ্রহ, উপকার/ উপকার করা।
Basement	বুনিয়াদ, ভিত্তি, বাড়ির সর্বনিম্ন অংশ

২৮. 'Encounter'-এর synonym হচ্ছে-
ক. Concord
খ. Battle
গ. Harmony
ঘ. Part

উত্তর✓ খ

Word	Meaning
Encounter	সম্মুখীন হওয়া, বিরোধিতা করা, শত্রুর সাথে যুদ্ধ করা।
Concord	ঐক্য, মিলন, সংগতি।
Harmony	ঐক্য, মিল, সংগতি।
Battle	যুদ্ধ/ লড়াই করা।
Part	অংশ

২৯. কোনটি শুদ্ধ বাক্য?
ক. There is no room for doubt in it
খ. There is no misunderstanding in it
গ. There is no place for doubt in it
ঘ. There is no suspension in it

উত্তর✓ ক অপশনগুলোর মধ্যে খ,গ ও ঘ সঠিক নয়। 'সন্দেহের অবকাশ বা স্থান' অর্থে 'no room for doubt' শব্দগুচ্ছটি ব্যবহৃত হয়। 'no misunderstanding', 'no place for doubt', 'no suspension'- এগুলো 'সন্দেহের অবকাশ অর্থে idomatic নয়। প্রদত্ত বাক্যটি দ্বারা বুঝানো হয়েছে যে- 'এটির মধ্যে সন্দেহের অবকাশ বা স্থান' নেই সুতরাং 'There is no room for doubt in it'– প্রথম অপশনটি শুধু সঠিক।

৩০. কোনটি শুদ্ধ বাক্য
ক. See the word in the dictinary
খ. Find out the word in the dictionary
গ. Pick up the word in the dictionary
ঘ. Look up the word in the dictionary

উত্তর✓ ঘ 'Dictionary' থেকে 'কোন শব্দ খোঁজা বা খুঁজে বের করা' অর্থে 'Look up' group verb টি ব্যবহৃত হয়। সুতরাং সঠিক উত্তর (ঘ)। অপশন (ক), (খ) ও (গ) তে ব্যবহৃত See, find out, pic up – এগুলো সঠিক নয়।

৩১. $a + b = 6$ এবং $a - b = 3$ হলে, ab এর মান কত?
ক. 2
খ. 4
গ. 5
ঘ. ৩

উত্তর✓ খ $ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$

$= \left(\frac{5}{2}\right)^2 - \left(\frac{3}{2}\right)^2$


$= \frac{25}{4} - \frac{9}{4} = \frac{16}{4} = 4$

৩২. $(x + 5)(x - 3) =$ কত?
ক. $x^2 + 8x + 15$
খ. $x^2 - 15$
গ. $x^2 + 2x - 15$
ঘ. $x^2 + 2x + 15$

উত্তর✓ গ $(x + 5)(x - 3) = x^2 - 3x + 5x - 15$
$= x^2 + 2x - 15$

৩৩. দুটি বৃত্ত যদি পরস্পর স্পর্শ করে তবে কেন্দ্র হতে স্পর্শ বিন্দুগামী সরলরেখা দুটির অন্তর্ভুক্ত কোণ-
ক. সরল কোণ
খ. সমকোণ
গ. স্থূল কোণ
ঘ. সূক্ষ্মকোণ


উত্তর✓ ক আমরা জানি, বৃত্তের যে কোনো বিন্দুতে অংকিত স্পর্শক স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধের উপর লম্ব।
$\therefore \angle AOC = 90°, \angle BOC = 90°$



$\therefore \angle AOC + \angle BOC = 90° + 90° = 180°$ বা এক সরলকোণ
$\therefore$ AO ও BO এর মধ্যবর্তী কোণ সরল কোণ।

৩৪. যে সামন্তরিকের সকল বাহু সমান, কিন্তু কোণগুলো সমকোণ নয়, তাকে বলে-
ক. আয়তক্ষেত্র
খ. ট্রাপিজিয়াম
গ. বর্গক্ষেত্র
ঘ. রম্বস

উত্তর✓ ঘ যে চতুর্ভুজের সকল বাহু সমান ও পরস্পর সমান্তরাল কিন্তু কোণগুলো সমকোণ নয় তাকে রম্বস বলে।



চিত্রে ABCD একটি রম্বস।

৩৫. যদি ১২ জন পুরুষ অথবা ১৮ জন মহিলা একটি কাজ করে ১৪ দিনে, তাহলে ৮ জন পুরুষ এবং ১৬ জন মহিলা একত্রে কাজটি করতে কতদিন সময় লাগবে?
ক. ৭ দিন
খ. ৯ দিন
গ. ৫ দিন
ঘ. ৬ দিন

উত্তর✓ খ

৩৬. ৪০ জন পরীক্ষার্থীর মধ্যে ১৬ জন অনুত্তীর্ণ হলে উত্তীর্ণ পরীক্ষার্থীর শতকরা হার-
ক. ৫৩% খ. ৬১%
গ. ৬০% ঘ. ৬৫%
উত্তর✓ খ উত্তীর্ণ হয় = ৪০ − ১৬ = ২৪ জন
৪০ জনে উত্তীর্ণ হয় ২৪ জন
১ " " " $\frac{২৪}{৪০}$ "
∴ ১০০ " " " $\frac{২৪ \times ১০০}{৪০}$ "
= ৬০ জন

৩৭. ২০ জন বালক ও ১৫ জন বালিকার গড় বয়স ১৫ বছর। বালকদের গড় বয়স ১৫.৫ বছর হলে, বালিকাদের গড় বয়স কত?
ক. ১৪ বছর খ. ১৪ বছর ৪ মাস
গ. ১৪ বছর ৬ মাস ঘ. ১৪ বছর ৮ মাস উত্তর খ

৩৮. পিতা ও ২ সন্তানের বয়সের গড় ৩০ বছর। ২ সন্তানের বয়সের গড় ২০ বছর হলে, পিতার বয়স কত?
ক. ৫০ বছর খ. ৬০ বছর
গ. ৫৫ বছর ঘ. ৪০ বছর
উত্তর✓ ক পিতা ও দুই সন্তানের মোট বয়স
= ৩০ × ৩ = ৯০ বছর
দুই সন্তানের মোট বয়স = ২০ × ২ = ৪০ বছর
∴ পিতার বয়স = (৯০ − ৪০) = ৫০ বছর

৩৯. এক কুড়ি কলা ৫০ টাকায় ক্রয় করে এক ডজন কলা ৩৬ টাকায় বিক্রয় করা হল। শতকরা কত টাকা লাভ হবে?
ক. ১০% খ. ১৫%
গ. ২০% ঘ. ২৫%
উত্তর✓ গ
১ কুড়ি বা ২০ টি কলার ক্রয়মূল্য ৫০ টাকা
১ ডজন বা ১২ টি কলার ক্রয়মূল্য $\left(\frac{৫০}{২০} \times ১২\right)$ টাকা
= ৩০ টাকা
লাভ = (৩৬ − ৩০) টাকা = ৬ টাকা
৩০ টাকায় লাভ হয় ৬ টাকা
∴ ১০০ টাকায় লাভ হয় $\left(\frac{৬}{৩০} \times ১০০\right)$ টাকা = ২০ টাকা

৪০. এক ডজন আম ৩৬ টাকায় ক্রয় করে হালি কত টাকায় বিক্রয় করলে ২৫% ক্ষতি হবে?
ক. ৫ টাকা খ. ৬ টাকা
গ. ৮ টাকা ঘ. ৯ টাকা
উত্তর✓ খ
১ ডজন বা ১২ টি আমের ক্রয়মূল্য ৩৬ টাকা
∴ ১ হালি বা ৪ " " " $\frac{৩৬ \times ৪}{১২}$ টাকা = ১২ টাকা
বিক্রয়মূল্য = $\frac{১০০ - \text{ক্ষতি}}{১০০} \times$ ক্রয়মূল্য
= $\frac{১০০ - ২৫}{১০০} \times ১২$
= $\frac{৭৫}{১০০} \times ১২$
= ৯ টাকা

৪১. দুটি রাশির অনুপাত ৮ ঃ ১৫। পূর্ব রাশি ৪০ হলে, উত্তর রাশি কত?
ক. ১৫ খ. ৪৫
গ. ৭৫ ঘ. ১২০
উত্তর✓ গ মনে করি, উত্তর রাশি x
∴ ৮ ঃ ১৫ = ৪০ ঃ x
বা, $\frac{৮}{১৫} = \frac{৪০}{x}$
বা, $x = \frac{৪০ \times ১৫}{৮} = ৭৫$
∴ x = ৭৫

৪২. ক ও খ-এর বেতনের অনুপাত ৭ ঃ ৫। ক, খ অপেক্ষা ৪০০ টাকা বেশি বেতন পেলে, খ এর বেতন কত?
ক. ৯০০ টাকা খ. ১০০০ টাকা
গ. ১১০০ টাকা ঘ. ১৬০০ টাকা উত্তর খ

৪৩. করিমের আয় রহিমের আয় অপেক্ষা ২৫% বেশি। রহিমের আয় করিমের আয় অপেক্ষা শতকরা কত কম?
ক. ২০% খ. ২৫%
গ. ৭৫% ঘ. ১৫%
উত্তর✓ ক
করিমের আয় ১২৫ টাকা হলে রহিমের আয় ১০০ টাকা
" " ১ " " " " $\frac{১০০}{১২৫}$ "
" " ১০০ " " " " $\frac{১০০ \times ১০০}{১২৫}$ "
= ৮০ টাকা
করিমের বেতন বেশি = (১০০ − ৮০) = ২০ টাকা
বিকল্প : $\left[\frac{r}{১০০ + r} \times ১০০\right]\%$
= $\frac{২৫}{১০০ + ২৫} \times ১০০$
= $\frac{২৫}{১২৫} \times ১০০$
= ২০%

৪৪. ৭, ১০, ১৬, ২৮, ৫২ ধারাটির পরবর্তী সংখ্যা কত?
ক. ৭৪ খ. ১০০
গ. ১০৪ ঘ. ১৫০
উত্তর✓ খ
৭ ১০ ১৬ ২৮ ৫২ ১০০
ব্যবধান ৩ ৬ ১২ ২৪ ৪৮

৪৫. ১, ৫, ১৩, ২৯, ৬১ ধারাটির পরবর্তী সংখ্যা কত?
ক. ৮০ খ. ১০০
গ. ১২০ ঘ. ১২৫ উত্তর ঘ

৪৬. ভূপৃষ্ঠে কোন ধাতু সবচেয়ে বেশি আছে?
ক. কপার খ. জিংক
গ. অ্যালুমিনিয়াম ঘ. পারদ উত্তর গ

৪৭. ফরমালিন হলো ফরমালডিহাইডের-
ক. ৪০% জলীয় দ্রবণ খ. ৩০% জলীয় দ্রবণ
গ. ২০% জলীয় দ্রবণ ঘ. ১০% জলীয় দ্রবণ
উত্তর✓ ক ফরমালিনডিহাইডের ৪০% জলীয় দ্রবণকে ফরমালিন বলে। এটি পচন নিবারণে এবং বস্তুর জৈব সংরক্ষণে ব্যবহার করা হয়।

৪৮. কোনটির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম?
ক. বেগুনি আলো খ. নীল আলো
গ. হলুদ আলো ঘ. লাল আলো উত্তর ক

৪৯. শোধনির কারণ কী?
ক. প্রতিফলন খ. বিক্ষেপণ
গ. প্রতিসরণ ঘ. ব্যতিচার উত্তর খ

৫০. নিচের কোনটিকে কম্পিউটারের মস্তিষ্ক বলা হয়?
ক. নির্গমনমুখ খ. যুক্তি বর্তনী
গ. স্মৃতি ঘ. কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ
উত্তর✓ ঘ কম্পিউটারের যে অংশ ডেটা প্রক্রিয়াকরণের কাজ করে তাকে কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ ইউনিট বলে। এটি কম্পিউটারের মস্তিষ্ক নামে পরিচিত।

৫১. মনিটরের কাজ হলো–
ক. গাণিতিক সমাধান করা
খ. বিভিন্ন কাজের মধ্যে সংগতি স্থাপন করা
গ. লেখা ও ছবি দেখানো
ঘ. এর কোনোটিই নয়
উত্তর✓ গ মনিটর হলো আউটপুট ডিভাইস যা দেখতে টেলিভিশনের মত। এটি লেখা, ছবি, রেখাচিত্র, নকশা ইত্যাদি দেখার কাজে ব্যবহৃত হয়।

৫২. মাছির পা থাকে-
ক. ৬টি খ. ৪টি
গ. ৮টি ঘ. ১০টি উত্তর ক

৫৩. করোটিতে কয়টি অস্থি থাকে?
ক. ২৭ খ. ২৮
গ. ২৯ ঘ. ৩০ উত্তর গ

৫৪. ক্লোরোফিল ছাড়া সম্পন্ন হয় না–
ক. শ্বসন খ. অভিস্রবণ
গ. রেচন ঘ. সালোকসংশ্লেষণ উত্তর ঘ

৫৫. উদ্ভিদের বৃদ্ধি সবচেয়ে বেশি হয়–
ক. কাণ্ডের অগ্রভাগে খ. পাতায়
গ. মূলের অগ্রভাগে ঘ. মূল ও কাণ্ডের অগ্রভাগে উত্তর ঘ

৫৬. সূর্য অপেক্ষা পৃথিবীর উপর চন্দ্রের আকর্ষণ শক্তি প্রায়–
ক. দ্বিগুণ খ. তিনগুণ
গ. চারগুণ ঘ. ছয়গুণ উত্তর ক

৫৭. পরিচলন বৃষ্টি বেশি হয় কোন অঞ্চলে?
ক. মেরু অঞ্চলে খ. শীত প্রধান অঞ্চলে
গ. নাতিশীতোষ্ণ অঞ্চলে ঘ. নিরক্ষীয় অঞ্চলে উত্তর ঘ

৫৮. দক্ষিণ গোলার্ধ ও সূর্যের মধ্যে সবচেয়ে বেশি দূরত্ব হয়–
ক. ২৩ মার্চ খ. ২১ জুন
গ. ১ জুলাই ঘ. ১ ডিসেম্বর উত্তর খ

৫৯. পৃথিবীর শক্তির মূল উৎস-
ক. অভিকর্ষ শক্তি খ. মাধ্যাকর্ষণ শক্তি
গ. পারমাণবিক শক্তি ঘ. সূর্য
উত্তর✓ ঘ সূর্যের কেন্দ্রভাগের উত্তাপ পনের কোটি ডিগ্রী সেন্টিগ্রেড এবং পৃষ্ঠভাগের উত্তাপ সাড়ে ছয় হাজার ডিগ্রী সেন্টিগ্রেড / সূর্যতাপের দুইশত কোটি ভাগের একভাগ পৃথিবীতে আসে। সূর্যই পৃথিবীর শক্তির মূল উৎস।

৬০. উপকূল হতে বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্রসীমা কত?
ক. ১৫০ নটিক্যাল মাইল খ. ১২০ নটিক্যাল মাইল
গ. ২০০ নটিক্যাল মাইল ঘ. ১৮০ নটিক্যাল মাইল
উত্তর✓ গ বাংলাদেশের মোট সীমানা ৫১৩৯ কিলোমিটার এর মধ্যে জলসীমা ৭১১ কিলোমিটার। বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্রসীমা ২০০ নটিক্যাল মাইল বা ৩৭০.৪০ কিলোমিটার। আঞ্চলিক সমুদ্রসীমা ১২ নটিক্যাল মাইল এবং সংরক্ষিত এলাকা ১৮ নটিক্যাল মাইল।

৬১. ব্রহ্মপুত্র নদ হিমালয়ের কোন শৃঙ্গ থেকে উৎপন্ন হয়েছে?
ক. নাঙ্গাপর্বত খ. কাঞ্চনজঙ্ঘা
গ. কৈলাস ঘ. গডউইন অস্টিন
উত্তর✓ গ ব্রহ্মপুত্র নদের উৎপত্তি হয়েছে তীব্বতের হিমালয় পর্বতমালার কৈলাশ শৃঙ্গের মানস সরোবর থেকে। যা সমুদ্রপৃষ্ঠ থেকে ৫২১০ মিটার উঁচুতে অবস্থিত। ব্রহ্মপুত্র পতিত হয়েছে বঙ্গোপসাগরে এবং মোট দৈর্ঘ্য ২৮৫০ কিলোমিটার। ব্রহ্মপুত্র চীন, ভারত ও বাংলাদেশের উপর দিয়ে প্রবাহিত হয়েছে।

৬২. মেঘনা নদী ব্রহ্মপুত্রের সাথে মিলিত হয়েছে-
ক. চাঁদপুরের কাছে খ. ভৈরব বাজারে
গ. গোয়ালন্দে ঘ. নারায়ণগঞ্জে
উত্তর✓ খ কিশোরগঞ্জের ভৈরব বাজারে মেঘনা নদী পুরাতন ব্রহ্মপুত্রের সাথে মিলিত হয়ে মেঘনা নামে প্রবাহিত হয়েছে। মেঘনা নদী পরবর্তীতে চাঁদপুরে পদ্মা নদীর সাথে মিলিত হয়েছে। মিলিত ধারা মেঘনা নামে প্রবাহিত হয়ে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

৬৩. ভূ-প্রকৃতি অনুযায়ী বাংলাদেশকে ভাগ করা হয়েছে–
ক. ৩টি অঞ্চলে খ. ৪টি অঞ্চলে
গ. ৫টি অঞ্চলে ঘ. ৬টি অঞ্চলে
উত্তর✓ ক ভূ-প্রকৃতি অনুসারে বাংলাদেশকে তিন ভাগে ভাগ করা হয়েছে।
১. টারশিয়ারি যুগের পাহাড়সমূহ,
২. প্লাইস্টোসিন কালের সোপানসমূহ,
৩. সাম্প্রতিককালের প্লাবন সমভূমি।

৬৪. ব্রিটিশ আমলে বাংলাদেশে যেসব আন্দোলন হয়েছিল তার মধ্যে কোনটি প্রধান?
ক. কোরায়েশী আন্দোলন খ. হাসেমী আন্দোলন
গ. ফরায়েজী আন্দোলন ঘ. সৈয়দী আন্দোলন
উত্তর✓ গ ফরায়েজী আন্দোলন অর্থ ফরজ পালনের জন্য আন্দোলন। হাজী শরীয়তুল্লাহ ১৮১৮ সালে ফরায়েজী আন্দোলন শুরু করেন। ১৮৪০ সালে হাজী শরীয়তুল্লাহর মৃত্যু হলে ফরায়েজী আন্দোলনের নেতৃত্ব গ্রহণ করেন দুদু মিয়া। দুদু মিয়ার আসল নাম পীর মুহসিনউদ্দীন আহমদ।

৬৫. কত সালে মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়?
ক. ১৯০৩ সালে খ. ১৯০৪ সালে
গ. ১৯০৫ সালে ঘ. ১৯০৬ সালে
উত্তর✓ খ মুসলিম লীগের প্রকৃত নাম ছিল 'নিখিল ভারত মুসলিম লীগ'। নওয়াব সলিমুল্লাহর উদ্যোগে ঢাকায় নিখিল ভারত মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয় ৩০ ডিসেম্বর ১৯০৬ সালে। মুসলিম লীগের প্রথম অধিবেশন হয় ঢাকায় নওয়াব ভিকারুলমুলক এর সভাপতিত্বে।

...ভঙ্গের পরেই ঢাকায় কি নির্মিত হয়?

সুরম্য অট্টালিকা — খ. কার্জন হল
হাইকোর্ট — ঘ. এর সবগুলোই

উত্তর✓ খ ব্যাখ্যা লর্ড কার্জন ১৬ অক্টোবর ১৯০৫ সালে বঙ্গ প্রদেশকে দুই ভাগে বিভক্ত করেন। একটি 'পূর্ববঙ্গ ও আসাম' অপরটি 'পশ্চিমবঙ্গ'। 'পূর্ববঙ্গ ও আসাম' রাজ্যের রাজধানী করা হয় ঢাকা। রাজধানী হওয়ার কারণে ঢাকায় হাইকোর্ট, সুরম্য অট্টালিকা, কার্জন হল প্রভৃতি নির্মিত হয়। পরবর্তীতে লর্ড হার্ডিঞ্জ ১৯১১ সালের ১২ ডিসেম্বর বঙ্গভঙ্গ রদ করেন।

৬৭. পূর্ব বাংলার প্রথম গভর্নর কে ছিলেন?

ক. এ. কে. ফজলুল হক — খ. ইস্কান্দার মীর্জা
গ. চৌধুরী খালেকুজ্জামান — ঘ. হোসেন শহীদ সোহরাওয়ার্দী

উত্তর✓ Blank ব্যাখ্যা

পরিচয়	নাম
স্যার ফ্রেডারিক চামারস বোর্ন	পূর্ব পাকিস্তানের প্রথম গভর্নর
খাজা নাজিম উদ্দীন	পূর্ব পাকিস্তানের প্রথম মুখ্যমন্ত্রী
লিয়াকত আলী খান	পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী
মেজর জেনারেল ইস্কান্দার আলী মির্জা	পাকিস্তানের প্রথম রাষ্ট্রপতি
মোহাম্মদ আলী জিন্নাহ্	পাকিস্তানের প্রথম গভর্নর জেনারেল

সঠিক উত্তর নেই। পূর্ব বাংলা বা পূর্ব পাকিস্তানের প্রথম গভর্নর স্যার ফ্রেডারিক চামারস বোর্ন। পূর্ব বাংলা বা পূর্ব পাকিস্তানের প্রথম মুখ্যমন্ত্রী স্যার খাজা নাজিম উদ্দিন। পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান, প্রথম রাষ্ট্রপতি মেজর জেনারেল ইস্কান্দার আলী মির্জা এবং প্রথম গভর্নর জেনারেল মুহাম্মদ আলী জিন্নাহ।

৬৮. কে অসহযোগ আন্দোলনে নেতৃত্ব দেন?

ক. গান্ধীজি — খ. মাওলানা শওকত আলী
গ. জহরলাল নেহেরু — ঘ. বিপিনচন্দ্র পাল

উত্তর✓ ক ব্যাখ্যা অহিংস ও অসহযোগ আন্দোলনের জনক মহাত্মা গান্ধী। মহাত্মা গান্ধীর প্রকৃত নাম মোহনদাস করমচাঁদ গান্ধী। অসহযোগ আন্দোলনের সময়কাল ছিল ১৯২০-১৯২২ সাল। আন্দোলনের নামে হিংসাত্মক ঘটনা ঘটানোর প্রেক্ষিতে গান্ধীজি অসহযোগ আন্দোলন বন্ধ করতে বাধ্য হন।

৬৯. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে?

ক. জয়নুল আবেদীন — খ. কামরুল হাসান
গ. হাসেম খান — ঘ. হামিদুর রহমান

উত্তর✓ খ ব্যাখ্যা বাংলাদেশের জাতীয় পতাকার রূপকার চিত্রশিল্পী কামরুল হাসান। বাংলাদেশের বর্তমান জাতীয় পতাকা গৃহীত হয় ১৭ জানুয়ারি ১৯৭২ সালে। জাতীয় পতাকার দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ১০:৬ বা ৫:৩। সংবিধানের ৪(২)নং অনুচ্ছেদ অনুযায়ী জাতীয় পতাকা হচ্ছে সবুজ ক্ষেত্রের উপর স্থাপিত রক্তবর্ণের একটি ভরাট বৃত্ত।

৭০. শহিদ বুদ্ধিজীবী দিবস কবে পালন করা হয়?

ক. ১২ ডিসেম্বর — খ. ১৩ ডিসেম্বর
গ. ১৪ ডিসেম্বর — ঘ. ১১ ডিসেম্বর

উত্তর✓ গ ব্যাখ্যা মুক্তিযুদ্ধের শেষ দিকে পরাজয় নিশ্চিত বুঝতে পেরে পাক হানাদার বাহিনী এদেশের বুদ্ধিজীবীদের হত্যার চক্রান্তরে। একাজে রাজাকার, আলবদর, আলশামস তাদের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহযোগিতা করে। ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস পালন করা হয়।

৭১. আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র কবে জারি করা হয়?

ক. ৭ মার্চ ১৯৭১ — খ. ২৫ মার্চ ১৯৭১
গ. ১০ এপ্রিল ১৯৭১ — ঘ. ১৭ মার্চ ১৯৭১

উত্তর✓ গ ব্যাখ্যা ১৯৭১ সালের ১০ এপ্রিল বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয় এবং মুজিবনগর সরকার গঠিত হয়। ১৯৭১ সালের ১৭ এপ্রিল স্বাধীনতার ঘোষণাপত্র পঠিত হয় এবং মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে।

৭২. বীরশ্রেষ্ঠ পদক প্রাপ্তদের সংখ্যা কত?

ক. পাঁচ — খ. ছয়
গ. সাত — ঘ. আট

উত্তর✓ গ ব্যাখ্যা বাংলাদেশে সর্বোচ্চ বীরত্বসূচক খেতাব বীরশ্রেষ্ঠ। বীরশ্রেষ্ঠ খেতাবপ্রাপ্ত যোদ্ধা ৭ জন। ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর, সিপাহি মোস্তফা কামাল, সিপাহি হামিদুর রহমান, ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ, ল্যান্স নায়েক মুন্সি আবদুর রউফ, ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান এবং ইঞ্জিনরুম আর্টিফিসার রুহুল আমিন।

৭৩. নিউমোনিয়া রোগটি হয়-

ক. হৃৎপিণ্ডে — খ. ফুসফুসে
গ. যকৃতে — ঘ. কিডনীতে

উত্তর✓ খ ব্যাখ্যা ফুসফুসের প্রদাহ মূলত নিউমোনিয়া নামে পরিচিত।

৭৪. রোগ প্রতিরোধক ক্ষমতা বাড়ায় প্রধানত-

ক. ভিটামিন — খ. পানি
গ. শর্করা — ঘ. স্নেহ — উত্তর ক

৭৫. সবচেয়ে কঠিন পদার্থ-

ক. গ্রাফাইট — খ. টাংস্টেন
গ. প্ল্যাটিনাম — ঘ. হীরা — উত্তর ঘ

৭৬. আলোর বর্ণ নির্ধারণ করে তার-

ক. বিস্তার — খ. গতিবেগ
গ. তরঙ্গদৈর্ঘ্য — ঘ. কোনোটিই নয় — উত্তর গ

৭৭. কোনটির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে বেশি?

ক. নীল আলো — খ. বেগুনি আলো
গ. হলুদ আলো — ঘ. লাল আলো — উত্তর ঘ

৭৮. ক্ষমতার একক-

ক. ওয়াট — খ. জুল
গ. ক্যালরি — ঘ. নিউটন — উত্তর ক

৭৯. পৃথিবীর নিকটতম গ্রহ-

ক. মঙ্গল — খ. বুধ
গ. শুক্র — ঘ. বৃহস্পতি — উত্তর গ

৮০. সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে কতক্ষণ সময় লাগে?

ক. ১০.৫৬ মিনিট — খ. ৯.১২ মিনিট
গ. ৭.৯৬ মিনিট — ঘ. ৮.৩২ মিনিট

উত্তর✓ ঘ ব্যাখ্যা সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে ৫০০ সেকেন্ড বা ৮.৩২ মিনিট লাগে।

৪১

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) নিয়োগ পরীক্ষা-২০১০

তারিখ : ১৩.০৮.২০১০ [কোড : হেমন্ত] সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

০১. 'স্ক্যানার' হল একটি-
ক. আউটপুট ডিভাইস খ. ইনপুট ডিভাইস
গ. কো-অর্ডিনেটিং ডিভাইস ঘ. মিক্সড ডিভাইস
উত্তর✓ খ কম্পিউটারের যে ডিভাইস সমূহ তথ্য গ্রহণ করে তাকে ইনপুট ডিভাইস বলে। যেমন: মাউস, স্ক্যানার, প্রভৃতি।

০২. 'ফ্রেইঞ্জ বেকেনবাওয়ার' বিখ্যাত-
ক. ক্রিকেটার হিসেবে খ. সাঁতারু হিসেবে
গ. ফুটবলার হিসেবে ঘ. দৌড়বিদ হিসেবে
উত্তর✓ গ ফ্রেইঞ্জ বেকেনবাওয়ার বিখ্যাত জার্মান ফুটবলার। তিনি ১৯৪৫ সালের ১১ সেপ্টেম্বর জার্মানির মিউনিখে জন্মগ্রহণ করেন। তিনি খেলোয়াড় হিসেবে ১৯৭২ সালে ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ এবং ১৯৭৪ সালে ফিফা বিশ্বকাপ জয় করেন। বেকেনবাওয়ার ম্যানেজার হিসেবে পশ্চিম জার্মানির হয়ে ১৯৯০ সালে ফিফা বিশ্বকাপ জয় করেন।

০৩. 'কথা' এর সমার্থক শব্দ কোনটি?
ক. তনয়া খ. বচন
গ. খাদক ঘ. পিক উত্তর খ

০৪. 'উত্তম' এর সমার্থক শব্দ কোনটি?
ক. প্রধান খ. দীনতা
গ. বিকাশ ঘ. বিভু উত্তর ক

০৫. বৃত্তের বৃহত্তম জ্যা হচ্ছে-
ক. ব্যাসার্ধ খ. ব্যাসার্ধের অর্ধেকের সমান জ্যা
গ. ব্যাস ঘ. কেন্দ্র হতে দূরবর্তী জ্যা টি উত্তর গ

০৬. স্পর্শ বিন্দুগামী ব্যাসার্ধ এবং স্পর্শকের অন্তর্ভুক্ত কোণ-
ক. এক সমকোনের অর্ধেক খ. দুই সমকোণ
গ. তিন সমকোণ ঘ. এক সমকোণ
উত্তর✓ ঘ আমরা জানি, বৃত্তের যে কোন বিন্দুতে অংকিত স্পর্শক স্পর্শ বিন্দুগামী ব্যাসার্ধের উপর লম্ব।



$\therefore \angle OAB = 90°$

০৭. 'Milk and water'– phraseটির অর্থ কী?
ক. Pure milk and water খ. Dirty milk and water
গ. Lifeless, dull ঘ. Colourless things
উত্তর✓ গ 'Milk and water' means 'Life less or dull'. অর্থাৎ এই Phrase টি নির্জীব, নীরস, নিষ্প্রভ ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়।

০৮. 'In black and white'– phraseটির অর্থ কী?
ক. Verbally খ. In writing
গ. Temporary ঘ. False
উত্তর✓ খ In black and white অর্থ লিখিতভাবে।

প্রদত্ত অপশন	অর্থ
Verbally	মৌখিকভাবে
In writing	লিখিতভাবে
Temporary	অস্থায়ী
False	মিথ্যা

০৯. 'Calm'-এর সমার্থক শব্দ কোনটি?
ক. Quiet খ. Angry
গ. Inflamed ঘ. Agitated
উত্তর✓ ক

Word	Meaning
Calm	শান্ত, নিস্তব্ধ, নিথর।
Agitated	বিক্ষুব্ধ, উত্তেজিত।
Quite	শান্ত, নিস্তব্ধ।
Angry	ক্রুদ্ধ, রাগান্বিত।
Inflamed	রাগান্বিত, প্রজ্বলিত।

১০. 'Immortal'-এর সমার্থক শব্দ কোনটি?
ক. Mortal খ. Deathless
গ. Finite ঘ. Translent
উত্তর✓ খ

Word	Meaning
Immortal	অমর, অবিনশ্বর, অক্ষয়।
Deathless	মৃত্যুহীন, অমর, অক্ষয়।
Mortal	নশ্বর, মরণশীল।
Finite	সীমাবদ্ধ, সীমিত।
Transient	ক্ষণস্থায়ী।

সুতরাং 'Immortal' শব্দের সমার্থক শব্দ হচ্ছে 'Deathless'।

১১. কমিশনের হার ৩.৫ টাকা হলে ৩০০০ টাকা মূল্যের জিনিস বিক্রয় করে কত কমিশন পাওয়া যাবে?
ক. ৯০ টাকা খ. ১০০ টাকা
গ. ১০৫ টাকা ঘ. ১১০ টাকা
উত্তর✓ গ
১০০ টাকায় কমিশন ৩.৫ টাকা
∴ " " $\frac{৩.৫ \times ৩০০০}{১০০}$
= ১০৫ টাকা

১২. যার আগমনের কোনো তিথি নেই– এক কথায় কী?
ক. ভিখারী খ. অতিথি
গ. শরণার্থী ঘ. একাদশে বৃহস্পতি
উত্তর✓ খ কতিপয় এক কথায় প্রকাশ : যার কোনো তিথি নেই– অতিথি, দমন করা যায় না যাকে– অদম্য, যিনি অতিশয় হিসাবি– পাটোয়ারি, যে অগ্র-পশ্চাৎ চিন্তা না করে কাজ করে– অবিমৃশ্যকারী, ক্ষমার যোগ্য– ক্ষমার্হ।

১৩. গ্যাসের চাপ নির্ণয়ের যন্ত্র–
ক. ম্যানোমিটার খ. পাইরোমিটার
গ. হাইগ্রোমিটার ঘ. ব্যারোমিটার উত্তর ক

১৪. I am looking forward —— you. বাক্যটির শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. seeing খ. to see
গ. to have seen ঘ. to seeing

উত্তর✓ ঘ 'Look forward to', 'get/be used to', 'with a view to' ইত্যাদির পরে (verb + ing) form বসে। সেই হিসেবে অপশন ঘ 'to seeing' একমাত্র সঠিক Answer। প্রদত্ত বাক্যের অর্থ আমি তোমাকে দেখার প্রতীক্ষায় আছি।

১৫. I spent —— with the patient- বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. sometimes খ. some time
গ. sometime ঘ. some times

উত্তর✓ খ প্রদত্ত gap এ একটি শব্দ বসবে যার অর্থ সময় অপশন (ক) তে Sometimes একটি Adverb যার অর্থ 'মাঝে মাঝে'। অপশন (খ) তে Some time একটি adverb যার অর্থ কিছু সময়। এটিই সঠিক উত্তর। আর তৃতীয় ও চতুর্থ শব্দগুলো structure এ আছে বিধায় এগুলোও ভুল। প্রশ্নে প্রদত্ত বাক্যের অর্থঃ আমি রোগীটির সাথে কিছু সময় কাটালাম।

১৬. দুটি সংখ্যার অনুপাত ৫ ঃ ৮। ছোট সংখ্যাটি ৬৫ হলে, বড় সংখ্যাটি কত?

ক. ৯১ খ. ১০৪
গ. ১১৭ ঘ. ৪০

উত্তর✓ খ মনে করি, সংখ্যা দুটি যথাক্রমে ৫x ও ৮x
শর্তমতে, ৫x = ৬৫

$$x = \frac{৬৫}{৫} = ১৩$$

∴ বড় সংখ্যাটি = ৮ × ১৩ = ১০৪

১৭. দুটি রাশির অনুপাত ৪:৭। পূর্ব রাশি ২৪ হলে, উত্তর রাশি কত?

ক. ৪২ খ. ৪৯
গ. ৫৬ ঘ. ৬৪ **উত্তর✓ ক**

১৮. 'শিরে-সংক্রান্তি' বাগ্‌ধারাটির অর্থ কী?

ক. মাথার বোঝা খ. মহাবিপদ
গ. আসন্ন বিপদ ঘ. মাথায় বিপদ

উত্তর✓ গ কয়েকটি গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : আমড়াগাছি করা (অযথা তোষামোদ করা), চর্বিত চর্বণ (পুনরাবৃত্তি), রামগরুড়ের ছানা (গোমড়ামুখো ব্যক্তি), খয়ের খাঁ (চাটুকার), খেজুরে আলাপ (অকাজের কথা)।

১৯. বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী ছিলেন-

ক. সৈয়দ নজরুল ইসলাম খ. তাজউদ্দিন আহমেদ
গ. ক্যাপ্টেন মনসুর আলী ঘ. শাহ আব্দুল হামিদ

উত্তর✓ খ বাংলাদেশের প্রথম বা অস্থায়ী সরকার গঠিত হয় ১০ এপ্রিল ১৯৭১ সালে এবং শপথগ্রহণ করে ১৭ এপ্রিল ১৯৭১ সালে। তাজউদ্দিন আহমদ ছিলেন এই সরকারের প্রধানমন্ত্রী। তিনি ১২ জানুয়ারি ১৯৭২ সাল পর্যন্ত প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করেন। তার অধীনে যে সকল মন্ত্রণালয় বা বিভাগ ছিলো সেগুলো হচ্ছে- কেবিনেট ডিভিশন, প্রতিরক্ষা, তথ্য ও বেতার, প্লানিং এন্ড ইকোনমিক অ্যাফেয়ার্স।

২০. কোন বাক্যটি শুদ্ধ?

ক. We get up at dawn.
খ. More he gets, the more he wants.
গ. See the word in the dictionary.
ঘ. There is no place in my room.

উত্তর✓ ক অপশন (ক) তো আছে 'We get up at down' অর্থাৎ আমরা খুব ভোরে উঠি। এটিই সঠিক উত্তর যেহেতু বাক্যটি শুদ্ধ। অপশন (খ) তে 'More' এর পূর্বে The বসবে; অপশন (গ) see the word এর পরিবর্তে 'Look up the word' বসালে এবং অপশন (ঘ) তে 'Place' এর পরিবর্তে 'room' থাকলে বাক্যগুলো সঠিক হতো।

২১. কোন বাক্যটি শুদ্ধ?


ক. He shouted in the top of his voice.
খ. He shouted with the top of his voice.
গ. He shouted on the top of his voice.
ঘ. He shouted at the top of his voice.

উত্তর✓ ঘ অপশনগুলোতে 'Shout' এর পরে in, with, on, এবং at বসানো হয়েছে। অপশন (ক), (খ), ও (গ) সঠিক নয়। কেননা 'shout' এরপর appropriate preposition হিসেবে 'at' ব্যবহৃত হয়।

২২. ১, ৩, ৬, ১০, ১৫, ... ক্রমটির পরবর্তী পদ কত?

ক. ১৮ খ. ২১
গ. ২৪ ঘ. ৩০

উত্তর✓ খ



২৩. ১, ৩, ৪, ৭, ১১, ১৮, ... ক্রমটির পরবর্তী পদ কত?

ক. ২৫ খ. ২৯
গ. ৩৬ ঘ. ৪২

উত্তর✓ খ পরপর দুইটি সংখ্যার যোগফল = পরবর্তী সংখ্যা ১ + ৩ = ৪
সুতরাং ১১ + ১৮ = ২৯

২৪. কোন বানানটি শুদ্ধ?

ক. বিভিষীকা খ. বীভিষিকা
গ. বীভিষীকা ঘ. বিভীষিকা

উত্তর✓ ঘ কতিপয় শুদ্ধ শব্দ : মরীচিকা, সংবরণ, ব্রাহ্মণ, চাণক্য, চিন্ময়, নির্দোষ, সৌন্দর্য, স্বাতন্ত্র্য, রমণীয়, নিক্বণ, সুষম, আষাঢ়, অনুষদ।

২৫. কোন বানানটি শুদ্ধ?

ক. রূপায়ন খ. রুপায়ন
গ. রূপায়ণ ঘ. রুপায়ণ

উত্তর✓ গ কতিপয় শুদ্ধ বানান : শ্রদ্ধাঞ্জলি, মুহূর্ত, মুমূর্ষু, সান্ত্বনা, পরিপক্ব, চতুষ্পদ, দুর্ঘটনা, দুরবস্থা, দুরূহ, ক্ষুণ্ন, ক্ষতিগ্রস্ত, উপর্যুপরি, উল্লিখিত, মন্ত্রিত্ব, বুভুক্ষু, ভূগোল, ভৌগোলিক।

২৯. ২০০৬ সালে বিশ্বকাপ ফুটবল কোথায় অনুষ্ঠিত হয়েছিল?
ক. [illegible] খ. জাপান
গ. ইতালি ঘ. জার্মানি
উত্তর✓ খ ১৮তম ফিফা বিশ্বকাপ ২০০৬ সালে অনুষ্ঠিত হয় জার্মানিতে। এই বিশ্বকাপে চ্যাম্পিয়ন হয় ইতালি এবং রানার্সআপ হয় ফ্রান্স। ২০০৬ বিশ্বকাপে সেরা খেলোয়াড় হিসেবে 'আডিডাস গোল্ডেন বল' পান জিনেদিন জিদান।

২৭. পৃথিবীর একমাত্র উপগ্রহ-
ক. সূর্য খ. বুধ
গ. চন্দ্র ঘ. শুক্র উত্তর✓ গ

২৮. চন্দ্রে অবতরণকারী প্রথম চন্দ্রযানের নাম-
ক. ভয়েজার-১ খ. অ্যাপোলো-১১
গ. ভয়েজার-২ ঘ. চ্যালেঞ্জার উত্তর✓ খ

২৯. হৃৎপিণ্ডের গতি নির্ণায়ক যন্ত্র-
ক. স্টেথোস্কোপ খ. স্টেথোস্কোপ
গ. গ্যালভানোমিটার ঘ. কার্ডিওগ্রাফ
উত্তর✓ ঘ হৃৎপিণ্ডে যখন স্পন্দন চলে তখন হৃৎপিণ্ডের বিভিন্ন অঞ্চলের পেশি থেকে যে বৈদ্যুতিক প্রবাহ সৃষ্টি হয় তা যন্ত্রের মাধ্যমে গ্রাফ কাগজে লিপিবদ্ধ করা হয়। সেই লেখচিত্রই হল কার্ডিওগ্রাফ। এটি হৃৎপিণ্ডের গতি নির্ণায়ক যন্ত্র।

৩০. He said, 'What a pity!" বাক্যটির Indirect speech হবে-
ক. He said that it was a great pity
খ. He exclaimed that it is a great pity
গ. He exclaimed that it was a great pity
ঘ. He exclaimed that it is great pity
উত্তর✓ গ Exclamatory Sentence হওয়ার কারণে 'Reporting verb' 'said' এর পরিবর্তে indirect Speech এ 'exclaimed'; অতঃপর that বসাতে হবে এবং 'Reporting verb'এর tense অনুযায়ী direct বাক্যের reported speech এর 'it is' (উহা আছে) এর পরিবর্তে past tense এ 'it was' (যা একমাত্র অপশন গ- তে আছে) বসাতে হবে। এবং সবশেষে a/an + great (what এর পরিবর্তে) + বাকি অংশ বসাতে হবে। উল্লেখ্য অপশন (ক) সঠিক হতো যদি 'said' এর পরিবর্তে 'exclaimed' থাকতো।

৩১. He said, "Alas! I am ruined." বাক্যটির Indirect speech হবে–
ক. He exclaimed with sorrow that he is ruined
খ. He exclaimed with sorrow that he was ruined
গ. He exclaimed with sorrow that he has ruined
ঘ. He exclaimed with sorrow that he has been ruined
উত্তর✓ খ 'Reporting verb' হিসেবে 'said' এবং তারপরে Alas! থাকায় এগুলোর পরিবর্তে Indirect speech এ 'exclaimed with sorrow' বসাতে হবে ও conjunction হিসেবে 'that' ব্যবহার হবে। অতঃপর subject (he) এবং tense ও person অনুযায়ী 'to be' verb (was) + বাকি অংশ ব্যবহার করতে হবে।

৩২. একটি পাঠ্যবই প্রকৃত মূল্যের শতকরা ৯০ ভাগ মূল্যে ৭২ টাকায় বিক্রয় করা হল। বইটির প্রকৃত মূল্য কত?
ক. ৭০ টাকা খ. ৭৫ টাকা
গ. ৮০ টাকা ঘ. ৮১ টাকা
উত্তর✓ গ
বিক্রয় মূল্য ৯০ টাকা হলে প্রকৃতমূল্য ১০০ টাকা
" ১ " = $\frac{১০০}{৯০}$
" ৭২ " = $\frac{১০০ \times ৭২}{৯০}$
= ৮০ টাকা

৩৩. 'অত্যন্ত' এর সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. অতি + অন্ত খ. অতী + অন্ত
গ. অতব + অন্ত ঘ. অত + অন্ত
উত্তর✓ ক ই-কার বা ঈ-কারের পর ই, ঈ ভিন্ন অন্য স্বর থাকলে ই, ঈ স্থানে য বা (্য ফলা) হয়। যেমন:

অতি + উর্ধ্ব = অত্যূর্ধ্ব	অতি + অন্ত = অত্যন্ত
প্রতি + উত্তর = প্রত্যুত্তর	পরি + আপ্ত = পর্যাপ্ত

৩৪. 'মনীষা' এর সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. মন + ইষা খ. মনস + ঈষা
গ. মন + ঈষা ঘ. মনস + ইষা
উত্তর✓ খ নিপাতনে সিদ্ধ সংস্কৃত ব্যঞ্জনসন্ধি : আ + চর্য = আশ্চর্য; আ + পদ = আস্পদ; বন্ + পতি = বনস্পতি; মনস + ঈষা = মনীষা; ষট্ + দশ = ষোড়শ; এক + দশ = একাদশ; গো + পদ = গোষ্পদ; দিব্ + লোক = দ্যুলোক; পতৎ + অঞ্জলি = পতঞ্জলি।

৩৫. বাংলাদেশ রেলওয়ের সার্বিক সদর দপ্তর অবস্থিত–
ক. পাকশী খ. লালমনিরহাট
গ. পাহাড়তলী ঘ. ঢাকা
উত্তর✓ ঘ বাংলাদেশ রেলওয়ের সার্বিক সদর দপ্তর ঢাকার রমনায় অবস্থিত। বাংলাদেশ রেলওয়ে পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চল এই দুইটি অঞ্চলে বিভক্ত। পূর্বাঞ্চলের সদর দপ্তর চট্টগ্রাম এবং পশ্চিমাঞ্চলের সদর দপ্তর রাজশাহীতে অবস্থিত।

৭৫. এক ব্যক্তি তার আয়ের ৫% আয়কর দেন। তিনি ৬০০ টাকা আয়কর দিলে তার মোট আয় কত?

ক. ২০,০০০ টাকা　　খ. ১৫,০০০ টাকা
গ. ১২,০০০ টাকা　　ঘ. ১০,০০০ টাকা

উত্তর ✓ গ

৫ টাকা আয়কর হলে মোট আয় ১০০ টাকা

১ " " " $\frac{১০০}{৫}$ "

৬০০ " " " $\frac{১০০ \times ৬০০}{৫}$

$= ১২,০০০$ টাকা

৭৬. চালের মূল্য বৃদ্ধি পাওয়ার পূর্বের ১০০০ টাকার চালের বর্তমান মূল্য ১২৫০ টাকা হলো চালের মূল্য শতকরা কত বৃদ্ধি পেল?

ক. ২৫%　　খ. ২১.৫%
গ. ২.৫%　　ঘ. ১.২৫%

উত্তর ✓ ক

চালের মূল্য শতকরা বৃদ্ধি $= \frac{\text{বর্তমান মূল্য} - \text{পূর্বমূল্য}}{\text{পূর্ব মূল্য}} \times ১০০$

$= \frac{১২৫০ - ১০০০}{১০০০} \times ১০০$

$= \frac{২৫০}{১০০০} \times ১০০ = ২৫\%$

৭৭. ক ও খ এর মধ্যে ১৮০ টাকা এমনভাবে ভাগ করে দেওয়া হয় যেন খ, ক এর টাকার দ্বিগুণ পায়। ক কত টাকা পায়?

ক. ৪৫ টাকা　　খ. ৬০ টাকা
গ. ৯০ টাকা　　ঘ. ১৩৫ টাকা

উত্তর ✓ খ

মনে করি, ক পায় x টাকা
খ পায় $২x$ টাকা

শর্তমতে, $x + ২x = ১৮০$

$\Rightarrow ৩x = ১৮০$

$x = \frac{১৮০}{৩} = ৬০$

$\therefore x = ৬০$ টাকা $\therefore$ ক পায় ৬০ টাকা

৭৮. ৬০ লিটার কেরোসিন ও পেট্রোলের মিশ্রণের অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে আর কত লিটার পেট্রোল মেশালে অনুপাত ৩ : ৭ হবে?

ক. ৭০　　খ. ৮০
গ. ৯০　　ঘ. ৯৮

উত্তর ✓ খ

অনুপাতদ্বয়ের যোগফল $(৭ + ৩) = ১০$

কেরোসিন আছে $\left(৬০ \text{ এর } \frac{৭}{১০}\right) = ৪২$ লিটার

পেট্রোল " $\left(৬০ \text{ এর } \frac{৩}{১০}\right) = ১৮$ লিটার

ধরি, x লিটার পেট্রোল মেশাতে হবে।

প্রশ্নমতে, $x + ১৮ : ৪২ = ৭ : ৩$

$\Rightarrow \frac{x + ১৮}{৪২} = \frac{৭}{৩}$

$\Rightarrow ৫৪ + ৩x = ২৯৪$

$\Rightarrow ৩x = ২৯৪ - ৫৪ = ২৪০$

$x = \frac{২৪০}{৩} = ৮০$

$x = ৮০$ লিটার

৭৯. ক একটি কাজ ৫ দিনে এবং খ তা ১০ দিনে করতে পারে। তারা একত্রে ১ দিনে এর কত অংশ করতে পারবে?

ক. $\frac{১}{১৫}$　　খ. $\frac{১}{১০}$
গ. $\frac{২}{১৫}$　　ঘ. $\frac{৩}{১০}$

উত্তর ✓ ঘ

একত্র করলে, সময় $= \frac{\text{বড় সংখ্যা} \times \text{ছোট সংখ্যা}}{\text{বড় সংখ্যা} + \text{ছোট সংখ্যা}} \times \text{অংশ}$

$\Rightarrow ১ = \frac{১০ \times ৫}{১০ + ৫} \times \text{অংশ}$

বড় সংখ্যা $= ১০$
ছোট সংখ্যা $= ৫$
সময় $= ১$ দিন
অংশ $= ?$

$\Rightarrow ১ = \frac{৫০ \times \text{অংশ}}{১৫}$

$\Rightarrow \text{অংশ} = \frac{১৫}{৫০} = \frac{৩}{১০}$

অংশ $= \frac{৩}{১০}$

৮০. যে পরিমাণ খাদ্যে ১৫ জন লোকের ৪০ দিন চলে ঐ পরিমাণ খাদ্যে ৪০ জন লোকের কত দিন চলবে?

ক. ১৫ দিন　　খ. ২০ দিন
গ. ২৫ দিন　　ঘ. ৩০ দিন

উত্তর ✓ ক

১৫ জন লোকের চলে ৪০ দিন

১ " " " ৪০×১৫

৪০ " " " $\frac{৪০ \times ১৫}{৪০} = ১৫$ দিন

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS



৪৬

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০

তারিখ : ০৮.০১.২০১০ | [কোড : সুরমা | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট | পূর্ণমান : ৮০

যেসব জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল

মাদারীপুর, কালকাঠি, চাঁদপুর, লক্ষ্মীপুর, চট্টগ্রাম, ময়মনসিংহ, কক্সবাজার, জামালপুর, কিশোরগঞ্জ, শেরপুর।

০১. 'নিঃশেষে নিশাচর, গ্রাসে মহাবিশ্বে, ত্রাণে কাঁপে তরণীর পাণী যত নিঃস্বে।' কবিতাংশটি কোন কবির লেখা?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর | খ. ফররুখ আহমদ
গ. কাজী নজরুল ইসলাম | ঘ. আল মাহমুদ
উত্তর: গ

০২. 'সুন্দর হে, দাও দাও সুন্দর জীবন।
হউক দূর অকল্যাণ সকল অশোভন।'
কবিতাংশটুকু কার লেখা?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর | খ. কাজী নজরুল ইসলাম
গ. শামসুর রাহমান | ঘ. শেখ ফজলুল করিম
উত্তর: ঘ

০৩. $x^2 - 10xy - 11y^2$ -এর উৎপাদক
ক. $(x - y)(x + 11y)$ | খ. $(x - 11y)(x + y)$
গ. $(x - 4y)(x - 5y)$ | ঘ. $(x + 5y)(x - 4y)$
উত্তর: খ
$x^2 - 10xy - 11y^2$
$= x^2 - 11xy + xy - 11y^2$
$= x(x - 11y) + y(x - 11y)$
$= (x - 11y)(x + y)$

০৪. $x - \frac{1}{x} = \sqrt{5}$ হলে, $x^3 - \frac{1}{x^3}$ = কত?
ক. $8\sqrt{5}$ | খ. $10\sqrt{2}$
গ. 5 | ঘ. 8
উত্তর: ক
$x^3 - \frac{1}{x^3} = \left(x - \frac{1}{x}\right)^3 + 3x.\frac{1}{x}\left(x - \frac{1}{x}\right)$
$= (\sqrt{5})^3 + 3.\sqrt{5}$
$= 5\sqrt{5} + 3\sqrt{5} = 8\sqrt{5}$

০৫. Without health there is no happiness– এখানে happiness শব্দটি কোন প্রকারের Noun?
ক. Proper | খ. Common
গ. Collective | ঘ. Abstract
উত্তর: খ
প্রশ্নে প্রদত্ত 'happiness' শব্দটি একটি Abstract noun : যে noun দ্বারা দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদির নাম বোঝায় তাকে Abstract Noun বলে। 'Happiness' শব্দ দ্বারা 'সুখী' অবস্থা বুঝাচ্ছে বিধায় এটি Abstract Noun.

০৬. 'Beggar' শব্দটির Abstract form হবে–
ক. Beggarhood | খ. Beggary
গ. Beggarship | ঘ. Beggarness
উত্তর: খ
অপশন (ক), (গ) ও (ঘ) এই ধরনের কোনো শব্দ অভিধানে নেই। অপশন (খ) 'Beggary' (চরম দারিদ্য, নিঃস্বতা) হচ্ছে Abstract noun যা 'অবস্থা' নির্দেশ করছে। সুতরাং সঠিক উত্তর অপশন (খ)।

০৭. 'www'-এর পুরো রূপ হচ্ছে–
ক. World widow work | খ. World wide web
গ. World weak web | ঘ. Weak wrong work
উত্তর: খ

০৮. মেমোরি ভাগ করা হয়েছে–
ক. দুই ভাগে | খ. তিন ভাগে
গ. চার ভাগে | ঘ. পাঁচ ভাগে
উত্তর: ক

০৯. 'শেষের কবিতা' উপন্যাসটির রচয়িতা কে?
ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় | খ. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
গ. রবীন্দ্রনাথ ঠাকুর | ঘ. জহির রায়হান
উত্তর: গ

১০. জসীমউদ্‌দীনের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ কোনটি?
ক. সোজনবাদিয়ার ঘাট | খ. বালুচর
গ. রাখালী | ঘ. নক্সীকাঁথার মাঠ
উত্তর: গ
পল্লিকবি জসীমউদ্‌দীনের (১৯০৩-৭৬) কতিপয় গাথাকাব্য : নক্সীকাঁথার মাঠ (১৯২৯), সোজন বাদিয়ার ঘাট (১৯৩৪), মা যে জননী কান্দে (১৯৬৩)।

১১. $3(4x - 6) = (3x + 9)$ কে সমাধান করলে x-এর মান হবে–
ক. 2 | খ. – 1
গ. 3 | ঘ. – 3
উত্তর: গ
$3(4x - 6) = 3x + 9$
$\Rightarrow 12x - 18 = 3x + 9$
$\Rightarrow 12x - 3x = 9 + 18$
$\Rightarrow 9x = 27$
$\Rightarrow x = \frac{27}{9} = 3$
$\therefore x = 3$

১২. তিনটি ক্রমিক সংখ্যার গুণফল ৬০ হলে, সংখ্যা তিনটির যোগফল হবে–
ক. ১২ | খ. ১৫
গ. ১৬ | ঘ. ২০
উত্তর: ক
৬০ এর গুণনীয়ক ১, ২, ৩, ৪, ৫, ৬, ১০, ১২, ১৫, ২০, ৩০, ৬০। এখানে $৩ \times ৪ \times ৫ = ৬০$
$\therefore ৩ + ৪ + ৫ = ১২$

১৩. He was only a yard off me. – এখানে 'off' শব্দটি–
ক. Abverb | খ. Preposition
গ. Conjunction | ঘ. Adjective
উত্তর: খ

১৪. I will watch while you sleep. – এখানে 'while' শব্দটি–
ক. Noun | খ. Adverb
গ. Preposition | ঘ. Interjection
উত্তর: Blank
সঠিক উত্তর নেই। 'while' শব্দটি এখানে একটি conjunction কারণ এটি দুটো Clause কে যুক্ত করেছে। অপশনগুলোতে কোথাও conjunction নেই বিধায় সঠিক উত্তর নেই।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১৫. ২০১০ সালের বিশ্বকাপ ফুটবলের ফাইনাল ম্যাচ কবে অনুষ্ঠিত হয়?
ক. ১১ জুলাই খ. ১২ জুলাই
গ. ১৪ জুলাই ঘ. ১৫ জুলাই
উত্তর: ক ব্যাখ্যা: ২০১০ সালের বিশ্বকাপ ফুটবল ফাইনাল খেলা অনুষ্ঠিত হয় ১১ জুলাই জোহানেসবার্গের সকার সিটি স্টেডিয়ামে। ২১তম বিশ্বকাপ ফুটবল ফাইনাল খেলা অনুষ্ঠিত হয় ১৫ জুলাই ২০১৮ সালে মস্কোর লুঝনিকি স্টেডিয়ামে।

১৬. ভাইরাস একটি –
ক. কোষহীন জীব খ. এককোষী জীব
গ. দ্বিকোষী জীব ঘ. বহুকোষী জীব
উত্তর: ক

১৭. 'নূরুলদীনের সারা জীবন' নাটকটির রচয়িতা কে?
ক. জিয়া হায়দার খ. আলাউদ্দিন আল আজাদ
গ. সৈয়দ শামসুল হক ঘ. আবদুল্লাহ আল মামুন
উত্তর: গ

১৮. 'ঝিলিমিলি' নাটকটি কে লিখেছেন?
ক. কাজী নজরুল ইসলাম খ. ইব্রাহিম খাঁ
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. আকবর উদ্দিন
উত্তর: ক ব্যাখ্যা: নজরুল প্রথম প্রকাশিত নাটক 'ঝিলিমিলি' (১৩৩৭)। এতে মোট তিনটি নাটক রয়েছে।

১৯. ভ্রমণের প্রথম ৬ ঘন্টায় একটি গাড়ির গড় বেগ ছিল ৪০ কিমি/ঘন্টা এবং বাকি অংশের গড় বেগ ছিল ৬০ কিমি/ঘন্টা। যদি সম্পূর্ণ ভ্রমণে গাড়িটির গড় বেগ ৫৫ কিমি/ঘন্টা হয় তবে ভ্রমণের মোট সময়কাল কত?
ক. ১৮ ঘন্টা খ. ২০ ঘন্টা
গ. ২২ ঘন্টা ঘ. ২৪ ঘন্টা
উত্তর: ঘ

২০. ৫টি গরুর মূল্য ২০টি ভেড়ার মূল্যের সমান। ২টি গরুর মূল্য ২৪,০০০ টাকা হলে ৩টি ভেড়ার মূল্য কত?
ক. ৮,০০০ টাকা খ. ৯,০০০ টাকা
গ. ৯,৫০০ টাকা ঘ. ১০,০০০ টাকা
উত্তর: খ ব্যাখ্যা:
২ টি গরুর মূল্য ২৪,০০০ টাকা
∴ ৫টি ,, ,, $\frac{২৪০০০ \times ৫}{২}$ = ৬০০০০ টাকা
২০টি ভেড়ার মূল্য ৬০০০০ টাকা
∴ ৩টি ,, ,, $\frac{৬০০০০ \times ৩}{২০}$ = ৯০০০ টাকা

কোন বানানটি শুদ্ধ?
ক. Asignment খ. Asignement
গ. Assignment ঘ. Assignement
উত্তর: গ

কোনটি শুদ্ধ বানান?
ক. Acquaintance খ. Acquiantence
গ. Acquantence ঘ. Aquaintence
উত্তর: ক

আলোকসংশ্লেষণ সবচেয়ে বেশি পরিমাণে হয়–
ক. নীল আলোতে খ. সবুজ আলোতে
গ. লাল আলোতে ঘ. বেগুনি আলোতে
উত্তর: গ

মাকড়সার পা আছে–
ক. ৪টি খ. ৬টি
গ. ৮টি ঘ. ১০টি
উত্তর: গ

২৫. বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয়–
ক. চট্টগ্রামে
খ. ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রসভায়
গ. কুষ্টিয়ার মুজিবনগরে
ঘ. কলকাতার বাংলাদেশ মিশনে
উত্তর: খ ব্যাখ্যা: বাংলাদেশের প্রথম পতাকা উত্তোলন করা হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে ছাত্র-সংগ্রাম পরিষদের ডাকা এক ছাত্রসমাবেশে। ২ মার্চ ১৯৭১ সালে এই পতাকা উত্তোলন করেন তৎকালীন ডাকসু ভিপি আ স ম আব্দুর রব।

২৬. বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয়েছিল–
ক. মেহেরপুরে খ. চট্টগ্রামের কালুরঘাটে
গ. ঢাকায় ঘ. কলকাতায়
উত্তর: ক ব্যাখ্যা: বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয় ১৯৭১ সালের ১০ এপ্রিল। মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার (বর্তমান মুজিবনগর) ভবেরপাড়া গ্রামে এই সরকার শপথগ্রহণ করে ১৭ এপ্রিল ১৯৭১ সালে।

২৭. 'আষাঢ়ে বৃষ্টি নামে' নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি?
ক. কর্তায় ৭মী খ. কর্মে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী
উত্তর: ঘ ব্যাখ্যা: ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। যেমন : ওপারের হাটে যেতে নদী পেরুতে হয়।

২৮. 'শুক্রবার স্কুল বন্ধ' নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি?
ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য
উত্তর: খ ব্যাখ্যা: যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্মকারক বলে। যেমন : আমাকে একখানা বই দাও।

২৯. কোনটি শুদ্ধ বানান?
ক. Magnanimous খ. Magnanimus
গ. Magnenimous ঘ. Magnenimus
উত্তর: ক

৩০. কোন বানানটি শুদ্ধ?
ক. Conseeintious খ. Conscientous
গ. Conscientious ঘ. Consientous
উত্তর: গ

৩১. কোনটি কর্মধারয় সমাসের উদাহরণ?
ক. ইন্দ্রজিৎ খ. একরোখা
গ. কালান্তর ঘ. ইহকাল
উত্তর: ঘ ব্যাখ্যা: যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। যেমন : নীল যে আকাশ = নীলাকাশ।

৩২. কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ?
ক. গায়েহলুদ খ. চালকুমড়া
গ. ছয়ানি ঘ. ছায়াছবি
উত্তর: খ ব্যাখ্যা: ব্যাসবাক্যের মাঝের পদ লোভ পেয়ে যে সমাস হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমন : সিংহ চিহ্নিত যে আসন = সিংহাসন।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৩৩. জনাব সালাম ৫৫ টাকায় ২০টি আম কিনলেন। ১০% আম পচে যাওয়ায় তিনি অবশিষ্ট আম ডজনপ্রতি ৬০ টাকা দরে বিক্রি করলেন। এতে তাঁর কত লাভ হলো।
ক. ৩৫ টাকা খ. ৩৬ টাকা
গ. ৪০ টাকা ঘ. ৪২ টাকা

উত্তর✓ ক

১০% গেলে অবশিষ্ট ভালো আম = ১০০ − ১০ = ৯০টি
১০০টির মধ্যে ভালো ৯০টি
১ " " " $\frac{৯০}{১০০}$
২০ " " " $\frac{৯০ \times ২০}{১০০} = ১৮$টি
১২টি আমের বিক্রয়মূল্য = ৬০ টাকা।
১ টি " " $\frac{৬০}{১২}$ "
১৮টি " " $\frac{৬০ \times ১৮}{১২} = ৯০$ টাকা।
লাভ হয় (৯০ − ৫৫) = ৩৫ টাকা।

৩৪. একজন ব্যবসায়ীর কাছে ২২টি বলপেন আছে। তিনি কয়েকটি বলপেন প্রতিটি ৩৫ টাকা লাভে এবং অবশিষ্ট বলপেন প্রতিটি ১০ টাকা ক্ষতিতে বিক্রি করেন। তাঁর মোট ৬৩৫ টাকা লাভ হলে তিনি কয়টি বলপেন ক্ষতিতে বিক্রি করেন?
ক. ৩টি খ. ৪টি
গ. ৫টি ঘ. ৬টি

উত্তর✓ ক মনে করি,
x টি বলপেন ক্ষতিতে বিক্রি করেন,
বাকি (২২ − x)টি বলপেন লাভ হয় ৩৫ (২২ − x) টাকা
x টি বলপেনে ক্ষতি হয় = ১০x টাকা।
শর্তমতে,
৩৫ (২২ − x) − ১০x = ৬৩৫
⇒ ৭৭০ − ৩৫x − ১০x = ৬৩৫
⇒ − ৪৫x = ৬৩৫ − ৭৭০
⇒ ৪৫x = ১৩৫
$x = \frac{১৩৫}{৪৫} = ৩$
x = ৩

৩৫. 'I shall do the work'– বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে–
ক. The work is to be done by you.
খ. The work will be done by you.
গ. The work will be done by me.
ঘ. The work has been done by you.

উত্তর✓ গ প্রশ্নে প্রদত্ত বাক্যটি Passive করার নিয়ম নিম্নরূপ Active এর Object টি Subject (The work) + Tense ও person অনুযায়ী auxiliary verb (এক্ষেত্রে Will be) + VPP/V_3+by+Active voice এর Subject এর Objective case ('I' এর পরিবর্তে 'me')।

৩৬. জীব সংরক্ষণ ও পচন নিবারণের জন্য ব্যবহৃত হয়–
ক. সোডা খ. ফর্মালিন
গ. ভিনেগার ঘ. গ্লিসারিন

উত্তর খ

৩৭. বায়োগ্যাস প্লান্টে গোবর ও পানির অনুপাত কত?
ক. ১ : ২ খ. ১ : ৩
গ. ২ : ৩ ঘ. ২ : ৫

উত্তর ঘ

৩৮. 'পাথর' শব্দটির প্রতিশব্দ নয় কোনটি?
ক. অশ্ম খ. মণি
গ. পাষাণ ঘ. নগ

উত্তর✓ ঘ 'পাথর' ও 'নগ' এর কতিপয় সমার্থক শব্দ:

পাথর	প্রস্তর, পাষাণ, শিলা, শিল, অশ্ম, কাঁকর, কঙ্কর, মণি
নগ	পর্বত, অদ্রি, ভূধর, মহীধর, , অচল, অগ, ক্ষিতিধর, মেদিনীধর, শৈল, পৃথ্বীধর, শৃঙ্গধর, গিরি, মহীদ্র।


৩৯. 'ঢেউ' শব্দের প্রতিশব্দ কোনটি?
ক. বারি খ. অম্বু গ. বীচি ঘ. বারিধি

উত্তর✓ গ 'ঢেউ' ও 'জল' শব্দের প্রতিশব্দ:

ঢেউ	তরঙ্গ, ঊর্মি, কল্লোল, হিল্লোল, বীচি, লহর, লহরী, মহাতরঙ্গ, উল্লোল, মহোর্মি।
জল	অম্বু, অপ, উদক, পয়ঃ, ইরা, ইলা, পুষ্কর, তোয়, নীর, সলিল, বারি।


৪০. ২, ৪, ৩, ৭, ৪, ১০, ৫, ... ধারাটির দশম পদ হবে–
ক. ১৩ খ. ১৬
গ. ১৯ ঘ. ২১

উত্তর✓ খ



৪১. ১, ৩, ৫, ৭; ..... ধারাটির অষ্টম পদ হবে?
ক. ১৫ খ. ১৬
গ. ১৭ ঘ. ১৮

উত্তর✓ ক



৪২. Rony said, 'The train reached at nine.'– বাক্য indirect speech হবে–
ক. Rony said that the train has reached at nine
খ. Rony said that the train reached at nine
গ. Rony said that the train had reached at nine
ঘ. Rony said that the train reaches at nine

উত্তর✓ খ প্রশ্নে প্রদত্ত বাক্যটিকে Indirect Speech রূপান্তর করার নিয়ম: Reporting verb এর subject reporting verb say/said or tell/told+that (inverted comma এর পরিবর্তে) + subject (এখানে reported speech এর subject the train) + tense অনুযায়ী Verb বসাতে হবে (had reached' যেহেতু direct speech টি simple past) বাকি অংশ/extension ('at nine')।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Nafis said to Romel, "Go away". বাক্যটির Indirect speech হবে

ক Nafis asked Romel to go away

খ Nafis requested Romel to go away

গ Nafis ordered Romel to go away

ঘ Nafis asks Romel to go away

উত্তর: খ [illegible] প্রদত্ত Imperative sentence কে Direct থেকে Indirect করার নিয়ম নিম্নরূপ:

Reporting verb এর subject (Nafis) + reporting verb এর পরিবর্তে request/order/advise (এক্ষেত্রে আদেশ বুঝাচ্ছে তাই 'ordered') to (inverted comma এর পরিবর্তে) + reported speech এর মূল verb থেকে শেষ পর্যন্ত (এক্ষেত্রে 'go away') উল্লেখ্য 'to' এরপর verb এর base form বসাতে হবে।

৪. ফুটবলকে কতটি অষ্কাংশ রেখা আছে?

ক ৯০ খ ৯১

গ ১৮০ ঘ ১৮১ উত্তর: গ

৫. সূর্যের নিকটতম গ্রহ কোনটি?

ক বুধ খ বৃহস্পতি

গ শুক্র ঘ শনি উত্তর: ক

৬. 'অলীক' এর বিপরীতার্থক শব্দ কী?

ক মিথ্যা খ সত্য গ আশা ঘ অনীহা

উত্তর: খ [illegible] কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
স্বতন্ত্র	পরতন্ত্র	স্থাণু	চলিষ্ণু
স্নিগ্ধ	রুক্ষ	সৌম্য	করাল, উগ্র
সান্ত	অনন্ত	সচেষ্ট	নিশ্চেষ্ট

৭. 'বিশ্রী' এর বিপরীতার্থক শব্দ কী?

ক শ্রীহীন খ সুন্দর

গ শ্রী ঘ কৃশ

উত্তর: খ [illegible] কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
বহুল	বিরল	বহাল	বরখাস্ত
কল্পনা	গল্পনা	বিধি	নিষেধ

৮. পৃথিবীর জমজ নামে পরিচিত কোন গ্রহ?

ক শনি খ মঙ্গল

গ বুধ ঘ শুক্র উত্তর: ঘ

৯. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক $\frac{৫}{৪}$ খ $\frac{৪}{৭}$

গ $\frac{৬}{৭}$ ঘ $\frac{৭}{৯}$

উত্তর: গ [illegible] $\frac{৩}{৪} = ০.৭৫, \frac{৪}{৭} = ০.৫৭, \frac{৬}{৭} = ০.৮৬, \frac{৭}{৯} =$ ০.৭৮। সুতরাং $\frac{৬}{৭}$ বৃহত্তম ভগ্নাংশ।

১০. $\frac{০.২ \times ০.৩ \times ০.৫}{০.১ \times ০.২ \times ০.০২}$ এর মান কত?

ক ৭৫ খ ৭৭

গ ৮০ ঘ ৮৫

উত্তর: ক [illegible]

$$\frac{০.২ \times ০.৩ \times ০.৫}{০.১ \times ০.২ \times ০.০২}$$

$$= \frac{২ \times ৩ \times ৫ \times ১০ \times ১০ \times ১০০}{১ \times ২ \times ২ \times ১০ \times ১০ \times ১}$$

$$= \frac{৩০০}{৪} = ৭৫$$

১১. নিচের কোন বাক্যটি শুদ্ধ?

ক. Pick up the word in the dictionary

খ. Look up the word in the dictionary

গ. Find out the word in the dictionary

ঘ. See the word in the dictionary

উত্তর: খ [illegible] ডিকশনারি থেকে শব্দ খোঁজার ক্ষেত্রে 'group verb' হিসেবে 'look up' ব্যবহৃত হয়। 'শব্দ খোঁজার' ইংরেজি বুঝাতে 'pick up, find out, see- এগুলো সঠিক নয়। সুতরাং সঠিক উত্তর অপশন (খ) → 'Look up the word in the dictionary'

১২. নিচের কোন বাক্যটি শুদ্ধ?

ক. A lion is ferocious animal

খ. The lion is ferocious animal

গ. The lion is a ferocious animal

ঘ. Lion is a ferocious animal

উত্তর: গ [illegible] অপশন (ক), (খ) ও (ঘ) সঠিক নয়। অপশন (ক) ও (খ) তে 'ferocious' শব্দের আগে কোনো article না থাকায় সঠিক নয়। অপশন (ঘ) তে 'Lion' শব্দের পূর্বে article না থাকায় সঠিক নয়। পক্ষান্তরে অপশন (গ) তে এই ধরনের কোনো ভুল না থাকায় বাক্যটি শুদ্ধ।

১৩. পদ্মা ও যমুনা নদী কোথায় মিলিত হয়েছে?

ক. ভোলা খ. চাঁদপুর

গ. সিরাজগঞ্জ ঘ. গোয়ালন্দ

উত্তর: খ [illegible] পদ্মা ও যমুনা নদী শিবালয় (মানিকগঞ্জ) ও গোয়ালন্দে (রাজবাড়ি) মিলিত হয়েছে। এই মিলিত ধারা পদ্মা নামে প্রবাহিত হয়ে চাঁদপুরে মেঘনা নদীর সাথে মিলিত হয়েছে এবং মেঘনা নাম ধারণ করে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

১৪. বাংলাদেশের সবচেয়ে উত্তরে অবস্থিত স্থানের নাম কি?

ক. বাংলাবান্ধা খ. নক্সালবাড়ি

গ. তেঁতুলিয়া ঘ. পঞ্চগড়

উত্তর: ক [illegible]

সর্ব উত্তরের জেলা	পঞ্চগড়
সর্ব উত্তরের উপজেলা	তেঁতুলিয়া
সর্ব উত্তরের ইউনিয়ন	বাংলাবান্ধা
সর্ব উত্তরের স্থান	জায়গীরজোত

১৫. মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য কতজনকে বীরোত্তম খেতাবে ভূষিত করা হয়?

ক. ৬০ জন খ. ৬৮ জন

গ. ৭০ জন ঘ. ৭৫ জন

উত্তর: খ [illegible] মুক্তিযুদ্ধে সাহসিকতা প্রদর্শন এবং আত্মত্যাগের স্বীকৃতিস্বরূপ মুক্তিযোদ্ধাদের চারটি বীরত্বসূচক খেতাব প্রদান করা হয়েছে। বীরউত্তম দ্বিতীয় সর্বোচ্চ বীরত্ব খেতাব। বীরউত্তম খেতাব প্রদান করা হয় ৬৮ জনকে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৫৬. ক $১\frac{১}{২}$ ঘণ্টায় ৫ কিলোমিটার হাঁটে এবং খ ৫ মিনিটে ২৫০ মিটার হাঁটে। ক ও খ-এর গতিবেগের অনুপাত কত?

ক. ২০ ঃ ৯ খ. ৩ ঃ ১০
গ. ১০ ঃ ৯ ঘ. ১৬ ঃ ৫

উত্তর✓ গ

ক এর বেগ $= \frac{\text{দূরত্ব}}{\text{সময়}}$
$= \frac{৫ \times ১০০}{৯০}$
$= \frac{৫০০}{৯}$ মিটার

১ কি.মি. = ১০০০ মিটার
$১\frac{১}{২}$ ঘণ্টা = ৬০ + ৩০
= ৯০ মিনিট

খ এর বেগ $= \frac{২৫০}{৫} = ৫০$ মিটার

∴ ক ও খ এর বেগের অনুপাত $= \frac{৫০০}{৯} ঃ ৫০$

$= \frac{\frac{৫০০}{৯}}{৫০} = \frac{৫০০}{৯} \times \frac{১}{৫০}$

$= \frac{১০}{৯} = ১০ ঃ ৯$

৫৭. দুটি গোলকের আয়তনের অনুপাত ৮ ঃ ২৭। তাদের ক্ষেত্রফলের অনুপাত কত?

ক. ২০ ঃ ৯ খ. ৪ ঃ ৯
গ. ১০ ঃ ৯ ঘ. ১৬ ঃ ৫ উত্তর✓ খ

৫৮. He is bent —— going to the meeting বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. upon খ. on
গ. in ঘ. with

উত্তর✓ ক,খ 'Bent' এরপর preposition হিসেবে 'in' বা 'with' বসে না। তাই অপশন (গ) ও (ঘ) সঠিক নয়। 'Bent' এরপর আমরা appropriate preposition হিসেবে 'on' বা 'upon' উভয়ই ব্যবহার করি। একটি বিষয় লক্ষ্যণীয় 'upon' preposition টি সকল ক্ষেত্রে 'on' এর বিকল্প হিসেবে ব্যবহার করা যায়। সুতরাং সঠিক উত্তর (ক) ও (খ) উভয়ই।

৫৯. An honest man has no distrust —— anyone বাক্যের শূন্যস্থানে সটিক শব্দ বসবে–

ক. on খ. with
গ. for ঘ. of

উত্তর✓ ঘ 'Distrust' শব্দটির পরে Appropriate Preposition হিসেবে 'of' ব্যবহৃত হয়। 'An honest man has no distrust of anyone' অর্থ একজন সৎ লোকের কারো প্রতি অবিশ্বাস থাকে না।

৬০. The man is involved —— the affair বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. on খ. with
গ. in ঘ. to

উত্তর✓ গ 'Involve' শব্দটির পরে appropriate preposition ভুল।

৬১. বধ্যভূমি স্মৃতিসৌধ, রায়েরবাজার-এর নকশাবিদ কে ছিলেন?

ক. হামিদুর রহমান
খ. ফরিদউদ্দিন আহমেদ ও জামি আল সাফি
গ. নিতুন কুন্ডু
ঘ. মৃণাল হক

উত্তর✓ খ রায়েরবাজার বধ্যভূমি স্মৃতিসৌধ ধানমন্ডি আবাহনী মাঠের পশ্চিমে রায়ের বাজার সংলগ্ন ইটখোলায় অবস্থিত। এর স্থপতি ফরিদউদ্দীন আহমেদ ও জামি আল শফি।

৬২. ঢাকার মোহাম্মদপুরে অবস্থিত সাতগম্বুজ মসজিদটি কবে নির্মিত হয়েছিল?

ক. সপ্তদশ শতাব্দী খ. ষোড়শ শতাব্দী
গ. উনবিংশ শতাব্দী ঘ. পঞ্চদশ শতাব্দী

উত্তর✓ ক সাত গম্বুজ মসজিদ ঢাকার মোহাম্মদপুরে অবস্থিত। ১৬৮০ সালে মোঘল সুবাদার শায়েস্তা খাঁর আমলে তার পুত্র উমিদ খাঁ মসজিদটি নির্মাণ করেন। এ মসজিদে তিনটি গম্বুজ ও চারটি মিনার রয়েছে।

৬৩. 'চিরুনি' শব্দটির প্রকৃতি-প্রত্যয় হচ্ছে–

ক. চিরু + নি খ. চির + উনি
গ. চিরুন + ই ঘ. চির + উন্নি

উত্তর✓ খ 'উনি' প্রত্যয়যোগে কয়েকটি বাংলা কৃৎপ্রত্যয় : √বাঁধ + উনি = বাঁধুনি; √নাচ + উনি = নাচুনি; √ছা + উনি = ছাউনি; √চির + উনি = চিরুনি; √আঁট + উনি = আঁটনি।

৬৪. 'জমানো' শব্দটির সন্ধিবিচ্ছেদ হচ্ছে-

ক. জমান + ও খ. জমা + ন
গ. জমা + নো ঘ. জমা + আনো

উত্তর✓ ঘ কতিপয় বাংলা স্বরসন্ধি : নিন্দা + উক = নিন্দুক; গোঁড়া + আমি = গোঁড়ামি; গোলা + আন্দাজ = গোলন্দাজ; ভাই + ইয়া = ভাইয়া; মা + এ = মায়ে; ভাল + এ = ভালোয়; মিতা + আলি = মিতালি; ঘড়ি + ইয়াল = ঘড়িয়াল।

৬৫. কোনো স্কুলে ৭০% শিক্ষার্থী বাংলায় এবং ৮০% গণিতে পাস করেছে। কিন্তু ১০% উভয়বিষয়ে ফেল করেছে। যদি উভয় বিষয়ে ২৪০ জন পরীক্ষার্থী পাস করে থাকে তবে ঐ স্কুলে কত জন শিক্ষার্থী পরীক্ষা দিয়েছে?

ক. ৪০০ জন খ. ৪৫০ জন
গ. ৫০০ জন ঘ. ৫৬০ জন

উত্তর✓ ক বাংলায় ফেল করে (১০০ − ৭০) = ৩০%
শুধু বাংলায় ফেল করে (৩০ − ১০)% = ২০%
গণিতে ফেল করে (১০০ − ৮০)% = ২০%
শুধু গণিতে ফেল করে (৩০ − ২০)% = ১০%
উভয় বা যে কোনো এক বিষয়ে ফেল করে = ২০ + ১০ + ১০
= ৪০%
উভয় বিষয়ে পাস করে (১০০ − ৪০)% = ৬০%
৬০ জন উভয় বিষয়ে পাস করলে শিক্ষার্থী ১০০ জন
১ " " " " " " $\frac{১০০}{৬০}$ "
২৪০ " " " " " " $\frac{১০০ \times ২৪০}{৬০}$
= ৪০০ জন।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

'Coalesce'-এর সমার্থক শব্দ কোনটি?
ক. Separate খ. Unify
গ. Order ঘ. Counterfeit
উত্তর: খ

'Candor'-এর সমার্থক শব্দ কোনটি?
ক. Diplomacy খ. Admire
গ. Frankness ঘ. Selfish
উত্তর: গ

Word	Meaning
Candor	সরলতা, অকপটতা, অমায়িকতা, স্পষ্টতা
Diplomacy	কূটনীতি
Frankness	সরলতা, অকপটতা, স্পষ্টতা, আত্মসর্বস্ব, স্বার্থপর।
Selfish	আত্মসর্বস্ব, স্বার্থপর।

সুতরাং দেখা যাচ্ছে যে, 'Candor' শব্দের সাথে শুধু 'Frankness' শব্দের অর্থ match করে বা মিলে যায়।

বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান-এর পদবি কি ছিল?
ক. সিপাহী খ. ল্যান্স নায়েক
গ. ক্যাপ্টেন ঘ. মেজর
উত্তর: ক ব্যাখ্যা: বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান ২ ফেব্রুয়ারি ১৯৫৩ সালে ঝিনাইদহের মহেশপুরে জন্মগ্রহণ করেন। তিনি সেনাবাহিনীতে সিপাহি পদে কর্মরত ছিলেন। তিনি ১৯৭১ সালের ২৮ অক্টোবর মৌলভীবাজারের কমলগঞ্জের মাধবপুরে শহিদ হন। বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানকে প্রথমে ভারতের ত্রিপুরার আমবাসায় সমাহিত করা হয়। পরবর্তীতে তার দেহাবশেষে নিয়ে এসে ঢাকায় মিরপুর শহিদ বুদ্ধিজীবী কবরস্থানে সমাহিত করা হয়।

বীরশ্রেষ্ঠ মহিউদ্দিন জাহাঙ্গীরের কবর কোন জেলায় অবস্থিত?
ক. নাটোর খ. নওগাঁ
গ. জয়পুরহাট ঘ. চাঁপাইনবাবগঞ্জ
উত্তর: ঘ ব্যাখ্যা: বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর সেনাবাহিনীতে কর্মরত ছিলেন। তিনি ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর চাঁপাইনবাবগঞ্জের রেহাইচরে শহিদ হন। তাকে চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জে ছোট সোনা মসজিদ প্রাঙ্গণে সমাহিত করা হয়েছে।

কোনটি শুদ্ধ বানান?
ক. দূষণ খ. দুষণ
গ. দূশন ঘ. দুশন
উত্তর: ক ব্যাখ্যা: কতিপয় শুদ্ধ বানান : পিপীলিকা, নিমীলিতি, সমীচীন, মনীষী, নিশীথে, নিরীক্ষণ, শারীরিক, মরীচিকা, সুষ্ঠু, সরস্বতী, সস্ত্রীক, সাক্ষর।

কোন বানানটি শুদ্ধ?
ক. সুদণ খ. সূদন
গ. শুদন ঘ. শূদণ
উত্তর: খ ব্যাখ্যা: কতিপয় শুদ্ধ বানান : সতীত্ব, সতীর্থ, কৃতিত্ব, দায়িত্ব, সখিত্ব, আশিস, আশীর্বাদ, ইতোমধ্যে, উচ্ছ্বাস, আগমনী, অপরাহ্ণ, অহোরাত্র, অনসূয়া, অধ্যয়ন, আদ্যন্ত, অধ্যবসায়।

একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণের পরিমাণ ১০০° হলে পরিধিস্থ কোণের পরিমাণ হবে–
ক. ১০০° খ. ৮০°
গ. ৫০° ঘ. কোনোটিই নয়
উত্তর: গ

"To break the ice"– phrase-টির অর্থ কি?
ক. To start a conversation খ. To end the hostility
গ. To end up partnership ঘ. To start quarreling
উত্তর: ক ব্যাখ্যা: 'To break the ice'- Phrase টির অর্থ জড়তা শেষ করে কথোপকথন শুরু করা'। এখন নিচের অপশনগুলোর অর্থ বিশ্লেষণ করা যাক-

অপশন	অর্থ
To start a conversation	কথোপকথন বা আলাপ আলোচনা শুরু করা।
To end the hostility	শত্রুতার ইতি টানা বা শেষ ঘোষণা করা।
to end up the partnership	অংশীদারিত্ব (ব্যবসায়ের) এর বিলোপসাধন
to start quarreling	ঝগড়া শুরু করা।

সুতরাং দেখা যাচ্ছে যে, সঠিক উত্তর (ক)

"The pros and cons"– phrase-টির অর্থ কি?
ক. Good and evil খ. For and against a thing
গ. Foul and air ঘ. Former and latter
উত্তর: ক ব্যাখ্যা: Pros and Cons' phrase টির অর্থ-ভাল-মন্দ/সুবিধা-অসুবিধা

প্রদত্ত অপশন	অর্থ
Good and evil	ভালো-মন্দ/মঙ্গল-অমঙ্গল।
For and against a thing	কোন কিছুর বিপক্ষে অবস্থান নেওয়া
Foul and fair	সুন্দর-অসুন্দর।
Formen and latter	পূর্বে-পরে।

প্রতিফলিত শব্দকে বলা হয়–
ক. কোলাহল খ. তীক্ষ্ণতা
গ. প্রতিধ্বনি ঘ. বিস্তার
উত্তর: গ

সূর্য থেকে পৃথিবীতে তাপ আসে–
ক. বিকিরণ পদ্ধতিতে খ. পরিবহন পদ্ধতিতে
গ. পরিচলন পদ্ধতিতে ঘ. সব উপায়েই
উত্তর: ক

কোন বানানটি শুদ্ধ?
ক. শশীভূষণ খ. শশিভূষণ
গ. শশীভুষন ঘ. শশিভুসন
উত্তর: খ ব্যাখ্যা: কতিপয় শুদ্ধ বানান : ক্ষুণ্ন, শুশ্রূষা, কৌতূহল, ষাণ্মাসিক, চিক্কণ, স্বতঃস্ফূর্ত, দুরবস্থা, বিদ্বান, উননব্বই, হীনম্মন্যতা।

মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?
ক. ক্ষণস্থায়ী খ. ঘরছাড়া
গ. হাসিমুখ ঘ. তেলে-ভাজা
উত্তর: গ ব্যাখ্যা: ব্যাসবাক্যের মাঝের পদ লোভ পেয়ে যে সমাস হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমন : সিংহ চিহ্নিত যে আসন = সিংহাসন।

'ওভাল' কোন খেলার জন্য বিখ্যাত?
ক. ফুটবল খ. হকি
গ. টেনিস ঘ. ক্রিকেট
উত্তর: ঘ ব্যাখ্যা: 'ওভাল' লন্ডনের কেনিংটনে অবস্থিত একটি আন্তর্জাতিক ক্রিকেট মাঠ। এটি প্রতিষ্ঠিত হয় ১৮৪৫ সালে। এই মাঠে ৬ সেপ্টেম্বর ১৮৮০ সালে ইংল্যান্ড বনাম অস্ট্রেলিয়ার মধ্যে ইতিহাসের প্রথম টেস্ট খেলা অনুষ্ঠিত হয়।

সর্বাধিক স্নেহজাতীয় পদার্থ কোন খাদ্যে বিদ্যমান?
ক. দুধ খ. চিনি
গ. আলু ঘ. সীম
উত্তর: ক



৪৭

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০

তারিখ : ০৮.০১.২০১০ | [কোড : তিতাস] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট | পূর্ণমান : ৮০

যেসব জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল

পঞ্চগড়, নীলফামারী, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, কুষ্টিয়া, বাগেরহাট, দিনাজপুর।

০১. "গগনে গরজে মেঘ, ঘন বরষা।
কূলে একা বসে আছি, নাহি ভরসা।"
– এই উদ্ধৃতাংশটি কোন কবির রচনা?

ক. রবীন্দ্রনাথ ঠাকুর　　খ. নবীনচন্দ্র সেন
গ. গোলাম মোস্তফা　　ঘ. সুফী মোতাহার হোসেন

উত্তর ✓ ক ব্যাখ্যা: উদ্ধৃতাংশটি রবীন্দ্রনাথের 'সোনার তরী' (১৮৯৪) কাব্যগ্রন্থের নামকবিতা থেকে সংগৃহীত।

০২. "হে কবি, নীরব কেন ফাগুন যে এসেছে ধরায়, বসন্তে বরিয়া তুমি লবে না কি তব বন্দনায়?"
–এ উদ্ধৃতাংশটি কোন কবির রচনা?

ক. কাজী নজরুল ইসলাম　　খ. বেগম সুফিয়া কামাল
গ. গোলাম মোস্তফা　　ঘ. শামসুর রাহমান

উত্তর ✓ খ ব্যাখ্যা: জননী সাহসিকা সুফিয়া কামালের (১৯১১-১৯৯৯) 'তাহারেই পড়ে মনে' (১৯৩৫) কবিতার অন্তর্ভুক্ত আলোচ্য উদ্ধৃতাংশটি।

০৩. $12x^2 + 7x - 10$ এর উৎপাদক–

ক. $(3x + 5)(4x - 2)$　　খ. $(3x - 5)(4x + 2)$
গ. $(4x + 5)(3x - 2)$　　ঘ. $(4x - 5)(3x + 2)$

উত্তর ✓ গ ব্যাখ্যা: $12x^2 + 7x - 10$
$= 12x^2 + 15x - 8x - 10$
$= 3x(4x + 5) - 2(4x + 5)$
$= (4x + 5)(3x - 2)$

০৪. $x + \frac{1}{x} = \sqrt{5}$ হলে $x^3 + \frac{1}{x^3}$ = কত?

ক. 5　　খ. 2
গ. $5\sqrt{2}$　　ঘ. $2\sqrt{5}$

উত্তর ✓ ঘ ব্যাখ্যা: $x^3 + \frac{1}{x^3}$
$= \left(x + \frac{1}{x}\right)^3 - 3x \cdot \frac{1}{x}\left(x + \frac{1}{x}\right)$
$= (\sqrt{5})^3 - 3\sqrt{5} = 5\sqrt{5} - 3\sqrt{5} = 2\sqrt{5}$

০৫. The jury found the prisoner guilty. এখানে 'jury' কোন প্রকারের Noun?

ক. Proper　　খ. Common
গ. Collective　　ঘ. Abstract

উত্তর ✓ গ ব্যাখ্যা: প্রশ্নে প্রদত্ত 'Jury' শব্দটির অর্থ হচ্ছে বিচারকমণ্ডলী, নির্ণায়ক সভা, বিচারকদের সমন্বয়ে গঠিত বোর্ড। অর্থাৎ এখানে 'Jury' দ্বারা সমষ্টিগতভাবে কিছু বিচারককে বুঝাচ্ছে। তাই এটি Collective noun বা সমষ্টিবাচক বিশেষ্য। অন্যান্য অপশনগুলোতে প্রদত্ত উত্তর সঠিক নয়। সুতরাং সঠিক উত্তর অপশন (গ)।

০৬. 'Broad' শব্দটির Abstract form হবে–

ক. Breadth　　খ. Broadness
গ. Broader　　ঘ. Broadship

উত্তর ✓ খ ব্যাখ্যা: কিছু কিছু Adjective এর সাথে (ness) Suffix যুক্ত হয়ে Abstract noun গঠিত হয়। যেমন: Broad+ness = Broadness, kind+ness = kindness, happy+ness = happiness ইত্যাদি। যেসব noun দ্বারা দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদির নাম বুঝায় (অর্থাৎ Adjective) যদি noun হয়) তাকে Abstract noun বলে।

০৭. মোডেমের মাধ্যমে কম্পিউটারের সাথে–

ক. ইন্টারনেট লাইনের সংযোগ সাধন হয়
খ. টেলিভিশন লাইনের সংযোগ সাধন হয়
গ. টেলিফোন লাইনের সংযোগ সাধন হয়
ঘ. রেডিও লাইনের সংযোগ সাধন হয়

উত্তর ক

০৮. টেলিপ্রিন্টার একটি–

ক. গ্রহণমুখ যন্ত্র　　খ. নির্গমনমুখ যন্ত্র
গ. টাইপরাইটার　　ঘ. টারমিনাল

উত্তর গ

০৯. 'লালসালু' উপন্যাসটি কে রচনা করেছেন?

ক. আবুল মনসুর আহমদ　　খ. আবুল ফজল
গ. শহীদুল্লাহ কায়সার　　ঘ. সৈয়দ ওয়ালীউল্লাহ

উত্তর ✓ ঘ ব্যাখ্যা: ধর্ম নিয়ে ব্যক্তিস্বার্থ চরিতার্থকারীদের স্বরূপ উন্মোচন এবং নারী জাগরণের প্রেক্ষাপটে সমাজচেতনামূলক উপন্যাস 'লালসালু' (১৯৪৮)। সৈয়দ ওয়ালীউল্লাহ (১৯২২-৭১) নিজেই 'ট্রি উইথআউট রুটস' (১৯৬৭) নামে এবং তাঁর পত্নী অ্যান মেরি 'ল্য অরবরে সামস মায়েমে' (১৯৬১) নামে যথাক্রমে ইংরেজি ও ফরাসি ভাষায় অনুবাদ করেন।

১০. 'সঞ্চয়িতা' কোন কবির কাব্য সংকলন?

ক. রবীন্দ্রনাথ ঠাকুর　　খ. কাজী নজরুল ইসলাম
গ. হাসান হাফিজুর রহমান　　ঘ. সত্যেন্দ্রনাথ দত্ত

উত্তর ✓ ক ব্যাখ্যা: 'সঞ্চয়িতা' (১৯৩১) রবীন্দ্রনাথকৃত নিজ কবিতার সংকলন। 'সন্ধ্যাসঙ্গীত' কাব্যগ্রন্থ থেকে 'শেষ লেখা' পর্যন্ত কবিতাগুলি এতে কালানুক্রমিকভাবে সজ্জিত। উল্লেখ্য, 'সঞ্চয়িতা' রবীন্দ্রনাথের সর্বাপেক্ষা জনপ্রিয় গ্রন্থ।

১১. $2(3x + 5) = -(x - 31)$ কে সমাধান করলে x-এর মান হবে–

ক. 5　　খ. 3
গ. – 2　　ঘ. – 3

উত্তর ✓ খ ব্যাখ্যা: $2(3x + 5) = -(x - 31)$
বা, $6x + 10 = -x + 31$
বা, $7x = 21 \therefore x = 3$

১২. তিনটি ক্রমিক সংখ্যার গুণফল ১২০ হলে সংখ্যা তিনটির যোগফল হবে–

ক. ১২　　খ. ১৫
গ. ১৮　　ঘ. ২০

উত্তর খ

১৩. The up train is late. এখানে 'up' শব্দটি–
ক. Noun খ. Pronoun
গ. Adverb ঘ. Adjective
উত্তর✓ ঘ
ব্যাখ্যা: 'Up'সাধারণত preposition । প্রশ্নে প্রদত্ত বাক্যে 'Up' শব্দটি noun (train) এর আগে বসে উক্ত noun কে modify বা qualify করছে বিধায় এখানে এটি Adjective এর ন্যায় কাজ করছে। সুতরাং 'Up' হচ্ছে Adjective।

১৪. Sit down and rest a while এখানে 'while' শব্দটি–
ক. Noun খ. Pronoun
গ. Adjective ঘ. adverb
উত্তর✓ ক
ব্যাখ্যা: 'While' মূলত একটি Conjunction কিন্তু 'While' অন্যান্য Parts of Speech হিসেবেও বসতে পারে। প্রশ্নে প্রদত্ত বাক্যে 'While' এর আগে Article 'a' থাকাতে বুঝা যাচ্ছে যে, এটি noun হিসেবে ব্যবহৃত হয়েছে। অর্থাৎ এখানে এটি 'rest' verb এর object হিসেবে noun রূপে ব্যবহৃত হয়েছে।

১৫. ২০১০ সালের বিশ্বকাপ ফুটবলের উদ্বোধনী ম্যাচ কবে হয়?
ক. ৮ জুন খ. ৯ জুন
গ. ১১ জুন ঘ. ১২ জুন
উত্তর✓ গ
ব্যাখ্যা: ১৯তম বিশ্বকাপ: আয়োজক দক্ষিণ আফ্রিকা। তারিখ ১১ জুন-১১ জুলাই ২০১০ সাল। উদ্বোধনী এবং ফাইনাল খেলা অনুষ্ঠিত হয় জোহানেসবার্গের সকার সিটি স্টেডিয়ামে।
২০তম বিশ্বকাপ : আয়োজক দেশ ব্রাজিল। অনুষ্ঠিত হয় ১২ জুন-১৩ জুলাই ২০১৪। উদ্বোধনী খেলা অনুষ্ঠিত হয় সাওপাওলোর অ্যারেনা ডি সাওপাওলো স্টেডিয়ামে। ফাইনাল খেলা অনুষ্ঠিত হয় রিও ডি জেনিরোর মারাকানা স্টেডিয়ামে।
২১তম বিশ্বকাপ : আয়োজক দেশ রাশিয়া। অনুষ্ঠিত হয় ১৪ জুন-১৫ জুলাই ২০১৮ সালে। উদ্বোধনী এবং ফাইনাল খেলা অনুষ্ঠিত হয় মস্কোর লুঝনিকি স্টেডিয়ামে।

১৬. সকল সপুষ্পক উদ্ভিদ হচ্ছে–
ক. পরভোজী খ. স্বভোজী
গ. পরজীবী ঘ. মিথোজীবী উত্তর খ

১৭. 'সাজাহান' নাটকটির রচয়িতা কে?
ক. দ্বিজেন্দ্রলাল রায় খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. শাহাদৎ হোসেন ঘ. ইব্রাহিম খাঁ
উত্তর✓ ক
ব্যাখ্যা: 'সাজাহান' (১৯০৯) মোগল সম্রাট সাজাহানের জীবন অবলম্বন রচিত ঐতিহাসিক নাটক।

১৮. 'কাঁকর মনি' নাটকটি কে লিখেছেন?
ক. সিকান্দার আবু জাফর খ. ড. নীলিমা ইব্রাহিম
গ. আনিস চৌধুরী ঘ. শওকত ওসমান উত্তর ঘ

১৯. কোন পরীক্ষায় ১০০ জন ছাত্রের প্রাপ্ত গড় নম্বর ৮০। যদি ২০% ছাত্রকে বাদ দেওয়া হয় তবে বাকি ছাত্রদের প্রাপ্ত গড় নম্বর হবে ৯০। ২০% ছাত্রের প্রাপ্ত গড় নম্বর কত?
ক. ৩২ খ. ৩৬
গ. ৪০ ঘ. ৪২
উত্তর✓ গ
ব্যাখ্যা:
১০০ জন ছাত্রের মোট নম্বর $(৮০ \times ১০০) = ৮০০০$
২০% বাদে বাকি ছাত্র $= (১০০ - ২০)$ জন $= ৮০$ জন
∴ ৮০ জন ছাত্রের মোট নম্বর $= (৮০ \times ৯০) = ৭২০০$
∴ ২০% ছাত্রের মোট নম্বর $= (৮০০০ - ৭২০০) = ৮০০$
∴ ২০% ছাত্রের গড় নম্বর $= \frac{৮০০}{২০} = ৪০$

২০. ১৫টি খাসির মূল্য ৫টি গরুর মূল্যের সমান। ২টি গরুর মূল্য ৩০,০০০ টাকা হলে ২টি খাসির মূল্য কত?
ক. ৯,০০০ টাকা খ. ১০,০০০ টাকা
গ. ১২,০০০ টাকা ঘ. ১৩,০০০ টাকা
উত্তর✓ খ
ব্যাখ্যা:
২টি গরুর মূল্য ৩০,০০০ টাকা
১ টি " $= \frac{৩০,০০০}{২}$ "
∴ ৫ " " $= \frac{৩০,০০০ \times ৫}{২} = ৭৫,০০০$ টাকা
∴ ১৫ টি খাসির মূল্য ৭৫,০০০ টাকা
∴ ১ টি " " $= \frac{৭৫,০০০}{১৫}$ "
∴ ২ টি " " $= \frac{৭৫০০০ \times ২}{১৫}$ " $= ১০,০০০$ টাকা

২১. কোন বানানটি শুদ্ধ?
ক. Professional খ. Profesional
গ. Proffesional ঘ. Proffessional উত্তর ক

২২. কোনটি শুদ্ধ বানান?
ক. Cleling খ. Cealing
গ. Ceilling ঘ. Ceiling উত্তর ঘ

২৩. ক্লোরোফিল ছাড়া সম্পন্ন হয় না–
ক. শ্বসন খ. রেচন
গ. সালোকসংশ্লেষণ ঘ. অভিস্রবন উত্তর গ

২৪. জীনের রাসায়নিক উপাদান–
ক. আরএনএ খ. ডিএনএ
গ. ডিএনএ ও হ্যালিক্স ঘ. আরএনএ ও হ্যালিক্স উত্তর খ

২৫. শেখ মুজিবুর রহমানকে বন্দি করে করাচিতে নিয়ে যাওয়া হয় ৭১ এর–
ক. ২৫ মার্চ রাতে খ. ২৬ মার্চ রাতে
গ. ২৭ মার্চ রাতে ঘ. ২৮ মার্চ রাতে
উত্তর✓ ক
ব্যাখ্যা: ১৯৭১ সালে ২৫ শে মার্চ রাত ১২ টার পর অর্থাৎ ২৬ মার্চ প্রথম প্রহরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বন্দী করা হয়। করাচিতে নিয়ে যাওয়ার আগ পর্যন্ত তিনি ঢাকা ক্যান্টনমেন্টে বন্দী ছিলেন। পাকিস্তান সরকার বঙ্গবন্ধুকে মুক্তি দেয় ৮ জানুয়ারি ১৯৭২ সালে। তিনি লন্ডন ও দিল্লি হয়ে বাংলাদেশ প্রত্যাবর্তন করেন ১০ জানুয়ারি ১৯৭২ সালে।

২৬. বাংলাদেশের প্রথম অস্থায়ী প্রেসিডেন্ট ছিলেন–
ক. আবু সাঈদ চৌধুরী খ. শেখ মুজিবুর রহমান
গ. ক্যাপ্টেন মনসুর আলী ঘ. সৈয়দ নজরুল ইসলাম
উত্তর✓ ঘ
ব্যাখ্যা: বাংলাদেশের অস্থায়ী সরকার বা মুজিবনগর সরকার গঠিত হয় ১০ এপ্রিল ১৯৭১ সালে। এই সরকারের রাষ্ট্রপতি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। অস্থায়ী বা উপ-রাষ্ট্রপতি ছিলেন সৈয়দ নজরুল ইসলাম। ক্যাপ্টেন এম মনসুর আলী ছিলেন অর্থ, বানিজ্য, শিল্প ও যোগাযোগ মন্ত্রী। বিচারপতি আবু সাঈদ চৌধুরী ছিলেন যুক্তরাজ্য মিশন প্রধান। তিনি বহি:র্বিশ্বে সরকারের বিশেষ দূত হিসেবে দায়িত্ব পালন করেন।

২৭. 'আমাকে যেতে হবে'। বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. কর্তায় ২য়া　　খ. কর্মে ২য়া
গ. অপাদানে ২য়া　　ঘ. অধিকরণে ২য়া

উত্তর ✓ ক ব্যাখ্যা বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে তা ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক। যেমন : সকলকে মরিতে হইবে

২৮. 'চোখ দিয়ে জল পড়ে'। বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. কর্মে ২য়া　　খ. করণে ২য়া
গ. অপাদানে ৩য়া　　ঘ. অধিকরণে ৩য়া

উত্তর ✓ গ ব্যাখ্যা যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমন : পাপে বিরত হও।

২৯. কোনটি শুদ্ধ বানান?

ক. Dysentary　　খ. Dysentery
গ. Disentary　　ঘ. Disentery　　**উত্তর খ**

৩০. কোনটি শুদ্ধ বানান?

ক. Constelation　　খ. Constelletion
গ. Constellation　　ঘ. Consteletion　　**উত্তর গ**

৩১. কোনটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ?

ক. অনুতাপ　　খ. আপাদমস্তক
গ. আটচালা　　ঘ. আমরা

উত্তর ✓ ক ব্যাখ্যা পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে, তাকে অব্যয়ীভাব সমাস বলে। সামীপ্য (নৈকট্য), বীপ্সা (পৌনঃপুনিকতা), পর্যন্ত, অভাব, অনতিক্রম্যতা, সাদৃশ্য, ক্ষুদ্র, যোগ্যতা প্রভৃতি নানা অর্থে অব্যয়ীভাব সমাস হয়। যেমন : আমিষের অভাব = নিরামিষ।

৩২. কোনটি কর্মধারয় সমাসের উদাহরণ?

ক. কাটাচোখা　　খ. কানাকানি
গ. ঔষধি　　ঘ. ঋষিকবি

উত্তর ✓ ঘ ব্যাখ্যা যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদেব সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। যেমন : নীল যে আকাশ = নীলাকাশ।

৩৩. মন্দার কারণে শ্রমিকদের দৈনিক বেতন ৫০% হ্রাস করা হল। ১ বছর পর দৈনিক বেতন ৮০% বৃদ্ধি করা হয়। মন্দার পূর্বে দৈনিক বেতন ১০০ টাকা হলে বর্তমানে শ্রমিকের দৈনিক বেতন কত?

ক. ৮০ টাকা　　খ. ৮৫ টাকা
গ. ৯০ টাকা　　ঘ. ৯৫ টাকা

উত্তর ✓ গ ব্যাখ্যা ৫০% হ্রাস বেতন = (১০০ − ৫০) টাকা = ৫০ টাকা

∴ মান্দার পূর্বে বেতন ১০০ টাকা হলে পরে বেতন ৫০ টাকা
৮০% বৃদ্ধিতে বেতন = (১০০ + ৮০) টাকা = ১৮০ টাকা
পূর্বের বেতন ১০০ টাকা হলে পরের বেতন ১৮০ টাকা

" " ১ " " " $\frac{১৮০}{১০০}$ "

" " ৫০ " " " $\frac{১৮০ \times ৫০}{১০০}$ "

= ৯০ টাকা

৩৪. একজন ব্যবসায়ী একটি জিনিস বিক্রির জন্য এমনভাবে মূল্য নির্ধারণ করেন যেন ১০% ডিসকাউন্ট দিলেও তাঁর ক্রয়মূল্যের উপর ২০% লাভ থাকে। জিনিসটির ক্রয়মূল্য ৩০ টাকা হলে, নির্ধারিত মূল্য কত?

ক. ৩৬ টাকা　　খ. ৪০ টাকা
গ. ৪২ টাকা　　ঘ. ৪৫ টাকা

উত্তর ✓ খ ব্যাখ্যা ১০% ডিসকাউন্টে ক্রয়মূল্য = (১০০ − ১০) টাকা = ৯০ টাকা

২০% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ২০) টাকা = ১২০ টাকা

∴ ক্রয়মূল্য ২০ টাকা হলে নির্ধারিত মূল্য ১২০ টাকা

" " " " " $\frac{১২০}{৯০}$ "

" " " " $\frac{১২০ \times ৩০}{৯০}$ " = ৪০ টাকা

৩৫. 'We shall be taking tea' বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে–

ক. Tea will be being taken by us.
খ. Tea shall have been taken by us
গ. Tea should be being taken by us.
ঘ. Tea should be taken by us.

উত্তর ✓ ক ব্যাখ্যা প্রদত্ত বাক্যের Passive করার নিয়ম নিম্নরূপ: Active এর object কে subject (Tea) + tense ও person অনুযায়ী Auxiliary verb (এক্ষেত্রে 'Will be being) + VPP/V_3+by+Active voice এর subject এর object form (we এর Object form 'us') উপর্যুক্ত নিয়মানুযায়ী সঠিক উত্তর (ক) → Tea will be being taken by us অন্যান্য অপশনগুলো নিয়ম বর্হিভূত হওয়ায় সঠিক নয়।

৩৬. অগ্ন্যাশয় থেকে নির্গত চিনির বিপাক নিয়ন্ত্রণকারী হরমোনের নাম কী?

ক. ফোলিক এসিড　　খ. এমিনো এসিড
গ. পেনিসিলিন　　ঘ. ইনসুলিন　　**উত্তর ঘ**

৩৭. কার্বন সবচেয়ে বেশি আছে কোন কয়লায়?

ক. লিগনাইট　　খ. বিটুমিনাস
গ. অ্যান্থ্রাসাইট　　ঘ. পিট　　**উত্তর গ**

৩৮. 'উচ্ছ্বাস' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?

ক. স্ফুরণ　　খ. উদ্ভাসিত
গ. স্ফীতি　　ঘ. বিকাশ

উত্তর ✓ খ ব্যাখ্যা 'উচ্ছ্বাস' ও 'উদ্ভাসিত' এর প্রতিশব্দ :

উচ্ছ্বাস	আনন্দ, আমোদ, আহ্লাদ, স্ফূর্তি, উল্লাস, ফুর্তি, হর্ষ, স্ফুরণ, বিকাশ, স্ফীতি।
উদ্ভাসিত	বিকশিত, প্রকাশিত, শোভিত, দীপ্তিময়, জ্যোতিময়।

৩৯. 'কুল' শব্দের সমার্থক শব্দ কোনটি?

ক. গোত্র　　খ. কিনারা
গ. তীর　　ঘ. তট

উত্তর ✓ ক ব্যাখ্যা 'কুল' ও 'কূল' এর সমার্থক শব্দ :

কূল	তট, তটভূমি, তীর, তীরভূমি, তীরভাগা, কূলভূমি, বেলা, সৈকত, ধার, পুলিন, কিনার, কিনারা, কাঁধার।
কুল	যুথ, বংশ, জাতি, বর্ণ, সমূহ, শ্রেণি, জাত, গোত্র, গোষ্ঠী, প্রজাতি, জাত্যংশ, গণ।

৪০. ৩, ৫, ৪, ৮, ৫, ১১, ৬, ... ধারাটির দশম পদ হবে–
ক. ১৪ খ. ১৫
গ. ১৬ ঘ. ১৭ উত্তর: ঘ

৪১. ১, ৫, ৩, ৮, ... ধারাটির অষ্টম পদ হবে–
ক. ১১ খ. ১৩
গ. ১৪ ঘ. ১৫ উত্তর: গ

৪২. "Run away children", said their mother. বাক্যটির indirect speech হবে–
ক. Addressing the children, their mother said to them to run away.
খ. Addressing the children, their mother urged them to run away.
গ. Addressing the children, their mother told them to run away.
ঘ. Address the children, their mother asked them to run away.

উত্তর: গ | ব্যাখ্যা: কাউকে 'সম্বোধন' বা Address করে কথা বলা হলে Indirect speech এ রূপান্তর করার নিয়মঃ
Addressing + যাকে Address করা হয়েছে সেটি (the children) + comma (,) + reporting verb এর subject (their mother) + reporting verb- 'say/said' or 'tell/told (এক্ষেত্রে 'told') + Address করা হয়েছে এমন noun বা pronoun এর object form (অর্থাৎ 'the children' এর পরিবর্তে 'them' ich) + 'to'+ মূল verb থেকে নিয়ে শেষ পর্যন্ত (run away)।

৪৩. He said to me, 'I don't believe you.' বাক্যটির indirect speech হবে–
ক. He said that he did not believe me.
খ. He said that he does not believe me.
গ. He says that he did not believe me.
ঘ. He says that he does not believe me.

উত্তর: ক | ব্যাখ্যা: Assertive sentence এর direct speech টি indirect এ রূপান্তর প্রক্রিয়া নিম্নরূপঃ-
Reporting verb এর Subject (He) + reporting verb say/said অথবা tell/told (এক্ষেত্রে said) + that + reported Speech টিকে tense, person ও number অনুযায়ী পরিবর্তন করে 'assertive pattern' লিখতে হবে (he did not believe me')।

৪৪. দুটি স্থানের মধ্যে দ্রাঘিমাংশের পার্থক্য ১° হলে সময়ের পার্থক্য হবে–
ক. ৪ মিনিট খ. ৬ মিনিট
গ. ৮ মিনিট ঘ. ১০ মিনিট উত্তর: ক

৪৫. পৃথিবীর নিকটতম গ্রহ কোনটি?
ক. বুধ খ. শুক্র
গ. মঙ্গল ঘ. বৃহস্পতি উত্তর: খ

৪৬. 'চপল' এর বিপরীতার্থক শব্দ কী?
ক. গম্ভীর খ. ঠাণ্ডা
গ. স্তব্ধ ঘ. রাশভারী

উত্তর: ক | ব্যাখ্যা: কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
চঞ্চল	অবিচল	চটুল	গম্ভীর
চিন্ময়	মৃন্ময়/অচেতন	চেতন	জড়
চড়াই	উৎরাই	চৌকস	হাবা/হাঁদা

৪৭. 'তিমির' এর বিপরীতার্থক শব্দ কী?
ক. রশ্মি খ. কালো
গ. অন্ধকার ঘ. আলো

উত্তর: ঘ | ব্যাখ্যা: কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
তির্যক	ঋজু/সরল	তন্ময়	মন্ময়
ত্বরিত	শ্লথ	তীক্ষ্ণ	ভোঁতা
তামসিক	রাজসিক	তারুণ্য	বার্ধক্য

৪৮. সৌরজগতের কোন গ্রহের সবচেয়ে বেশি উপগ্রহ আছে?
ক. শনি খ. মঙ্গল
গ. বৃহস্পতি ঘ. শুক্র উত্তর: গ

৪৯. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে বৃহত্তম কোনটি?
ক. $\frac{২}{৩}$ খ. $\frac{৪}{৭}$
গ. $\frac{৫}{৮}$ ঘ. $\frac{৭}{১১}$ উত্তর: ক

৫০. $\frac{০.১ \times ১.১ \times ১.২}{০.০১ \times ০.২}$ এর মান কত?
ক. ৬০ খ. ৬৬
গ. ৬৮ ঘ. ৭৮ উত্তর: খ

৫১. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. Grammar is better servant than a master
খ. Grammar is the better servant than a master
গ. Grammar is a better servant than master
ঘ. A grammar is a better servant than a master

উত্তর: ঘ | ব্যাখ্যা: অপশন (ক) তে 'than' এরপর article 'a' ব্যবহৃত হলেও 'Grammar' এর আগে কোনো article ব্যবহার করা হয়নি বিধায় Parallelism এর নিয়ম অনুযায়ী উক্ত অপশনটি সঠিক নয়। অপশন (খ) তে comparative form এর আগে 'the' থাকাতে এটি সঠিক নয়। কেননা comparative form এর আগে article 'the' বসে না। তৃতীয় অপশনে 'better' এর আগে Article 'a' ব্যবহার করায় সঠিক নয়। অন্যদিকে অপশন (ঘ) তে 'Parallelism' সংক্রান্ত কোনো ভুল পরিলক্ষিত না হওয়ায় এটিই সঠিক উত্তর।

৫২. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. I do not take fruits
খ. I have no appetite in food
গ. He gave me some good advices
ঘ. Neither of us was present

উত্তর: ঘ | ব্যাখ্যা: অপশন (ক) তে ফল খাওয়ার ইংরেজি take ব্যবহার করা হয়েছে যা সঠিক নয়। এক্ষেত্রে 'take' এর পরিবর্তে 'eat' বা 'have' বা 'have' ব্যবহার করতে হবে। অপশনে (খ) তে 'appetite' এর পর 'in' বসানো হয়েছে যা ভুল; 'appetite' এর পর appropriate preposition হিসেবে 'for' বসাতে হয়। অপশন (গ) তে 'advice' (উপদেশ) শব্দটিকে Plural করা হয়েছে যা উপদেশ অর্থে Plural হয় না; এক্ষেত্রে 'Advice' বসবে। অবশ্য ভিন্নঅর্থে (Advices অর্থ-বার্তা, সংবাদ) এটি ব্যবহার করা যেতে পারে Plural sense এ। অন্যদিকে অপশন (ঘ) তে 'Neither of' যুক্ত বাক্যে singular verb (was) ব্যবহার করা হয়েছে। তাই এটি সঠিক। কারণ 'Neither of' এর ক্ষেত্রে verb singular হয়।

৫৩. মহাস্থানগড় কোন নদীর তীরে অবস্থিত?

ক. করতোয়া খ. ব্রহ্মপুত্র

গ. মহানন্দা ঘ. গঙ্গা

উত্তর✓ ক বাংলাদেশের সবচেয়ে প্রাচীন নগর পুণ্ড্রনগরের বর্তমান নাম মহাস্থানগড়। এটি বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায় করতোয়া নদীর তীরে অবস্থিত। এর অবস্থান বগুড়া শহর থেকে ১৩ কিলোমিটার উত্তরে। স্যার আলেকজান্ডার ক্যানিংহাম ১৮৭৯ সালে পুণ্ড্রনগরের ধ্বংসাবশেষ সনাক্ত করেন।

৫৪. বাংলাদেশের বৃহত্তম নদী কোনটি?

ক. যমুনা খ. ব্রহ্মপুত্র

গ. পদ্মা ঘ. মেঘনা

উত্তর✓ ঘ বাংলাদেশের দীর্ঘতম, প্রশস্ততম, গভীরতম এবং বৃহত্তম নদী 'মেঘনা'। মেঘনা নদীর দৈর্ঘ্য ৩৩০ কিলোমিটার, সর্বোচ্চ প্রশস্ততা ১৩,০০০ মিটার, গভীরতা ২৭ মিটার। সুরমা ও কুশিয়ারা একত্রিত হয়ে কিশোরগঞ্জে মেঘনা নাম ধারণ করে।

৫৫. বাংলাদেশের জাতীয় পতাকার মাপের অনুপাত কত?

ক. ৫ ঃ ৪ খ. ৪ ঃ ৩

গ. ৫ ঃ ৩ ঘ. ৭ ঃ ৫

উত্তর✓ গ বাংলাদেশের বর্তমান জাতীয় পতাকা গৃহীত হয় ১৭ জানুয়ারি ১৯৭২ সালে। এই পতাকার রূপকার চিত্রশিল্পী কামরুল হাসান। বাংলাদেশের সংবিধানের ৪(২) নং অনুচ্ছেদে জাতীয় পতাকার রং সম্পর্কে বলা হয়েছে। ১৯৭২ সালের পতাকা বিধি অনুসারে জাতীয় পতাকার রং হবে গাঢ় সবুজ এবং ১০:৬ বা ৫:৩ অনুপাতে আয়তাকার। তাতে থাকবে সবুজ অংশের মাঝখানে একটি লাল বৃত্ত।

৫৬. ক ও খ-এর বয়সের সমষ্টি ৭৪ বছর এবং তাদের বয়সের অনুপাত ১০ বছর পূর্বে ছিল ৭ ঃ ২। ১০ বছর পরে তাদের বয়সের অনুপাত কত হবে?

ক. ৩১ ঃ ১৬ খ. ৫ ঃ ২

গ. ৭ ঃ ১১ ঘ. ৮ ঃ ১৩

উত্তর✓ ক ক + খ = ৭৪

বা, ক = ৭৪ − খ

আবার, ক − ১০ঃ খ − ১০ = ৭ ঃ ২

বা, $\frac{ক-১০}{খ-১০} = \frac{৭}{২}$ বা, ২ক − ২০ = ৭খ − ৭০

বা, ২ (৭৪ − খ) − ২০ = ৭খ −৭০

বা, ১৪৮ − ২ খ − ২০ = ৭খ −৭০

বা, ৯খ = ১৯৮ ∴ খ = ২২

∴ ক = ৭৪ − ২২ = ৫২

$\therefore \frac{ক + ১০}{খ + ১০} = \frac{৫০ + ১০}{২২ + ১০} = \frac{৬০}{৩২} = \frac{৩১}{১৬}$

∴ ১০ বছর পর তাদের বয়সের অনুপাত ৩১ ঃ ১৬

৫৭. পিতা ও পুত্রের বয়সের অনুপাত ৭ ঃ ৩। ৪ বছর পূর্বে তাদের বয়সের অনুপাত ছিল ১৩ ঃ ৫। বর্তমানে কার বয়স কত?

ক. ৬৬ বছর, ৩৪ বছর খ. ৭৬ বছর, ৩৪ বছর

গ. ৪৬ বছর, ১৪ বছর ঘ. ৫৬ বছর, ২৪ বছর

উত্তর✓ ঘ ধরি, পিতার বর্তমান বয়স x বছর ও পুত্রের বর্তমান বয়স y বছর

$\therefore \frac{x}{y} = \frac{৭}{৩}$ বা, $x = \frac{৭y}{৩}$

আবার, $\frac{x-৪}{y-৪} = \frac{১৩}{৫}$

বা, ৫x − ২০ = ১৩y − ৫২

বা, $৫ \times \frac{৭y}{৩} - ২০ = ১৩y - ৫২$

বা, $\frac{৩৫}{৩} y - ১৩y = - ৩২$

বা, $\frac{৩৫y - ৩৯y}{৩} = - ৩২$

বা, ৪y = ৯৬ ∴ y = ২৪ বছর

$\therefore x = \frac{৭}{৩} \times ২৪$ বছর = ৫৬ বছর

∴ পিতার বর্তমান বয়স ৫৬ বছর ও পুত্রের বর্তমান বয়স ২৪ বছর।

৫৮. One should cling – one's plan. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. with খ. to

গ. of ঘ. for

উত্তর✓ খ 'Cling' এর পর appropriate preposition 'to' বসে। 'Cling to' অর্থ লেগে থাকা।

৫৯. My opinion coincided – you. বাক্যের শূন্যস্থানে বসবে–

ক. at খ. against

গ. with ঘ. for

উত্তর✓ গ 'Coincide' এর সাথে appropriate preposition হিসেবে 'with' বসে। তাই অপশন (ক), (খ) ও (ঘ) সঠিক নয়।

৬০. The cow feeds – grass. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. on খ. in

গ. of ঘ. by

উত্তর✓ ক 'The cow feeds on grass' অর্থ: গরু ঘাস খেয়ে বাঁচে। খেয়ে বাঁচা অর্থে 'feed' এরপর appropriate preposition হিসেবে 'on' ব্যবহৃত হয়; বাকিগুলো ভুল।

৬১. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে?

ক. জয়নুল আবেদীন　　খ. কামরুল হাসান

গ. হামিদুজ্জামান খান　　ঘ. হাসেম খান

উত্তর: খ জাতীয় পতাকার নকশা প্রথম তৈরি করেন শিব নারায়ণ দাস ৬ জুন ১৯৭০ সালে। বর্তমান জাতীয় পতাকার ডিজাইনার কামরুল হাসান। জাতীয় পতাকার লাল রঙের ভরাট বৃত্তটি রক্তক্ষয়ী সংগ্রামের মাধ্যমে ছিনিয়ে আনা স্বাধীনতার নতুন সূর্যের প্রতীক। উজ্জ্বল ঘন সবুজ রঙ তারুণ্যের উদ্দীপনা ও বিস্তৃত গ্রামবাংলার প্রতীক।

৬২. সোনারগাঁও-এর পূর্ব নাম কী ছিল?

ক. গৌড়　　খ. চন্দ্রদ্বীপ

গ. সুধারাম　　ঘ. সুবর্ণগ্রাম

উত্তর: ঘ

বর্তমান নাম	প্রাচীন নাম
বরিশাল	চন্দ্রদ্বীপ, বাকলা, ইসমাইলপুর
নোয়াখালী	সুধারাম, ভুলুয়া
সোনারগাঁও	সুবর্ণগ্রাম

গৌড় একটি প্রাচীন জনপদ। বর্তমান বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ, ভারতের মালদহ, মুর্শিদাবাদ, বীরভূম ও বর্ধমান প্রাচীন গৌড় জনপদের অন্তর্গত ছিল।

৬৩. 'ধার' শব্দটির প্রকৃতি-প্রত্যয় হচ্ছে–

ক. √ধারি + অ　　খ. √ধী + অর

গ. √ধার + অ　　ঘ. √ধা + র

উত্তর: ক কতিপয় প্রকৃতি-প্রত্যয় : √ধর + অ = ধর, √মার + অ = মার, √হার + অ = হার, √খেল + অনা = খেলনা, √বহ + তা = বহতা, √জান + আনি = জানানি, √মাত + আল = মাতাল, √রম + ক্তি = রতি।

৬৪. 'বৈঠক' শব্দের সন্ধিবিচ্ছেদ হচ্ছে–

ক. √বৈঠে + অক　　খ. √বৈ + ঠক

গ. √বৈঠে + অ　　ঘ. √বি = ঠক

উত্তর: ক কতিপয় গুরুত্বপূর্ণ কৃৎপ্রত্যয় : ভাস + √কৃ + অ = ভাস্কর, √হন্ + অ = ঘাত, অভি + √জ্ঞা + অ = অভিজ্ঞ, √ক্ষি + অল্ = ক্ষয়, শ্রৎ +√ধা+(অ) + আ = শ্রদ্ধা, √স্মৃ + অণীয় = স্মরণীয়, √শ্রু + অন্ = শ্রবণ, √পচ্ + অক = পাচক।

৬৫. প্রতিবছর কোনো শহরের লোকসংখ্যার ৭% জন্মগ্রহণ করে এবং ৩% মারা যায়। এক বছরে ঐ শহরে ৪০০ লোক বাড়লে ঐ শহরে মোট লোকসংখ্যা কত?

ক. ১০,০০০　　খ. ১০,৫০০

গ. ১১,০০০　　ঘ. ১১,৫০০

উত্তর: ক

লোক সংখ্যার বৃদ্ধির হার = ৭% − ৩% = ৪%

৪ জন লোক বাড়লে শহরের লোকসংখ্যা ১০০ জন

∴ ১" " " " " $\frac{১০০}{৪}$ "

∴ ৪০০ " " " " $\frac{১০০}{৪} \times ৪০০$ "

= ১০,০০০ জন।

৬৬. 'Precise'-এর সমার্থক শব্দ কোনটি?

ক. Vague　　খ. Definite

গ. Abate　　ঘ. Constructive

উত্তর: খ

Word	Meaning
Precise	সুনির্দিষ্ট, সম্পূর্ণ নির্ভুল, ঠিক, যথাযথ
Vague	অনিশ্চিত, অস্পষ্ট, অনির্দিষ্ট।
Definite	নির্দিষ্ট, স্পষ্ট, দ্ব্যর্থহীন, যথাযথ।
Constructive	গঠনমূলক, নির্মাণক্ষম।

৬৭. 'Immense'-এর সমার্থক শব্দ কোনটি?

ক. Small　　খ. Proud

গ. Enormous　　ঘ. Boastful

উত্তর: গ

Word	Meaning
Immense	অঢেল, প্রকাণ্ড, বিশাল, বিস্তীর্ণ।
Small	ছোট, ক্ষুদ্র।
Proud	গর্বিত।
Enormous	প্রকাণ্ড, বিশাল, বিস্তীর্ণ
Boastful	দাম্ভিক, অহংকারী।

৬৮. বীরশ্রেষ্ঠ মহিউদ্দিন জাহাঙ্গীরের পদবি কি ছিল?

ক. মেজর　　খ. সিপাহী

গ. ল্যান্স নায়েক　　ঘ. ক্যাপ্টেন

উত্তর: ঘ বীরশ্রেষ্ঠ মহিউদ্দিন জাহাঙ্গীর ১৯৪৯ সালে জন্মগ্রহণ করেন। তিনি সেনাবাহিনীতে ক্যাপ্টেন পদমর্যাদায় কর্মরত ছিলেন। তিনি ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর চাঁপাইনবাবগঞ্জে এক সম্মুখ যুদ্ধে শহীদ হন। বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীরকে চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার ছোট সোনা মসজিদ প্রাঙ্গনে সমাহিত করা হয়।

৬৯. বাংলাদেশের সংসদীয় ব্যবস্থা সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে পুনঃপ্রবর্তিত হয়?

ক. দ্বাদশ খ. সপ্তম
গ. নবম ঘ. একাদশ

উত্তর: ক বাংলাদেশের ১৯৭২ সালের মূল সংবিধানে সংসদীয় সরকার পদ্ধতি বিদ্যমান ছিল। ১৯৭৫ সালে চতুর্থ সংশোধনীর মাধ্যমে সংসদীয় শাসন পদ্ধতির পরিবর্তে রাষ্ট্রপতি শাসিত শাসন পদ্ধতি চালু করা হয়। আবার ১৯৯১ সালে দ্বাদশ সংশোধনীর মাধ্যমে সংসদীয় পদ্ধতির সরকার পুনঃপ্রবর্তন এবং উপ- রাষ্ট্রপতির পদ বিলুপ্ত করা হয়। এই ব্যবস্থায় রাষ্ট্রপতি রাষ্ট্রের সাংবিধানিক প্রধান এবং প্রধানমন্ত্রী রাষ্ট্রের প্রধান নির্বাহী।

৭০. কোন বানানটি শুদ্ধ ?

ক.সুচিম্মিতা খ.সুচিস্মিতা
গ.সূচীস্মিতা ঘ.সুচস্মিতা **উত্তর: খ**

৭১. কোন বানানটি শুদ্ধ?

ক. পাসান খ. পাসাণ
গ. পাষাণ ঘ. পাশাণ

উত্তর: গ কতিপয় শুদ্ধ বানান : ঋণ, প্রাঙ্গণ, অঙ্গন, প্রণয়িনী, পল্লি, শহিদ, ইদ, জাজ্বল্যমান, উচ্ছ্বাস, সমীচীন, পূর্বাহ্ণ, অপরাহ্ণ, পুরস্কার, পরিষ্কার, আবিষ্কার, পাণিনি, ফটোস্ট্যাট।

৭২. একই চাপের উপর দণ্ডায়মান পরিধিস্থ কোণ ৪০° হলে কেন্দ্রস্থ কোণের পরিমাণ হবে–

ক. ৮০° খ. ৪০°
গ. ২০° ঘ. ১৪০° **উত্তর: ক**

৭৩. "To have full hands" – phrase-টির অর্থ কী?

ক. To be rich খ. To be fully occupied
গ. To lead an easy life ঘ. To be in lot of troubles

উত্তর: খ 'To have full hands' means 'to be fully 'Occupied' অর্থাৎ কোনো কিছুতে গভীর মনোযোগ সহকারে ব্যস্ত থাকা/কোনো কিছুতে দখল বা কর্তৃত্ব থাকা। অর্থাৎ প্রশ্ন প্রদত্ত Phrase টির সাথে অপশন (খ) এর মিল রয়েছে।

৭৪. "A green horn" – phrase টির অর্থ কী?

ক. An inexperienced man খ. A trainee
গ. A soft hearted man ঘ. An envious lady

উত্তর: ক প্রশ্নে প্রদত্ত বাক্যে 'Dhaka' হচ্ছে Proper noun এবং 'City' হচ্ছে 'Common Noun'। যে noun দ্বারা একজাতীয় ব্যক্তি বা বস্তুর সকলকে এক নামে বুঝায় তাকে Common noun বলে। উদাহরণ হিসেবে বলা যায় Dhaka, Barishal, Khulna ইত্যাদি হচ্ছে proper noun এবং 'City' হচ্ছে Common noun। সুতরাং সঠিক উত্তর অপশন (খ), (গ) ও (ঘ) সঠিক নয়।

৭৫. পারদ তাপ–

ক. অপরিবাহী খ. সুপরিবাহী
গ. পরিবাহী ঘ. কুপরিবাহী **উত্তর: খ**

৭৬. পৃথিবী এবং তার নিকটস্থ বস্তুর মধ্যে যে টান, তাকে বলে–

ক. গতি খ. মহাকর্ষ
গ. অভিকর্ষ ঘ. বেগ **উত্তর: গ**

৭৭. কোনটি শুদ্ধ বানান?

ক. তিতীক্ষা খ. তীতিক্ষা
গ. তিতিক্ষা ঘ. তীতীক্ষা

উত্তর: গ কতিপয় শুদ্ধ বানান : উর্ধ্ব, মুহূর্ত, শ্রদ্ধাঞ্জলি, মুমূর্ষু, ঐক্য, করুণ, কৃপণ, উল্লিখিত, অহরহ, একাডেমি।

৭৮. বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি?

ক. চিরসুখ খ. সুগন্ধি
গ. খেয়াঘাট ঘ. আজীবন

উত্তর: খ যে সমাসে সমস্যমান পদগুলোর কোনোটির অর্থ না বুঝিয়ে, অন্য কোনো অর্থ বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন : বহু ব্রীহি (ধান) আছে যার = বহুব্রীহি।

৭৯. নোবেল পুরস্কার কোন দেশ থেকে দেওয়া হয়?

ক. বেলজিয়াম খ. যুক্তরাজ্য
গ. জার্মানি ঘ. সুইডেন

উত্তর: ঘ নোবেল পুরস্কারের প্রবর্তক সুইডেনের নাগরিক আলফ্রেড বার্নার্ড নোবেল। ১৯০১ সালের ১০ ডিসেম্বর প্রথম নোবেল পুরস্কার প্রদান করা হয়। বর্তমানে ৬ টি ক্ষেত্রে নোবেল পুরস্কার প্রদান করা হয়। এর নেপথ্যে কাজ করে ৪ টি প্রতিষ্ঠান।

প্রতিষ্ঠানের নাম	ক্ষেত্র
নরওয়েজিয়ান নোবেল কমিটি	শান্তি
সুইডিশ একাডেমি	সাহিত্য
ক্যারোলিনস্কা ইনস্টিটিউট, সুইডেন	চিকিৎসা বিজ্ঞান
রয়েল সুইডিশ একাডেমি অব সায়েন্সেস	পদার্থ, রসায়ন ও অর্থনীতি

৮০. 'নিপ্পন' কোন দেশের পুরাতন নাম?

ক. জাপান খ. কোরিয়া
গ. থাইল্যান্ড ঘ. ইন্দোনেশিয়া

উত্তর: ক

নতুন নাম	পুরাতন নাম
জাপান	নিপ্পন
থাইল্যান্ড	শ্যাম
ইন্দোনেশিয়া	ডাচ ইষ্ট ইন্ডিয়া

কোরিয়াকে বলা হয় শান্তদেশ বা শান্ত সকালের দেশ।



৪৮

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০

তারিখ : ০৮.০১.২০১০ [কোড : তিস্তা] সময় : ১ ঘণ্টা ২০ মিনিট পূর্ণমান : ৮০

যেসব জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল

সাতক্ষীরা, যশোর, মাগুরা, ঝিনাইদহ, নড়াইল, মেহেরপুর, চুয়াডাঙ্গা, খুলনা, সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ।

০১. এতটুকু তারে ঘরে এনেছিনু সোনার মতন মুখ, পুতুলের বিয়ে ভেঙে গেল বলে কেঁদে ভাসাইত বুক। - পঙক্তিটি কোন কবির রচনা?
ক. কাজী নজরুল ইসলাম খ. কবি জসীমউদ্‌দীন
গ. আবদুল কাদির ঘ. সুফিয়া কামাল
উত্তর: খ ব্যাখ্যা: পঙক্তিটি পল্লিকবি জসীমউদ্‌দীনের (১৯০৩-৭৬) 'কবর' কবিতার অংশ।

০২. গাহি তাহাদের গান-
ধরণীর হাতে দিল যারা আনি ফসলের ফরমান। - পঙক্তিটি কোন কবির রচনা?
ক. কাজী নজরুল ইসলাম খ. কায়কোবাদ
গ. গোলাম মোস্তফা ঘ. সত্যেন্দ্রনাথ দত্ত
উত্তর: ক ব্যাখ্যা: আলোচ্য পঙক্তিটি নজরুলের 'জীবন-বন্দনা' কবিতার অংশবিশেষ।

০৩. $2x^2 - xy - 6y^2$ এর উৎপাদক-
ক. $(2x + 3y)(x - 2y)$ খ. $(2x - 3y)(x + 2y)$
গ. $(x + 3y)(2x - 2y)$ ঘ. $(2x - 3y)(2x + 2y)$
উত্তর: ক ব্যাখ্যা:
$2x^2 - xy - 6y^2 = 2x^2 - 4xy + 3xy - 6y^2$
$= 2x(x - 2y) + 3y(x - 2y)$
$= (x - 2y)(2x + 3y)$

০৪. $a + \frac{1}{a} = \sqrt{3}$ হলে, $a^3 + \frac{1}{a^3} =$ কত
ক. $3\sqrt{3}$ খ. 0
গ. $2\sqrt{3}$ ঘ. 9
উত্তর: খ ব্যাখ্যা: $a^3 + \frac{1}{a^3} = \left(a + \frac{1}{a}\right) - 3.a.\frac{1}{a}\left(a + \frac{1}{a}\right)$
$= (\sqrt{3})^3 - 3(\sqrt{3}) = 3\sqrt{3} - 3\sqrt{3} = 0$

০৫. Dhaka is a big city. এখানে 'City' শব্দটি কোন প্রকারের Noun?
ক. Proper খ. Common
গ. Collective ঘ. Material
উত্তর: খ ব্যাখ্যা: প্রশ্নে প্রদত্ত বাক্যে 'Dhaka' হচ্ছে Proper noun এবং 'city' হচ্ছে 'Common Noun'। যে noun দ্বারা একজাতীয় ব্যক্তি বা বস্তুর সকলকে এক নামে বুঝায় তাকে Common noun বলে। উদাহরণ হিসেবে বলা যায় Dhaka, Barishal, khulna ইত্যাদি শহরের একটি Common name যা এক নাম হচ্ছে City, Dhaka, Barishal, khulna ইত্যাদি হচ্ছে Proper noun এবং 'City' হচ্ছে Common noun।

০৬. 'King' শব্দটির Abstract form হবে-
ক. Kingship খ. King
গ. Kinghood ঘ. উপরের কোনোটিই ন উত্তর: ক

০৭. কম্পিউটার পদ্ধতির দুটি প্রধান অঙ্গ হচ্ছে-
ক. হার্ডওয়্যার ও সফটওয়্যার
খ. কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ অংশ ও স্মৃতি অংশ
গ. হার্ডওয়্যার ও অপারেটিং সিস্টেম অংশ
ঘ. সফটওয়্যার ও কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ উত্তর: ক

০৮. কম্পিউটারের ডিজিটাল পদ্ধতির অভ্যন্তরে সাধারণত যে সংখ্যা পদ্ধতি ব্যবহার করা হয়, তাকে বলে-
ক. অককুটসল খ. দশমিক
গ. হেকসা ডেসিমেল ঘ. বাইনারি উত্তর: ঘ

০৯. 'বরফগলা নদী' উপন্যাসটির রচয়িতা কে?
ক. আবু ইসহাক খ. শওকত ওসমান
গ. জহির রায়হান ঘ. শহীদুল্লাহ কায়সার
উত্তর: গ ব্যাখ্যা: জহির রায়হানের (১৯৩৫-৭২) কতিপয় উপন্যাস : তৃষ্ণা (১৩৬২), শেষ বিকেলের মেয়ে (১৩৬৭), হাজার বছর ধরে (১৩৭১), আরেক ফাল্গুন (১৩৭৫), বরফ গলা নদী (১৩৭৬), আর কত দিন (১৩৭৭) ও কয়েকটি মৃত্যু (১৩৮২)।

১০. 'সঞ্চিতা' কোন কবির কাব্য সংকলন?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. এয়াকুব আলী
গ. কাজী নজরুল ইসলাম ঘ. সিকান্দার আবু জাফর
উত্তর: গ ব্যাখ্যা: নজরুলের অনুমোদনে ৭৮টি কবিতা ও গানের সংকলন 'সঞ্চিতা' গ্রন্থটি তিনি কবিসম্রাট রবীন্দ্রনাথকে উৎসর্গ করেন।

১১. $3(3x - 4) = 2(4x - 3)$ কে সমাধান করলে x-এর মান হবে-
ক. 6 খ. -4
গ. -6 ঘ. 3
উত্তর: ক ব্যাখ্যা: $3(3x - 4) = 2(4x - 3)$
বা, $9x - 12 = 8x - 6 \therefore x = 6$

১২. তিনটি ক্রমিক সংখ্যার গুণফল ২১০ হলে, সংখ্যা তিনটির যোগফল হবে-
ক. ১২ খ. ১৪
গ. ১৬ ঘ. ১৮ উত্তর: ঘ

১৩. After the storm comes the calm, এখানে 'after' শব্দটি-
ক. Pronoun খ. Adverb
গ. Preposition ঘ. Conjunction উত্তর: গ

১৪. Suddenly one of the wheels came off, এখানে 'off' শব্দটি-
ক. Adjective খ. Adverb
গ. Preposition ঘ. Pronoun
উত্তর: খ ব্যাখ্যা: প্রদত্ত প্রশ্নে 'come off' একটি group verb যদিও 'off' আলাদা বসলে preposition হয়, তবে 'verb' এর অংশ হিসেবে বসলে তা Adverb হয়ে যায়। কেননা 'verb' এর পর যদি কোনো ডিংফ বসে উক্ত verb কে 'qualify' বা 'modify' করে তখন তাকে Adverb বলে। প্রদত্ত প্রশ্নে 'off' শব্দটি verb এরপর বসে ঐ verb কে 'qualify' করছে বিধায় এটি Adverb; অর্থাৎ 'off' এখানে Preposition নয়।

১৫. ২০১০ সালের বিশ্বকাপ ফুটবলে মোট কয়টি দেশ অংশগ্রহণ করছে?

ক. ৯২ খ. ৯৪
গ. ৯৬ ঘ. ৯৮

উত্তর√ Blank ব্যাখ্যা সঠিক উত্তর নেই। ২০১৪ সালে ২০তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয় ব্রাজিলে। ২০১৮ সালের ২১তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয় রাশিয়ায়। ১৯৯৮ সালে ফ্রান্সে অনুষ্ঠিত ১৬তম বিশ্বকাপ ফুটবল হতে প্রতি বিশ্বকাপেই ৩২টি দল অংশগ্রহণ করে চূড়ান্ত পর্বে।

১৬. যে সকল উদ্ভিদে কখনও ফুল হয় না, তাদের বলা হয়-

ক. অপুষ্পক উদ্ভিদ খ. সপুষ্পক উদ্ভিদ
গ. মিথোজীবী উদ্ভিদ ঘ. স্বভোজী উদ্ভিদ উত্তর ক

১৭. 'ডাকঘর' নাটকটির রচয়িতা কে?

ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ. মমতাজউদদীন আহমদ
গ. ওবায়েদ উল হক ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর

উত্তর√ ঘ ব্যাখ্যা 'ডাকঘর' (১৯১২) রবীন্দ্রনাথের রূপক সাংকেতিক নাটক। ঘরের মধ্যে বন্দি এক রুগ্ণ বালক অমল এ নাটকের নায়ক। নাটকের উল্লেখযোগ্য চরিত্র : অমল, ঠাকুর্দা, সুধা, দৈওয়ালা।

১৮. 'কিত্তনখোলা' নাটকটির রচয়িতা কে?

ক. জিয়া হায়দার খ. সেলিম আল দীন
গ. দীনবন্ধু মিত্র ঘ. ইব্রাহিম খলিল

উত্তর√ খ ব্যাখ্যা বিশিষ্ট নাট্যকার সেলিম আল দীনের (১৯৪৮-২০০৮) কতিপয় নাটক : বাসন (১৯৮২), কেরামতমঙ্গল (১৯৮৩), কিত্তনখোলা (১৯৮৩), মুনতাসীর ফ্যান্টাসি (১৯৮৫), চাকা (১৯৯০), যৈবতী কন্যার মন (১৯২২), হাতহদাই (১৯৯৭)।

১৯. একজন বাঁধাইকারক একদিনে ১২০টি বই এবং তার সহকর্মী একদিনে $\frac{১}{৪}$ অংশ বই বাঁধাই করতে পারে। যদি তারা পালাক্রমে একজন দিনে একা কাজ করে তবে ৭৫০টি বই বাঁধাই করতে তাদের কতদিন লাগবে?

ক. ৬ দিন খ. ৮ দিন
গ. ১০ দিন ঘ. ১২ দিন

উত্তর√ গ ব্যাখ্যা

সহকর্মী একদিনে বাঁধাই করে $= \left(১২০ \times \frac{১}{৪}\right)$ টি

= ৩০টি বই বাঁধাই কারক ও তার সহকর্মী ২ দিনে বাঁধাই করে

= (১২০ + ৩০) টি বই = ১৫০ টি বই

১৫০ টি বই বাঁধাই করতে সময় লাগে ২ দিন

১ টি " " " " " $\frac{২}{১৫০}$ "

∴ ৭৫০ টি " " " " " $\frac{২ \times ৭৫০}{১৫০}$ " = ১০ দিন

২০. ৩টি গরুর মূল্য ৯টি খাসির মূল্যের সমান। ২টি গরুর মূল্য ২৪,০০০ টাকা হলে, ২টি খাসির মূল্য কত?

ক. ৮,০০০ টাকা খ. ৯,০০০ টাকা
গ. ৯,৫০০ টাকা ঘ. ১০,০০০ টাকা

উত্তর√ ক ব্যাখ্যা ২টি গরুরমূল্য ২৪০০০ টাকা

১টি " $\frac{২৪০০০}{২}$ "

∴ ৩টি " $\frac{২৪০০০ \times ৩}{২}$ " = ৩৬, ০০০ টাকা

৯টি খাসির মূল্য ৩৬, ০০০ টাকা

২টি " " $\frac{৩৬০০০}{৯} \times ২$ " = ৮০০০ টাকা

২১. কোন বানানটি শুদ্ধ?

ক. Assesment খ. Asessment
গ. Asesment ঘ. Assessment

উত্তর√ ঘ ব্যাখ্যা অপশনগুলোর মধ্যে সঠিক বানান হচ্ছে 'Assessment' (মূল্যায়ন, পরিমাপ)।

২২. কোনটি শুদ্ধ বানান?

ক. Aleviation খ. Alleviation
গ. Alliviation ঘ. Aliviation

উত্তর√ খ ব্যাখ্যা অপশনগুলোর মধ্যে শুদ্ধ বানান হচ্ছে 'Alleviation' যার অর্থ উপশম, লাঘব।

২৩. উদ্ভিদ কোষ থেকে বাষ্পাকারে পানি বের হয়ে যাওয়ার প্রণালিকে বলে–

ক. বাষ্পীভবন খ. শ্বসন
গ. প্রস্বেদন ঘ. ব্যাপন উত্তর গ

২৪. জীবের বংশগতির বৈশিষ্ট্য বহন করে–

ক. ক্রোমোসোম খ. নিউক্লিওলাস
গ. নিউক্লিওপ্লাজম ঘ. প্লাস্টিড উত্তর ক

২৫. বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয়-

ক. ২ মার্চ ১৯৭১ খ. ৭ মার্চ ১৯৭১
গ. ২৬ মার্চ ১৯৭১ ঘ. ১৭ এপ্রিল ১৯৭১

উত্তর√ ক ব্যাখ্যা ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় বাংলাদেশের পতাকা সর্বপ্রথম উত্তোলন করা হয় ২ মার্চ ১৯৭১ সালে। ছাত্র-সংগ্রাম পরিষদের ডাকা বিশাল ছাত্র সমাবেশে তৎকালীন ডাকসু ভিপি আ স ম আব্দুর রব পতাকা উত্তোলন করেন। বাংলাদেশে ২ মার্চ 'পতাকা উত্তোলন দিবস' পালিত হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম বাংলাদেশের পতাকা আনুষ্ঠানিকভাবে উত্তোলন করেন ২৩ মার্চ ১৯৭১ সালে ধানমন্ডিতে তার নিজ বাসভবনে।

২৬. স্বাধীন বাংলাদেশের প্রথম প্রেসিডেন্ট-

ক. সৈয়দ নজরুল ইসলাম খ. মুহম্মদ উল্লাহ
গ. আবু সাঈদ চৌধুরী ঘ. শেখ মুজিবুর রহমান

উত্তর√ ঘ ব্যাখ্যা ১৯৭১ সালের ১০ এপ্রিল অস্থায়ী সরকার বা মুজিবনগর সরকার গঠন করা হয়। এই সরকার শপথ গ্রহণ করে ১৭ এপ্রিল।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান - রাষ্ট্রপতি।

সৈয়দ নজরুল ইসলাম- অস্থায়ী/ উপ-রাষ্ট্রপতি

মোহাম্মদ উল্লাহ- গণপরিষদের প্রথম ডেপুটি স্পিকার এবং জাতীয় সংসদের প্রথম স্পিকার।

আবু সাঈদ চৌধুরী- ১৯৭১ সালের যুক্তরাজ্য মিশন প্রধান ছিলেন। তিনি বাংলাদেশের তৃতীয় রাষ্ট্রপতি।

২৭. 'অহঙ্কার পতনের মূল'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য
উত্তর✓ খ ব্যাখ্যা 'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। যেমন : নীরা কলম দিয়ে লেখে।

২৮. কি সাহসে ওখানে গেলে? - বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় ৭মী খ. কর্মে ৭মী
গ. করণে ৭মী ঘ. অপাদানে ৭মী
উত্তর✓ গ ব্যাখ্যা 'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। যেমন : 'জগতে কীর্তিমান হও সাধনায়।' (উপায়-সাধনা)।

২৯. কোন বানানটি শুদ্ধ?
ক. Colaboration খ. Colaboretion
গ. Collaboration ঘ. Collaboration উত্তর গ

৩০. কোনটি শুদ্ধ বানান?
ক. Exhilaration খ. Exilaration
গ. Exhilaretion ঘ. Exilaretion উত্তর ক

৩১. কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?
ক. অন্যায় খ. অনাসক্ত
গ. আমরণ ঘ. অহি-নকুল
উত্তর✓ ঘ ব্যাখ্যা যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে। যেমন : তাল ও তমাল = তাল-তমাল, দোয়াত ও কলম = দোয়াত-কলম।

৩২. কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ-
ক. ওলকপি খ. কবিগুরু
গ. আটঘাট ঘ. উনপাঁজুরে
উত্তর✓ ঘ ব্যাখ্যা পূর্বপদ বিশেষণ ও পরপদ বিশেষ্য হলে সমানাধিকরণ বহুব্রীহি সমাস হয়। যেমন : উন (দুর্বল) পাঁজুর যার = উনপাঁজুরে, হত হয়েছে শ্রী যার = হতশ্রী, খোশ মেজাজ যার = খোশমেজাজ।

৩৩. একজন বিক্রেতা ১২.৫% ক্ষতিতে একটি জিনিস বিক্রি করেন। যে মূল্যে তিনি জিনিসটি বিক্রি করলেন, তার চেয়ে ৩০ টাকা বেশি মূল্যে বিক্রি করলে ক্রয়মূল্যের উপর তাঁর ২৫% লাভ হত। জিনিসটির ক্রয় মূল্য কত?
ক. ৭৫ টাকা খ. ৮০ টাকা
গ. ৮৫ টাকা ঘ. ৯০ টাকা
উত্তর✓ খ ব্যাখ্যা ১২.৫% ক্ষতিতে বিক্রয়মূল্য
= (১০০–১২.৫) টাকা = ৮৭.৫ টাকা
২৫% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ২৫) টাকা = ১২৫ টাকা
বিক্রয় পার্থক্য = (১২৫ – ৮৭.৫) টাকা = ৩৭.৫ টাকা
৩৭.৫ টাকা বিক্রয় পার্থক্য হলে ক্রয়মূল্য ১০০ টাকা
১ " " " " " $\frac{১০০}{৩৭.৫}$ "
∴ ৩০ " " " " " $\frac{১০০ \times ৩০}{৩৭.৫}$ " = ৮০ টাকা

৩৪. একজন ফল ব্যবসায়ী প্রতি ডজন ১৫০ টাকা দরে কিছু আম এবং প্রতি ডজন ১০০ টাকা দরে সমান সংখ্যক আপেল কিনলেন। ডজন প্রতি ১৪০ টাকা দরে সব ফল বিক্রি করলে, তাঁর কত লাভ হবে?
ক. ৮% খ. ১০%
গ. ১২% ঘ. ১৫% উত্তর গ

৩৫. 'We ought to obey our parents'– বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে–
ক. Our parents ought to be obeyed by us
খ. Our parents may be obeyed by us
গ. Your parents is to be obeyed by you
ঘ. Our parents are to be obeyed by us
উত্তর✓ ক ব্যাখ্যা Active বাক্যে 'auxiliary verb' থাকলে passive করার ক্ষেত্রে উক্ত auxiliary verb এর পর 'be' বসাতে হয় এবং তারপরে 'VPP/V_3' হয়। অন্যান্য নিয়ম Active থেকে Passive করার সাধারণ নিয়মানুযায়ী হয়। কাজেই সঠিক Passive বাক্যটি হবে নিম্নরূপ 'Our parents ought to be obeyed by us; যা আছে অপশন (ক) তে।

৩৬. টেস্টিং সল্ট-এর রাসায়নিক নাম কী?
ক. সোডিয়াম বাইকার্বনেট খ. পটাশিয়াম বাইকার্বনেট
গ. সোডিয়াম মনোগ্লুটামেট ঘ. সোডিয়াম গ্লুটামেট উত্তর গ

৩৭. দেয়াশলাই কাঠিতে কোনটি থাকে না?
ক. জিঙ্ক ও বেরিয়াম লবণ খ. ক্যালসিয়াম সিলিকেট
গ. পটাসিয়াম সিলিকেট ঘ. সবকটিই উত্তর ঘ

৩৮. 'ইতি' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?
ক. অবসান খ. বরেণ্য
গ. শেষ ঘ. বিরাম
উত্তর✓ খ ব্যাখ্যা 'ইতি' শব্দের কয়েকটি প্রতিশব্দ : খতম, পর্যবসান, অবসান, শেষ, সমাপ্তি, রফা, ছেদ, অন্ত, সাঙ্গ।

৩৯. 'নদী' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. সরিৎ খ. বারিধি
গ. উদক ঘ. অম্বু
উত্তর✓ ক ব্যাখ্যা 'নদী' এর কতিপয় সমার্থক শব্দ : সরিৎ, গিরি-নিঃস্রাব, তটিনী, তরঙ্গিণী, শৈবলিনী, নির্ঝরিণী, সমুদ্রকান্তা, মন্দাকিনী, কল্লোলিনী, অপগা, বারিৎ, পয়স্বিনী।

৪০. ৩, ৬, ৪, ৯, ৫, ১২, ৬, ... ধারাটির দশম পদ হবে-
ক. ১৪ খ. ১৬
গ. ১৮ ঘ. ২০ উত্তর গ

৪১. ২, ৫, ৭, ৮, ... ধারাটির অষ্টম পদ হবে-
ক. ১১ খ. ১২
গ. ১৩ ঘ. ১৪ উত্তর ঘ

৪২. Rafiq said to me, "I was ill." বাক্যটির indirect speech হবে-
ক. Rafiq told me that he has been ill
খ. Rafiq told me that he had been ill
গ. Rafiq told me that I had been ill
ঘ. Rafiq said to me that he was ill
উত্তর✓ খ ব্যাখ্যা প্রদত্ত Assertive Sentence এর 'Direct Speech' কে Indirect করার ক্ষেত্রে reporting verb 'said to' এর পরিবর্তে 'told' এবং reported speech এর simple past tense এর পরিবর্তে post perfect tense ব্যবহার করতে হবে। এ নিয়মে সঠিক indirect Speech টি হচ্ছে- "Rafiq told me that he had been ill"।

৪৩. He told to me, "What are you doing"? বাক্যটির indirect speech হবে–

ক. He asked me what I was doing
খ. He asked me what I am doing
গ. He asks me what I am doing
ঘ. He asks me what I was doing

উত্তর ক

৪৪. দক্ষিণ গোলার্ধে উত্তর-আয়নান্ত ঘটে কখন?

ক. ২৩ জুন খ. ২২ ডিসেম্বর
গ. ২৩ জুলাই ঘ. ২১ মে

উত্তর খ

৪৫. সৌরজগতের বৃহত্তম গ্রহ কোনটি?

ক. শনি খ. বুধ
গ. বৃহস্পতি ঘ. মঙ্গল

উত্তর গ

৪৬. 'উত্তপ্ত' শব্দটির বিপরীতার্থক শব্দ কী?

ক. শৈত খ. শীত
গ. বরফ ঘ. শীতল

উত্তর ✓ ঘ ব্যাখ্যা কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
উত্তপ্ত	ঘাটতি	উদ্ধত	বিনীত
উষর	উর্বর	উহ্য	স্পষ্ট

৪৭. 'নন্দিত' শব্দটির বিপরীতার্থক শব্দ কী?

ক. বিষণ্ন খ. বিষাদ
গ. প্রচ্ছন্ন ঘ. কোনোটিই নয়

উত্তর ✓ ক ব্যাখ্যা কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
নিরাকার	সাকার	নৈঃশব্দ	সশব্দ
নিশ্চয়	সংশয়	নির্মল	পঙ্কিল
ন্যূন	অধিক/অন্যূন	নিরক্ষর	সাক্ষর

৪৮. কোন গ্রহের কোন উপগ্রহ নেই?

ক. মঙ্গল খ. বুধ
গ. বৃহস্পতি ঘ. শনি

উত্তর খ

৪৯. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক. $\frac{৩}{৫}$ খ. $\frac{৪}{৭}$
গ. $\frac{৫}{৮}$ ঘ. $\frac{৬}{১১}$

উত্তর গ

৫০. $\frac{০.১ \times ০.০১ \times ০.০০১}{০.২০ \times ০.০২}$ - এর মান কত?

ক. ০.২৫ খ. ০.০২৫
গ. ০.০০২৫ ঘ. ০.০০০২৫

উত্তর ✓ ঘ ব্যাখ্যা $\frac{০.১ \times ০.০১ \times ০.০০১}{০.২০ \times ০.০২}$

$= \frac{০.১ \times ০.০১ \times ০.০০১ \times ১০ \times ১০০}{২ \times ২}$

$= \frac{০.০০১}{৪} = ০.০০০২৫$

৫১. নিচের কোন বাক্যটি শুদ্ধ?

ক. Credit this amount against his name
খ. Every girls is at her desk
গ. We made a fun of it
ঘ. A little number of boys were present

উত্তর ✓ গ ব্যাখ্যা প্রথম অপশনে amount এর পর 'to' বসাতে হবে against নয়। উল্লেখ্য, ব্যাংকে টাকা জমা দেওয়ার ক্ষেত্রে 'Credit' এর সাথে with অথবা to বসে। দ্বিতীয় অপশনে 'Every girls' এর পরিবর্তে 'Every girl' বসাতে হবে। অর্থাৎ 'every' এরপর singular noun হয়। চতুর্থ অপশনটিতে 'boys' গণনার ক্ষেত্রে number এর আগে 'countable noun' (A few বা few) ব্যবহার করতে হবে। এক্ষেত্রে 'Uncountable noun'-little বসবে না। অন্যদিকে তৃতীয় অপশনটিতে 'make & fun' থাকায় এই অপশনটিতে কোনো ধরনের ভুল নেই। কারণ 'fun' বা আনন্দ করার ক্ষেত্রে 'make fun' ব্যবহৃত হয়।

৫২. নিচের কোন বাক্যটি শুদ্ধ?

ক. I found his pulse খ. I felt his pulse
গ. I examined his pulse ঘ. I saw his pulse

উত্তর ✓ খ ব্যাখ্যা কারো 'নাড়ি' দেখা যায় না, এটি অনুভব করতে হয়। অর্থাৎ কারো 'হৃৎস্পন্দন' বা 'নাড়ি অনুভব করা' বুঝাতে 'feel someone's pulse' হয়। তাই 'I felt his pulse' বাক্যটি সঠিক। কিন্তু এক্ষেত্রে 'see' find বা 'examine' verb ব্যবহৃত হয় না।

৫৩. বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ কোনটি?

ক. ছেড়া দ্বীপ খ. নিঝুম দ্বীপ
গ. মহেশখালী ঘ. সেন্টমার্টিনস

উত্তর ✓ গ ব্যাখ্যা বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ মহেশখালী। এই দ্বীপ কক্সবাজার জেলায় অবস্থিত। আয়তন ৩৬২.১৮ বর্গ কিমি। মহেশখালী দ্বীপে পাহাড়ের উপর আদিনাথ মন্দির অবস্থিত।

☐ ছেড়া দ্বীপ টেকনাফ, কক্সবাজারে অবস্থিত।
☐ নিঝুম দ্বীপ হাতিয়া, নোয়াখালীতে অবস্থিত।

৫৪. বাংলাদেশের বৃহত্তম হাওর কোনটি?

ক. হাইল খ. পাথরচাওলি
গ. চলনবিল ঘ. হাকালুকি

উত্তর ✓ ঘ ব্যাখ্যা হাওর হলো পিরিচ আকৃতির নিচু এবং বৃহৎ-ভূখণ্ড। বর্ষাকালে হাঙ্গরের পানি বৃদ্ধি পেয়ে বৃহৎ আকার ধারণ করে আর শীতকালে সংকুচিত হয়ে যায়। বাংলাদেশের বৃহত্তর হাওর হাকালুকি হাওর,যার আয়তন ২৪,২৯২ হেক্টর। হাকালুকি হাওর সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ, গোপালগঞ্জ ও বিয়ানিবাজার এবং মৌলভীবাজার জেলার বড়লেখা ও কুলাউড়া উপজেলা জুড়ে বিস্তৃত।

☐ হাইল বিল মৌলভীবাজার জেলায় অবস্থিত।
☐ চলনবিল বাংলাদেশের বৃহত্তম বিল। চলন বিল পাবনা, সিরাজগঞ্জ ও নাটোর জেলায় বিস্তৃত।

৫৫. বাংলাদেশ সংবিধান সর্বপ্রথম কোন তারিখে গণপরিষদে উত্থাপিত হয়?
ক. ১৬ ডিসেম্বর ১৯৭২ খ. ১২ অক্টোবর ১৯৭২
গ. ১৬ ডিসেম্বর ১৯৭৩ ঘ. ১২ অক্টোবর ১৯৭৩
উত্তর✓ খ ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অস্থায়ী সংবিধান আদেশ জারি করেন ১১ জানুয়ারি ১৯৭২ সালে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের খসড়া সংবিধান প্রণয়ন কমিটির সদস্য ছিলেন ৩৪ জন। কমিটির প্রধান বা সভাপতি ছিলেন ড. কামাল হোসেন। খসড়া সংবিধান প্রণয়ন কমিটি গণপরিষদে খসড়া সংবিধান উত্থাপন করেন ১২ অক্টোবর ১৯৭২ সালে। ৪ নভেম্বর ১৯৭২ গণপরিষদ কর্তৃক খসড়া সংবিধান গৃহীত হয়। ৪ নভেম্বর তাই সংবিধান দিবস হিসেবে পালন করা হয়। ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কার্যকর হয়।

৫৬. কিছু টাকা ক, খ ও গ-এর মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হলো যাতে ক-এর অংশ খ-এর দ্বিগুণের সমান ও খ-এর অংশ গ-এর ৪ গুণের সমান। তাহলে তাদের অংশের অনুপাত কত?
ক. ৮ ঃ ৪ ঃ ২ খ. ১ ঃ ২ ঃ ৩
গ. ৮ ঃ ২ ঃ ৪ ঘ. ২ ঃ ৪ ঃ ২
উত্তর✓ Blank ব্যাখ্যা ক = ২খ এবং খ = ৪গ
∴ ক = ২ × ৪গ = ৮গ
∴ ক, খ ও গ এর অংশের অনুপাত = ৮ঃ ৪ঃ ১
সঠিক উত্তর হবে ৮ঃ ৪ঃ ১

৫৭. এক দোকানদার প্রতি ১০০ গ্রাম ১৫ টাকা ও ২০ টাকা দরের দুই ধরনের চা কি অনুপাতে মেশালে মিশ্রণ প্রতি ১০০ গ্রাম চায়ের দাম ১৬ টাকা ৫০ পয়সা হবে?
ক. ৩ ঃ ৫ খ. ৫ ঃ ৭
গ. ৭ ঃ ৩ ঘ. ৮ ঃ ৫ উত্তর গ

৫৮. Man aspires — riches. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. on খ. in
গ. at ঘ. after
উত্তর✓ ঘ ব্যাখ্যা 'Aspire' শব্দের অর্থ আকুলভাবে কামনা বা আকাঙ্ক্ষা করা। 'Aspire' শব্দের পরে 'Appropriate Preposition' হিসেবে 'After' ব্যবহৃত হয়।

৫৯. The lady is not amenable —— reason. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. on খ. to
গ. for ঘ. of
উত্তর✓ খ ব্যাখ্যা 'Amenable' শব্দের অর্থ বাধ্য, অনুগত, সহজে অভিভূত, কৈফিয়ত দিতে বাধ্য এমন। Amenable এর পর appropriate preposition হিসেবে 'to' ব্যবহৃত হয়।

৬০. Reza died —— over eating. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. by খ. of
গ. from ঘ. for
উত্তর✓ গ ব্যাখ্যা Over eating (বেশি খেয়ে মরা)/Over working (অতিরিক্ত কাজ করে মরা) অর্থে 'Died from' বসে। সুতরাং সঠিক উত্তর- অপশন (গ)।
অন্যান্য ব্যবহারগুলো নিচে দেয়া হলো:

Group verb	অর্থ
Die by	আঘাতে বা দুর্ঘটনায় মারা যাওয়া।
Die of	রোগে মারা যাওয়া
Die for	মহৎ উদ্দেশ্যে বা দেশের জন্য মারা যাওয়া
Die away	আস্তে আস্তে ক্ষীণ হওয়া
Die out	অবলুপ্ত হওয়া
Die hard	গোঁড়া

৬১. ঢাকার মোহাম্মদপুরে অবস্থিত সাতগম্বুজ মসজিদের গম্বুজের সংখ্যা-
ক. ৩টি খ. ৪টি
গ. ৬টি ঘ. ৭টি
উত্তর✓ ক ব্যাখ্যা সাত গম্বুজ মসজিদ ঢাকার মোহাম্মদপুরে অবস্থিত। ১৬৮০ সালে মোঘল সুবাদার শায়েস্তা খাঁর আমলে তার পুত্র উমিদ খাঁ মসজিদটি নির্মাণ করেন। এ মসজিদে তিনটি গম্বুজ ও চারটি মিনার রয়েছে।

৬২. মহামুনি বিহার কোথায় অবস্থিত?
ক. দিনাজপুরের ফুলবাড়িতে খ. চট্টগ্রামের রাউজানে
গ. জামালপুরের দেওয়ানগঞ্জে ঘ. সিলেটের হবিগঞ্জে
উত্তর✓ খ ব্যাখ্যা মহামুনি বিহার চট্টগ্রাম জেলার রাউজান উপজেলার পাহাড়তলী ইউনিয়নের একটি অনুচ্চ টিলার উপর অবস্থিত। ধারণা করা হয়, ১৮৩১ সালে পুন্যাত্মা ভিক্ষু চাইংগা ঠাকুর গ্রামবাসীর সামগ্রিক সহায়তায় এ বিহারটি প্রতিষ্ঠা করেন।

৬৩. 'মোড়ক' শব্দের প্রকৃতি-প্রত্যয় হবে-
ক. √মোড় + অক খ. √মুড়ি + অক
গ. √মুড় + অক ঘ. √মোড় + ক
উত্তর✓ গ ব্যাখ্যা 'অক' প্রত্যয়যোগে কতিপয় সংস্কৃত কৃৎপ্রত্যয় : √কৃ + অক = কারক; √পচ্ + অক = পাচক; √গৈ + অক = গায়ক; √পঠ্ + অক = পাঠক; √রন্‌জ + অক = রজক; √দৃশ্ + অক =দর্শক; √কৃষ্ + অক = কৃষক; √হন্ + অক = ঘাতক।

৬৪. 'কাঁদুনি' শব্দের প্রকৃতি-প্রত্যয় হবে-
ক. √কাঁদ + নি খ. √কাঁদো + উনি
গ. √কঁদ + উনি ঘ. √কাঁদ + উনি
উত্তর✓ ঘ ব্যাখ্যা 'উনি' প্রত্যয়যোগে কয়েকটি বাংলা কৃৎপ্রত্যয় : √বাঁধ + উনি = বাঁধুনি; √নাচ + উনি = নাচুনি; √ছা + উনি = ছাউনি; √চির + উনি = চিরুনি; √আঁট + উনি = আঁটনি।

৬৫. এক ব্যক্তি ক্রয়মূল্যের ওপর ৫০% হিসাব করে বিক্রয়মূল্য নির্ধারণ করে। সে নির্ধারিত বিক্রয়মূল্যের ওপর ১০% কমিশন দিয়ে জিনিস বিক্রয় করে। তার মোটের ওপর শতকরা কত লাভ হবে?
ক. ৩০ টাকা খ. ৩৫ টাকা
গ. ৪০ টাকা ঘ. ৪৫ টাকা
উত্তর✓ খ ব্যাখ্যা ৫০% অতিরিক্ত হিসেবে নিধারিত বিক্রয়মূল্য = (১০০ + ৫০) = ১৫০ টাকা
১০% কমিশনে বিক্রয়মূল্য = (১০০ − ১০) = ৯০ টাকা
১০% কমিশনে ১০০ টাকায় বিক্রয়মূল্য ৯০ টাকা
১০% কমিশনে ১ " " " $\frac{৯০}{১০০}$ "
১০% কমিশনে ১৫০ " " $\frac{৯০ \times ১৫০}{১০০}$ = ১৩৫ টাকা
∴ লাভ = (১৩৫ − ১০০) টাকা = ৩৫ টাকা

৬৬. 'Benevolent'-- এর সমার্থক শব্দ কোনটি?
ক. Kind খ. Donor
গ. Patron ঘ. Generous
উত্তর✓ ঘ ব্যাখ্যা

Word	Meaning
Benevolent	উপকারী, সদাশয়, হিতকারী।
Kind	দয়াশীল, দয়ালু, অনুগ্রাহক।
Donor	দাতা।
Patron	রক্ষক, পৃষ্ঠপোষক।
Generous	উদার, উপকারী, সদাশয়।

সুতরাং দেখা যাচ্ছে যে, Benevolent এর সমার্থক শব্দ Generous। যদিও 'kind' কে আপাতদৃষ্টিতে সমার্থক শব্দ মনে হয় তবে 'kind' এর চেয়ে Generous' অধিকতর কাছাকাছি।

৬৭. 'Illicit'-এর সমার্থক শব্দ কোনটি?
ক. Fake খ. Unlawful
গ. Legal ঘ. Compatible উত্তর খ

৬৮. আনুষ্ঠানিকভাবে স্বাধীনতার ঘোষণাপত্র কবে জারি করা হয়?
ক. ১৭ এপ্রিল ১৯৭১ খ. ২৫ মার্চ ১৯৭১
গ. ৭ মার্চ ১৯৭১ ঘ. ১০ এপ্রিল ১৯৭১
উত্তর✓ ঘ ব্যাখ্যা ১০ এপ্রিল ১৯৭১ সালে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয় এবং অস্থায়ী সরকার গঠন করা হয়। অস্থায়ী সরকার বা মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে ১৭ এপ্রিল ১৯৭১ সালে মেহেরপুর জেলার বৈদ্যনাথতলায়। স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন অধ্যাপক এম ইউসুফ আলী।

৬৯. সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের নাগরিকগণ বাংলাদেশি বলে পরিচিত হবেন?
ক. ৮ খ. ৭(১)
গ. ৬(১) ঘ. ৬(২)
উত্তর✓ ঘ ব্যাখ্যা বাংলাদেশের সংবিধানে ৬(২) নং অনুচ্ছেদে বলা হয়েছে- 'বাংলাদেশের জনগণ জাতি হিসেবে বাঙালি এবং নাগরিকগণ বাংলাদেশি বলিয়া পরিচিত হইবেন।'

৭০. কোনটি শুদ্ধ বানান?
ক. শুশ্রুশ্রা খ. সুশ্রুষা
গ. শূশ্রুষা ঘ. অশ্রুসা
উত্তর✓ ক ব্যাখ্যা কতিপয় শুদ্ধ বানান : সান্ত্বনা, পিপীলিকা, শাশ্বত, সন্ন্যাস, সরস্বতী, শিরশ্ছেদ, সর্বস্বান্ত, সংবর্ধনা, শুশ্রূষা, লজ্জাকর, ভুজ, শারীরিক, মন্ত্রিসভা, ভুবন, মুর্হুমুহু, মাহাত্ম্য।

৭১. কোন বানানটি শুদ্ধ?
ক. বিভিষীকা খ. বীভিষিকা
গ. বিভীষিকা ঘ. বীভিষীকা
উত্তর✓ গ ব্যাখ্যা কতিপয় শুদ্ধ বানান : পিপীলিকা, নিমীলিতি, সমীচীন, মনীষী, নিশীথে, নিরীক্ষণ, শারীরিক, মরীচিকা, সুষ্ঠ, সরস্বতী, সস্ত্রীক, সাক্ষর, স্মরণিকা, সান্ত্বনা।

৭২. একই চাপের ওপর দণ্ডায়মান পরিধিস্থ কোণের পরিমাণ ৬০° হলে, কেন্দ্রস্থ কোণের পরিমাণ হবে-
ক. ১২০° খ. ৩০°
গ. ৬০° ঘ. ১৮০° উত্তর ক

৭৩. To meet trouble half —— way phrase-টির অর্থ কী?
ক. To get nervous খ. To be puzzled
গ. To gearup ঘ. To be disappointed
উত্তর✓ খ ব্যাখ্যা 'To meet trouble half-way' phrase টির অর্থ হচ্ছে- আশ্চর্য হওয়া, হতবুদ্ধি হওয়া। অপশনগুলোর মধ্যে একমাত্র 'to be puzzled' হতবুদ্ধি হওয়া/বিস্মিত হওয়া- মিলে যায়। অন্যান্য অপশনগুলো ভুল।

৭৪. To see red —— phrase-টির অর্থ-
ক. To be very angry খ. To criticise others
গ. To find fault with ঘ. To see the colour red
উত্তর✓ ক ব্যাখ্যা 'To see red' অর্থ অতিশয় রাগান্বিত/ক্রুদ্ধ হওয়া। অপশনগুলোর মধ্যে একমাত্র 'to be very angry' (অতিশয় রাগান্বিত হওয়া/ক্রুদ্ধ হওয়া) মিলে যায়। কাজেই সঠিক উত্তর অপশন (ক)। বাকি অপশনগুলো যুক্তিযুক্ত নয়।

৭৫. মেঘলা রাতে–
ক. শিশির উৎপন্ন হয় না খ. শিশির উৎপন্ন হয়
গ. উভয়টিই ঠিক ঘ. কোনোটিই নয় উত্তর ক

৭৬. সবচেয়ে ভালো তাপ পরিবাহক হচ্ছে-
ক. লোহা খ. তামা
গ. সীসা ঘ. ব্রোঞ্জ উত্তর খ

৭৭. কোনটি শুদ্ধ বানান?
ক. প্রতিদ্বন্দী খ. প্রতিদ্বন্দ্বি
গ. প্রতিদ্বন্দ্বী ঘ. প্রতিদ্বন্দী
উত্তর✓ গ ব্যাখ্যা কতিপয় শুদ্ধ বানান : ক্ষুণ্ন, শুশ্রূষা, কৌতূহল, ষাণ্মাসিক, চিক্কণ, স্বতঃস্ফূর্ত, দুরবস্থা, উননব্বই, হীনম্মন্যতা, ঘনিষ্ঠ, সদ্যোজাত, মুমূর্ষু, শারীরিক, ভুবন, সমীচীন, বুভুক্ষু।

৭৮. কোনটি তৃতীয়া তৎপুরুষ সমাসের উদাহরণ–
ক. অসীম খ. তেলেভাজা
গ. মুখচন্দ্র ঘ. ঘর-বাড়ি
উত্তর✓ খ ব্যাখ্যা পূর্বপদে তৃতীয়া বিভক্তির (দ্বারা, দিয়া, কর্তৃক ইত্যাদি) লোপে যে সমাস হয়, তাকে তৃতীয়া তৎপুরুষ সমাস বলে। যথা : মন দিয়ে গড়া = মনগড়া, শ্রম দ্বারা লব্ধ = শ্রমলব্ধ, মধু দিয়ে মাখা = মধুমাখা, ধন দ্বারা আঢ্য = ধনাঢ্য।

৭৯. জাতিসংঘ কোন সালে জন্ম লাভ করে?
ক. ১৯৪৫ সালে খ. ১৯৪৩ সালে
গ. ১৯৪৬ সালে ঘ. ১৯৪৪ সালে
উত্তর✓ ক ব্যাখ্যা জাতিসংঘ সনদ স্বাক্ষরিত হয় যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকো শহরে ২৬ জুন ১৯৪৫ সালে। জাতিসংঘ সনদ কার্যকর হয় ২৪ অক্টোবর ১৯৪৫ সালে। ২৪ অক্টোবর জাতিসংঘ দিবস পালন করা হয়। জাতিসংঘের নামকরণ করেন মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট। জাতিসংঘের সদর দপ্তর যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক এ অবস্থিত। জাতিসংঘের অফিসিয়াল ভাষা ৬ টি- ইংরেজি, ফরাসি, চীনা, রুশ, স্প্যানিশ ও আরবি। জাতিসংঘের বর্তমান সদস্য দেশ ১৯৩ টি। জাতিসংঘ সদর দপ্তরের- স্থপতি ভ্রিউ হ্যারিসন।

৮০. ভূমিকম্প নির্দেশক যন্ত্রের নাম কী?
ক. ব্যারোমিটার খ. সিসমোমিটার
গ. ল্যাকটোমিটার ঘ. থার্মোমিটার
উত্তর✓ খ ব্যাখ্যা
সিসমোগ্রাফ- ভূমিকম্পের মাত্রা নির্ণায়ের যন্ত্র। সিসমোমিটার সিসমোগ্রাফের একটি সেন্সর যেখানে সংকেত নিয়ন্ত্রণ হয়।
ব্যারোমিটার- বায়ুর চাপ মাপার যন্ত্র।
ল্যাকটোমিটার- দুধের বিশুদ্ধতা নির্ণায়ক যন্ত্র।
থার্মোমিটার- তাপমাত্রা নির্ণায়ক যন্ত্র।

৪৯

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০৮

তারিখ : ৩১.১০.২০০৮ [কোড : ধানসিঁড়ি] সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৯০

ক-অংশ : নৈর্ব্যক্তিক প্রশ্ন

সময় : ৪০ মিনিট ; মান : ৪০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. সাম্যের গান গাই–
আমার চক্ষে পুরুষ-রমণী কোনো ভেদাভেদ নাই।
–কবিতাংশটির রচয়িতা কে?
ক. বেগম সুফিয়া কামাল
খ. শেখ ফজলল করিম
গ. কাজী নজরুল ইসলাম
ঘ. বিহারীলাল চক্রবর্তী
উত্তর: গ

০২. 'সুবচন নির্বাসনে' নাটকটি কে লিখেছেন?
ক. কল্যাণ মিত্র
খ. আব্দুল্লাহ আল মামুন
গ. সৈয়দ শামসুল হক
ঘ. হুমায়ূন আহমেদ
উত্তর: খ

০৩. কোনটি শুদ্ধ বানান?
ক. দুস্প্রাপ্য
খ. দূস্প্রাপ্য
গ. দুষ্প্রাপ্য
ঘ. দূষ্প্রাপ্য
উত্তর: গ

০৪. কোনটি 'বায়ু' শব্দের প্রতিশব্দ নয়?
ক. বাতাস
খ. সমীর
গ. পবন
ঘ. নিরদ
উত্তর: ঘ

০৫. কোন বানানটি শুদ্ধ?
ক. Constilation
খ. Constelletion
গ. Constelation
ঘ. Constellation
উত্তর: ঘ

০৬. Abstract noun of the word 'Obey' is–
ক. Obedient
খ. Obediently
গ. Obedience
ঘ. None of them
উত্তর: গ

০৭. Adjective of the word 'Float' is–
ক. Floaty
খ. Floating
গ. Fleet
ঘ. None of them
উত্তর: খ

০৮. 'You must adhere —— your principle' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. in
খ. on
গ. at
ঘ. to
উত্তর: ঘ

০৯. কোন বাক্যটি শুদ্ধ?
ক. She was taller than either of her five sisters.
খ. I was the man whom they thought was dead.
গ. Who do you think he is?
ঘ. Each of the scholars have done well.
উত্তর: গ

১০. কোনো ত্রিভুজের বাহুগুলোর লম্বদ্বিখণ্ডক তিনটি যে বিন্দুতে ছেদ করে তাকে বলে–
ক. ভরকেন্দ্র
খ. পরিকেন্দ্র
গ. অন্তঃকেন্দ্র
ঘ. লম্ববিন্দু
উত্তর: খ

১১. $a + b = 5$, $ab = 3$ হলে $a^3 + b^3 =$ কত?
ক. 65
খ. 70
গ. 75
ঘ. 80
উত্তর: ঘ

১২. ক-এর বয়স খ-এর বয়সের দ্বিগুণ এবং ক-এর বয়স গ-এর বয়সের তিনগুণ। তাদের বয়সের সমষ্টি ৭৭ বছর হলে ক ও খ-এর বয়সের পার্থক্য হবে–
ক. ১৮ বছর
খ. ২১ বছর
গ. ২২ বছর
ঘ. ২৩ বছর
উত্তর: খ

১৩. ৩০ জন শ্রমিক একটি কাজ ২১ দিনে শেষ করতে পারে। ১৮ দিনে কাজটি শেষ করতে হলে নতুন কত জন শ্রমিক লাগবে?
ক. ৫ জন
খ. ৬ জন
গ. ৮ জন
ঘ. ৯ জন
উত্তর: ক

১৪. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?
ক. $\frac{৩}{৪}$
খ. $\frac{৫}{৬}$
গ. $\frac{৭}{৯}$
ঘ. $\frac{১১}{১৮}$
উত্তর: খ

১৫. বার্ষিক শতকরা কত হার সুদে ৪২৫ টাকার ৩ বছরে সুদ-আসলে ৪৭৬ টাকা হবে?
ক. ৪%
খ. $৪\frac{১}{২}\%$
গ. ৫%
ঘ. $৫\frac{১}{২}\%$
উত্তর: ক

১৬. কোন ভিটামিনের অভাবে শিশুদের রিকেটস্ রোগ হয়?
ক. ভিটামিন 'এ'
খ. ভিটামিন 'বি'
গ. ভিটামিন 'সি'
ঘ. ভিটামিন 'ডি'
উত্তর: ঘ

১৭. নিচের কোনটি যকৃতের রোগ?
ক. টাইফয়েড
খ. কলেরা
গ. জন্ডিস
ঘ. হাঁপানি
উত্তর: গ

১৮. মেক্সিকো দেশটি কোন মহাদেশের অন্তর্গত?
ক. উত্তর আমেরিকা
খ. দক্ষিণ আমেরিকা
গ. ইউরোপ
ঘ. আফ্রিকা
উত্তর: ক

১৯. বাংলাদেশ গণপ্রজাতন্ত্রের ঘোষণা হয়েছিল কবে?
ক. ২৬ মার্চ ১৯৭১
খ. ১১ এপ্রিল ১৯৭১
গ. ১৭ এপ্রিল ১৯৭১
ঘ. ১০ জানুয়ারি ১৯৭২
উত্তর: গ

২০. ব্যাবিলনের শূন্য উদ্যান কে গড়ে তুলেছিল?
ক. নেবুচাদ নেজার খ. সাইরাস
গ. হ্যামুরাবি ঘ. দারিউস **উত্তর ক**

২১. 'চিলেকোঠার সেপাই' উপন্যাসটি কার লেখা?
ক. আবুল ফজল
খ. আখতারুজ্জামান ইলিয়াস
গ. জহির রায়হান
ঘ. শহীদুল্লাহ কায়সার **উত্তর খ**

২২. কোনটি শুদ্ধ বানান?
ক. শারীরীক খ. শারীরিক
গ. শারিরিক ঘ. শারিরীক **উত্তর খ**

২৩. কোনটি 'আকাশ' শব্দের প্রতিশব্দ নয়?
ক. বাসব খ. অনন্ত
গ. গগন ঘ. ব্যোম **উত্তর ক**

২৪. 'আপন পাঠেতে মন করহ নিবেশ'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মকারকে তৃতীয়া
খ. করণ কারকে পঞ্চমী
গ. অপাদান কারকে সপ্তমী
ঘ. অধিকরণ কারকে সপ্তমী **উত্তর ঘ**

২৫. কোনটি শুদ্ধ বানান?
ক. Conteguous খ. Contigous
গ. Contiguous ঘ. Contiguos **উত্তর গ**

২৬. Noun of the word 'Break' is–
ক. Breaking খ. Breach
গ. Breakful ঘ. Breakdown **উত্তর ঘ**

২৭. 'He is no match — me.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-
ক. with খ. of
গ. for ঘ. over **উত্তর গ**

২৮. 'The burglar jumped —— the compound wall.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-
ক. on খ. at
গ. over ঘ. in **উত্তর গ**

২৯. কোনটি শুদ্ধ বাক্য?
ক. Where are your luggages?
খ. Can you give an advice?
গ. What beautiful sceneries!
ঘ. What awful weather! **উত্তর ঘ**

৩০. একটি সুষম বহুভুজের একটি অন্তঃকোণের পরিমাণ ১৪৪° হলে বহুভুজটির বাহুর সংখ্যা কত?
ক. ৭ খ. ৮
গ. ৯ ঘ. ১০ **উত্তর ঘ**

৩১. $(x - 7)(4x - 29) = (2x - 5)(2x - 17) + 1$ হলে x-এর মান হবে–
ক. 9 খ. 10
গ. 7 ঘ. 9 **উত্তর ক**

৩২. পিতা ও দুই পুত্রের বয়স অপেক্ষা মাতা ও উক্ত দুই পুত্রের বয়সের গড় ৩ বছর কম। পিতার বয়স ৩২ বছর হলে মাতার বয়স কত?
ক. ২১ বছর খ. ২২ বছর
গ. ২৩ বছর ঘ. ২৪ বছর **উত্তর গ**

৩৩. ৫ জন পুরুষ বা ৮ জন স্ত্রীলোক একটি কাজ ১৪ দিনে শেষ করতে পারলে ১০ জন পুরুষ ও ১২ জন স্ত্রীলোক একত্রে কত দিনে কাজটি শেষ করতে পারবে?
ক. ৪ দিনে খ. ৫ দিনে
গ. ৬ দিনে ঘ. ৮ দিনে **উত্তর ক**

৩৪. ১০.৪ এর ২.৫% = কত?
ক. ০.২৬ খ. ০.০২৬
গ. ০.০০২৬ ঘ. ০.০০০২৬ **উত্তর ক**

৩৫. সুদের হার শতকরা ৫ টাকা হলে, কত বছরে সুদ সুদ-আসলের $\frac{১}{৫}$ হবে?
ক. ৫ বছর খ. $৫\frac{১}{২}$ বছর
গ. ৬ বছর ঘ. $৬\frac{১}{২}$ বছর **উত্তর ক**

৩৬. কোনটি ছোঁয়াচে রোগ?
ক. বাতজ্বর খ. পাঁচড়া
গ. রাতকানা ঘ. হাঁপানি **উত্তর খ**

৩৭. বাংলাদেশের দীর্ঘতম নদী কোনটি?
ক. পদ্মা খ. যমুনা
গ. মেঘনা ঘ. সুরমা **উত্তর গ**

৩৮. পৃথিবীর বৃহত্তম দ্বীপ কোনটি?
ক. জাভা খ. মাদাগাস্কার
গ. আইসল্যান্ড ঘ. গ্রিনল্যান্ড **উত্তর ঘ**

৩৯. ইসলামাবাদ কোন জেলার পূর্ব নাম?
ক. ময়মনসিংহ খ. নোয়াখালী
গ. চট্টগ্রাম ঘ. সিলেট **উত্তর গ**

৪০. আলীগড় ভারতের কোন রাজ্যে অবস্থিত?
ক. মধ্য প্রদেশ খ. উত্তর প্রদেশ
গ. পশ্চিমবঙ্গ ঘ. রাজস্থান **উত্তর খ**

দ্রষ্টব্য: বর্তমানে নৈর্ব্যক্তিক পদ্ধতিতে পরীক্ষা হওয়ায় (খ-অংশ রচনামূলক প্রশ্ন) বাদ দিয়ে দেওয়া হয়েছে।]



৫০

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০৮

তারিখ : ৩১.১০.২০০৮ [কোড : মেঘনা] সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৯০

ক-অংশ : নৈর্ব্যক্তিক প্রশ্ন

সময় : ৪০ মিনিট ; মান : ৪০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. "মোদের গরব মোদের আশা,
আ-মরি বাংলা ভাষা।" –কবিতাংশটুকুর রচয়িতা কে?
ক. রামনিধি গুপ্ত খ. অতুল প্রসাদ সেন
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. সত্যেন্দ্রনাথ দত্ত **উত্তর খ**

০২. 'চিরকুমার সভা' নাটকটির রচয়িতা কে?
ক. নূরুল মোমেন খ. মীর মশাররফ হোসেন
গ. মুনীর চৌধুরী ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর ঘ**

০৩. কোনটি শুদ্ধ বানান?
ক. সরিসৃপ খ. সরীসৃপ
গ. শরীসৃপ ঘ. শরিসৃপ **উত্তর খ**

০৪. কোন শব্দটি 'কটি'-এর সমার্থক নয়?
ক. কোমর খ. কাঁচুলি
গ. মাজা ঘ. কাকাল **উত্তর খ**

০৫. কোনটি শুদ্ধ বানান?
ক. Comission খ. Comision
গ. Commission ঘ. Commision **উত্তর গ**

০৬. 'Prison' শব্দটির verb–
ক. Prison খ. Imprison
গ. Prisoner ঘ. Enprison **উত্তর খ**

০৭. 'People' শব্দটির adjective–
ক. Popularity খ. Popular
গ. Popularise ঘ. Populous **উত্তর ঘ**

০৮. At last the beast in him got —— upperhand. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. a খ. an
গ. the ঘ. up **উত্তর গ**

০৯. কোন বাক্যটি শুদ্ধ?
ক. There is no room for doubt in it
খ. I found him write something
গ. There is no place for doubt in it
ঘ. Find out the word in the dictionary **উত্তর ক**

১০. কোনো চতুর্ভুজের কর্ণদ্বয় সমান ও পরস্পর সমকোণে সমদ্বিখণ্ডিত। এটি কোন ধরনের চতুর্ভুজ হবে?
ক. বর্গক্ষেত্র খ. আয়তক্ষেত্র
গ. সামান্তরিক ঘ. ট্রাপিজিয়াম **উত্তর ক**

১১. $a + b = 5$ এবং $a - b = 3$ হলে ab-এর মান কত?
ক. 2 খ. 3
গ. 4 ঘ. 5 **উত্তর গ**

১২. দুই বছর আগে বাবার বয়স পুত্রের বয়সের ১৪ গুণ। দুই বছর পরে বাবার বয়স পুত্রের বয়সের চেয়ে ২৬ বছর বেশি হলে, বাবা ও তার পুত্রের বয়সের অনুপাত কত হবে?
ক. ১৫ ঃ ২ খ. ৬ ঃ ১
গ. ৪ ঃ ১ ঘ. কোনোটিই নয় **উত্তর ক**

১৩. রেল লাইনের পাশে একটি তালগাছ রয়েছে। ঘণ্টায় ৪৫ কিমি বেগে ধাবমান ১৫০ মি. লম্বা একটি ট্রেন কত সময়ে ঐ তালগাছটি অতিক্রম করবে?
ক. ১১ সেকেন্ডে খ. ১২ সেকেন্ডে
গ. ১৩ সেকেন্ডে ঘ. ১৪ সেকেন্ডে **উত্তর খ**

১৪. নিম্নের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?
ক. $\frac{৩}{৫}$ খ. $\frac{৭}{১০}$
গ. $\frac{৭}{১২}$ ঘ. $\frac{৮}{১৫}$ **উত্তর খ**

১৫. শতকরা বার্ষিক কত হার সুদে কোন মূলধন ২৫ বছরে সুদে-মূলে ৪ গুণ হবে?
ক. ৮% খ. ১২%
গ. ১৫% ঘ. ১৬% **উত্তর খ**

১৬. দূষিত বাতাসের কোন গ্যাসটি মানবদেহে রক্তের অক্সিজেন পরিবহন ক্ষমতা নষ্ট করে?
ক. কার্বন ডাইঅক্সাইড খ. কার্বন মনোক্সাইড
গ. সালফার ডাইঅক্সাইড ঘ. নাইট্রিক অক্সাইড **উত্তর খ**

১৭. আন্তর্জাতিক পরিবেশ দিবস পালিত হয়-
ক. ৭ জুলাই খ. ৯ মার্চ
গ. ৫ জুন ঘ. ২১ মে **উত্তর গ**

১৮. পৃথিবীর বৃহত্তম নদী কোনটি?
ক. হোয়াংহো খ. নীল
গ. আমাজান ঘ. কঙ্গো **উত্তর গ**

১৯. দ্বিতীয় বিশ্বযুদ্ধের সমাপ্তি হয়-
ক. ১৯৪২ সালে খ. ১৯৪৪ সালে
গ. ১৯৪৫ সালে ঘ. ১৯৪৬ সালে **উত্তর গ**

২০. বিখ্যাত লাহোর রেজুলেশন ১৯৪০ সালে কে উপস্থাপন করেন?
ক. হোসেন শহীদ সোহরাওয়ার্দী
খ. মাওলানা ভাসানী
গ. এ কে ফজলুল হক
ঘ. মোহাম্মদ আলী জিন্নাহ্ **উত্তর গ**

২১. বাংলা সাহিত্যে 'সনেট' রচনার প্রবর্তক কে?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর
খ. কাজী নজরুল ইসলাম
গ. মাইকেল মধুসূদন দত্ত
ঘ. মোহিতলাল মজুমদার **উত্তর গ**

২২. কোনটি শুদ্ধ বানান?
ক. বিভীষিকা খ. বিভীষীকা
গ. বীভিষিকা ঘ. বীভিষীকা **উত্তর ক**

২৩. কোন শব্দটি 'কুহক'-এর সমার্থক নয়?
ক. মায়া খ. ভেল্কি
গ. বিরাগ ঘ. ছলনা **উত্তর গ**

২৪. 'টাকায় টাকা হয়' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে শূন্য খ. করণে সপ্তমী
গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী **উত্তর গ**

২৫. কোনটি শুদ্ধ বানান?
ক. Addultration খ. Adultration
গ. Addulteration ঘ. Adulteration **উত্তর ঘ**

২৬. 'Rely' শব্দটির noun–
ক. Reliment খ. Rely
গ. Reliance ঘ. Reliability **উত্তর গ**

২৭. Karim as well as Nayeem — praise. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-
ক. are deserving খ. deserve
গ. deserves ঘ. is deserving **উত্তর গ**

২৮. If we had a boat, we —— the river. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. would cross খ. will cross
গ. will be crossing ঘ. would make crossed **উত্তর ক**

২৯. কোন বাক্যটি শুদ্ধ?
ক. He cannot pronounciate the word
খ. He appeared at the examination
গ. Tuhin is my lovely friend
ঘ. You always offer me many good advices **উত্তর খ**

৩০. একটি রম্বস আঁকতে হলে কমপক্ষে কোন্ উপাত্তগুলোর প্রয়োজন?
ক. দুটি বিপরীত বাহু খ. দুটি বিপরীত কোণ
গ. কর্ণের দৈর্ঘ্য ঘ. এক বাহু ও এক কোণ **উত্তর ঘ**

৩১. p এর মান কত হলে $4x^2 - px + 9$ একটি পূর্ণ বর্গ হবে?
ক. 10 খ. 12
গ. 9 ঘ. 16 **উত্তর খ**

৩২. পিতা ও ৩ পুত্রের বয়স অপেক্ষা মাতা ও উক্ত ৩ পুত্রের বয়সের গড় $১\frac{১}{২}$ বছর কম। মাতার বয়স ৩০ বছর হলে পিতার বয়স কত?
ক. ৩২ বছর খ. $৩১\frac{১}{২}$ বছর
গ. ৩৩ বছর ঘ. ৩৬ বছর **উত্তর ঘ**

৩৩. ক, খ ও গ একা একা একটি কাজ যথাক্রমে ১০, ১২ ও ১৫ দিনে করতে পারে। তারা প্রত্যেকে পর পর ২ দিন কাজ করার পর কতটুকু কাজ বাকি থাকবে?
ক. $\frac{১}{৪}$ অংশ খ. $\frac{১}{৩}$ অংশ
গ. $\frac{১}{২}$ অংশ ঘ. $\frac{১}{৫}$ অংশ **উত্তর গ**

৩৪. $\frac{.২ \times .০৩ \times .০০৪}{.৩ \times .০৪ \times .০০৫}$ এর মান কত?
ক. $\frac{৩}{৮}$ খ. $\frac{২}{৫}$
গ. $\frac{৭}{১০}$ ঘ. $\frac{১১}{১৮}$ **উত্তর খ**

৩৫. সুদের হার ৬% থেকে কমে ৪% হওয়ায় এক ব্যক্তির বাৎসরিক আয় ২০ টাকা কমে গেল। আসলের পরিমাণ কত?
ক. ১০০ টাকা খ. ২০০ টাকা
গ. ১,০০০ টাকা ঘ. ২,০০০ টাকা **উত্তর গ**

৩৬. রক্তের কোন কণিকা বৃদ্ধি পেলে ব্লাড ক্যান্সার হয়?
ক. শ্বেত কণিকা খ. লোহিত কণিকা
গ. শ্বেত ও লোহিত কণিকা ঘ. কোন কণিকা নয় **উত্তর ক**

৩৭. আইফেল টাওয়ার কোথায় অবস্থিত?
ক. লন্ডনে খ. মিউনিখে
গ. জেনেভায় ঘ. প্যারিসে **উত্তর ঘ**

৩৮. মহাস্থানগড় কোন নদীর তীরে অবস্থিত?
ক. মহানন্দা খ. আত্রাই
গ. গড়াই ঘ. করতোয়া **উত্তর ঘ**

৩৯. 'সার্ক' কোন্ সালে কোথায় প্রতিষ্ঠিত হয়?
ক. ১৯৮৫ সালে, ঢাকায়
খ. ১৯৮৩ সালে, দিল্লিতে
গ. ১৯৮৪ সালে, কলম্বোতে
ঘ. ১৯৮৪ সালে, মালেতে **উত্তর ক**

৪০. ঢাকা কখন সর্বপ্রথম বাংলার রাজধানী হয়েছিল?
ক. ১২৫৫ খ্রিস্টাব্দে খ. ১৬১০ খ্রিস্টাব্দে
গ. ১৯০৫ খ্রিস্টাব্দে ঘ. ১৯৪৭ খ্রিস্টাব্দে **উত্তর খ**

দ্রষ্টব্য: বর্তমানে নৈর্ব্যক্তিক পদ্ধতিতে পরীক্ষা হওয়ায় (খ-অংশ রচনামূলক প্রশ্ন) বাদ দিয়ে দেওয়া হয়েছে।

৫১

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০৮

তারিখ : ৩১.১০.২০০৮ [কোড : দড়াটানা] সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৯০

ক-অংশ : নৈর্ব্যক্তিক প্রশ্ন

সময় : ৪০ মিনিট ; মান : ৪০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. দেখিনু সেদিন রেলে
কুলি ব'লে এক বাবু সা'ব তারে
ঠেলে দিল নীচে ফেলে!
–পঙ্‌ক্তিটির রচয়িতা কে?
ক. কাজী নজরুল ইসলাম খ. সত্যেন্দ্রনাথ দত্ত
গ. আহসান হাবিব ঘ. কবি জসীমউদ্‌দীন **উত্তর: ক**

০২. 'পায়ের আওয়াজ পাওয়া যায়' গীতি নাট্যটির রচয়িতা কে?
ক. মামুনুর রশীদ খ. সৈয়দ শামসুল হক
গ. আবদুল্লাহ আল-মামুন ঘ. সেলিম আল দীন **উত্তর: খ**

০৩. কোন্ বানানটি শুদ্ধ?
ক. নীরিক্ষণ খ. নিরীক্ষণ
গ. নীরিক্ষন ঘ. নিরীক্ষন **উত্তর: খ**

০৪. কোনটি 'চন্দ্র' শব্দের প্রতিশব্দ নয়?
ক. অর্ক খ. শশধর
গ. হিমাংশু ঘ. সুধাকর **উত্তর: ক**

০৫. কোন বানানটি শুদ্ধ?
ক. Diphtheria খ. Diptheria
গ. Dephteria ঘ. Deptharia **উত্তর: ক**

০৬. **Noun of the word 'Bless' is–**
ক. Blise খ. Blessed
গ. Blessing ঘ. None of them **উত্তর: গ**

০৭. **Abstract noun of the word vacant is–**
ক. Vacancy খ. Vacant
গ. Vacanancy ঘ. None of them **উত্তর: ক**

০৮. **'God is good — me' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–**
ক. with খ. at
গ. on ঘ. to **উত্তর: ঘ**

০৯. কোন বাক্যটি শুদ্ধ?
ক. She is one of the best mothers that have ever lived
খ. All failed except he
গ. That is a matter between you and I
ঘ. It is not us who are to blame **উত্তর: ক**

১০. কোনো ত্রিভুজের তিন কোণের সমদ্বিখণ্ডকগুলো যে বিন্দুতে ছেদ করে, তাকে বলে-
ক. ভরকেন্দ্র খ. পরিকেন্দ্র
গ. অন্তঃকেন্দ্র ঘ. লম্ববিন্দু **উত্তর: গ**

১১. $a - b = 4, ab = 3$ হলে, $a^3 - b^3 = ?$
ক. 80 খ. 85
গ. 90 ঘ. 100 **উত্তর: ঘ**

১২. কোনো সংখ্যার $\frac{1}{3}$ সংখ্যাটির $\frac{1}{5}$ অপেক্ষা 4 বেশি। সংখ্যাটি কত?
ক. 15 খ. 30
গ. 45 ঘ. 60 **উত্তর: খ**

১৩. ২৫ জন শ্রমিক একটি কাজ ১৪ দিনে শেষ করতে পারে। ১০ দিনে কাজটি শেষ করতে হলে নতুন কত জন শ্রমিক লাগবে?
ক. ৭ জন খ. ১০ জন
গ. ১২ জন ঘ. ১৫ জন **উত্তর: খ**

১৪. নিম্নের ভগ্নাংশগুলোর মধ্যে কোন্‌টি বৃহত্তম?
ক. $\frac{২}{৩}$ খ. $\frac{৩}{৪}$
গ. $\frac{৫}{৬}$ ঘ. $\frac{৭}{৯}$ **উত্তর: গ**

১৫. বার্ষিক শতকরা কত হার সুদে ২৭৫ টাকার ৪ বছরে সুদ-আসলে ৪০৭ টাকা হবে?
ক. ৯% খ. ১০%
গ. ১১% ঘ. ১২% **উত্তর: ঘ**

১৬. নিম্নের দেশগুলোর মধ্যে কোনটিতে এইডস (AIDS) রোগের সংক্রমণ হার সবচেয়ে বেশি?
ক. কেনিয়া খ. নাইজেরিয়া
গ. ভারত ঘ. থাইল্যান্ড **উত্তর: ক**

১৭. কোন ভিটামিন রক্ত জমাট বাঁধতে সাহায্য করে?
ক. ভিটামিন 'বি' খ. ভিটামিন 'সি'
গ. ভিটামিন 'ডি' ঘ. ভিটামিন 'কে' **উত্তর: ঘ**

১৮. দক্ষিণ আমেরিকায় অবস্থিত নয় কোন দেশটি?
ক. চিলি খ. প্যারাগুয়ে
গ. আলবেনিয়া ঘ. সুরিনাম **উত্তর: গ**

১৯. বাংলাদেশে সংবিধান সর্বপ্রথম কোন তারিখে গণপরিষদে উত্থাপিত হয়?
ক. ১২ অক্টোবর ১৯৭২ খ. ১৬ ডিসেম্বর ১৯৭২
গ. ২৬ মার্চ ১৯৭৩ ঘ. ১৬ ডিসেম্বর ১৯৭৩ **উত্তর: ক**

২০. বৌদ্ধ সভ্যতার জন্য বিখ্যাত তক্ষশীলা অবস্থিত–
ক. ভারতে খ. নেপালে
গ. পাকিস্তানে ঘ. চীনে **উত্তর: গ**

২১. 'একাত্তরের যীশু' গল্পটির রচয়িতা কে?
ক. শাহরিয়ার কবির
খ. সেলিম আল দীন
গ. মামুনুর রশীদ
ঘ. সৈয়দ শামসুল হক
উত্তর: ক

২২. কোন বানানটি শুদ্ধ?
ক. তেজস্ক্রীয়তা খ. তেজস্ক্রীয়াতা
গ. তেজস্ক্রিয়তা ঘ. তেজোস্ক্রিয়তা
উত্তর: গ

২৩. কোনটি 'ঘোটক' শব্দের প্রতিশব্দ নয়?
ক. ঘোড়া খ. হিমকর
গ. তুরঙ্গ ঘ. বাজী
উত্তর: খ

২৪. 'পাপে বিরত হও'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মকারকে তৃতীয়া
খ. অপাদান কারকে শূন্য
গ. অপাদান কারকে সপ্তমী
ঘ. অধিকরণ কারকে সপ্তমী
উত্তর: গ

২৫. কোনটি শুদ্ধ বানান?
ক. Exhilaretion খ. Exhilaration
গ. Exilaration ঘ. Exilaretion
উত্তর: খ

২৬. Verb of the word 'Loss' is–
ক. Lost খ. Loose
গ. Lose ঘ. None of them
উত্তর: গ

২৭. 'I always confide —— you.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. in খ. at
গ. on ঘ. with
উত্তর: ক

২৮. 'Do not cry —— spilt milk.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. for খ. over
গ. at ঘ. with
উত্তর: খ

২৯. কোনটি শুদ্ধ বাক্য?
ক. The cost of all these articles have risen
খ. Between you and me affairs look dark
গ. The formation of the paragraphs are very important
ঘ. No news are good news
উত্তর: খ

৩০. একটি সুষম বহুভুজের একটি অন্তঃকোণের পরিমাণ ১৩৫° হলে, বহুভুজটির বাহুর সংখ্যা হবে–
ক. ৫ খ. ৬
গ. ৮ ঘ. ৯
উত্তর: গ

৩১. $(3x + 2)(2x - 6) = (4 - 3x)(1 - 2x) - 10$ হলে x-এর মান হবে–
ক. 4 খ. – 2
গ. 5 ঘ. – 3
উত্তর: খ

৩২. ৭ জন লোকের গড় ওজন ৩ পাউন্ড কমে যায় যখন ১০ স্টোন ওজনের একজন লোকের পরিবর্তে নতুন একজন যোগদান করে। নতুন লোকটির ওজন কত?
ক. $7\frac{১}{২}$ স্টোন খ. ৮ স্টোন
গ. $8\frac{১}{২}$ স্টোন ঘ. ৯ স্টোন
উত্তর: গ

৩৩. ৪ জন পুরুষ বা ৬ জন স্ত্রীলোক একটি কাজ ১৬ দিনে শেষ করতে পারলে ২ জন পুরুষ ও ৫ জন স্ত্রীলোক একত্রে কাজটি কত দিনে শেষ করতে পারবে?
ক. ৮ দিনে খ. ১০ দিনে
গ. ১২ দিনে ঘ. ১৪ দিনে
উত্তর: গ

৩৪. $(০.০১)^২$ এর মান কোন ভগ্নাংশটির সমান?
ক. $\frac{১}{১০}$ খ. $\frac{১}{১০০}$
গ. $\frac{১}{১০০০}$ ঘ. $\frac{১}{১০০০০}$
উত্তর: ঘ

৩৫. শতকরা বার্ষিক ৫ টাকা হার সুদে কত বছরে যে কোনো আসল তার দ্বিগুণ হবে?
ক. ১৫ বছর খ. ১৬ বছর
গ. ১৮ বছর ঘ. ২০ বছর
উত্তর: ঘ

৩৬. নিচের কোনটি যকৃতের রোগ?
ক. টাইফয়েড খ. কলেরা
গ. জন্ডিস ঘ. আমাশয়
উত্তর: গ

৩৭. বাংলাদেশের উপর দিয়ে ভৌগোলিক কাল্পনিক রেখা গেছে তার নাম কী?
ক. বিষুব রেখা খ. দ্রাঘিমা রেখা
গ. কর্কট রেখা ঘ. মকর রেখা
উত্তর: গ

৩৮. গোবি মরুভূমি কোথায় অবস্থিত?
ক. উত্তর আফ্রিকা খ. এশিয়া
গ. চীন ঘ. দক্ষিণ আফ্রিকা
উত্তর: খ

৩৯. ঢাকার নাম জাহাঙ্গীরনগর রাখেন কে?
ক. শায়েস্তা খান
খ. সুবেদার ইসলাম খান
গ. ইব্রাহীম খান
ঘ. মীর জুমলা
উত্তর: খ

৪০. জাপান পার্ল হারবার আক্রমণ করে কখন?
ক. ৭ ডিসেম্বর ১৯৪০
খ. ৭ ডিসেম্বর ১৯৪১
গ. ৭ ডিসেম্বর ১৯৪২
ঘ. ৭ ডিসেম্বর ১৯৪৩
উত্তর: খ

দ্রষ্টব্য: বর্তমানে নৈর্ব্যক্তিক পদ্ধতিতে পরীক্ষা হওয়ায় (খ-অংশ রচনামূলক প্রশ্ন) বাদ দিয়ে দেওয়া হয়েছে।]



প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০৮

তারিখ : ৩১.১০.২০০৮ [কোড : যমুনা] সময় : ২ ঘণ্টা। পূর্ণমান : ৯০

ক-অংশ : নৈর্ব্যক্তিক প্রশ্ন

সময় : ৪০ মিনিট ; মান : ৪০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. 'খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে
বনের পাখি ছিল বনে।
একদা কি করিয়া মিলন হল দোঁহে,
কি ছিল বিধাতার মনে।'
–কবিতাংশটুকুর রচয়িতা কে?

ক. সত্যেন্দ্রনাথ দত্ত খ. কাজী নজরুল ইসলাম
গ. সুকুমার রায় ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর: ঘ**

০২. 'রক্তাক্ত প্রান্তর' নাটকটির রচয়িতা কে?

ক. মুনীর চৌধুরী খ. আকবর হোসেন
গ. দ্বিজেন্দ্রলাল রায় ঘ. মীর মশাররফ হোসেন **উত্তর: ক**

০৩. কোনটি শুদ্ধ বানান?

ক. সমীচীন খ. সমীচিন
গ. সমিচীন ঘ. সমিচিন **উত্তর: ক**

০৪. কোন শব্দটি 'দক্ষ'-এর সমার্থক নয়?

ক. নিপুণ খ. পটু
গ. পারদর্শী ঘ. দর্প **উত্তর: ঘ**

০৫. কোনটি শুদ্ধ বানান?

ক. Greivance খ. Grievance
গ. Griveance ঘ. Grieveance **উত্তর: খ**

০৬. কোনটি present perfect tense-এর উদাহরণ?

ক. I have had the news
খ. I have the news
গ. I shall have the news
ঘ. I had the news **উত্তর: ক**

০৭. 'Poor' শব্দটির Noun–

ক. Poority খ. Poorify
গ. Poverty ঘ. Poorness **উত্তর: গ**

০৮. He is absorbed —— thought. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. in খ. to
গ. at ঘ. for **উত্তর: ক**

০৯. কোন বাক্যটি শুদ্ধ?

ক. Sharif absented from the college
খ. Selina prides on her beauty
গ. She is out of her danger
ঘ. Sharif absented himself from the college **উত্তর: ঘ**

১০. সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় যথাক্রমে ৩ ও ৪ সেমি হলে এর অতিভুজ-এর মান কত?

ক. ৬ সেমি খ. ৫ সেমি
গ. ৮ সেমি ঘ. ৭ সেমি **উত্তর: খ**

১১. $x - \frac{1}{x} = 2$ হলে $x^4 + \frac{1}{x^4} =$ কত?

ক. 30 খ. 31
গ. 32 ঘ. 34 **উত্তর: ঘ**

১২. দুইটি সংখ্যার অনুপাত ৫ ঃ ৮। উভয়ের সাথে ২ যোগ করলে অনুপাতটি ২ ঃ ৩ হয়। সংখ্যা দুইটি কী কী?

ক. ৭ ও ১১ খ. ১২ ও ১৮
গ. ১০ ও ১৬ ঘ. ১০ ও ২৪ **উত্তর: গ**

১৩. ৮ জন পুরুষ বা ১৮ জন বালক একটি কাজ ৩৬ দিনে করতে পারে। ১৬ জন পুরুষ ও ১৮ জন বালক একত্রে সেই কাজের দ্বিগুণ একটি কাজ কত দিনে করতে পারবে?

ক. ২৪ দিনে খ. ২৮ দিনে
গ. ৩২ দিনে ঘ. ৪০ দিনে **উত্তর: ক**

১৪. নিম্নের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি ক্ষুদ্রতম?

ক. $\frac{৩}{৫}$ খ. $\frac{৭}{১০}$
গ. $\frac{৭}{১২}$ ঘ. $\frac{৮}{১৫}$ **উত্তর: ঘ**

১৫. শতকরা বার্ষিক কত হার সুদে ৭০০ টাকায় ৫ বছরের সুদ ১০৫ টাকা হবে?

ক. ২% খ. ৩%
গ. ৫% ঘ. ৭% **উত্তর: খ**

১৬. একজন পূর্ণবয়স্ক লোকের প্রতিদিন পানি গ্রহণ করা প্রয়োজন প্রায়–

ক. ১.৫ লিটার খ. ২.৫ লিটার
গ. ৫ লিটার ঘ. ৪ লিটার **উত্তর: খ**

১৭. শরীরের কোনো অংশ পোড়া গেলে তৎক্ষণাৎ প্রাথমিক ব্যবস্থা কী নেওয়া উচিত?

ক. লবণ পানি দেওয়া
খ. ডিম ভেঙ্গে শুধু সাদা অংশ দিয়ে প্রলেপ দেওয়া
গ. বরফ বা পরিষ্কার পানি দেওয়া
ঘ. নারিকেল তেল দেওয়া **উত্তর: খ**

JOYKOLY PULLIMKTIONS • JOYKOLY PULLIMKTIONS • JOYKOLY PULLIMKTIONS • JOYKOLY PULLIMKTIONS • JOYKOLY PULLIMKTIONS • JOYKOLY PULLIMKTIONS • JOYKOLY

১৮. ইউরোপীয় ইউনিয়নের সদর দফতর কোথায়?
ক. লন্ডন খ. কোপেনহেগেন
গ. ব্রাসেলস ঘ. রোম
উত্তর: গ

১৯. বাংলায় ইউরোপীয় বণিকদের মধ্যে প্রথম এসেছিল–
ক. ইংরেজরা খ. পর্তুগিজরা
গ. ওলন্দাজরা ঘ. ফরাসিরা
উত্তর: খ

২০. আমেরিকার স্বাধীনতা ঘোষণা করা হয় কোন সালে?
ক. ১৭৭৪ খ. ১৭৭৫
গ. ১৭৭৬ ঘ. ১৭৭৭
উত্তর: গ

২১. 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর' গ্রন্থটির রচয়িতা কে?
ক. ড. মুহম্মদ শহীদুল্লাহ
খ. আবুল মনসুর আহমদ
গ. আতাউর রহমান
ঘ. মোঃ আব্দুল হাই
উত্তর: খ

২২. কোনটি শুদ্ধ বানান?
ক. কৃষিজিবি খ. কৃষিজীবী
গ. কৃষিজীবি ঘ. কৃষিজিবী
উত্তর: খ

২৩. কোন শব্দটি 'চক্ষু'-এর সমার্থক নয়?
ক. নেত্র খ. নিবিড়
গ. আঁখি ঘ. লোচন
উত্তর: খ

২৪. 'জিজ্ঞাসিবে জনে জনে' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে সপ্তমী খ. কর্মে সপ্তমী
গ. করণে পঞ্চমী ঘ. কর্তায় সপ্তমী
উত্তর: খ

২৫. কোনটি শুদ্ধ বানান?
ক. Ocasion খ. Occassion
গ. Occasion ঘ. Occassion
উত্তর: গ

২৬. 'Canon' শব্দটির বহুবচন
ক. Canones খ. Canons
গ. Canon ঘ. Cannons
উত্তর: গ

২৭. You are not amenable —— reason. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. from খ. of
গ. into ঘ. to
উত্তর: ঘ

২৮. The disgusted man grumbled —— his fate. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. at খ. on
গ. to ঘ. against
উত্তর: ক

২৯. কোন বাক্যটি শুদ্ধ?
ক. Panna is only present
খ. The man was born in 1968
গ. I feel myself hungry
ঘ. The sheeps are quite healthy
উত্তর: খ

৩০. কোন ত্রিভুজের তিনটি বাহুকে একইভাবে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি–
ক. ১৮০° খ. ২৭০°
গ. ৩৬০° ঘ. ৫৪০°
উত্তর: গ

৩১. $a+\frac{1}{a}=4$ হলে, $a^3+\frac{1}{a^3}=$ কত?
ক. 47 খ. 52
গ. 70 ঘ. 76
উত্তর: খ

৩২. ১১টি সংখ্যার গড় ৩০; প্রথম ৫টি সংখ্যার গড় ২৫ ও শেষের ৫টি সংখ্যার গড় ২৮। ষষ্ঠ সংখ্যাটি কত?
ক. ৫৫ খ. ৫৮
গ. ৬৫ ঘ. ৬৭
উত্তর: গ

৩৩. স্রোতের অনুকূলে একটি নৌকা ৪ ঘণ্টায় ৪০ কিমি পথ যায়। যদি স্থির জলে ঐ নৌকার গতিবেগ ঘণ্টায় ৮ কিমি হয়, তবে নদীর স্রোতের গতিবেগ কত ছিল?
ক. ৪ কিমি খ. ৩ কিমি
গ. ২ কিমি ঘ. ১ কিমি
উত্তর: গ

৩৪. $\frac{(৩\times.০৩\times.০০৪)}{(৪\times.০৫\times.০০৬)}$ এর মান কত?
ক. $\frac{৩}{১০}$ খ. $\frac{১১}{২০}$
গ. $\frac{১৭}{৩০}$ ঘ. $\frac{৭}{১০}$
উত্তর: ক

৩৫. সুদের হার ১৫% থেকে কমে ১৩% হওয়ায় এক ব্যক্তির ৬ বছরের সুদ ৮৪ টাকা কমে গেল। তার মূলধন কত?
ক. ৭০০ টাকা খ. ৮০০ টাকা
গ. ৯০০ টাকা ঘ. ১০০০ টাকা
উত্তর: ক

৩৬. কোন ভিটামিনের অভাবে মুখে ও জিহ্বায় ঘা হয়?
ক. ভিটামিন 'বি-২' খ. ভিটামিন 'ডি'
গ. ভিটামিন 'সি' ঘ. ভিটামিন 'ই'
উত্তর: ক

৩৭. নিম্নের কোনটি জি-৮ ভুক্ত দেশ নয়?
ক. ফ্রান্স খ. যুক্তরাজ্য
গ. রাশিয়া ঘ. নেদারল্যান্ডস
উত্তর: ঘ

৩৮. উত্তর গোলার্ধ সূর্যের নিকটতম স্থানে অবস্থান করে-
ক. ২৩ সেপ্টেম্বর খ. ২১ জুন
গ. ১ জানুয়ারি ঘ. ২১ ডিসেম্বর
উত্তর: খ

৩৯. কোন মোগল সম্রাট বাংলার নাম দেন 'জান্নাতাবাদ'?
ক. বাবর খ. হুমায়ূন
গ. আকবর ঘ. জাহাঙ্গীর
উত্তর: খ

৪০. ইরাক কুয়েত দখল করে নেয় কোন সালে?
ক. ১৯৮৯ খ. ১৯৯০
গ. ১৯৯১ ঘ. ১৯৯২
উত্তর: খ

দ্রষ্টব্য: বর্তমানে নৈর্ব্যক্তিক পদ্ধতিতে পরীক্ষা হওয়ায় (খ-অংশ রচনামূলক প্রশ্ন) বাদ দিয়ে দেওয়া হয়েছে।]

JOYKOLY PULLIMKTIONS • JOYKOLY PULLIMKTIONS • JOYKOLY PULLIMKTIONS • JOYKOLY PULLIMKTIONS • JOYKOLY PULLIMKTIONS • JOYKOLY PULLIMKTIONS • JOYKOLY



প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০৮

তারিখ : ৩১.১০.২০০৮ [কোড : কসে] সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৯০

ক-অংশ : নৈর্ব্যক্তিক প্রশ্ন

সময় : ৪০ মিনিট ; মান : ৪০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. 'স্মরণ রে,
তুঁহুঁ মম শ্যাম সমান।'
–পঙ্‌ক্তিটির রচয়িতা কে?
ক. অতুল প্রসাদ সেন খ. মুকুন্দরাম
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. শেখ ফজলল করিম উত্তর: গ

০২. 'জন্ডিস ও বিবিধ বেলুন' নাটকটি কে রচনা করেছেন?
ক. রশীদ হায়দার খ. জিয়া হায়দার
গ. সেলিম আল দীন ঘ. মামুনুর রশীদ উত্তর: গ

০৩. কোনটি শুদ্ধ বানান?
ক. দূরিভুত খ. দূরিভূত
গ. দূরীভুত ঘ. দূরীভূত উত্তর: ঘ

০৪. কোনটি 'কুল' শব্দের প্রতিশব্দ নয়?
ক. জাতি খ. প্রবর
গ. অবধি ঘ. গোত্র উত্তর: গ

০৫. কোন বানানটি শুদ্ধ?
ক. Dysentry খ. Dysentery
গ. Disentery ঘ. Dysentary উত্তর: খ

০৬. Abstract noun of the word 'Long' is–
ক. Length খ. Longer
গ. Lengthier ঘ. Lengthen উত্তর: ক

০৭. Verb of the word 'Sale' is–
ক. Sold খ. Sell
গ. Salling ঘ. Sale উত্তর: খ

০৮. 'I am not ambitious —— fame.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. for খ. over
গ. of ঘ. with উত্তর: গ

০৯. কোন বাক্যটি শুদ্ধ?
ক. Fire and water do not agree.
খ. bread and butter are his only food.
গ. Justice, as well as mercy, allow it.
ঘ. He and me were playing. উত্তর: ক

১০. কোনো ত্রিভুজের মধ্যমা তিনটি যে বিন্দুতে ছেদ করে তাকে বলে-
ক. ভরকেন্দ্র খ. অন্তঃকেন্দ্র
গ. পরিকেন্দ্র ঘ. লম্ববিন্দু উত্তর: ক

১১. $a - \frac{1}{a} = 8$ হলে $a^2 + \frac{1}{a^2} =$ কত?
ক. 60 খ. 66
গ. 68 ঘ. 70 উত্তর: খ

১২. ক-এর বয়স খ-এর বয়সের দ্বিগুণ এবং খ-এর বয়স গ-এর বয়সের দ্বিগুণ এবং তাদের বয়সের সমষ্টি ৬৩ বছর হলে, ক ও গ এর বয়সের পার্থক্য হবে-
ক. ২৭ বছর খ. ১৮ বছর
গ. ৯ বছর ঘ. ২৫ বছর উত্তর: ক

১৩. ক ও খ একত্রে একটি কাজ ৮ দিনে শেষ করতে পারে। ক একা ১২ দিনে কাজটি শেষ করতে পারলে খ একা কত দিনে কাজটি শেষ করতে পারবে?
ক. ১৬ দিনে খ. ২০ দিনে
গ. ২৪ দিনে ঘ. ২৮ দিনে উত্তর: গ

১৪. নিম্নের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি ক্ষুদ্রতম?
ক. $\frac{৩}{৪}$ খ. $\frac{৫}{৯}$
গ. $\frac{৭}{১২}$ ঘ. $\frac{১১}{১৮}$ উত্তর: খ

১৫. বার্ষিক শতকরা ৭.৫০ টাকা হার সুদে কত টাকা ৩ বছরে সুদ-আসলে ১২২৫ টাকা হবে?
ক. ৮০০ টাকা খ. ১০০০ টাকা
গ. ১০৫০ টাকা ঘ. ১১০০ টাকা উত্তর: খ

১৬. তাপে কোন ভিটামিন নষ্ট হয়?
ক. ভিটামিন 'এ' খ. ভিটামিন 'বি'
গ. ভিটামিন 'সি' ঘ. ভিটামিন 'ডি' উত্তর: গ

১৭. নিচের কোনটি ভাইরাসজনিত রোগ নয়?
ক. জন্ডিস (হেপাটাইটিস) খ. হাম
গ. এইডস ঘ. ডিপথেরিয়া উত্তর: ঘ

১৮. কলম্বিয়া দেশটি কোন মহাদেশে অবস্থিত?
ক. উত্তর আমেরিকা খ. দক্ষিণ আমেরিকা
গ. ইউরোপ ঘ. আফ্রিকা উত্তর: খ

১৯. কোন আরব দেশ সর্বপ্রথম বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে?
ক. ইরাক খ. জর্ডান
গ. মিশর ঘ. কুয়েত উত্তর: ক

২০. সুমেরীয় সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?
ক. মেসোপটেমিয়ায় খ. মিশরে
গ. পারস্যে ঘ. চীনে **উত্তর** ক

২১. 'রতন' কবি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন গল্পের চরিত্র?
ক. গিন্নি খ. পোস্টমাস্টার
গ. সুভা ঘ. ছুটি **উত্তর** খ

২২. কোনটি 'অগ্নি' শব্দের প্রতিশব্দ নয়?
ক. অনল খ. ফুলশ্বর
গ. পাবক ঘ. হুতাশন **উত্তর** খ

২৩. কোন বানানটি শুদ্ধ?
ক. উন্মীলিত খ. উন্মিলিত
গ. উন্মীলীত ঘ. উন্মিলীত **উত্তর** ক

২৪. 'আমার গানের মালা আমি করব কারে দান'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তৃকারকে শূন্য খ. কর্মকারকে শূন্য
গ. করণ কারকে শূন্য ঘ. অপাদান কারকে শূন্য **উত্তর** খ

২৫. কোনটি শুদ্ধ বানান?
ক. Conspicuous খ. Conspecuous
গ. Conspicuos ঘ. Conspecious **উত্তর** ক

২৬. Adjective of the word 'Trouble' is–
ক. Troublefull খ. Troublesome
গ. Troubling ঘ. None of them **উত্তর** খ

২৭. 'Early rising is conducive —— health' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. to খ. for
গ. in ঘ. on **উত্তর** ক

২৮. 'The dog ran —— the road' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. on খ. along
গ. in ঘ. with **উত্তর** খ

২৯. কোন বাক্যটি শুদ্ধ?
ক. Either he or me is mistaken
খ. Many a man has done so
গ. Everyone of the girls love to dance
ঘ. He gave me an advice **উত্তর** খ

৩০. সুষম ষড়ভুজের একটি অন্তঃকোণের পরিমাণ হবে–
ক. ১০০° খ. ১২০°
গ. ১৩০° ঘ. ১৩৫° **উত্তর** খ

৩১. $(x + 1)(4x - 7) - (x - 1)(x + 5) = 3(x + 2)^2 + 5$ হলে x-এর মান হবে–
ক. 3 খ. 5
গ. –1 ঘ. –3 **উত্তর** গ

৩২. এক ব্যক্তি ঘণ্টায় ৪ কিলোমিটার বেগে চলে কোনো স্থানে গেল এবং ঘণ্টায় ৩ কিলোমিটার বেগে চলে ফিরে আসল। যাতায়াতে তার গড় গতিবেগ কত?
ক. ৩ কিমি খ. $3\frac{৩}{৭}$ কিমি
গ. ৪ কিমি ঘ. $4\frac{৩}{৭}$ কিমি **উত্তর** খ

৩৩. ২ জন পুরুষ বা ৩ জন স্ত্রীলোক একটি কাজ ২৫ দিনে শেষ করতে পারলে ৪ জন পুরুষ ও ৯ জন স্ত্রীলোক একত্রে কত দিনে কাজটি শেষ করতে পারবে?
ক. ৩ দিনে খ. ৫ দিনে
গ. ৬ দিনে ঘ. ৮ দিনে **উত্তর** খ

৩৪. ১২.৫ এর ১.৩% = কত?
ক. ০.১৬২৫ খ. ১.৬২৫
গ. ০.০১৬২৫ ঘ. ০.০০১৬২৫ **উত্তর** ক

৩৫. শতকরা বার্ষিক $3\frac{১}{৮}$ টাকা হার সুদে কত সময়ে যে-কোনো আসল সুদ-আসলে তিনগুণ হবে?
ক. ৬০ বছর খ. ৬১ বছর
গ. ৬৪ বছর ঘ. ৬৫ বছর **উত্তর** গ

৩৬. ভাইরাস একটি–
ক. এককোষী জীব
খ. দ্বিকোষী জীব
গ. বহুকোষী জীব
ঘ. কোষহীন জীবন **উত্তর** ঘ

৩৭. যমুনা সার কারখানাটি কোথায় অবস্থিত?
ক. জামালপুর খ. সিরাজগঞ্জ
গ. ময়মনসিংহ ঘ. টাঙ্গাইল **উত্তর** ক

৩৮. ভারত-শ্রীলঙ্কাকে পৃথক করেছে কোন প্রণালি?
ক. পক প্রণালি খ. বেরিং প্রণালি
গ. মালাক্কা প্রণালি ঘ. ডোভার প্রণালি **উত্তর** ক

৩৯. স্বাধীনতার প্রথম ডাকটিকেটে কোন ছবি ছিল?
ক. জাতীয় স্মৃতিসৌধ
খ. কেন্দ্রীয় শহিদ মিনার
গ. লালবাগের কেল্লা
ঘ. ষাট গম্বুজ মসজিদ **উত্তর** খ

৪০. দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়-
ক. ১ সেপ্টেম্বর ১৯৩৯
খ. ১ নভেম্বর ১৯৩৯
গ. ১ মার্চ ১৯৪০
ঘ. ১ জুলাই ১৯৪০ **উত্তর** ক

দ্রষ্টব্য: বর্তমানে নৈর্ব্যক্তিক পদ্ধতিতে পরীক্ষা হওয়ায় (খ-অংশ রচনামূলক প্রশ্ন) বাদ দিয়ে দেওয়া হয়েছে।]



প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০৮

তারিখ : ৩১.১০.২০০৮ [কোড : পদ্মা] সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৯০

ক-অংশ : নৈর্ব্যক্তিক প্রশ্ন

সময় : ৪০ মিনিট ; মান : ৪০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. 'পাহাড় সমান ঢেউয়ের বুকে নৌকা আমার ভাসে,
মেঘ-মুকুলের পাহাড় থেকে ঝড়ের ঝাপটা আসে।'
-এই কবিতাংশটুকু কোন কবির রচনা?
ক. সুফিয়া কামাল
খ. শামসুর রাহমান
গ. আবু জাফর ওবায়েদ উল্লাহ
ঘ. আহসান হাবীব
উত্তর ঘ

০২. 'মানচিত্র' নাটকটির রচয়িতা কে?
ক. তুলসী লাহিড়ী খ. আনিস চৌধুরী
গ. মামুনুর রশীদ ঘ. দীনবন্ধু মিত্র
উত্তর খ

০৩. কোনটি শুদ্ধ বানান?
ক. আভ্যন্তরীন খ. অভ্যন্তরীণ
গ. অভ্যন্তরিণ ঘ. আভ্যন্তরীণ
উত্তর খ

০৪. কোন শব্দটি 'পেষণ'-এর সমার্থক নয়?
ক. দলন খ. মর্দন
গ. নিসর্গ ঘ. বাটা
উত্তর গ

০৫. কোনটি শুদ্ধ বানান?
ক. Effloranccence
খ. Effloresccence
গ. Effloresence
ঘ. Eflorescence
উত্তর খ

০৬. কোনটি reflexive pronoun?
ক. He খ. Each
গ. Myself ঘ. Who
উত্তর গ

০৭. নিচের কোনটি 'peace' শব্দটির verb?
ক. Impeace খ. Peace loving
গ. Pacify ঘ. Peaceful
উত্তর গ

০৮. He is afflicted — gout. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. to খ. with
গ. of ঘ. on
উত্তর খ

০৯. কোন বাক্যটি শুদ্ধ?
ক. It rained for three days
খ. Bread and butter are necessary
গ. It has been raining for three days
ঘ. Shahid can do anything what he likes
উত্তর গ

১০. দুটি ত্রিভুজের মধ্যে কোন উপাদানগুলো সমান সত্ত্বেও ত্রিভুজ দুটি সর্বসম হবে না–
ক. দুটি বাহু ও অন্তর্ভুক্ত কোণ
খ. দুই কোণ ও এক বাহু
গ. তিন কোণ
ঘ. তিন বাহু
উত্তর গ

১১. $a + \frac{1}{a} = 4$ হলে $a^3 + \frac{1}{a^3} =$ কত?
ক. 76 খ. 70
গ. 47 ঘ. 52
উত্তর ঘ

∴ ১ " " " $\frac{৪০০}{৫০০০}$ "

∴ ১০০ " " " $= \frac{৪০০ \times ১০০}{৫০০০}$ "
= ৮ বর্গ একক

∴ ক্ষেত্রফল বৃদ্ধি ৮%।

বিকল্প পদ্ধতি :
শতকরা অঙ্কে দুইটি শতকরার হার দেওয়া থাকলে অঙ্কের মানের কী পরিবর্তন হবে তা নিম্নোক্ত সূত্রের মাধ্যমে পাওয়া যাবে-

$x \pm y \pm \frac{xy}{100}$ যেখানে, হার বৃদ্ধিতে → +

$= ২০ - ১০ + \frac{২০(-১০)}{১০০}$ হার হ্রাসে → −

= ৮% বৃদ্ধি

৪৬. সিএফসি কি ক্ষতি করে?

ক. ওজোন স্তর ধ্বংস করে
খ. বায়ুর তাপ বৃদ্ধি করে
গ. এসিড বৃষ্টিপাত ঘটায়
ঘ. রক্তের অক্সিজেন পরিবহন ক্ষমতা নষ্ট করে

উত্তর✓ ক সিএফসি হলো ফ্লোরো কার্বনের সংক্ষিপ্ত রূপ। এর ট্রেড নাম ফ্রিয়ন। এটি বায়ুমণ্ডলের ওজোন স্তরে পৌঁছে ওজোনের সাথে বিক্রিয়া করে অক্সিজেনে পরিণত করে। ফলে ওজোন স্তর ক্ষতিগ্রস্ত হয়। $CFC + O_3 \rightarrow O_2 + ...$

৪৭. মৌলিক পদার্থের ক্ষুদ্রতম কণা যা রাসায়নিক বিক্রিয়ায় অংশগ্রহণ করে তাকে বলা হয়–

ক. ইলেকট্রন　　খ. অণু
গ. পরমাণু　　ঘ. প্রোটন

উত্তর✓ গ পরমাণু শব্দের অর্থ 'অত্যন্ত ক্ষুদ্র'। পরমাণু হল মৌলিক পদার্থের ক্ষুদ্রতম কণা যা রাসায়ণিক বিক্রিয়ায় অংশগ্রহণ করে।

৪৮. কোন রঙের কাপে চা তাড়াতাড়ি ঠাণ্ডা হয়?

ক. সাদা　　খ. কালো
গ. লাল　　ঘ. ধূসর

উত্তর✓ খ কালো রঙের বস্তুর তাপ শোষণ ক্ষমতা বেশি। তাই কালো রঙের কাপে চা তাড়াতাড়ি ঠাণ্ডা হয়।

৪৯. ডিজিটাল টেলিফোনের প্রধান বৈশিষ্ট্য কী?

ক. নতুন ধরনের মাইক্রোফোন
খ. অপটিক্যাল ফাইবারে বার্তা প্রেরণ
গ. বোতাম টিপে ডায়াল করা
ঘ. ডিজিটাল সিগন্যালে বার্তা প্রেরণ

উত্তর✓ ঘ আলেকজান্ডার গ্রাহাম বেলের আবিষ্কৃত টেলিফোন বহু বিবর্তনের মধ্য দিয়ে ডিজিটাল টেলিফোনে এসে পৌঁছাছে। ডিজিটাল টেলিফোনে ডিজিটাল সিগনালে বার্তা প্রেরণ করা হয়।

৫০. কোন উদ্ভিদের শ্বাসমূল আছে?

ক. পাইনাস　　খ. কেয়া
গ. সুন্দরী　　ঘ. বট

উত্তর✓ গ মাটিতে পর্যাপ্ত অক্সিজেনের অভাবে সুন্দরী, বাইন, কেওড়া প্রভৃতি গাছের মাটির নিচের সমান্তরালভাবে বিস্তৃত মূল হতে খাড়াভাবে শ্বাসমূল উপরে উঠে আসে। শ্বাসমূলে বায়ু ছিদ্র এবং ভিতরে বায়ু কুঠুরি থাকে।

৫১. ক্লোরোফিলবিহীন উদ্ভিদ হল–

ক. ব্যাঙের ছাতা　　খ. ইউগ্লিনা
গ. ক্রাইসামিবা　　ঘ. কোনোটিই নয়

উত্তর✓ ক ব্যাঙের ছাতা একটি সমাঙ্গদেহী অপুষ্পক উদ্ভিদ। এরা স্বভোজী নয়, কেননা এদের ক্লোরোফিল নেই। এদের কোষে সঞ্চিত খাদ্য গ্লাইকোজেন।

৫২. কম্পিউটারে কোনটি নেই?

ক. স্মৃতি
খ. বুদ্ধি বিবেচনা
গ. নির্ভুল কাজ করার ক্ষমতা
ঘ. দীর্ঘ সময় ধরে কাজ করার ক্ষমতা

উত্তর✓ খ কম্পিউটার শব্দের অর্থ গণক বা হিসাবকারী। এটি শুধু হিসাবকারী যন্ত্রই নয় মৌলিক অর্থে কম্পিউটার প্রক্রিয়াকরণ করে মানুষের জন্য প্রয়োজনীয় তথ্যে রূপান্তর করে। কম্পিউটার ভুল শনাক্ত করতে পারে কিন্তু নিজে নিজে ভুল সংশোধন করতে পারে না। কারণ কম্পিউটারের বুদ্ধি বিবেচনা নাই।

৫৩. মডেমের মাধ্যমে কম্পিউটারের–

ক. ইন্টারনেট লাইনের সংযোগ হয়
খ. টেলিভিশন লাইনের সংযোগ হয়
গ. রেডিও লাইনের সংযোগ হয়
ঘ. টেলিফোন লাইনের সংযোগ হয়

উত্তর✓ ক Modem এর পূর্ণ নাম Modulation demodulation। যার মাধ্যমে কোনো ডাটাকে এক স্থান থেকে অন্য স্থানে স্থানান্তরের কাজ সম্পন্ন করা হয় তাই মডেম। কম্পিউটারের ইন্টারনেট সংযোগ হয় মডেমের মাধ্যমে।

www.exambd.net

৫৪. রাষ্ট্র কয়টি উপাদান নিয়ে গঠিত?

ক. দুইটি　　খ. তিনটি
গ. চারটি　　ঘ. পাঁচটি

উত্তর✓ গ ব্যাখ্যা রাষ্ট্র চারটি উপাদান নিয়ে গঠিত:-
(i) নির্দিষ্ট ভূখণ্ড　　(ii) জনগণ
(iii) সরকার　　(iv) সার্বভৌমত্ব।

৫৫. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান প্রবর্তিত হয়–

ক. ১৭ এপ্রিল ১৯৭১　　খ. ১৬ ডিসেম্বর ১৯৭২
গ. ৭ মার্চ ১৯৭২　　ঘ. ২৬ মার্চ ১৯৭৩

উত্তর✓ খ ব্যাখ্যা ড. কামাল হোসেন ১৯৭২ সালের ১২ অক্টোবর গণপরিষদে খসড়া সংবিধান উত্থাপন করেন। গণপরিষদে বাংলাদেশের সংবিধান গৃহীত হয় ৪ নভেম্বর ১৯৭২ সালে। ৪ নভেম্বর সংবিধান দিবস। সংবিধানে গণপরিষদের সদস্যরা স্বাক্ষর করেন ১৫ ডিসেম্বর ১৯৭২ সালে। ১৬ ডিসেম্বর ১৯৭২ সালে বাংলাদেশের সংবিধান কার্যকর হয়।

৫৬. মুক্তিযুদ্ধকালে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছিল?

ক. এগার　　খ. দশ
গ. আট　　ঘ. পনের

উত্তর✓ ক ব্যাখ্যা কর্নেল এম এ জি ওসমানী ১১ জুলাই ১৯৭১ সালে বাংলাদেশকে ১১টি সেক্টরে বিভক্ত করেন। সাবসেক্টর ছিল ৬৪টি।

৫৭. শিক্ষা বলতে কী বোঝায়?

ক. জ্ঞান আহরণ
খ. ডিগ্রী অর্জন
গ. দক্ষতা অর্জন
ঘ. পরিবেশের সঙ্গে নিজেকে মানিয়ে সমাজ ও নিজের উপকারে তার পুনর্গঠন করার দক্ষতা আয়ত্ত করা　উত্তর ঘ


৫৮. শিক্ষকের কোন দিকে নজর দেয়া উচিত?

ক. সংবাদ দেয়া
খ. অনুসন্ধিৎসু মনের উন্নয়ন ঘটানো
গ. ছাত্রদের ব্যক্তিত্বের উন্নয়ন ঘটানো
ঘ. ছাত্রদের ক্লাস করতে সাহায্য করা　উত্তর খ

৫৯. ৭, ১০, ১৬, ২৮, ৫২, ... ধারাটির পরবর্তী সংখ্যা কত?

ক. ৭৫　　খ. ১০০
গ. ১০৫　　ঘ. ১৫০

উত্তর✓ খ ব্যাখ্যা



৬০. $(0.008)^2$ = কত?

ক. ০.০০১৬　　খ. ০.০০০০১৬
গ. ০.০০০১৬　　ঘ. ০.১৬

উত্তর✓ খ ব্যাখ্যা $(0.008)^2 = 0.008 \times 0.008 = 0.000016$

৬১. সমুদ্র স্রোতের অন্যতম কারণ–

ক. সমুদ্রের ঘূর্ণিঝড়
খ. সমুদ্রের পানিতে তাপের পরিচালনা
গ. সমুদ্রের পানিতে ঘনত্বের তারতম্য
ঘ. বায়ু প্রবাহের প্রভাব

উত্তর✓ ঘ ব্যাখ্যা সমুদ্র স্রোতের কারণসমূহ:
(১) বায়ুপ্রবাহ　　(২) উষ্ণতার তারতম্য
(৩) সমুদ্রের গভীরতা　　(৪) পৃথিবীর আহ্নিক গতি।

৬২. পৃথিবীর বায়বীয় আবরণ প্রধানত–

ক. ৩ স্তরবিশিষ্ট　　খ. ৪ স্তরবিশিষ্ট
গ. ৫ স্তরবিশিষ্ট　　ঘ. স্তরবিহীন

উত্তর✓ খ ব্যাখ্যা ভূ-পৃষ্ঠের চারপাশ বেষ্টন করে যে বায়ুর আবরণ আছে তাকে বায়ুমণ্ডল বলে। পৃথিবীর বায়বীয় আবরণ ৪ স্তরবিশিষ্ট। যথা: (১) ট্রপোমণ্ডল, (২) স্ট্রাটোমণ্ডল, (৩) মেসোমণ্ডল, (৪) তাপমণ্ডল।

৬৩. পৃথিবীর সর্বত্র দিবারাত্র সমান হয়–

ক. ২৩ অক্টোবর ও ২২ ডিসেম্বর　খ. ২২ ডিসেম্বর ও ২৩ সেপ্টেম্বর
গ. ২১ মার্চ ও ২৩ সেপ্টেম্বর　　ঘ. ২১ জুন ও ২২ ডিসেম্বর

উত্তর✓ গ ব্যাখ্যা পৃথিবীর সর্বত্র দিবারাত্র সমান হয় ২১ মার্চ ও ২৩ সেপ্টেম্বর। এই দুই দিন সূর্য উত্তর ও দক্ষিণ মেরু থেকে সমান দূরত্ব থাকে।

৬৪. পৃথিবী উত্তর দক্ষিণে কিঞ্চিত চাপা ও নিরক্ষীয় অঞ্চলে অপেক্ষাকৃত স্ফীত আকার ধারণ করার কারণ–

ক. মাধ্যাকর্ষণ শক্তি　　খ. মহাকর্ষ শক্তি
গ. প্রচন্ড উত্তাপ　　ঘ. অবিরাম আবর্তন

উত্তর✓ ক ব্যাখ্যা পৃথিবী যে বলে অন্য বস্তুকে আকর্ষণ করে তাকে মাধ্যাকর্ষণ বল বলে। পৃথিবীর উত্তর দক্ষিণে কিঞ্চিত করার কারণ হলো মাধ্যাকর্ষণ শক্তি।

৬৫. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়–

ক. ১৮৯৭ সালে　　খ. ১৯০২ সালে
গ. ১৯০৫ সালে　　ঘ. ১৯২১ সালে

উত্তর✓ ঘ ব্যাখ্যা ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১ জুলাই ১৯২১ সালে। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য নাথান কমিশন গঠিত হয় ২৭ মে ১৯১২ সালে। নাথান কমিশনের সদস্য ছিল ১৩ জন। সভাপতি ছিলেন ব্যারিস্টার রবার্ট নাথান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম চ্যান্সেলর লরেন্স জন লাথলে ডানডাস। প্রথম উপাচার্য ছিলেন ফিলিপ জোসেফ হার্টজ।

৬৬. বাংলা নববর্ষ পহেলা বৈশাখ চালু করেছিলেন–

ক. আকবর　　খ. ইলিয়াস শাহ
গ. লক্ষ্মণ সেন　　ঘ. বিজয় সেন

উত্তর✓ ক ব্যাখ্যা বাংলা সন প্রবর্তন করেন সম্রাট আকবর ১৫৮৪ সালে। সম্রাট আকবরের নির্দেশে পণ্ডিত ফতেহ উল্লাহ সিরাজী বাংলা সন তৈরি করেন। বাংলা সন গণনা কার্যকর করা হয় ৫ নভেম্বর ১৫৫৬ সাল থেকে। এই দিনে আকবর দ্বিতীয় পানিপথের যুদ্ধে হিমুকে পরাজিত করে সিংহাসনে বসেন।

www.examyd.net

৬৭. 'হিমছড়ি' কোন শহরের নিকট অবস্থিত?

ক. বান্দরবান খ. কক্সবাজার
গ. রাঙ্গামাটি ঘ. চট্টগ্রাম

উত্তর✓ খ [illegible] হিমছড়ি কক্সবাজার জেলায় অবস্থিত। এটি সমুদ্র সৈকত ও শীতল পানির ঝরনার জন্য বিখ্যাত।

৬৮. বিখ্যাত যুদ্ধক্ষেত্র 'ওয়াটার লু' অবস্থিত–

ক. ইংল্যান্ডে খ. ফ্রান্সে
গ. বেলজিয়ামে ঘ. অস্ট্রিয়াতে

উত্তর✓ গ [illegible] বিখ্যাত যুদ্ধক্ষেত্র 'ওয়াটার লু' বেলজিয়ামের ওয়াটারলু শহর থেকে দুই কিলোমিটার দূরে এবং বেলজিয়ামের রাজধানী ব্রাসেলস থেকে ১৫ কিলোমিটার দক্ষিণে অবস্থিত। ১৮১৫ সালের ১৮ জুন এখানে ফরাসি সম্রাট নেপোলিয়ন বোনাপার্ট দুইটি সম্মিলিত শক্তির নিকট পরাজিত হন। সম্মিলিত জোটে ছিল ডিউক অব ওয়েলিংটনের অধীন বৃটিশ সেনাবাহিনী এবং গাবার্ড ভন বুচারের অধীন পার্শিয়ান সেনাবাহিনী।

৬৯. 'সীমান্ত গান্ধী' নামে পরিচিত–

ক. রাজীব গান্ধী খ. ইন্দিরা গান্ধী
গ. মহাত্মা গান্ধী ঘ. খান আবদুল গাফফার খান

উত্তর✓ ঘ [illegible]

নাম	উপাধি/পরিচয়
আব্দুল গাফফার খান	সীমান্ত গান্ধী
মহাত্মা গান্ধী	ভারতের জাতির জনক
ইন্দিরা গান্ধী	ভারতীয় উপমহাদেশে 'লৌহমানবী' হিসেবে পরিচিত
রাজীব গান্ধী	ভারতের নবম প্রধানমন্ত্রী

৭০. দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় রাশিয়ার প্রেসিডেন্ট ছিলেন–

ক. স্টালিন খ. লেনিন
গ. রুজভেল্ট ঘ. হিটলার

উত্তর✓ ক [illegible]

নাম	উপাধি/পরিচয়
জোসেফ স্টালিন	দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় রাশিয়ার প্রেসিডেন্ট ছিলেন
লেনিন	১৯১৭ সালে রুশ বিপ্লবের নায়ক।
রুজভেল্ট	দ্বিতীয় বিশ্বযুদ্ধের শুরুতে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ছিলেন।
হিটলার	দ্বিতীয় বিশ্বযুদ্ধে জার্মানির চ্যান্সেলর ছিলেন।

৭১. আকাশে উজ্জ্বলতম নক্ষত্র কোনটি?

ক. ধ্রুবতারা খ. লুব্ধক
গ. প্রক্সিমা সেন্টোরাই ঘ. পুলজ

উত্তর খ

৭২. সৌরজগতের ক্ষুদ্রতম গ্রহ–

ক. পৃথিবী খ. শনি
গ. বুধ ঘ. বৃহস্পতি

উত্তর গ

৭৩. কে মুসলিম লীগ প্রতিষ্ঠা করেন?

ক. মাওলানা ভাসানী খ. সৈয়দ আমীর আলী
গ. হাজী মুহম্মদ মুহসীন ঘ. নওয়াব সলিমুল্লাহ

উত্তর✓ ঘ [illegible] ১৯০৬ সালের ৩০ নভেম্বর ঢাকায় নওয়াব সলিমুল্লাহর উদ্যোগে নিখিল ভারত মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়।

৭৪. স্থায়ী সালিশি আদালত কোথায়?

ক. হেগে খ. প্যারিসে
গ. লন্ডনে ঘ. জেনেভায়

উত্তর✓ ক [illegible] Permanent Court of Arbitration (PCA) বা স্থায়ী সালিশি আদালত ২৯ জুলাই ১৮৯৯ সালে প্রতিষ্ঠিত হয়। PCA এর সদর দপ্তর দ্য হেগ, নেদারল্যান্ডস এ অবস্থিত।

৭৫. 'হেরাল্ড ট্রিবিউন' প্রকাশিত হয়–

ক. লন্ডন থেকে খ. নিউইয়র্ক থেকে
গ. প্যারিস থেকে ঘ. ওয়াশিংটন থেকে

উত্তর✓ খ [illegible] 'হেরাল্ড ট্রিবিউন' একটি আমেরিকান পত্রিকা। এর সদর দপ্তর নিউইয়র্ক সিটিতে অবস্থিত। পত্রিকাটি প্রথম প্রকাশিত হয় ১৯২৪ সালে।

৭৬. ব্যারোমিটার আবিষ্কার করেন–

ক. এডিসন খ. গ্যালিলিও
গ. টরেসিলি ঘ. জর্জ কেলী

উত্তর✓ গ [illegible] বায়ুর চাপ পরিমাপক যন্ত্রের নাম ব্যারোমিটার। ব্যারোমিটার আবিষ্কার করেন টরেসিলি।

৭৭. বিদ্যুৎ প্রবাহের একক–

ক. ভোল্ট খ. জুল
গ. ওয়াট ঘ. এম্পিয়ার

উত্তর✓ ঘ [illegible] বিদ্যুৎ প্রবাহের একক হচ্ছে এম্পিয়ার (A)। পরিবাহীর কোনো প্রস্থচ্ছেদ দিয়ে অভিলম্বভাবে 1 সেকেন্ডে 1 কুলম্ব চার্জ প্রবাহিত হলে যে প্রবাহমাত্রা পাওয়া যায় তাহলে 1 এম্পিয়ার।

৭৮. ক্যান্সার রোগের কারণ–

ক. কোষের অস্বাভাবিক বৃদ্ধি খ. কোষের অস্বাভাবিক মৃত্যু
গ. কোষের জমাট বাঁধা ঘ. উপরের সবকটিই

উত্তর✓ ক [illegible] দেহকোষের দ্রুত ও অস্বাভাবিক বৃদ্ধি হল ক্যান্সার।

৭৯. কোনটি একবীজপত্রী উদ্ভিদ?

ক. আজ খ. ধান
গ. জাম ঘ. কাঁঠাল

উত্তর✓ খ [illegible] যেসব উদ্ভিদের বীজে একটি মাত্র বীজ থাকে তাকে একবীজপত্রী উদ্ভিদ বলে। যেমন: ধান, গম, ভুট্টা প্রভৃতি।

৮০. স্বাভাবিক অবস্থায় একজন মানুষের উপর প্রতি বর্গ ইঞ্চিতে বায়ুর চাপ পড়ে প্রায়–

ক. ১৩ পাউন্ড খ. ১০ পাউন্ড
গ. ১৫ পাউন্ড ঘ. ১৬ পাউন্ড

উত্তর গ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৭৬

প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২

সেট : ১ | [কোড : ডালিয়া] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ১২.১০.২০১২ | পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল

কক্সবাজার, কুমিল্লা, চট্টগ্রাম, ফেনী, শেরপুর, কিশোরগঞ্জ, শরীয়তপুর, গোপালগঞ্জ, ময়মনসিংহে।

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. 'বাংলাদেশ স্বপ্ন দ্যাখে' কাব্যগ্রন্থটি কোন কবির রচনা?
ক. ড. আশরাফ সিদ্দীকী | খ. সৈয়দ আলী আহসান
গ. শামসুর রাহমান | ঘ. সানাউল হক
উত্তর✓ গ
'বাংলাদেশ স্বপ্ন দ্যাখে' ছাড়াও শামসুর রাহমানের উল্লেখযোগ্য কাব্য : প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে, রৌদ্র করোটিতে, বিধ্বস্ত নীলিমা, নিরালোকে দিব্যরথ, নিজ বাসভূমে, বন্দী শিবির থেকে, ফিরিয়ে নাও ঘাতক কাঁটা, উদ্ভট উটের পিঠে চলেছে স্বদেশ, বুক তার বাংলাদেশের হৃদয়।

০২. 'উত্তম পুরুষ' উপন্যাসের রচয়িতা কে?
ক. রশীদ করীম | খ. শওকত ওসমান
গ. আবু জাফর শামসুদ্দীন | ঘ. বলাইচাঁদ মুখোপাধ্যায়
উত্তর✓ ক
'উত্তম পুরুষ' ছাড়াও রশীদ করীমের উল্লেখযোগ্য উপন্যাস : প্রসন্ন পাষাণ, আমার যত গ্লানি, সোনার পাথর বাটি।

০৩. 'তাপসী' নাটকটি কে রচনা করেছেন?
ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় | খ. দ্বিজেন্দ্রলাল রায়
গ. মীর মশাররফ হোসেন | ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর
উত্তর✓ খ
'তাপসী' ছাড়াও দ্বিজেন্দ্রলাল রায়ের উল্লেখযোগ্য নাটক : প্রতাপসিংহ, মেবারপতন, নূরজাহান, সাজাহান, চন্দ্রগুপ্ত।

০৪. কোনটি নিত্য সম্বন্ধীয় অব্যয়ের উদাহরণ?
ক. হ্যাঁ, আমি যাব | খ. যথা ধর্ম তথা জয়
গ. আবার যেতে হবে | ঘ. অতি ভক্তি চোরের লক্ষণ
উত্তর✓ খ
কতগুলো যুগ্মশব্দ পরস্পরের ওপর নির্ভরশীল, সেগুলো নিত্য সম্বন্ধীয় অব্যয় রূপে পরিচিত। যেমন : যথা - তথা, যত - তত, যখন - তখন, যেমন - তেমন ইত্যাদি।

০৫. কোন সমাসে ব্যাসবাক্য হয় না?
ক. নিত্য সমাস | খ. দ্বন্দ্ব সমাস
গ. তৎপুরুষ সমাস | ঘ. কর্মধারয় সমাস
উত্তর✓ ক
যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না, তাকে নিত্য সমাস বলে। যেমন : অন্য গৃহ = গৃহান্তর।

০৬. 'পরাজয়ে ভরে না বীর' বাক্যের নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে ৭মী | খ. অধিকরণে ৭মী
গ. কর্মে ৭মী | ঘ. অপাদানে ৭মী
উত্তর✓ ঘ
যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরব্ধ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়। তাকেই অপাদান কারক বলে। যেমন : পরাজয়ে ভরে না বীর।

০৭. 'কপোল ভাসিয়া গেল নয়নের জলে' বাক্যের নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় শূন্য | খ. করণে শূন্য
গ. কর্মে শূন্য | ঘ. কর্মে ৭মী
উত্তর✓ গ
যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্মকারক বলে। যেমন : আমাকে একখানা বই দাও।

০৮. কোনটি শুদ্ধ বানান?
ক. দধীচি | খ. দধিচী
গ. দধিচি | ঘ. দধীচী
উত্তর✓ ক
কতিপয় শুদ্ধ বানান : মরীচিকা, পিপীলিকা, কনীনিকা, অন্ত্যেষ্টিক্রিয়া, প্রতীকী, প্রতীচী, উদীচী, বাল্মীকি।

০৯. 'পুষ্প' এর সমার্থক শব্দ নয়–
ক. ফুল | খ. কুসুম
গ. অবনী | ঘ. প্রসূন
উত্তর✓ গ
'অবনী' শব্দের সমার্থক : পৃথিবী, ভুবন, অখিল, ধরা, ধরিত্রী, মহী, বসুমতী, মেদিনী, মর্ত্যলোক।

১০. 'চপল' এর বিপরীতার্থক শব্দ–
ক. স্তব্ধ | খ. ঠাণ্ডা
গ. গম্ভীর | ঘ. রাশভারী
উত্তর✓ গ
কতিপয় বিপরীতার্থক শব্দ : শান্ত - অশান্ত, শিষ্ট - অশিষ্ট, আচার - অনাচার, আদান - প্রদান, অধম - উত্তম, হাল - বেহাল, স্মৃতি - বিস্মৃতি।

১১. 'পড়েছি মোগলের হাতে খানা খেতে হবে সাথে'-এর অর্থ কী?
ক. ভদ্র ব্যক্তির সাথে খাদ্য খাওয়া
খ. মোগলের সাথে বসে খাদ্য খাওয়া
গ. সুদিন হঠাৎ করে ফিরে আসা
ঘ. বিপদে পড়ে কাজ করা
উত্তর✓ ঘ
কতিপয় প্রবচন : পাকা ধানে মই দেওয়া (কারও ক্ষতি করা), নিজের পায়ে কুড়াল মারা (নিজের অনিষ্টজনক কাজ করা), ধর্মের কল বাতাসে নড়ে (সত্য স্বাভাবিকভাবেই প্রকাশ পায়), জলে কুমির ডাঙায় বাঘ (উভয় সংকট), গাঁয়ে মানে না আপনি মোড়ল (অযাচিত কর্তৃত্ব করা), নানা মুনির নানা মত (সকলের মতানৈক্য)।

১২. 'যার অনেক বুদ্ধি আছে' তাকে বাগ্‌ধারা দিয়ে প্রকাশ করলে কী দাঁড়ায়?
ক. বুদ্ধির ঢেঁকি | খ. বিড়াল তপস্বী
গ. গভীর জলের মাছ | ঘ. ভূষণ্ডির কাক
উত্তর✓ গ
কতিপয় বাগ্‌ধারা : বুদ্ধির ঢেঁকি (নিরেট মূর্খ), বিড়াল তপস্বী (ভণ্ড), ভূষণ্ডির কাক (দীর্ঘজীবী), ভিজে বিড়াল (কপটাচারী), ভরাডুবি (সর্বনাশ), ছকড়া নকড়া (সস্তা দর), ছাপোষা (অত্যন্ত গরিব)।

১৩. 'নিরাময়' এর সন্ধিবিচ্ছেদ–
ক. নিরা + ময় | খ. নির + আময়
গ. নিঃ + ময় | ঘ. নির + ময়
উত্তর✓ Blank
নিঃ + আময় = নিরাময় (বিসর্গ সন্ধি)। পূর্বপদের শেষে যদি অ/আ ভিন্ন অন্য স্বরধ্বনির পর বিসর্গ (র-জাত) থাকে এবং পরপদের প্রথমে যদি স্বরধ্বনি থাকে তবে সন্ধির ফলে বিসর্গ 'র' হয়ে যায় এবং পরের স্বরধ্বনির সঙ্গে যুক্ত হয়। যেমন : নিঃ + আকার = নিরাকার।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

www.examed.net

১৪. কোনটি শুদ্ধ বানান?
ক. বিভিষীকা খ. বিভীষিকা
গ. বীভিষিকা ঘ. বীভিষীকা
উত্তর খ

১৫. 'কাক-ভূষণ্ডি' এর অর্থ কী?
ক. দীর্ঘায়ু ব্যক্তি খ. বাকসর্বস্ব
গ. ষড়যন্ত্রকারী ঘ. দীর্ঘ প্রতীক্ষমাণ
উত্তর ক কতিপয় বাগ্‌ধারা : উনপাঁজরে (অপদার্থ), উনপঞ্চাশ বায়ু (পাগলামি), ইঁচড়ে পাকা (অকালপক্ব), কুবেরের ভাণ্ডার (অফুরন্ত ঐশ্বর্য), কুল কাঠের আগুন (দীর্ঘস্থায়ী মনঃকষ্ট), কচু বনের কালাচাঁদ (অপদার্থ)।

১৬. 'Your conduct admits —— no excuse' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. at খ. for
গ. of ঘ. from
উত্তর =

Admit of	অবকাশ থাকা
Admit to	ভর্তি হওয়া বা করার ক্ষেত্রে ব্যবহৃত হয়
Admit at/for/from	এই ধরনের expression ব্যবহৃত হয় না।

এখানে Preposition 'of' ব্যবহার করলে বাক্যটির যথার্থ অর্থ প্রকাশে পায়। (তোমার আচরণে অজুহাত / কৈফিয়তের অবকাশ নেই)। সুতরাং সঠিক উত্তর অপশন (গ)

১৭. 'You should not blush —— shame at your own mistake' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. at খ. on
গ. open ঘ. with
উত্তর ঘ Blush এর পর on/upon ব্যবহৃত হয় না। 'Blush at' অর্থ হচ্ছে কোন কিছুতে/কারণে তীব্র প্রতিক্রিয়া উপস্থাপন করা। আকর 'blush with' অর্থ লজ্জায় লাল হয়ে যাওয়া বা বিব্রতার পরিস্থিতিতে পড়া।

১৮. 'Throw cold water on'-এর অর্থ হচ্ছে–
ক. Damp the spirits খ. Throwing cold water
গ. Ice water ঘ. None
উত্তর ক

Phrase/Word	Meaning
Throw cold water on	নিরুৎসাহিত করা
Damp the spirits	স্পৃহাকে অবদমন করা বা নিরুৎসাহিত করা।
Ice water	ঠান্ডা/বরফ পানি।
Throwing cold water	প্রশ্নে প্রদত্ত Phrase আর এই অপশনটি একই হওয়ায় এটি বাদ।

সুতরাং বলা যায় 'Throw cld water on'-Damp the spirits (নিরুৎসাহিত করা) সামঞ্জস্যপূর্ণ হওয়ায় এটিই সঠিক উত্তর।

১৯. কোনটি শুদ্ধ বানান?
ক. Efflorescence খ. Effluresence
গ. Efflorascence ঘ. Effloresence
উত্তর ক অপশনগুলোর মধ্যে সঠিক উত্তর অপশন (ক)
→ 'Efflorescence' (প্রস্ফুটন, পুষ্পায়ন)।

২০. 'By all means'-এর অর্থ হচ্ছে–
ক. Meaningless খ. Certainly
গ. Uncertainly ঘ. Meaningful
উত্তর খ

Word/Phrase	Meaning
By all means	যেকোনো উপায়ে; সর্বপন্থায়; নিশ্চিন্তরূপে কিছু হবেই এমন।
Meaningless	অর্থহীন।
Certainly	নিশ্চিতভাবে অর্থাৎ যেকোন উপায়ে হবেই এমন।
Uncertainly	অনিশ্চিতভাবে।
Meaningful	অর্থপূর্ণ

২১. Synonym of the word 'Vertical' is–
ক. Horizontal খ. Prone
গ. Inclined ঘ. Erect
উত্তর ঘ

Word	Meaning
Vertical	খাড়া, উলম্ব, লম্বভাবে দণ্ডায়মান।
Horizontal	অনুভূমিক।
Prone	ঝোক/প্রবণ।
Inclined	প্রবণ, প্রনত।
Erect	খাড়া, সোজা, লম্বালম্বি।

সুতরাং 'Vertical' শব্দের সমার্থক শব্দ হচ্ছে 'Erect'।

২২. Antonym of the word 'Fantasy' is–
ক. Illusion খ. Dream
গ. Fact ঘ. Credit
উত্তর গ

Word	Meaning
Fantasy	স্বপ্নিল, কাল্পনিক পরিস্থিতি বা জগত।
Illusion	জাল, মোহ, অবাস্তব কল্পনা।
Dream	স্বপ্ন, কাল্পনিকজগত
Fact	প্রকৃত, বাস্তবিক।
Credit	জমা,ধার,বিশ্বাস,সম্মান

২৩. কোনটি শুদ্ধ বানান?
ক. Sychology খ. Psykology
গ. Sycology ঘ. Psychology
উত্তর ঘ অপশনগুলোর মধ্যে সঠিক উত্তর অপশন (ঘ)
→ psychology (মনোবিদ্যা, মনোবিজ্ঞান)।

২৪. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. He cannot pronounciate the word
খ. I saw his pulse
গ. Tell me where are you going?
ঘ. Dog is a faithful animal
উত্তর ঘ অপশন (ক), (খ) ও (গ) সঠিক নয়। অপশনগুলোর মধ্যে সঠিক উত্তর অপশন (ঘ)। প্রথম অপশনে 'Pronounciate' এর পরিবর্তে 'Pronounce'। দ্বিতীয় অপশনে 'saw' এর পরিবর্তে 'felt' এবং তৃতীয় অপশনে 'Tell me where you are going' থাকলে অপশনগুলো সঠিক হতো। চতুর্থ অপশনে কোনো ধরনের ভুল নাই বিধায় এটিই সঠিক উত্তর।

www.examb.net

২৫. নিচের কোন বাক্যটি শুদ্ধ?

ক. A Daniel has come to the judgement

খ. He got the work done

গ. He went to his elder

ঘ. I have read a poetry

উত্তর√ খ প্রথম অপশনে 'A Daniel is in the judgement' হলে বাক্যটি সঠিক হতো। তৃতীয় অপশনটিতে 'He went to his elder brother' বললে বাক্যটি সঠিক হতো। চতুর্থ অপশনে 'I have read a poem' বললে প্রদত্ত অপশনটি সঠিক হতো। অন্যদিকে Causative 'get' এর পর বস্তু থাকলে Vpp/v3 হবে (অর্থাৎ He got the work done)।

২৬. He said, "How charming the sight is!" বাক্যের indirect speech হচ্ছে–

ক. He exclaimed that the sight was very charming

খ. He exclaimed that the sight was charming

গ. He exclaimed that the sight is very charming

ঘ. He exclaimed that the sight is charming

উত্তর√ ক Present continuous Tense এ প্রদত্ত exclamatory sentence টিকে Indirect করার নিয়ম নিম্নরূপ: Reporting Verb 'said' এর স্থলে exclaimed, অতঃপর that বসবে। Present Continuous Tense এর পরিবর্তে "" এর ভিতরের অংশ Past Continuous হবে। উল্লেখ্য 'How'এর স্থলে 'very' বসাতে হবে এবং বাক্যটি Assertive হবে। সুতরাং এই নিয়মানুযায়ী সঠিক উত্তর অপশন (ক)→ He exclaimed that the sight was very charming।

২৭. 'He said that he had come to see me' বাক্যের direct speech হচ্ছে–

ক. He said, "He has come to see you."

খ. He said, "I have come to see you."

গ. He said, "I had come to see you."

ঘ. He said, "I came to see you."

উত্তর√ খ Reporting verb হিসেবে said, এবং এর ভেতর Present Perfect Tense হবে যেহেতু প্রশ্নে Past Perfect Tense আছে। সুতরাং সঠিক উত্তর অপশন (খ)→ He said, "I have come to see you"

২৮. 'Am I wanted by you?' বাক্যের active voice হচ্ছে–

ক. Are you wanted me?

খ. Did you want me?

গ. Does you want me?

ঘ. Do you want me

উত্তর√ ঘ প্রশ্নে প্রদত্ত বাক্যটিকে Passive করার নিয়ম নিম্নরূপ: Passive sentence যদি Am/is/are দিয়ে শুরু হয় তাহলে Active বাক্যে Do/ Does ব্যবহৃত হবে। যেহেতু এখানে Second person (you) তাই Do দিয়ে বাক্য শুরু করতে হবে। উল্লেখ্য Subject যদি 'Third person singular' হতো তাহলে Does দিয়ে Active বাক্য শুরু করতে হতো।

২৯. 'He is poor but honest.' বাক্যে Conjunction কোনটি?

ক. poor খ. honest

গ. but ঘ. he

উত্তর√ গ প্রদত্ত প্রশ্নে 'but' দ্বারা দুটো Clause বা বাক্যাংশকে যুক্ত করা হয়েছে। Word দুই বা ততোধিক বাক্যে। বাক্যাংশ বা Word (শব্দ) কে যুক্ত করে তাকে Conjunction বলে। প্রদত্ত বাক্যে Two sentences "He is poor" এবং "He is honest" but দ্বারা যুক্ত হয়েছে বিধায় এটি Conjunction।

৩০. 'Mother laughs' বাক্যে 'laughs' কিসের উদাহরণ?

ক. Intransitive verb খ. Auxilliary verb

গ. Transitive verb ঘ. Causative verb

উত্তর√ ক Verb এর object থাকলে Transtive, না থাকলে Intransitive verb হয়। প্রশ্নে প্রদত্ত বাক্য "Mother laughs"– এই বাক্যটিতে কোনো Object নাই। তাই laughs হচ্ছে Intransitive verb।

৩১. একটি বহুভুজের বাহুর সংখ্যা ৬ হলে, বহুভুজের অন্তঃকোণগুলোর সমষ্টি কত হবে?

ক. চার সমকোণ খ. ছয় সমকোণ

গ. সাত সমকোণ ঘ. আট সমকোণ

উত্তর√ ঘ বহুভুজের অন্তকোণ $= \frac{n-২}{n} \times ১৮০^\circ$

$= \frac{৬-২}{৬} \times ১৮০^\circ$

$= \frac{৪}{৬} \times ১৮০^\circ$

$= ১২০^\circ$

বহুভুজের অন্তঃকোণের সমষ্টি $= ৬ \times ১২০^\circ = ৭২০^\circ = ৮$ সমকোণ

৩২. একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গ ঐ সরলরেখার অর্ধেকের উপর অঙ্কিত বর্গের কতগুণ?

ক. দ্বিগুণ খ. তিনগুণ

গ. চারগুণ ঘ. পাঁচগুণ

উত্তর√ গ মনে করি,

সরলরেখাটির দৈর্ঘ্য x মি.

এর উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল x^2 বর্গমি.

সরলরেখাটির অর্ধেকের $\left(\frac{x}{2}\right)$ " $\frac{x^2}{4}$ "

$\therefore x^2 \div \frac{x^2}{4} = x^2 \times \frac{4}{x^2}$

$= 4$ গুণ।

৩৩. $a + b = 5$ এবং $a - b = 3$ হলে, ab-এর মান কত?

ক. 5 খ. 4

গ. 3 ঘ. 2

উত্তর√ খ $ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$

$= \left(\frac{5}{2}\right)^2 - \left(\frac{3}{2}\right)^2$

$= \frac{25}{4} - \frac{9}{4}$

$= \frac{25-9}{4}$

$= \frac{16}{4}$

$= 4$

www.exambd.net

৩৪. $x-\frac{1}{x}=2$ হলে, $x^4+\frac{1}{x^4}$ = কত?

ক. 34 খ. 32
গ. 31 ঘ. 30

উত্তর✓ ক

$$x^4+\frac{1}{x^4}=(x^2)^2+\left(\frac{1}{x^2}\right)^2$$
$$=\left(x^2+\frac{1}{x^2}\right)^2-2.x^2.\frac{1}{x^2}$$
$$=\left\{\left(x-\frac{1}{x}\right)^2+2.x.\frac{1}{x}\right\}^2-2$$
$$=\{2^2+2\}^2-2$$
$$=(4+2)^2-2$$
$$=6^2-2$$
$$=36-2$$
$$=34$$

৩৫. এক কুড়ি কমলা ৫০ টাকায় ক্রয় করে এক ডজন কমলা ৩৬ টাকায় বিক্রয় করা হলো। শতকরা কত লাভ হলো?

ক. ১০% খ. ১৫%
গ. ১৮% ঘ. ২০%

উত্তর✓ খ

$\frac{\text{বিক্রয় সংখ্যা}}{\text{ক্রয় সংখ্যা}}=\frac{১০০\times\text{বিক্রয়মূল্য}}{\text{ক্রয়মূল্য (১০০+লাভ)}}$

ক্রয় সংখ্যা = ২০টি
বিক্রয় সংখ্যা = ১২টি
ক্রয়মূল্য = ৫০ টাকা
বিক্রয়মূল্য = ৩৬ টাকা
লাভ = ?

$$\Rightarrow\frac{১২}{২০}=\frac{১০০\times৩৬}{৫০(১০০+\text{লাভ})}$$
$$\Rightarrow ১০০+\text{লাভ}=\frac{১০০\times৩৬\times২০}{১২\times৫০}$$
$$\Rightarrow ১০০+\text{লাভ}=১২০$$
$$\Rightarrow \text{লাভ}=১২০-১০০=২০$$
$$\therefore \text{লাভ}=২০ \text{ টাকা}।$$

৩৬. ৫৬০ টাকায় একটি চেয়ার কিনে কত টাকায় বিক্রয় করলে ২৫% লাভ হবে?

ক. ৮০০ টাকা খ. ৭৫০ টাকা
গ. ৭০০ টাকা ঘ. ৬০০ টাকা

উত্তর✓ গ

$$\text{বিক্রয়মূল্য}=\frac{১০০+\text{লাভ}}{১০০}\times\text{ক্রয়মূল্য}$$
$$=\frac{১০০+২৫}{১০০}\times৫৬০$$
$$=\frac{১২৫}{১০০}\times৫৬০$$
$$=৭০০ \text{ টাকা}।$$

৩৭. একজন পুরুষ যে কাজ ১ দিনে করতে পারে ঐ কাজ ১ জন স্ত্রীলোকের করতে ৩ দিন লাগে। একটি কাজ ১৫ জন পুরুষ ১ দিনে করতে পারে। ঐ কাজ একদিনে করতে কতজন স্ত্রীলোকের প্রয়োজন–

ক. ৪৫ খ. ৯০
গ. ১৩৫ ঘ. ৩০

উত্তর✓ ক

১ জন পুরুষের কাজ ৩ জন স্ত্রীলোকের কাজ
১৫ " " " (৩×১৫) বা ৪৫ জন স্ত্রীলোকের কাজ

৩৮. ক একটি কাজ ৫ দিনে এবং খ তা ১০ দিনে করতে পারে। তারা একত্রে ১ দিনে এর কত অংশ করতে পারবে?

ক. $\frac{১}{১৫}$ খ. $\frac{৩}{১০}$
গ. $\frac{২}{১৫}$ ঘ. $\frac{১}{১০}$

উত্তর✓ খ একত্রে করলে,

$$\text{সময়}=\frac{\text{বড় সংখ্যা}\times\text{ছোট সংখ্যা}}{\text{বড় সংখ্যা}+\text{ছোট সংখ্যা}}\times\text{অংশ}$$
$$\Rightarrow ১=\frac{১০\times৫}{১০+৫}\times\text{অংশ}$$
$$\Rightarrow \text{অংশ}=\frac{১৫}{৫০}=\frac{৩}{১০}$$
$$\therefore \text{অংশ}=\frac{৩}{১০}$$

৩৯. একটি সোনার গহনার ওজন ১৬ গ্রাম। তাতে সোনা ও তামার পরিমাণ সমান ৩ : ১। তাতে কি পরিমাণ সোনা মেশালে অনুপাত ৪ : ১ হবে?

ক. ৬ গ্রাম খ. ৫ গ্রাম
গ. ৪ গ্রাম ঘ. ৮ গ্রাম

উত্তর✓ গ অনুপাতদ্বয়ের যোগফল $(৩+১)=৪$

সোনার পরিমাণ $\left(১৬ \text{ এর } \frac{৩}{৪}\right)=১২$ গ্রাম

তামার পরিমাণ $\left(১৬ \text{ এর } \frac{১}{৪}\right)=৪$ গ্রাম

ধরি, x গ্রাম সোনা মেশাতে হবে,
প্রশ্নমতে, $x+১২ : ৪ = ৪ : ১$

$$\Rightarrow\frac{x+১২}{৪}=\frac{৪}{১}$$
$$\Rightarrow x+১২=১৬$$
$$\therefore x=১৬-১২=৪ \text{ গ্রাম}।$$

৪০. দুটি গোলকের আয়তনের অনুপাত ৮ : ২৭। তাদের ক্ষেত্রফলের অনুপাত কত?

ক. ৪ : ৯ খ. ৪ : ১৫
গ. ২ : ৩ ঘ. ৫ : ৩

উত্তর✓ ক ১ম গোলকের আয়তন $=\frac{4}{3}\pi r_1^3$

২য় গোলকের আয়তন $=\frac{4}{3}\pi r_2^3$

প্রশ্নমতে, $\frac{4}{3}\pi r_1^3 : \frac{4}{3}\pi r_2^3 = 8 : 27$

$$\Rightarrow\frac{\frac{4}{3}\pi r_1^3}{\frac{4}{3}\pi r_2^3}=\frac{8}{27} \quad \Rightarrow\frac{r_1^3}{r_2^3}=\frac{8}{27} \quad \Rightarrow\frac{r_1}{r_2}=\frac{2}{3}$$

∴ ১ম গোলকের ক্ষেত্রফল : ২য় গোলকের ক্ষেত্রফল
$= 4\pi r_1^2 : 4\pi r_2^2$

$$=\frac{4\pi r_1^2}{4\pi r_2^2}=\left(\frac{r_1}{r_2}\right)^2=\left(\frac{2}{3}\right)^2=\frac{4}{9}=4:9$$

www.exambd.net

৪১. ৬, ৮, ১০ এর গাণিতিক গড় ৭, ৯ ও কোন সংখ্যার গাণিতিক গড়ের সমান?

ক. ৫ খ. ৮
গ. ৬ ঘ. ১০

উত্তর✓ খ ব্যাখ্যা: ৬, ৮, ১০ এর গড় $= \frac{৬+৮+১০}{৩} = \frac{২৪}{৩} = ৮$

৭, ৯ ও x এর গড় $= \frac{৭+৯+x}{৩} = \frac{১৬+x}{৩}$

প্রশ্নমতে, $\frac{১৬+x}{৩} = ৮$

$\Rightarrow ১৬ + x = ২৪$

$\Rightarrow x = ২৪ - ১৬ = ৮$

$\therefore x = ৮$

৪২. ৬ বছর পূর্বে পিতার বয়স ছিল পুত্রের বয়সের ৫ গুণ। বর্তমানে পিতার বয়স পুত্রের বয়সের ৩ গুণ। তাহলে পিতা ও পুত্রের বর্তমান বয়স কত?

ক. ৪৮ বছর, ১৬ বছর খ. ২৪ বছর, ৮ বছর
গ. ৯ বছর, ৩ বছর ঘ. ৩৬ বছর, ১২ বছর

উত্তর✓ ঘ ব্যাখ্যা: মনে করি, বর্তমানে পুত্রের বয়স x বছর
" পিতার " ৩x "
৬ বছর পূর্বে পুত্রের বয়স $(x - ৬)$ বছর
৬ " " পিতার " $(৩x - ৬)$ "
প্রশ্নমতে, $৩x - ৬ = ৫(x - ৬)$
$\Rightarrow ৩x - ৬ = ৫x - ৩০$
$\Rightarrow ৫x - ৩x = ৩০ - ৬$
$\Rightarrow ২x = ২৪$
$\therefore x = \frac{২৪}{২} = ১২$
$\therefore$ পুত্র ১২ বছর, পিতার $(৩ \times ১২) = ৩৬$ বছর।

৪৩. প্রতি বছর কোনো শহরের লোকসংখ্যার ৭% জন্মগ্রহণ করে এবং ৩% মারা যায়। এক বছরে শহরে ৪০০ জন লোক বৃদ্ধি পেলে ঐ শহরের মোট লোকসংখ্যা কত?

ক. ৪০০০ খ. ৭০০০
গ. ১০০০০ ঘ. ১৪০০০

উত্তর✓ গ ব্যাখ্যা: বৃদ্ধি প্রাপ্ত জনসংখ্যা $(৭ - ৩)\% = ৪\%$
৪ জন বৃদ্ধি পায় যখন জনসংখ্যা ১০০ জন
১ " " " " " $\frac{১০০}{৪০}$ "
৪০০ " " " " " $\frac{১০০ \times ৪০০}{৪} = ১০০০০$ জন

৪৪. নাড়ীর স্পন্দন প্রবাহিত হয়–

ক. ধমনীর ভিতর দিয়ে খ. স্নায়ুর ভিতর দিয়ে
গ. শিরার ভিতর দিয়ে ঘ. ল্যাকটিমালের ভিতর দিয়ে

উত্তর✓ ক ব্যাখ্যা: যেসব রক্তনালির মাধ্যমে রক্ত হৃৎপিণ্ড থেকে দেহের বিভিন্ন অংশে বাহিত হয় তাকে ধমনি বলে। ধমনির ভিতর দিয়ে নাড়ির স্পন্দন প্রবাহিত হয়।

৪৫. পানির জীব হয়েও বাতাসে নিঃশ্বাস নেয়–

ক. পটকা মাছ খ. শুশুক মাছ
গ. হাঙ্গর ঘ. জেলীফিস

উত্তর✓ খ ব্যাখ্যা: পানিতে দ্রবীভূত অক্সিজেন গ্রহণ করে মূলত জলজ জীব বেঁচে থাকে। কিন্তু শুশুক মাছ পানির অক্সিজেন ছাড়াও বাতাসের অক্সিজেন গ্রহণ করে নিঃশ্বাস নিতে পারে।

৪৬. পরমাণুর নিউক্লিয়াসে কি কি থাকে?

ক. ইলেকট্রন ও পজিট্রন খ. ইলেকট্রন ও প্রোটিন
গ. নিউট্রন ও পজিট্রন ঘ. নিউট্রন ও প্রোটিন

উত্তর✓ ঘ ব্যাখ্যা: পরমাণুর নিউক্লিয়াসে চার্জ নিরপেক্ষ নিউট্রন ও ধনাত্মক চার্জযুক্ত প্রোটন থাকে। আর ইলেকট্রন নিউক্লিয়াসের বাইরে অবস্থান করে।

৪৭. কোন মৌলিক অধাতু সাধারণ তাপমাত্রায় তরল থাকে?

ক. পারদ খ. ব্রোমিন
গ. আয়োডিন ঘ. সিলিনিয়াম

উত্তর✓ খ ব্যাখ্যা: সাধারণ তাপমাত্রায় ব্রোমিন (Br) অধাতু তরল অবস্থায় থাকে।

৪৮. রংধনু সৃষ্টির সময় পানির কণাগুলো কিসের কাজ করে?

ক. লেন্সের খ. আতশী কাচের
গ. প্রিজমের ঘ. দর্পণের

উত্তর✓ গ ব্যাখ্যা: বৃষ্টির ফোঁটায় সূর্যের আলো পড়লে বৃষ্টির ফোঁটা প্রিজমের ন্যায় কাজ করে এবং সূর্যের সাদা আলো বিশ্লিষ্ট হয়ে সূর্যের বিপরীত দিকে আকাশে উজ্জ্বল বর্ণের অর্ধবৃত্ত তৈরি করে যা রংধনু নামে পরিচিত।

৪৯. চাঁদে নিয়ে গেলে কোনো বস্তুর ওজন–

ক. কমবে খ. বাড়বে
গ. শূন্য হবে ঘ. একই থাকবে

উত্তর✓ ক ব্যাখ্যা: অভিকর্ষজ ত্বরণের মানের উপর বস্তুর ওজন নির্ভর করে। পৃথিবী থেকে উপরে গেলে অভিকর্ষজ ত্বরণ (g) এর মান কমে। তাই চাঁদে নিয়ে গেলে কোনো বস্তুর ওজন কমবে।

৫০. অর্কিড কি ধরনের উদ্ভিদ?

ক. মৃতজীবী খ. মিথোজীবী
গ. পরাশ্রয়ী ঘ. কোনোটিই নয় উত্তর✓ গ

৫১. কোন গাছে ভাইরাস মোজাইক রোগ উৎপন্ন করে?

ক. ধান গাছে খ. তামাক গাছে
গ. বেগুন গাছে ঘ. পাট গাছে

উত্তর✓ খ ব্যাখ্যা: ধানের টুংগ্রো, তামাকের মোজাইক, পেঁপে ও টমেটোর লিফকার্ল প্রভৃতি রোগের জন্য ভাইরাস দায়ী।

৫২. ফনোগ্রাফ কে আবিষ্কার করেন?

ক. মার্কনি খ. ফ্যারাডে
গ. রন্টজেন ঘ. এডিসন উত্তর✓ ঘ

৫৩. নিচের কোনটিকে কম্পিউটারের মস্তিষ্ক বলা হয়?

ক. কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ খ. স্মৃতি
গ. যুক্তি বর্তনী ঘ. নির্গমন মুখ উত্তর✓ ক

৫৪. রাষ্ট্রবিজ্ঞানের প্রতিষ্ঠাতা কে?

ক. প্লেটো　　খ. বার্জেস
গ. এরিষ্টটল　　ঘ. গ্যেটে

উত্তর✓ গ

- বিখ্যাত গ্রিক দার্শনিক এরিস্টটল রাষ্ট্রবিজ্ঞান, প্রাণিবিজ্ঞানী ও গণতন্ত্রের জনক।
- প্লেটো একজন গ্রিক দার্শনিক। তিনি এরিস্টটলের শিক্ষক ছিলেন। তার বিখ্যাত গ্রন্থ 'রিপাবলিক'।
- Johann Wolfgang von Goethe জার্মান লেখক ও কবি। গ্যেটে একাধারে কবিতা, নাটক, সাহিত্য, ধর্মতত্ত্ব এবং বিজ্ঞানের ক্ষেত্রে অবদান রেখেছেন।

৫৫. মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য কতজনকে বীর উত্তম খেতাবে ভূষিত করা হয়?

ক. ৬২ জন　　খ. ৬৮ জন
গ. ৫৮ জন　　ঘ. ৪৪ জন

উত্তর✓ খ ১৯৭৩ সালের ১৫ ডিসেম্বর সরকারি গেজেট প্রকাশের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মুক্তিযোদ্ধাদের খেতাব প্রদান করে। মোট ৬৭৬ জন মুক্তিযোদ্ধাকে ৪টি ভাগে বিভক্ত করে খেতাব প্রদান করা হয়।
বীরশ্রেষ্ঠ – ৭ জন,
বীর উত্তম – ৬৮ জন,
বীর বিক্রম – ১৭৫ জন,
বীর প্রতীক – ৪২৬ জন।

৫৬. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে?

ক. হাসেম খান　　খ. জয়নুল আবেদীন
গ. হামিদুর রহমান　　ঘ. কামরুল হাসান

উত্তর✓ ঘ জাতীয় পতাকা প্রথম নকশা করেন শিব নারায়ণ দাস ৬ জুন ১৯৭০ সালে। এই পতাকায় বাংলাদেশের মানচিত্র ছিল। মানচিত্র ছাড়া বাংলাদেশের বর্তমান পতাকার ডিজাইন করেন শিল্পী কামরুল হাসান। বাংলাদেশের জাতীয় পতাকা গৃহীত হয় ১৭ জানুয়ারি ১৯৭২ সালে।

৫৭. শিক্ষার মূল লক্ষ্য কি?

ক. মানুষকে সৎ হিসেবে গড়ে তোলা
খ. মূল্যবোধ জাগানো ও ব্যক্তির গুণাবলির যথার্থ বিকাশ
গ. বিভিন্ন বিষয়ে জ্ঞান অর্জন করা
ঘ. বৃত্তিমূলক দক্ষতা বাড়ানো　　উত্তর খ


৫৮. শিক্ষক হয়ে আপনি কিভাবে একজন দুর্বল ছাত্রকে সংশোধন করবেন?

ক. ছাত্রটির মানসিক অবস্থা বুঝে, তার আগ্রহের বিষয় থেকে তাকে মূল স্রোতের আগ্রহে ফিরিয়ে এনে
খ. ভালোভাবে পড়াশুনা করিয়ে
গ. তার মনের ভেতরের প্রবৃত্তিকে উসকে দিয়ে
ঘ. তাকে ভালোরকম শাসন করে　　উত্তর ক

৫৯. ৯, ১১, ১৫, ২৩, ৩৯ ... ধারাটির পরবর্তী সংখ্যা কত?

ক. ৫২　　খ. ৬৫
গ. ৭১　　ঘ. ৯২

উত্তর✓ গ



৬০. কোন ভগ্নাংশটি $\frac{২}{৩}$ থেকে বড়?

ক. $\frac{৮}{১১}$　　খ. $\frac{৩}{৫}$
গ. $\frac{১৩}{২৭}$　　ঘ. $\frac{৩৩}{৫০}$

উত্তর✓ ক $\frac{২}{৩} = ০.৬৬$

(ক) $\frac{৮}{১১} = ০.৭২$　　(খ) $\frac{৩}{৫} = ০.৬$
(গ) $\frac{১৩}{২৭} = ০.৪৮$　　(ঘ) $\frac{৩৩}{৫০} = ০.৬৬$

$\frac{৮}{১১} = ০.৭২$ যা $\frac{২}{৩} = ০.৬৬$ থেকে বৃহত্তম।

৬১. পৃথিবীতে দ্বিতীয় বৃহত্তম মহাসাগর–

ক. আরব সাগর　　খ. দক্ষিণ মহাসাগর
গ. ভারত মহাসাগর　　ঘ. আটলান্টিক মহাসাগর

উত্তর✓ ঘ

সাগর/মহাসাগর	বৈশিষ্ট্য
প্রশান্ত মহাসাগর	পৃথিবীর বৃহত্তম মহাসাগর
আটলান্টিক মহাসাগর	বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মহাসাগর
ভারত মহাসাগর	বিশ্বের তৃতীয় বৃহত্তম মহাসাগর
দক্ষিণ মহাসাগর	বিশ্বের চতুর্থ বৃহত্তম মহাসাগর
আরব সাগর	ভারত মহাসাগরের একটি অংশ

৬২. যে বায়ু সর্বদাই উচ্চচাপ অঞ্চল হতে নিম্নচাপ অঞ্চলের দিকে প্রবাহিত হয় তাকে বলা হয়–

ক. নিয়ত বায়ু　　খ. মৌসুমী বায়ু
গ. প্রত্যয়ন বায়ু　　ঘ. আয়ন বায়ু

উত্তর✓ ক যে বায়ু পৃথিবীর উচ্চ চাপ অঞ্চল হতে সর্বদাই নিম্নচাপ অঞ্চলের দিকে প্রবাহিত হয় তাকে নিয়ত বায়ু বলে। নিয়ত বায়ু-আয়ন বায়ু, প্রত্যয়ন বায়ু, মেরু বায়ু ইত্যাদিতে বিভক্ত।

৬৩. দক্ষিণ গোলার্ধ ও সূর্যের মধ্যে সবচেয়ে বেশি দূরত্ব হয়–

ক. ১ ডিসেম্বর　　খ. ২১ জুলাই
গ. ২১ জুন　　ঘ. ২২ ডিসেম্বর　　উত্তর গ

৬৪. মেরু রেখা বা অক্ষের দক্ষিণ প্রান্তকে বলে–

ক. সুমেরু　　খ. কুমেরু
গ. বিষুব রেখা　　ঘ. ব্রাদিমা রেখা

উত্তর✓ খ মেরু রেখা বা আলোর দক্ষিণ প্রান্তকে কুমেরু বলে। কুমেরু অক্ষাংশ ৯০° দক্ষিণ।

৬৫. বাংলাদেশ সিভিল সার্ভিসে ক্যাডার কয়টি?

ক. ৫টি　　খ. ২১টি
গ. ২২টি　　ঘ. ২৯টি

উত্তর✓ গ বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডার সংখ্যা বর্তমানে ২২টি। সর্বশেষ ১৫ সেপ্টেম্বর ২০১৪ সালে টেলিকমিউনিকেশন ক্যাডার বিলুপ্ত হয়।

www.exambd.net

৬৬. প্রাচীন পুণ্ড্রবর্ধন নগর কোন স্থানে অবস্থিত?
ক. মহাস্থানগড় খ. পাহাড়পুর
গ. ময়নামতি ঘ. বিক্রমপুর
উত্তর✓ ক ব্যাখ্যা প্রাচীন পুণ্ড্রবর্ধন নগর বর্তমান বগুড়া জেলার মহাস্থানগড়ে অবস্থিত। মহাস্থানগড় করতোয়া নদীর তীরে অবস্থিত। বিখ্যাত সাধক শাহ সুলতান বলখির মাজার মহাস্থানগড়ে অবস্থিত।

৬৭. বাংলাদেশের জাতীয় সংসদে কোরাম হয় কত সদস্যের উপস্থিতিতে?
ক. ৫৭ জন খ. ৬০ জন
গ. ৬২ জন ঘ. ৬৫ জন
উত্তর✓ খ ব্যাখ্যা বাংলাদেশের সংবিধানের পঞ্চম ভাগের ৭৫(২) নং অনুচ্ছেদ অনুযায়ী, বাংলাদেশের জাতীয় সংসদের কোরাম হয় ৬০ জন সদস্যের উপস্থিতিতে।

৬৮. তৈমুর লং ভারত আক্রমণ করেন–
ক. ১৬৯৮ সালে খ. ১৫৯৮ সালে
গ. ১৩৯৮ সালে ঘ. ১২৯৮ সালে
উত্তর✓ গ ব্যাখ্যা সর্বপ্রথম ভারতে মুঘল সাম্রাজ্যের সূত্রপাত করেন তৈমুর লং। তিনি ১৩৯৮ সালে ভারত আক্রমণ করে দিল্লিতে প্রবেশ করেন।

৬৯. ইউরোপে রেনেসাঁ শুরু হয়–
ক. সপ্তদশ শতাব্দীতে খ. ষোড়শ শতাব্দীতে
গ. পঞ্চদশ শতাব্দীতে ঘ. চতুর্দশ শতাব্দীতে
উত্তর✓ ঘ ব্যাখ্যা ফরাসি শব্দ Renaissance এর অর্থ পুনর্জন্ম বা পুনর্জাগরণ। ইউরোপে বিশেষ করে ইতালিতে রেনেসাঁস সংগঠিত হয় চতুর্দশ থেকে ষোড়শ শতাব্দী পর্যন্ত। এ যুগের প্রধান বৈশিষ্ট্য ছিল প্রাচীন পুস্তক অধ্যয়নের অনুশীলন বৃদ্ধি,। রাজকীয় ও ধর্মীয় পৃষ্ঠপোষকতার উত্থান, চিত্রকলায় দৃষ্টিভঙ্গির ব্যবহার এবং বিজ্ঞানের সামগ্রিক উন্নতি।

৭০. 'লীগ অব নেশনস'-এর জন্ম–
ক. ১৯২০ সালে খ. ১৯২১ সালে
গ. ১৯২২ সালে ঘ. ১৯২৪ সালে
উত্তর✓ = ব্যাখ্যা League of Nations বা জাতিপুঞ্জের প্রস্তাবক ছিলেন যুক্তরাষ্ট্রের ২৮তম প্রেসিডেন্ট উড্রো উইলসন। উড্রো উইলসন প্রদত্ত ১৪ দফার ১৪ নং দফায় জাতিপুঞ্জ গঠনের কথা বলা হয়েছিল। ১৯১৯ সালের ২৮ জুন ফ্রান্সে ভার্সাই চুক্তি স্বাক্ষরের মাধ্যমে জাতিপুঞ্জ গঠিত হয়। League of Nations আনুষ্ঠানিকভাবে বিলুপ্ত হয় ২০ এপ্রিল ১৯৪৬ সালে।

৭১. সৌরজগতের দ্বিতীয় বৃহত্তম গ্রহ–
ক. পৃথিবী খ. শনি
গ. বুধ ঘ. বৃহস্পতি উত্তর খ

৭২. পৃথিবীর শক্তির মূল উৎস–
ক. মাধ্যাকর্ষণ শক্তি খ. অভিকর্ষ শক্তি
গ. সূর্য ঘ. পারমাণবিক শক্তি উত্তর গ

৭৩. আগরতলা ষড়যন্ত্র মামলায় কতজনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহিতার অভিযোগ আনা হয়?
ক. ৩৪ জন খ. ৪৪ জন
গ. ৫৪ জন ঘ. ২৪ জন
উত্তর✓ ব্যাখ্যা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে প্রধান আসামী করে আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয় ৩ জানুয়ারি ১৯৬৮ সালে। এই মামলার আসামি ছিলেন মোট ৩৫ জন। আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার করা হয় ২২ ফেব্রুয়ারি ১৯৬৯ সালে।

৭৪. ইন্টারপোল সংস্থার সদর দপ্তর কোথায়?
ক. দি নেদারল্যান্ডস খ. রাশিয়া
গ. ভার্সাই ঘ. প্যারিস
উত্তর✓ ব্যাখ্যা INTERPOL এর পূর্ণরূপ International Criminal Police Organization। এটি ১৯২৩ সালে প্রতিষ্ঠিত। বর্তমান সদস্য সংখ্যা ১৯২। সদর দপ্তর ফ্রান্সের লিয়োঁতে অবস্থিত। বর্তমানে ইন্টারপোলের সদর দপ্তর ফ্রান্সের লিঁও শহরে।

৭৫. 'রয়টার্স' কোন দেশের সংবাদ সংস্থা?
ক. কানাডা খ. ফ্রান্স
গ. যুক্তরাজ্য ঘ. যুক্তরাষ্ট্র
উত্তর✓ গ ব্যাখ্যা 'রয়টার্স' ব্রিটেন ভিত্তিক একটি সংবাদ সংস্থা। এর সদর দপ্তর লন্ডনে অবস্থিত। রয়টার্স প্রতিষ্ঠিত হয় ১৮৫১ সালে। প্রতিষ্ঠা করেন পল জুলিয়াস রয়টার্স।

৭৬. মাধ্যাকর্ষণ শক্তি আবিষ্কার করেন–
ক. গ্যালিলিও খ. নিউটন
গ. আইনষ্টাইন ঘ. মার্কনী
উত্তর✓ খ ব্যাখ্যা মাধ্যাকর্ষণ শক্তি বা বল সম্পর্কে স্যার আইজ্যাক নিউটন একটি সূত্র প্রতিষ্ঠা করেন। সূত্রটি মহাবিশ্বের প্রত্যেকটি বস্তু একে অপরকে তাদের সংযোগ সরলরেখা বরাবর একটি বলে আকর্ষণ করে। এ আকর্ষণ বলের মান, বস্তুর কণাদ্বয়ের ভরের গুণফলের সমানুপাতিক এবং এদের মধ্যকার দূরত্বের বর্গের ব্যস্তানুপাতিক।

৭৭. টেলিফোন লাইনের মধ্য দিয়ে প্রবাহিত হয়–
ক. তড়িৎ শক্তি খ. চৌম্বক শক্তি
গ. শব্দ শক্তি ঘ. আলোক শক্তি
উত্তর✓ ক ব্যাখ্যা টেলিফোনের মাউথপিসের মাইক্রোফোনটি কণ্ঠস্বরের শব্দ তরঙ্গকে তড়িৎ সংকেত এবং এ সংকেত টেলিফোন তার দিয়ে অপর টেলিফোনের ইয়ারপিসে যায়।

৭৮. কোন খনিজের অভাবে গলগণ্ড রোগ হয়?
ক. লৌহ খ. আয়োডিন
গ. ফসফরাস ঘ. ক্যালসিয়াম উত্তর খ

৭৯. আখ গাছের জন্য ক্ষতিকর–
ক. বিছাপোকা খ. লার্ভা
গ. মাজরা পোকা ঘ. ওয়াপোকা উত্তর গ

৮০. আমাদের দেশে একজন পূর্ণবয়স্ক ব্যক্তির প্রায় গড়ে ক্যালরি শক্তির প্রয়োজন–
ক. ২৫০০ ক্যালরি খ. ২০০০ ক্যালরি
গ. ১৫০০ ক্যালরি ঘ. ১০০০ ক্যালরি
উত্তর✓ ক ব্যাখ্যা খাদ্যের মধ্যে নিহিত শক্তিকে খাদ্য ক্যালরি বা কিলোক্যালরি হিসেবে মাপা হয়। এক গ্রাম খাদ্য জারণের ফলে যে পরিমাণ তাপশক্তি উৎপন্ন হয় তাকে খাদ্যের ক্যালরি বলে।



৭৭

প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২

সেট : ১ | [কোড : বাগানবিলাস] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ১২.১০.২০১২ | পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল
সাতক্ষীরা, মেহেরপুর, খুলনা, মাগুরা, জয়পুরহাট, নীলফামারী, ঠাকুরগাঁও, গাইবান্ধা, সিরাজগঞ্জ, লালমনিরহাট।

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. 'এ আমার ছোট ছেলে, যে নেই এখন,
পাথরের টুকরোর মতন
ডুবে গেছে আমাদের গ্রামের পুকুরে
বছর-তিনেক আগে কাক-ডাকা গ্রীষ্মের দুপুরে'। –পঙ্‌ক্তিগুলো কোন কবির রচনা?
ক. জীবনানন্দ দাশ | খ. শামসুর রাহমান
গ. সুকান্ত ভট্টাচার্য | ঘ. মোহাম্মদ মনিরুজ্জামান
উত্তর✓ খ [illegible] প্রদত্ত পঙ্‌ক্তিগুলো শামসুর রাহমান রচিত 'একটি ফটোগ্রাফ' কবিতার অংশবিশেষ। কবিতাটি 'এক ফোঁটা কেমন অনল' কাব্যের অন্তর্ভুক্ত।

০২. মুনীর চৌধুরী রচিত 'মুখরা রমণী বশীকরণ' একটি–
ক. গল্প | খ. উপন্যাস
গ. প্রবন্ধ | ঘ. অনুবাদ নাটক
উত্তর✓ ঘ [illegible] মুনীর চৌধুরীর অনুবাদ নাটক : মুখরা রমণী বশীকরণ, কেউ কিছু বলতে পারে না, রূপার কৌটা।
মৌলিক নাটক : কবর, রক্তাক্ত প্রান্তর, চিঠি, দণ্ডকারণ্য, পলাশী ব্যারাক ও অন্যান্য।

০৩. 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসটির লেখক কে?
ক. অদ্বৈত মল্লবর্মণ | খ. মানিক বন্দ্যোপাধ্যায়
গ. আবুজাফর শামসুদ্দীন | ঘ. মামুনুর রশীদ
উত্তর✓ ক [illegible] কতিপয় ঔপন্যাসিক ও ঔপন্যাসিক :

ঔপন্যাসিক	বিখ্যাত উপন্যাস
অদ্বৈত মল্লবর্মণ	তিতাস একটি নদীর নাম
মানিক বন্দ্যোপাধ্যায়	পদ্মানদীর মাঝি
আবু জাফর শামসুদ্দীন	পদ্মা মেঘনা যমুনা

০৪. কোন বানানটি শুদ্ধ?
ক. সমভিব্যাহারে | খ. সমবিব্যাহারে
গ. সমভিব্যাহারে | ঘ. সমবিব্যাহারে
উত্তর✓ গ

০৫. কোনটি শুদ্ধ বানান?
ক. মনহারিণি | খ. মনোহারিণী
গ. মনোহারিনি | ঘ. মনোহারিণি
উত্তর✓ খ

০৬. 'বিশ্বজনের হিতকর'– এক কথায় কী হবে?
ক. বিশ্বজনীন | খ. সর্বজনীন
গ. সার্বজনীন | ঘ. হিতৈষী
উত্তর✓ ক

০৭. 'যে রোগ নির্ণয়ে হাতড়ে মরে'– এক কথায় কী হবে?
ক. অনভিজ্ঞ | খ. অরিন্দম
গ. হাতুড়ে | ঘ. ওষুধি
উত্তর✓ গ [illegible] কতিপয় এক কথায় প্রকাশ : অরিকে দমন করে যে - অরিন্দম, ফল পাকলে যে গাছ মরে যায়- ওষুধি, অভিজ্ঞতার অভাব - অনভিজ্ঞ।

০৮. কোন বানানটি শুদ্ধ?
ক. Humorous | খ. Humarous
গ. Humorus | ঘ. Humorious
উত্তর✓ ক [illegible] অপশনগুলোর মধ্যে সঠিক বানান হচ্ছে Humorous (রসাত্মক, কৌতুকপূর্ণ)।

০৯. I count —— your help. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. on | খ. for
গ. in | ঘ. with
উত্তর✓ ক [illegible] Count on–নির্ভর করা, আস্থা স্থাপন করা। প্রদত্ত বাক্যটির অর্থ: 'আমি তোমার সাহায্যের উপর আস্থা স্থাপন করি/ নির্ভর করি'। Count for- ব্যাপার হওয়া। Count (sb) in- কাউকে কোনো কিছুতে অন্তর্ভুক্ত করা। উল্লেখ্য Count এর সাথে with হয় না।

১০. You should attend —— your lessons. বাক্যের শূন্যস্থানে বসবে–
ক. in | খ. on
গ. to | ঘ. at
উত্তর✓ গ [illegible] কোন কিছুতে মনোযোগ দেয়া অর্থে attend এর পর to বসে। প্রদত্ত বাক্যের অর্থ: 'তোমার পাঠে মনোযোগ দেয়া উচিত'।

১১. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. There is no place for doubt
খ. I went to my house
গ. All passengers must show their ticket
ঘ. He called me a coward
উত্তর✓ ঘ [illegible] প্রথম অপশনটিতে 'There is no room for doubt' থাকলে শুদ্ধ হতো। দ্বিতীয় অপশনটিতে 'my' অর্থাৎ possessive objective না বসালে অথবা 'I went home' বললে সঠিক হতো। তৃতীয় অপশনটিতে "All passenger must show their tickets"– বললে সঠিক হতো। চতুর্থ অপশনটিতে কোনো ধরনের ভুল নাই।

১২. নিচের কোনটি শুদ্ধ বাক্য?
ক. He denied to help me
খ. The doctor feels the pulse of the patient
গ. Honesty and truthfulness are necessary for happiness
ঘ. He along with his friends have come
উত্তর✓ খ [illegible] প্রথম অপশনটিতে 'He refused to help me'– বললে বাক্যটি সঠিক হতো। তৃতীয় অপশনটিতে 'Honesty and truthfulness is necessary for happiness'–বললে শুদ্ধ হতো। চতুর্থ অপশনটির শুদ্ধরূপ হচ্ছে → 'He along with his friends has come'। দ্বিতীয় অপশনটিতে কোনো ধরনের ভুল নাই।

www.exambd.net

১৩. কোন বানানটি শুদ্ধ?

ক. explenation খ. explanation
গ. explaination ঘ. explenetion

উত্তর ✓ খ

১৪. কোনটি 'Alight' শব্দটির সমার্থক শব্দ?

ক. Descend খ. Glaze
গ. Flight ঘ. Mount

উত্তর ✓ ক

Word	Meaning
Alight	নামা, নেমে আসা, অবতরণ করা।
Descend	অবরোহণ করা, নেমে আসা, অবতরণ করা।
Glaze	চকচক করা, উজ্জ্বল করে তোলা।
Flight	বিমান ভ্রমণ, শূন্যে বিচরণ।
Mount	বৃদ্ধি পাওয়া/করা।

সুতরাং দেখা যাচ্ছে- সঠিক উত্তর অপশন (ক)→ Alight–Descend।

১৫. 'Heed' শব্দের সমার্থক শব্দ কোনটি?

ক. Ignore খ. Notice
গ. Hostile ঘ. Docile

উত্তর ✓ খ

Word	Meaning
Heed	কোন কিছুতে মনোযোগ দেয়া, লক্ষ্য করা।
Ignore	অগ্রাহ্য করা, উপেক্ষা করা।
Notice	লক্ষ্য করা, পর্যবেক্ষণ করা।
Hostile	শত্রুতাপূর্ণ, বিদ্বেষমূলক।
Docile	বাধ্য, অনুগত, সহজে বশ মানে এমন।

সুতরাং দেখা যাচ্ছে 'Heed' এর সমার্থক শব্দ হচ্ছে অপশন (খ)→ 'Notice'।

১৬. যদি ক ঃ খ = ৪ ঃ ৫ এবং ক ঃ গ = ৩ ঃ ৫ হয়, তবে গ ঃ খ = ?

ক. ১৬ ঃ ২০ খ. ১৫ ঃ ২০
গ. ২০ ঃ ১৫ ঘ. কোনোটিই নয়

উত্তর ✓ গ

ক ঃ খ = (৪ ঃ ৫) × ৩ = ১২ ঃ ১৫
ক ঃ গ = (৩ ঃ ৫) × ৪ = ১২ ঃ ২০
∴ ক ঃ খ ঃ গ = ১২ ঃ ১৫ ঃ ২০
∴ গ ঃ খ = ২০ ঃ ১৫।

১৭. পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি ৬৬ বছর এবং তাদের বয়সের অনুপাত ৮ ঃ ৩। ১০ বছর পূর্বে তাদের বয়সের অনুপাত কত ছিল?

ক. ১৮ ঃ ৫ খ. ১৮ ঃ ৭
গ. ১৯ ঃ ৪ ঘ. ১৯ ঃ ৪

উত্তর ✓ গ

অনুপাতগুলোর সমষ্টি = ৮ + ৩ = ১১
পিতার বয়স = $\left(৬৬ \text{ এর } \frac{৮}{১১}\right)$ = ৪৮ বছর
পুত্রের বয়স = $\left(৬৬ \text{ এর } \frac{৩}{১১}\right)$ = ১৮ বছর
১০ বছর পূর্বে পিতার বয়স = (৪৮ − ১০) = ৩৮ বছর
১০ বছর পূর্বে পুত্রের বয়স = (১৮ − ১০) = ৮ বছর
১০ বছর পূর্বে তাদের বয়সের অনুপাত = ৩৮ ঃ ৮ = ১৯ ঃ ৪।

১৮. পরীক্ষায় 'ক' এর প্রাপ্ত নম্বর যথাক্রমে ৮২, ৮৫ ও ৯২। চতুর্থ পরীক্ষায় তাকে কত নম্বর পেতে হবে যেন তার গড় প্রাপ্ত নম্বর ৮৭ হয়?

ক. ৮৯ খ. ৮৮
গ. ৮৬ ঘ. ৯১

উত্তর ✓ ক

ধরি, চতুর্থ পরীক্ষায় প্রাপ্ত নম্বর ক
প্রশ্নমতে, $\frac{৮২ + ৮৫ + ৯২ + ক}{৪} = ৮৭$
বা, ২৫৯ + ক = ৩৪৮
∴ ক = ৮৯
∴ চতুর্থ পরীক্ষায় প্রাপ্ত নম্বর ৮৯।

১৯. ৪ বছর আগে ক ও খ এর গড় বয়স ছিল ১৬ বছর। ক, খ ও গ-এর বর্তমান গড় বয়স ২২ বছর। ৪ বছর পর গ-এর বয়স কত হবে?

ক. ২৫ বছর খ. ২৭ বছর
গ. ২৮ বছর ঘ. ৩০ বছর

উত্তর ✓ ঘ

৪ বছর আগে ক ও খ এর গড় বয়স ছিল ১৬ বছর
∴ " " " " মোট " " (১৬ × ২)
= ৩২ বছর
বর্তমানে ক ও খ এর মোট বয়স = (৩২ + ৪ + ৪) বছর = ৪০ বছর
আবার,
ক, খ, গ এর বর্তমান গড় বয়স ২২ বছর
∴ ক, খ, গ এর বর্তমান মোট বয়স (২২ × ৩) বছর = ৬৬ বছর
∴ গ এর বর্তমান বয়স (৬৬ − ৪০) = ২৬ বছর
∴ ৪ বছর পর গ এর বয়স হবে (২৬ + ৪) = ৩০ বছর।

২০. একটি বানর ১৫ মিটার উঁচু পিচ্ছিল বাঁশের মাথায় উঠতে প্রথম সেকেন্ডে ৩ মিটার উঠে এবং পরবর্তী সেকেন্ডে ১ মিটার নেমে আসে। বাঁশের মাথায় উঠতে বানরটির কত সময় লাগবে?

ক. ১২ সেকেন্ড খ. ১৩ সেকেন্ড
গ. ১৪ সেকেন্ড ঘ. ১৫ সেকেন্ড

উত্তর ✓ খ

১ সেকেন্ডে ৩ মিটার উঠে পরবর্তী ১ সেকেন্ডে ১ মিটার নেমে আসলে, এই ১ + ১ = ২ সেকেন্ডে উঠতে পারে = ৩ − ১ = ২ মিটার।
অর্থাৎ ২ সেকেন্ডে ওঠে = ২ মিটার
∴ ১ " " $= \frac{২}{২} = ১$ মিটার
বাঁশের দৈর্ঘ্য ১৫ মিটার হওয়ায় ১২ মিটার উঠার পর শেষ সেকেন্ডে এক লাফে ৩ মিটার উঠে পড়লেই বাঁশের মাথায় পৌঁছে যাবে। অর্থাৎ ১২ মিটার উঠতে তার ১২ সেকেন্ড লাগবে এবং বাঁশের মাথায় উঠতে আরো ১ সেকেন্ডে লাগবে।
সুতরাং তার মোট সময় লাগবে = ১২ + ১ = ১৩ সেকেন্ড।

১৫ মি
১২ মি — শেষ ১ সেকেন্ডে এক লাফে ৩ মিটার উঠে বাঁশের মাথায় পৌঁছায়।
০ মি — ১২ সেকেন্ড

২১. একজন ঠিকাদার ২৫ দিনে একটি রাস্তার কাজ শেষ করতে ৩০ জন লোক নিয়োগ করলেন। কিন্তু ১৫ দিনে মাত্র রাস্তার অর্ধেক কাজ শেষ হয়। নির্ধারিত সময়ের মধ্যে রাস্তার কাজ শেষ করতে হলে তাকে অতিরিক্ত কতজন লোক নিয়োগ করতে হবে?

ক. ১২ জন খ. ১৪ জন
গ. ১৫ জন ঘ. ১৬ জন

উত্তর ✓ গ

কাজ করার জন্য দিন বাকী থাকে = ২৫ − ১৫
= ১০ দিন

কাজ বাকী থাকে = $১ - \frac{১}{২} = \frac{১}{২}$ অংশ

এখানে,

১৫ দিনে $\frac{১}{২}$ অংশ (অর্ধেক কাজ) করে = ৩০ জনে

∴ ১ দিনে $\frac{১}{২}$ অংশ করে = ৩০ × ১৫ জন

∴ ১০ " $\frac{১}{২}$ " " $= \frac{৩০ \times ১৫}{১০}$ "

= ৪৫ জন

অর্থাৎ বাকী ১০ দিনে কাজ করতে মোট ৪৫ জন লোকের দরকার। কিন্তু ঠিকাদারের লোক আছে ৩০ জন। সুতরাং অতিরিক্ত লোক লাগবে = ৪৫ − ৩০ = ১৫ জন।

অতিরিক্ত লোক লাগবে ১৫ জন।

২২. পূর্ববর্তী বছরের তুলনায় ২০১০ সালের চালের মূল্য ১০% বৃদ্ধি পায়। ২০১১ সালে চালের মূল্য ৫% হ্রাস পায়। ২০০৯ সালের তুলনায় ২০১১ সালে চালের মূল্য কত বৃদ্ধি পেয়েছে?

ক. ৪% খ. ৪.৫%
গ. ৫.০% ঘ. ৫.৫%

উত্তর ✓ খ

ধরি, ২০০৯ সালে চালের মূল্য ছিল = ১০০ টাকা।

২০১০ সালে ১০% বৃদ্ধিতে চালের মূল্য = ১০০ + ১০ = ১১০ টাকা।

২০১১ সালে ৫% হ্রাসে চালের মূল্য = $১১০ - \frac{৫}{১০০} \times ১১০$

= ১০৪.৫০ টাকা

সুতরাং ২০০৯ সালের তুলনায় ২০১১ সালে চালের মূল্য বৃদ্ধি পেয়েছে = ১০৪.৫০ − ১০০ = ৪.৫%

২৩. একটি দ্রব্য ৫০০ টাকায় ক্রয় করে ১০% লাভে বিক্রয় করা হলো। দ্রব্যটির ক্রয়মূল্য ১০% কম হলে কত লাভ হত?

ক. ১০০ টাকা খ. ১০৫ টাকা
গ. ১১০ টাকা ঘ. ১২০ টাকা

উত্তর ✓ ক

দ্রব্যটির ক্রয়মূল্য ৫০০ টাকা হলে ১০% লাভে

বিক্রয়মূল্য = ৫০০ + ৫০০ এর $\frac{১০}{১০০}$ = ৫৫০ টাকা

দ্রব্যটির ক্রয়মূল্য ১০% কম হলে,

ক্রয়মূল্য হত = ৫০০ − ৫০০ এর $\frac{১০}{১০০}$ = ৪৫০ টাকা

অর্থাৎ লাভ হত = (৫৫০ − ৪৫০) টাকা
= ১০০ টাকা।

২৪. 'নিরানব্বইয়ের ধাক্কা' বাগ্‌ধারাটির অর্থ–

ক. মুমূর্ষু অবস্থা খ. তীরে পৌঁছার ঝক্কি
গ. সঞ্চয়ের প্রবৃত্তি ঘ. আসন্ন বিপদ

উত্তর ✓ গ

কতিপয় বাগ্‌ধারা : অকূল পাথার (ভীষণ বিপদ), অরণ্যে রোদন (নিষ্ফল আবেদন), আটকপালে (হতভাগ্য), গোবর গণেশ (মূর্খ), গৌফ খেজুরে (নিতান্ত অলস), তাসের ঘর (ক্ষণস্থায়ী), ফপর দালালি (অতিরিক্ত চালবাজি)।

২৫. 'শুভেচ্ছা' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হবে–

ক. শুভ + ইচ্ছা খ. শু + ইচ্ছা
গ. শুভ + ঈচ্ছা ঘ. শুভ্ + ছা

উত্তর ✓ ক

শুভ + ইচ্ছা = শুভেচ্ছা (স্বরসন্ধি)। অ-কার কিংবা আ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয়ে মিলে এ-কার হয়; এ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমন : যথা + ইষ্ট = যথেষ্ট; পরম + ঈশ = পরমেশ; মহা + ঈশ = মহেশ।

২৬. কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?

ক. একাদশ (এক অধিক দশ) খ. হাতাহাতি (হাতে হাতে যে দ্বন্দ্ব)
গ. বেমানান (মানানোর অভাব) ঘ. দুঃখাতীত (দুঃখকে অতীত)

উত্তর ✓ খ

এক অধিক দশ = একাদশ (মধ্যপদলোপী কর্মধারয়), দুঃখকে অতীত = দুঃখাতীত (২য়া তৎপুরুষ), মানানোর অভাব = বেমানান (অব্যয়ীভাব সমাস)।

২৭. কোনটি তৎপুরুষ সমাসের উদাহরণ?

ক. জীবনবীমা (জীবন রক্ষার বীমা) খ. গমনাগমন (গমন ও আগমন)
গ. নদীমাতৃক (নদী মাতা যার) ঘ. বাগদত্তা (বাক্ দ্বারা দত্তা)

উত্তর ✓ ঘ

জীবন রক্ষার বীমা = জীবনবীমা (মধ্যপদলোপী কর্মধারয় সমাস), গমন ও আগমন = গমনাগমন (দ্বন্দ্ব সমাস), নদী মাতা যার = নদীমাতৃক (বহুব্রীহি সমাস)।

২৮. কোনটি করণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ?

ক. কালির দাগ সহজে ওঠে না খ. বুদ্ধি খাটিয়ে কাজ কর
গ. দুধ থেকে দই হয় ঘ. এ বৎসর খুব বন্যা হয়েছে উত্তর খ

২৯. কোনটি অধিকরণ কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ?

ক. লোকে কিনা বলে খ. তুমি যে আমার কবিতা
গ. গগনে গরজে মেঘ ঘন বরষা ঘ. জলে বাষ্প হয়

উত্তর ✓ গ

লোকে কিনা বলে (কর্তৃকারকে সপ্তমী), তুমি যে আমার কবিতা (কর্তৃকারকে শূন্য বিভক্তি), জলে বাষ্প হয় (অপাদানে সপ্তমী)।

৩০. কোনটি 'পুষ্প' এর সমার্থক শব্দ?

ক. দ্বিপ খ. রঞ্জন
গ. অম্বুদ ঘ. উৎপল উত্তর খ

৩১. 'অলীক' এর বিপরীতার্থক শব্দ কোনটি?

ক. অলৌকিক খ. লৌকিক
গ. বাস্তব ঘ. অবাস্তব উত্তর গ

৩২. 'His behaviour surprised me' বাক্যটির Passive form হবে–

ক. I surprised at his behaviour
খ. I was surprised with his behaviour
গ. I had been surprised at his behaviour
ঘ. I was surprised at his behaviour

উত্তর ✓ ঘ

প্রশ্নে প্রদত্ত বাক্যটি Passive করার নিয়ম নিম্নরূপ: Active এর Object কে Subject ('me' এর স্থলে 'I') + tense ও person অনুযায়ী 'to be' verb (এক্ষেত্রে was) + VPP/V3 + Preposition (এক্ষেত্রে at) + Active এর subject কে object এ রূপান্তর করতে হবে। উপর্যুক্ত নিয়মানুযায়ী সঠিক উত্তর অপশন (ঘ) → I was surprised at his behaviour. উল্লেখ্য 'surprise with' বসে। ব্যক্তির ক্ষেত্রে এবং 'surprise at' বসে কোনো কিছু নিয়ে বিস্মিত হওয়া বুঝালে।

www.exambd.net

৩৩. 'How can you do this?' বাক্যটির Passive form হবে–

ক. How can this be done by you?
খ. How can this been done by you?
গ. How this can be done by you?
ঘ. How could this be done by you?

উত্তর✓ ক প্রশ্নে প্রদত্ত বাক্যটি Passive করার নিয়ম: WH–words দিয়ে Active বাক্য শুরু হলে passive করার সময় একইভাবে এগুলো অপরিবর্তিত থেকে বাক্যের শুরুতে বসে। অতঃপর Active বাক্যের object কে subject করতে হয়। তারপর (be + VPP/V3 + by + object) এই pattern ও '?' চিহ্ন দিয়ে passive করতে হয়।

৩৪. Anwar said, "Let him say whatever he likes." বাক্যটির indirect speech হবে–

ক. Anwar said that he may say whatever he liked
খ. Anwar said that he might say whatever he liked
গ. Anwar told that he might say whatever he likes
ঘ. Answar said he might say whatever he likes

উত্তর✓ খ Let us ভিন্ন অন্যান্য Let যেমন Let him/her/me/them ইত্যাদির ক্ষেত্রে Passive করার নিয়ম নিম্নরূপঃ Reporting verb এর স্থলে 'said' অথবা 'told' (যদি object থাকে) +"" উদ্ধরণ চিহ্নের পরিবর্তে that + let এর পর যে object pronoun থাকে তার subjective case + might + verb (base form); যদি complex sentence হয় তাহলে পরবর্তী অংশ (অর্থাৎ 'Whatever He likes' এর indirect হচ্ছে 'whatever he liked') ও indirect করতে হবে।

৩৫. He said, "Alas! I am undone." বাক্যটির indirect speech হবে–

ক. He said with grief that he is undone
খ. He said with sorrow that he has undone
গ. He exclaimed with sorrow that he was undone
ঘ. He exclaimed with sorrow that he were undone

উত্তর✓ গ Exclamatory sentence কে Indirect করতে হলে Reporting verb এর স্থলে exclaimed অথবা exclaimed with sorrow/wonder/ joy/ hear etc + that + reported speech এর Asscrtive Pattern; উপর্যুক্ত নিয়ানুযায়ী সঠিক উত্তর He exclaimed with sorrow that he was undone.

৩৬. কোনটি Abstract Noun?

ক. City
খ. Boy
গ. Obey
ঘ. Humility

উত্তর✓ ঘ

Option	Parts of speech/ Type of Noun	Meaning
City	Common noun	শহর
Boy	Common noun	বালক, ছেলে।
Obey	Verb	মানা করা, বাধ্য হওয়া।
Humility	Abstract noun	নম্রতা, ন্যূনতা।

সুতরাং list থেকে দেখা যাচ্ছে যে, 'Humility' হচ্ছে Abstract Noun

৩৭. কোনটি Common Noun?

ক. Starve
খ. Pirate
গ. Human
ঘ. Roguery

উত্তর✓ গ

৩৮. 'To have full hands' এর অর্থ–

ক. To be fully occupied
খ. To be in lot of troubles
গ. To lead and easy life
ঘ. To be rich

উত্তর✓ ক

Phrase	Meaning
To have full hands	ব্যস্ত থাকা, পরিপূর্ণ গতিতে কাজ করা। সর্বাত্মক প্রচেষ্টা চালানো।
To be fully occupied	পরিপূর্ণ ব্যস্ত থাকা
To be in lot of troubles	নানা সমস্যায় জর্জরিত হওয়া
To lead an easy life	সহজ-সাধারণ জীবনযাপন করা।
To be rich	ধনী হওয়া

৩৯. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক. $\frac{৩}{৪}$
খ. $\frac{৫}{৯}$
গ. $\frac{৭}{১২}$
ঘ. $\frac{১১}{১৮}$

উত্তর✓ ক দুটি ভগ্নাংশের নিচের মত করে আড়গুণ করলে যদি লব বড় হয় তাহলে প্রথম ভগ্নাংশটি বড় হবে, হর বড় হলে দ্বিতীয় ভগ্নাংশ বড় হবে।

এখানে,

$\frac{৩}{৪} \times \frac{৫}{৯} \Rightarrow \frac{২৭}{২০}$; লব বড় তাই $\frac{৩}{৪}$ বড় হবে।

$\frac{৩}{৪} \times \frac{৭}{১২} \Rightarrow \frac{৩৬}{২৮}$; লব বড় তাই $\frac{৩}{৪}$ বড় হবে।

$\frac{৩}{৪} \times \frac{১১}{১৮} \Rightarrow \frac{৫৪}{৪৪}$; লব বড় তাই $\frac{৩}{৪}$ বড় হবে।

সুতরাং $\frac{৩}{৪}$ সব থেকে বড় হবে।

৪০. ১৫.৬ এর ৮% কত?

ক. ০.১২৪৮
খ. ১.২৪৮
গ. ১২.৪৮
ঘ. ১২৪.৮

উত্তর✓ খ ১৫.৬ এর ৮% = ১৫.৬ এর $\frac{৮}{১০০}$

= ১.২৪৮।

৪১. $x - \frac{1}{x} = 7$ হলে, $x^2 + \frac{1}{x^2}$ এর মান হবে–

ক. 42
খ. 47
গ. 51
ঘ. 54

উত্তর✓ গ দেওয়া আছে, $x - \frac{1}{x} = 7$

প্রদত্ত রাশি, $x^2 + \frac{1}{x^2} = \left(x - \frac{1}{x}\right)^2 + 2.x.\frac{1}{x}$

$= (7)^2 + 2 = 49 + 2 = 51$

৪২. $9x^2 + 30x$ এর সাথে কত যোগ করলে যোগফলটি পূর্ণ বর্গ হবে?


ক. 4 খ. 9
গ. 16 ঘ. 25

উত্তর ✓ খ ব্যাখ্যা $9x^2 + 30x$
$= (3x)^2 + 2.3x.5 + (5)^2 - 25$
$= (3x + 5)^2 - 25$
∴ 25 যোগ করলে যোগফলটি পূর্ণবর্গ হবে।


৪৩. কোনো ত্রিভুজের তিন কোণের দ্বিখণ্ডকগুলো যে বিন্দুতে ছেদ করে তাকে বলে–

ক. পরিকেন্দ্র খ. অন্তঃকেন্দ্র
গ. ভরকেন্দ্র ঘ. লম্ববিন্দু

উত্তর ✓ খ ব্যাখ্যা অন্তঃকেন্দ্র: ত্রিভুজের তিন কোণের সমদ্বিখণ্ডিক যে বিন্দুতে ছেদ করে।



চিত্রে, O হল অন্তঃকেন্দ্র।
পরিকেন্দ্র: ত্রিভুজের লম্বদ্বিখণ্ডক তিনটি যে বিন্দুতে ছেদ করে।



O বিন্দু হল পরিকেন্দ্র।
ভরকেন্দ্র: ত্রিভুজের মধ্যমা তিনটি যে বিন্দুতে ছেদ করে।
লম্ববিন্দু: ত্রিভুজের শীর্ষ তিনটি হতে বিপরীত বাহুর উপর অঙ্কিত লম্ব যে বিন্দুতে ছেদ করে।

৪৪. একটি সুষম বহুভুজের একটি অন্তঃকোণের পরিমাণ ১২০° হলে, বহু ভুজটির বাহুর সংখ্যা হবে–

ক. ৬ খ. ৮
গ. ১০ ঘ. ১২

উত্তর ক ব্যাখ্যা সুষম বহুভুজের বাহুর সংখ্যা
$= \frac{৩৬০^\circ}{১৮০^\circ - \text{অন্তঃস্থ কোণ}}$
$= \frac{৩৬০^\circ}{১৮০^\circ - ১২০^\circ}$
$= \frac{৩৬০^\circ}{৬০^\circ}$
= ৬ টি

৪৫. সকল সপুষ্পক উদ্ভিদ হচ্ছে–

ক. পরজীবী খ. স্বভোজী
গ. পরভোজী ঘ. মিথোজীবী উত্তর খ

৪৬. বাংলাদেশ কোন সালে জাতীয় পরিবেশ নীতি ঘোষণা করে?

ক. ২০০২ খ. ২০০৩
গ. ২০০৪ ঘ. ২০০৫

উত্তর ✓ Blank ব্যাখ্যা বাংলাদেশে প্রথম 'জাতীয় পরিবেশ নীতি' ঘোষিত হয় ১৯৯২ সালে। বাংলাদেশ দুর্যোগ ব্যবস্থাপনা আইন প্রণীত হয় ২০১২ সালে।

৪৭. বার্ষিক শতকরা ৫ টাকা হার সুদে কত সময়ে ৩০০ টাকা সুদ-আসলে ৪০৫ টাকা হবে?

ক. ৫ বছর খ. ৬ বছর
গ. ৭ বছর ঘ. $৭\frac{১}{২}$ বছর

উত্তর ✓ গ ব্যাখ্যা এখানে, আসল = ৩০০ টাকা
সুদাসল = ৪০৫ টাকা
∴ সুদ = ৪০৫ − ৩০০ = ১০৫ টাকা
১০০ টাকায় ৫ টাকা সুদ হয় = ১ বছরে
∴ ১ " ৫ " " " = ১ × ১০০ বছরে
∴ ৩০০ " ৫ " " " $= \frac{১ \times ১০০}{৩০০}$ "
∴ ৩০০ " ১ " " " $= \frac{১ \times ১০০}{৩০০ \times ৫}$ "
∴ ৩০০ " ১০৫ " " " $= \frac{১ \times ১০০ \times ১০৫}{৩০০ \times ৫}$ "
= ৭ বছরে

বিকল্প নিয়ম:
এখানে, আসল (p) = ৩০০
সুদ (I) = ৪০৫ − ৩০০ = ১০৫
সুদের হার (r) = ৫% $= \frac{৫}{১০০}$
সময় (n) = ?
আমরা জানি, I = pnr
বা, $n = \frac{I}{pr} = \frac{১০৫}{৩০০ \times \frac{৫}{১০০}} = \frac{১০৫}{১৫} =$ ৭ বছর

৪৮. হাইড্রোজেন অপেক্ষাকৃত হালকা হওয়া সত্ত্বেও কেন হিলিয়াম দ্বারা বেলুন ভর্তি করা হয়?

ক. হিলিয়াম সহজলভ্য খ. হিলিয়াম নিষ্ক্রিয় গ্যাস
গ. হিলিয়াম গ্যাসের দাম কম ঘ. উপরের সবকটিই উত্তর খ

৪৯. মেঘলা রাতে–

ক. শিশির উৎপন্ন হয় খ. শিশির উৎপন্ন হয় না
গ. উভয়টিই ঠিক ঘ. কোনোটিই নয় উত্তর খ

৫০. কোন শিখা লোহা গলিয়ে জোড়া লাগাতে সাহায্য করে–

ক. অক্সিহাইড্রোজেন শিখা খ. অক্সিনাইট্রোজেন শিখা
গ. অক্সিঅ্যামোনিয়াম শিখা ঘ. অক্সিঅ্যাসিটিলিন শিখা উত্তর ঘ

৫১. ফটোগ্রাফিক প্লেটে আবরণ থাকে–

ক. সিলভার ব্রোমাইডের খ. সিলভার ক্লোরাইডের
গ. সিলভার সালফেটের ঘ. সিলভার নাইট্রেটের উত্তর ক

৫২. নাড়ির স্পন্দন প্রবাহিত হয়–

ক. শিরার ভিতর দিয়ে খ. স্নায়ুর ভিতর দিয়ে
গ. ধমনীর ভিতর দিয়ে ঘ. ল্যাকটিয়ালের ভিতর দিয়ে উত্তর গ

৫৩. কোনটি ব্যাকটেরিয়া ঘটিত রোগ?

ক. পোলিও খ. হাম
গ. জলাতঙ্ক ঘ. ডিপথেরিয়া উত্তর ঘ

৫৪. সালোকসংশ্লেষণ ঘটে না–

ক. পাতায় খ. শাখা-প্রশাখায়
গ. সবুজ কাণ্ডে ঘ. মূলে উত্তর ঘ

www.exambd.net

৫৫. প্রধান মেমোরীর মধ্যে থাকে–
ক. সম্পূর্ণ সমাধান খ. প্রয়োজনীয় তথ্য
গ. গাণিতিক তথ্য ঘ. অন্তর্বর্তী ফল
উত্তর: খ

৫৬. গ্রীনিচ মান সময় অপেক্ষা বাংলাদেশ সময় কত ঘন্টা আগে?
ক. ৫ ঘণ্টা খ. $৫\frac{১}{২}$ ঘণ্টা
গ. ৬ ঘণ্টা ঘ. $৬\frac{১}{২}$ ঘণ্টা
উত্তর: গ

৫৭. মোটর গাড়ির গতি নির্ণায়ক যন্ত্রের নাম–
ক. ওডোমিটার খ. গ্রাভিমিটার
গ. ম্যানোমিটার ঘ. ক্রনোমিটার
উত্তর: ক

৫৮. পাখিপালন বিদ্যা–
ক. এথনোলজি খ. এভিকালচার
গ. এপিকালচার ঘ. পেট্রলজি
উত্তর: খ

৫৯. বৈদ্যুতিক বাতি আবিষ্কার করেন–
ক. মার্কনি খ. নিউটন
গ. টরেসিলি ঘ. টমাস আলভা এডিসন
উত্তর: ঘ

৬০. আকুপাংচার হলো–
ক. জাপানের প্রাচীন চিকিৎসা পদ্ধতি
খ. মিসরের প্রাচীন চিকিৎসা পদ্ধতি
গ. চীনের প্রাচীন চিকিৎসা পদ্ধতি
ঘ. ভারতের প্রাচীন চিকিৎসা পদ্ধতি
উত্তর: গ

৬১. পেট্রোলের আগুন পানি দ্বারা নেভানো যায় না, কারণ–
ক. পেট্রোল পানির সাথে মিশে যায়
খ. পেট্রোল পানির সাথে মিশে না
গ. পেট্রোল পানির চেয়ে হালকা
ঘ. খ ও গ উভয়ই ঠিক
উত্তর: ঘ

৬২. বাংলাদেশে চীনামাটির সন্ধান পাওয়া গেছে–
ক. বিজয়পুরে খ. রাণীগঞ্জে
গ. জামালগঞ্জে ঘ. মহাস্থানগড়ে
উত্তর: ক বাংলাদেশে সর্বপ্রথম চিনামাটির সন্ধান পাওয়া যায় নেত্রকোণা জেলার দুর্গাপুর উপজেলার বিজয়পুরে। এটি আবিষ্কার হয় ১৯৫৭ সালে। জয়পুরহাটের জামালগঞ্জে বাংলাদেশের প্রথম কয়লা খনি পাওয়া যায় ১৯৬২ সালে।

৬৩. কোন জেলা তুলা চাষের জন্য সবচেয়ে বেশি উপযোগী?
ক. রাজশাহী খ. যশোর
গ. বাগেরহাট ঘ. দিনাজপুর
উত্তর: খ যশোর জেলায় সবচেয়ে বেশি তুলা উৎপাদিত হয়। 'রূপালী' ও 'ডেলফোজ' দুটি উন্নত জাতের তুলাশস্য।

৬৪. উত্তমাশা অন্তরীপ কোন মহাদেশে অবস্থিত?
ক. এশিয়া খ. অস্ট্রেলিয়া
গ. আফ্রিকা ঘ. দক্ষিণ আমেরিকা
উত্তর: গ অন্তরীপ হচ্ছে এক ধরনের ভূমিরূপ। ভূগোলের পরিভাষায় ভূপৃষ্ঠের কোন অংশ ক্রমশ সরু হয়ে সাগরে প্রবেশ করলে সেই সংকীর্ণ অংশকে অন্তরীপ বলা হয়। Cape of Good Hope বা উত্তমাশা অন্তরীপ দক্ষিণ আফ্রিকায় অবস্থিত। এটি সরু হয়ে দক্ষিণ আটলান্টিক মহাসাগরে পতিত হয়েছে।

৬৫. ২০১২ সালে এশিয়া কাপে চ্যাম্পিয়ন হয় কোন দেশ?
ক. পাকিস্তান খ. শ্রীলঙ্কা
গ. বাংলাদেশ ঘ. ভারত
উত্তর: ক সর্বশেষ এশিয়া কাপ অনুষ্ঠিত হয় ২০১৬ সালে বাংলাদেশে। এটি ছিল এশিয়া কাপ প্রতিযোগিতার ১৩তম আসর। ২০১৬ এশিয়া কাপে চ্যাম্পিয়ন হয় ভারত, রানার্সআপ বাংলাদেশ।

৬৬. ওয়াসফিয়া নাজরীন কত তারিখে এভারেস্টের চূড়ায় আরোহণ করেন?
ক. ২৩ মে ২০১২ খ. ২৪ মে ২০১২
গ. ২৫ মে ২০১২ ঘ. ২৬ মে ২০১২
উত্তর: খ বাংলাদেশের দ্বিতীয় নারী হিসেবে ওয়াসফিয়া নাজরিন (ফেনী) ২৬ মে ২০১২ সালে এভারেস্ট জয় করেন। ওয়াসফিয়া নাজরিন প্রথম বাংলাদেশী হিসেবে সেভেন সামিট জয় করেন ২০১৫ সালের ১৮ নভেম্বর। সেভেন সামিট হচ্ছে সাত মহাদেশের সাতটি পর্বতশৃঙ্গ।

৬৭. সুলতান মাহমুদ কত বার ভারতবর্ষ আক্রমণ করেন?
ক. ১৫ বর খ. ১৭ বার
গ. ১৮ বার ঘ. ২০ বার
উত্তর: খ সুলতান মাহমুদ গজনীর (আফগানিস্তান) শাসনকর্তা ছিলেন। তিনি ১০০০ - ১০২৭ সাল পর্যন্ত মোট ১৭ বার ভারত আক্রমণ করেন। সুলতান মাহমুদের সভাকবি ছিলেন মহাকবি ফেরদৌসী।

৬৮. বাংলাদেশ কমনওয়েলথের কততম সদস্য?
ক. ৩০তম খ. ৩১তম
গ. ৩২তম ঘ. ৩৩তম
উত্তর: গ বাংলাদেশ আন্তর্জাতিক সংস্থা হিসেবে প্রথম কমনওয়েলথ এর সদস্যপদ লাভ করে। বাংলাদেশ কমনওয়েলথ এর সদস্য হয় ১৮ এপ্রিল ১৯৭২ সালে, ৩২তম সদস্য হিসেবে। কমনওয়েলথ প্রতিষ্ঠিত হয় ১৯৩১ সালে। সদর দপ্তর লন্ডনে অবস্থিত।

৬৯. বাংলাদেশের ক্রীড়া সংগীতের সুরকার কে?
ক. কাজী নজরুল ইসলাম খ. খন্দকার নূরুল আলম
গ. সত্য সাহা ঘ. সমর দাস
উত্তর: খ বাংলাদেশের ক্রীড়া সঙ্গীতের রচয়িতা সেলিমা রহমান এবং সুরকার খন্দকার নূরুল আলম। ক্রীড়া সঙ্গীত ১০ চরণ বিশিষ্ট।
বাংলাদেশের রণ সঙ্গীতের রচয়িতা এবং সুরকার কাজী নজরুল ইসলাম।

৭০. আরাকান পাহাড় হতে উৎপন্ন নদী কোনটি?
ক. সাঙ্গু নদী খ. নাফ নদী
গ. কর্ণফুলি নদী ঘ. ফেনী নদী
উত্তর: ক

নদ-নদীর নাম	উৎপত্তিস্থল
সাঙ্গু	বাংলাদেশ-মিয়ানমার সীমানার আরাকান পর্বত।
কর্ণফুলী	ভারতের মিজোরাম রাজ্যের লুসাই পাহাড়।
ফেনী	খাগড়াছড়ির পার্বত্য এলাকা।

www.exambd.net

৭১. নিরাপত্তা পরিষদের সদস্য দেশ কয়টি?

ক. ১২টি খ. ১৩টি
গ. ১৪টি ঘ. ১৫টি

উত্তর✓ খ জাতিসংঘের কার্যকরী সভা নিরাপত্তা পরিষদ। নিরাপত্তা পরিষদের সদস্য সংখ্যা ১৫টি। ৫টি স্থায়ী ও ১০টি অস্থায়ী সদস্য। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, রাশিয়া ও চীন স্থায়ী সদস্য রাষ্ট্র। অস্থায়ী সদস্য নির্বাচিত হয় ২ বছরের জন্য। পূর্বে নিরাপত্তা পরিষদের সদস্য ছিল ১১টি। ১৯৬৩ সালে যা ১৫ তে উন্নীত হয় এবং কার্যকর হয় ৩১ আগস্ট ১৯৬৫ সালে।

৭২. আন্তর্জাতিক আদালতের সভাপতির মেয়াদকাল কত বছর?

ক. ২ বছর খ. ৩ বছর
গ. ৪ বছর ঘ. ৫ বছর

উত্তর✓ খ আন্তর্জাতিক আদালত প্রতিষ্ঠিত হয় ২৪ অক্টোবর ১৯৪৫ সালে। সদর দপ্তর হেগ, নেদারল্যান্ডস এ অবস্থিত। আন্তর্জাতিক আদালতের বিচারকের সংখ্যা ১৫ জন। বিচারকদের মেয়াদকাল ৯ বছর। আন্তর্জাতিক আদালতের সভাপতি ৩ বছরের জন্য নির্বাচিত হন।

৭৩. পৃথিবীর বৃহত্তম রাবার উৎপাদনকারী দেশ কোনটি?

ক. ইন্দোনেশিয়া খ. চীন
গ. মালয়েশিয়া ঘ. চিলি

উত্তর✓ ক বিশ্বে প্রাকৃতিক রাবার উৎপাদন ও রপ্তানিতে শীর্ষ দেশ ইন্দোনেশিয়া এবং দ্বিতীয় থাইল্যান্ড। প্রাকৃতিক রাবার ব্যবহারে শীর্ষ দেশ চীন। বিশ্বের প্রধান সিনথেটিক রাবার উৎপাদনকারী দেশ যুক্তরাষ্ট্র।

৭৪. বাংলাদেশের প্রশস্ততম নদী কোনটি?

ক. পদ্মা খ. যমুনা
গ. মেঘনা ঘ. শীতলক্ষ্যা

উত্তর✓ গ বাংলাদেশের দীর্ঘতম, প্রশস্ততম, গভীরতম ও বৃহত্তম নদী মেঘনা। মেঘনা নদীর দৈর্ঘ্য ৩৩০ কিলোমিটার, সর্বোচ্চ প্রশস্ততা ১৩,০০০ মিটার, গভীরতা ২৭ মিটার।

৭৫. দহগ্রাম ছিটমহল কোন জেলায় অবস্থিত?

ক. লালমনিরহাট খ. কুড়িগ্রাম
গ. নীলফামারী ঘ. পঞ্চগড়

উত্তর✓ ক দহগ্রাম লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলায় অবস্থিত একটি ইউনিয়ন। এর আয়তন ৩৫ বর্গমাইল। ১৬ মে ১৯৭৪ সালে স্বাক্ষরিত বাংলাদেশ-ভারত স্থলসীমান্ত চুক্তির মাধ্যমে ১ আগস্ট ২০১৫ সালে ছিটমহল বিলুপ্ত হয়।

আমেরিকা-এশিয়াকে পৃথক করেছে কোন প্রণালি?

ক. পক-প্রণালি খ. জিব্রাল্টার প্রণালি
গ. মালাক্কা প্রণালি ঘ. বেরিং প্রণালি

উত্তর✓ ঘ

নাম	পৃথক করেছে	সংযুক্ত করেছে
বেরিং প্রণালি	এশিয়া-উত্তর আমেরিকা	উত্তর সাগর ও বেরিং সাগর
পক প্রণালি	ভারত-শ্রীলংকা	ভারত মহাসাগর ও আরব সাগর
জিব্রাল্টার প্রণালি	আফ্রিকা-ইউরোপ	আটলান্টিক মহাসাগর ও ভূমধ্যসাগর
মালাক্কা প্রণালি	সুমাত্রা-মালয়েশিয়া	বঙ্গোপসাগর ও জাভা সাগর

৭৭. বাংলাদেশের প্রথম জাতীয় সংসদের প্রথম স্পিকার কে ছিলেন?

ক. মাওলানা আবদুর রশীদ তর্কবাগীশ
খ. শাহ আবদুল হামিদ
গ. হুমায়ুন রশীদ চৌধুরী
ঘ. সৈয়দ নজরুল ইসলাম

উত্তর✓ খ

নাম	পদবি/পরিচয়
শাহ আব্দুল হামিদ	গণপরিষদের প্রথম স্পিকার
মোহাম্মদ উল্লাহ	গণপরিষদের প্রথম ডেপুটি স্পিকার
মাওলানা আব্দুর রশীদ তর্কবাগিশ	গণপরিষদের প্রথম অধিবেশনের সভাপতি
হুমায়ুন রশীদ চৌধুরী	জাতিসংঘের সাধারণ অধিবেশনে সভাপতিত্বকারী প্রথম বাংলাদেশী
সৈয়দ নজরুল ইসলাম	মুজিবনগর সরকারের অস্থায়ী রাষ্ট্রপতি

৭৮. পৃথিবীর বৃহত্তম কৃত্রিম খাল কোনটি?

ক. সুয়েজ খাল খ. পানামা খাল
গ. বাল্টিকখাল ঘ. গ্রান্ড খাল

উত্তর✓ ঘ পৃথিবীর বৃহত্তম কৃত্রিম খাল গ্রান্ড খাল। এটি চীনে অবস্থিত। এর দৈর্ঘ্য ১৭৭০ কিলোমিটার, প্রস্থ ৩৬ মিটার। গ্রান্ড খাল উদ্বোধন করা হয় ৬১০ সালে। এটি পৃথিবীর প্রাচীনতম খাল।

৭৯. ছিয়াত্তরের মন্বন্তর সংঘটিত হয়েছিল ইংরেজি কত সালে?

ক. ১৭৬৮ সালে খ. ১৭৬৯ সালে
গ. ১৭৭০ সালে ঘ. ১৭৭২ সালে

উত্তর✓ গ দ্বৈতশাসন ব্যবস্থার প্রবর্তক লর্ড ক্লাইভ। দ্বৈতশাসন ব্যবস্থার পরিণতিতে ১৭৭০ সালে (বাংলায় ১১৭৬) দেশব্যাপী মারাত্মক দুর্ভিক্ষ হয়। এ বিপর্যয়ে দেশের প্রায় এক-তৃতীয়াংশ লোক প্রাণ হারায়। এই ভয়াবহ দুর্ভিক্ষই 'ছিয়াত্তরের মন্বন্তর' নামে পরিচিত।

৮০. পৃথিবীর দ্বিতীয় সবচেয়ে জনবহুল দেশ–

ক. চীন খ. রাশিয়া
গ. মার্কিন যুক্তরাষ্ট্র ঘ. ভারত

উত্তর✓ খ **বিশ্ব জনসংখ্যা রিপোর্ট ২০১৭:**

অবস্থান	দেশ	জনসংখ্যা
১ম	চীন	১৪০ কোটি ৯৫ লাখ
২য়	ভারত	১৩৩ কোটি ৯২ লাখ
৩য়	মার্কিন যুক্তরাষ্ট্র	৩২ কোটি ৪৫ লাখ
৪র্থ	ইন্দোনেশিয়া	২৬ কোটি ৪০ লাখ
৮ম	বাংলাদেশ	১৬ কোটি ৪৭ লাখ
৯ম	রাশিয়া	১৪ কোটি ৪০ লাখ

www.exambd.net

৭৮

প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২

সেট : ১ | [কোড : ক্যামেলিয়া] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ১২.১০.২০১২ | পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল
পটুয়াখালী, নোয়াখালী, লক্ষ্মীপুর, বরিশাল, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, ঝালকাঠি, ।

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. 'বনি আদম' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?
ক. গোলাম মোস্তফা | খ. কাজী নজরুল ইসলাম
গ. যতীন্দ্রমোহন বাগচী | ঘ. শেখ ফজলল করিম
উত্তর✓ ক [illegible] 'বনি আদম' ছাড়াও গোলাম মোস্তফার উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ : রক্তরাগ, খোশরোজ, হাস্নাহেনা, কাব্যকাহিনী, সাহারা, বুলবুলিস্তান।

০২. 'হাজার বছর ধরে' উপন্যাসটি কার রচনা?
ক. ফজল শাহাবুদ্দীন | খ. শঙ্কর
গ. আনিস চৌধুরী | ঘ. জহির রায়হান
উত্তর✓ ঘ [illegible] 'হাজার বছর ধরে' ছাড়াও জহির রায়হানের উল্লেখযোগ্য উপন্যাস : আরেক ফাল্গুন, বরফ গলা নদী, তৃষ্ণা, শেষ বিকেলের মেয়ে, আর কতদিন।

০৩. 'রমনা পার্কে' নাটকটি কে রচনা করেছেন?
ক. মুনীর চৌধুরী | খ. শাহাদৎ হোসেন
গ. ড. নীলিমা ইব্রাহীম | ঘ. সৈয়দ ওয়ালীউল্লাহ্
উত্তর✓ গ [illegible] কতিপয় নাটক ও নাট্যকার :

নাট্যকার	উল্লেখযোগ্য নাটক
ড. নীলিমা ইব্রাহিম	রমনা পার্কে, দুয়ে দুয়ে চার, যে অরণ্যে আলো নেই
মুনীর চৌধুরী	রক্তাক্ত প্রান্তর, কবর
শাহাদাৎ হোসেন	মসনদের মোহ, আনারকলি
সৈয়দ ওয়ালীউল্লাহ্	বহিপীর, উজানে মৃত্যু, তরঙ্গভঙ্গ

০৪. নিচের কোনটি কর্মধারয় সমাস?
ক. খাসমহল | খ. রাজর্ষি
গ. আকণ্ঠ | ঘ. মৌলভী সাহেব
উত্তর✓ ক,খ [illegible] খাস যে মহল = খাসমহল, যিনি রাজা তিনিই ঋষি = রাজর্ষি (কর্মধারয় সমাস)। যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে।

০৫. তৎপুরুষ সমাসে কোন পদ প্রধান?
ক. পরপদ | খ. পূর্বপদ
গ. অন্যপদ | ঘ. উভয়পদ
উত্তর✓ ক [illegible] সমাসে পদের প্রাধান্য :

সমাসের নাম	যে পদ প্রধান
তৎপুরুষ, কর্মধারয়, দ্বিগু	পরপদ
অব্যয়ীভাব	পূর্বপদ
দ্বন্দ্ব	উভয়পদ

০৬. 'ধন হইতে সুখ হয় না' বাক্যের নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ৫মী | খ. করণে ৩য়া
গ. অপাদানে ৫মী | ঘ. কর্তায় ৭মী
উত্তর গ

০৭. 'আজকে নগদ কালকে ধার' বাক্যের নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অধিকরণে ২য় | খ. অপাদানে ৫মী
গ. কর্তায় ২য়া | ঘ. করণে ২য়া
উত্তর✓ ক [illegible] 'আজকে নগদ কালকে ধার' - এ বাক্যে নিম্নরেখ শব্দটি অধিকরণ কারকে ২য়া বিভক্তি। ক্রিয়া সম্পাদনের কাল এবং আধারকে অধিকরণ কারক বলে।

০৮. কোনটি শুদ্ধ বানান?
ক. গননা | খ. গনণা
গ. গণণা | ঘ. গণনা
উত্তর ঘ

০৯. কোনটি শুদ্ধ বানান?
ক. কৃষিজিবি | খ. কৃষিজীবী
গ. কৃষিজীবি | ঘ. কৃষিজিবী
উত্তর✓ খ [illegible] বুদ্ধিজীবী, পেশাজীবী জীবিকা, জলোচ্ছ্বাস, জীবাশ্ম, জ্বালানি, জ্যেষ্ঠ, জ্যৈষ্ঠ, জ্যোতিষ্ক, জ্যোৎস্না।

১০. 'বাতাস' এর সমার্থক শব্দ নয়–
ক. পবন | খ. অনিল
গ. প্রসূন | ঘ. বায়ু
উত্তর✓ গ [illegible] 'প্রসূন' শব্দের অর্থ : পুষ্প, ফুল, কুসুম।

১১. 'অনুগ্রহ' এর বিপরীতার্থক শব্দ–
ক. নিগ্রহ | খ. দয়া
গ. বিগ্রহ | ঘ. প্রতিগ্রহ
উত্তর ক

১২. কোন বাগ্‌ধারাটির 'স্বতন্ত্র' অর্থ প্রকাশিত?
ক. আদায় কাঁচকলায় | খ. সাপে নেউলে
গ. দা কুমড়া | ঘ. সাতেও না পাঁচেও না
উত্তর✓ ঘ [illegible] 'আদায় কাঁচকলায়, সাপে নেউলে, দা কুমড়া' বাগ্‌ধারার অর্থ : শত্রুতা/ ভীষণ শত্রুতা। অপরদিকে, 'সাতেও না পাঁচেও না' বাগ্‌ধারার অর্থ : নির্লিপ্ততা।

১৩. 'তাসের ঘর' এর অর্থ কী?
ক. বিশৃঙ্খলা | খ. এলোমেলো
গ. ক্ষণস্থায়ী | ঘ. তাস খেলার ঘর
উত্তর গ

১৪. 'আশ্চর্য' এর সন্ধি বিচ্ছেদ–
ক. অ + আর্চ | খ. আ + চর্য
গ. অতি + চার্য | ঘ. আশ + চর্য
উত্তর✓ [illegible] আ + চর্য = আশ্চর্য (নিপাতনে সিদ্ধ সন্ধি)। ব্যাকরণের নিয়ম অনুযায়ী যা ঘটে না কিন্তু বৈধতা দান করা হয়, তাকে নিপাতনে সিদ্ধ বলে। যেমন : গো + পদ = গোষ্পদ, বন + পতি = বনস্পতি, পর + পর = পরস্পর।

www.exambd.net

১৫. 'ঢাকের কাঠি' বাগ্‌ধারার অর্থ–

ক. তোষামুদে　　খ. সাহায্যকারী
গ. বাদক　　ঘ. স্বাস্থ্যহীন লোক　　উত্তর: ক

১৬. 'You are not amenable —— reason.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. from　　খ. into
গ. of　　ঘ. to

উত্তর: ✓ খ　Amenable অর্থ বাধ্য, কৈফিয়ত দিতে বাধ্য, সহজে অভিভূত, নমনীয়, প্রতিয়ারভূক্ত। 'Amenable' এর পর Appropriate Preposition হিসেবে সবসময় 'to' বসে।

১৭. 'If we had a boat, we —— the river.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. will cross　　খ. would be crossing
গ. would cross　　ঘ. would make crossed

উত্তর: ✓ গ　Conditional Sentence এর নিয়মানুসারে If এর পর Past Indefinite Tense থাকলে অন্য অংশটিতে প্রথম Subject, অতঃপর would/could/might এবং verb এর base form হয়।

১৮. 'Dark horse' এর অর্থ হচ্ছে–

ক. Dark coloured horse
খ. A person about whose past nothing is known
গ. Arabean horse
ঘ. Large horse

উত্তর: ✓ খ

Phrase/Word	Meaning
Dark horse	অপ্রত্যাশিত বা অজ্ঞাত ব্যক্তি
Dark coloured horse	কালো বা গাঢ় রঙের ঘোড়া।
A person about whose past nothing is known	যে ব্যক্তির অতীতের কোন পরিচয় জানা যায় নি।
Arabian Horse	আরবের ঘোড়া
Large Horse	বিশাল ঘোড়া

১৯. 'Tooth and nail' এর অর্থ হচ্ছে–

ক. Beautiful　　খ. Precise
গ. Incompletely　　ঘ. Completely

উত্তর: ✓ খ

Word/Phrase	Meaning
Tooth and nail	পুরোপুরি, পরিপূর্ণভাবে।
Beautiful	সুন্দর।
Precise	সুনির্দিষ্ট, যথাযথ।
Incompletely	অসম্পূর্ণভাবে।
Completely	পরিপূর্ণভাবে, পুরোপুরি।

২০. কোনটি শুদ্ধ বানান?

ক. Comission　　খ. Commision
গ. Comision　　ঘ. Commission

উত্তর: ✓ ঘ　অপশনগুলোর মধ্যে (ক), (খ) ও (গ) অপশনগুলোতে প্রদত্ত Words যা Dictionary তে নাই। সুতরাং শুদ্ধ বানান হচ্ছে অপশন (ঘ)→ Commission।

২১. Synonym of the word 'Encounter' is–

ক. Battle　　খ. Part
গ. Harmony　　ঘ. Concord

উত্তর: ✓ ক

Word	Meaning
Encounter	বিরোধিতা করা, দুপক্ষের মধ্যে প্রবল সংঘর্ষ।
Battle	বিরোধিতা করা, যুদ্ধ করা, দুপক্ষের মধ্যে প্রবল সংঘর্ষ।
Part	অংশ।
Harmony	সংহতি, ঐক্য, মতের মিল।
Concord	ঐক্য, মিল।

২২. Antonym of the word 'Doctrine' is–

ক. Belief　　খ. Faith
গ. Error　　ঘ. Theory

উত্তর: ✓ গ

Word	Meaning
Doctrine	তত্ত্ব, বিশ্বাস, মতবাদ।
Belief	বিশ্বাস, আস্থা, প্রত্যয়।
Faith	বিশ্বাস, সততা, নিষ্ঠা।
Error	ভুল, ভুল বিশ্বাস, ভ্রান্ত মতবাদ।
Theory	তত্ত্ব, মতবাদ।

সুতরাং দেখা যাচ্ছে যে, অপশনগুলোর মধ্যে (গ) ব্যতীত বাকি সবগুলো প্রশ্নে প্রদত্ত 'Doctrine' এর সমার্থক।

২৩. কোন বানানটি শুদ্ধ?

ক. Embarrasment　　খ. Embarrassment
গ. Embarasment　　ঘ. Embarassment

উত্তর: ✓ খ　অপশনগুলোর মধ্যে (ক),(গ) ও (ঘ) সঠিক নয়। অন্যদিকে শুদ্ধ বানান হচ্ছে Embarrassment (বিব্রত অবস্থা, বিভ্রান্তি)।

২৪. নিচের কোন বাক্যটি শুদ্ধ?

ক. Sohel is taller than I
খ. Sohel is taller than me
গ. I did not think it was her
ঘ. She is out of her danger

উত্তর: ✓ ক　দ্বিতীয় অপশনটি সঠিক নয়। 'me' এর স্থলে 'I' হবে। তৃতীয় অপশনটিতে Possessive adjective (Her, your, their ইত্যাদি) এরপর noun হবে অথবা Possessive Pronoun (hers, yours, theirs ইত্যাদি) বসাতে হবে। চতুর্থ অপশনটিতে 'She is out of danger' বললে ঠিক হতো।

২৫. নিচের কোন বাক্যটি শুদ্ধ?

ক. She has got cent percent marks
খ. You are a great thief
গ. Time and tide waits for none
ঘ. Has he got the information?

উত্তর: ✓ খ　প্রথম অপশনে 'She has secured Percent marks'-লিখলে সঠিক হতো। দ্বিতীয় অপশনে খারাপ কিছু ক্ষেত্রে 'great' এর পরিবর্তে 'notorious' লিখতে হয়। সুতরাং শুদ্ধ বাক্যটি হচ্ছে– 'You are a notorious thief'।

২৬. The Manager said to the strikers, "Resume your work." বাক্যের Indirect speech হচ্ছে–

ক. The manager requested the strikers to resume their work
খ. The manager ordered the strikers to resume their work
গ. The manager told the strikers to resume their work
ঘ. The manager requested to the strikers to resume their work

উত্তর✓ খ Imperative sentence কে Indirect করার ক্ষেত্রে আদেশ বুঝালে reporting verb হিসেবে 'ordered' বসাতে হয় এবং reported speech এ reported verb এর পূর্বে 'to' বসে।

২৭. He said to me, "Which book do you want?" বাক্যের indirect speech হচ্ছে–

ক. He said to me which book I wanted
খ. He asked to me which book I wanted
গ. He said me which book I wanted
ঘ. He asked me which book I wanted

উত্তর✓ ঘ Interrogative Sentence কে। Indirect করার ক্ষেত্রে reporting verb টি পরিবর্তিত হয়ে 'asked' হয়; অতঃপর Wh-word থাকলে তা অপরিবর্তিত থাকে এবং পরবর্তী reported speech এর অংশটি assertive pattern এর করতে হয়।

২৮. The pill tastes bitter' বাক্যের passive voice হচ্ছে–

ক. The pill is bitter when it is tasted
খ. The pill is bitter when it tastes
গ. The pill was bitter when it tasted
ঘ. The pill was bitter it was tasted

উত্তর✓ ক প্রশ্নে প্রদত্ত Quasi–Passive verb এর বাক্যটি Passive করার নিয়ম নিম্নরূপঃ
Active এর subject (The pill) + Tense, person ও number অনুযায়ী auxiliary verb যেমন am/is/are/was/were (এক্ষেত্রে Present tense হওয়ায় 'is') + when বসে + it/they (এক্ষেত্রে singular subject হওয়ায় 'it' বসবে) + পুনরায় is/are/was/were (present tense হওয়ায় এখানেও 'is' বসবে) + VPP/V3। উপর্যুক্ত নিয়মানুসারে সঠিক উত্তর হচ্ছে অপশন (ক)→ The pill is bitter when it is tasted. অথবা ভিন্ন নিয়মে করলে উত্তর হতো "The pill is tasted sweet"।

২৯. 'The bird sings sweetly.' বাক্যে 'sweetly' শব্দটি হচ্ছে–

ক. A verb
খ. An adjective
গ. An adverb
ঘ. A conjunction

উত্তর✓ গ প্রশ্নে প্রদত্ত 'sweetly' শব্দটি একটি Adverb। যেসব word দ্বারা noun বা pronoun ব্যতীত অন্য কোন শব্দ বা বাক্য বা বাক্যাংশকে modify করা হয় সেগুলোকে Adverb বলে। এখানে 'sweetly' শব্দটি verb কে modify করছে বিধায় এটি Adverb।

৩০. 'Mother loves me' বাক্যে 'loves' শব্দটি কিসের উদাহরণ?

ক. Intransitive verb
খ. Transitive verb
গ. Simple verb
ঘ. Auxilliary verb

উত্তর✓ খ verb এর object বা কর্ম থাকলে Transitive verb অন্যদিকে object না থাকলে Intransitive verb। আবার Auxiliary verb হচ্ছে সেই verb যা Tense, voice ও mood তৈরি করতে ব্যবহৃত হয়। অন্যদিকে simple verb বলে কোনো verb নেই।


৩১. কোনো ত্রিভুজের তিনটি বাহুকে একইভাবে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি–

ক. ১৮০°
খ. ২৭০°
গ. ৩৬০°
ঘ. ৫৪০°

উত্তর✓ গ ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন অন্তঃস্থ ও বহিঃস্থ কোণের সমষ্টি ১৮০°।

$\therefore$ ১৮০ − ∠A + ∠১৮০ − ∠B + ১৮০ − ∠C
= ৫৪০ − (∠A + ∠B + ∠C)
= ৫৪০ − ১৮০
= ৩৬০°

তিন কোণের সমষ্টি ১৮০°



৩২. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় যথাক্রমে ৩ ও ৪ সেমি হলে এর অতিভুজের মান কত?

ক. ৫ সেমি
খ. ৬ সেমি
গ. ৭ সেমি
ঘ. ৮ সেমি

উত্তর✓ ক পীথাগোরাসের উপপাদ্য হতে,
$(\text{অতিভুজ})^2 = (\text{ভূমি})^2 + (\text{লম্ব})^2$
$= 8^2 + 3^2$
$= ১৬ + ৯$
অতিভুজ $= \sqrt{25} = ৫$ সে.মি.

৩৩. $9a^2 + 16b^2$ রাশিটির সাথে কোনটি যোগ করলে পূর্ণ বর্গ হবে?

ক. 12ab
খ. 24ab
গ. 36ab
ঘ. 144ab

উত্তর✓ খ $9a^2 + 16b^2$
$= (3a)^2 + 2.3a.4b + (4b)^2 - 24ab$
$= (3a + 4b)^2 - 24ab$
রাশিটির সাথে 24ab যোগ করতে হবে।

৩৪. x = 2, y = 3 হলে, 2x + 4y এর সাথে $2x^2 + x - y$ যোগ করলে যোগফল কত হবে?

ক. 5
খ. − 7
গ. − 8
ঘ. 23

উত্তর✓ ঘ $2x + 4y + 2x^2 + x - y$
$= 2.2 + 4.3 + 2.2^2 + 2 - 3$
$= 4 + 12 + 8 + 2 - 3$
$= 23$

৩৫. একজন দালাল দুটি পুরনো গাড়ী প্রত্যেকটি ৩৯,১০০ টাকায় বিক্রয় করেন। প্রথমটিতে তার ১৫% লাভ হয় কিন্তু দ্বিতীয়টিতে ৭.৫% ক্ষতি হয়। মোটের উপর তার কত টাকা লাভ হয়?

ক. ২০০০ টাকা　　খ. ১৯০০ টাকা
গ. ১৯২৯.৭৩ টাকা　　ঘ. ১২০০ টাকা

উত্তর ✓ গ

$১ম\ টির\ ক্রয়মূল্য = \frac{১০০ \times বিক্রয়মূল্য}{১০০ + লাভ} = \frac{১০০ \times ৩৯,১০০}{১০০ + ১৫}$

$= \frac{১০০ \times ৩৯,১০০}{১১৫} = ৩৪০০০\ টাকা.$

$২য়\ টির\ ক্রয়মূল্য = \frac{১০০ \times বিক্রয়মূল্য}{১০০ - ক্ষতি} = \frac{১০০ \times ৩৯,১০০}{১০০ - ৭.৫}$

$= \frac{১০০ \times ৩৯,১০০}{৯২.৫} = ৪২২৭০.২৭\ টাকা।$

মোট বিক্রয়মূল্য = ৩৯১০০ + ৩৯১০০ = ৭৮২০০ টাকা
মোট ক্রয়মূল্য = ৩৪০০০ + ৪২২৭০.২৭ = ৭৬২৭০.২৭ টাকা
লাভ = ১৯২৯.৭৩ টাকা

৩৬. এক ভজন আম ৬০ টাকায় ক্রয় করে হালি কত টাকায় বিক্রয় করলে ১০% লাভ হবে?

ক. ২২ টাকা　　খ. ২৫ টাকা
গ. ১৫ টাকা　　ঘ. ১২ টাকা

উত্তর ✓ ক

$\frac{বিক্রয় সংখ্যা}{ক্রয় সংখ্যা} = \frac{১০০ \times বিক্রয়মূল্য}{ক্রয়মূল্য\ (১০০ + লাভ)}$

ক্রয়সংখ্যা = ১২টি
বিক্রয় সংখ্যা = ৪টি
ক্রয়মূল্য = ৬০ টাকা
বিক্রয়মূল্য = ?
লাভ = ১০%

$\Rightarrow \frac{৪}{১২} = \frac{১০০ \times বিক্রয়মূল্য}{৬০\ (১০০ + ১০)}$

$\Rightarrow ১০০ \times বিক্রয়মূল্য = \frac{৬০ \times ১১০ \times ৪}{১২}$

$\Rightarrow বিক্রয়মূল্য = \frac{৬০ \times ১১০ \times ৪}{১২ \times ১০০} = ২২\ টাকা$

$\therefore$ বিক্রয়মূল্য = ২২ টাকা

৩৭. স্রোতের প্রতিকূলে যেতে যে সময় লাগে অনুকূলে যেতে তার অর্ধেক সময় লাগে। যাতায়াতে যদি সময় লাগে ১২ ঘণ্টা, তাহলে স্রোতের অনুকূলে যেতে সময় লাগে–

ক. ৬ ঘণ্টা　　খ. ৪ ঘণ্টা
গ. ১০ ঘণ্টা　　ঘ. ৮ ঘণ্টা

উত্তর ✓ খ মনে করি,
স্রোতের প্রতিকূলে যায় x ঘণ্টা
" অনুকূলে " $\frac{x}{২}$ "

প্রশ্নমতে, $x + \frac{x}{২} = ১২$

$\Rightarrow \frac{২x + x}{২} = ১২$

$\Rightarrow ৩x = ২৪$

$x = \frac{২৪}{৩} = ৮$

$\therefore$ স্রোতের অনুকূলে যায় $= \frac{৮}{২} = ৪$ ঘণ্টা

৩৮. ১৫টি ভেড়ার মূল্য ৫টি গরুর মূল্যের সমান। ২টি গরুর মূল্য ৩০০০ টাকা হলে ৬টি ভেড়ার মূল্য কত?

ক. ১৫০০ টাকা　　খ. ২০০০ টাকা
গ. ২৫০০ টাকা　　ঘ. ৩০০০ টাকা

উত্তর ✓ ঘ
২টি গরুর মূল্য ৩০০০ টাকা
১ " " " $\frac{৩০০০}{২}$ "
৫ " " " $\frac{৩০০০ \times ৫}{২} = ৭৫০০$ টাকা

১৫ টি ভেড়ার মূল্য ৭৫০০ টাকা
১ " " " $\frac{৭৫০০}{১৫}$ "
৬ " " " $\frac{৭৫০০ \times ৬}{১৫} = ৩০০০$ টাকা

৩৯. এক দোকানদার ১৫ টাকা ও ২০ টাকা কেজি দরে দুই ধরনের চা কি অনুপাতে মেশালে দাম ১৬ টাকা ৫০ পয়সা হবে?

ক. ৭ ঃ ৩　　খ. ৫ ঃ ৭
গ. ৩ ঃ ৭　　ঘ. ৪ ঃ ৫

উত্তর ✓ ক মনে করি, x : y অনুপাতে মিশাতে হবে
x কেজির দাম = ১৫x টাকা
y " " = ২০y টাকা
$\therefore$ মোট চা পাতা (x + y) কেজি।
প্রশ্নমতে, ১৫x + ২০y = ১৬.৫০ (x + y)
$\Rightarrow$ ১৫x + ২০y = ১৬.৫০x + ১৬.৫০y
$\Rightarrow$ ১৬.৫০x − ১৫x = ২০y − ১৬.৫০y
$\Rightarrow$ ১.৫x = ৩.৫y
$\Rightarrow \frac{x}{y} = \frac{৩.৫}{১.৫}$
$\therefore$ x : y = ৩.৫ : ১.৫ = ৭ : ৩

৪০. বর্তমানে পিতার বয়স পুত্রের বয়সের ৫ গুণ। তিন বছর পরে, পিতার বয়স পুত্রের বয়সের ৪ গুণ হয়। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত?

ক. ৩৫ বছর, ৭ বছর　　খ. ৫০ বছর, ১০ বছর
গ. ৪৫ বছর, ৯ বছর　　ঘ. ২৫ বছর, ৫ বছর

উত্তর ✓ গ মনে করি,
পুত্রের বর্তমান বয়স x বছর
পিতার " " ৫x "
তিন বছর পর পুত্রের বয়স (x + ৩)
" " " পিতার " (৫x + ৩)
প্রশ্নমতে, ৫x + ৩ = ৪ (x + ৩)
$\Rightarrow$ ৫x + ৩ = ৪x + ১২
$\Rightarrow$ ৫x − ৪x = ১২ − ৩
$\therefore$ x = ৯
পিতার বর্তমান বয়স = ৫ × ৯ = ৪৫ বছর
পুত্রের " " = ৯ বছর।

www.exambd.net

৪১. দুটি রাশির অনুপাত ৮ ঃ ১৫। পূর্ব রাশি ৪০ হলে, উত্তর রাশি কত?

ক. ১২০ খ. ৭৫
গ. ৪৫ ঘ. ১৫

উত্তর✓ খ ব্যাখ্যা পূর্ব রাশি : উত্তররাশি = ৮ : ১৫

$\Rightarrow$ ৪০ : উত্তররাশি = ৮ : ১৫

$\Rightarrow \frac{৪০}{\text{উত্তর রাশি}} = \frac{৮}{১৫}$

$\Rightarrow$ উত্তর রাশি $= \frac{৪০ \times ১৫}{৮} = ৭৫$

৪২. ১৫ জন ছাত্রের বয়সের গড় ২৯ বছর। তাদের মধ্যে দুজন ছাত্রের বয়সের গড় ৫৫ বছর। বাকি ১৩ জনের বয়সের গড় কত হবে?

ক. ২৯ বছর খ. ২৭ বছর
গ. ২৬ বছর ঘ. ২৫ বছর

উত্তর✓ ঘ ব্যাখ্যা

১৫ জন ছাত্রের মোট বয়স $(২৯ \times ১৫) = ৪৩৫$ বছর

২ জনের মোট বয়স $(৫৫ \times ২) = ১১০$ বছর

(–) করে, ১৩ জনের মোট বয়স $= ৩২৫$ বছর

১৩ জনের গড় বয়স $= \frac{৩২৫}{১৩} = ২৫$ বছর।

৪৩. ৪৮০ জন পরীক্ষার্থীর মধ্যে ২৮৮ জন পাস করলে শতকরা কতজন পাস করল?

ক. ৭০% খ. ৬০%
গ. ৫০% ঘ. ২০%

উত্তর✓ খ ব্যাখ্যা

৪৮০ জনে পাস করে ২৮৮ জন

১ " " " $\frac{২৮৮}{৪৮০}$ "

১০০ " " " $\frac{২৮৮ \times ১০০}{৪৮০} = ৬০$ জন

৪৪. কোন হরমোনের অভাবে ডায়াবেটিস রোগ হয়?

ক. ইনসুলিন খ. গুকাগন
গ. থাইরোসিন ঘ. এড্রিনালিন

উত্তর✓ ক ব্যাখ্যা অগ্ন্যাশয়ের আইলেটস অব ল্যাঙ্গারহ্যানস অংশ হতে নিঃসৃত এক ধরনের হরমোন যা রক্তে গ্লুকোজের মাত্রা নিয়ন্ত্রণ করে তাকে ইনসুলিন বলে। এর অভাবে ডায়াবেটিস রোগ হয়।

৪৫. দূষিত বাতাসের কোন গ্যাসটি মানবদেহে রক্তের অক্সিজেন পরিবহন ক্ষমতা খর্ব করে?

ক. কার্বন ডাইঅক্সাইড খ. কার্বন মনোঅক্সাইড
গ. সালফার ডাইঅক্সাইড ঘ. নাইট্রিক অক্সাইড

উত্তর✓ খ ব্যাখ্যা কার্বন বা কার্বন যৌগ বায়ুতে পোড়ালে কার্বন মনোক্সাইড উৎপন্ন হয়। এটি একটি বর্ণহীন, স্বাদহীন, অতি সামান্য গন্ধযুক্ত গ্যাস। এই গ্যাস বেশ বিষাক্ত। শ্বাসের সাথে এই শরীরে অধিক পরিমাণে প্রবেশ করলে যন্ত্রণাহীন মৃত্যু ঘটে থাকে।

৪৬. নিচের কোন উক্তিটি সঠিক?

ক. বায়ু একটি যৌগিক পদার্থ
খ. বায়ু একটি মৌলিক পদার্থ
গ. বায়ু বলতে অক্সিজেন ও নাইট্রোজেনের মিশ্রণকে বোঝায়
ঘ. বায়ু একটি মিশ্র পদার্থ

উত্তর✓ ঘ ব্যাখ্যা দুই বা ততোধিক মৌলিক বা যৌগিক পদার্থ যে কোনো অনুপাতে মেশালে যে পদার্থ উৎপন্ন হয় তার মধ্যে মিশ্রিত পদার্থগুলো নিজ নিজ ধর্ম বজায় রেখে অবস্থান করে, তাকে মিশ্র পদার্থ বলে। বায়ু একটি মিশ্র পদার্থ। বায়ুতে অক্সিজেন, নাইট্রোজেন প্রভৃতি উপাদান থাকে।

৪৭. তামার সাথে নিচের কোনটি মিশালে পিতল হয়?

ক. নিকেল খ. টিন
গ. দস্তা ঘ. সীসা

উত্তর✓ গ ব্যাখ্যা পিতল = তামা + দস্তা।

৪৮. কোন মাধ্যমে শব্দের গতি সবচেয়ে বেশি?

ক. বাতাস খ. লোহা
গ. পানি ঘ. শূন্য

উত্তর✓ খ ব্যাখ্যা কঠিন মাধ্যমে শব্দের বেগ বেশি। লোহা কঠিন মাধ্যম তাই লোহাতে শব্দের বেগ বেশি।

৪৯. কাজ করার সামর্থ্যকে বলে–

ক. শক্তি খ. ক্ষমতা
গ. কাজ ঘ. বল

উত্তর✓ ক ব্যাখ্যা কাজ করার সামর্থ্যকে শক্তি বলে। শক্তির একক জুল।

৫০. ধানের বাদামী দাগ রোগ হয়–

ক. ভাইরাস দ্বারা খ. ব্যাকটেরিয়া দ্বারা
গ. ব্যাক্টেরিওফাজ দ্বারা ঘ. ছত্রাক দ্বারা

উত্তর✓ ঘ ব্যাখ্যা আলুর মড়ক, ধানের বাদামি দাগ রোগ ছত্রাকের মাধ্যমে হয়। ১৯৪২ সালে বাংলায় মহাদুর্ভিক্ষের কারণ ছিল ধানের বাদামি দাগ রোগ।

৫১. 'অর্কিড' কি ধরনের উদ্ভিদ?

ক. মৃতজীবী খ. পরাশ্রয়ী
গ. মিথোজীবী ঘ. সবগুলোই সত্য

উত্তর✓ খ ব্যাখ্যা যে উদ্ভিদ অন্য উদ্ভিদের উপর বা মাটির উপরের কোনো অবধারকের উপর জন্মানো মাটির সঙ্গে সরাসরি সম্পর্কহীন তাকে পরাশ্রয়ী উদ্ভিদ বলে। যেমন: অর্কিড।

৫২. কম্পিউটার কে আবিষ্কার করেন?

ক. উইলিয়াম অটরেড খ. হাওয়ার্ড এইকিন
গ. আবাকাস ঘ. ব্রেইলি প্যাসকেল

উত্তর✓ খ ব্যাখ্যা কম্পিউটার আবিষ্কার করেন হাওয়ার্ড এইকিন।
চার্লস ব্যাবেজ – কম্পিউটারের জনক।
জন ভন নিউমান – আধুনিক কম্পিউটারের জনক।

৫৩. কম্পিউটারের হার্ডওয়্যারের মধ্যে থাকে–

ক. ৫টি অংশ খ. ৪টি অংশ
গ. ৩টি অংশ ঘ. ৬টি অংশ

উত্তর গ

www.exambd.net

৫৪. সরকার রাষ্ট্র গঠনের কততম উপাদান?

ক. প্রথম খ. দ্বিতীয়
গ. চতুর্থ ঘ. তৃতীয়

উত্তর✓ খ রাষ্ট্র গঠনের মূল উপাদান ৪টি।
উপাদানগুলো হলো : ১. নির্দিষ্ট ভূখন্ড ২. জনগণ ৩. সরকার এবং ৪. সার্বভৌমত্ব।

৫৫. মুক্তিযুদ্ধে বীরত্বের জন্য কয়জনকে সর্বোচ্চ সম্মান 'বীরশ্রেষ্ঠ' খেতাব দেয়া হয়?

ক. ৮ জন খ. ৭ জন
গ. ১০ জন ঘ. ৯ জন

উত্তর✓ খ ১৯৭৩ সালের ১৫ ডিসেম্বর বীর মুক্তিযোদ্ধাদের মধ্যে ৬৭৬ জনকে বিভিন্ন খেতাব প্রদান করা হয়। চারটি ভাগে বিভক্ত করে তাদের বহুবীয় খেতাব প্রদান করা হয়। এর মধ্যে সর্বোচ্চ খেতাব 'বীরশ্রেষ্ঠ' প্রদান করা হয় ৭ জনকে। ৭ জনের মাঝে ৩ জন সেনাবাহিনী, ২ জন ইপিআর, ১ জন নৌবাহিনী ও ১ জন বিমান বাহিনীর সদস্য ছিলেন।

৫৬. বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের পদবি কী ছিল?

ক. ক্যাপ্টেন খ. হাবিলদার
গ. সিপাহী ঘ. ল্যান্স নায়ক

উত্তর✓ গ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান সেনাবাহিনীতে 'সিপাহি' পদে কর্মরত ছিলেন। তিনি ১৯৫৩ সালের ২ ফেব্রুয়ারি দিনাইদহ জেলার জন্মগ্রহণ করেন। ১৯৭১ সালের ২ ফেব্রুয়ারি সেনাবাহিনীতে যোগদান করেন। ১৯৭১ সালের ২৮ অক্টোবর মৌলভীবাজারের কমলগঞ্জে সম্মুখ যুদ্ধে শহিদ হন।

৫৭. উন্নত প্রথায় শিক্ষা দেয়া বলতে কী বোঝায়?

ক. শিক্ষা গ্রহণে সাহায্য
খ. ছাত্রদের তৈরি ও পাঠে সাহায্য
গ. ক্লাসে প্রশ্ন করা ও পরীক্ষা নেয়া
ঘ. পাঠ্য বইয়ে যা আছে তা সম্পর্কে বলা

উত্তর ক

৫৮. শিক্ষক সবচেয়ে বেশি শিখতে পারেন কার কাছ থেকে?

ক. প্রধান শিক্ষক খ. বই
গ. শুভানুধ্যায়ী ঘ. ছাত্র

উত্তর খ

৫৯. ১, ২, ৩, ৫, ৮, ১৩, ২১, ৩৪..... ধারাটির পরবর্তী সংখ্যা কত?

ক. ৪০ খ. ৫৫
গ. ৬৮ ঘ. ৯৫

উত্তর✓ খ উক্ত ধারাটিতে প্রতিটি সংখ্যার সাথে পূর্ববর্তী সংখ্যা যোগ করলে পরবর্তী সংখ্যা পাওয়া যায়।
∴ ২১ + ৩৪ = ৫৫

৬০. নিচের কোন সংখ্যাটি ক্ষুদ্রতম?

ক. $\frac{২}{৭}$ খ. $\frac{৩}{৬}$
গ. $\frac{৫}{২১}$ ঘ. $\frac{১}{৩}$

উত্তর✓ গ $\frac{২}{৭} = ০.২৯, \frac{৩}{৬} = ০.৫, \frac{৫}{২১} = ০.২৩, \frac{১}{৩} = ০.৩৩$
এখানে, $\frac{৫}{২১} = ০.২৩$ ক্ষুদ্রতম।

৬১. চন্দ্র ও সূর্য জল ও স্থলকে আকর্ষণ করে বলে পানি ফুলে ওঠে; পানির এ ফুলে উঠাকে বলে–

ক. জোয়ার খ. ভাঁটা
গ. স্রোত ঘ. বাণ

উত্তর✓ ক চন্দ্র ও সূর্য জল ও স্থলকে আকর্ষণ করে বলে পৃথিবীর কোথাও পানি ফুলে উঠে আবার কোথাও পানি নেমে যায়। পানির ফুলে উঠাকে জোয়ার আর নেমে যাওয়াকে ভাটা বলে।

৬২. এশিয়ার দক্ষিণ ভাগ দিয়ে অতিক্রম করেছে–

ক. মূল মধ্যরেখা খ. কর্কট ক্রান্তি
গ. মকর ক্রান্তি ঘ. বিষুব রেখা

উত্তর✓ খ এশিয়ার দক্ষিণভাগ দিয়ে অতিক্রম করেছে কর্কটক্রান্তি রেখা। নিরক্ষরেখা হতে ২৩.৫° উত্তর অক্ষাংশকে কর্কটক্রান্তি রেখা বলে।

৬৩. পৃথিবীর নিজ অক্ষে আবর্তনের দিক–

ক. পূর্ব হতে পশ্চিম দিকে খ. পশ্চিম হতে পূর্ব দিকে
গ. দক্ষিণ হতে উত্তর দিকে ঘ. উত্তর হতে দক্ষিণ দিকে

উত্তর✓ খ পৃথিবী নিজ মেরুরেখায় পশ্চিম হতে পূর্ব দিকে আবর্তন করতে ২৪ ঘণ্টা সময় নেয়। পৃথিবীর এই গতিকে আহ্নিক গতি বলে।

৬৪. মেরু রেখা বা অক্ষের উত্তর প্রান্ত বিন্দুকে বলা হয়–

ক. কুমেরু খ. বিষুব রেখা
গ. সুমেরু ঘ. দ্রাঘিমা রেখা

উত্তর✓ গ মেরু রেখা বা অক্ষের উত্তর প্রান্ত বিন্দুকে সুমেরু বলে। এর অক্ষাংশ ৯০° উত্তর।

৬৫. প্রধান নির্বাচন কমিশনারের মেয়াদকাল কত?

ক. ৫ বছর খ. ৪ বছর
গ. ৩ বছর ঘ. ৭ বছর

উত্তর✓ ক বাংলাদেশের সংবিধানের ১১৮(৩) নং অনুচ্ছেদ অনুযায়ী, নির্বাচন কমিশনারের মেয়াদ পাঁচ (৫) বছর। বাংলাদেশের ১২তম বা বর্তমান প্রধান নির্বাচন কমিশনার এম নুরুল হুদা।

৬৬. ঢাকার বিখ্যাত 'তারা মসজিদ' তৈরি করেন–

ক. খান সাহেব আবুল হাসনাত খ. মির্জা আহমেদ খান
গ. নওয়াব সলিমুল্লাহ ঘ. শায়েস্তা খান

উত্তর✓ খ তারা মসজিদ পুরানো ঢাকার আরমানিটোলায় আবুল খয়রাত সড়কে অবস্থিত। আঠারো শতকে জমিদার মির্জা গোলাম পীর এই মসজিদ নির্মাণ করেন। তার অপর নাম মির্জা আহমেদ খান। পূর্বে মসজিদটি ছিল তিন গম্বুজ বিশিষ্ট। ১৯৮৭ সালে তিন গম্বুজ থেকে পাঁচ গম্বুজ করা হয়।

৬৭. বাংলাদেশে চীনামাটির সন্ধান পাওয়া গেছে–

ক. রানীগঞ্জে খ. বিজয়পুরে
গ. টেকের হাটে ঘ. বিয়ানী বাজারে

উত্তর✓ খ বাংলাদেশে সর্বপ্রথম ১৯৫৭ সালে নেত্রকোণা জেলার দুর্গাপুর উপজেলার বিজয়পুরে চীনামাটির সন্ধান পাওয়া যায়। এছাড়া নওগাঁর পত্নীতলা, দিনাজপুরের মধ্যপাড়া ও বড়পুকুরিয়া এবং জয়পুরহাটের পাঁচবিবিতে চীনামাটি পাওয়া যায়।

৬৮. হিজরী সাল গণনা শুরু হয় কোন সালে?

ক. ৬০২ সালে　　খ. ৬১২ সালে
গ. ৬২২ সালে　　ঘ. ৬২৩ সালে

উত্তর✓ গ ব্যাখ্যা: মহানবী হযরত মুহাম্মদ (সা:) ৬২২ খ্রিস্টাব্দে মক্কা থেকে মদিনায় হিজরত করেন। এই ঘটনাকে চিরস্মরণীয় করে রাখার উদ্দেশ্যেই হিজরী সাল গণনার সূচনা। ইসলামের দ্বিতীয় খলিফা হযরত ওমর (রা:)-এর শাসনামলে চন্দ্র মাসের হিসেবে এই পঞ্জিকা প্রবর্তন করা হয়।

৬৯. যুক্তরাষ্ট্রের স্বাধীনতা সংগ্রামের নায়ক–

ক. জর্জ ওয়াশিংটন　　খ. আব্রাহাম লিঙ্কন
গ. রুজভেল্ট　　ঘ. কলম্বাস

উত্তর✓ ক ব্যাখ্যা: মার্কিন যুক্তরাষ্ট্র ১৭৭৬ সালের ৪ জুলাই স্বাধীনতা ঘোষণা করে। ১৯ অক্টোবর ১৭৮১ সালের ব্রিটিশ সেনাপ্রধান লর্ড কর্নওয়ালিশ মার্কিন সেনাপ্রধান জর্জ ওয়াশিংটনের কাছে আত্মসমর্পণ করেন। জর্জ ওয়াশিংটনকে যুক্তরাষ্ট্রের স্বাধীনতা সংগ্রামের নায়ক বা সর্বাধিনায়ক বলা হয়। তিনি ছিলেন যুক্তরাষ্ট্রের প্রথম প্রেসিডেন্ট।

→ আব্রাহম লিঙ্কন যুক্তরাষ্ট্রের ১৬তম প্রেসিডেন্ট। তিনি ১৮৬৩ সালে ক্রীতদাস প্রথা বিলুপ্ত করেন।
→ কলম্বাস ১৪৯২ সালে আমেরিকা আবিষ্কার করেন।
→ থিওডোর রুজভেল্ট যুক্তরাষ্ট্রের ২৬তম প্রেসিডেন্ট। ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট যুক্তরাষ্ট্রের ৩২তম প্রেসিডেন্ট।

৭০. প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয় কোন সালে–

ক. ১৯০৪ সালে　　খ. ১৯১৪ সালে
গ. ১৯১৫ সালে　　ঘ. ১৯১৬ সালে

উত্তর✓ খ ব্যাখ্যা: প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয় ২৮ জুলাই ১৯১৪ সালে এবং শেষ হয় ১১ নভেম্বর ১৯১৮ সালে। প্রথম বিশ্বযুদ্ধে মিত্রশক্তি ছিল ব্রিটেন, ফ্রান্স, সার্বিয়া, বেলজিয়াম ও রাশিয়া। অক্ষশক্তিতে ছিল জার্মানি, অস্ট্রিয়া, হাঙ্গেরি, তুরস্ক ও বুলগেরিয়া।

৭১. ধ্রুবতারা দেখা যায়–

ক. পূর্ব গোলার্ধে　　খ. পশ্চিম গোলার্ধে
গ. উত্তর গোলার্ধে　　ঘ. সব গোলার্ধে　　উত্তর গ

৭২. উপগ্রহের সংখ্যা সবচেয়ে বেশি কোন গ্রহের?

ক. শনির　　খ. বুধের
গ. নেপচুনের　　ঘ. বৃহস্পতির　　উত্তর ঘ

৭৩. কে লাহোর প্রস্তাব উত্থাপন করেন?

ক. মুহাম্মদ আলী জিন্নাহ　　খ. এ. কে. ফজলুল হক
গ. খাজা নাজিম উদ্দিন　　ঘ. শহীদ সোহরাওয়ার্দী

উত্তর✓ খ ব্যাখ্যা: ২৩ মার্চ ১৯৪০ সালে লাহোর প্রস্তাব উত্থাপন করেন শেরেবাংলা এ কে ফজলুল হক। লাহোর প্রস্তাবের মূল দাবি ছিল মুসলিম সংখ্যাগরিষ্ঠ এলাকাসমূহে একাধিক স্বাধীন রাষ্ট্র গঠন করা। এ কে ফজলুল হক অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী।

→ মুহাম্মদ আলী জিন্নাহ – পাকিস্তানের জনক ও প্রথম গভর্নর জেনারেল।
→ হোসেন শহীদ সোহরাওয়ার্দী – অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী।
→ খাজা নাজিম উদ্দীন – পূর্ববাংলা বা পূর্বপাকিস্তানের প্রথম মুখ্যমন্ত্রী।

৭৪. ইসলামী সম্মেলন (বর্তমানে সহযোগিতা) সংস্থার প্রধান কার্যালয় কোথায়?

ক. জেদ্দা　　খ. তেহরান
গ. কায়রো　　ঘ. রিয়াদ

উত্তর✓ ক ব্যাখ্যা: OIC এর পূর্ণরূপ Organization of Islamic Co-operation. OIC গঠিত হয় ২৫ সেপ্টেম্বর ১৯৬৯ সালে। OIC'র সদর দপ্তর জেদ্দা, সৌদিআরব। OIC'র প্রতিষ্ঠাকালীন সদস্য ছিল ২৫টি। বর্তমান সদস্য সংখ্যা ৫৭।

৭৫. 'ডেইলি মিরর' পত্রিকা কোথা থেকে প্রকাশিত হয়?

ক. ওয়াশিংটন　　খ. মস্কো
গ. লন্ডন　　ঘ. সিঙ্গাপুর

উত্তর✓ গ ব্যাখ্যা: 'ডেইলি মিরর' একটি ব্রিটিশ দৈনিক পত্রিকা। এ ১৯০৩ সালে প্রতিষ্ঠিত হয়। প্রধান কার্যালয় লন্ডনে এ অবস্থিত। ডেইলি মিরর এর প্রতিষ্ঠাতা Alfred Harmsworth। যুক্তরাজ্যের কিছু দৈনিক পত্রিকা হল দ্য গার্ডিয়ান, ডেইলি স্টার। সাপ্তাহিক পত্রিকা- দ্য ইকোনোমিস্ট, সানডে টাইমস।

৭৬. বেতার যন্ত্র আবিষ্কার করেন–

ক. জগদীশ চন্দ্র বসু　　খ. ফ্যারাডে
গ. গ্রাহাম বেল　　ঘ. মার্কনী

উত্তর✓ ঘ ব্যাখ্যা: ইতালীয় উদ্ভাবক এবং প্রকৌশলী গুলিয়েলমো মার্কনী বেতার যন্ত্র আবিষ্কার করেন। ১৯০৯ সালে তিনি পদার্থে নোবেল পান।

৭৭. বৈদ্যুতিক ক্ষমতার একক–

ক. ওহম　　খ. ওয়াট
গ. ভোল্ট　　ঘ. এম্পেয়ার

উত্তর✓ খ ব্যাখ্যা: প্রতি সেকেন্ডে এক জুল কাজ করার ক্ষমতাকে এক ওয়াট বলে। বৈদ্যুতিক ক্ষমতার একক ওয়াট।

৭৮. অ্যানিমিয়া রোগ হয়–

ক. লৌহের অভাবে
খ. ক্যালসিয়ামের অভাবে
গ. আয়োডিনের অভাবে
ঘ. খাদ্য লবণের অভাবে

উত্তর✓ ক ব্যাখ্যা: লৌহ রক্তের একটি প্রধান উপাদান। একজন প্রাপ্তবয়স্ক পুরুষের ৯ mg এবং স্ত্রীলোকের ২৮ mg লৌহের প্রয়োজন। লৌহের অভাবে অ্যানিমিয়া রোগ হয়।

৭৯. সকল সপুষ্পক উদ্ভিদ হচ্ছে–

ক. মিথোজীবী　　খ. পরভোজী
গ. পরজীবী　　ঘ. স্ব-ভোজী

উত্তর✓ ঘ ব্যাখ্যা: সপুষ্পক উদ্ভিদ স্বভোজী কেননা এদের দেহে সবুজ ক্লোরোফিল রয়েছে।

৮০. কোন রক্ত গ্রুপকে সর্বজনীন গ্রহীতা বলে?

ক. A রক্ত গ্রুপকে　　খ. B রক্ত গ্রুপকে
গ. AB রক্ত গ্রুপকে　　ঘ. O রক্ত গ্রুপকে

উত্তর✓ গ ব্যাখ্যা: AB গ্রুপই সব গ্রুপ থেকে রক্ত নিতে পারে কারণ এই গ্রুপে কোনো এন্টিবডি নেই শুধু এন্টিজেন থাকে।

৭৯

প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২

সেট : ১ | [কোড : ক্রিসানথিমাম] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ১২.১০.২০১২ | পূর্ণমান : ৮০

যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল
সুনামগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ, বগুড়া, রাজশাহী, যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া, পঞ্চগড়।

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। স্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

০১. কেরোসিন শিখা বলে মাটির প্রদীপে,
ভাই বলে ডাক যদি দেব গলা টিপে।
হেনকালে গগনেতে উঠিলেন চাঁদা,
কেরোসিন বলি উঠে, এসো মোর দাদা। –পঙ্‌ক্তিটি কোন কবির রচনা?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর | খ. সুকুমার রায়
গ. শেখ ফজলুল করিম | ঘ. সত্যেন্দ্রনাথ দত্ত
উত্তর: ক
প্রদত্ত পঙ্‌ক্তিটি ছাড়াও রবীন্দ্রনাথ ঠাকুরের কতিপয় বিখ্যাত পঙ্‌ক্তি : 'আমি শুনে হাসি, আঁখি জলে ভাসি এ ছিল মেঘ ঘটে' 'কাদম্বিনী মরিয়া প্রমাণ করিল সে মরে নাই।' 'দেবতারে যাহা দিতে পারি, দিই তাই প্রিয়জনে/ প্রিয়জনে যাহা দিতে পাই/ তাই দিই দেবতারে।' 'ফ্যাশনটা হলো মুখোশ, স্টাইলটা হলো মুখশ্রী।'

০২. জহির রায়হান রচিত 'বরফ গলা নদী' একটি–
ক. গল্প | খ. উপন্যাস
গ. নাটক | ঘ. প্রবন্ধ
উত্তর: খ
'বরফ গলা নদী' ছাড়াও জহির রায়হান রচিত উল্লেখযোগ্য উপন্যাস : হাজার বছর ধরে, আরেক ফাল্গুন, তৃষ্ণা, শেষ বিকেলের মেয়ে, অন্য কতদিন।

০৩. 'আজ রবিবার' নাটকটির রচয়িতা কে?
ক. জিয়া হায়দার | খ. মাসুদ রেজা
গ. মামুনুর রশীদ | ঘ. হুমায়ূন আহমেদ
উত্তর: ঘ
হুমায়ূন আহমেদের উল্লেখযোগ্য নাটক : আজ রবিবার, এইসব দিনরাত্রি, বহুব্রীহি, কোথাও কেউ নেই, নক্ষত্রের রাত, অয়োময়।

০৪. কোনটি শুদ্ধ বানান?
ক. অনসূয়া | খ. অনুসূয়া
গ. অণুসূয়া | ঘ. অণূয়া
উত্তর: ক
কতিপয় বানান: অনুর্ধ্ব, অন্তেষ্টিক্রিয়া, অকস্মাৎ, অপ্রাপ্য, অধ্যাত্ম, অন্তরস্থ, অমর্ত্য, অনাহিনী, অশরীরী, অন্যূন, অবশ্যম্ভাবী।

০৫. কোন বানানটি শুদ্ধ?
ক. মনহারিনি | খ. মণহারিনী
গ. মনোহারিণী | ঘ. মনোহারিনি
উত্তর: গ

০৬. 'যা নিবারণ করা যায় না'– এক কথায় কী হবে?
ক. অনিবারিত | খ. নির্বাণ
গ. অনিবারণযোগ্য | ঘ. দুর্নিবার
উত্তর: ক

০৭. 'হনন করার ইচ্ছা' –এক কথায় কী হবে?
ক. হননেচ্ছা | খ. জিঘাংসা
গ. হত্যা | ঘ. অদম্য
উত্তর: খ
কতিপয় এক কথায় প্রকাশ : হিত করার ইচ্ছা - হিতৈষা, সেবা করার ইচ্ছা- শুশ্রূষা, রমণের ইচ্ছা - বিরংসা, পান করার ইচ্ছা - পিপাসা, বেঁচে থাকার ইচ্ছা - জিজীবিষা।

০৮. কোনটি শুদ্ধ বানান?
ক. asartain | খ. assertain
গ. ascartain | ঘ. ascertain
উত্তর: ঘ
অপশনগুলোর মধ্যে সঠিক উত্তর হচ্ছে ascertain (নিরূপন করা, নির্ধারন করা)। অপশন (ক), (খ) ও (গ) তে প্রদত্ত বানান গুলো Dictionary তে নেই বিধায় এগুলো ভুল।

০৯. কোন বানানটি শুদ্ধ?
ক. Brochur | খ. Brochure
গ. Broshur | ঘ. Broshure
উত্তর: খ
অপশনগুলোর মধ্যে সঠিক উত্তর হচ্ছে– Brochure (প্রচারপত্র ক্ষুদ্র পুস্তিকা)।

১০. One should be careful about —— duty. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. his | খ. her
গ. one's | ঘ. the
উত্তর: গ
'One' বাক্যের Subject হিসেবে থাকলে এর Possessive case কখনো 'his/her' হতে পারে না। She অনুসরণ করে her কে, He/Everybody/Everyone অনুসরণ করে his কে।

১১. The nurse attended —— the patient বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. on | খ. to
গ. in | ঘ. upon
উত্তর: খ
প্রথম অপশনটিতে 'attend' এর সাথে on preposition হিসেবে ব্যবহার করলে বাক্যটির অর্থঃ সেবিকা রোগীর সেবা করলেন। দ্বিতীয় অপশনটিতে 'attend' এর সাথে 'preposition হিসেবে 'to' ব্যবহার করলে অর্থ হচ্ছে- সেবিকা রোগীর প্রতি মনোযোগ দিলেন। তৃতীয় ও চতুর্থ অপশনটি সঠিক নয়। উল্লেখ্য অক্সফোর্ড ডিকশনারি অনুযায়ী সঠিক উত্তর অপশন (খ)।

১২. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. He requested for my help
খ. Time and tide wait for none
গ. The horse and carriage is at the door
ঘ. The ship, with its crew, were lost
উত্তর: খ
প্রথম অপশনটি ভুল। এর সঠিক উত্তর হচ্ছে- He requested me to help him। দ্বিতীয় অপশনটি প্রবাদ বাক্য হিসেবে ধরলে ঠিক। কারণ 'সময় ও স্রোত কারো জন্য অপেক্ষা করে না' এই প্রবাদ বাক্যের ইংরেজি– 'Time and tide wait for none; যদিও Grammartical নিয়ম অনুযায়ী ঠিক উত্তর হচ্ছে → Time and tide waits for none. আবার তৃতীয় অপশনে প্রদত্ত 'Horse and carriage (ঘোড়াসমেত ঘোড়ার গাড়ি) is at the door' বাক্যটি শুদ্ধ। কারণ এটি singular subject নির্দেশ করছে; তাই– Verb ও Singular হয়েছে। চতুর্থ অপশনে 'The ship' with its crew, was lost থাকলে সঠিক হতো।

www.exambd.net

১৩. নিচের কোনটি শুদ্ধ বাক্য?

ক. I am feeling unwell
খ. The sceneries here are very beautiful
গ. Let you and I do it
ঘ. Let you and me do it

উত্তর✓ ঘ প্রথম অপশনটি ভুল। 'feel' শব্দটি continuous tense এ ব্যবহৃত হয় না। বরং এটি 'I feel unwell' হওয়ার কথা। দ্বিতীয় অপশনটিও ভুল। 'Scenery' শব্দটি plural হয় না। বরং এটি 'The scenery here is very beautiful' হওয়ার কথা। আবার তৃতীয় অপশনটি ঠিক নয় কারণ 'Let এর পর সর্বদাই objective form হয়। অর্থাৎ 'I' এর পরিবর্তে 'me' বসবে। অন্যদিকে চতুর্থ অপশনটিতে প্রদত্ত 'Let you and me do it'–বাক্যটি সবদিক থেকেই শুদ্ধ।

১৪. কোনটি 'Keen' শব্দের সমার্থক শব্দ?

ক. Eager
খ. Pessimistic
গ. Indifferent
ঘ. Airy

উত্তর✓ ক

Word	Meaning
Keen	উৎসাহী, অত্যন্ত আগ্রহী।
Eager	ব্যগ্র, অত্যন্ত আগ্রহী।
Pessimistic	হতাশাপূর্ণ, দুঃখবাদী।
Indifferent	উদাসীন, নিরপেক্ষ, নির্বিকার।
Airy	বায়বীয় বা হালকাভাবে।

১৫. কোনটি 'Dormant' শব্দের সমার্থক শব্দ?

ক. Futile
খ. Latent
গ. Docile
ঘ. Active

উত্তর✓ খ

Word	Meaning
Dormant	সুপ্ত, অক্রিয়, ঘুমন্ত।
Futile	বৃথা, ব্যর্থ, নিরর্থ, শূণ্য।
Latent	সুপ্ত, অস্ফুট, গুপ্ত, অক্রিয়।
Docile	বাধ্য, অনুগত।
Active	সক্রিয়, কর্মঠ।

সুতরাং Dormant শব্দের সমার্থক শব্দ হচ্ছে Latent (অপশন খ)

১৬. পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি ৬০ বছর এবং তাদের বয়সের অনুপাত ৭ ঃ ৩। ৮ বছর পূর্বে তাদের বয়সের অনুপাত কত ছিল?

ক. ১৭ ঃ ৪
খ. ১৭ ঃ ৫
গ. ১৫ ঃ ৪
ঘ. ১৬ ঃ ৫

উত্তর✓ খ মনে করি,
পিতার বর্তমান বয়স ৭x বছর
পুত্রের " " ৩x "

প্রশ্নমতে, $৭x + ৩x = ৬০$

$\Rightarrow ১০x = ৬০$

$\Rightarrow x = \frac{৬০}{১০} = ৬$

∴ পিতার বর্তমান বয়স $(৭ \times ৬) = ৪২$ বছর
পুত্রের " " $(৩ \times ৬) = ১৮$ বছর
৮ বছর পূর্বে পিতার বয়স $(৪২ - ৮) = ৩৪$ বছর
৮ " " পুত্রের " $(১৮ - ৮) = ১০$ বছর
∴ তাদের বয়সের অনুপাত = ৩৪ : ১০
= ১৭ : ৫

১৭. যদি ক ঃ খ = ৩ ঃ ৪ এবং ক ঃ গ = ৫ ঃ ৬ হয়, তবে গ ঃ খ = কত?

ক. ১৫ ঃ ১৬
খ. ২০ ঃ ১৮
গ. ১৮ ঃ ২০
ঘ. কোনোটিই নয়

উত্তর✓ গ
ক : খ = ৩ : ৪ = ১৫ : ২০ [৫ দ্বারা গুণ করে]
ক : গ = ৫ : ৬ = ১৫ : ১৮ [৩ দ্বারা গুণ করে]
∴ গ : খ = ১৮ : ২০

১৮. পরীক্ষায় ক এর প্রাপ্ত নম্বর যথাক্রমে ৭৫, ৮৫ ও ৮০। চতুর্থ পরীক্ষায় তাকে কত নম্বর পেতে হবে যেন তার গড় প্রাপ্ত নম্বর ৮২ হয়?

ক. ৯০
খ. ৮৯
গ. ৯২
ঘ. ৮৮

উত্তর✓ ঘ মনে করি, ৪র্থ পরীক্ষায় x নম্বর পেয়েছে।

প্রশ্নমতে, $\frac{৭৫ + ৮৫ + ৮০ + x}{৪} = ৮২$

$\Rightarrow ২৪০ + x = ৩২৮$

$\Rightarrow x = ৩২৮ - ২৪০ = ৮৮$ ∴ $x = ৮৮$

১৯. ৩ বছর আগে ক ও খ এর গড় বয়স ছিল ১৫ বছর। ক, খ ও গ এর বর্তমান গড় বয়স ২০ বছর। ৬ বছর পর গ এর বয়স কত হবে?

ক. ৩০ বছর
খ. ৩২ বছর
গ. ৩৪ বছর
ঘ. ৩৮ বছর

উত্তর✓ ক ৩ বছর আগে ক ও খ এর মোট বয়স $(১৫ \times ২) = ৩০$ বছর
∴ বর্তমানে ক ও খ এর মোট বয়স = $(৩০ + ৩ + ৩) = ৩৬$ বছর
ক, খ, ও গ এর বর্তমান মোট বয়স = $(২০ \times ৩) = ৬০$ বছর
∴ গ এর বর্তমান বয়স = $(৬০ - ৩৬) = ২৪$ বছর
∴ ৬ বছর পর গ এর বয়স হবে $(২৪ + ৬) = ৩০$ বছর

২০. একটি বানর ১৪ মিটার উঁচু পিচ্ছিল বাঁশের মাথায় উঠতে প্রথম সেকেন্ডে ৩ মিটার উঠে এবং পরবর্তী সেকেন্ডে ১ মিটার নেমে আসে। বাঁশের মাথায় উঠতে বানরটির কত সময় লাগবে?

ক. ৯ সেকেন্ড
খ. ১১ সেকেন্ড
গ. ১২ সেকেন্ড
ঘ. ১৩ সেকেন্ড

উত্তর✓ গ $T = \frac{L - U_L}{U_L - D_L}(U_T + D_T) + U_T$

$T = \frac{১৪ - ৩}{৩ - ১}(১ + ১) + ১$

$= \frac{১১}{২} \times ২ + ১$

$= ১১ + ১ = ১২$ সেকেন্ড

L = সমান্ত দৈর্ঘ্য
U_L = ১ম লাফে উঠার দৈর্ঘ্য
U_T = ১ম " " সময়
D_L = ১ম লাফে নিচে নামার দৈর্ঘ্য
D_T = ১ম " " " সময়

২১. একটি পাহাড় থেকে নামতে যে সময় লাগে পাহাড়ে উঠতে তার তিনগুণ বেশি সময় লাগে। পাহাড়ে উঠানামা আর সে সঙ্গে ২ ঘণ্টা বিশ্রাম নিয়ে সর্বমোট সময় যদি লাগে ১৪ ঘণ্টা, তাহলে পাহাড়ের মাথায় উঠতে কত সময় লাগে?

ক. ৭ ঘণ্টা
খ. ৯ ঘণ্টা
গ. ১০ ঘণ্টা
ঘ. ৬ ঘণ্টা

উত্তর✓ খ মনে করি,
পাহাড় থেকে নামতে সময় লাগে x ঘণ্টা
পাহাড়ে উঠতে " " ৩x ঘণ্টা
বিশ্রাম বাদে, উঠানামার মোট সময় $(১৪ - ২) = ১২$ ঘণ্টা
প্রশ্নমতে, $x + ৩x = ১২$

$\Rightarrow ৪x = ১২ \Rightarrow x = \frac{১২}{৪} = ৩$

$x = ৩$ ঘণ্টা
∴ পাহাড়ে উঠতে সময় লাগে = $৩ \times ৩ = ৯$ ঘণ্টা

২২. ২০০৮, ২০০৯, ২০১০ সালে যদি একজন শ্রমিক পূর্ববর্তী বছরের চেয়ে পরবর্তী বছরে ১০% বেশি বেতন পান, তাহলে ২০০৮ সালের চেয়ে ২০১০ সালে তিনি শতকরা কত টাকা বেশি পান?

ক. ১০% খ. ১১%
গ. ২০% ঘ. ২১%

উত্তর✓ ঘ [illegible] মনে করি,
২০০৮ সালে বেতন পায় ১০০ টাকা
১০% বৃদ্ধি ২০০৯ সালে বেতন বেশি পাবে = ১০০ এর $\frac{১০}{১০০}$
= ১০ টাকা
২০০৯ সালে মোট বেতন = ১০০ + ১০ = ১১০ টাকা
১০% বৃদ্ধিতে ২০১০ সালে বেতন বেশি পাবে = ১১০ এর $\frac{১০}{১০০}$
= ১১ টাকা
২০১০ সালে মোট বেতন = ১১০ + ১১ = ১২১ টাকা
২০০৮ সালের চেয়ে ২০১০ সালে বেতন বেশি পান
= (১২১ – ১০০) = ২১ টাকা.

২৩. ৮টি প্যাকেট বিক্রয়মূল্য ১০টি প্যাকেট ক্রয়মূল্যের সমান হলে শতকরা লাভ কত?

ক. ১৫% খ. ২০%
গ. ২৫% ঘ. ৩০% উত্তর✓ গ

২৪. 'চাকের কাঠি' বাগ্‌ধারা অর্থ –

ক. তোষামুদে খ. বানর
গ. স্বাস্থ্যবান লোক ঘ. সাহায্যকারী উত্তর✓ ক

২৫. 'বহ্বাড়ম্বর' শব্দটির সন্ধিবিচ্ছেদ করলে হবে–

ক. বহ্বা + উড়ম্বর খ. বহ্বা + সর
গ. বৃহ্বা + উড়ম্বর ঘ. বহ্বি + উড়ম্বর উত্তর✓ ঘ

২৬. কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?

ক. দম্পতি খ. মহাবীর
গ. নিত্যই ঘ. প্রতিদিন উত্তর✓ ক

২৭. কোনটি অলুক তৎপুরুষ সমাসের উদাহরণ?

ক. অহি-নকুল খ. [illegible]হলুদ
গ. পীতাম্বর ঘ. রাজর্ষি
Note : সঠিক উত্তর কোনোটিই নয়।

২৮. কোনটি কর্তৃকারকে সপ্তমী বিভক্তির উদাহরণ?

ক. কোদালে মাটি কাটব খ. জাহাজ চট্টগ্রাম ছাড়ল
গ. সাপের হাঁচি বেদের চেনে ঘ. আমারে তুমি করিবে ভরসা উত্তর✓ ঘ

২৯. অধিকরণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি?

ক. আমার আহারে রুচি নাই খ. আগামীকাল বাড়ি যাব
গ. আকাশ মেঘে আচ্ছন্ন ঘ. কাজে অবসর নিলাম

উত্তর✓ খ [illegible] ক্রিয়া সম্পাদনে কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। অধিকরণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ : আমি ঢাকা যাব। বাবা বাড়ি নেই।

৩০. 'স্বর্গ' এর সমার্থক শব্দ কোনটি?

ক. সবিতা খ. উদধি
গ. ভৃঙ্গ ঘ. ত্রিদিব

উত্তর✓ ঘ [illegible] 'সবিতা' 'উদধি' ও 'ভৃঙ্গ' শব্দের অর্থ যথাক্রমে : সূর্য, সাগর ও ভ্রমর।

৩১. 'চপল' এর বিপরীতার্থক শব্দ কোনটি?

ক. স্তব্ধ খ. গম্ভীর
গ. রাশভারী ঘ. ঠাণ্ডা

উত্তর✓ খ [illegible] কতিপয় বিপরীতার্থক শব্দ : চেতন - অচেতন, উচ্চ - নিচ, গুরু - লঘু, বাচাল - স্বল্পভাষী, দুষ্ট - শিষ্ট, কোমল - কর্কশ, কৃত্রিম - স্বাভাবিক, মান - অপমান।

৩২. 'Who is calling me?' বাক্যটির Passive form হবে–

ক. By whom I am being called?
খ. By whom I have been called?
গ. By whom am I being called?
ঘ. By whom have I been called?

উত্তর✓ গ [illegible] প্রশ্নে প্রদত্ত 'Who' যুক্ত Interrogative Sentence কে passive করার নিয়ম নিম্নরূপঃ
By whom (Who এর পরিবর্তে) + Tense ও Person অনুযায়ী auxiliary verb (এক্ষেত্রে 'am') + Subject (Active এর object এর রূপান্তরিত রূপ ('I') + being (যেকোন Continuous tense এ ব্যবহৃত হয়) + VPP/V3 ।

৩৩. 'Panic seized the writer' বাক্যটির Passive form হবে–

ক. The writer was seized by panic
খ. The writer was seized with panic
গ. The writer has been seized by panic
ঘ. the writer had been seized with panic

উত্তর✓ খ [illegible] প্রশ্নে প্রদত্ত বাক্যটি Passive করার নিয়ম নিম্নরূপ : Active বাক্যের object কে subject to be verb (এক্ষেত্রে was) + vpp/v3 + with (যেহেতু seize এর পর with বসে) + subject টি object হবে (Panic)। এই নিয়মানুসারে সঠিক উত্তর অপশন (খ)→ The writer was seized with panic; অন্যান্য অপশনগুলোর নিয়ম পরিপন্থী হওয়ায় সঠিক নয়।

৩৪. Kabir said, "I must write a letter." বাক্যটির indirect speech হবে–

ক. Kabir said that he would write a letter
খ. Kabir told that he should write a letter
গ. Kabir told that he will have to write a letter
ঘ. Kabir said that he had to write a letter

উত্তর✓ ঘ [illegible] প্রশ্নে প্রদত্ত বাক্যটি Indirect করার নিয়ম: Reporting verb 'said' অপরিবর্তিত থাকবে (যেহেতু object নাই) + that বসবে + Reporting verb এর subject অনুযায়ী pronoun কে পরিবর্তন করতে হবে ('I' এর স্থলে 'He') + 'must' এর পরিবর্তে 'had to' বসাতে হবে + verb এর base form (V1) + বাকি অংশ। এই নিয়মনুযায়ী সঠিক উত্তর অপশন (ঘ)→ Kabir said that he had to write a letter; অন্যান্য অপশনগুলো সঠিক নয়।

৩৫. The boy said, "Let me have a pen". বাক্যটির indirect speech হবে–

ক. The boy said that he might have a pen
খ. The boy told that he should have a pen
গ. The boy said that he must have a pen
ঘ. The boy told that he would have a pen

উত্তর✓ ক [illegible] প্রশ্নে প্রদত্ত বাক্যটি Indirect করার নিয়ম: Let এর 'us' না থেকে অন্য Pronoun থাকলে তখন অনুমতি প্রকাশ পায়। প্রথমেই Reporting verb টি অপরিবর্তিত (অর্থাৎ said) থাকবে। অতঃপর that বসবে + Reporting verb এর Subject অনুযায়ী Pronoun বসাতে হবে + অনুমতির ক্ষেত্রে 'might' বা 'might be allowed to' ব্যবহৃত হবে + verb in base form (V1) হবে।

www.exambd.net

৩৬. কোনটি Abstract Noun?

ক. Agency　　খ. Infant
গ. Anxious　　ঘ. Grand

উত্তর✓ ক

প্রদত্ত অপশন	অর্থ	Parts of speech
Agency	মাধ্যম। (এটা একটা গুণের নাম যা পঞ্চইন্দ্রিয় দ্বারা উপলব্ধি অসম্ভব)	Abstract Noun
Infant	নবজাতক শিশু	Common Noun
Anxious	উদ্বিগ্ন	Adjective
Grand	বৃহৎ/প্রধান	Adjective

৩৭. কোনটি Reflexive Pronoun?

ক. Each　　খ. Who
গ. Myself　　ঘ. He

উত্তর✓ গ Self/Selves যুক্ত Pronoun গুলো হচ্ছে Reflexive Pronoun; প্রদত্ত অপশনগুলোর মধ্যে Reflexive Pronoun হচ্ছে অপশন (গ)→ myself।

৩৮. 'Root and branch'-এর অর্থ–

ক. from top to bottom　　খ. completely
গ. branch like root　　ঘ. none

উত্তর✓ খ

Phrase	Meaning
Root and branch	পুরোপুরি বা সম্পূর্ণরূপে।
from top to bottom	আপাদমস্তক।
Completely	সম্পূর্ণভাবে বা পুরোপুরি।
branch like root	এটি Phrase নয়। তবে এর আক্ষরিক অর্থ হচ্ছে–তলানির মত শাখা।
None	কোনোটিই নয়।

সুতরাং Root and branch একটি Phrase যা Completely এর সমার্থক।

৩৯. নিম্নোক্ত ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি ক্ষুদ্রতম?

ক. $\frac{৩}{৪}$　　খ. $\frac{৫}{৬}$
গ. $\frac{৭}{৯}$　　ঘ. $\frac{১১}{১৮}$

উত্তর✓ ঘ

$\frac{৩}{৪} = ০.৭৫,\ \frac{৫}{৬} = ০.৮৩,\ \frac{৭}{৯} = ০.৭৭,\ \frac{১১}{১৮} = ০.৬১$

এখানে $\frac{১১}{১৮} = ০.৬১$ ক্ষুদ্রতম।

৪০. ১২.৫ এর ৫% কত?

ক. ০.০০৪　　খ. ০.০০০৪
গ. ০.০০০০৪　　ঘ. ০.০০০০০৪

উত্তর✓ ১২.৫ × ৫% = ১২.৫ এর $\frac{৫}{১০০} = ০.৬২৫$

অপশনগুলোতে সঠিক উত্তর নেই।

৪১. $x + \frac{1}{x} = 6$ হলে, $x^2 + \frac{1}{x^2}$ এর মান হবে–

ক. 32　　খ. 34
গ. 36　　ঘ. 40

উত্তর✓ খ $x^2 + \frac{1}{x^2} = \left(x + \frac{1}{x}\right)^2 - 2.x.\frac{1}{x}$
$= 6^2 - 2$
$= 36 - 2$
$= 34$

৪২. $4x^2 - 28x$ এর সাথে কত যোগ করলে যোগফলটি পূর্ণ বর্গ হবে?

ক. 25　　খ. 36
গ. 49　　ঘ. 64

উত্তর✓ গ
$4x^2 - 28x = (2x)^2 - 2.2x.7 + (7)^2 - 49$
$= (2x - 7)^2 - 49$
49 যোগ করতে হবে রাশিটির সাথে।

৪৩. কোনো ত্রিভুজের মধ্যমাগুলো যে বিন্দুতে ছেদ করে তাকে বলে–

ক. ভরকেন্দ্র　　খ. অন্তঃকেন্দ্র
গ. পরিকেন্দ্র　　ঘ. লম্ববিন্দু　　উত্তর✓ ক

৪৪. একটি সুষম বহুভুজের একটি অন্তঃকোণের পরিমাণ ১৪০° হলে, বহুভুজটির বাহুর সংখ্যা হবে–

ক. ৮　　খ. ৯
গ. ১০　　ঘ. ১২

উত্তর✓ খ বাহুর সংখ্যা, $\frac{n-2}{n} \times ১৮০^\circ = ১৪০^\circ$

$\Rightarrow ১৮০n - ৩৬০ = ১৪০n$
$\Rightarrow ১৮০n - ১৪০n = ৩৬০$
$\Rightarrow ৪০n = ৩৬০$
$n = \frac{৩৬০}{৪০} = ৯$

$\therefore$ বাহুর সংখ্যা, $n = ৯$

৪৫. বার্ষিক শতকরা ৬ টাকা হার সুদে কত সময়ে ৪৫০ টাকা সুদ-আসলে ৫৫৮ টাকা হবে?

ক. ৪ বছর　　খ. $৪\frac{১}{২}$ বছর
গ. ৫ বছর　　ঘ. ৬ বছর

উত্তর✓ ক ধরি, সময় x বছর

$\therefore$ আসল $= \frac{১০০ \times \text{সুদাসল}}{১০০ + (\text{সময়} \times \text{হার})}$

$\Rightarrow ৪৫০ = \frac{১০০ \times ৫৫৮}{১০০ + (x \times ৬)}$

$\Rightarrow ১০০ + ৬x = \frac{১০০ \times ৫৫৮}{৪৫০} = ১২৪$

$\Rightarrow ৬x = ১২৪ - ১০০ = ২৪$

$\Rightarrow x = \frac{২৪}{৬} = ৪$

$\therefore x = ৪$ বছর।

৪৬. বাড়িতে ব্যবহৃত ফ্রিজে হিমায়করূপে ব্যবহৃত হয়–

ক. নিয়ন　　খ. ফ্রেয়ন/অ্যামোনিয়া
গ. স্পিরিটি　　ঘ. কোনোটিই নয়

উত্তর✓ খ বাড়িতে ব্যবহৃত ফ্রিজে হিমায়করূপে ফ্রেয়ন/অ্যামোনিয়া ব্যবহৃত হয়।

www.exambd.net

৪৭. রেললাইনের ফিস প্লেট কী কাজে ব্যবহৃত হয়?
ক. ট্রেনের গতিবেগ নিয়ন্ত্রণ করে
খ. দুইটি রেলকে সংযুক্ত করে
গ. উষ্ণতার কারণে রেললাইন বেঁকে যাওয়া নিবারণ করে
ঘ. রেলকে সমদূরত্বে রাখে
উত্তর: খ

৪৮. পান করা পানির সাথে ক্লোরিন মিশানো হয়–
ক. পানির পুষ্টিগুণ বৃদ্ধির জন্য
খ. পানিকে সুস্বাদু করার জন্য
গ. পানিতে মিশ্রিত অদ্রবণীয় কণাসমূহকে দ্রবীভূত করার জন্য
ঘ. ক্ষতিকর ব্যাক্টেরিয়া ধ্বংস করার জন্য
উত্তর: ঘ পান করা পানির সাথে ক্লোরিন মিশানো হয় ক্ষতিকর ব্যাকটেরিয়া ধ্বংস এবং জীবাণু মুক্ত করার জন্য।

৪৯. পঁচা ডিমের গন্ধের জন্য দায়ী–
ক. ইথেন খ. হাইড্রোজেন সালফাইড
গ. মিথেন ঘ. হিলিয়াম
উত্তর: খ ডিম পচে গেলে সেখানে হাইড্রোজেন সালফাইড গ্যাস উৎপন্ন হয় এবং দুর্গন্ধের জন্য এ গ্যাস দায়ী।

৫০. দূষিত বাতাসের কোন গ্যাসটি মানবদেহে রক্তের অক্সিজেন পরিবহন ক্ষমতা খর্ব করে?
ক. কার্বন মনোক্সাইড খ. কার্বন ডাইঅক্সাইড
গ. সালফার ডাইঅক্সাইড ঘ. নাইট্রিক অক্সাইড
উত্তর: ক

৫১. উদ্ভিদকোষ থেকে বাষ্পাকারে পানি বের হয়ে যাওয়ার প্রণালীকে বলা হয়–
ক. বাষ্পীভবন খ. প্রস্বেদন
গ. শ্বসন ঘ. ব্যাপন
উত্তর: খ উদ্ভিদকোষ থেকে বাষ্পাকারে পানি বের হয়ে যাওয়ার প্রণালিকে প্রস্বেদন বলে।

৫২. 'বিশ্ব পরিবেশ দিবস' হিসাবে ঘোষণা করা হয় কোন তারিখ?
ক. ৫ এপ্রিল খ. ৫ মে
গ. ৫ জুন ঘ. ৫ জুলাই
উত্তর: খ জাতিসংঘ কর্তৃক আয়োজিত পরিবেশ বিষয়ক প্রথম সম্মেলন 'জাতিসংঘ মানবিক পরিবেশ সম্মেলন' অনুষ্ঠিত হয় সুইডেনের রাজধানী স্টকহোমে এ। এ সম্মেলন অনুষ্ঠিত হয় ৫-১৬ জুন ১৯৭২ সালে। ৫ জুন সম্মেলন শুরু হওয়ায় জাতিসংঘ ৫ জুনকে বিশ্ব পরিবেশ দিবস ঘোষণা করে। ১৯৭৩ সাল থেকে দিবসটি পালিত হয়ে আসছে।
• ৫ মে আন্তর্জাতিক ধাত্রী দিবস।

৫৩. কোনটি চা গাছে রোগ সৃষ্টি করে?
ক. শৈবাল খ. ছত্রাক
গ. ব্যাকটেরিয়া ঘ. ভাইরাস
উত্তর: খ চায়ে রয়েছে অনেক বেশি অ্যান্টি অক্সিডেন্ট, যা হৃদরোগের ঝুঁকি কমায় এবং রক্ত জমাট বাঁধাও দূর করে। ব্যাকটেরিয়া চা গাছে রোগ সৃষ্টি করে।

৫৪. কোন খনিজ লবণের অভাবে গাছের পাতা ও ফুল ঝরে পড়ে?
ক. লৌহ খ. পটাসিয়াম
গ. ম্যাগনেসিয়াম ঘ. ফসফরাস
উত্তর: ঘ ফসফরাসের অভাবে গাছের পাতা ও ফুল ঝরে পড়ে। গাছের বৃদ্ধি বাধাপ্রাপ্ত হয়।

৫৫. কম্পিউটারের মেমোরি ভাগ করা হয়েছে–
ক. দুই ভাগে খ. তিন ভাগে
গ. চার ভাগে ঘ. পাঁচ ভাগে
উত্তর: ক কম্পিউটারের যে অংশে বিভিন্ন তথ্য বা নির্দেশাবলি সংরক্ষণ করা হয় তাকে মেমোরি বলে। এটি দুই প্রকার। যথা:
১. প্রধান মেমোরি
২. সেকেন্ডারি মেমোরি।

৫৬. যে বায়ু সর্বদাই উচ্চচাপ অঞ্চল থেকে নিম্নচাপ অঞ্চলের দিকে প্রবাহিত হয়, তাকে বলে–
ক. আয়ন বায়ু খ. প্রত্যয়ন বায়ু
গ. নিয়ত বায়ু ঘ. মৌসুমী বায়ু
উত্তর: গ

৫৭. বাতাসের আর্দ্রতা নির্ণায়ক যন্ত্র–
ক. ফ্যাদোমিটার খ. হাইগ্রোমিটার
গ. ব্যারোমিটার ঘ. অ্যামিটার
উত্তর: খ

৫৮. মৌমাছি পালনবিদ্যা–
ক. এপিকালচার খ. এথনোলজী
গ. এনটোমোলজি ঘ. জিওডেসি
উত্তর: ক

৫৯. টেলিভিশন আবিষ্কার করেন–
ক. এডিসন খ. ইস্টম্যান
গ. অষ্টিন ঘ. জন এল বেয়ার্ড
উত্তর: ঘ

৬০. ক্রিকেট ব্যাট তৈরি করা হয় কোন গাছের কাঠ থেকে?
ক. পাইন গাছ খ. উইলো গাছ
গ. সেগুন গাছ ঘ. ইউক্যালিপটার্স গাছ
উত্তর: খ

৬১. প্লবতা বেশি–
ক. পুকুরের পানির খ. নদীর পানির
গ. সমুদ্রের পানির ঘ. সুইমিংপুলের পানির
উত্তর: গ তরল বা বায়বীয় পদার্থে আংশিক বা সম্পূর্ণরূপে নিমজ্জিত কোনো বস্তুর উপর তরল বা বায়বীয় পদার্থ লম্বভাবে যে ঊর্ধ্বমুখী বল ক্রিয়া করে তাকে প্লবতা বলে। সমুদ্রের পানির প্লবতা বেশি।

৬২. বাংলাদেশে উন্নতমানের কয়লার সন্ধান পাওয়া গেছে–
ক. জামালগঞ্জে খ. রানীগঞ্জে
গ. জকিগঞ্জে ঘ. টেকেরহাটে
উত্তর: ক বাংলাদেশে প্রথম কয়লার সন্ধান পাওয়া যায় ১৯৬২ সালে জয়পুরহাটের জামালগঞ্জে। এটি অনেক উন্নত মানের কয়লা। এছাড়া পরবর্তীতে কয়লা পাওয়া যায় রংপুরের খালাশপীরে; জয়পুরহাটের হিলকপুরে, দিনাজপুরের বড়পুকুরিয়া, দীঘিপাড়া ও ফুলবাড়ীতে।

৬৩. বাংলাদেশের কোন জেলায় সবচেয়ে বেশি পাট উৎপন্ন হয়?
ক. ময়মনসিংহ খ. রংপুর
গ. টাঙ্গাইল ঘ. ফরিদপুর
উত্তর: ঘ
→ বাংলাদেশে সবচেয়ে বেশি পাট উৎপন্ন হয় ফরিদপুর জেলায়।
→ সবচেয়ে বেশি ধান উৎপন্ন হয় ময়মনসিংহ জেলার।
→ সবচেয়ে বেশি আলু ও ভুট্টা উৎপন্ন হয় রংপুর জেলায়।

৬৪. সৌরজগতের সবচেয়ে বড় গ্রহ কোনটি?
ক. শনি খ. বৃহস্পতি
গ. মঙ্গল ঘ. বুধ
উত্তর: খ

৬৫. ২০১২ সালে এশিয়া কাপে রানার্স-আপ হয় কোন দেশ?
ক. ভারত খ. পাকিস্তান
গ. বাংলাদেশ ঘ. শ্রীলঙ্কা
উত্তর: গ এশিয়ান ক্রিকেট কাউন্সিল গঠিত হয় ১৯৮৩ সালে। এর সদর দপ্তর মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে অবস্থিত। এশিয়া কাপের ১৩তম আসর অনুষ্ঠিত হয় বাংলাদেশে ২০১৮ সালে। এশিয়া কাপ-২০১৮ তে চ্যাম্পিয়ন হয় ভারত, রানার্সআপ বাংলাদেশ।

৬৬. এভারেস্টের চূড়ায় আরোহণকারী দ্বিতীয় বাংলাদেশি কে?
ক. মুসা ইব্রাহিম খ. নিশাত মুজুমদার
গ. ওয়াসফিয়া নাজনীন ঘ. এম. এ. মুহিত
উত্তর✓ খ দ্বিতীয় বাংলাদেশী হিসেবে ভোলা জেলার এম এ মুহিত ২১ মে ২০১১ সালে এভারেস্ট চূড়ায় আরোহণ করেন। তিনি দ্বিতীয়বার এভারেস্ট চূড়ায় আরোহণ করেন ১৯ মে ২০১২ সালে। প্রথম বাংলাদেশী হিসেবে এভারেস্ট জয় করেন লালমনিরহাট জেলার মুসা ইব্রাহিম ২৩ মে ২০১০ সালে।

৬৭. ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ বখতিয়ার খিলজী কত খ্রিস্টাব্দে বঙ্গ জয় করেন?
ক. ১২০৪ খ্রি. খ. ১২০৫ খ্রি.
গ. ১২০৬ খ্রি. ঘ. ১২০৮ খ্রি.
উত্তর✓ ক ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ বখতিয়ার খিলজী বাংলায় মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন। তিনি ১২০৪ সালে লক্ষ্মণ সেনকে পরাজিত করে 'বঙ্গ' জয় করেন।

৬৮. বাংলাদেশের জ্বালানি তেল শোধনাগারটি কোথায় অবস্থিত?
ক. চট্টগ্রাম খ. নারায়ণগঞ্জ
গ. পার্বতীপুর ঘ. চন্দ্রঘোণা
উত্তর✓ ক ইস্টার্ন রিফাইনারি লিমিটেড বাংলাদেশের একমাত্র তৈল শোধনাগার। এটি চট্টগ্রাম শহরের প্রান্তে কর্ণফুলী নদীর তীরে অবস্থিত। ১৯৬৮ সালে পরিশোধন কেন্দ্রটিতে উৎপাদন কার্যক্রম শুরু হয়।

৬৯. বাংলাদেশের রণসঙ্গীতটির সুরকার কে?
ক. রবীন্দ্রনাত ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. সমর দাস ঘ. শেখ লুৎফর রহমান
উত্তর✓ খ বাংলাদেশের রণসঙ্গীত 'চল চল চল' এর রচয়িতা ও সুরকার কাজী নজরুল ইসলাম। বাংলাদেশের রণসঙ্গীত প্রথম প্রকাশিত হয় 'শিখা' পত্রিকায় বাংলা ১৩৩৫ সালে। রণসঙ্গীতটি প্রকাশিত হয় 'নতুনের গান' নামে। এটি 'সন্ধ্যা' কাব্যগ্রন্থের অন্তর্গত। উৎসব অনুষ্ঠানে রণসঙ্গীতের ২১ চরণ বাজানো হয়। 'চল চল চল' বাংলাদেশের রণ সঙ্গীত হিসেবে গৃহীত হয় ১৩ জানুয়ারি ১৯৭২ সালে।

৭০. দক্ষিণ তালপট্টি দ্বীপটি কোন নদীর মোহনায় অবস্থিত?
ক. কুশিয়ারা খ. আড়িয়াল খা
গ. হাড়িয়াভাঙ্গা ঘ. ফেনী
উত্তর✓ গ দক্ষিণ তালপট্টি দ্বীপটি হাড়িয়াভাঙ্গা নদীর মোহনায় অবস্থিত। এই দ্বীপের ভারতীয় নাম নিউমুর। দ্বীপটি সুন্দরবনে বাংলাদেশ-ভারত সীমানা নির্দেশক হাড়িয়াভাঙ্গা নদীর মোহনায় অবস্থিত। ২০১৪ সালের ৭ জুলাই আন্তর্জাতিক সালিশ আদালতের রায় অনুযায়ী দ্বীপটি ভারতের সমুদ্রসীমায় পড়েছে।

৭১. জাতিসংঘের সাধারণ পরিষদের বার্ষিক নিয়মিত অধিবেশন শুরু হয় কখন থেকে?
ক. আগস্ট মাসের দ্বিতীয় মঙ্গলবার থেকে
খ. আগস্ট মাসের তৃতীয় মঙ্গলবার থেকে
গ. সেপ্টেম্বর মাসের দ্বিতীয় মঙ্গলবার থেকে
ঘ. সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার থেকে
উত্তর✓ ঘ জাতিসংঘের আলাপ আলোচনার মূলসভা সাধারণ পরিষদ। সাধারণ পরিষদের প্রধান হচ্ছেন সভাপতি। সভাপতি এক বছরের জন্য নির্বাচিত হয়। এছাড়া সহসভাপতি থাকে ২১ জন। সাধারণ পরিষদের নিয়মিত বার্ষিক অধিবেশন শুরু হয় সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার। সাধারণ পরিষদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয় ১০ জানুয়ারি ১৯৪৬ সালে লন্ডনের ওয়েস্ট মিনিস্টার হলে।

৭২. জাতিসংঘ মহাসচিবের মেয়াদকাল কত বছর?
ক. ৩ বছর খ. ৪ বছর
গ. ৫ বছর ঘ. ৬ বছর
উত্তর✓ গ জাতিসংঘ সচিবালয়ের প্রধান সেক্রেটারি জেনারেল বা মহাসচিব। জাতিসংঘ মহাসচিবের মেয়াদকাল ৫ বছর। জাতিসংঘের প্রথম মহাসচিব নরওয়ের নাগরিক ট্রাইগভেলাই। জাতিসংঘের বর্তমান ও নবম মহাসচিব অ্যান্টনিও গুতেরেস। তিনি পর্তুগালের নাগরিক।

৭৩. পৃথিবীর সর্ববৃহৎ তামার খনি কোন দেশে অবস্থিত?
ক. চিলি খ. ব্রাজিল
গ. গিনি ঘ. ভেনিজুয়েলা
উত্তর✓ ক বিশ্বে তামা উৎপাদন ও রপ্তানিতে শীর্ষ দেশ চিলি। বিশ্বে জ্বালানি তেল রিজার্ভে শীর্ষ দেশ ভেনিজুয়েলা।

৭৪. ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি কে?
ক. জয়নুল আবেদিন খ. হামিদুর রহমান
গ. এস এম সুলতান ঘ. কামরুল হাসান
উত্তর✓ খ কেন্দ্রীয় শহিদ মিনারের স্থপতি হামিদুর রহমান। এটি ঢাকা মেডিক্যাল কলেজ প্রাঙ্গনে অবস্থিত। কেন্দ্রীয় শহিদ মিনারের ভিত্তিপ্রস্তর স্থাপিত হয় ফেব্রুয়ারি ১৯৫৬ সালে। উদ্বোধন করা হয় ২১ ফেব্রুয়ারি ১৯৬৩ সালে। কেন্দ্রীয় শহিদ মিনার উদ্বোধন করেন শহিদ বরকতের মা হাসিনা বেগম।

৭৫. ওস্তাদ আলাউদ্দিন খাঁর জন্মস্থান কোনটি?
ক. টাঙ্গাইল খ. কুমিল্লা
গ. ব্রাহ্মণবাড়ীয়া ঘ. কলিকাতা
উত্তর✓ গ ওস্তাদ আলাউদ্দিন খাঁ ৮ অক্টোবর ১৮৬২ সালে জন্মগ্রহণ করেন। তার জন্মস্থান ছিল ত্রিপুরা রাজ্যের শিবপুর, যা বর্তমানে বাংলাদেশের ব্রাহ্মণবাড়িয়া জেলায় অবস্থিত। তিনি সেতার, সানাই ও রাগ সঙ্গীতে গুরুহিসাবে সারা বিশ্বে প্রখ্যাত। তিনি ১৯৭২ সালের ৬ সেপ্টেম্বর ভারতের মধ্যপ্রদেশে মৃত্যুবরণ করেন।

৭৬. মালয়েশিয়া ও সুমাত্রাকে পৃথক করেছে কোন প্রণালি?
ক. পকপ্রণালি খ. জিব্রাল্টার প্রণালি
গ. মালাক্কা প্রণালি ঘ. ডোভার প্রণালি
উত্তর✓ গ

প্রণালির নাম	পৃথক করেছে
পক প্রনালি	ভারত-শ্রীলংকা
জিব্রাল্টার প্রণালি	আফ্রিকা-ইউরোপ
মালাক্কা প্রণালি	মালয়েশিয়া-সুমাত্রা
ডোভার প্রণালি	ফ্রান্স-ব্রিটেন

৭৭. বাংলাদেশ ব্যাংকের প্রথম গভর্নর কে ছিলেন?
ক. এ এন হামিদুল্লাহ খ. মোহাম্মদ ফরাস উদ্দিন
গ. খোরশেদ আলম ঘ. ফেরদৌস হোসেন উত্তর✓ ক

৭৮. পৃথিবীর সর্বাপেক্ষা বড় দ্বীপ কোনটি?
ক. ইন্দোনেশিয়া খ. অস্ট্রেলিয়া
গ. গ্রিনল্যান্ড ঘ. টিটিকাকা উত্তর✓ গ

৭৯. ছিয়াত্তরের মন্বন্তর সংঘটিত হয়েছিল ইংরেজি কত সালে?
ক. ১৭৭৪ সালে খ. ১৭৭৬ সালে
গ. ১৭৭৭ সালে ঘ. ১৭৭৮ সালে
উত্তর✓ খ ছিয়াত্তরের মন্বন্তর সংগঠিত হয়েছিল ইংরেজি ১৭৭০ সালে। এই মন্বন্তরে প্রায় ১০ লক্ষ লোক মারা যায়।

৮০. পৃথিবীর সবচেয়ে জনবহুল দেশ–
ক. রাশিয়া খ. মার্কিন যুক্তরাষ্ট্র
গ. ভারত ঘ. চীন উত্তর✓ ঘ



৮০

প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০৯

সেট : ১ | তারিখ : ১১.০৯.২০০৯ | [কোড : গোলাপ] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট | পূর্ণমান : ৮০

০১. 'সঞ্চিতা' কোন কবির কাব্য সংকলন?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর | খ. জীবনানন্দ দাশ
গ. কাজী নজরুল ইসলাম | ঘ. কবি জসীমউদ্দীন
উত্তর✓ গ | 'সঞ্চিতা' বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের কাব্য সংকলন। এ গ্রন্থে মোট ছিয়ানব্বইটি কবিতা ও গান আছে। এর মধ্যে 'বিদ্রোহী', 'সর্বহারা', 'সাম্যবাদী', 'মানুষ', 'জীবন বন্দনা', 'চল চল চল' প্রভৃতি উল্লেখযোগ্য।

০২. বাংলা সাহিত্যে সনেট রচনার প্রবর্তক কে?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর | খ. মাইকেল মধুসূদন দত্ত
গ. মোহিতলাল মজুমদার | ঘ. কাজী নজরুল ইসলাম
উত্তর✓ খ | মাইকেল মধুসূদন দত্ত বাংলা সাহিত্যের সনেট ও অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক। অমিত্রাক্ষর ছন্দে রামায়ণের উপাখ্যান অবলম্বনে রচিত 'মেঘনাদবধ কাব্য' নামক মহাকাব্য অমর সৃষ্টি।

০৩. 'Bitter' শব্দটির verb হচ্ছে–
ক. Bitter | খ. Bitterness
গ. Embitter | ঘ. Bitterify
উত্তর✓ গ | 'Bitter' অর্থ তিক্ত। এটি একটি Adjective। 'Em ও En' Prefix দিয়ে noun বা adjective থেকে verb গঠন করা যায়। শব্দের আদিতে বা B, M & P থাকলে তখন 'Em' এবং অন্যদিকে B, M & P ছাড়া অন্যান্য letter দিয়ে শব্দ শুরু হলে তখন 'en' prefix যুক্ত করে verb গঠন করতে হয়।

০৪. 'Please' শব্দটির Noun হচ্ছে–
ক. Pleased | খ. Pleasure
গ. Pleasing | ঘ. Pleaseness
উত্তর✓ খ | 'Please' শব্দের অর্থ আনন্দদান করা বা সন্তুষ্ট করা। এটি একটি verb। এর সাথে 'ure' suffix যুক্ত করে noun অর্থাৎ 'pleasure' (Please + ure) গঠিত হয়।

০৫. 'Numbering' শব্দটির verb হচ্ছে–
ক. Number | খ. Numerous
গ. Numbering | ঘ. Enumerate
উত্তর✓ ঘ | 'enumerate' অর্থ গণনা করা; এক এক করে নামোল্লেখ করা।
(N.B: উল্লেখ্য Oxford Dictionary অনুযায়ী Number শব্দটি Noun ও Verb উভয়ই)

০৬. 'Sea' শব্দটির Adjective হচ্ছে–
ক. Marine | খ. Navy
গ. Ocean | ঘ. Shipping
উত্তর ক

০৭. $x + \frac{1}{x} = 3$ হলে, $x^4 + \left(\frac{1}{x}\right)^4 =$ কত?
ক. 47 | খ. 51
গ. 27 | ঘ. 49
উত্তর✓ ক | $x^4 + \left(\frac{1}{x}\right)^4 = (x^2)^2 + \left(\frac{1}{x^2}\right)^2$
$= \left(x^2 + \frac{1}{x^2}\right)^2 - 2x^2 \cdot \frac{1}{x^2}$
$= \left\{\left(x + \frac{1}{x}\right)^2 - 2.x.\frac{1}{x}\right\}^2 - 2$
$= \{(3)^2 - 2\}^2 - 2$
$= (9-2)^2 - 2 = 7^2 - 2$
$= 49 - 2 = 47$

০৮. $x^3 - y^3 = 513$ এবং $x - y = 3$ হলে, xy-এর মান কত?
ক. 35 | খ. 54
গ. 45 | ঘ. 55
উত্তর✓ খ | দেওয়া আছে, $x^3 - y^3 = 513$
$\Rightarrow (x-y)^3 + 3xy(x-y) = 513$
$\Rightarrow 3^3 + 3.xy.3 = 513$
$\Rightarrow 9xy = 513 - 27 = 486$
$\Rightarrow xy = \frac{486}{9} = 54$

০৯. সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় যথাক্রমে 3 ও 4 সেমি হলে অতিভুজের মান কত?
ক. 6 সেমি | খ. 8 সেমি
গ. 5 সেমি | ঘ. 7 সেমি
উত্তর✓ গ | অতিভুজ $= \sqrt{3^2 + 4^2} = \sqrt{9+16} = \sqrt{25} = 5$ সে. মি.

১০. 'গৃহদাহ' উপন্যাসটির রচয়িতা কে?
ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় | খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ. বুদ্ধদেব বসু | ঘ. শহীদুল্লা কায়সার
উত্তর✓ ক | 'গৃহদাহ' শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত একটি উপন্যাস। এটি ১৯২০ সালে প্রকাশিত হয়। তিনটি প্রধান চরিত্র- অচলা, মহিম ও সুরেশ।

১১. 'ক্রীতদাসের হাসি' উপন্যাসটির রচয়িতা কে?
ক. সরদার জয়েনউদ্দীন | খ. আনিস চৌধুরী
গ. শহীদুল্লা কায়সার | ঘ. শওকত ওসমান
উত্তর✓ ঘ | 'ক্রীতদাসের হাসি' বিশিষ্ট কথাসাহিত্যিক শওকত ওসমান রচিত একটি উপন্যাস। ১৯৬২ সালে তিনি এ উপন্যাসটি রচনা করেন। এ উপন্যাসের মূল চরিত্র তাতারী।

১২. কোনটি শুদ্ধ বানান?
ক. Ocasion | খ. Ocassion
গ. Occasion | ঘ. Occassion
উত্তর গ

১৩. কোনটি শুদ্ধ বানান?
ক. Greivance | খ. Grievance
গ. Griveance | ঘ. Grieveance
উত্তর✓ খ | Grievance অর্থ দুঃখ দুর্দশা।

১৪. সুষম বহুভুজের একটি অন্তকোণের পরিমাণ ১৩৫° হলে উহার বাহুর সংখ্যা কত?
ক. ৪ | খ. ৭
গ. ৮ | ঘ. ৯
উত্তর✓ গ | $\frac{n-2}{n} \times ১৮০^\circ = ১৩৫^\circ$
$\Rightarrow ১৮০n - ৩৬০ = ১৩৫n$
$\Rightarrow ১৮০n - ১৩৫n = ৩৬০$
$\Rightarrow ৪৫n = ৩৬০$
$\Rightarrow n = \frac{৩৬০}{৪৫} = ৮$
∴ বাহুর সংখ্যা, n = ৮

www.exambd.net

১৫. ২০ জন লোক কোনো কাজ ১৫ দিনে করতে পারে, কিন্তু কাজ আরম্ভের ১০ দিন পর কিছু লোক চলে যাওয়ায় বাকী কাজ ১০ দিনে শেষ হল। কতজন লোক চলে গিয়েছিল?

ক. ৫ জন　　খ. ৮ জন
গ. ১০ জন　　ঘ. ১৫ জন

উত্তর✓ গ　অবশিষ্ট দিন = (১৫ − ১০) = ৫ দিন
৫ দিনে কাজ করে ২০ জন
১ " " " ৫ × ২০ "
১০ " " " $\frac{৫ \times ২০}{১০}$ = ১০ জন
লোক চলে গিয়েছিল = ২০ − ১০
= ১০ জন।

১৬. পিতা ও পুত্রের বয়সের অনুপাত ৭ ঃ ৩। ৪ বছর পূর্বে তাদের বয়সের অনুপাত ছিল ১৩ ঃ ৫। বর্তমানে কার বয়স কত?

ক. ৫৬ বছর, ৩৪ বছর　　খ. ৬৬ বছর, ২৪ বছর
গ. ৪৬ বছর, ৩৬ বছর　　ঘ. ৫৬ বছর, ২৪ বছর

উত্তর✓ ঘ　মনে করি, পিতার বয়স ৭x বছর
পুত্রের " ৩x বছর

প্রশ্নমতে, $\frac{৭x - ৪}{৩x - ৪} = \frac{১৩}{৫}$

$\Rightarrow ৩৯x - ৫২ = ৩৫x - ২০$
$\Rightarrow ৩৯x - ৩৫x = ৫২ - ২০$
$\Rightarrow ৪x = ৩২$
$x = \frac{৩২}{৪} = ৮$

∴ পিতার বয়স (৭ × ৮) = ৫৬ বছর
পুত্রের " (৩ × ৮) = ২৪ বছর

১৭. ১২টি পেন্সিলের ক্রয়মূল্য ৮টি পেন্সিলের বিক্রয়মূল্যের সমান। লাভের হার কত?

ক. ৬০%　　খ. ৫০%
গ. ৪০%　　ঘ. ৩৫%

উত্তর✓ খ　$\frac{\text{বিক্রয় সংখ্যা}}{\text{ক্রয় সংখ্যা}} = \frac{১০০ \times \text{বিক্রয়মূল্য}}{\text{ক্রয়মূল্য } (১০০ + \text{লাভ})}$

ক্রয়মূল্য = বিক্রয়মূল্য = x
ক্রয় সংখ্যা = ১২
বিক্রয় " = ৮টি　লাভ = ?

$\Rightarrow \frac{৮}{১২} = \frac{১০০ \times x}{x\ (১০০ + \text{লাভ})}$

$\Rightarrow ১০০ + \text{লাভ} = \frac{১০০ \times ১২}{৮} = ১৫০$

$\Rightarrow$ লাভ = ১৫০ − ১০০ = ৫০%

১৮. 'মানচিত্র' নাটকটির রচয়িতা কে?

ক. মীর মশাররফ হোসেন　　খ. শিশির ভাদুড়ী
গ. নুরুল মোমেন　　ঘ. আনিস চৌধুরী

উত্তর✓ ঘ　'মানচিত্র' নাটকটি বাংলাদেশি নাট্যকার ও ঔপন্যাসিক আনিস চৌধুরী রচিত। তাঁর পিতৃপ্রদত্ত নাম আনিসুজ্জামান কামরুদ্দীন। তাঁর রচিত নাটক মানচিত্র, অ্যালবাম, চেহারা, তবুও অন্যায়।

১৯. 'পায়ের আওয়াজ পাওয়া যায়' নাটকটির রচয়িতা কে?

ক. নবীনচন্দ্র সেন　　খ. হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
গ. মনমোহন বসু　　ঘ. সৈয়দ শামসুল হক

উত্তর✓ ঘ　'পায়ের আওয়াজ পাওয়া যায়' সৈয়দ শামসুল হক রচিত মুক্তিযুদ্ধভিত্তিক একটি 'কাব্যনাট্য', ১৯৭৬ সালে গ্রন্থটি প্রকাশিত হয়। তাঁর উল্লেখযোগ্য কাব্যনাট্য : গণনায়ক, নুরুলদীনের সারাজীবন, এখানে এখন, ঈর্ষা প্রভৃতি।

২০. কোনটি শুদ্ধ বানান?

ক. সর্বাঙ্গীণ　　খ. সর্ব্বাঙ্গীন
গ. সর্বাঙ্গীন　　ঘ. সর্বঙ্গিণ

উত্তর✓ ক　কয়েকটি শুদ্ধ বানান : উর্মি, ইন্দ্রিয়, মুহূর্ত, চাণক্য, কৌতূহল, প্রণয়িনী, আলস্য, অনসূয়া, কৃষিজীবী, দধীচি, শশিভূষণ, নিশীথ, মরীচিকা, সংকীর্ণমনা, নিশীথিনী।

২১. প্রতি বছর কোনো শহরের লোক সংখ্যার ৭% জন্মগ্রহণ করে এবং ৩% মারা যায়। এক বছরে ঐ শহরে ৪০০ লোক বৃদ্ধিপ্রাপ্ত হলে ঐ শহরের লোকসংখ্যা কত ছিল?

ক. ৪০০০　　খ. ৭০০০
গ. ১০০০০　　ঘ. ১৪০০০

উত্তর✓ গ　বৃদ্ধির হার = (৭ − ৩)% = ৪%
৪ জন বৃদ্ধি পেলে লোকসংখ্যা ছিল ১০০ জন
১ " " " " " $\frac{১০০}{৪}$ "
৪০০ " " " " $\frac{১০০ \times ৪০০}{৪}$ = ১০০০০ জন।

২২. যে বায়ু সর্বদাই উচ্চ চাপ অঞ্চল থেকে নিম্নচাপ অঞ্চলের দিকে প্রবাহিত হয় তাকে বলা হয়–

ক. আয়ন বায়ু　　খ. মৌসুমী বায়ু
গ. প্রত্যায়ন বায়ু　　ঘ. নিয়ত বায়ু　　উত্তর✓ ঘ

২৩. উপকূলে কোনো একটি স্থানে পরপর দুটি জোয়ারের সময়ের ব্যবধান হলো–

ক. প্রায় ১২ ঘণ্টা　　খ. প্রায় ২৪ ঘণ্টা
গ. প্রায় ৬ ঘণ্টা　　ঘ. চাঁদের তিথি অনুসারে ভিন্ন　　উত্তর✓ ক

২৪. কোনটি শুদ্ধ বানান?

ক. উর্মি　　খ. উর্মী
গ. উর্মি　　ঘ. উর্মী　　উত্তর✓ গ

২৫. সামাজিক কাঠামোর অবিচ্ছেদ্য উপাদান হলো–

ক. নৈরাজ্য　　খ. মূল্যবোধ
গ. অশান্তি　　ঘ. বিশৃঙ্খলা　　উত্তর✓ খ

২৬. সূর্য ও অন্যান্য গ্রহের উচ্চতা পরিমাপক যন্ত্র–

ক. ফ্যাদোমিটার　　খ. সেক্সট্যান্ট
গ. ক্রনোমিটার　　ঘ. ট্যাক্সোমিটার

উত্তর✓ খ　নক্ষত্র ও গ্রহের উচ্চতা পরিমাপ করা হয় সেক্সট্যান্ট যন্ত্র দিয়ে।

২৭. ভারত বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে–

ক. ১৭ এপ্রিল ১৯৭১　　খ. ২৬ মার্চ ১৯৭১
গ. ৬ ডিসেম্বর ১৯৭১　　ঘ. ১৬ ডিসেম্বর ১৯৭১

উত্তর✓ খ　৬ ডিসেম্বর ১৯৭১ - ভুটান ও ভারত বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে।
১৭ এপ্রিল ১৯৭১ - মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে।
২৬ মার্চ ১৯৭১ - বাংলাদেশের স্বাধীনতা দিবস।
১৬ ডিসেম্বর ১৯৭১ - বাংলাদেশের বিজয় দিবস।

www.exambd.net

২৮. কোনটি শুদ্ধ বানান?
ক. Sattellite খ. Sattelite
গ. Satellite ঘ. Satelite
উত্তর: গ

২৯. কোনটি শুদ্ধ বানান?
ক. Heterogenous খ. Heterogeneous
গ. Heteroganeous ঘ. Hetrogeneous
উত্তর: খ ব্যাখ্যা: Heterogeneous; অর্থ বিজাতীয়, বিভিন্ন উপাদানের মিশ্রণ, নানাধর্মী।

৩০. বাংলাদেশের অস্থায়ী সরকারের পররাষ্ট্রমন্ত্রী ছিলেন–
ক. ক্যাপ্টেন মনসুর আলী খ. শাহ আবদুল হামিদ
গ. তাজউদ্দীন আহমেদ ঘ. খন্দকার মুশতাক আহমেদ
উত্তর: ঘ

নাম	পদের নাম
তাজউদ্দীন আহমদ	অস্থায়ী সরকারের প্রধানমন্ত্রী
ক্যাপ্টেন মনসুর আলী	অস্থায়ী সরকারের অর্থ, বাণিজ্য, শিল্প ও যোগাযোগ মন্ত্রী
খন্দকার মুশতাক আহমেদ	পররাষ্ট্র, আইন ও সংসদবিষয়ক মন্ত্রী
শাহ আব্দুল হামিদ	গণপরিষদের প্রথম স্পিকার

৩১. 'Who gave you this pen?' বাক্যের Passive form হচ্ছে–
ক. By whom were you got this pen?
খ. By whom were you given this pen?
গ. By whom was you given this pen?
ঘ. By whom have you been given this pen?
উত্তর: খ ব্যাখ্যা: Who যুক্ত Interrogative Sentence কে passive করার নিয়ম নিম্নরূপ:
'Who' এর পরিবর্তে 'By whom' + subject ও tense অনুযায়ী to be verb (were) + subject (you) + Vpp/V3 (given) + বাকি অংশ (This pen)। এই নিয়মানুযায়ী → By whom were you given this pen?

৩২. 'Everything hinges —— what happens next' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. by খ. upon
গ. for ঘ. with
উত্তর: খ ব্যাখ্যা: 'hinge upon' অর্থ হচ্ছে নির্ভর করা।

৩৩. 'Hurry up! we have to go —— five minutes' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. in খ. on
গ. by ঘ. for
উত্তর: খ ব্যাখ্যা: পাঁচ মিনিটের মধ্যে যেতে হবে- এই ইংরেজি বুঝানোর জন্য Preposition হিসেবে 'by' ব্যবহার করতে হবে।

২০০৪ সাল পর্যন্ত সংবিধান সংশোধন করা হয়েছে–
ক. ৫ বার খ. ৭ বার
গ. ৮ বার ঘ. ১৪ বার
উত্তর: Blank ব্যাখ্যা: এখন পর্যন্ত বাংলাদেশের সংবিধান সংশোধন করা হয়েছে ১৭ বার। সংবিধান সংশোধন করা বাংলাদেশের সংবিধানের ১৪২ নং অনুচ্ছেদ অনুসারে। বিধান সংশোধনের জন্য সংসদ সদস্যদের দুই - তৃতীয়াংশ ভোটের প্রয়োজন।

৩৫. কোনটি শুদ্ধ বানান?
ক. ঈন্দ্রীয় খ. ঈন্দ্রিয়
গ. ইন্দ্রিয় ঘ. ইন্দ্রীয়
উত্তর: গ

৩৬. কে জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করেন?
ক. রাষ্ট্রপতি খ. প্রধানমন্ত্রী
গ. স্পিকার ঘ. প্রধান বিচারপতি
উত্তর: ক ব্যাখ্যা: বাংলাদেশের সংবিধানের ৭২ নং অনুচ্ছেদে সংসদের অধিবেশন সম্পর্কে বলা হয়েছে। সংবিধানের ৭২(১) অনুচ্ছেদ এ বলা হয়েছে, 'সরকারী বিজ্ঞপ্তি - দ্বারা রাষ্ট্রপতি সংসদ আহবান, স্থগিত ও ভঙ্গ করিবেন এবং সংসদ আহ্বান কালে রাষ্ট্রপতি প্রথম বৈঠকের সময় ও স্থান নির্ধারণ করিবেন।'

৩৭. 'এ বনে বাঘের ভয় নাই' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে ষষ্ঠী খ. কর্মে ষষ্ঠী
গ. কর্তায় সপ্তমী ঘ. করণে সপ্তমী
উত্তর: ক ব্যাখ্যা: যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকে অপাদান কারক বলে। যেমন : এ বনে বাঘের ভয় নাই। এখানে 'বাঘের' শব্দটি অপাদানে ষষ্ঠী।

৩৮. 'আমি বই পড়ি' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় শূন্য খ. অধিকরণে দ্বিতীয়া
গ. কর্মে প্রথমা ঘ. অপাদানে পঞ্চমী
উত্তর: গ

৩৯. 'সপ্তর্ষি' শব্দটি কোন সমাস?
ক. দ্বিগু সমাস খ. বহুব্রীহি সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. দ্বন্দ্ব সমাস
উত্তর: ক ব্যাখ্যা: সমাসের পূর্বপদ সংখ্যাবাচক এবং সমস্ত পদের দ্বারা সমাহার বোঝায় তাকে দ্বিগু সমাস বলে। এখানে সপ্ত (সাত) ঋষির সমাহার = সপ্তর্ষি।

৪০. 'কিরণ' এর সমার্থক শব্দ নয়–
ক. রবি খ. রশ্মি
গ. প্রভা ঘ. কর
উত্তর: ক ব্যাখ্যা: 'কিরণ' এর সমার্থক শব্দ কর, প্রভা, দীপ্তি, জ্যোতি, রশ্মি, অংশু। অন্যদিকে 'রবি' এর সমার্থক শব্দ সূর্য, ভানু আদিত্য, তপন, দিবাকর, সবিতা, অর্ক, মিহির, আফতাব,অরুণ, দিনেশ, দিনমান, দিবাবসু, ভাস্কর ইত্যাদি।

৪১. 'উগ্র' এর বিপরীতার্থক শব্দ–
ক. মেজাজ খ. সৌম্য
গ. বিজ্ঞ ঘ. আলো
উত্তর: খ ব্যাখ্যা: 'উগ্র' এর বিপরীত শব্দ 'মৃদু' বা 'সৌম্য', 'বিজ্ঞ' এর বিপরীত শব্দ 'অজ্ঞ'; 'আলো' এর বিপরীত শব্দ 'আঁধার'।

৪২. 'উন্নয়ন' এর সন্ধিবিচ্ছেদ–
ক. উৎ + নয়ন খ. উন্ন + য়ন
গ. উৎ + য়ন ঘ. উৎ + অন
উত্তর: ক ব্যাখ্যা: উৎ + নয়ন = উন্নয়ন; এটি ব্যঞ্জন সন্ধি।

৪৩. কোনো পরীক্ষায় ৭৫টি প্রশ্ন ছিল। রহিম ৬০টি প্রশ্নের শুদ্ধ উত্তর দিয়েছে। সে শতকরা কতটি প্রশ্নের শুদ্ধ উত্তর দিয়েছে?
ক. ৯০% খ. ৮০%
গ. ৭৫% ঘ. ৬০%
উত্তর: খ
ব্যাখ্যা:
৭৫ টিতে শুদ্ধ উত্তর দেয় ৬০ টি
১" " " $\frac{৬০}{৭৫}$"
১০০" " " $\frac{৬০ \times ১০০}{৭৫} = ৮০$ টি।

৪৪. ৩ জন পুরুষ ও ৬ জন বালকের গড় আয় ১২.০০ টাকা। ১ জন পুরুষের আয় ২ জন বালকের আয়ের সমান হলে ১ জন পুরুষের আয় কত?

ক. ২০ টাকা
খ. ১৮ টাকা
গ. ১৬ টাকা
ঘ. ১৪ টাকা

উত্তর✓ খ ব্যাখ্যা: ৩ জন পুরুষ ও ৬ জন বালকের মোট আয় $(১২ \times ৯) = ১০৮$ টাকা

২ জন বালক ১ জন পুরুষ

১ " " $\frac{১}{২}$ "

৬ " " $\frac{১ \times ৬}{২} = ৩$ জন পুরুষ

৩ জন পুরুষ + ৬ জন বালক $(৩ + ৩) = ৬$ জন পুরুষ

৬ জন পুরুষের আয় ১০৮ টাকা

১ " " " $\frac{১০৮}{৬} = ১৮$ টাকা

৪৫. $৩ \times ০.৩ \div ২ =$ কত?

ক. ১
খ. ০.৬
গ. ২
ঘ. ০.৪৫

উত্তর✓ ঘ ব্যাখ্যা: $৩ \times ০.৩ \div ২ = ৩ \times ০.৩ \times \frac{১}{২} = ০.৪৫$

৪৬. ৩, ৪, ৭, ১১, ১৮, ২৯, ... ধারাটির পরবর্তী সংখ্যাটি কত?

ক. ৪০
খ. ৪৭
গ. ৫৫
ঘ. ৬০

উত্তর✓ খ ব্যাখ্যা: এখানে প্রতিটি রাশি তার পূর্ববর্তী দুটি রাশির যোগফলের সমান। ∴ ১৯ + ১৮ = ৪৭।

৪৭. 'I have to do it' বাক্যের Passive form হচ্ছে–

ক. It has to be done to me
খ. Let it be done by me
গ. It is to be done by me
ঘ. It has to be done by me উত্তর ঘ

৪৮. The mother said to her son, "May you pass the examination." বাক্যের indirect speech হচ্ছে–

ক. The mother wished her son that he might pass the examination
খ. The mother said to her son that he might pass the examination
গ. The mother wished that her son might pass the examination
ঘ. The mother wished her son that he may pass the examination উত্তর ক

৪৯. কোন বাক্যটি শুদ্ধ?

ক. He appeared at the examination
খ. The more he gets, more he wants
গ. We write with ink
ঘ. He got the work being done

উত্তর✓ ক ব্যাখ্যা: প্রথম বাক্যটি শুদ্ধ। পরীক্ষায় উপস্থিত হওয়ার ইংরেজি appear at'। দ্বিতীয় বাক্যটি ভুল। Double comparative এর নিয়মানুসারে বাক্যটি Paralle করতে হবে অর্থাৎ 'The more he gets, the more he wants' – বললে বাক্যটি সঠিক হতো।

তৃতীয় বাক্যটি ও ভুল। যদি We write in ink লেখা হতো, তাহলে বাক্যটি সঠিক হতো। চতুর্থ বাক্যটিও ভুল। Causative verb 'get' এর পর বস্তু থাকলে Past Participle বসে। অর্থাৎ 'He got he work done' লেখা হলে বাক্যটি সঠিক হতো।

৫০. 'Abolish' শব্দটির Synonym হচ্ছে–

ক. Perform
খ. Cancel
গ. Create
ঘ. Generate

উত্তর✓ খ ব্যাখ্যা:

Word	Meaning
Abolish	বিলোপ করা বাতিল করা, রদ বা রহিত করা।
Perform	সম্পাদান করা, কার্যকর করা, কার্যে পরিণত করা, নির্দেশিত বা প্রতিশ্রুত হয়ে কোন কাজ করা।
Cancel	বাতিল করা, বিলুপ্ত করা, রদ বা রহিত করা।
Create	সৃষ্টি করা, উৎপাদন করা, প্রণয়ন করা, তৈরি করা।
Generate	উৎপাদন করা, জন্ম দেওয়া, সৃষ্টি করা।

সুতরাং Abolish এর Synonym হচ্ছে Cancel।

৫১. 'Black sheep'-এর অর্থ হচ্ছে–

ক. A sheep of black colour
খ. Big sheep
গ. Wicked man
ঘ. Costly sheep

উত্তর✓ গ ব্যাখ্যা:

Phrase	Meaning
Black sheep	কুলাঙ্গার।
A sheep of black colour	নীল রঙের ভেড়া।
Big sheep	এইধরনের Phrase নেই। তবে আক্ষরিক অর্থ হচ্ছে বৃহৎ ভেড়া।
Wicked man	দুর্জন, কুলাঙ্গার, বিদ্বেষপূর্ণ ব্যক্তি
Costly sheep	ব্যয়বহুল ভেড়া।

৫২. 'Calm'-এর Synonym হচ্ছে–

ক. Quiet
খ. Agitated
গ. Angry
ঘ. Inflamed

উত্তর✓ ক ব্যাখ্যা:

Word	Meaning
Calm	শান্ত, প্রশান্ত, স্থির, নিস্তব্ধ।
Quiet	শান্তিপূর্ণ, প্রশান্ত, স্থির, নিথর।
Agitated	উত্তেজিত, বিক্ষুব্ধ, অশান্ত।
Angry	ক্রুদ্ধ, উত্তেজিত, তীব্র রাগান্বিত
Inflamed	প্রজ্বলিত, উদ্দীপ্ত।

সুতরাং Calm এর synonym হচ্ছে Quiet (অপশন ক)।

৫৩. You said to me, "You do not do your duty." বাক্যটির indirect speech হচ্ছে–

ক. You told me that I do not do my duty
খ. You said to me that I did not do my duty
গ. You said to me that I do not do my duty
ঘ. You told me that I did not do my duty

উত্তর✓ ঘ ব্যাখ্যা: প্রশ্নে প্রদত্ত বাক্যটির Indirect speech করার নিয়ম নিম্নরূপ: Reporting verb 'said to' এর স্থলে told ও That বসাতে হবে। অতঃপর Object যেহেতু 'me' আছে তাই Subject হিসেবে 'I' বসবে এবং simple present tense কে simple past tense এ রূপান্তর করতে হবে।

৫৪. "যদি সত্য বল, তাহলে মুক্তি পাবে"– এটি কোন ধরনের বাক্য?

ক. সংযুক্ত বাক্য
খ. যৌগিক বাক্য
গ. সরল বাক্য
ঘ. মিশ্র বাক্য উত্তর ঘ

www.exambd.net

৫৫. স্বাধীন বাংলাদেশের রাজধানী হওয়ার পূর্বে ঢাকা বাংলার রাজধানী ছিল–

ক. একবার খ. দুইবার
গ. তিনবার ঘ. চারবার

উত্তর: ঘ স্বাধীন বাংলাদেশের রাজধানী হওয়ার পূর্বে ঢাকা বাংলার রাজধানী ছিল চার বার।
১৬১০ : ইসলাম খান প্রথম ঢাকায় বাংলার রাজধানী স্থাপন করেন।
১৬৬০ : সুবাদার মীর জুমলা রাজমহল থেকে ঢাকায় বাংলার রাজধানী স্থাপন করেন।
১৯০৫ : বঙ্গভঙ্গ করে লর্ড কার্জন ঢাকায় পূর্ব বাংলা ও আসামের রাজধানী স্থাপন করেন।
১৯৪৭ : পূর্ব পাকিস্তানের রাজধানী হয় ঢাকা।

৫৬. কোনটি শুদ্ধ বাক্য?

ক. He succeeded to win the prize
খ. He cannot pronounce the word
গ. See the word in the dictionary
ঘ. We got up in dawn

উত্তর: খ পুরস্কার গ্রহণ করা অর্থে 'Succeed to' অর্থ উত্তরাধিকারী হওয়া। তাই (ক) তে প্রদত্ত বাক্যটি ভুল। অপশন (খ) তে কোন ধরনের ভুল নাই। অপশন (গ) তে ডিকশনারি থেকে শব্দের অর্থ খুজে বের করার ইংরেজি look up হবে। অর্থাৎ See হবে না। পক্ষান্তরে ভোরে অর্থে ইংরেজি in dawn' এর পরিবর্তে 'at dawn' হবে। সুতরাং অপশন (খ) ইংরেজি বাক্যের Pattern ও Syntax বিবেচনায় একমাত্র নির্ভুল উত্তর।

৫৭. 'Dead letter'-এর অর্থ হচ্ছে–

ক. Bad letter
খ. Old letter
গ. Law not in force
ঘ. Letter written by an unknown person

উত্তর: গ

৫৮. 'অনুচিত' শব্দটি কোন সমাস?

ক. দ্বন্দ্ব সমাস খ. অব্যয়ীভাব সমাস
গ. বহুব্রীহি সমাস ঘ. তৎপুরুষ সমাস

উত্তর: ঘ অনুচিত = নয় উচিত, এটি নঞ তৎপুরুষ সমাস।

৫৯. 'বাতাস' এর সমার্থক শব্দ নয়–

ক. অনিল খ. প্রসূন
গ. পবন ঘ. বায়ু

উত্তর: খ 'বাতাস' এর সমার্থক শব্দ : বায়ু, অনিল, সমীর, মরুৎ, সমীরণ, বাত, পবন। 'প্রসূন' অর্থ ফুল।

৬০. 'তিমির' এর বিপরীতার্থক শব্দ–

ক. কালো খ. অন্ধকার
গ. রাত্রি ঘ. আলো

উত্তর: ঘ তিমির এর সমার্থক শব্দ : কালো, অন্ধকার, রাত্রি; তবে বিপরীত শব্দ হচ্ছে আলো।

৬১. 'সংগীত' এর সন্ধি বিচ্ছেদ-

ক. সং + গীত খ. সম্ + গীত
গ. সং + গিত ঘ. সম্ + গিত

উত্তর: খ সংগীত = সম্ + গীত, এটি ব্যঞ্জনসন্ধির উদাহরণ।

৬২. একটি বানর ১৩ মিটার উঁচু পিচ্ছিল বাঁশের উপর উঠতে প্রথম সেকেন্ডে ৩ মিটার ওঠে এবং পরবর্তী সেকেন্ডে ১ মিটার নেমে আসে। বানরটি কত সেকেন্ডে উক্ত বাঁশের মাথায় উঠবে?

ক. ৮ সেকেন্ডে খ. ৯ সেকেন্ডে
গ. ১০ সেকেন্ডে ঘ. ১১ সেকেন্ডে

উত্তর: ঘ

৬৩. দুটি সংখ্যার অনুপাত ৫ : ৮। উভয়ের সাথে ২ যোগ করলে অনুপাতটি ২ : ৩ হয়। সংখ্যা দুটি কত?

ক. ৭ ও ১১ খ. ১২ ও ১৮
গ. ১০ ও ১৬ ঘ. ১০ ও ২৪

উত্তর: গ মনে করি, সংখ্যা দুইটি ৫x ও ৮x

প্রশ্নমতে, $\frac{৫x + ২}{৮x + ২} = \frac{২}{৩}$

$\Rightarrow ১৬x + ৪ = ১৫x + ৬$

$\Rightarrow ১৬x - ১৫x = ৬ - ৪$

$\Rightarrow x = ২$

∴ সংখ্যা দুটি যথাক্রমে ৫ × ২ = ১০ এবং ৮ × ২ = ১৬

৬৪. একটি ঘড়ি ও একটি চেইনের মূল্য একত্রে ৫০০.০০ টাকা। ঘড়ির মূল্য ১০% ও চেইনের মূল্য ৫% বৃদ্ধি পেলে বর্ধিত মূল্য ৫৪৫ টাকা হয়। ঘড়ির মূল্য কত?

ক. ৪০০.০০ টাকা খ. ৪২০.০০ টাকা
গ. ৪৩০.০০ টাকা ঘ. ৪৫০.০০ টাকা

উত্তর: ক মনে করি, চেইনের মূল্য x টাকা
ঘড়ির মূল্য (৫০০ − x) টাকা

ঘড়ির বিক্রয়মূল্য $= \frac{১০০ + ১০}{১০০} \times (৫০০ - x)$

$= \frac{১১০}{১০০} \times (৫০০ - x)$

$= \frac{১১০(৫০০ - x)}{১০০}$

চেইনের বিক্রয়মূল্য $= \frac{১০০ + ৫}{১০০} \times x$

$= \frac{১০৫x}{১০০}$

শর্তমতে, $\frac{১০৫x}{১০০} + \frac{১১০(৫০০ - x)}{১০০} = ৫৪৫$

$\Rightarrow \frac{১০৫x + ৫৫০০০ - ১১০x}{১০০} = ৫৪৫$

$\Rightarrow -৫x + ৫৫০০০ = ৫৪৫০০$

$\Rightarrow x = \frac{৫০০}{৫} = ১০০$ টাকা

∴ ঘড়ির মূল্য (৫০০ − ১০০) = ৪০০ টাকা

৬৫. এক ব্যক্তি ঘণ্টায় ৫ কিমি বেগে চলে কোনো স্থানে গেল এবং ঘণ্টায় ৩ কিমি বেগে ফিরে আসল। যাতায়াত তার গতির গড়–

ক. $\frac{১৫}{৪}$ কিমি খ. $\frac{৪}{১৫}$ কিমি
গ. ২ কিমি ঘ. ৪ কিমি

উত্তর: ক $\frac{২ \times ৩ \times ৫}{৩ + ৫} = \frac{১৫}{৪}$


৬৬. $\frac{১}{৩} + \frac{৪}{৫} \times \frac{৩}{৪} =$ কত?

ক. $\frac{৫}{১৬}$ খ. $\frac{৫}{৯}$
গ. $\frac{৪}{১৩}$ ঘ. $\frac{১}{৫}$

উত্তর: ক $\frac{১}{৩} + \frac{৪}{৫} \times \frac{৩}{৪} = \frac{১}{৩} \times \frac{৫}{৪} \times \frac{৩}{৪} = \frac{৫}{১৬}$

www.exambd.net

৬৭. ৩, ৭, ১৫, ৩১, ৬৩, ... ধারাটির পরবর্তী সংখ্যাটি কত?
ক. ১৪০ খ. ১৩৫
গ. ১৩০ ঘ. ১২৭
উত্তর✓ ঘ



৬৮. চন্দ্র ও সূর্য পৃথিবীর একপাশে অবস্থান করে–
ক. পূর্ণিমা তিথিতে খ. পূর্ণিমা ও অমাবস্যা উভয় তিথিতে
গ. অমাবস্যা তিথিতে ঘ. এর কোনোটিই নয়
উত্তর✓ গ অমাবস্যা ও পূর্ণিমা তিথিতে চন্দ্র ও সূর্য পৃথিবীর একপাশে একই রেখায় অবস্থান করে। ফলে চন্দ্র ও সূর্যের মিলিত আকর্ষণের প্রভাবে প্রবল জোয়ার হয়। এ ধরনের জোয়ারকে তেজ কটাল বলে।

৬৯. এশিয়ার কোন অঞ্চলে সারা বছর পরিচালন বৃষ্টি হয়?
ক. থাইল্যান্ড ও সিঙ্গাপুরে খ. জাপান ও ভারতে
গ. মালয়েশিয়া ও ইন্দোনেশিয়ায় ঘ. নেপাল ও বাংলাদেশে উত্তর গ

৭০. প্রথম সাফ গেমস অনুষ্ঠিত হয়–
ক. কাঠমান্ডুতে খ. ঢাকায়
গ. নয়াদিল্লিতে ঘ. কলম্বোতে
উত্তর✓ ক প্রথম সাফ গেমস অনুষ্ঠিত হয় ১৯৮৪ সালে নেপালের রাজধানী কাঠমাণ্ডুতে। সর্বশেষ ২০১৬ সালে ১২ তম সাফ গেমস অনুষ্ঠিত হয় ভারতের গুয়াহাটি ও শিলং- এ। ১৩ তম সাফ গেমস অনুষ্ঠিত হবে শ্রীলংকায় ২০২০ সালে।

৭১. মাড়ি দিয়ে পুঁজ ও রক্ত পড়ে কোন ভিটামিনের অভাবে?
ক. ভিটামিন-এ খ. ভিটামিন-বি৬
গ. ভিটামিন-সি ঘ. ভিটামিন-বি২
উত্তর✓ গ ভিটামিন সি এর অভাবে
১. স্কার্ভি (দাঁতের মাড়ি দিয়ে রক্ত পড়া) রোগ হয়।
২. ত্বকে ঘা হয়, শুকাতে দেরি হয়।

৭২. আলট্রাসোনিক তরঙ্গ কী?
ক. শ্রাব্য শব্দের তরঙ্গ থেকে কম কম্পাঙ্কের তরঙ্গ
খ. শূন্য মাধ্যমে গঠিত তরঙ্গ
গ. শ্রাব্য শব্দের কম্পাঙ্ক থেকে বেশি কম্পাঙ্কের তরঙ্গ
ঘ. কোনোটিই নয়
উত্তর✓ গ যে শব্দ তরঙ্গের কম্পাঙ্ক ২০,০০০ Hz বা তার বেশি তাকে শব্দোত্তর বা আলট্রাসোনিক তরঙ্গ বলে। এটি শ্রাব্য শব্দের কম্পাঙ্ক থেকে বেশি কম্পাঙ্কের তরঙ্গ।

৭৩. আয়নার পশ্চাতে কোন ধাতু ব্যবহৃত হয়?
ক. কপার খ. সিলভার
গ. মার্কারি ঘ. জিংক
উত্তর✓ খ,গ আয়নার পশ্চাতে সিলভার বা মার্কারি ধাতুর প্রলেপ লাগানো হয়। এ পদ্ধতিকে সিলভারিং বলে। বর্তমানে সিলভার বেশি ব্যবহৃত হয়।

৭৪. ঠোঁটের কোণ ও মুখের চারদিকে ফেটে যায়–
ক. ভিটামিন সি-এর অভাবে খ. ভিটামিন B_1-এর অভাবে
গ. ভিটামিন B_2-এর অভাবে ঘ. ভিটামিন B_{12}-এর অভাবে
উত্তর✓ গ ভিটামিন বি-২ এর উৎস হল- যকৃৎ, দুধ, ডিম, সবুজ শাক-সবজি। এর অভাবে ঠোঁটের কোণ ও মুখের চারদিকে ফাটল দেখা যায়।

৭৫. বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য?
ক. ১৩২তম খ. ১৩৬তম
গ. ১৩৭তম ঘ. ১৩৯তম
উত্তর✓ খ বাংলাদেশ জাতিসংঘের ২৯তম অধিবেশনে, ১৭ সেপ্টেম্বর ১৯৭৪ সালে জাতিসংঘের সদস্যপদ লাভ করে। বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম সদস্য। বাংলাদেশের সাথে গ্রানাডা, গিনি বিসাউ জাতিসংঘের সদস্যপদ লাভ করে।

৭৬. আনুষ্ঠানিকভাবে স্বাধীনতার ঘোষণাপত্র কবে জারি করা হয়?
ক. ১৭ এপ্রিল ১৯৭১ খ. ৭ মার্চ ১৯৭১
গ. ২৫ মার্চ ১৯৭১ ঘ. ১০ এপ্রিল ১৯৭১
উত্তর✓ ঘ ১০ এপ্রিল ১৯৭১ : মুজিবনগর সরকার গঠন ও আনুষ্ঠানিকভাবে স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয়।
১৭ এপ্রিল ১৯৭১ : মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে।

৭৭. বাংলার ১৯৪৩ সালের দুর্ভিক্ষের ওপর ছবি এঁকে বিখ্যাত হন কোন শিল্পী?
ক. শফিউদ্দীন আহমেদ খ. কামরুল হাসান
গ. এস এম সুলতান ঘ. জয়নুল আবেদিন
উত্তর✓ ঘ শিল্পাচার্য জয়নুল আবেদিন ১৯৪৩ সালের দুর্ভিক্ষ নিয়ে একটি চিত্রকর্ম তৈরি করেন, যার নাম 'ম্যাডোনা ৪৩'। এই চিত্রকর্মের কারণে তিনি অনেক খ্যাতি অর্জন করেন। তার অন্যান্য বিখ্যাত চিত্রকর্ম- মনপুরা- ৭০, সংগ্রাম, গুণটানা, গ্রামীণ রমণী ইত্যাদি। তিনি সোনারগাঁও এ লোকশিল্প জাদুঘর প্রতিষ্ঠা করেন।

৭৮. ১৯৯৭ সালে গঠিত জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির সভাপতি কে?
ক. শামসুল হক খ. মুস্তফা চৌধুরী
গ. আজাদ চৌধুরী ঘ. এ এস এইচ কে সাদেক
উত্তর✓ ক ১৯৯৭ সালে গঠিত জাতীয় শিক্ষা কমিশনের নাম শামসুল হক শিক্ষা কমিশন। এই কমিশনের প্রধান ছিলেন ড. এম শামসুল হক। এই কমিশন গঠন করা হয় ১৪ জানুয়ারি ১৯৯৭ সালে।
বাংলাদেশের প্রথম জাতীয় শিক্ষা কমিশন গঠন করা হয় ১৯৭২ সালে। এই কমিশনের প্রধান ছিলেন ড. মুহাম্মদ কুদরত-ই- খুদা।

৭৯. $m + n = 12$ এবং $m - n = 2$ হলে, mn এর মান কত?
ক. 35 খ. 70
গ. 140 ঘ. 148
উত্তর✓ ক
$$mn = \left(\frac{m+n}{2}\right)^2 - \left(\frac{m-n}{2}\right)^2$$
$$= \left(\frac{12}{2}\right)^2 - \left(\frac{2}{2}\right)^2$$
$$= 6^2 - 1^2$$
$$= 36 - 1$$
$$= 35$$

৮০. $p + q + r = 0$ হলে, $p^3 + q^3 + r^3$-এর মান কত?
ক. pqr খ. $3pqr$
গ. $6pqr$ ঘ. $9pqr$
উত্তর✓ খ
$$\Rightarrow p^3+q^3+r^3-3pqr = (p+q+r)(p^2+q^2+r^2-pq-qr-rp)$$
$$\Rightarrow p^3+q^3+r^3-3pqr = 0 \times (p^2+q^2+r^2-pq-qr-rp)$$
$$\Rightarrow p^3+q^3+r^3 = 3pqr$$

www.exambd.net



প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০৯

সেট : ১ | তারিখ : ১১.০৯.২০০৯ | [কোড : শাপলা] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট | পূর্ণমান : ৮০

০১. 'শহীদ বুদ্ধিজীবী দিবস' কবে পালন করা হয়?
ক. ৯ ডিসেম্বর খ. ১০ ডিসেম্বর
গ. ১২ ডিসেম্বর ঘ. ১৪ ডিসেম্বর
উত্তর✓ খ ব্যাখ্যা মুক্তিযুদ্ধের শেষ দিকে ১৪ ডিসেম্বর পাকিস্তান সেনাবাহিনী সুপরিকল্পিত ভাবে বাঙ্গালী বুদ্ধিজীবীদের খুঁজে খুঁজে হত্যা করে। বাঙালির জাতি যাতে মাথা তুলে দাঁড়াতে না পারে তাই এই নিধনযজ্ঞ চালানো হয়। এই হত্যাকাণ্ডে নের্তৃত্ব দেন মেজর জেনারেল রাও ফরমান আলী। এই বুদ্ধিজীবীদের স্মরণে ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়।

০২. স্থায়ী সালিশি আদালত কোথায় অবস্থিত?
ক. লন্ডনে খ. প্যারিসে
গ. হেগে ঘ. কানাডায়
উত্তর✓ গ ব্যাখ্যা Permanent Court of Arbitration (PCA) বা স্থায়ী সালিশি আদালত ১৮৯৯ সালে প্রতিষ্ঠিত। এর সদর দপ্তর নেদারল্যান্ডস এর হেগে অবস্থিত। (PCA) এর সদস্য রাষ্ট্র ১২১টি। বিচারকদের পদের মেয়াদ ৯ বছর।

০৩. একটি ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল ৬০ ব.মি. এবং সমান্তরাল বাহু দুইটির মধ্যবর্তী লম্ব দূরত্ব ৮ মি.। একটি বাহুর দৈর্ঘ্য ৬ মি. হলে অপর বাহুটির দৈর্ঘ্য হবে–
ক. ৭ মি. খ. ৮ মি.
গ. ৯ মি. ঘ. ১২ মি.
উত্তর✓ গ ব্যাখ্যা ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ সমান্তরাল বাহু দুটির সমষ্টি × উচ্চতা

$\Rightarrow ৬০ = \frac{১}{২}(a + b)h$

$\Rightarrow ৬০ = \frac{১}{২}(৬ + b) \times ৮$

$\Rightarrow ৬ + b = \frac{৬০}{৪} = ১৫$

$\Rightarrow b = ১৫ - ৬ = ৯$

অপর বাহু, b = ৯ মি.

০৪. কোনটি শুদ্ধ বানান?
ক. নির্ণিমেষ খ. নির্নিমেষ
গ. নির্ণীমেষ ঘ. নীর্ণিমেষ
উত্তর✓ খ ব্যাখ্যা কয়েকটি শুদ্ধ বানান : নির্নিমেষ, লুণ্ঠন, কণ্টক, দণ্ড, মুহুর্মুহু।

০৫. তত্ত্বাবধায়ক সরকারের আইনটি জাতীয় সংসদে কবে পাস করা হয়?
ক. ১৯৯০ খ. ১৯৯১
গ. ১৯৯৬ ঘ. ১৯৯৭
উত্তর✓ গ ব্যাখ্যা সংবিধানের ১৩তম সংশোধনীর মাধ্যমে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা প্রবর্তিত হয়েছিলো। তত্ত্বাবধায়ক সরকার আইনটি জাতীয় সংসদে পাশ হয় ২৭ মার্চ ১৯৯৬ সালে। সংবিধানের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করা হয়।

০৬. বাংলাদেশ জাতীয় সংসদে কোরাম হয় কত জন সদস্যের উপস্থিতিতে?
ক. ৫০ জন খ. ৬০ জন
গ. ৬৫ জন ঘ. ৭০ জন
উত্তর✓ খ ব্যাখ্যা বাংলাদেশের সংবিধানের ৭৫ নং অনুচ্ছেদে সংসদের কার্যপ্রণালী - বিধি, কোরাম প্রভৃতি সম্পর্কে বলা হয়েছে। সংবিধানের ৭৫(২) অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের জাতীয় সংসদে কোরাম হয় ৬০ জন সদস্যের উপস্থিতিতে।

০৭. 'The pros and cons' —— phrase-টির অর্থ হলো–
ক. Foul and fair খ. Good and evil
গ. Before and after ঘ. For or against a thing
উত্তর✓ খ ব্যাখ্যা 'The pros and cons' বাগধারাটির অর্থ ভাল এবং মন্দ; সুবিধা এবং অসুবিধা। অপশনগুলোর মধ্যে সঠিক উত্তর অপশন (খ)→ Good and evil। অন্যান্য অপশনগুলো অর্থের দিক দিয়ে সঠিক নয়।

০৮. 'All at once' —— phrase-টির অর্থ হলো–
ক. Suddenly খ. Quickly
গ. Slowly ঘ. Gradually
উত্তর✓ ক ব্যাখ্যা 'All at once' Phrase টির অর্থ হঠাৎ (suddenly) যা অপশন (ক) তে আছে।

০৯. সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য ৮ মিটার হলে ত্রিভুজটির ক্ষেত্রফল হবে–
ক. $১৬\sqrt{৩}$ বর্গমিটার খ. $২০\sqrt{৩}$ বর্গমিটার
গ. $৩২\sqrt{৩}$ বর্গমিটার ঘ. $৬৪\sqrt{৩}$ বর্গমিটার
উত্তর✓ ক ব্যাখ্যা সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{৩}}{৪}a^2$

$= \frac{\sqrt{৩}}{৪} \times (৮)^2$

$= ১৬\sqrt{৩}$ বর্গ মি.

১০. ত্রিভুজের ভরকেন্দ্র প্রত্যেক মধ্যমাকে কোন অনুপাতে অন্তর্বিভক্ত করে?
ক. ২ ঃ ১ খ. ৩ ঃ ১
গ. ১ ঃ ২ ঘ. ১ ঃ ৩
উত্তর ক

১১. কোনটি শুদ্ধ বানান?
ক. লুন্ঠন খ. দণ্ড
গ. কন্টক ঘ. স্পন্দন
উত্তর ঘ

১২. কোন বানানটি শুদ্ধ?
ক. মুহুর্মুহু খ. মূহুর্মূহু
গ. মূহুর্মুহু ঘ. মূহুর্মুহু
উত্তর ক

১৩. বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের পদবী কী ছিল?
ক. হাবিলদার খ. সিপাহী
গ. ল্যান্স নায়েক ঘ. ক্যাপ্টেন
উত্তর✓ খ ব্যাখ্যা বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান সেনাবাহিনীতে কর্মরত ছিলেন। তার পদবী ছিল সিপাহী। তিনি ১৯৫৩ সালে ঝিনাইদহের মহেশপুরে জন্মগ্রহণ করেন এবং ১৯৭১ সালের ২৮ অক্টোবর মৌলভীবাজার জেলার কমলগঞ্জে শহীদ হন। বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান ৪ নং সেক্টরে যুদ্ধ করেন।

www.exambd.net

১৪. বাংলাদেশের অস্থায়ী সরকারের ঘোষণাপত্র পাঠ করেন কে?
ক. অধ্যাপক ইউসুফ আলী　খ. তাজউদ্দিন আহমেদ
গ. সৈয়দ নজরুল ইসলাম　ঘ. এম মনসুর আলী
উত্তর✓ ক বাংলাদেশের অস্থায়ী সরকারের ঘোষণাপত্র পাঠ করেন অধ্যাপক ইউসুফ আলী। তিনি মুজিবনগর সরকারের সদস্যদের শপথ বাক্য পাঠ করান।
শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন আব্দুল মান্নান।

১৫. 'Gigantic'-এর সমার্থক শব্দ কোনটি?
ক. Small　খ. Little
গ. Minute　ঘ. Large
উত্তর✓ ঘ Gigantic (adj) – রাক্ষুসে, বিশাল, প্রকাণ্ড।

১৬. 'Brittle'-এর সমার্থক শব্দ কোনটি?
ক. Fragile　খ. Soft
গ. Strong　ঘ. Hard
উত্তর✓ ক

Word	Meaning
Fragile	ভঙ্গুর, নশ্বর, দুর্বল
Soft	নরম, নমনীয়, শান্ত
Strong	শক্তিশালী, মজবুত, উৎসাহী, তেজী।
Hard	কঠিন, শক্ত, মজবুত, দৃঢ়
Brittle	ভঙ্গুর, দুর্বল

১৭. গতকাল একটি জিনিসের দাম ১০% বেড়েছিল, আজ ১০% কমেছে। জিনিসটির দাম মোট কত বেড়েছে বা কমেছে?
ক. ১% কমেছে　খ. ১% বেড়েছে
গ. ১.৫% কমেছে　ঘ. ১.৫% বেড়েছে
উত্তর✓ ক

$= A + B + \frac{AB}{১০০}$
$= ১০ + (-১০) + \frac{১০(-১০)}{১০০}$
$= ১০ - ১০ - \frac{১০০}{১০০}$
$= -১\%$

A = ১০% বৃদ্ধি
B = ১০% হ্রাস
বৃদ্ধি হলে (+)
হ্রাস " (-)

১৮. 'প্রাতরাশ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. প্রাতঃ + আস　খ. প্রাতঃ + রাশ
গ. প্রাতঃ + আশ　ঘ. প্রাত + রাশ
উত্তর✓ গ

১৯. 'দংশন' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. দম্ + শন　খ. দম + সন
গ. দম + যন　ঘ. দণ্ড + শন
উত্তর✓ ক ম-এর পরে ব, ল, র, শ, ষ, স বা হ্ থাকলে পূর্ববর্তী ম্ স্থানে ং (অনুস্বার) হয়।

২০. বাকল্যান্ড বাঁধ কোন্ নদীর তীরে অবস্থিত?
ক. শীতলক্ষা　খ. বুড়িগঙ্গা
গ. তুরাগ　ঘ. ধলেশ্বরী
উত্তর✓ খ বাকল্যান্ড বাঁধ নির্মিত হয় ১৮৬৪ সালে। এটি নির্মাণ করা হয় বুড়িগঙ্গা নদীর তীরে। ঢাকা শহরকে বন্যা ও ভাঙনের হাত থেকে রক্ষা করার জন্য বাকল্যান্ড বাঁধ নির্মাণ করা হয়।

২১. বাংলার নববর্ষ 'পহেলা বৈশাখ' কে চালু করেছিলেন?
ক. সম্রাট আকবর　খ. সম্রাট বাবর
গ. ইলিয়াস শাহ　ঘ. বিজয় সেন
উত্তর✓ ক বাংলা সন প্রবর্তন করেন সম্রাট আকবর ১৫৮৪ সালে। তার নির্দেশে বাংলা সন তৈরি করেন ফাতেহ উল্লাহ সিরাজী। তবে বাংলা সন কার্যকর করা হয় ৫ নভেম্বর ১৫৫৬ সালে সম্রাট আকবরের সিংহাসনে আরোহণ এর দিন থেকে।

২২. 'I am convinced —— the necessity of prudence' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. with　খ. on
গ. in　ঘ. of
উত্তর✓ ঘ 'Convinced of' অর্থ বিশ্বস্ত, প্রনোদিত। প্রদত্ত বাক্যের অর্থঃ বিচক্ষণতার প্রয়োজনীয়তা সম্বন্ধে আমি প্রনোদিত।

২৩. 'I went there —— my bike' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. on　খ. upon
গ. in　ঘ. by
উত্তর✓ ঘ কোনো মাধ্যমে যাওয়ার ক্ষেত্রে Preposition 'by' বসে।
প্রদত্ত বাক্যের অর্থঃ আমি মোটরসাইকেলে চড়ে সেখানে গেলাম।

২৪. ৪০ গ্যালন অকটেন মিশ্রিত পেট্রোলে পেট্রোল ও অকটেনের অনুপাত ৩ ঃ ১। এতে আর কত অকটেন মিশালে পেট্রোল ও অকটেনের অনুপাত ৫ ঃ ২ হবে?
ক. ১ গ্যালন　খ. ২ গ্যালন
গ. ৩ গ্যালন　ঘ. ৪ গ্যালন
উত্তর✓ খ অনুপাতদ্বয়ের যোগফল (৩ + ১) = ৪
পেট্রোলের পরিমাণ $\left(৪০ \text{ এর } \frac{৩}{৪}\right) = ৩০$
অকটেনের পরিমাণ $\left(৪০ \text{ এর } \frac{১}{৪}\right) = ১০$
মনে করি, x গ্যালন মেশাতে হবে
প্রশ্নমতে, $\frac{৩০}{x + ১০} = \frac{৫}{২}$
$\Rightarrow ৫x + ৫০ = ৬০$
$\Rightarrow ৫x = ৬০ - ৫০ = ১০$
$\Rightarrow x = \frac{১০}{৫} = ২$
∴ ২ গ্যালন মেশাতে হবে।

২৫. একজন পুরুষ ও একজন মহিলা পুরস্কারের ১০০০ টাকা ১ ঃ ৪ অনুপাতে ভাগ করে। মহিলা তার অংশের টাকা নিজের, তার মা ও তার মেয়ের মধ্যে ২ ঃ ১ ঃ ১ অনুপাতে ভাগ করলে মেয়ে কত টাকা পাবে?
ক. ১৫০ টাকা　খ. ২০০ টাকা
গ. ২৫০ টাকা　ঘ. ২৭৫ টাকা
উত্তর✓ খ
মহিলার পুরস্কার $= \frac{৪}{১ + ৪} \times ১০০০ = ৮০০$ টাকা
মহিলার মেয়ে পায় $= \frac{১}{২ + ১ + ১} \times ৮০০ = ২০০$ টাকা

www.examod.net

২৬. 'প্রসন্ন' এর বিপরীতার্থক শব্দ কী?
ক. দুঃখ খ. বিষণ্ন
গ. কষ্ট ঘ. অপ্রসন্ন **উত্তর: ঘ**

২৭. সুন্দরবনের কত শতাংশ বাংলাদেশ অংশে পড়েছে?
ক. ৫৪ শতাংশ খ. ৫৮ শতাংশ
গ. ৬২ শতাংশ ঘ. ৬৬ শতাংশ
উত্তর: গ সুন্দরবন পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বন। এই বনের আয়তন প্রায় ১০,০০০ বর্গ কিলোমিটার। যার মধ্যে বাংলাদেশ অংশে পড়েছে ৬০১৭ বর্গ কিলোমিটার। সুতরাং শতকরা হিসেবে ৬০ শতাংশের কিছু বেশি বাংলাদেশ অংশে পড়েছে। সুন্দরবন বাংলাদেশের খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, বরগুনা ও পটুয়াখালী জেলায় বিস্তৃত।

২৮. যুক্তরাজ্য থেকে ফ্রান্সকে পৃথক করেছে কোন্ প্রণালি?
ক. ডোভার খ. পক
গ. বেরিং ঘ. জিব্রাল্টার
উত্তর: ক

প্রণালির নাম	পৃথক করেছে
ডোভার প্রণালি	যুক্তরাজ্য - ফ্রান্স
পক প্রণালি	ভারত - শ্রীলংকা
বেরিং প্রণালি	এশিয়া- উত্তর আমেরিকা
জিব্রাল্টার প্রণালি	আফ্রিকা- ইউরোপ

২৯. নিম্নের কোন বাক্যটি শুদ্ধ?
ক. His brother is sick
খ. I took my meal
গ. Do not throw the milk
ঘ. He took offence at my words
উত্তর: ঘ অপশন (ক) তে sick এর পরিবর্তে ill হলে বাক্যটি শুদ্ধ হতো। অন্যদিকে 'Take offence at something' অর্থ হচ্ছে ব্যথিত হওয়া বা মনে কষ্ট পাওয়া। অপশন (ঘ) তে প্রদত্ত বাক্যের অর্থ-তে আমার কথায় ব্যথিত হল। কাজেই এই বাক্যটি ও শুদ্ধ। পক্ষান্তরে অপশন (খ) ও (গ) ভুল।

৩০. নিচের কোন্ বাক্যটি শুদ্ধ?
ক. He gave me some advice
খ. Anwar requested for my help
গ. I am very better today
ঘ. He took nap
উত্তর: ক অপশন (ক) তে প্রদত্ত বাক্যটি ব্যাকরণগতভাবে ঠিক আছে। প্রদত্ত বাক্যটির অর্থ তিনি আমাকে কিছু পরামর্শ দিয়েছিলেন। অপশন (খ) তে –'He requested for help' লিখলে বাক্যটি শুদ্ধ হতো। অপশন (গ) তে better এর পূর্বে 'Very' হবে না। অপশন (ঘ) তে 'He took a nap' লিখলে বাক্যটি শুদ্ধ হতো।

৩১. $\frac{0.২ \times 0.০২ \times 0.০০২}{0.০১ \times 0.০৪}$ **এর মান কত?**
ক. ০.২ খ. ০.০২
গ. ০.০০১ ঘ. ০০০২
উত্তর: খ
$$\frac{0.২ \times 0.০২ \times 0.০০২}{0.০১ \times 0.০৪} = \frac{২ \times ২ \times ২}{১ \times ৪} \times \frac{১}{১০০} = 0.০২$$

৩২. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?
ক. $\frac{২}{৩}$ খ. $\frac{৩}{৪}$
গ. $\frac{৪}{৫}$ ঘ. $\frac{৫}{৭}$
উত্তর: গ
$\frac{২}{৩} = 0.৬৭, \frac{৩}{৪} = 0.৭৫, \frac{৪}{৫} = 0.৮০$ (বৃহত্তম), $\frac{৫}{৭} = 0.৭১$.

৩৩. 'সংক্ষিপ্ত' এর বিপরীত শব্দ কী?
ক. চওড়া খ. প্রসারিত
গ. প্রশস্ত ঘ. বিস্তৃত **উত্তর: ঘ**

৩৪. 'ক্ষীয়মাণ' এর বিপরীত শব্দ কী?
ক. বৃহৎ খ. বর্ধিষ্ণু
গ. বর্ধমান ঘ. বৃদ্ধিপ্রাপ্ত **উত্তর: গ**

৩৫. হ্যালির ধূমকেতু আবির্ভূত হয় কত বছর পর পর?
ক. ৬৬ বছর খ. ৭০ বছর
গ. ৭৬ বছর ঘ. ৮০ বছর
উত্তর: গ ইংরেজ জ্যোতির্বিজ্ঞানী এ্যাডমন্ড হ্যালি ১৬৮২ সালে এই ধূমকেতু পর্যবেক্ষণ করেন। তার নামানুসারে ধূমকেতুটির নামকরণ করা হয় হ্যালির ধূমকেতু। এই ধূমকেতু প্রতি ৭৬ বছর পরপর পৃথিবীর আকাশে দেখা যায়। হ্যালির ধূমকেতু সর্বশেষ দেখা যায় ৯ ফেব্রুয়ারি ১৯৮৬ সালে। পরবর্তীতে দেখা যাবে ২০৬২ সালে।

৩৬. সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে–
ক. ৮.২৩ মিনিট খ. ৮.৩২ মিনিট
গ. ৮.৫৬ মিনিট ঘ. ৯.০৫ মিনিট
উত্তর: খ সূর্য পৃথিবীর নিকটতম নক্ষত্র। সূর্য থেকে পৃথিবীর গড় দূরত্ব প্রায় ১৫ কোটি কিলোমিটার। সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে ৮ মিনিট ১৯ সেকেন্ড বা ৮.৩২ মিনিট।

৩৭. Aref told us that he had waited an hour'– বাক্যটির direct speech হবে–
ক. Aref said to us, 'I waited an hour.'
খ. Aref said to us, 'I have been waiting an hour.'
গ. Aref said to us, 'I had to wait an hour.'
ঘ. Aref told to us, 'I have waited an hour.'
উত্তর: ক প্রদত্ত বাক্যটির Direct Narration করার জন্য 'told' এর পরিবর্তে 'said to' এবং past perfect tense এর পরিবর্তে Past Indefinite অর্থাৎ 'Had waited' এর স্থলে শুধু 'Waited' বসাতে হবে।

৩৮. 'Come in, my friend,' said I – বাক্যটির Indirect speech হবে–
ক. Addressing him as my friend, I told him to go in
খ. Addressing him as my friend, I asked him to go in
গ. Addressing him as my friend, I have said him to go in
ঘ. Addressing him as my friend, I told him to come in
উত্তর: ক প্রশ্নের প্রদত্ত বাক্যটিকে Indirect narration করার ক্ষেত্রে প্রথমে যাকে সম্বোধন করা হয়েছে এবং যা দ্বারা সম্বোধন করা হয়েছে সেটি বসাতে হবে' তারপর 'said' এর স্থলে 'told' এবং 'come in' এর স্থলে 'go in' বসাতে হবে।

৩৯. ০, ৩, ৮, ১৫, ... ধারাটির অষ্টম পদ হবে–

ক. ৬৩ খ. ৬৪
গ. ৬৬ ঘ. ৬৭


উত্তর✓ ক

$১^২ - ১ = ০$
$২^২ - ১ = ৩$
$৩^২ - ১ = ৮$
$৪^২ - ১ = ৮$
$\therefore ৮^২ - ১ = ৬৪ - ১ = ৬৩$

৪০. ১, ২, ৪, ৭, ১১, ... ধারাটির নবম পদ হবে–

ক. ৩২ খ. ৩৫
গ. ৩৭ ঘ. ৪২

উত্তর✓ গ



৪১. 'কিরণ' এর সমার্থক শব্দ কোনটি?

ক. অংশু খ. কৃষাণু
গ. শিখা ঘ. অম্বর

উত্তর ক

৪২. কোনটি 'কোকিল' এর প্রতিশব্দ নয়?

ক. পিক খ. পরভৃত
গ. পরভৃৎ ঘ. বসন্তদূত

উত্তর✓ গ 'কোকিল' এর প্রতিশব্দ : পিক, পরভৃত, বসন্তদূত, কাকপুষ্ট, পরপুষ্ট, অন্যপুষ্ট, কলকণ্ঠ। অন্যদিকে, পরভৃৎ এর প্রতিশব্দ কাক, বায়স।

৪৩. যেসব নিউক্লিয়াসের নিউট্রন সংখ্যা সমান কিন্তু ভর সংখ্যা সমান নয় তাদের বলা হয়–

ক. আইসোটোপ খ. আইসোটোন
গ. আইসোবার ঘ. আইসোমার

উত্তর✓ খ আইসোটোন → নিউট্রন সংখ্যা সমান
আইসোটোপ → প্রোটন সংখ্যা সমান
আইসোমার → ভর সংখ্যা সমান

৪৪. যে সর্বোচ্চ শ্রুতি সীমার উপরে মানুষ বধির হতে পারে তা হল–

ক. ৭৫ ডেসিবেল খ. ৯৫ ডেসিবেল
গ. ১০৫ ডেসিবেল ঘ. ১২৫ ডেসিবেল

উত্তর✓ গ শব্দ উৎসের কম্পন যদি ২০ থেকে ২০,০০০ Hz এর মধ্যে হয় তাহলে আমরা শব্দ শুনতে পাব। ১০৫ ডেসিবেল শব্দে মানুষ বধির হয়ে যেতে পারে।

৪৫. 'We must listen to his words' –বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে–

ক. His words must be listened to
খ. His words should be listened to
গ. His words ought to be listened to
ঘ. His words may be listened to

উত্তর✓ ক প্রশ্নে প্রদত্ত বাক্যটি Passive করার জন্য প্রথমে Object কে subject (his words), অতঃপর প্রদত্ত modal এরপর be অর্থাৎ 'must' এর স্থলে 'must be' এবং 'listen' এর পর preposition 'to' বসবে অর্থাৎ listened to হবে।

৪৬. It has to be done by me'– বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে–

ক. I must do it খ. I should do it
গ. I must have done it. ঘ. I have to do it

উত্তর ঘ

৪৭. একজন দোকান মালিক সাধারণত ৪০% লাভ রেখে জিনিস বিক্রি করেন। ব্যবসা গুটিয়ে ফেলার কারণে বর্তমান মূল্যের ১০% কমে জিনিস বিক্রি শুরু করেন। এতে তাঁর শতকরা লাভ কত?

ক. ২২% খ. ২৬%
গ. ৩০% ঘ. ৩৬%

উত্তর✓ খ $A + B + \frac{AB}{১০০}$

$= ৪০ + (-১০) + \frac{৪০(-১০)}{১০০}$

$= ৪০ - ১০ - \frac{৪০০}{১০০}$

$= ৩০ - ৪$
$= ২৬\%$

৪৮. একজন বিক্রেতা একটি জিনিস ৬৫ টাকায় বিক্রি করে ৩০% লাভ করেন। জিনিসটির ক্রয়মূল্য কত?

ক. ৫০ টাকা খ. ৫২ টাকা
গ. ৫৪ টাকা ঘ. ৫৫ টাকা

উত্তর✓ ক ক্রয়মূল্য $= \frac{১০০}{১০০ + \text{লাভ}} \times \text{বিক্রয়মূল্য}$

$= \frac{১০০}{১০০ + ৩০} \times ৬৫$

$= \frac{১০০}{১৩০} \times ৬৫$

$= ৫০$ টাকা

৪৯. 'তেলেভাজা' কোন্ সমাস?

ক. বহুব্রীহি খ. দ্বন্দ্ব
গ. কর্মধারয় ঘ. তৎপুরুষ

উত্তর✓ ঘ পূর্ব পদে তৃতীয়া বিভক্তি দ্বারা, দিয়া, কর্তৃক, ইত্যাদি লোপ না হলে অলুক তৃতীয়া তৎপুরুষ সমাস হয়। যেমন - তেলে ভাজা = তেলেভাজা, কলে ছাঁটা = কলেছাঁটা।

৫০. কোনটি 'অলুক দ্বন্দ্ব' সমাসের উদাহরণ?

ক. ঘরে-বাইরে খ. ঘর-বাড়ি
গ. ভাই-বোন ঘ. আমরা

উত্তর ক

৫১. কোন্‌টি শুদ্ধ বানান?

ক. Hetrogeneous খ. Hetrogonus
গ. Heterogenus ঘ. Heterogeneous

উত্তর ঘ

৫২. কোন্ বানানটি শুদ্ধ?

ক. Conoisseur খ. Connoiseur
গ. Connoisseur ঘ. Connoisser

উত্তর✓ গ Connoisseur অর্থ রসজ্ঞ ব্যক্তি, শিল্পকলা প্রভৃতির সমঝদার।

www.exambd.net

৫৩. একজন সাইকেল আরোহী ঘণ্টায় y কিমি. বেগে x কিমি. এবং ঘণ্টায় q কিমি. বেগে p কিমি. যান। ভ্রমণে তার গড় গতিবেগ কত?

ক. $\frac{x+p}{y+q}$ খ. $\frac{xy+pq}{2}$

গ. $\frac{xy+pq}{y+q}$ ঘ. $\frac{xy+pq}{\frac{x}{y}+\frac{p}{q}}$

উত্তর✓ Blank ব্যাখ্যা: মোট সময় $= \frac{x}{y}+\frac{p}{q}$

মোট দূরত্ব $= x+p$

$\therefore$ গড় গতিবেগ $= \frac{\text{মোট দূরত্ব}}{\text{মোট সময়}}$

$= \frac{x+p}{\frac{x}{y}+\frac{p}{q}}$

সঠিক উত্তর নেই।

৫৪. একজন বোলার গড়ে ২০ রান দিয়ে ১২টি উইকেট পান। পরবর্তী খেলায় গড়ে ৪ রান দিয়ে ৪টি উইকেট পান। এখন তার উইকেট প্রতি গড় রান কত?

ক. ১৬ খ. ১৭

গ. ১৮ ঘ. ২০

উত্তর✓ ক ব্যাখ্যা:
১২টি উইকেট মোট রান $(২০ \times ১২) = ২৪০$ রান
৪টি " " $(৪ \times ৪) = ১৬$ "
১৬টি উইকেট পেতে মোট রান $= ২৫৬$ রান
উইকেট প্রতি গড় রান $= \frac{২৫৬}{১৬} = ১৬$ রান

৫৫. 'এমন ছেলে আর দেখিনি'– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন্ কারকে কোন্ বিভক্তি?

ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য

গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য উত্তর✓ খ

৫৬. 'নদীর মাছ সুস্বাদু'– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন্ কারকে কোন বিভক্তি?

ক. কর্তায় ষষ্ঠী খ. কর্মে ষষ্ঠী

গ. অপাদানে ষষ্ঠী ঘ. অধিকরণে ষষ্ঠী উত্তর✓ ঘ

৫৭. চাঁদে বা অন্য কোনো গ্রহে নিলে বস্তুর কী পরিবর্তন ঘটবে?

ক. বস্তুর ভর একই থাকবে, ওজন বদলাবে
খ. বস্তুর ওজন একই থাকবে, ভর বদলাবে
গ. বস্তুর ওজন ও ভর দুটিই বদলাবে
ঘ. বস্তুর ভর ও ওজন কোনোটিই বদলাবে না

উত্তর✓ ক ব্যাখ্যা: বস্তুর মোট পদার্থের পরিমাণকে ভর বলে। আর বস্তুর উপর পৃথিবীর আকর্ষণ বলকে ওজন বলে। চাঁদে বা অন্য কোনো গ্রহে নিলে বস্তুর ভর একই থাকবে কিন্তু ওজন পরিবর্তিত হবে।

৫৮. 'শিমের বিচি' কোন্ ধরনের খাদ্য?

ক. আমিষ খ. শ্বেতসার

গ. স্নেহ জাতীয় ঘ. ভিটামিন

উত্তর✓ ক ব্যাখ্যা: প্রোটিন বা আমিষের উৎস – মসুর, ছোলা, শিমের বিচি, মটর, বাদাম প্রভৃতি।

৫৯. কোন্‌টি শুদ্ধ বানান?

ক. Encyclopaedia খ. Enciclopaedia

গ. Encyclopeadia ঘ. Encyclopedia উত্তর✓ ক

৬০. কোন্ বানানটি শুদ্ধ?

ক. Catastrophe খ. Ceastrophe

গ. Catastrofee ঘ. Catastrophee

উত্তর✓ ক ব্যাখ্যা: Catastrophe অর্থ আকস্মিক বিপত্তি, বিপর্যয়, আমস্মিক মহাদুর্ঘটনা, প্রাকৃতিক বিপত্তি-বন্যা, সাইক্লোন, ঝড় ইত্যাদি।

৬১. যদি ১০টি বলদ ২০ দিনে ৫০ বিঘা জমি চাষ করতে পারে, তবে ১২টি বলদ ১৫ দিনে কত বিঘা জমি চাষ করতে পারবে?

ক. ৪২ বিঘা খ. ৪৪ বিঘা

গ. ৪৫ বিঘা ঘ. ৪৮ বিঘা

উত্তর✓ গ ব্যাখ্যা:
১০ টি বলদ ২০ দিনে চাষ করে ৫০ বিঘা
১টি " ১ " " " $\frac{৫০}{১০ \times ২০}$
১২টি " ১৫ " " " $\frac{৫০ \times ১২ \times ১৫}{১০ \times ২০}$
$= ৪৫$ বিঘা.

৬২. যদি ৬টি ঘোড়া ৪ দিনে ৩০ সের ছোলা খায়, তবে কয়টি ঘোড়া ঐ সময়ে ২৫ সের ছোলা খাবে?

ক. ৫টি খ. ৬টি

গ. ৭টি ঘ. ৮টি

উত্তর✓ ক ব্যাখ্যা:
৩০ সের ছোলা খায় ৬টি ঘোড়া
১ " " " $\frac{৬}{৩০}$ "
২৫ " " " $\frac{৬ \times ২৫}{৩০} = ৫$ টি ঘোড়া

৬৩. 'বিসর্জন' নাটকটির রচয়িতা কে?

ক. গিরিশচন্দ্র ঘোষ খ. রবীন্দ্রনাথ ঠাকুর

গ. কাজী নজরুল ইসলাম ঘ. সেলিম আল-দীন উত্তর✓ খ

৬৪. বাংলাদেশের একজন প্রখ্যাত নাট্যকার–

ক. মামুনুর রশীদ খ. আব্দুল মান্নান সৈয়দ

গ. শহীদুল্লা কায়সার ঘ. আবুল হোসেন

উত্তর✓ ক ব্যাখ্যা: মামুনুর রশীদ বাংলাদেশের একজন প্রখ্যাত নাট্যকার। তাঁর রচিত নাটকগুলোর মধ্যে - ওরা কদম আলী (১৯৭৮), ওরা আছে বলেই (১৯৮০), মে দিবস (১৯৮১), ইবলিশ (১৯৮২), এখানে নোঙর (১৯৮৬), গিনিপিগ (১৯৮৫), সমতট (১৯৯০) ইত্যাদি উল্লেখযোগ্য।

৬৫. ভিটামিন-বি ১ এর অভাবে কোন রোগ হয়?

ক. রিকেটস খ. স্কার্ভি

গ. বেরিবেরি ঘ. পেলেগ্রা উত্তর✓ গ

৬৬. বাংলাদেশের কোন্ ক্রিকেট খেলোয়াড় সম্প্রতি জিম্বাবুয়ে-এর বিরুদ্ধে মাত্র ৬৩ বলে শতরান করেন?

ক. সাকিব আল হাসান খ. তামিম ইকবাল

গ. মাহমুদুল্লাহ ঘ. মোহাম্মদ আশরাফুল উত্তর✓ ক

www.exambd.net

৬৭. He told us all about the battle. এখানে 'about' শব্দটি–

ক. Pronoun খ. Adjective
গ. Adverb ঘ. Preposition

উত্তর: ঘ

৬৮. He sleeps a sound sleep. এখানে 'sound' শব্দটি–

ক. Noun খ. Pronoun
গ. Adjective ঘ. Adverb

উত্তর: গ ব্যাখ্যা: প্রশ্নে প্রদত্ত বাক্যে 'Sound' শব্দটি adjective হিসেবে ব্যবহৃত হয়েছে। কারণ এক্ষেত্রে Sound শব্দটি sleep (noun) এর পূর্বে বসে উক্ত noun কে modify করেছে বিধায় এটি Adjective। প্রদত্ত বাক্যে sound দ্বারা স্বাস্থ্যকর বা গভীর ঘুমকে বুঝানো হয়েছে। এছাড়াও Sound শব্দের আরো কতিপয় অর্থ হচ্ছে-আওয়াজ, ধ্বনি, বাজনা, শব্দ, শব্দ করা, বাজানো, পরিচালিত করা, সংকেত দেয়া, গভীরতা মাপা, স্বাস্থ্যকর, স্বাস্থ্যপূর্ণ ভালো অবস্থায় আছে এমন।

৬৯. $3x^2 - 7x - 6$ এর উৎপাদক–

ক. $(3x - 2)(x + 3)$ খ. $(3x + 2)(x - 3)$
গ. $(3x - 2)(x - 3)$ ঘ. উপরের কোনোটিই নয়

উত্তর: খ ব্যাখ্যা: $3x^2 - 7x - 6 = 3x^2 - 9x + 2x - 6$
$= 3x(x - 3) + 2(x - 3)$
$= (x - 3)(3x + 2)$

৭০. $a - \frac{1}{a} = 5\sqrt{3}$ হলে $a^2 + \frac{1}{a^2} =$ কত?

ক. $60\sqrt{3}$ খ. 60
গ. $70\sqrt{3}$ ঘ. 77

উত্তর: ঘ ব্যাখ্যা: $a^2 + \frac{1}{a^2} = \left(a - \frac{1}{a}\right)^2 + 2.a.\frac{1}{a}$
$= (5\sqrt{3})^2 + 2$
$= 75 + 2$
$= 77$

৭১. 'সূর্যদীঘল বাড়ি' উপন্যাসটি কার লেখা?

ক. আবু ইসহাক খ. কাজী আবদুল ওদুদ
গ. শওকত ওসমান ঘ. মানিক বন্দ্যোপাধ্যায়

উত্তর: ক ব্যাখ্যা: ঔপন্যাসিক আবু ইসহাক ১৯২৬ সালে ১ নভেম্বর শরীয়তপুর জেলার নড়িয়ায় জন্মগ্রহণ করেন। তাঁর প্রকাশিত প্রথম গ্রন্থের নাম 'সূর্যদীঘল বাড়ি' (১৯৫৫)।

৭২. 'হাসুলী বাঁকের উপকথা' উপন্যাসটি কার লেখা?

ক. দ্বিজেন্দ্রনাথ ঠাকুর খ. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
গ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. সৈয়দ মুজতবা আলী

উত্তর: খ

৭৩. দক্ষ শিক্ষকের কী গুণ থাকা দরকার?

ক. বিষয়ের প্রতি শিক্ষার্থীদের আগ্রহের সৃষ্টি করা
খ. শিক্ষার্থীদের কাজে ব্যস্ত রাখা
গ. শিক্ষার্থীদের পরীক্ষায় পাসে সাহায্য করা
ঘ. শ্রেণিকক্ষ শান্ত রাখা

উত্তর: ক

৭৪. আধুনিক কম্পিউটারের জনক বলা হয় কাকে?

ক. চার্লস ব্যাবেজ খ. প্যাস্কেল
গ. লিবনিৎস ঘ. ড. জন মউসলি

উত্তর: ক

৭৫. Honesty is the best policy. এখানে 'honesty' হচ্ছে–

ক. Proper Noun খ. Common Noun
গ. Collective Noun ঘ. Abstract Noun

উত্তর: ঘ ব্যাখ্যা: যে noun দ্বারা দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদির নাম বুঝায় তাকে Abstract noun বলে। যেমন: Honesty, Beauty, Kindness, Charity, Happiness, Truth ইত্যাদি।

৭৬. The police dispersed the crowd. এখানে 'crowd' শব্দটি কোন্ প্রকারের noun?

ক. Proper খ. Common
গ. Collective ঘ. Abstract

উত্তর: গ ব্যাখ্যা: যে noun দ্বারা একজাতীয় কোন ব্যক্তি বা বস্তুকে আলাদা আলাদা না বুঝিয়ে তাদের সমষ্টিকে বুঝায় তাকে Collective Noun বলে। যেমন: Crowd, Class, Cattle, Army, Jury, Police, Team ইত্যাদি।

৭৭. কোন একটি সংখ্যার অর্ধেকের সঙ্গে 6 যোগ করলে যে উত্তর পাওয়া যায়, সংখ্যাটির দ্বিগুণ থেকে 21 বিয়োগ করলে একই ফল পাওয়া যায়। সংখ্যাটি কত?

ক. 18 খ. 20
গ. 22 ঘ. 24

উত্তর: ক ব্যাখ্যা: ধরি, সংখ্যাটি x
প্রশ্নমতে, $\frac{x}{2} + 6 = 2x - 21$
$\Rightarrow \frac{x + 12}{2} = 2x - 21$
$\Rightarrow x + 12 = 4x - 42$
$\Rightarrow 3x = 54$
$x = \frac{54}{3} = 18$
∴ সংখ্যাটি 18

৭৮. $2x + 15 = 27 - 4x$ কে সমাধান করলে x-এর মান হবে–

ক. – 1 খ. 2
গ. – 2 ঘ. 3

উত্তর: খ ব্যাখ্যা: $2x + 15 = 27 - 4x$
$\Rightarrow 2x + 4x = 27 - 15$
$\Rightarrow 6x = 12$
$\Rightarrow x = \frac{12}{6} = 2$
∴ $x = 2$

৭৯. পরে মাস-দেড়ে ভিটেমাটি ছেড়ে বাহির হইনু পথে– করিল ডিক্রি, সকলই বিক্রি মিথ্যা দেনার খাতে। - পঙ্‌ক্তিটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কোন্ কবিতার অংশ?

ক. পুরাতন ভৃত্য খ. চিত্রা
গ. দুই বিঘা জমি ঘ. দিন শেষে

উত্তর: গ

৮০. 'দারিদ্র্য' কবিতাটি নজরুল ইসলামের কোন কাব্যের অন্তর্ভুক্ত?

ক. বিষের বাঁশি খ. সিন্ধু- হিন্দোল
গ. সাম্যবাদী ঘ. নতুন চাঁদ

উত্তর: খ



প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০৯

সেট : ১ | [কোড : জবা] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ১১.০৯.২০০৯ | পূর্ণমান : ৮০

০১. কোনটি শুদ্ধ বানান?
ক. Psychology খ. Sychology
গ. Psykology ঘ. Sycology
উত্তর: ক

০২. 'You should drive the car at a speed compatible– safety বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. for খ. towards
গ. at ঘ. with
উত্তর: ঘ
Compatible এর সাথে Appropriate preposition হিসেবে 'With' বসে। Compatible with অর্থ- সামঞ্জস্যপূর্ণ প্রদত্ত বাক্যের অর্থ : আপনাকে গাড়িটি এমনভাবে চালানো উচিত যাতে নিরাপত্তা নিশ্চিত থাকে।

০৩. 'Vertical' শব্দটির Synonym হচ্ছে–
ক. Horizontal খ. Inclined
গ. Erect ঘ. Prone
উত্তর: গ

Word	Meaning
Vertical	উলম্ব, লম্বালম্বি, খাড়া।
Horizontal	অনুভূমিক, সমতল
Inclined	আনত, প্রণত, নত হওয়া, প্রবৃত্তিবিশিষ্ট
Erect	ঋজু, খাড়া, সোজাসুজি
Prone	প্রবণ, নত, প্রবৃত্ত

সুতরাং Vertical শব্দের সমার্থক শব্দ হচ্ছে Erect যা অপশন (গ) তে আছে।

০৪. 'At home'-এর অর্থ হচ্ছে–
ক. Home made of bricks খ. One who has lost home
গ. Try to make a home ঘ. Familiar with
উত্তর: ঘ
'At home' শব্দের অর্থ Familiar With বা পরিচিত। He was at home with such kind of negative situation; At home অর্থ আরামদায়ক অবস্থা। যেমন: Hasan never feels at home in Dhaka; At home অর্থ দক্ষ। যেমন Salam is at home in Economics।

০৫. রম্বসের কর্ণদ্বয় পরস্পর 'O' বিন্দুতে ছেদ করেছে। কর্ণদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ–
ক. সূক্ষ্মকোণ খ. স্থূলকোণ
গ. সরলকোণ ঘ. সমকোণ
উত্তর: ঘ
রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।

০৬. একটি বহুভুজের বাহুর সংখ্যা ৬ হলে বহুভুজের অন্তঃকোণগুলোর সমষ্টি কত হবে?
ক. সাত সমকোণ খ. আট সমকোণ
গ. চার সমকোণ ঘ. ছয় সমকোণ
উত্তর: খ
আমরা জানি,
অন্তঃকোণের কোণগুলোর সমষ্টি $= (n-২) \times ১৮০$
$= (৬-২) \times ১৮০$
$= ৪ \times ১৮০$
$= ৮ \times ৯০^\circ$
$= ৮$ সমকোণ

০৭. কম্পিউটারের ডিজিটাল পদ্ধতির অভ্যন্তরে সাধারণত যে সংখ্যা পদ্ধতি ব্যবহার করা হয় তাকে বলে–
ক. অক্টাল খ. দশমিক
গ. হেক্সাডেসিমেল ঘ. বাইনারি
উত্তর: ঘ
কম্পিউটারের ডিজিটাল পদ্ধতির অভ্যন্তরে সাধারণত যে সংখ্যা পদ্ধতি ব্যবহার করা হয় তাকে বাইনারি বলে। 0 এবং 1 এই সংখ্যা দুটি ব্যবহার করা হয়।

০৮. কোনটি সামাজিক পরিবর্তনের উপাদান নয়?
ক. শিল্পায়ন খ. বাসস্থান
গ. নগরায়ন ঘ. শিক্ষা
উত্তর: খ

০৯. বাংলাদেশ প্রথম বিশ্বকাপ ক্রিকেটে অংশ নেয়?
ক. ১৯৯২ সালে খ. ১৯৯৬ সালে
গ. ১৯৯৯ সালে ঘ. ১৯৯৭ সালে
উত্তর: গ
বাংলাদেশ ওয়ানডে ক্রিকেট খেলার মর্যাদা লাভ করে ১৫ জুন ১৯৯৭ সালে। বাংলাদেশ প্রথমবারের মত বিশ্বকাপ ক্রিকেটে অংশগ্রহণ করে ১৯৯৯ সালে। এটি ছিল ৭ম ওয়ানডে ক্রিকেট বিশ্বকাপ, যা অনুষ্ঠিত হয় ইংল্যান্ডে। বিশ্বকাপে বাংলাদেশের প্রথম জয় স্কটল্যান্ড এর বিপক্ষে।

১০. সবুজ তরিতরকারিতে সবচেয়ে বেশি থাকে–
ক. শর্করা খ. আমিষ
গ. খনিজ পদার্থ ও ভিটামিন ঘ. স্নেহজাতীয় পদার্থ
উত্তর: গ

১১. 'কবর' নাটকটির রচয়িতা কে?
ক. জসীমউদ্‌দীন খ. নুরুল মোমেন
গ. মুনীর চৌধুরী ঘ. আবদুল্লাহ আল মামুন
উত্তর: গ
মুনীর চৌধুরী ১৯৫২ সালের ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে 'কবর' নাটকটি রচনা করেন। যা তিনি কারাগারে বসে রচনা করেন।

১২. কোনটি শুদ্ধ বানান?
ক. বিভীষিকা খ. বিভিষীকা
গ. বীভিষিকা ঘ. বীভিষীকা
উত্তর: ক

১৩. 'বাড়ী থেকে নদী দেখা যায়'- বাক্যে নিম্নরেখ শব্দ কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মকারকে পঞ্চমী খ. করণ কারকে সপ্তমী
গ. কর্তৃকারকে দ্বিতীয়া ঘ. অধিকরণ কারকে পঞ্চমী
উত্তর: খ
ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। 'বাড়ি থেকে' প্রদত্ত শব্দটি অধিকরণ কারক পঞ্চমী বিভক্তি। পঞ্চমী বিভক্তি হলো- হইতে, থেকে, চেয়ে, হতে।

১৪. 'কদাচার' শব্দটি কোন সমাস?
ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. দ্বন্দ্ব
উত্তর: ক

১৫. 'খড়্গ' এর সমার্থক শব্দ নয়–
ক. অসি খ. চাকু
গ. কৃপাণ ঘ. তরবারি
উত্তর: খ

১৬. 'নিরাকার' এর বিপরীতার্থক শব্দ–
ক. আকার খ. সাকার
গ. অদৃশ্য ঘ. দৃশ্যমান
উত্তর: খ

www.exambd.net

১৭. 'বিদ্যালয়' এর সন্ধিবিচ্ছেদ–
ক. বিদ্যা + আলয় খ. বিদ্য + আলয়
গ. বিদ্যা + লয় ঘ. বিদ + আলয় উত্তর: ক

১৮. 'তাঁর চুল পেকেছে কিন্তু বুদ্ধি পাকেনি'- এটি কোন ধরনের বাক্য?
ক. সরল বাক্য খ. জটিল বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. মিশ্র বাক্য উত্তর: গ

১৯. কোনটি শুদ্ধ বানান?
ক. Mutach খ. Moustach
গ. Mustache ঘ. Moustache

উত্তর: ঘ অপশন (গ) ও (ঘ) উভয়ই শুদ্ধ বানান। 'Mustache' যা আমেরিকান ইংরেজি এবং 'Moustache' যা ব্রিটিশ ইংরেজি বানানের নিয়মানুসারে সঠিক উত্তর।

২০. **'Some children were helping the wounded man'– এর Passive form হবে–**
ক. The wounded man was helped by some children
খ. The wounded man was helping some children
গ. The wounded man was being helped by some children
ঘ. The wounded man was to be helped by some children

উত্তর: গ এই ধরনের যেকোন Continuous tense যুক্ত বাক্যকে Passive করাতে হলে Passive বাক্যে 'to be' verb এর পর 'being' ব্যবহার করতে হয় যা শুধু (গ) তে রয়েছে। অর্থাৎ প্রথমে object কে subject (The wounded man); অতঃপর tense ও Person অনুযায়ী 'to be' verb (was) এবং 'being' ও past participle (helped); তারপর by + Active এর Subject (some Children)।

২১. ৬০ লিটার মিশ্রণে কেরোসিন ও পেট্রোলের অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে আর কত লিটার পেট্রোল মিশালে অনুপাত ৩ : ৭ হবে?
ক. ৭০ খ. ৮০
গ. ৯০ ঘ. ৯৮

উত্তর: খ অনুপাতদ্বয়ের যোগফল (৭ + ৩) = ১০

কেরোসিন আছে $\left(৬০ \text{ এর } \frac{৭}{১০}\right) = ৪২$

পেট্রোল আছে $\left(৬০ \text{ এর } \frac{৩}{১০}\right) = ১৮$

ধরি, x লিটার পেট্রোল মেশাতে হবে

প্রশ্নমতে, $\frac{৪২}{x + ১৮} = \frac{৩}{৭}$

$\Rightarrow ৩x + ৫৪ = ২৯৪$

$\Rightarrow ৩x = ২৯৪ - ৫৪$

$= ২৪০$

$x = \frac{২৪০}{৩}$

$= ৮০$

২২. করিম $১\frac{১}{২}$ ঘণ্টায় ৫ কিমি হাঁটে এবং রহিম ৫ মিনিটে ২৫০ মিটার হাঁটে। করিম ও রহিমের গতিবেগের অনুপাত কত?
ক. ১০ ঃ ৯ খ. ৯ ঃ ১০
গ. ২০ ঃ ৯ ঘ. ১৮ ঃ ৫

উত্তর: ক

করিমের বেগ $= \frac{\text{দূরত্ব}}{\text{সময়}} = \frac{৫ \times ১০০০}{৯০} = \frac{৫০০}{৯}$

[১ কি.মি. = ১০০০ মিটার; $১\frac{১}{২}$ ঘণ্টা = ৬০ + ৩০ = ৯০মি.]

রহিমের বেগ $= \frac{২৫০}{৫} = ৫০$

তাদের বেগের অনুপাত $= \frac{৫০০}{৯} ঃ ৫০$

$= \frac{\frac{৫০০}{৯}}{৫০}$

$= \frac{৫০০}{৯} \times \frac{১}{৫০}$

$= \frac{১০}{৯} = ১০ ঃ ৯$

২৩. টাকায় ৬টা ক্রয় করে টাকায় কয়টা বিক্রয় করলে ২০% লাভ হবে?
ক. ৩টা খ. ৪টা
গ. ৫টা ঘ. ৬টা

উত্তর: গ $\frac{\text{বিক্রয় সংখ্যা}}{\text{ক্রয় সংখ্যা}} = \frac{১০০ \times \text{বিক্রয়মূল্য}}{\text{ক্রয়মূল্য } (১০০ + \text{লাভ})}$

$\Rightarrow \frac{\text{বিক্রয় সংখ্যা}}{৬} = \frac{১০০ \times ১}{১(১০০ + ২০)}$

$\Rightarrow \text{বিক্রয় সংখ্যা} = \frac{৬০০}{১২০} = ৫\text{টি}$

২৪. নির্দিষ্ট দামে একটি দ্রব্য বিক্রয় করাতে ২০% ক্ষতি হলো। এটি ৬০ টাকা বেশি মূল্যে বিক্রয় করতে পারলে ১০% লাভ হলো। দ্রব্যটির ক্রয়মূল্য কত?
ক. ২০০ টাকা খ. ৩০৪ টাকা
গ. ১৬০ টাকা ঘ. ২২০ টাকা

উত্তর: ক

ক্রয়মূল্য $= \frac{১০০ \times \text{বেশি মূল্য}}{১ম\% \text{ ও } ২য়\% \text{ এর যোগফল}}$

$= \frac{১০০ \times ৬০}{২০ + ১০}$

$= \frac{১০০ \times ৬০}{৩০}$

$= ২০০$ টাকা।

www.exambd.net

২৫. চালের দাম শতকরা ২৫ টাকা বৃদ্ধি পেলে চাউলের ব্যবহার কত কমালে চাল বাবদ খরচ বৃদ্ধি পাবে না?

ক. ২০%　　খ. ২১%
গ. ৩০%　　ঘ. ৩১%

উত্তর✓ ক

চালের ব্যবহার কমাতে হবে $= \frac{২৫}{১০০ + ২৫} \times ১০০$

$= \frac{২৫}{১২৫} \times ১০০$

$= ২০\%$

২৬. কোনো পরীক্ষায় পরীক্ষার্থীর ৮০% গণিত এবং ৭০% বাংলায় পাস করল। উভয় বিষয়ে পাস করল ৬০%। উভয় বিষয়ে শতকরা কতজন ফেল করল?

ক. ১৫%　　খ. ১২%
গ. ১১%　　ঘ. ১০%

উত্তর✓ ঘ শুধু গণিতে পাস করে $(৮০ - ৬০) = ২০\%$
শুধু বাংলায় পাস করে $(৭০ - ৬০) = ১০\%$
গণিত বা বাংলা বা উভয় বিষয়ে পাস করে $(২০ + ১০ + ৬০)\%$
$= ৯০\%$
উভয় বিষয়ে ফেল করে $= (১০০ - ৯০)\% = ১০\%$

২৭. পিতা ও ৩ পুত্রের বয়স অপেক্ষা মাতা ও উক্ত ৩ পুত্রের বয়সের গড় $১\frac{১}{২}$ বছর কম। মাতার বয়স ৩০ বছর হলে পিতার বয়স কত?

ক. ৩৬ বছর　　খ. $৩১\frac{১}{২}$ বছর
গ. ৩০ বছর　　ঘ. $২৮\frac{১}{২}$ বছর

উত্তর✓ ক মনে করি,
তিন পুত্রের মোট বয়স x বছর এবং পিতার বয়স y বছর
প্রশ্নমতে, $\frac{x + y}{৪} = \frac{৩০ + x}{৪} + \frac{১\frac{১}{২}}{১}$
$\Rightarrow x + y = ৩০ + x + ৬$
$\Rightarrow x + y - x = ৩৬$
$\Rightarrow y = ৩৬$

২৮. ১ থেকে ২০ পর্যন্ত বিজোড় সংখ্যাগুলোর গড় কত?

ক. ১৩　　খ. ১২
গ. ১০　　ঘ. ৮

উত্তর✓ গ ১ থেকে ২০ পর্যন্ত বিজোড় সংখ্যাগুলো: ১, ৩, ৫, ৭, ৯, ১১, ১৩, ১৫, ১৭ ও ১৯।
এদের গড়
$= \frac{১ + ৩ + ৫ + ৭ + ৯ + ১১ + ১৩ + ১৫ + ১৭ + ১৯}{১০}$

$= \frac{১০০}{১০} = ১০$

২৯. ২০৫৭৩.৪ মিলিগ্রামে কত কিলোগ্রাম?

ক. ২.০৫৭৩৪　　খ. ০.২০৫৭৩৪
গ. ০.০২০৫৭৩৪　　ঘ. ২০.৫৭৩৪০০

উত্তর✓ গ ১০০০০০০ মিলিগ্রাম = ১ কিলোগ্রাম
২০৫৭৩.৪ মিলিগ্রাম $= \frac{২০৫৭৩.৪}{১০০০০০০} = ০.০২০৫৭৩৪$ কি.গ্রা.

৩০. ১ বর্গমিটার কত বর্গ সেন্টিমিটারের সমান?

ক. ১০০　　খ. ১০,০০০
গ. ১,০০০　　ঘ. ১০

উত্তর✓ খ ১ বর্গমি. = ১০০০০ বর্গ সে.মি.

৩১. ১, ২, ৩, ৫, ৮, ১৩, ২১, ৩৪, ... ধারাটির পরবর্তী সংখ্যা কত?


ক. ৪০　　খ. ৫৫
গ. ৬৮　　ঘ. ৯০

উত্তর✓ খ পূর্ববর্তী দুই পদের যোগফল হলো পরবর্তী পদ।
১ + ২ = ৩
∴ ২১ + ৩৪ = ৫৫

৩২. ৮, ১১, ১৭, ২৯, ৫৩, ... ধারাটির পরবর্তী সংখ্যা কত?

ক. ১৫০　　খ. ১০৫
গ. ১০১　　ঘ. ৭৫

উত্তর✓ গ



ব্যবধান

৩৩. ঢাকায় কেন্দ্রীয় শহিদ মিনার কে উন্মোচন করেন?

ক. শহিদ শফিউর রহমানের বাবা　খ. শহিদ জব্বারের বাবা
গ. শহিদ বরকতের মা　ঘ. শহিদ সালামের বাবা

উত্তর✓ ক প্রথম শহিদ মিনার উদ্বোধন করেন শহিদ শফিউর রহমানের পিতা মাহবুবুর রহমান। উদ্বোধন করা হয় ২৩ ফেব্রুয়ারি ১৯৫২ সালে, নকশাকার বদরুল আলম।
কেন্দ্রীয় শহিদ মিনার উদ্বোধন করা হয় ২১ ফেব্রুয়ারি ১৯৬৩ সালে। উদ্বোধন করেন শহিদ বরকতের মা হাসিনা বেগম। কেন্দ্রীয় শহিদ মিনারের স্থপতি হামিদুর রহমান।

৩৪. পূর্ব বাংলার যুক্তফ্রন্টের মন্ত্রিসভার প্রথম মুখ্যমন্ত্রীর নাম কী?

ক. এ কে ফজলুল হক　খ. চৌধুরী খালেকুজ্জামান
গ. মুহাম্মদ আলী　ঘ. ইস্কান্দার মীর্জা

উত্তর✓ ক যুক্তফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী ছিলেন এ কে ফজলুল হক। যুক্তফ্রন্ট নির্বাচনে ২১ দফা ঘোষণা করেন এবং নির্বাচনের প্রতীক ছিল নৌকা। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যুক্তফ্রন্ট মন্ত্রিসভায় কৃষি, বন, সমবায় ও পল্লী মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন।

৩৫. পূর্ব বাংলার প্রথম গভর্নর কে ছিলেন?

ক. ইস্কান্দার মীর্জা　খ. চৌধুরী খালেকুজ্জামান
গ. সোহরাওয়ার্দী　ঘ. এ কে ফজলুল হক

উত্তর✓ Blank

স্যার ফ্রেডারিক চামারস বোর্ন	পূর্ববাংলার প্রথম গভর্নর।
চৌধুরী খালেকুজ্জামান	পূর্ব বাংলার তৃতীয় গভর্নর।
ইস্কান্দার আলী মির্জা	পাকিস্তানের প্রথম প্রেসিডেন্ট।
হোসেন শহীদ সোহরাওয়ার্দী	অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী।
এ কে ফজলুল হক	অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী।

৩৬. বিখ্যাত সাধক শাহ সুলতান বলখীর মাজার কোথায় অবস্থিত?

ক. শাহজাদপুরে　খ. নেত্রকোনায়
গ. রামপালে　ঘ. মহাস্থানগড়ে

উত্তর✓ ঘ মহাস্থানগড় বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায় করতোয়া নদীর তীরে অবস্থিত। মহাস্থানগড়ে বিখ্যাত সাধক শাহ সুলতান বলখির মাজার অবস্থিত। এছাড়া এখানে রয়েছে খোদার পাথর ভিটা, বৈরাগীর ভিটা ও গোবিন্দ ভিটা।

৩৭. বাংলাদেশ জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হয়–

ক. ১৯৮২ সালে খ. ১৯৮৪ সালে
গ. ১৯৮৬ সালে ঘ. ১৯৮৮ সালে

উত্তর✓ গ ব্যাখ্যা: জাতিসংঘ সাধারণ পরিষদের প্রধানকে বলে সভাপতি। সাধারণ পরিষদের সভাপতির পদের মেয়াদ এক বছর। সংখ্যাগরিষ্ঠ সদস্য রাষ্ট্রের ভোটে সভাপতি নির্বাচিত হয়। জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতির দায়িত্ব পালনকারী একমাত্র বাংলাদেশী হুমায়ুন রশীদ চৌধুরী। তিনি ১৯৮৬ সালে জাতিসংঘ সাধারণ পরিষদের ৪১ তম অধিবেশনে সভাপতির দায়িত্ব পালন করেন।

৩৮. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কার্যকর হয় কোন তারিখ হতে?

ক. ১০ জানুয়ারি ১৯৭৩ খ. ১১ অক্টোবর ১৯৭২
গ. ৪ নভেম্বর ১৯৭২ ঘ. ১৬ ডিসেম্বর ১৯৭২

উত্তর✓ ঘ ব্যাখ্যা: ১১ জানুয়ারি ১৯৭২- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অস্থায়ী সংবিধান আদেশ জারি করেন।
১১ অক্টোবর ১৯৭২- খসড়া সংবিধান প্রণয়ন কমিটি সংবিধানের খসড়া রূপ চূড়ান্ত করে।
৪ নভেম্বর ১৯৭২- গণপরিষদ কর্তৃক খসড়া সংবিধান গৃহীত হয়।
১৬ ডিসেম্বর ১৯৭২- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কার্যকর হয়।

৩৯. বাংলাদেশের লোকশিল্প যাদুঘর কোথায় অবস্থিত?

ক. চট্টগ্রামে খ. বগুড়ায়
গ. সোনারগাঁয়ে ঘ. রাঙ্গামাটিতে

উত্তর✓ গ ব্যাখ্যা: লোক ও কারুশিল্প জাদুঘর নারায়ণগঞ্জের সোনারগাঁও- এ অবস্থিত। শিল্পাচার্য জয়নুল আবেদিন ১৯৮১ সালে এটি তৈরি করেন।
বগুড়া- মহাস্থানগড় জাদুঘর।
রাঙ্গামাটি- উপজাতীয় জাদুঘর।
চট্টগ্রাম- জাতিতাত্ত্বিক জাদুঘর, বিএমএ জাদুঘর।

৪০. একজন ভালো শিক্ষকের কী কী যোগ্যতা ও দক্ষতা দরকার?

ক. জ্ঞানী ও শিক্ষিত হতে হবে
খ. বিষয়ে ব্যুৎপত্তি থাকা দরকার
গ. পড়ানো ও শাসন করার দক্ষতা
ঘ. পড়ানো, সঠিক পরিচালনা ও গাইড করা উত্তর✓ ঘ

৪১. 'জন্মেছি মাগো তোমার কোলেতে
মরি যেন এই দেশে।'
কবিতাংশটুকুর রচয়িতা কে?

ক. কাজী নজরুল ইসলাম খ. সুফিয়া কামাল
গ. জসীমউদ্দীন ঘ. জীবনানন্দ দাশ

উত্তর✓ খ ব্যাখ্যা: কবিতাংশটুকু বেগম সুফিয়া কামালের 'জন্মেছি এই দেশে' কবিতার একটি অংশ। তিনি ১৯১১ সালের ২০ জুন বরিশালের শায়েস্তাবাদে মামার বাড়িতে জন্মগ্রহণ করেন। প্রথম কাব্যগ্রন্থ 'সাঁঝের মায়া' (১৯৩৮)। এছাড়া মায়া কাজল, মন ও জীবন, উদাত্ত পৃথিবী, দিওয়ান, অভিযাত্রিক, মৃত্তিকার ঘ্রাণ কাব্যগ্রন্থ উল্লেখযোগ্য।

৪২. 'ধন ধান্যে পুষ্পে ভরা আমাদের এই বসুন্ধরা তাহার মাঝে আছে দেশ এক- সকল দেশের সেরা' কবিতাংশটুকু কোন কবির রচনা?

ক. দ্বিজেন্দ্রলাল রায় খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. শামসুর রাহমান ঘ. কৃষ্ণচন্দ্র মজুমদার উত্তর✓ ক

৪৩. নিচের কোনটি Conjunction-এর উদাহরণ?

ক. very খ. our
গ. or ঘ. for

উত্তর✓ গ ব্যাখ্যা: 'Very' হচ্ছে Adjective ও Adverb উভয়ই। 'Our' (আমাদের) হচ্ছে Pronoun। অন্যদিকে 'for' হচ্ছে Preposition। তবে কখনো কখনো কারণ অর্থে for ব্যবহৃত হতে পারে। যেমন: He did not participate in the university program, for he had a political program; অর্থাৎ 'for' হচ্ছে মূলত Preposition। যেসব Word দুই বা ততোধিক Clause এর মধ্যে সংযোগ স্থপন করে তাকে Conjunction বলে। যেমন or, but, and, both, as well as, too, also, not only....but aslo ইত্যাদি।

৪৪. নিচের কোনটি একবচন?

ক. Public খ. crowd
গ. knife ঘ. mice

উত্তর✓ গ ব্যাখ্যা: অপশন (ক) তে প্রদত্ত 'Public' হচ্ছে Plural noun যা private এর বীপরিত শব্দ। (খ) তে প্রদত্ত 'Crowd' অর্থ অপশন হচ্ছে ভিড়, জনতা যা বহুবচন অপশন (ঘ) তে প্রদত্ত 'Mouse' (ইঁদুর) এর বহুবচন Mice (ইঁদুরগুলো)। অন্যদিকে Knife (ছুরি) এটি বহুবচন হচ্ছে Knives।

৪৫. নিচের কোনটি Abstract noun-এর উদাহরণ?

ক. Child খ. Boy
গ. Family ঘ. Childhood

উত্তর✓ ঘ ব্যাখ্যা: Noun মূলত দুই প্রকার। (i) Concrete Noun: যে noun দ্বারা ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুকে বুঝায় তাকে Concrete noun বলে যেমন: Child, Boy, Family ইত্যাদি। আর (ii) Abstract Noun: যে noun দ্বারা কোন ব্যক্তি বা বস্তুর গুণ, দোষ, অবস্থা বা কার্যের নাম প্রকাশ পায় তাকে Abstract Noun বলে। যেমন: Childhood, Beauty, Honesty ইত্যাদি।

৪৬. 'Act' শব্দটির Verb কোনটি?

ক. Action খ. Enact
গ. Acted ঘ. Actress

উত্তর✓ খ ব্যাখ্যা: 'Act' (আইন) শব্দটি noun যার verb হচ্ছে 'Eact' (আইনে পরিণত করা)। আবার 'Act' শব্দটি একটি noun বা verb উভয়ই। তখন এর অর্থ হচ্ছে কাজ, ভান, নাটকের অঙ্ক; এবং অভিনয় করা, আচরণ করা, ভান করা। প্রভাবিত করা ইত্যাদি।

৪৭. $m - \frac{1}{m} = 2$ হলে, $m^4 + \frac{1}{m^4} =$ কত?

ক. 30 খ. 31
গ. 32 ঘ. 34

উত্তর✓ ঘ

$$m^4 + \frac{1}{m^4} = (m^2)^2 + \left(\frac{1}{m^2}\right)^2$$
$$= \left(m^2 + \frac{1}{m^2}\right)^2 - 2.m^2.\frac{1}{m^2}$$
$$= \left\{\left(m - \frac{1}{m}\right)^2 + 2.m.\frac{1}{m}\right\}^2 - 2$$
$$= (2^2 + 2)^2 - 2$$
$$= 36 - 2 = 34$$

৪৮. $x - y = 10, xy = 5$ হলে, $(x + y)^2 =$ কত?

ক. 80 খ. 120
গ. 110 ঘ. 90

উত্তর✓ খ ব্যাখ্যা $(x + y)^2 = (x - y)^2 + 4xy$
$= (10)^2 + 4.5$
$= 100 + 120 = 120$

৪৯. $x + y = 5, xy = 6$ হলে $x^3 + y^3 =$ কত?

ক. 30 খ. 35
গ. 215 ঘ. 230

উত্তর✓ খ ব্যাখ্যা $x^3 + y^3 = (x + y)^3 - 3xy(x + y)$
$= 5^3 - 3.6.5$
$= 125 - 90 = 35$

৫০. $p - \frac{1}{p} = 3$ হলে, $p^3 - \frac{1}{p^3} =$ কত?

ক. 18 খ. 30
গ. 36 ঘ. 54

উত্তর✓ গ ব্যাখ্যা $p^3 - \frac{1}{p^3} = \left(p - \frac{1}{p}\right)^3 + 3.p.\frac{1}{p}\left(p - \frac{1}{p}\right)$
$= 3^3 + 3.3$
$= 27 - 9 = 36$

৫১. পৃথিবীর নিকটতম গ্রহ কোনটি?

ক. শুক্র খ. বৃহস্পতি
গ. বুধ ঘ. মঙ্গল

উত্তর✓ ক ব্যাখ্যা শুক্র পৃথিবীর সবচেয়ে নিকটতম গ্রহ। এটি সূর্যের দ্বিতীয় নিকটতম গ্রহ।

৫২. আকাশের উজ্জ্বলতম নক্ষত্রের নাম–

ক. বুধ খ. লুব্ধক
গ. প্রক্সিমা সেন্টারাই ঘ. বৃহৎ কুকুর

উত্তর✓ খ ব্যাখ্যা আকাশের উজ্জ্বলতম নক্ষত্রের নাম লুব্ধক।

৫৩. সূর্যের নিকটতম গ্রহ কোনটি?

ক. বৃহস্পতি খ. শনি
গ. পৃথিবী ঘ. বুধ উত্তর ঘ

৫৪. দক্ষিণ গোলার্ধ ও সূর্যের মধ্যে সবচেয়ে বেশি দূরত্ব হয়–

ক. ১ ডিসেম্বর খ. ২১ জুলাই
গ. ২১ জুন ঘ. ১ জুলাই উত্তর গ

৫৫. 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর' গ্রন্থটির রচয়িতা কে?

ক. ড. মুহম্মদ শহীদুল্লা খ. মোঃ আব্দুল হাই
গ. আতাউর রহমান ঘ. আবুল মনসুর আহমদ

উত্তর✓ ঘ ব্যাখ্যা সাহিত্যিক, সাংবাদিক ও রাজনীতিবিদ আবুল মনসুর আহমদ ৩ সেপ্টেম্বর ১৮৯৮ সালে ময়মনসিংহে জন্মগ্রহণ করেন। তিনি যুক্তফ্রন্টের নির্বাচনী কর্মসূচির ২১ দফার অন্যতম প্রণেতা। 'শেরে বাংলা থেকে বঙ্গবন্ধু' ১৯৭২ সালে প্রকাশিত তার আরেকটি রাজনৈতিক গ্রন্থ।

৫৬. 'চাচা কাহিনী'র লেখক কে?

ক. সৈয়দ শামসুল হক খ. সৈয়দ মুজতবা আলী
গ. শওকত ওসমান ঘ. ফররুখ আহমদ

উত্তর✓ খ ব্যাখ্যা সৈয়দ মুজতবা আলী ১৯০৪ সালের ১৩ সেপ্টেম্বর সিলেটে জন্মগ্রহণ করেন। তার রচিত শিশুগ্রন্থের মধ্যে 'চাচা কাহিনী', 'টুনি মেম' উল্লেখযোগ্য।

৫৭. কোনটি শুদ্ধ বানান?

ক. Forefie; খ. Forefeit
গ. Forefit ঘ. Forfeit

উত্তর✓ ঘ ব্যাখ্যা অপশনগুলোর মধ্যে শুদ্ধ বানান হচ্ছে- Forfeit; যার অর্থ হচ্ছে শাস্তি বা পরিণাম হিসেবে ক্ষতি স্বীকার করা।

৫৮. 'Open the window' বাক্যটির Passive form হচ্ছে–

ক. Th window should be opened
খ. Let the window be opened
গ. Let the window be opened by you
ঘ. The window must be opened

উত্তর✓ খ ব্যাখ্যা এই ধরনের Inperative বাক্য Passive করার জন্য বাক্যের শুরুতে 'Let' ব্যবহার করতে হয়। অতঃপর, object কে subject, 'be' এবং past participle (v_3) বসাতে হয়।

৫৯. She asked me, 'Are you happy in your new job?' বাক্যটির Indirect form হচ্ছে–

ক. She asked me if I was happy in my new job
খ. She asked me if I have been happy in my new job
গ. She asked me whether I am happy in my new job
ঘ. She asked me if I had been happy in my new job

উত্তর✓ খ ব্যাখ্যা প্রশ্নে প্রদত্ত বাক্যটির Reported Speech Present Indefinite Tense এ দেওয়া আছে যাকে Past Indefinite Tense এ রূপান্তর করতে হবে।

৬০. নিচের কোন বাক্যটি শুদ্ধ?

ক. Walking in the garden, a snake bite him
খ. Grammar is the better servant than a master
গ. It has been raining for three days
ঘ. He gave the examination উত্তর গ

৬১. He said, 'Good morning, Mr. Kamal.' বাক্যের Indirect speech হচ্ছে–

ক. He had wished Mr. Kamal good morning
খ. He wished Mr. Kamal good morning
গ. He said Mr. Kamal good morning
ঘ. He told Mr. Kamal good morning

উত্তর✓ খ ব্যাখ্যা প্রশ্নেপ্রদত্ত বাক্যের মতো Optative Sentence এ Good morning, Good Night ইত্যাদি থাকলে Indirect বাক্যে Say/said এর পরিবর্তে Wish/ Wished বসাতে হয়; অতঃপর Object এবং তারপরে good morning বা good night ইত্যাদি বসে।

৬২. কোনটি শুদ্ধ বাক্য?

ক. He is my elder brother
খ. He went for the examination
গ. It is raining for three days
ঘ. He was bitten by the snake while walking in the garden উত্তর ক

৬৩. He is accessible– all. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. into খ. to
গ. of ঘ. on

উত্তর✓ খ ব্যাখ্যা 'Accessible' এর পর Preposition হিসেবে 'to' বসে। 'Accessible to' অর্থ হচ্ছে প্রবেশযোগ্য।

www.exambd.net

৬৪. 'Utilize' শব্দের Synonym হচ্ছে–

ক. Discard খ. Employ
গ. Discharge ঘ. Reject

উত্তর: খ

৬৫. 'By all means' phrase-টির অর্থ হচ্ছে–

ক. Meaningless খ. Meaningful
গ. Certainly ঘ. Uncertainty

উত্তর: গ | ব্যাখ্যা: By all means একটা Phrase যার অর্থ certainly (নিশ্চিতভাবে)। অন্যান্য অপশনগুলো অর্থের দিক দিয়ে ভুল।

৬৬. রহিম একটি কাজ ৫ দিনে এবং করিম তা ১০ দিনে করতে পারে। তারা একত্রে ১ দিনে এর কত অংশ করতে পারবে?

ক. $\frac{১}{১৫}$ খ. $\frac{৩}{১০}$
গ. $\frac{২}{১৫}$ ঘ. $\frac{১}{১০}$

উত্তর: খ | ব্যাখ্যা:

একত্রে করলে, সময় $= \frac{\text{বড় সংখ্যা} \times \text{ছোট সংখ্যা}}{\text{বড় সংখ্যা} + \text{ছোট সংখ্যা}} \times \text{অংশ}$

$\Rightarrow ১ = \frac{১০ \times ৫}{১০ + ৫} \times \text{অংশ}$

$\Rightarrow ১ = \frac{৫০}{১৫} \times \text{অংশ}$

$\Rightarrow \text{অংশ} = \frac{৩}{১০}$

৬৭. একটি চৌবাচ্চা তিনটি নল দিয়ে যথাক্রমে ১০, ১২ ও ১৫ ঘণ্টায় পূর্ণ হতে পারে। তিনটি নল একসঙ্গে খুলে দিয়ে চৌবাচ্চার অর্ধেক পূর্ণ হতে কত সময় লাগবে?

ক. ৪ ঘণ্টা খ. ৬ ঘণ্টা
গ. ৩ ঘণ্টা ঘ. ২ ঘণ্টা

উত্তর: ঘ | ব্যাখ্যা: সময়

$= \frac{abc}{ab + bc + ca} \times \text{অংশ}$ $\quad a = 10, b = 12, c = 15$

$= \frac{১০ \times ১২ \times ১৫}{১০ \times ১২ + ১২ \times ১৫ + ১৫ \times ১০} \times \frac{১}{২}$

$= \frac{১৮০০}{৪৫০} \times \frac{১}{২}$

$= ২$ ঘণ্টা

৬৮. একজন মানুষ কী অবস্থায় পৃথিবীকে সবচেয়ে কম চাপ দেয়?

ক. দৌড়ানো অবস্থায় খ. দাঁড়ানো অবস্থায়
গ. বসা অবস্থায় ঘ. শোয়া অবস্থায়

উত্তর: ঘ | ব্যাখ্যা: মানুষ শোয়া অবস্থায় বেশি ক্ষেত্রফল দখল করে বলে পৃথিবীকে কম চাপ দেয়।

৬৯. সমুদ্র নীল দেখানোর কারণ হলো আপতিত সূর্যরশ্মির–

ক. প্রতিফলন খ. প্রতিসরণ
গ. বিক্ষেপণ ঘ. শোষণ

উত্তর: গ | ব্যাখ্যা: সমুদ্র নীল দেখার কারণ আপতিত সূর্যরশ্মির বিক্ষেপণ। বিক্ষেপণ বলতে আলোকতরঙ্গের বিভিন্ন দিকে ছড়িয়ে পড়াকে বুঝায়।

৭০. শব্দ বিস্তারের জন্য–

ক. কোন মাধ্যমের প্রয়োজন হয় না
খ. স্থিতিস্থাপক মাধ্যমের প্রয়োজন হয়
গ. বায়বীয় মাধ্যমের প্রয়োজন হয়
ঘ. উপরের কোনটিই নয়

উত্তর: খ

৭১. কোন লোহায় বেশি পরিমাণ কার্বন থাকে?

ক. কাস্ট আয়রন বা পিগ আয়রন খ. রট আয়রন
গ. ইস্পাত ঘ. কোনোটিই নয়

উত্তর: ক | ব্যাখ্যা: কাস্ট আয়রনে ২ – ৪.৫% কার্বন, ১– ১.৫% সিলিকন থাকে।

৭২. সুষম খাদ্যে প্রধান তিনটি খাদ্য উপাদানের অনুপাত (শর্করা : আমিষ : স্নেহপদার্থ)–

ক. ৪ : ১ : ১ খ. ১ : ১ : ৪
গ. ১ : ৪ : ১ ঘ. ৪ : ৩ : ২

উত্তর: ক | ব্যাখ্যা: সুষম খাদ্য হলো বিভিন্ন খাদ্যবস্তুর এমন সমাহার, যার মধ্যে খাদ্য উপাদানের সবগুলোই পরিমাণ মতো থাকে এবং উপযুক্ত ক্যালরি পাওয়া যায়।

৭৩. 'পরীক্ষা' এর সন্ধি বিচ্ছেদ–

ক. পরী + ঈক্ষা খ. পরি + ইক্ষা
গ. পরি + ঈক্ষা ঘ. পরী + ইক্ষা

উত্তর: গ | ব্যাখ্যা: পরি + ঈক্ষা = পরীক্ষা ; ই + ঈ = ঈ।

৭৪. 'অলীক' এর বিপরীতার্থক শব্দ–

ক. অলৌকিক খ. লৌকিক
গ. বাস্তব ঘ. অবাস্তব

উত্তর: গ

৭৫. 'গৃহ' এর সমার্থক শব্দ নয়–

ক. নিবাস খ. ঘর
গ. ঘরোয়া ঘ. ভবন

উত্তর: গ

৭৬. 'উপকথা' শব্দটি কোন সমাস?

ক. অব্যয়ীভাব খ. তৎপুরুষ
গ. দ্বিগু ঘ. দ্বন্দ্ব

উত্তর: ক | ব্যাখ্যা: সামীপ্য, বিপ্সা (পৌনঃপুনিকতা), পর্যন্ত, অভাব, অনতিক্রম্যতা, সাদৃশ্য, যোগ্যতা প্রভৃতি নানা অর্থে অব্যয়ীভাব সমাস হয়। যেমন : শহরের সদৃশ = উপশহর, কথার সদৃশ = উপকথা, গ্রহের তুল্য = উপগ্রহ।

৭৭. 'আমার গানের মালা আমি করব কারে দান'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. করণে সপ্তমী খ. কর্মে সপ্তমী
গ. কর্তায় সপ্তমী ঘ. অপাদানে সপ্তমী

উত্তর: খ

৭৮. কোনটি শুদ্ধ বানান?

ক. আভ্যন্তরীন খ. অভ্যন্তরীণ
গ. অভ্যন্তরিণ ঘ. আভ্যন্তরীণ

উত্তর: খ

৭৯. কোনটি শুদ্ধ বানান?

ক. কৃষিজিবি খ. কৃষিজীবি
গ. কৃষিজীবী ঘ. কৃষিজিবী

উত্তর: গ

৮০. কোনটি শুদ্ধ বানান?

ক. Examplary খ. Exemplery
গ. Examplery ঘ. Exemplary

উত্তর: ঘ | ব্যাখ্যা: অপশনগুলোর মধ্যে শুদ্ধ বানান হচ্ছে- Exemplary যার অর্থ অনুকরণীয়, দৃষ্টান্তমূলক, আদর্শস্বরূপ ইত্যাদি।



প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০৯

সেট : ১ | তারিখ : ১১.০৯.২০০৯ | [কোড : বেলী] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট | পূর্ণমান : ৮০

০১. 'On the eve of' phrase টির অর্থ হচ্ছে–
ক. Just after খ. Just before
গ. Beautiful evening ঘ. Dark evening
উত্তর ✓ খ ব্যাখ্যা 'On the eve of' অর্থ প্রাক্কালে (just before)।

০২. 'Deformed' শব্দটির Synonym হচ্ছে–
ক. Crippled খ. Beautiful
গ. Handsome ঘ. Determine
উত্তর ✓ ক ব্যাখ্যা

Word	Meaning
Deformed	বিকৃত, বিকলাঙ্গ
Cripled	পঙ্গু, বিকলাঙ্গ, বিকৃত
Beautiful	সুশ্রী, সুন্দর
Handsom	সুশ্রী, সুন্দর
Determine	নির্ধারণ করা, সিদ্ধান্ত নেয়া

সুতরাং Deformed এর Synonym হচ্ছে Crippled।

০৩. 'My brother has no interest —— music.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. for খ. in
গ. with ঘ. at
উত্তর ✓ খ ব্যাখ্যা কোনো কিছুতে আগ্রহ থাকা অর্থে interest এর পর Preposition হিসেবে in বসে। প্রদত্ত বাক্যটির অর্থ: আমার ভাইয়ের সঙ্গীতের প্রতি কোনো আগ্রহ নাই।

০৪. কোনটি শুদ্ধ বাক্য?
ক. It rained for three days.
খ. Grammar is better servant than master.
গ. While he was walking in the garden, a snake bit him.
ঘ. He is my elder teacher. উত্তর গ

০৫. He said, 'The train reached at nine.' – বাক্যটির Indirect speech–
ক. He said that the train has reached at nine
খ. He said that the train had reached at nine
গ. He said that the train reaches at nine
ঘ. He said that the train has reached at nine
উত্তর ✓ খ ব্যাখ্যা Reporte Speech এ Past Indefinite Tense থাকলে তা Indirect করার ক্ষেত্রে Past Perfect Tense হয়।

০৬. 'He pleases us' বাক্যটির passive form হচ্ছে–
ক. We were pleased with him
খ. We are pleased by him
গ. We are pleased with him
ঘ. We will be pleased by him
উত্তর ✓ গ ব্যাখ্যা Passive বাক্যে ব্যক্তির ক্ষেত্রে Pleased with বসে এবং প্রশ্নে প্রদত্ত বাক্যটি যেহেতু Present Indefinite Tense এর তাই নির্ভুল উত্তর হচ্ছে অপশন (গ)।

০৭. কোনটি শুদ্ধ বানান?
ক. Transluscent খ. Translucent
গ. Translusent ঘ. Tranclucent
উত্তর ✓ খ ব্যাখ্যা অপশনগুলোর মধ্যে শুদ্ধ বানান হচ্ছে- Translucent (আলোক প্রবাহী কিন্তু অস্বচ্ছ)।

০৮. কোনটি শুদ্ধ বানান?
ক. Foreigner খ. Foreignor
গ. Foreinor ঘ. Forienger উত্তর ক

০৯. মোডেমের মাধ্যমে কম্পিউটারের সাথে-
ক. টেলিফোন লাইনের সংযোগ সাধন হয়
খ. ইন্টারনেট লাইনের সংযোগ সাধন হয়
গ. টেলিভিশন লাইনের সংযোগ সাধন হয়
ঘ. রেডিও লাইনের সংযোগ সাধন হয় উত্তর খ

১০. 'যদি সত্য বল তাহলে মুক্তি পাবে।'- এটি কোন ধরনের বাক্য?
ক. সংযুক্ত বাক্য খ. যৌগিক বাক্য
গ. সরল বাক্য ঘ. মিশ্র বাক্য
উত্তর ✓ ঘ ব্যাখ্যা একটি প্রধান বাক্যের সঙ্গে অঙ্গীভূত এক বা একাধিক খণ্ড বাক্য সাধারণভাবে বা কোনো অনুগামী সমুচ্চয়ী অব্যয় বা সাপেক্ষ সর্বনাম দিয়ে যুক্ত হয়ে পরস্পর সাপেক্ষভাবে ব্যবহৃত হলে তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। যেমন : যদি সে কাল আসে তাহলে আমি যাবো।

১১. 'পিত্রালয়' এর সন্ধি বিচ্ছেদ-
ক. পিতা + আলয় খ. পিত্রি + আলয়
গ. পিতা + লয় ঘ. পিতৃ + আলয়
উত্তর ✓ ঘ ব্যাখ্যা ঋ-বাক্যের পর ঋ বা ঋ-কার ছাড়া অন্য স্বরবর্ণ থাকলে ঋ-কারের স্থানে র-ফলা (্র) হয়। যেমন : মাতৃ + আদেশ = মাত্রাদেশ।

১২. 'অর্বাচীন' এর বিপরীতার্থক শব্দ-
ক. প্রাচীন খ. অচেনা
গ. নবীন ঘ. তরুণ উত্তর ক

১৩. 'আনন্দ' এর সমার্থক শব্দ নয়-
ক. উচ্ছাস খ. উল্লাস
গ. স্ফুরণ ঘ. শ্রান্তি
উত্তর ✓ ঘ ব্যাখ্যা 'আনন্দ' এর সমার্থক শব্দ : উচ্ছ্বাস, উল্লাস, স্ফুরণ, হর্ষ, হরষ, আহলাদ, সুখ, স্ফীতি, স্ফূর্তি, বিকাশ। শ্রান্তি অর্থ অবসাদ।

১৪. 'শ্বেতবস্ত্র' শব্দটি কোন সমাস?
ক. দ্বিগু সমাস খ. কর্মধারয় সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. অব্যয়ীভাব সমাস উত্তর খ

১৫. কোন বানানটি শুদ্ধ?
ক. নিশীথ খ. নিশিথ
গ. নীশিথ ঘ. নীশীথ উত্তর ক

১৬. 'চিরকুমার সভা' নাটকটির লেখক কে?

ক. রবীন্দ্রনাথ ঠাকুর　　খ. দ্বিজেন্দ্রলাল রায়
গ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়　　ঘ. আকবর উদ্দীন

উত্তর✓ ক ব্যাখ্যা 'চিরকুমার সভা' ছাড়াও রবীন্দ্রনাথ ঠাকুরের প্রহসন মূলক নাটক হলো : বৈকুণ্ঠের খাতা, শেষ রক্ষা ও চিরকুমার সভা। অন্যান্য নাটক : কালের যাত্রা, শ্যামা, নটির পূজা, রক্তকরবী, বিসর্জন, তাপসী, ডাকঘর, অচলায়তন ইত্যাদি।

১৭. ভাল শিক্ষক হতে হলে–

ক. শিক্ষার প্রতি আগ্রহ দরকার
খ. ছাত্রদের নিয়ন্ত্রণ জানা দরকার
গ. নিজের বিষয় সম্পর্কে জ্ঞান দরকার
ঘ. ভাল প্রকাশভঙ্গি দরকার　　উত্তর ক

১৮. বাংলাদেশের বিখ্যাত মনিপুরী নাচ কোন্ অঞ্চলের?

ক. রাঙ্গামাটি　　খ. কুমিল্লা
গ. রংপুর　　ঘ. সিলেট

উত্তর✓ খ ব্যাখ্যা

নৃত্যের নাম	অঞ্চল
মণিপুরী নাচ	সিলেট অঞ্চলের বিখ্যাত নৃত্য
বল নৃত্য	যশোর অঞ্চলের বিখ্যাত নৃত্য
ঝুমুর নৃত্য	রংপুর, রাজশাহী অঞ্চলের বিখ্যাত নৃত্য
জারি নৃত্য	ঢাকা, ময়মনসিংহ অঞ্চলের ঐতিহ্যবাহী নৃত্য
ধুপ নৃত্য	খুলনা, ফরিদপুর ও যশোর অঞ্চলের নৃত্য

১৯. বাংলাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয়–

ক. ১ জানুয়ারি ১৯৯০　　খ. ১ জানুয়ারি ১৯৯১
গ. ১ জানুয়ারি ১৯৯২　　ঘ. ১ জানুয়ারি ১৯৯৩

উত্তর✓ গ ব্যাখ্যা বাংলাদেশে প্রাথমিক শিক্ষা (বাধ্যতাকরণ) আইন পাশ হয় ১৯৯০ সালে। ১জানুয়ারি ১৯৯২ সালে প্রাথমিকভাবে ৬৮ টি উপজেলায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু করা হয়। দেশব্যাপী বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয় ১ জানুয়ারি ১৯৯৩ সালে।

২০. সংবিধানের কোন্ সংশোধনীর মাধ্যমে রাষ্ট্র পরিচালনার মূল চারনীতি পরিবর্তন করা হয়?

ক. চতুর্থ　　খ. পঞ্চম
গ. সপ্তম　　ঘ. অষ্টম

উত্তর✓ খ ব্যাখ্যা রাষ্ট্র পরিচালনার মূলনীতি চারটি।
(i) জাতীয়তাবাদ।
(ii) সমাজতন্ত্র ও শোষণমুক্তি।
(iii) গণতন্ত্র ও মানবাধিকার।
(iv) ধর্মনিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা।
সংবিধানের পঞ্চম সংশোধনীর মাধ্যমে রাষ্ট্র পরিচালনার মূল নীতিতে পরিবর্তন করা হয়। পঞ্চম সংশোধনীতে-

- 'বাঙালী জাতীয়তাবাদ' এর পরিবর্তে 'বাংলাদেশী জাতীয়তাবাদ' প্রবর্তিত হয়।
- বাংলাদেশের সংবিধানের শুরুতে 'বিসমিল্লহির রাহমানির রাহীম' সন্নিবেশিত হয়।

২১. সমুদ্রপৃষ্ঠে বায়ুর স্বাভাবিক চাপ-

ক. ৭.৬ সেমি.　　খ. ৭৬ সেমি.
গ. ৭৬০ সেমি.　　ঘ. ৭২ সেমি.　　উত্তর খ


২২. সমুদ্র বায়ু প্রবল বেগে প্রবাহিত হয়-

ক. রাত্রিতে　　খ. মধ্যাহ্নে
গ. সকালে　　ঘ. অপরাহ্নে　　উত্তর খ

২৩. ৫, ৯, ১৭, ৩৩, ৬৫, ... ধারাটির পরবর্তী সংখ্যা কত?

ক. ১২৫　　খ. ১২৯
গ. ১৩৫　　ঘ. ১৪০

উত্তর✓ খ ব্যাখ্যা



→ দ্বিগুণ হচ্ছে।

২৪. কোন ভগ্নাংশটি $\frac{২}{৩}$ থেকে বড়?

ক. $\frac{৩৩}{৫০}$　　খ. $\frac{৮}{১১}$
গ. $\frac{৩}{৫}$　　ঘ. $\frac{১৩}{২৭}$

উত্তর✓ খ ব্যাখ্যা দুটি ভগ্নাংশের নিচের মত করে আড়গুণ করলে যদি লব বড় হয় তাহলে প্রথম ভগ্নাংশটি বড় হবে; আর হর বড় হলে দ্বিতীয় ভগ্নাংশটি বড় হবে।

ক. $\frac{২}{৩} \times \frac{৩৩}{৫০} \Rightarrow \frac{১০০}{৯৯}$; এখানে লব বড় তাই $\frac{২}{৩}$ বড়

খ. $\frac{২}{৩} \times \frac{৮}{১১} \Rightarrow \frac{২২}{২৪}$; হর বড় তাই $\frac{৮}{১১}$ বড়

গ. $\frac{২}{৩} \times \frac{৩}{৫} \Rightarrow \frac{১০}{৯}$; লব বড় তাই $\frac{২}{৩}$ বড়

ঘ. $\frac{২}{৩} \times \frac{১৩}{২৭} \Rightarrow \frac{৫৪}{৩৯}$; লব বড় তাই $\frac{২}{৩}$ বড়

সুতরাং $\frac{৮}{১১}$ ভগ্নাংশটি $\frac{২}{৩}$ থেকে বড়

২৫. কোনো শ্রেণীতে ২০ জন ছাত্রীর বয়সের গড় ১২ বছর। ৪ জন নতুন ছাত্রী ভর্তি হওয়ায় বয়সের গড় ৪ মাস কমে গেল। নতুন ৪ জন ছাত্রীর বয়সের গড় কত?

ক. ৮ বছর　　খ. ৯ বছর
গ. ১০ বছর　　ঘ. ১১ বছর

উত্তর✓ গ ব্যাখ্যা আমরা জানি, ১২ মাস = ১ বছর

$\therefore$ ৪ মাস $= \frac{৪}{১২} = \frac{১}{৩}$ বছর

এখানে,
২০ জন ছাত্রীর গড় বয়স = ১২ বছর
$\therefore$ ২০" " মোট " = ১২ × ২০ = ২৪০ বছর।
৪ জন আসায় মোট ছাত্রী = ২০ + ৪ = ২৪ জন
২৪ জনের গড় বয়স $= ১২ - \frac{১}{৩} = \frac{৩৫}{৩}$ বছর
$\therefore$ ২৪ " মোট " $= \frac{৩৫}{৩} \times ২৪ = ২৮০$ বছর
সুতরাং
২৪ − ২০ = ৪ জনের মোট বয়স = ২৮০ − ২৪০ = ৪০ বছর
$\therefore$ ৪ জনের গড় বয়স $= \frac{৪০}{৪} = ১০$ বছর।

২৬. ৮ জন লোক একটি কাজ ১২ দিনে করতে পারে। দুজন লোক কমিয়ে দিলে কাজটি সমাধা করতে শতকরা কত দিন বেশি লাগবে?

ক. $৩৩\frac{১}{৩}\%$ খ. ৪০%

গ. ৫০% ঘ. $৬৬\frac{২}{৩}\%$

উত্তর ✓ ক ৮ জনে করতে পারে ১২ দিনে।

∴ ১ " " " ১২ × ৮ দিনে

∴ ৬ " " " $= \frac{১২ \times ৮}{৬}$ দিনে

= ১৬ দিনে

∴ বেশি লাগে = (১৬ - ১২) দিন = ৪ দিন

১২ দিনে বেশি লাগে = ৪ দিন

∴ ১০০ " " " $= \frac{৪ \times ১০০}{১২}$ "

$= ৩৩\frac{১}{৩}$ দিন।

২৭. এক ডজন কলা ২৪ টাকায় ক্রয় করে কুড়ি কত টাকায় বিক্রয় করলে ২৫% লাভ হবে?

ক. ৪০ টাকা খ. ৪৫ টাকা

গ. ৫০ টাকা ঘ. ৫৫ টাকা

উত্তর ✓ গ ১২টি কলার মূল্য ২৪ টাকা

∴ ২০ " " " $= \frac{২৪ \times ২০}{১২}$ " = ৪০ টাকা

২৫% লাভে,

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১২৫ টাকা

" ৪০ " " " $= \frac{১২৫ \times ৪০}{১০০}$ "

= ৫০ টাকা

২৮. দুটি গোলকের আয়তনের অনুপাত ৮ ঃ ২৭, তাদের ক্ষেত্রফলের অনুপাত কত?

ক. ৪ ঃ ৯ খ. ২ ঃ ৩

গ. ৪ ঃ ৫ ঘ. ৫ ঃ ৬

উত্তর ✓ ক $\frac{\frac{৪}{৩}\pi r_১^৩}{\frac{৪}{৩}\pi r_২^৩} = \frac{৮}{২৭}$

$\Rightarrow \frac{r_১^৩}{r_২^৩} = \frac{৮}{২৭}$

$\Rightarrow \left(\frac{r_১}{r_২}\right)^৩ = \left(\frac{২}{৩}\right)^৩$

$\Rightarrow \frac{r_১}{r_২} = \frac{২}{৩}$

$\Rightarrow \frac{r_১^২}{r_২^২} = \frac{৪}{৯}$

$\Rightarrow \frac{৪\pi r_১^২}{৪\pi r_২^২} = \frac{৪}{৯} = ৪ ঃ ৯$

২৯. কোনো ছাত্রাবাসে ৪০ জন ছাত্রের ৩০ দিনের খাবার আছে। ৫ দিন পর আরও ১০ জন ছাত্র আসলে অবশিষ্ট খাদ্যে তাদের কতদিন চলবে?

ক. ১৫ দিন খ. ২০ দিন

গ. ২৫ দিন ঘ. ২৮ দিন

উত্তর ✓ খ ৫ দিন পর,

৪০ জনের খাবার আছে ২৫ দিনের

∴ ৫০ " " " $= \frac{২৫ \times ৪০}{৫০}$

= ২০ দিনের

৩০. বৃত্তস্থ চতুর্ভুজের একটি কোণ 70° হলে বিপরীত কোণটির নাম কত?

ক. 20° খ. 200°

গ. 110° ঘ. 290°

উত্তর ✓ গ বৃত্তস্থ চতুর্ভুজের বিপরীত কোণদ্বয়ের সমষ্টি দুই সমকোণ বা 180°

∴ অপর কোণ = 180° − 70° = 110°

৩১. $\frac{x}{p} + \frac{x}{q} = 1$ সমীকরণে x-এর মান কত?

ক. p + q খ. $\frac{pq}{p+q}$

গ. pq ঘ. $\frac{p+q}{pq}$

উত্তর ✓ খ $\frac{x}{p} + \frac{x}{q} = 1$

$\Rightarrow x\left(\frac{q+p}{pq}\right) = 1$

$\therefore x = \frac{pq}{p+q}$

৩২. $\frac{2p-1}{5} + 1 = \frac{p-1}{10}$ সমীকরণে p-এর মান কত?

ক. $-\frac{1}{3}$ খ. 3

গ. −3 ঘ. $\frac{2}{3}$

উত্তর ✓ গ $\frac{2p-1}{5} + 1 = \frac{p-1}{10}$

$\Rightarrow 4p - 2 + 10 = p - 1$

$\Rightarrow 3p = -1 - 8$

$\Rightarrow 3p = -9$

$\therefore p = -3$

৩৩. 'In a nutshell' phrase-এর অর্থ হচ্ছে–

ক. In details খ. Elaborately

গ. Large description ঘ. Briefly

উত্তর ✓ খ 'In a nutshell' phrase টির অর্থ হচ্ছে- সংক্ষেপে। নিম্নে প্রদত্ত অপশনগুলোর অর্থ দেয়া হলো:

Option	Meaning
In details	বিস্তারিতভাবে
Elaborately	বিস্তৃতভাবে, বিস্তারিতভাবে
Large Description	বিস্তারিত বা সুবিশাল বর্ণন
Briefly	সংক্ষিপ্তভাবে

www.exambd.net

৩৪. 'Quarrel' শব্দটির Synonym হচ্ছে–

ক. Agreement খ. Reconciliation
গ. Peace ঘ. Dispute

উত্তর✓ ঘ

Word	Meaning
Quarrel	ঝগড়া, বিবাদ, কলহ
Agreement	চুক্তি, ঐক্য, মতৈক্য
Reconciliation	পুনর্মিলন, সমন্বয়সাধন, মীমাংসা
Peace	প্রশান্তি, শান্তি, শান্ত, শান্ত-অবস্থা
Dispute	বিবাদ, বিতর্ক, বিরোধ

সুতরাং Quarrel শব্দটির Synonym হচ্ছে- Dispute।

৩৫. 'You are not amenable — reasons.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. from খ. of
গ. info ঘ. to

উত্তর✓ ঘ Amenable এর Appropriate Preposition হিসেবে to বসে। Amenable to অর্থ-প্রতিবেদনশীল।

৩৬. নিচের কোন্ বাক্যটি শুদ্ধ?

ক. We write by ink
খ. An Akbar is not born in every age
গ. More he gets, more he wants
ঘ. He got the work by doing

উত্তর✓ খ অপশন (ক) ভুল। We write in ink- লিখলে বাক্যটি শুদ্ধ হতো। অপশন (গ) তে Double Comparative নিয়মানুসারে 'The more he gets', the more he wants' থাকলে বাক্যটি শুদ্ধ হতো। অপশন (ঘ) ভুল। Causative Verb এর নিয়মানুসারে 'He got the work done'– থাকলে বাক্যটি শুদ্ধ হতো। অন্যদিকে অপশন (খ) তে কোন ধরনের ভুল নাই বিধায় এটিই সঠিক উত্তর 'An Akbar is not born in every age'– আকবররা প্রতিযুগে জন্মায় না।

৩৭. Nasima said, 'What a fine picture it is' বাক্যের indirect speech হচ্ছে–

ক. Nasima said that it is a fine picture
খ. Nasima exclaimed that it is a fine picture
গ. Nasima exclaimed that what a fine picture it was
ঘ. Nasima exclaimed that it was a fine picture

উত্তর✓ ঘ সঠিক উত্তর হচ্ছে–Nasima exclaimed that it was a (very) fine picture.

৩৮. 'What is wanted by him?' বাক্যের পরিবর্তিত Voice হচ্ছে–

ক. What do he want? খ. What did he want?
গ. What does he want? ঘ. What is he want?

উত্তর✓ গ প্রশ্নে প্রদত্ত Passive বাক্যটি Present Indefinite Tense এ আছে। Present Indefinite Tense এর ক্ষেত্রে- Subject third Person singular number থাকলে 'does' বসে।

৩৯. কোন বানানটি শুদ্ধ?

ক. Addultration খ. Adultration
গ. Addulteration ঘ. Adulteration)

উত্তর✓ ঘ Adulteration এর অর্থ ভেজা, অপমিশ্রণ।

৪০. কোন বানানটি শুদ্ধ?

ক. Boquete খ. Bouquet
গ. Boquet ঘ. Bouqutte

উত্তর✓ খ 'Bouquet' অর্থ ফুলের তোড়া।

৪১. কোন বানানটি শুদ্ধ?

ক. শুশ্রূষা খ. সুশ্রুষা
গ. শুস্রুষা ঘ. সুশ্রষা

উত্তর ক

৪২. 'জ্ঞানী লোক সকলের শ্রদ্ধার পাত্র।'- এটি কোন ধরনের বাক্য?

ক. জটিল বাক্য খ. সরল বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. মিশ্র বাক্য

উত্তর খ

৪৩. 'উদ্যোগ' এর সন্ধি-

ক. উদ + যোগ খ. উৎ + যোগ
গ. উদ + যুগ ঘ. উৎ + যোগ

উত্তর খ

৪৪. 'অনুগ্রহ' এর বিপরীতার্থক শব্দ-

ক. বিগ্রহ খ. প্রতিগ্রহ
গ. দয়া ঘ. নিগ্রহ

উত্তর ঘ

৪৫. 'রাত্রি' এর সমার্থক শব্দ নয়-

ক. শর্বরী খ. রজনী
গ. যামিনী ঘ. বারিদ

উত্তর✓ ঘ রাত্রি এর সমার্থক শব্দ : শর্বরী, রজনী, যামিনী, শর্বরী, নিশা, নিশীথিনী, বিভাবরী, ত্রিযামা। অন্যদিকে 'বারিদ' অর্থ মেঘ।

৪৬. 'অপয়া' শব্দটি কোন সমাস?

ক. তৎপুরুষ খ. অব্যয়ীভাব
গ. বহুব্রীহি ঘ. কর্মধারয়

উত্তর✓ গ যে সমাসে পূর্ব বা পরপদের কোনোটির অর্থ না বুঝিয়ে অন্য কোনো তৃতীয় অর্থ প্রকাশ করে, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন - অপয়া - পয় নাই যার; দশানন - দশ আনন যার।

৪৭. 'শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে'। -বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন্ বিভক্তি?

ক. অধিকরণে সপ্তমী খ. কর্মে সপ্তমী
গ. অপাদানে পঞ্চমী ঘ. অধিকরণে পঞ্চমী

উত্তর ক

৪৮. কোন বানানটি শুদ্ধ?

ক. সমীচিন খ. সমিচীন
গ. সমিচিন ঘ. সমীচীন

উত্তর ঘ

৪৯. 'তারাবাঈ' নাটকটির লেখক কে?

ক. ইসমাইল হোসেন সিরাজী খ. মীর মশাররফ হোসেন
গ. আবদুল্লাহ আল-মামুন ঘ. দ্বিজেন্দ্রলাল রায়

উত্তর✓ ঘ দ্বিজেন্দ্রলাল রায়ের সার্থক ঐতিহাসিক নাটক সাজাহান (১৯০৯)। অন্যান্য নাটক : দুর্গাদাস, প্রতাপসিংহ, চন্দ্রগুপ্ত, বঙ্গনারী ইত্যাদি।

৫০. কোন উপন্যাসটির রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর?

ক. গণদেবতা খ. আরণ্যক
গ. ঘরে-বাইরে ঘ. বিষবৃক্ষ

উত্তর✓ গ 'ঘরে-বাইরে' উপন্যাসটি রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম চলিত ভাষায় রচিত উপন্যাস। 'গণদেবতা'-তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, আরণ্যক-বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ও বিষবৃক্ষ-বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত উপন্যাস।

৫১. 'আবদুল্লাহ' উপন্যাসটির রচয়িতা কে?

ক. কাজী এমদাদুল হক খ. ইসমাইল হোসেন সিরাজী
গ. শাহাদত হোসেন ঘ. শওকত ওসমান

উত্তর✓ ক কাজী এমদাদুল হক রচিত উপন্যাস 'আবদুল্লাহ'। উপন্যাসটি লেখকের জীবদ্দশায় সম্পূর্ণ বা প্রকাশ হয়নি। পরবর্তী খসড়ার ভিত্তিতে উপন্যাসটি সম্পূর্ণ করা হয় এবং ১৯৩২ সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

৫২. বীরশ্রেষ্ঠ পদকপ্রাপ্তদের সংখ্যা কত?
ক. পাঁচ খ. ছয়
গ. সাত ঘ. আট

উত্তর: গ বাংলাদেশের বীর মুক্তিযোদ্ধাদের মাঝে ৬৭৬ জনকে চারটি ভাগে রাষ্ট্রীক ভাবে বীরত্ব খেতাব প্রদান করা হয়। তাদের মধ্যে ৭ জন বীরশ্রেষ্ঠ, ৬৮ জন বীর উত্তম, ১৭৫ জন বীর বিক্রম ও ৪২৬ জন বীর প্রতীক। বাংলাদেশের সর্বোচ্চ বীরত্ব খেতাব বীরশ্রেষ্ঠ। ৭ জন বীরশ্রেষ্ঠের মধ্যে ৩ জন সেনাবাহিনী, ২ জন ইপিআর, ১ জন নৌবাহিনীর এবং একজন বিমানবাহিনীর সদস্য ছিলেন।

৫৩. জাতিসংঘ সাধারণ পরিষদে প্রথম বাংলাদেশি সভাপতি-
ক. ড. এ. কে. খন্দকার খ. হুমায়ুন রশীদ চৌধুরী
গ. বাজ ওয়াসীউদ্দীন ঘ. ডা. কামাল হোসেন

উত্তর: খ জাতিসংঘের অন্যান্য আলোচনার মূল সভা সাধারণ পরিষদ। সাধারণ পরিষদের সভাপতি একজন, সহ সভাপতি ২১ জন। সভাপতি পদের মেয়াদ ১ বছর। জাতিসংঘ সাধারণ পরিষদে সভাপতির দায়িত্ব পালনকারী একমাত্র বাংলাদেশী হুমায়ুন রশীদ চৌধুরী। তিনি ১৯৮৫ - ১৯৮৬ সালে সাধারণ পরিষদের ৪১তম অধিবেশনে সভাপতির দায়িত্ব পালন করেন।

৫৪. বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয়-
ক. ২ মার্চ ১৯৭১ খ. ৭ মার্চ ১৯৭১
গ. ২৬ মার্চ ১৯৭১ ঘ. ১৭ এপ্রিল ১৯৭১

উত্তর: ক বাংলাদেশের জাতীয় পতাকা প্রথম উত্তোলন করা হয় ২ মার্চ ১৯৭১ সালে। তৎকালীন ছাত্রনেতা ডিপি আ স ম আব্দুর রব ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের সামনে এক জনসভায় জাতীয় পতাকা উত্তোলন করেছিলেন। ২ মার্চ জাতীয় পতাকা উত্তোলন দিবস।
জাতীয় পতাকা সর্বপ্রথম আনুষ্ঠানিকভাবে উত্তোলন করা হয় ২৩ মার্চ ১৯৭১ সালে। এই দিন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ধানমন্ডিতে তার নিজ বাসভবনে বাংলাদেশের পতাকা উত্তোলন করেন। ২৩ মার্চ ১৯৭১ বাংলাদেশের সর্বত্র জাতীয় পতাকা উত্তোলন করা হয়।

৫৫. পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি কোন বছর স্বাক্ষরিত হয়?
ক. ১৯৯৬ সালে খ. ১৯৯৭ সালে
গ. ১৯৯৮ সালে ঘ. ১৯৯৯ সালে

উত্তর: খ পার্বত্য শান্তি চুক্তি স্বাক্ষরিত হয় ২ ডিসেম্বর ১৯৯৭ সালে প্রধানমন্ত্রীর কার্যালয়ে। চুক্তিতে স্বাক্ষর করেন বাংলাদেশ সরকারের পক্ষে তৎকালীন চিফ হুইপ আবুল হাসানাত আব্দুল্লাহ এবং পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির পক্ষে জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা (সন্তু লারমা)। শান্তিবাহিনী অস্ত্র সমর্পণ শুরু করে ১০ জানুয়ারি ১৯৯৮ সালে। শান্তিবাহিনী আনুষ্ঠানিকভাবে বিলুপ্ত হয় ৫ মার্চ ১৯৯৮ সালে।

৫৬. সবচেয়ে বেশি পটাশিয়াম পাওয়া যায়-
ক. পেয়ারায় খ. পাকা কলায়
গ. আমে ঘ. ডাবে **উত্তর: খ**

৫৭. দুধের ঘনত্ব নির্ণায়ক যন্ত্র-
ক. ম্যানোমিটার খ. গ্র্যাভিমিটার
গ. পাইরোমিটার ঘ. ল্যাক্টোমিটার **উত্তর: ঘ**

৫৮. সাবমেরিন থেকে সমুদ্রের উপরের জাহাজ দেখার জন্য ব্যবহৃত হয়-
ক. মাইক্রোস্কোপ খ. টেলিস্কোপ
গ. পেরিস্কোপ ঘ. বাইনোকুলার **উত্তর: গ**

৫৯. ক্যালসিয়াম ও পটাশিয়াম সাহায্য করে পেশীর-
ক. প্রসারণে খ. সংকোচনে
গ. শক্তিবর্ধনে ঘ. বৃদ্ধিতে **উত্তর: গ**

৬০. সাফ গেমস্ অনুষ্ঠিত হয় কত বছর পর পর?
ক. ২ বছর খ. ৩ বছর
গ. ৪ বছর ঘ. ৫ বছর

উত্তর: ক দক্ষিণ এশিয়ার দেশগুলোকে নিয়ে যে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয় তা 'সাফ গেমস' নামে পরিচিত। প্রথম সাফ গেমস অনুষ্ঠিত হয় ১৯৮৪ সালে নেপালের রাজধানী কাঠমান্ডুতে। বর্তমানে সাফ গেমস ৪ বছর পরপর অনুষ্ঠিত হয়। সর্বশেষ ২০১৬ সালে সাফ গেমস অনুষ্ঠিত হয় ভারতের গুয়াহাটি ও শিলং-এ। ১৩তম সাফ গেমস অনুষ্ঠিত হবে শ্রীলংকায় ২০২০ সালে।

৬১. আর্থ-সামাজিক উন্নয়নের জন্য উন্নত ধরনের কোনটি থাকা প্রয়োজন?
ক. চিকিৎসা ব্যবস্থা খ. যোগাযোগ ব্যবস্থা
গ. খাদ্য ব্যবস্থা ঘ. রাজনৈতিক ব্যবস্থা **উত্তর: খ**


৬২. 'হার্ড ডিস্ক' মাপার একক হল-
ক. কিলোবাইট খ. মেগাবাইট
গ. গিগাবাইট ঘ. টেরাবাইট **উত্তর: গ**

৬৩. দিবারাত্রি সংঘটিত হয়-
ক. মাধ্যাকর্ষণ শক্তির প্রভাবে খ. বার্ষিক গতির জন্য
গ. আহ্নিক গতির জন্য ঘ. এর কোনোটিই নয় **উত্তর: গ**

৬৪. উত্তর গোলার্ধ সূর্যের নিকটতম স্থানে অবস্থান করে-
ক. ২১ জুন খ. ২৩ সেপ্টেম্বর
গ. ২২ ডিসেম্বর ঘ. ১ জানুয়ারি **উত্তর: ক**

৬৫. ১১, ১৫, ২৩, ৩৯, ... ধারাটির পরবর্তী সংখ্যা কত?
ক. ৪৫ খ. ৫৫
গ. ৭১ ঘ. ৮২

উত্তর: গ



→ ব্যবধানকৃত সংখ্যাটি দ্বিগুণ করে বৃদ্ধি হচ্ছে।

৬৬. ১ মিলিমিটার ১ কিলোমিটারের কত অংশ?
ক. $\frac{১}{১০০০}$ খ. $\frac{১}{১০০০০০০}$
গ. $\frac{১}{১০০০০০}$ ঘ. $\frac{১}{১০০০০}$

উত্তর: খ ১০০০০০০ মিলিমিটার = ১ কিলোমিটার
∴ ১ " = $\frac{১}{১০০০০০০}$ "

৬৭. ৬ জন পুরুষ, ৮ জন স্ত্রীলোক ও ১ জন বালকের বয়সের গড় ৩৫ বছর। পুরুষের বয়সের গড় ৪০ বছর এবং স্ত্রীলোকের বয়সের গড় ৩৪ বছর। বালকের বয়স কত?
ক. ১৩ বছর খ. ১৪ বছর
গ. ১৫ বছর ঘ. ১৬ বছর

উত্তর: ক ৬ জন পুরুষ, ৮জন স্ত্রী লোক ও ১ জন বালকের মোট বয়স = ৩৫ × ১৫ = ৫২৫ বছর
৬ জন পুরুষের মোট বয়স = ৪০ × ৬ = ২৪০ বছর
৮ জন স্ত্রীলোকের মোট বয়স = ৩৪ × ৮ = ২৭২ বছর
∴ বালকের বয়স = ৫২৫ − ২৪০ − ২৭২ = ১৩ বছর

www.exambd.net

৬৮. কোনো স্কুলে ৭০% শিক্ষার্থী বাংলায় এবং ৮০% গণিতে পাস করেছে কিন্তু ১০% উভয় বিষয়ে ফেল করেছে। যদি উভয় বিষয়ে ২৪০ জন শিক্ষার্থী পাস করে থাকে তবে ঐ স্কুলে কতজন শিক্ষার্থী পরীক্ষা দিয়েছে?
ক. ৫০০ জন খ. ৪৬০ জন
গ. ৪০০ জন ঘ. ৩৫০ জন
উত্তর✓ গ ব্যাখ্যা বাংলায় ফেল করে = ১০০ − ৭০ = ৩০%
গণিতে ফেল করে = ১০০ − ৮০ = ২০%
বাংলায় বা গণিতে অথবা উভয় বিষয়ে ফেল করে
= ৩০ + ২০ − ১০ = ৪০%
∴ উভয় বিষয়ে পাস করে = ১০০ − ৪০ = ৬০%
৬০ জন পাস করলে পরীক্ষার্থী ১০০ জন
∴ ২৪০ " " " " $\frac{১০০ \times ২৪০}{৬০}$ "
= ৪০০ জন।

৬৯. একটি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলে ক্ষতির শতকরা হার কত?
ক. ৪% খ. ৫%
গ. ৬% ঘ. ৭%
উত্তর✓ খ ব্যাখ্যা দ্রব্যটির ক্রয়মূল্য = ৩৮০ + ২০ = ৪০০ টাকা
৪০০ টাকায় ক্ষতি হয় ২০ টাকা
∴ ১০০ " " " $\frac{২০ \times ১০০}{৪০০}$ "
= ৫ টাকা

৭০. করিম ও রহিমের নম্বরের অনুপাত ৩ ঃ ৪ এবং রহিম ও মোহনের নম্বরের অনুপাত ৬ ঃ ৭। তাহলে করিম ও মোহনের নম্বরের অনুপাত কত?
ক. ৪ ঃ ৭ খ. ২ ঃ ৩
গ. ২ ঃ ৭ ঘ. ৯ ঃ ১৪
উত্তর✓ ঘ ব্যাখ্যা
করিম: রহিম = ৩ ঃ ৪ = ১৮ ঃ ২৪ [৬ দ্বারা গুণ করে]
রহিম ঃ মোহন = ৬ ঃ ৭ = ২৪ ঃ ২৮ [৪ দ্বারা গুণ করে]
∴ করিম ঃ রহিম ঃ মোহন = ১৮ ঃ ২৪ ঃ ২৮
সুতরাং করিম ঃ মোহন = ১৮ ঃ ২৮ = ৯ ঃ ১৪

৭১. স্রোতের প্রতিকূলে যেতে যে সময় লাগে, অনুকূলে যেতে তার অর্ধেক সময় লাগে। যাতায়াতে যদি ১২ ঘণ্টা সময় লাগে তাহলে স্রোতের অনুকূলে যেতে সময় লাগে-
ক. ৬ ঘণ্টা খ. ৮ ঘণ্টা
গ. ১০ ঘণ্টা ঘ. ৪ ঘণ্টা উত্তর ঘ

৭২. দুইটি নির্দিষ্ট বিন্দু দিয়ে কয়টি বৃত্ত আঁকা যাবে?
ক. ১টি খ. ২টি
গ. ৩টি ঘ. অসংখ্য উত্তর ঘ

৭৩. $\frac{m}{3} + 3 = \frac{2m}{15} + 6$ সমীকরণে m-এর মান কত?
ক. − 15 খ. ± 15
গ. 14 ঘ. 15
উত্তর✓ খ ব্যাখ্যা $\frac{m}{3} + 3 = \frac{2m}{15} + 6$
$\Rightarrow \frac{m+9}{3} = \frac{2m+90}{15}$
$\Rightarrow 5m + 45 = 2m + 90$
$\Rightarrow 3m = 45$
$\Rightarrow m = 15$

৭৪. $x + \frac{1}{x} = \sqrt{3}$ হলে, $x^3 + \frac{1}{x^3}$ = কত?
ক. 3 খ. 9
গ. 27 ঘ. 0
উত্তর✓ ঘ ব্যাখ্যা প্রদত্ত রাশি, $x^3 + \frac{1}{x^3}$
$= \left(x + \frac{1}{x}\right)^3 - 3.x.\frac{1}{x}\left(x + \frac{1}{x}\right)$
$= (\sqrt{3})^3 - 3(\sqrt{3})$ [$x + \frac{1}{x}$ এর মান বসিয়ে]
$= 3\sqrt{3} - 3\sqrt{3} = 0$

৭৫. 'Might' শব্দটির Adjective নিচের কোনটি?
ক. Mighteous খ. Mighty
গ. Mightful ঘ. Mightier
উত্তর✓ খ ব্যাখ্যা 'Might' শব্দটির অর্থ শক্তি, সামর্থ্য, প্রতাপ। এর Adjective form হচ্ছে 'Mighty'– যার অর্থ পরাক্রমশালী, শক্তিশালী, 'Might' শব্দের Adverb হচ্ছে 'Mightily' যার অর্থ প্রবলভাবে বা চরমভাবে।

৭৬. 'Brief' শব্দটির Noun নিচের কোনটি?
ক. Briefly খ. Brevity
গ. Briefing ঘ. Short
উত্তর✓ খ ব্যাখ্যা 'Brief' অর্থ সংক্ষিপ্ত। 'Brief' এর noun– 'Brevity'(সংক্ষিপ্ততা)। তবে 'Brief' শব্দটি noun হিসেবেও ব্যবহৃত হতে পারে। তখন এর অর্থ হচ্ছে সংক্ষেপ, সংক্ষিপ্তসার। উল্লেখ্য 'Briefness' শব্দটিও ইচ্ছা করলে noun হিসেবে ব্যবহার করা যায়। কিন্তু 'Brevity' শব্দটি বহুলভাবে প্রচলিত। অন্যদিকে 'Briefly' হচ্ছে Adverb।

৭৭. 'Admit' শব্দটির Noun নিচের কোনটি?
ক. Admission খ. Admissible
গ. Admittance ঘ. Admitted
উত্তর✓ ক ব্যাখ্যা প্রশ্নে প্রদত্ত 'Admit' শব্দটি হচ্ছে Verb; আর Verb এর শেষে 'it' থাকলে 'it' এর স্থলে 'ission' বসালেই noun হয়। সুতরাং 'Admit' শব্দের noun হচ্ছে- Admission।

৭৮. 'Able' শব্দটির Verb নিচের কোনটি?
ক. Unable খ. Enable
গ. Disable ঘ. Ability
উত্তর✓ খ ব্যাখ্যা 'Able' শব্দের 'en' prefix যুক্ত করে এর verb হয় 'Enable'। 'Able' অর্থ সক্ষম, দক্ষ এবং 'Enable' অর্থ সক্ষম করা, দক্ষ করা।

৭৯. 'হে দারিদ্র তুমি মোরে করেছ মহান
তুমি মোরে দানিয়াছ খ্রিস্টের সম্মান
কণ্টক মুকুট শোভা'–
কবিতাংশটুকু কোন কবির কবিতার অংশ?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. কায়কোবাদ ঘ. কামিনী রায় উত্তর খ

৮০. 'মোদের গরব মোদের আশা,
আ-মরি বাংলা ভাষা' -এর রচয্নিতা কে?
ক. সুফিয়া কামাল খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. রামনিধি গুপ্ত ঘ. অতুলপ্রসাদ সেন উত্তর ঘ



প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০৯

সেট : ১ | [কোড : পদ্ম] | সময় : ১ ঘন্টা ২০ মিনিট
তারিখ : ১১.০৯.২০০৯ | পূর্ণমান : ৮০

০১. ৯৫, ৮৭, ৮০, ৭৪, ... ধারাটির অষ্টম পদ হবে-
ক. ৬০ খ. ৬১
গ. ৬২ ঘ. ৬৩
উত্তর ✓ ক ব্যাখ্যা ৯৫ − ৮ = ৮৭
৮৭ − ৭ = ৮০
৮০ − ৬ = ৭৪
৭৪ − ৫ = ৬৯
৬৯ − ৪ = ৬৫
৬৫ − ৩ = ৬২
৬২ − ২= ৬০ (৮ম পদ)

০২. ২, ৩, ১, ৪, ... ধারাটির নবম পদ হবে–
ক. ০ খ. − ১
গ. − ২ ঘ. ২ উত্তর গ

০৩. Farida said to her mother, 'I shall go to bed now'– বাক্যটির indirect speech হবে–
ক. Farida told her mother that she should go to bed now
খ. Farida told her mother that she will go to bed then
গ. Farida told her mother that she would go to bed then
ঘ. Farida told her mother that she will go to bed now
উত্তর ✓ গ ব্যাখ্যা প্রশ্নে প্রদত্ত বাক্যটির reporting verb 'said to' এর পরিবর্তে told এবং reported speech এ 'shall' এর past form হিসেবে would ব্যবহার করতে হবে।

০৪. Aneeka exclaimed that she was a great fool' বাক্যটির direct speech হবে–
ক. Aneeka said, "I am a great fool!"
খ. Anneka said, "What a fool I am!"
গ. Aneeka told, "What I am a fool!"
ঘ. Aneeka said, "What am I fool!"
উত্তর ✓ খ ব্যাখ্যা প্রশ্নে প্রদত্ত Indirect speech এর বাক্যটিকে Direct (Exclamatory Sentence) এ রূপান্তর করার জন্য 'exclaimed' এর পরিবর্তে said; অতঃপর কমা ও Inverted comma; তারপর Inverted comma এর ভিতরে past Indefinite tense এর স্থলে Present Indefinite এর সঠিক Exclamatory বাক্য অর্থাৎ "What + a/an + noun (a fool) + subject + be verb"।

০৫. যে বায়ু সর্বদাই উচ্চ চাপ অঞ্চল হতে নিম্ন চাপ অঞ্চলের দিকে প্রবাহিত হয়, তাকে বলে-
ক. নিয়ত বায়ু খ. আয়ন বায়ু
গ. প্রত্যায়ন বায়ু ঘ. মৌসুমী বায়ু উত্তর ক

০৬. জোয়ার-ভাটার তেজকটাল কখন হয়?
ক. পঞ্চমীতে খ. অষ্টমীতে
গ. একাদশীতে ঘ. অমাবস্যায় উত্তর ঘ

০৭. 'সংকীর্ণ' এর বিপরীত শব্দ কী?
ক. প্রশস্ত খ. প্রসারিত
গ. চওড়া ঘ. বিস্তৃত উত্তর ক

০৮. 'যোজক' এর বিপরীত শব্দ কী?
ক. প্রণালী খ. বিয়োজক
গ. হ্রাস ঘ. কোনোটিই নয় উত্তর খ

০৯. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?
ক. $\frac{২}{৫}$ খ. $\frac{৩}{৭}$
গ. $\frac{৪}{৯}$ ঘ. $\frac{৫}{১১}$
উত্তর ✓ ঘ ব্যাখ্যা $\frac{২}{৫} = ০.৪$ (খ) $\frac{৩}{৭} = ০.৪৩$
(গ) $\frac{৪}{৯} = ০.৪৪$ (ঘ) $\frac{৫}{১১} = ০.৪৫$ (বৃহত্তম)

১০. $\frac{০.১ \times ০.০৩ \times ০.০০৪}{০.০১ \times ০.০৬}$ এর মান কত?
ক. ০.২ খ. ০.০২
গ. ০.০০২ ঘ. ০.০০০২
উত্তর ✓ খ ব্যাখ্যা $\frac{০.১ \times ০.০৩ \times ০.০০৪}{০.০১ \times ০.০৬} = \frac{১০ \times ৩ \times ০.০০৪}{১ \times ৬}$
$= ০.০২$

১১. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. I will go after a month
খ. He absented from the school
গ. One of the passers-by rescued her
ঘ. One of the passer-by rescued her উত্তর গ

১২. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. Many died by the accident
খ. The examiner looked over my papers
গ. He came today morning
ঘ. I am feeling unwell উত্তর খ

১৩. পৃথিবীর প্রশস্ততম নদী কোনটি?
ক. নীল খ. আমাজন
গ. মিসিসিপি ঘ. টেমস্
উত্তর ✓ খ ব্যাখ্যা পৃথিবীর প্রশস্ততম নদী আমাজন। আমাজন নদীর দৈর্ঘ্য ৬৪৩৭ কিলোমিটার। প্রস্থ সাধারণত গড়ে ১২ কিলোমিটার। তবে বর্ষায় তা প্রায় ৫০ কিলোমিটারে বৃদ্ধি পায়। আমাজান দক্ষিণ আমেরিকায় অবস্থিত। আন্দিজ পর্বতমালায় উৎপন্ন হয়ে পেরু, কলম্বিয়া ও ব্রাজিল এর উপর দিয়ে প্রবাহিত হয়ে আটলান্টিক মহাসাগরে পতিত হয়েছে। বিশ্বের দীর্ঘতম নদী নীলনদ; দৈর্ঘ্য ৬৮২৫ কিলোমিটার।

www.exambd.net

১৪. দক্ষিণ তালপট্টি দ্বীপ কোন নদীর মোহনায় অবস্থিত?
ক. হাঁড়িয়াভাঙ্গা খ. রূপসা
গ. মহানন্দা ঘ. ভৈরব

উত্তর✓ ক সুন্দরবনে বাংলাদেশ ও ভারতের সীমানা নির্ধারক নদী হাড়িয়াভাঙ্গা। এই নদীর মোহনায় বঙ্গোপসাগরের একটি দ্বীপ 'দক্ষিণ তালপট্টি দ্বীপ'। এর ভারতীয় নাম 'নিউমুর'। ৭ জুলাই ২০১৪ সালের বাংলাদেশ-ভারত সমুদ্রসীমা নির্ধারনী মামলার রায় অনুযায়ী এই দ্বীপটি ভারতীয় সমুদ্র সীমার অন্তর্গত। এই মামলার রায় হয় স্থায়ী সালিশি আদালতে, যা নেদারল্যান্ডস এর হেগ এ অবস্থিত।

১৫. 'দুষ্কৃতি' এর বিপরীতার্থক শব্দ কী?
ক. সৎ খ. ধার্মিক
গ. সদয় ঘ. সুকৃতি

উত্তর✓ ঘ 'দুষ্কৃতি' মানে খারাপ কাজ বা মন্দ কাজ। এর বিপরীত শব্দ 'সুকৃতি', যার অর্থ ভালো কাজ।

১৬. ৫৫০ গ্রামের একটি কেক বানাতে চিনির দ্বিগুণ পরিমাণ ময়দা এবং কিশমিশের $১\frac{১}{২}$ গুণ পরিমাণ চিনি লাগলে, ময়দা কতটুকু লাগবে?
ক. ২২৫ গ্রাম খ. ২৫০ গ্রাম
গ. ২৭৫ গ্রাম ঘ. ৩০০ গ্রাম

উত্তর✓ ঘ ধরি,
কিশমিশের পরিমাণ = x গ্রাম
∴ চিনি " $= x \times ১\frac{১}{২} = \frac{৩}{২}x$ গ্রাম
এবং ময়দা " $= \left(\frac{৩}{২} \times ২\right)x$ গ্রাম
$= ৩x$ গ্রাম।
শর্তমতে, $x + \frac{৩}{২}x + ৩x = ৫৫০$
$\Rightarrow \frac{২x + ৩x + ৬x}{২} = ৫৫০$
$\Rightarrow ১১x = ১১০০ \therefore x = ১০০$ গ্রাম
সুতরাং, ময়দা $= ৩x = ৩ \times ১০০ = ৩০০$ গ্রাম

১৭. ৩০ গ্যালন অকটেন মিশ্রিত পেট্রোলে, পেট্রোল ও অকটেনের অনুপাত ৭ ঃ ৩। এতে আর কত অকটেন মিশালে পেট্রোল ও অকটেনের অনুপাত ৩ ঃ ৭ হবে?
ক. ৩০ গ্যালন খ. ৩৫ গ্যালন
গ. ৪০ গ্যালন ঘ. ৪২ গ্যালন

উত্তর✓ গ ধরি, পেট্রোল = ৭x
অকটেন = ৩x
∴ ৭x + ৩x = ৩০
বা, ১০x = ৩০ ∴ x = ৩
মনে করি, a গ্যালন অকটেন মিশালে পেট্রোল ও অকটেনের অনুপাত ৩ ঃ ৭ হবে।
$\therefore \frac{৭x}{৩x + a} = \frac{৩}{৭}$
$\Rightarrow ৪৯x = ৯x + ৩a \Rightarrow ৩a = ৪০x$
$\Rightarrow a = \frac{৪০x}{৩} = \frac{৪০ \times ৩}{৩}$ [x এর মান বসিয়ে]
$= ৪০$ গ্যালন

১৮. He is involved —— difficulties– বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. with খ. at
গ. in ঘ. upon

উত্তর✓ গ Involve এর পর Preposition হিসেবে 'in' বসে, Involved in অর্থ হচ্ছে যুক্ত বা জড়িত। He is involved in difficulties অর্থ তিনি সমস্যায় জর্জরিত।

১৯. He is devoid — sense–বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-
ক. in খ. of
গ. on ঘ. by

উত্তর✓ খ Devoid এর পর Preposition হিসেবে of বসে। Devoid of অর্থ হচ্ছে-বর্জিত বা বিহীন।

২০. প্রাচীন 'চন্দ্রদ্বীপ' এর বর্তমান নাম কী?
ক. ফরিদপুর খ. বাগেরহাট
গ. বরিশাল ঘ. কুমিল্লা

উত্তর✓ গ

বর্তমান নাম	প্রাচীন নাম
বরিশাল	চন্দ্রদ্বীপ, বাকলা, ইসমাইলপুর
ফরিদপুর	ফাতেহাবাদ
বাগেরহাট	খলিফাতাবাদ
কুমিল্লা	ত্রিপুরা

২১. 'শহীদ আসাদ' কত সালে নিহত হন?
ক. ১৯৫৪ খ. ১৯৬২
গ. ১৯৬৯ ঘ. ১৯৭০

উত্তর✓ গ ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান চলাকালে ২০ জানুয়ারি আসাদ শহীদ হন। আসাদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের ছাত্র ছিলেন। তার বাড়ি নরসিংদী জেলার হাতিরদিয়ায়। শহীদ আসাদ দিবস পালিত হয় ২০ জানুয়ারি। শহীদ আসাদের স্মৃতি রক্ষার্থে 'আইয়ুব গেট' এর নাম পরিবর্তন করে 'আসাদ গেট' রাখা হয়।

২২. 'উন্নত' শব্দের সন্ধি বিচ্ছেদ হচ্ছে–
ক. উৎ + নীচ খ. উৎ + নত
গ. উন্নী + ত ঘ. উন + নত

উত্তর✓ খ

২৩. 'মনীষা' শব্দের সন্ধি বিচ্ছেদ হবে–
ক. মন্ + ঈষা খ. মনস্ + ঈষা
গ. মনস্ + ইষা ঘ. মন + ইষা

উত্তর✓ খ মনীষা = মনস্ + ঈষা ; এটি নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি।

২৪. ক একটি জিনিস খ-এর কাছে ২৫% লাভে বিক্রি করে। খ জিনিসটি গ-এর কাছে ক-এর ক্রয়মূল্যে বিক্রি করে। খ-এর শতকরা কত ক্ষতি হল?
ক. ১৬% খ. ২০%
গ. ২২% ঘ. ২৫%

উত্তর✓ খ ধরি, ক এর ক্রয়মূল্য = ১০০ টাকা
২৫% লাভে ক এর বিক্রয়মূল্য = ১২৫ টাকা
সুতরাং খ এর ক্রয়মূল্য = ১২৫ টাকা
এবং খ এর বিক্রয়মূল্য = ক এর ক্রয়মূল্য = ১০০ টাকা।
∴ খ এর ক্ষতি = ১২৫ − ১০০ = ২৫ টাকা
এখন,
খ এর ১২৫ টাকায় ক্ষতি = ২৫ টাকা
∴ ১ " " $= \frac{২৫}{১২৫}$ "
∴ ১০০ " " $= \frac{২৫}{১২৫} \times ১০০$ " = ২০ টাকা

www.exambd.net

২৫. 'Neglect'-এর সমার্থক শব্দ কোনটি?
ক. Care খ. Attention
গ. Carelessness ঘ. Watchfulness

উত্তর✓ গ ব্যাখ্যা

Word	Meaning
Neglect	উপেক্ষা, অবহেলা বা অবজ্ঞা করা
Care	যত্ন, সতর্কতা
Attention	খেয়াল, মনোযোগ
Carelessness	অমনোযোগিতা
Watchfulness	সতর্কতা

সুতরাং Neglect এর Synonym হচ্ছে-Carelessness

২৬. 'Malice'-এর সমার্থক শব্দ কোনটি?
ক. Affection খ. Love
গ. Animosity ঘ. Kindness

উত্তর✓ গ ব্যাখ্যা

Word	Meaning
Malice	শত্রুতা, বিদ্বেষ
Animosity	শত্রুতা, বিদ্বেষ
Affection	স্নেহ, মমতা, আবেগ
Love	ভালোবাসা
kindness	দয়া

সুতরাং Malice এর সমার্থক শব্দ হচ্ছে Animosity।

২৭. বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার কোথায় গঠিত হয়েছিল?
ক. ঢাকায় খ. আগরতলায়
গ. চট্টগ্রামের কালুরঘাটে ঘ. মেহেরপুরে

উত্তর✓ খ ব্যাখ্যা বাংলাদেশের প্রথম বা অস্থায়ী সরকার বা মুজিবনগর সরকার গঠিত হয় ১০ এপ্রিল ১৯৭১ সালে। মেহেরপুর জেলার বৈদ্যনাথতলায় শপথগ্রহণ অনুষ্ঠান হয় ১৭ এপ্রিল ১৯৭১ সালে। শপথ বাক্য পাঠ করান অধ্যাপক এম ইউসুফ আলী। শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন আবুল মান্নান। বৈদ্যনাথতলা ইউনিয়নের ভবেরপাড় গ্রামের বর্তমান নাম 'মুজিবনগর'।

২৮. মুক্তিযুদ্ধের বিজয়ের দিন আত্মসমর্পণ অনুষ্ঠানে বাংলাদেশের পক্ষে প্রতিনিধিত্ব করেন কে?
ক. জেনারেল মোহাম্মদ আতাউল গনি ওসমানী
খ. এয়ার কমোডর এ. কে. খন্দকার
গ. তাজউদ্দিন আহমেদ
ঘ. ক্যাপ্টেন এম মনসুর আলী

উত্তর✓ খ ব্যাখ্যা ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বিকেলে রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) পাক বাহিনী আত্মসমর্পণ করে। এই আত্মসমর্পণ অনুষ্ঠানে বাংলাদেশের পক্ষে প্রতিনিধিত্ব করেন উপ- প্রধান সেনাপতি ও বিমান বাহিনীর প্রধান এয়ার কমোডর এ কে খন্দকার। পাক বাহিনীর পক্ষে আত্মসমর্পণ দলিলে স্বাক্ষর করেন জেনারেল আমির আব্দুল্লাহ খান নিয়াজী এবং যৌথ বাহিনীর পক্ষে স্বাক্ষর করেন ভারত- বাংলাদেশ যৌথ কমান্ডের সেনাধ্যক্ষ জেনারেল জগজিৎ সিং আরোরা।

২৯. কোনটি শুদ্ধ বানান?
ক. স্বতঃস্ফূর্ত খ. স্বতঃস্ফূর্ত
গ. সত্বোস্ফূর্ত ঘ. সত্বোঃস্ফূর্ত

উত্তর✓ ক ব্যাখ্যা কয়েকটি গুরুত্বপূর্ণ বানান : স্বতঃস্ফূর্ত, মরূদ্যান, ঐন্দ্রজালিক, ইন্দ্রজালিক, শারীরিক, সাকীর্ণমনা, শিরশ্ছেদ, শাশুড়ি, সাক্ষ্যদান।

৩০. কোন বানানটি শুদ্ধ?
ক. প্রত্যান্ত খ. আদ্যাক্ষর
গ. মরূদ্যান ঘ. সম্বর্ধনা

উত্তর✓ গ

৩১. ত্রিভুজের একটি বাহু বর্ধিত করলে যে বহিঃস্থ কোণ উৎপন্ন হয় তার ক্ষেত্রে নিচের কোন তথ্যটি সঠিক হবে?
ক. তা বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টি অপেক্ষা ছোট হবে
খ. তা বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টির সমান হবে
গ. তা বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টি অপেক্ষা বড় হবে
ঘ. উপরের কোনোটিই নয়

উত্তর✓ খ

৩২. সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য ১০ মিটার হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল হবে-
ক. $10\sqrt{3}$ বর্গমিটার খ. ১৫ বর্গমিটার
গ. ২০ বর্গমিটার ঘ. $25\sqrt{3}$ বর্গমিটার

উত্তর✓ ঘ ব্যাখ্যা আমরা জানি,

সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}a^2}{4}$

$= \frac{\sqrt{3}}{4} \times 10^2$ [a= বাহুর দৈর্ঘ্য]

$= 25\sqrt{3}$ বর্গমিটার

৩৩. 'Hard and fast' —— phraseটির অর্থ কী?
ক. Easy matter খ. Difficult matter
গ. Fixed ঘ. Loose

উত্তর✓ গ ব্যাখ্যা 'Hard and fast' phrase টির অর্থ হচ্ছে বাঁধা ধরা (নিয়ম, আইন, ইত্যাদি)। নিম্নে অপশনগুলোর অর্থ দেয়া হলো:

Option	Meaning
Easy matter	সহজ বিষয়
Difficult matter	কঠিন বিষয়
Fixed	বাঁধা ধরা
Loose	ঢিলেঢালা

৩৪. 'White elephant' – phraseটির অর্থ কী?
ক. White coloured elephant খ. Dead elephant
গ. Very costly possession ঘ. A very cheap thing

উত্তর✓ গ ব্যাখ্যা White elephant অর্থ কাজে আসে না অথচ দামী ও অসুবিধাজনক। নিম্নে অপশনগুলোর অর্থ দেয়া হলো:

Option	Meaning
White coloured elephant	সাদা রঙের হাতি।
Dead elephant	মৃত হাতি
Very costly Possession	খুব দামি কিন্তু অসুবিধাজনক দখল।
A very cheap thing	অত্যন্ত সস্তা একটি বস্তু

৩৫. বাংলাদেশের গৌরব জনাব এফ. আর. খান (ফজলুর রহমান খান) পেশায় কী ছিলেন?
ক. চিকিৎসক খ. কম্পিউটার বিজ্ঞানী
গ. স্থপতি ঘ. কৃষি বিজ্ঞানী

উত্তর✓ গ ব্যাখ্যা ফজলুর রহমান খান ১৯২৯ সালে ঢাকায় জন্মগ্রহণ করেন। তিনি স্থপতি হিসেবে বিশ্ববিখ্যাত। 'Tube in Tube' নামে স্থাপত্য শিল্প পদ্ধতির উদ্ভাবক এফ আর খান। তিনি শিকাগোর 'সিয়ার্স টাওয়ার' এর স্থপতি। 'সিয়ার্স টাওয়ার' এর বর্তমান নাম 'উইলিস টাওয়ার'। এফ আর খান ২৬ মার্চ ১৯৮২ সালে সৌদিআরবের জেদ্দায় মৃত্যুবরণ করেন।

৩৬. উপজাতীয় সাংস্কৃতিক কেন্দ্র, বিরিশিরি কোন জেলায় অবস্থিত?
ক. নেত্রকোনা খ. ময়মনসিংহ
গ. পার্বত্য চট্টগ্রাম ঘ. সিলেট
উত্তর✓ ক ব্যাখ্যা উপজাতীয় সাংস্কৃতিক কেন্দ্র বিরিশিরি নেত্রকোনা জেলায় অবস্থিত। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৭৭ সালে। ক্ষুদ্র নৃ-গোচীর প্রথম প্রতিষ্ঠানের নাম মণিপুরী ললিতকলা একাডেমী। প্রতিষ্ঠিত হয় ১৯৭৬ সালে কমলগঞ্জ, মৌলভীবাজারে। বাংলাদেশে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান রয়েছে ৮টি। এগুলো মৌলভীবাজার, নেত্রকোনা, রাঙামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, রাজশাহী ও কক্সবাজার (২টি) জেলায় অবস্থিত।

৩৭. কোনটি শুদ্ধ বানান?
ক. ঐন্দ্রজালিক খ. ইন্দ্রজালিক
গ. ঈন্দ্রজালিক ঘ. ঈন্দ্রজালীক **উত্তর ক**

৩৮. কোনো ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল ৪০ বর্গমিটার এবং সমান্তরাল বাহু দুইটির মধ্যবর্তী লম্ব দূরত্ব ৮ মিটার। একটি বাহুর দৈর্ঘ্য ৬ মিটার হলে, অপর বাহুর দৈর্ঘ্য কত?
ক. ৪ মিটার খ. ৬ মিটার
গ. ৮ মিটার ঘ. ১০ মিটার **উত্তর ক**

৩৯. বাংলাদেশের বীরত্বসূচক উপাধিগুলোর মধ্যে কোনটির স্থান মর্যাদার দিক থেকে তৃতীয়?
ক. বীর শ্রেষ্ঠ খ. বীর প্রতীক
গ. বীর উত্তম ঘ. বীর বিক্রম
উত্তর✓ ঘ ব্যাখ্যা বাংলাদেশের মুক্তিযুদ্ধে অবদানের জন্য মোট ৬৭৬ জন মুক্তিযোদ্ধাকে চারটি বিভাগে বীরত্বসূচক উপাধি দেয়া হয়।

উপাধি	মর্যাদার স্থান	খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধার সংখ্যা
বীরশ্রেষ্ঠ	প্রথম	৭ জন
বীর উত্তম	দ্বিতীয়	৬৮ জন
বীর বিক্রম	তৃতীয়	১৭৫জন
বীর প্রতীক	চতুর্থ	৪২৬ জন
		মোট: = ৬৭৬ জন

৪০. এ বছর (২০০৯) কত জন ব্যক্তিত্ব যুক্তরাষ্ট্রের 'মেডেল অব ফ্রিডম' অ্যাওয়ার্ড পেয়েছেন?
ক. ১০ জন খ. ১৪ জন
গ. ১৬ জন ঘ. ১৭ জন
উত্তর✓ গ ব্যাখ্যা মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা 'প্রেসিডেনসিয়াল মেডেল অব ফ্রিডম'। এই পুরস্কার প্রবর্তন করেন প্রেসিডেন্ট জন এফ কেনেডি ১৯৬৩ সালে। ২০১৬ সালে ২১ জন ব্যক্তিত্ব 'প্রেসিডেনশিয়াল মেডেল অব ফ্রিডম' অ্যাওয়ার্ড পেয়েছেন।

৪১. 'আজি এ প্রভাতে রবির কর
কেমনে পশিল প্রাণের পর,
কেমনে পশিল গুহার আঁধারে প্রভাত পাখির গান।
না জানি কেন রে এত দিন পরে জাগিয়া উঠিল প্রাণ।'
এই উদ্ধৃতাংশটি কোন কবির রচনা?
ক. সুকান্ত ভট্টাচার্য খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. কাজী নজরুল ইসলাম ঘ. কবি গোলাম মোস্তফা **উত্তর খ**

৪২. 'বিদ্যে বোঝাই বাবুমশাই চড়ি শখের বোটে
মাঝিরে কন, বলতে পারিস সূর্যি কেন ওঠে?'
এই উদ্ধৃতাংশটুকু কোন কবির রচনা?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. সুকুমার রায়
গ. ফররুখ আহমদ ঘ. সত্যেন্দ্রনাথ দত্ত
উত্তর✓ খ ব্যাখ্যা সুকুমার রায় মূলত শিশুসাহিত্যিক ছিলেন। তিনি ছড়াকার, শিশুসাহিত্যিক, রম্যরচনাকার, প্রাবন্ধিক, নাট্যকার ও সম্পাদক ছিলেন। তিনি ছিলেন জনপ্রিয় শিশুসাহিত্যিক উপেন্দ্রকিশোর রায় চৌধুরীর সন্তান। তার রচিত কবিতার বই- 'আবোল তাবোল', গল্প 'হ-য-ব-র-ল', গল্প সংকলন 'পাগল দাশু'।

৪৩. $x - 6 = 7x - 48$ কে সমাধান করলে x-এর মান হবে-
ক. 3 খ. 5
গ. -6 ঘ. 7
উত্তর✓ ঘ ব্যাখ্যা $x - 6 = 7x - 48$
$\Rightarrow 48 - 6 = 7x - x$
$\Rightarrow 6x = 42$
$\therefore x = 7$

৪৪. নাবিল থেকে আরজু 9 বছরের বড় এবং আলী 5 বছরের ছোট। তাদের বয়সের সমষ্টি 52 বছর হলে, আলীর বয়স কত?
ক. 9 বছর খ. 11 বছর
গ. 12 বছর ঘ. 13 বছর
উত্তর✓ খ ব্যাখ্যা ধরি, নাবিলের বয়স = x বছর।
∴ আরজুর বয়স = (x + 9) বছর।
আলীর বয়স = (x – 5) বছর।
শর্তমতে, $x + x + 9 + x - 5 = 52$
$\Rightarrow 3x + 4 = 52$
$\Rightarrow 3x = 48$
$\therefore x = 16$
সুতরাং আলীর বয়স = $x - 5 = 16 - 5 = 11$ বছর।

৪৫. Drive the nail into the table. এখানে 'nail' শব্দটি কোন প্রকারের Noun?
ক. Proper খ. Common
গ. Collective ঘ. Material
উত্তর✓ ঘ ব্যাখ্যা Drive the nail into the table–প্রশ্নে প্রদত্ত এই বাক্যটির অর্থ– টেবিলে পেরেক লাগাও। এখানে Nail (লোহার পেরেক) হচ্ছে Material noun।

৪৬. Still waters run deep. এখানে 'Still' শব্দটি–
ক. Noun খ. Pronoun
গ. Adjective ঘ. Adverb
উত্তর✓ গ ব্যাখ্যা 'Still' শব্দটি প্রশ্নে প্রদত্ত বাক্যে noun এর পূর্বে বসে উক্ত noun (waters) কে modify/qualify করছে। তাই এটি Adjective।

৪৭. ন্যানো সেকেন্ড হলো–
ক. এক সেকেন্ডের দশ হাজার ভাগের একভাগ
খ. এক সেকেন্ডের দশ লক্ষ ভাগের একভাগ
গ. এক সেকেন্ডের একশত কোটি ভাগের একভাগ
ঘ. এক সেকেন্ডের এক লক্ষ কোটি ভাগের একভাগ **উত্তর গ**

www.exambd.net

৪৮. কবে থেকে বাংলাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু করা হয়?

ক. ১ জানুয়ারি ১৯৯০ খ. ১ জানুয়ারি ১৯৯১
গ. ১ জানুয়ারি ১৯৯২ ঘ. ১ জানুয়ারি ১৯৯৩

উত্তর ✓ খ ব্যাখ্যা বাংলাদেশে প্রাথমিক শিক্ষা (বাধ্যতাকরণ) আইন পাশ হয় ১৯৯০ সালে। প্রাথমিক ভাবে ৬৮ টি উপজেলায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু করা হয় ১ জানুয়ারি ১৯৯২ সালে। দেশব্যাপী বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয় ১ জানুয়ারি ১৯৯৩ সালে।

৪৯. 'শেষের কবিতা' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি-

ক. উপন্যাস খ. নাটক
গ. কবিতা ঘ. গল্প

উত্তর ✓ ক ব্যাখ্যা 'শেষের কবিতা' (১৯২৯) উপন্যাসটি রবীন্দ্রনাথ ঠাকুর কর্তৃক রচিত হয়। যা ১৯২৮ সালে 'প্রবাসী' পত্রিকায় ছাপা হয়।

৫০. 'আরেক ফাল্গুন' উপন্যাসটির রচয়িতা কে?

ক. প্রমথ চৌধুরী খ. আবু জাফর শামসুদ্দীন
গ. মুনীর চৌধুরী ঘ. জহির রায়হান

উত্তর ✓ ঘ ব্যাখ্যা বাঙালী জাতীয়তাবাদী আন্দোলন ও ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি পালনের অভিজ্ঞতা থেকে জহির রায়হান 'আরেক ফাল্গুন' (১৯৬৮) উপন্যাস রচনা করেন।

৫১. $a - \frac{1}{a} = 4$ হলে, $a^3 - \frac{1}{a^3}$ = কত?

ক. – 76 খ. 76
গ. – 79 ঘ. 79

উত্তর ✓ খ ব্যাখ্যা প্রদত্ত রাশি, $a^3 - \frac{1}{a^3}$

$= \left(a - \frac{1}{a}\right)^3 + 3.a.\frac{1}{a}\left(a - \frac{1}{a}\right)$

$= (4)^3 + 3(4)$ $\left[a - \frac{1}{a}\right.$ এর মান বসিয়ে]

$= 64 + 12$

$= 76$

৫২. $2x^2 - 5x - 7$ এর উৎপাদক-

ক. $(2x + 7)(x - 1)$ খ. $(x - 1)(2x - 7)$
গ. $(2x - 7)(x - 7)$ ঘ. $(2x - 7)(x + 1)$

উত্তর ✓ খ ব্যাখ্যা $2x^2 - 5x - 7 = 2x^2 - 7x + 2x - 7$

$= x(2x - 7) + 1(2x - 7)$

$= (2x - 7)(x + 1)$

৫৩. Akbar still works in that office. এখানে 'still' শব্দটি-

ক. Adjective খ. Adverb
গ. Preposition ঘ. Conjunction

উত্তর ✓ খ ব্যাখ্যা প্রদত্ত বাক্যের অর্থ: আকবর এখনও সেই অফিসে কাজ করে। অর্থাৎ এই বাক্যে 'still' দ্বারা এখনও যা সময়কে বুঝাচ্ছে। তাই এটি হচ্ছে Adverb। কারণ এখানে 'still' দ্বারা কাজ সম্পর্কে ধারনা পাওয়া যাচ্ছে।

৫৪. He kept the fast for a week. এখানে 'fast' শব্দটি-

ক. Noun খ. Pronoun
গ. Adjective ঘ. Adverb

উত্তর ✓ ক ব্যাখ্যা 'fast' শব্দটি প্রশ্ন প্রদত্ত বাক্যে noun হিসেবে ব্যবহৃত হয়েছে। noun হিসেবে 'fast' শব্দটির অর্থ হচ্ছে- উপবাস/ রোজা/ উপোস। বাক্যটির অর্থ তিনি এক সপ্তাহ রোজা রেখেছেন।

৫৫. টেস্ট র‍্যাঙ্কিংয়ে অস্ট্রেলিয়ার অবস্থান এখন কত?

ক. ২য় খ. ৩য়
গ. ৪র্থ ঘ. ৫ম

উত্তর ✓ খ ব্যাখ্যা আগস্ট ২০১৮ অনুযায়ী আইসিসি টেস্ট র‍্যাংকিং-

অবস্থান	দলের নাম
প্রথম	ভারত
দ্বিতীয়	দক্ষিণ আফ্রিকা
তৃতীয়	অস্ট্রেলিয়া
চতুর্থ	নিউজিল্যান্ড
পঞ্চম	ইংল্যান্ড
নবম	বাংলাদেশ

৫৬. পটাশিয়াম সবচেয়ে বেশি পাওয়া যায় কোন ফলে?

ক. পাকা কলায় খ. পেয়ারায়
গ. জামে ঘ. ডাবে উত্তর ঘ

৫৭. 'জমীদার দর্পণ' নাটকটি কে লিখেছেন?

ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. মীর মশাররফ হোসেন
গ. নূরুল মোমেন ঘ. কল্যাণ মিত্র উত্তর খ

৫৮. 'অয়োময়' নাটকটি কে রচনা করেছেন?

ক. হুমায়ূন আহমেদ খ. রাবেয়া খাতুন
গ. সৈয়দ শামসুল হক ঘ. জিয়া হায়দার

উত্তর ✓ ক ব্যাখ্যা 'অয়োময়' ছাড়াও হুমায়ূন আহমেদের বিখ্যাত কীর্তি হচ্ছে- বহুব্রীহি, বৃহন্নলা, দারুচিনির দ্বীপ, আগুনের পরশমণি, শ্যামল ছায়া ইত্যাদি।

৫৯. যদি ৬টি ঘোড়া ৪ দিনে ৩০ সের ছোলা খায়, তবে ১০টি ঘোড়া ঐ সময়ে কত সের ছোলা খাবে?

ক. ৪০ সের খ. ৪৫ সের
গ. ৫০ সের ঘ. ৬৬ সের

উত্তর ✓ গ ব্যাখ্যা ৬টি ঘোড়া ৪ দিনে ছোলা খায় = ৩০ সের

∴ ১ " " ৪ " " " $= \frac{৩০}{৬}$ "

∴ ১০ " " ৪ " " " $= \frac{৩০ \times ১০}{৬}$

$= ৫০$ সের

৬০. একটি গাড়ি প্রতি লিটার পেট্রোলে ৮ কিলোমিটার যায় এবং কোনো এক স্থানে পৌঁছাতে ১৮ লিটার তেল খরচ হয়। যদি গাড়িটি প্রতি লিটার তেলে ৯ কিলোমিটার চলতো, তবে কী পরিমাণ পেট্রোল কম লাগতো?

ক. ১ লিটার খ. ১.৫ লিটার
গ. ২ লিটার ঘ. ২.৫ লিটার

উত্তর ✓ গ ব্যাখ্যা ১ লিটারে যায় = ৮ কি.মি

∴ ১৮ " " = ১৮ × ৮ = ১৪৪ কি.মি

আবার,

৯ কি.মি যেতে লাগে = ১ লিটার

∴ ১ " " " $= \frac{১}{৯}$ "

∴ ১৪৪ " " " $= \frac{১ \times ১৪৪}{৯}$ "

$= ১৬$ লিটার

সুতরাং, পেট্রোল কম লাগত = ১৮ – ১৬ = ২ লিটার।

www.exambd.net

৬১. কোন বানানটি শুদ্ধ?
ক. Beligarent খ. Beligerent
গ. Belligerent ঘ. Belijerent
উত্তর✓ গ অপশনগুলোর মধ্যে শুদ্ধ বানান হচ্ছে– Belligerent যার অর্থ যুদ্ধরত বা যুদ্ধমান।

৬২. কোনটি শুদ্ধ বানান?
ক. Conquerer খ. Conqueror
গ. Conqaror ঘ. Conqarer
উত্তর✓ খ Conqueror অর্থ বিজয়ী।

৬৩. লেবু গাছ কোন জাতীয় উদ্ভিদ?
ক. বৃক্ষ খ. গুল্ম
গ. বিরুৎ ঘ. কোনোটিই নয় **উত্তর খ**

৬৪. এনজিওপ্লাস্টি হচ্ছে–
ক. হৃৎপিণ্ডের মৃত টিস্যু কেটে ফেলে দেয়া
খ. হৃৎপিণ্ডের টিস্যুতে নতুন টিস্যু সংযোজন
গ. হৃৎপিণ্ডের বন্ধ শিরা বেলুনের সাহায্যে ফুলানো
ঘ. হৃৎপিণ্ডের নতুন শিরা সংযোজন **উত্তর গ**

৬৫. সব ঝিনুকে মুক্তা পাওয়া যায় না'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় ২য়া খ. কর্মে ২য়া
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী **উত্তর গ**

৬৬. ভাইয়ে ভাইয়ে বেশ মিল- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় ২য়া খ. কর্তায় ২য়া
গ. কর্মে ২য়া ঘ. কর্তায় ৭মী **উত্তর ঘ**

৬৭. একজন বোলার গড়ে ১৪ রান দিয়ে ১২টি উইকেট পান। পরবর্তী খেলায় গড়ে ৬ রান দিয়ে ৪টি উইকেট পান। এখন তার উইকেট প্রতি গড় রান কত?
ক. ৯ খ. ১০
গ. ১২ ঘ. ১৪
উত্তর✓ গ ১২ উইকেটে গড় রান = ১৪
∴ ১২ উইকেটে মোট রান = ১৪ × ১২ = ১৬৮
৪ উইকেটে গড় রান = ৬
∴ ৪ " মোট রান = ৬ × ৪ = ২৪
∴ ১২ + ৪ = ১৬ উইকেটে মোট রান = ১৬৮ + ২৪ = ১৯২
∴ ১৬ উইকেটে গড় রান = $\frac{১৯২}{১৬}$ = ১২

৬৮. p সংখ্যক সংখ্যার গড় m এবং q সংখ্যক সংখ্যার গড় n। সবগুলো সংখ্যার গড় কত?
ক. $\frac{p+q}{2}$ খ. $\frac{m+n}{2}$
গ. $\frac{pm+qn}{p+q}$ ঘ. $\frac{pm+qn}{m+n}$
উত্তর✓ গ p সংখ্যক সংখ্যার গড় = m
∴ p সংখ্যক সংখ্যার মোট = mp
q সংখ্যক সংখ্যার গড় = n
∴ q সংখ্যক সংখ্যার মোট = nq
∴ p + q সংখ্যক সংখ্যার মোট = mp + nq
∴ p + q " " গড় = $\frac{mp+nq}{p+q}$ $\frac{pm+qn}{p+q}$

৬৯. কোনটি শুদ্ধ বানান?
ক. Chrysanthemum খ. Chrysanthemam
গ. Krysanthemum ঘ. Chrysenthimum
উত্তর✓ ক অপশনগুলোর মধ্যে শুদ্ধ বানান হচ্ছে– 'Chrysanthemum' যার অর্থ হেমন্তে ও শীতে ফোটা উদ্যানফুল।

৭০. কোন বানানটি শুদ্ধ?
ক. Superstitius খ. Supertitious
গ. Superstitious ঘ. Supperstitious **উত্তর গ**

৭১. কোনটি ব্যতিহার বহুব্রীহি সমাসের উদাহরণ?
ক. কাজ-কর্ম খ. খাসমহল
গ. মুখোমুখি ঘ. উপকূল
উত্তর✓ খ মুখোমুখি (সামনাসামনি) যে অবস্থান- মুখোমুখি, এটি ব্যতিহার বহুব্রীহি সমাসের উদাহরণ। কাজ ও কর্ম - কাজকর্ম, দ্বন্দ্ব সমাস। খাস যে মহল - খাসমহল (কর্মধারয়)। কূলের সমীপে - উপকূল (অব্যয়ীভাব সমাস)।

৭২. কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ?
ক. পলান্ন খ. মণ্ডা - মাছি
গ. বেহায়া ঘ. চিরসুখী **উত্তর ক**

৭৩. একটি জিনিস বিক্রি করে বিক্রেতা ক্রয়মূল্যের ৩৫% লাভ করেন। মোট ২৮০ টাকা লাভ হলে জিনিসটির বিক্রয়মূল্য কত?
ক. ৯৮০ টাকা খ. ১০৪০ টাকা
গ. ১০৮০ টাকা ঘ. ১১০০ টাকা **উত্তর গ**

৭৪. একজন বিক্রেতা শার্টের গায়ে লিখিত বিক্রয় মূল্য ৯০ টাকার উপর ১৫% ডিসকাউন্ট দেন। শার্টটির ক্রয়মূল্য কত?
ক. ৭০.০০ টাকা খ. ৭২.৫০ টাকা
গ. ৭৫.০০ টাকা ঘ. ৭৬.৫০ টাকা **উত্তর ঘ**

৭৫. 'You will be helped by me'– বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে–
ক. I shall have helped you খ. I should help you
গ. I shall help you ঘ. I must help you **উত্তর গ**

৭৬. 'He is going to set up a school'– বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে–
ক. A school is going to be set up by him
খ. A school is being set up by him
গ. A school is gone to be set up by him
ঘ. A school has been going to be set up by him
উত্তর✓ ক প্রশ্নে প্রদত্ত বাক্যটিকে Passive করার নিয়ম নিম্নরূপ: Active এর Object কে Subject হিসেবে ব্যবহার (A school) + modal (is going to) + be + Vpp'V3 (set up) + by +Subject এর object form (He এর স্থলে him)।

৭৭. রেক্টিফাইড স্পিরিট হলো-
ক. ৮০% ইথাইল এলকোহল + ২০% পানি
খ. ৯০% ইথাইল এলকোহল + ১০% পানি
গ. ৯২% ইথাইল এলকোহল + ৮% পানি
ঘ. ৯৫% ইথাইল এলকোহল + ৫% পানি **উত্তর ঘ**

৭৮. প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান হলো-
ক. মিথেন খ. নাইট্রোজেন গ্যাস
গ. হাইড্রোজেন গ্যাস ঘ. কার্বন মনোক্সাইড **উত্তর ক**

৭৯. 'পৃথিবী' এর প্রতিশব্দ নয় কোনটি?
ক. মেদিনী খ. প্রসূন
গ. অবনী ঘ. ধরণী **উত্তর খ**

৮০. 'সমুদ্র' এর সমার্থক শব্দ কোনটি?
ক. অনিল খ. জলধর
গ. পাথার ঘ. মাতঙ্গ **উত্তর গ**



৮৫

প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০৯

সেট : ১ | [কোড : শিউলী] | সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
তারিখ : ১১.০৯.২০০৯ | পূর্ণমান : ৮০

০১. 'ভাটিয়ালী' কোন অঞ্চলের গান?
ক. রংপুর খ. দিনাজপুর
গ. ময়মনসিংহ ঘ. বরিশাল
উত্তর ✓ গ

গানের নাম	অঞ্চল
ভাটিয়ালী	ময়মনসিংহ, সিলেট অঞ্চলের গান।
ভাওয়াইয়া ও চটকা	রংপুর অঞ্চলের গান।
গম্ভীরা	বৃহত্তর রাজশাহী অঞ্চলের গান।

০২. মাইকেল এঞ্জেলো কোন্ দেশের শিল্পী?
ক. ইতালী খ. সুইডেন
গ. জার্মান ঘ. ফ্রান্স
উত্তর ✓ ক মাইকেল অ্যাঞ্জেলো ৬ মার্চ ১৪৭৫ সালে ইতালিতে জন্মগ্রহণ করে। তিনি একাধারে ভাস্কর, চিত্রকর, স্থপতি এবং কবি। তার বিখ্যাত ভাস্কর্য ও স্থাপত্য মোসেজ, পিয়েটা, ডেভিড ইত্যাদি। তিনি ১৮ ফেব্রুয়ারি ১৫৬৪ সালে মৃত্যুবরণ করেন।

০৩. একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহু দুইটির দৈর্ঘ্য ৫ মিটার ও ৭ মিটার। এর ক্ষেত্রফল ৪৮ বর্গমিটার হলে, বাহু দুইটির মধ্যবর্তী লম্ব দূরত্ব কত হবে?
ক. ৬ বর্গমিটার খ. ৮ বর্গমিটার
গ. ৯ বর্গমিটার ঘ. ১০ বর্গমিটার
উত্তর ✓ খ

ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ (সমান্তরাল বাহুদ্বয়ের সমষ্টি) $\times$ লম্বদূরত্ব

বা, $৪৮ = \frac{১}{২} \times (৫ + ৭) \times$ লম্বদূরত্ব

$\therefore$ লম্বদূরত্ব $= \frac{৪৮ \times ২}{১২} = ৮$ মিটার

০৪. কোন বানানটি শুদ্ধ?
ক. আদ্যোক্ষর খ. আদ্যাক্ষর
গ. আদ্যাক্ষর ঘ. আদ্যক্ষর
উত্তর ঘ

০৫. স্বাধীনতা যুদ্ধে অবদান রাখার জন্য কতজন মহিলা 'বীর প্রতীক' উপাধি পান?
ক. ১ জন খ. ২ জন
গ. ৩ জন ঘ. কেউ না
উত্তর ✓ খ স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য ২ জন মহিলা 'বীর প্রতীক' খেতাব পান। ডা. সেতারা বেগম এবং তারামন বিবি। ক্যাপ্টেন ডা. সেতারা বেগম সেনাবাহিনীতে কর্মরত ছিলেন। তিনি ১৯৪৬ সালে কিশোরগঞ্জে জন্মগ্রহণ করেন। তিনি মুক্তিযুদ্ধে ২নং সেক্টরে অংশগ্রহণ করেন। তার বীর প্রতীক খেতাব নম্বর ১৫।
তারামন বিবি ১৯৫৭ সালে কুড়িগ্রামের রাজিবপুরে জন্মগ্রহণ করেন। তিনি মুক্তিযুদ্ধে ১১ নং সেক্টরে অংশগ্রহণ করেন। তারামন বিবিকে স্বাধীনতার ২৪ বছর পর, ১৯ ডিসেম্বর ১৯৯৫ সালে তৎকালীন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া আনুষ্ঠানিকভাবে 'বীরপ্রতীক' খেতাব প্রদান করেন। তার খেতাব নম্বর ৩৯৪।

০৬. ছয়-দফা দাবী প্রথম উত্থাপন করা হয় কোথায়?
ক. ঢাকায় খ. চট্টগ্রামে
গ. লাহোরে ঘ. ইসলামাবাদে
উত্তর ✓ গ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান লাহোরে ৫ ফেব্রুয়ারি ১৯৬৬ সালে প্রথম ছয় দফা ঘোষণা করেন। ছয় দফা ঘোষিত হয় লাহোর প্রস্তাবের ভিত্তিতে। ছয় দফার প্রথম দফা ছিলো প্রাদেশিক স্বায়ত্তশাসন।

০৭. 'Loaves and fishes'– phraseটির অর্থ হলো–
ক. Personal gains খ. Personal loss
গ. Bread with fishes ঘ. None
উত্তর ✓ ক Loaves and fishes অর্থ ব্যক্তিগত লাভ। personal gains অর্থ ব্যক্তিগত লাভ, ব্যক্তিস্বার্থ। যেমন - He eyed only for the loaves and fishes or office.

০৮. 'By fair means or foul'– phraseটির অর্থ হল–
ক. Without difficulty
খ. In any way, honest or dishonest
গ. Without using common sense
ঘ. Having been instigated
উত্তর ✓ খ By fair means or foul অর্থ 'ন্যায় বা অন্যায় যেভাবেই হোক না কেন'। যেমন: He will achieve his objectives by fair means or foul.

০৯. সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য ৬ মিটার হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল হবে–
ক. $৮\sqrt{৩}$ বর্গমিটার খ. $৯\sqrt{৩}$ বর্গমিটার
গ. $১২\sqrt{৩}$ বর্গমিটার ঘ. $১৬\sqrt{৩}$ বর্গমিটার
উত্তর ✓ খ আমরা জানি,
সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য a মিটার হলে-

$$\text{ক্ষেত্রফল} = \frac{\sqrt{৩}a^২}{৪}$$

$\therefore$ উক্ত ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{৩} \times ৬^২}{৪} = \frac{\sqrt{৩} \times ৩৬}{৪} = ৯\sqrt{৩}$ ব.মি.

১০. ত্রিভুজের যে-কোনো দুইটি বহিঃস্থ কোণের সমষ্টি হবে–
ক. দুই সমকোণ অপেক্ষা ক্ষুদ্রতর
খ. দুই সমকোণ সমান
গ. দুই সমকোণ অপেক্ষা বৃহত্তর
ঘ. উপরের কোনোটিই নয়
উত্তর গ

১১. কোনটি শুদ্ধ বানান?
ক. প্রণিপাত খ. নির্মান
গ. কৃপান ঘ. রূপায়ন
উত্তর ✓ ক কয়েকটি শুদ্ধ বানান : প্রণিপাত, নির্মাণ, রূপায়ণ, কৃপাণ, ধরন প্রেরণ, গ্রহণ, ধারণা।

১২. কোনটি শুদ্ধ বানান?
ক. ধরন খ. ধারনা
গ. গ্রহন ঘ. প্রেরন
উত্তর ক

১৩. মুক্তিযুদ্ধের সময় ব্রিগেড আকারে মোট কয়টি ফোর্স গঠিত হয়েছিল?
ক. ২টি খ. ৩টি
গ. ৪টি ঘ. ৫টি
উত্তর ✓ খ প্রধান সেনাপতি কর্নেল এম এ জি ওসমানী সেনাবাহিনীর সদস্যদের নিয়ে তিনটি ব্রিগেড গঠন করেন।

ব্রিগেড	গঠন	অধিনায়ক
জেড ফোর্স	৭ জুলাই ১৯৭১	লে. কর্নেল জিয়াউর রহমান
কে ফোর্স	সেপ্টেম্বর ১৯৭১	লে. কর্নেল খালেদ মোশাররফ
এস ফোর্স	অক্টোবর ১৯৭১	লে. কর্নেল কে এম সফিউল্লাহ

১৪. মুক্তিযুদ্ধকালে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়?
ক. নয় খ. দশ
গ. এগার ঘ. বার
উত্তর ✓ গ ব্যাখ্যা ১৯৭১ সালের ১১ জুলাই সারাদেশকে ১১ টি সেক্টরে বিভক্ত করা হয়। বিভক্ত করেন প্রধান সেনাপতি কর্নেল এম এ জি ওসমানী। মুক্তিযুদ্ধে সাব- সেক্টর ছিল ৬৪ টি।

১৫. 'Break' এর সমার্থক শব্দ কোন্‌টি?
ক. Unite খ. Smash
গ. Join ঘ. Assembled
উত্তর ✓ খ ব্যাখ্যা Break শব্দের অর্থ ভাঙ্গা, ভগ্ন করা। smash শব্দের অর্থ চূর্ণীকরণ, ভাঙ্গা। Unite অর্থ একত্রিত করা।

১৬. 'Calm'-এর সমার্থক শব্দ কোন্‌টি?
ক. Angry খ. Quiet
গ. Agitated ঘ. Irritated
উত্তর ✓ খ ব্যাখ্যা

calm - শান্ত, ভদ্র	Quiet - শান্ত, স্থির
Angry - রাগন্বিত	Agitated - ক্ষুব্ধ

১৭. কোনো বছরে একটি গ্রামের লোকসংখ্যা ১২% বাড়ে। বছরের শেষে লোকসংখ্যা ৩৩৬০ হলে, বছরের শুরুতে লোকসংখ্যা কত ছিল?
ক. ২৮০০ খ. ২৯০০
গ. ৩০০০ ঘ. ৩০৫০
উত্তর ✓ গ ব্যাখ্যা ১২% বাড়াতে
বছরের শেষে ১১২ জন হলে শুরুতে ছিল = ১০০ জন
∴ " ১ " " " " $= \frac{১০০}{১১২}$ "
∴ " ৩৩৬০ " " " " $= \frac{১০০ \times ৩৩৬০}{১১২}$ "
= ৩০০০ জন।

১৮. 'অহরহ' এর সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. অহ + রহ খ. অহঃ + রহ
গ. আহঃ + রহ ঘ. অহঃ + অহ
উত্তর ✓ ঘ ব্যাখ্যা অহঃ+অহ = অহরহ; এটি নিপাতনে সিদ্ধ বিসর্গসন্ধি।

১৯. 'উচ্ছ্বাস' শব্দের সন্ধিবিচ্ছেদ হচ্ছে–
ক. উত + চ্ছাস খ. উৎ + ছাস
গ. উৎ + শ্বাস ঘ. উৎ + চ্ছাস
উত্তর ✓ গ ব্যাখ্যা উৎ + শ্বাস = উচ্ছ্বাস ; এটি ব্যঞ্জনসন্ধি।

২০. ইবনে বতুতা কোন্ শতকে বাংলাদেশে আসেন?
ক. চতুর্দশ খ. পঞ্চদশ
গ. সপ্তদশ ঘ. অষ্টাদশ
উত্তর ✓ ক ব্যাখ্যা ইবনে বতুতা বিখ্যাত মুসলিম পর্যটক। তিনি ১৩০৪ সালে মরক্কোয় জন্মগ্রহণ করেন। তিনি ১৩৪৫ সালে বাংলাদেশে আসেন ফখরুদ্দিন মুবারক শাহের রাজত্বকালে।

২১. লালবাগ কেল্লার নির্মাণ কাজ আরম্ভ করেন কে?
ক. শায়েস্তা খান খ. যুবরাজ মোহাম্মদ আযম
গ. হোসেন শাহ ঘ. সুবাদার ইসলাম খান
উত্তর ✓ খ ব্যাখ্যা লালবাগ কেল্লার আদি নাম আওরঙ্গবাদ দুর্গ। সম্রাট আওরঙ্গজেবের পুত্র যুবরাজ মোহম্মদ আজম শাহ ১৬৭৮ সালে লালবাগ কেল্লার নির্মাণ কাজ শুরু করেন। নির্মাণ কাজ শেষ করেন সুবাদার শায়েস্তা খান।

২২. He did not profit —— experience– বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে
ক. by খ. in
গ. with ঘ. on
উত্তর ✓ ক ব্যাখ্যা Profit by অর্থ লাভবান হওয়া। বাক্যটির অর্থ 'সে অজ্ঞতার দ্বারা কোনো লাভবান হয়নি'।

২৩. He despaired —— success – বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. in খ. of
গ. with ঘ. at
উত্তর ✓ খ ব্যাখ্যা Despaired of মানে হতাশ, নিরাশ। বাক্যটির অর্থ সে সফলতার ব্যাপারে নিরাশ।

২৪. ২১ গ্যালন অকটেন মিশ্রিত পেট্রোলে, পেট্রোল ও অকটেনের অনুপাত ৪ ঃ ৩। এতে আর কত অকটেন মিশারে পেট্রোল ও অকটেনের অনুপাত ৩ ঃ ৪ হবে?
ক. ৩ গ্যালন খ. ৪ গ্যালন
গ. ৬ গ্যালন ঘ. ৭ গ্যালন
উত্তর ✓ ঘ ব্যাখ্যা অনুপাতদ্বয়ের যোগফল = ৪ + ৩ = ৭
পেট্রোলের পরিমাণ $= \frac{৪}{৭} \times ২১ = ১২$ গ্যালন
অকটেনের পরিমাণ $= \frac{৩}{৭} \times ২১ = ৯$ গ্যালন
নতুন মিশ্রণে পেট্রোল ৩ গ্যালন হলে অকটেন ৪ গ্যালন
∴ " " " ১২ " " $\frac{৪ \times ১২}{৩}$ "
অকটেন মিশাতে হবে = ১৬ – ৯ = ৭ গ্যালন।

২৫. এক ভাই ও বোন তাদের সংগৃহীত ৫০০০ ডাক টিকেট নিজেদের মধ্যে ৫ ঃ ৩ অনুপাতে ভাগ করে। ভাই তার অংশের ডাক টিকেট নিজের জন্য বেশি অংশ রেখে তার দুই বন্ধুর সঙ্গে ৩ ঃ ১ ঃ ১ অনুপাতে ভাগ করলে, তার প্রত্যেক বন্ধু কতটি ডাক টিকেট পাবে?
ক. ৫৭৫ খ. ৬০০
গ. ৬২৫ ঘ. ৬৫০
উত্তর ✓ গ ব্যাখ্যা ভাই টিকেট পাবে $= \frac{৫}{৫+৩} \times ৫০০০ = ৩১২৫$
প্রত্যেক বন্ধু টিকেট পাবে $= \frac{১}{৩+১+১} \times ৩১২৫ = ৬২৫$

২৬. 'প্রাচীন' এর বিপরীতার্থক শব্দ কী?
ক. নতুন খ. বর্তমান
গ. অর্বাচীন ঘ. কোনোটিই নয
উত্তর ✓ গ

২৭. ভৈরব ব্রীজ কোন নদীর উপর অবস্থিত?
ক. ব্রহ্মপুত্র খ. সুরমা
গ. কুশিয়ারা ঘ. মেঘনা
উত্তর ✓ ঘ ব্যাখ্যা ভৈরব সেতু মেঘনা নদীর উপর অবস্থিত। এটি কিশোরগঞ্জ জেলার ভৈরব বাজারে অবস্থিত। এই সেতুর দৈর্ঘ্য ১২০০ মিটার, প্রস্থ ১৯.৬০ মিটার। ভৈরব সেতুর অপর নাম বাংলাদেশ - যুক্তরাজ্য মৈত্রী সেতু।

২৮. আমেরিকাকে এশিয়া থেকে পৃথক করেছে কোন্ প্রণালি?
ক. পক খ. জিব্রাল্টার
গ. হরমুজ ঘ. বেরিং
উত্তর ✓ খ ব্যাখ্যা

প্রণালির নাম	পৃথক করেছে	সংযুক্ত করেছে
পক প্রণালি	ভারত- শ্রীলংকা	ভারত মহাসাগর- আরব সাগর
জিব্রাল্টার প্রণালি	আফ্রিকা- ইউরোপ	উত্তর আটলান্টিক- ভূমধ্যসাগর
হরমুজ প্রণালি	আরব- ইরান	পারস্য উপসাগর- ওমান উপসাগর
বেরিং প্রণালি	উত্তর আমেরিকা- এশিয়া	উত্তর সাগর - বেরিং সাগর

www.exambd.net

২৯. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. I have read the first and second chapters of the book.
খ. This is the most unique opportunity
গ. Four soldiers were wounded and one killed
ঘ. Let him to know all in details
উত্তর✓ ক ব্যাখ্যা এখানে the second থাকলে বাক্যটি (ক) শুদ্ধ হতো। (খ) এখানে শুধু Unique হবে, The most unique হবে না। (গ) One killed হবে না। (ঘ) let him to know হবে না।

৩০. নিচের কোন্ বাক্যটি শুদ্ধ?
ক. Honour and glory are his reward
খ. Either you or he is to blame
গ. This is the same book which he lost
ঘ. He has written no less than four letters
উত্তর✓ খ ব্যাখ্যা অপশন (ক), (গ) ও (ঘ) সঠিক নয়। (খ) বাক্যটি ব্যাকরণগতভাবে শুদ্ধ।

৩১. $\frac{০.২ \times ০.০২ \times ০.০০২}{০.১ \times ০.০৪}$ **-এর মান কত?**
ক. ০.১ খ. ০.২
গ. ০.০২ ঘ. ০.০০২
উত্তর✓ ঘ ব্যাখ্যা $\frac{০.২ \times ০.০২ \times ০.০০২}{০.১ \times ০.০৪} = \frac{০.০০০০০৮}{০.০০৪}$

$= \frac{৮ \times ১০০০}{৪ \times ১০০০০০০} = \frac{২}{১০০০} = ০.০০২$

৩২. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোন্‌টি ক্ষুদ্রতম?
ক. $\frac{৩}{৫}$ খ. $\frac{৩}{৭}$
গ. $\frac{৪}{৯}$ ঘ. $\frac{৫}{১১}$
উত্তর✓ খ ব্যাখ্যা নিচের মত করে দুটি ভগ্নাংশের আড়গুণ করলে যদি লব বড় হয় তাহলে প্রথম ভগ্নাংশটি বড়, হর বড় হলে দ্বিতীয় ভগ্নাংশটি বড়।

$\frac{৩}{৫} \times \frac{৩}{৭} \Rightarrow \frac{২১}{১৫}$; লব বড়, তাই $\frac{৩}{৫}$ বড়, $\frac{৩}{৭}$ ছোট

$\frac{৩}{৭} \times \frac{৪}{৯} \Rightarrow \frac{২৭}{২৮}$; হর বড়, তাই $\frac{৪}{৯}$ বড়, $\frac{৩}{৭}$ ছোট

গ. $\frac{৩}{৭} \times \frac{৫}{১১} \Rightarrow \frac{৩৩}{৩৫}$; হর বড় তাই $\frac{৫}{১১}$ বড়, $\frac{৩}{৭}$ ছোট।

সুতরাং $\frac{৩}{৭}$ সব থেকে ক্ষুদ্রতম।

৩৩. 'সঙ্কুচিত' এর বিপরীতার্থক শব্দ কী?
ক. চওড়া খ. প্রসারিত
গ. প্রশস্ত ঘ. বিস্তৃত
উত্তর খ

৩৪. 'জঙ্গম' এর বিপরীতার্থক শব্দ কী?
ক. অরণ্য খ. পর্বত
গ. স্থাবর ঘ. সমুদ্র
উত্তর গ


৩৫. সূর্যের নিকটতম গ্রহ কোন্‌টি?
ক. শনি খ. বুধ
গ. বৃহস্পতি ঘ. মঙ্গল
উত্তর খ

৩৬. সমুদ্র পৃষ্ঠে বায়ুর স্বাভাবিক চাপ কত?
ক. ৭২ সেন্টিমিটার খ. ৭৪ সেন্টিমিটার
গ. ৭৬ সেন্টিমিটার ঘ. ৭৭ সেন্টিমিটার
উত্তর গ

৩৭. 'Rafiq called me a liar'–বাক্যটির direct speech হবে–
ক. Rafiq said to me, 'You were a liar'.
খ. Rafiq says to me, 'You are a liar'.
গ. Rafiq told me, 'You are a liar.'
ঘ. Rafiq said to me 'You are a liar.'
উত্তর✓ ঘ ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে সঠিক direct speech হচ্ছে 'Rafiq said to me', you are a lair.


৩৮. I said to him, 'Will you follow me?' বাক্যটির indirect speech হবে–
ক. I said to him if he would follow me
খ. I asked him if he would follow me
গ. I asked him if he will follow me
ঘ. I asked to him if he would follow me
উত্তর✓ খ ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে সঠিক indirect speech হবে I asked him if he would follow me অন্যান্য অপশনগুলো সঠিক নয়।

৩৯. ২, ৬, ১২, ২০, ... ধারাটির নবম পদ হবে–
ক. ৮০ খ. ৮৪
গ. ৮৬ ঘ. ৯০
উত্তর✓ ঘ ব্যাখ্যা



সুতরাং নবম পদ হবে ৯০।

৪০. ২, ৫, ১১, ২০, ... ধারাটি নবম পদ হবে–
ক. ৮৬ খ. ১১০
গ. ১২৭ ঘ. ১৫০
উত্তর✓ খ ব্যাখ্যা



সুতরাং নবম পদ হবে ১১০।

৪১. 'ফুল' এর সমার্থক শব্দ কোন্‌টি?
ক. ফুলশর খ. রঙ্গনা
গ. অলি ঘ. অহি
উত্তর ঘ

৪২. কোনটি 'মেঘ' এর প্রতিশব্দ নয়?
ক. জলদ খ. বারিদ
গ. জীমূত ঘ. আন্তরীক্ষ
উত্তর ঘ

৪৩. যে সব নিউক্লিয়াসের প্রোটন সংখ্যা সমান কিন্তু ভর সংখ্যা সমান নয়, তাদের বলে–
ক. আইসোমার খ. আইসোবার
গ. আইসোটোপ ঘ. আইসোটোন
উত্তর গ

৪৪. কোন মাটিতে মোটামুটি সমান পরিমাণে বালি, পলি ও কাদা থাকে?
ক. বেলে মাটি খ. পলি মাটি
গ. দো-আঁশ মাটি ঘ. এঁটেল মাটি
উত্তর গ

৪৫. 'He is thought to be a teacher'– বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে–
ক. We thought him to be a teacher
খ. We think him to be a teacher
গ. We think him a teacher
ঘ. We though him a teacher
উত্তর✓ খ ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর (ক), (গ) ও (ঘ) সঠিক নয়। সঠিক হচ্ছে we think him to be a teacher.

www.exambd.net

৪৬. 'I know that he did the work'– বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে–
ক. It was known to me that the work was done by him.
খ. It is known to me that the work was done by him.
গ. It was known to me that the work has been done by him.
ঘ. It was known to me that the work had been done by him.
উত্তর✓ খ ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে passive voice করার নিয়মানুযায়ী সঠিক উত্তর It is know to me that the work was done by him.

৪৭. একজন খুচরা বিক্রেতা পাইকারী বিক্রেতা থেকে ৭৫ টাকায় একটি জিনিস কেনেন। এর সাথে $\frac{১}{৩}$ মূল্য যোগ করে জিনিসটির মোট মূল্য নির্ধারণ করেন এবং পরে ২০% ডিসকাউন্টে জিনিসটি বিক্রি করেন। তিনি মোট কত লাভ করেন?
ক. ৫.০০ টাকা খ. ৬.২৫ টাকা
গ. ৭.৫০ টাকা ঘ. ১০.০০ টাকা উত্তর ক

৪৮. একটি জিনিস বিক্রি করে বিক্রেতা ক্রয়মূল্যের ৩৫% লাভ করেন। মোট ২৮০ টাকা লাভ হলে, জিনিসটির ক্রয়মূল্য কত?
ক. ৭৫০ টাকা খ. ৮০০ টাকা
গ. ৮৩০ টাকা ঘ. ৮৫০ টাকা
উত্তর✓ খ ব্যাখ্যা ৩৫ টাকা লাভ হলে ক্রয়মূল্য ১০০ টাকা
∴ ২৮০ " " " " $\frac{১০০ \times ২৮০}{৩৫}$ " = ৮০০ টাকা

৪৯. 'কানাকানি' কোন্ সমাস?
ক. তৎপুরুষ খ. বহুব্রীহি
গ. অব্যয়ীভাব ঘ. দ্বন্দ্ব
উত্তর✓ খ ব্যাখ্যা কানে কানে যে কথা = কানাকানি ; এটি ব্যতিহার বহুব্রীহি সমাস।

৫০. 'মহর্ষি' কোন্ সমাস?
ক. দ্বন্দ্ব খ. সাধারণ কর্মধারয়
গ. তৎপুরুষ ঘ. দ্বিগু
উত্তর✓ খ ব্যাখ্যা মহৎ যে ঋষি = মহর্ষি; এটি সাধারণ কর্মধারয় সমাস।

৫১. কোন্ বানানটি শুদ্ধ?
ক. Surveilance খ. Surveillance
গ. Sarveillance ঘ. Surveillence
উত্তর✓ খ ব্যাখ্যা Surveillance শব্দের অর্থ নজরদারি, অতন্দ্র তত্ত্বাবধান, পাহারা।

৫২. কোন্ বানানটি শুদ্ধ?
ক. Caleidoscope খ. Kalaidoscope
গ. Caleidoskope ঘ. Kaleidoscope
উত্তর✓ ঘ ব্যাখ্যা অপশনগুলোর মধ্যে সঠিক উত্তর হচ্ছে Kaleidoscope (বাহুরূপদর্শন, যাদু-নল)।

৫৩. x-সংখ্যক ছেলের বয়সের গড় y বছর এবং a সংখ্যক ছেলের বয়সের গড় b বছর। সব ছেলের বয়সের গড় কত?
ক. $\frac{x + a}{2}$ খ. $\frac{y + b}{2}$
গ. $\frac{xy + ab}{y + b}$ ঘ. $\frac{xy + ab}{x + a}$
উত্তর✓ ঘ ব্যাখ্যা x সংখ্যক ছেলের গড় বয়স y বছর
x " " " মোট = xy বছর
a সংখ্যক ছেলের গড় বয়স b বছর
a " " মোট " = ab "
∴ সব ছেলের বয়সের গড় = $\frac{xy + ab}{x + a}$ বছর।

৫৪. একজন বোলার গড়ে ১৮ রান দিয়ে ১০টি উইকেট পান। পরবর্তী খেলায় গড়ে ৪ রান দিয়ে ৪টি উইকেট পান। এখন তার উইকেট প্রতি গড় রান কত?
ক. ১২ খ. ১৪
গ. ১৬ ঘ. ১৮
উত্তর✓ খ ব্যাখ্যা ১০ উইকেটের জন্য দেন = ১৮ × ১০ রান
= ১৮০ রান
পরবর্তী ৪ উইকেটের জন্য = ৪ × ৪ = ১৬
মোট উইকেট পান = ১০ + ৪ = ১৪
মোট রান দেন = ১৮০ + ১৬ = ১৯৬
∴ উইকেট প্রতি গড় রান = $\frac{১৯৬}{১৪}$ = ১৪

৫৫. 'কালির দাগ দাও'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ২য়া খ. করণে ৬ষ্ঠী
গ. অপাদানে ৬ষ্ঠী ঘ. অধিকরণে ৬ষ্ঠী উত্তর খ

৫৬. 'গাড়ী স্টেশন ছাড়ল' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য
গ. করণে শূন্য ঘ. অপাদানে শূন্য উত্তর ঘ

৫৭. শূন্য ঘরের চেয়ে লোক ভর্তি ঘরে শব্দ কম হয়, কারণ–
ক. শূন্য ঘর নীরব থাকে
খ. লোক ভর্তি ঘরে মানুষের সোরগোল হয়
গ. শূন্য ঘরে শব্দের শোষণ বেশি হয়
ঘ. শূন্য ঘরে শব্দের শোষণ কম হয় উত্তর ঘ

৫৮. কোন ভিটামিনের অভাবে ঠোঁটে ও জিহ্বায় ঘা হয়?
ক. ভিটামিন 'এ' খ. 'বি'
গ. 'সি' ঘ. 'ডি' উত্তর খ

৫৯. কোনটি শুদ্ধ বানান?
ক. Inkandescent খ. Incandecent
গ. Incandiscent ঘ. Incandescent
উত্তর✓ ঘ ব্যাখ্যা Incandescent অর্থ জ্বলজ্বলে, ভাস্বর।

৬০. কোন বানানটি শুদ্ধ?
ক. Missionery খ. Missionary
গ. Misionery ঘ. Misionary
উত্তর✓ খ ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে সঠিক উত্তর হচ্ছে Missionary (ধর্ম প্রচারক)।

৬১. যদি ১৫টি বলদ ১০ দিনে ১২ বিঘা জমি চাষ করতে পারে, তবে ৯টি বলদ কত দিনে ১৮ বিঘা জমি চাষ করবে?
ক. ২২ দিনে খ. ২৫ দিনে
গ. ২৭ দিনে ঘ. ৩০ দিনে
উত্তর✓ খ ব্যাখ্যা
১৫টি বলদ ১২ বিঘা জমি চাষ করে ১০ দিনে
∴ ১ " " ১২ " " " " ১০ × ১৫ দিনে
∴ ৯টি " " ১২ " " " " $\frac{১০ \times ১৫}{৯}$ দিনে
∴ ৯টি " " ১ " " " " $\frac{১০ \times ১৫}{৯ \times ১২}$ দিনে
∴ ৯টি " " ১৮ " " " " $\frac{১০ \times ১৫ \times ১৮}{৯ \times ১২}$ দিনে
= ২৫ দিনে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৬২. যদি ৬টি ঘোড়া ৪ দিনে ৩০ সের ছোলা খায়, তবে ৮টি ঘোড়া কত দিনে ৩০ সের ছোলা খাবে?
ক. ৪ দিনে খ. ২ দিনে
গ. ৩ দিনে ঘ. ৬ দিনে
উত্তর✓ গ ব্যাখ্যা ৬টি ঘোড়া খায় ৪ দিনে
∴ ১টি " " ৪ × ৬ দিনে
∴ ৮টি " " $\frac{৪ \times ৬}{৮}$ " = ৩ দিনে।

৬৩. 'রক্তাক্ত প্রান্তর' নাটকটির রচয়িতা কে?
ক. জহির রায়হান খ. শিশির ভাদুড়ী
গ. শওকত ওসমান ঘ. মুনীর চৌধুরী উত্তর ঘ

৬৪. 'ওরা কদম আলী' নাটকটি কে লিখেছেন?
ক. মুনীর চৌধুরী খ. আবদুল্লাহ আল মামুন
গ. মামুনুর রশীদ ঘ. রশীদ হায়দার উত্তর গ

৬৫. কচু শাকে কোন্‌টি বেশি থাকে?
ক. ক্যালসিয়াম খ. লৌহ
গ. আয়োডিন ঘ. ভিটামিন 'সি' উত্তর খ

৬৬. সম্প্রতি বার্লিনে অনুষ্ঠিত বিশ্ব চ্যাম্পিয়নশিপে উসাইন বোল্ট কত সময়ে ১০০ মিটার দৌড়ে বিশ্ব রেকর্ড করেন?
ক. ৯.৫৬ সেকেন্ড খ. ৯.৫৭ সেকেন্ড
গ. ৯.৫৮ সেকেন্ড ঘ. ৯.৬০ সেকেন্ড উত্তর গ

৬৭. Mr Kabir is on the committee. এখানে 'on' শব্দটি–
ক. Adverb খ. Preposition
গ. Conjunction ঘ. Interjection
উত্তর✓ খ ব্যাখ্যা এ বাক্যে on শব্দটি noun এর পূর্বে বসেছে এবং এখানে preposition হিসেবে কাজ করেছে। প্রশ্নে প্রদত্ত বাক্যটির অর্থ মি. কবির কমিটিতে আছেন।

৬৮. Wisdom is better than strength. এখানে 'Strength' শব্দটি–
ক. Proper noun খ. Common noun
গ. Collective noun ঘ. Abstract noun
উত্তর✓ ঘ ব্যাখ্যা Strength অর্থ শক্তি যা Abstract Noun কারণ একে ধরা যায় না, ছোঁয়া যায় না কেবলমাত্র অনুভব করা যায়।

৬৯. $2x^2 - x - 3$ এর উৎপাদক–
ক. $(2x + 1)(x - 3)$ খ. $(x - 1)(2x + 3)$
গ. $(x + 1)(2x - 3)$ ঘ. $(2x - 1)(x + 3)$
উত্তর✓ গ ব্যাখ্যা $2x^2 - x - 3 = 2x^2 + 2x - 3x - 3$
$= 2x(x + 1) - 3(x + 1)$
$= (x + 1)(2x - 3)$

৭০. $a - \frac{1}{a} = 3$ হলে, $a^3 - \frac{1}{a^3}$ = কত?
ক. 36 খ. – 36
গ. 18 ঘ. – 18
উত্তর✓ ক ব্যাখ্যা প্রদত্ত রাশি,
$a^3 - \frac{1}{a^3} = \left(a - \frac{1}{a}\right)^3 + 3.a.\frac{1}{a}\left(a - \frac{1}{a}\right)$
$= (3)^3 + 3(3) = 36$

৭১. 'পদ্মরাগ' গ্রন্থটির রচয়িতা কে?
ক. মীর মশাররফ হোসেন খ. প্রমথ চৌধুরী
গ. রোকেয়া সাখাওয়াত হোসেন ঘ. আবুল ফজল উত্তর গ

৭২. 'পথের দাবী' শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত একটি–
ক. ঐতিহাসিক নাটক খ. গল্প
গ. উপন্যাস ঘ. ভ্রমণ কাহিনি
উত্তর✓ গ ব্যাখ্যা শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত 'পথের দাবী' (১৯২৬) একটি রাজনৈতিক উপন্যাস। এ বইয়ের কাহিনিতে ব্রিটিশ শাসনের তীব্র সমালোচনা করা হয়েছে। গ্রন্থটি প্রকাশের সাথে সাথেই তৎকালীন সরকার কর্তৃক একটি বাজেয়াপ্ত হয়।

৭৩. কিন্ডারগার্টেন পদ্ধতির প্রবর্তক কে?
ক. ডিউই খ. মন্টেসরি
গ. ফ্রোয়েবল ঘ. পেস্তালৎসি
উত্তর✓ গ ব্যাখ্যা 'কিন্ডারগার্টেন' শব্দটি জার্মান, যার অর্থ হচ্ছে শিশুদের বাগান। বিখ্যাত জার্মান শিক্ষা শিক্ষানুরাগী ব্যক্তিত্ব ফ্রেডরিক ফ্রোয়েবল এই পদ্ধতির প্রবর্তক। তিনি ১৮৩৭ সালে 'ব্যাড ব্ল্যাংকেনবাগ' এ এই শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করেন।

৭৪. কম্পিউটারের অস্থায়ী স্মৃতিশক্তিকে বলে–
ক. রম খ. র‍্যাম
গ. অপারেটিং সিস্টেম ঘ. হার্ডওয়্যার উত্তর খ

৭৫. The elephant has great strength. এখানে 'elephant' হচ্ছে–
ক. Proper noun খ. Common noun
গ. Collective noun ঘ. Material noun
উত্তর✓ খ ব্যাখ্যা এখানে Elephant দ্বারা সকল হাতিকে বুঝায় বিধায় এটি common noun।

৭৬. Farida is a good girl. এখানে 'girl' শব্দটি কোন্‌ প্রকারের noun?
ক. Proper খ. Common
গ. Collective ঘ. Material
উত্তর✓ খ ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে সঠিক উত্তর হচ্ছে (খ) common noun। 'Girl' শব্দটি হচ্ছে common noun অর্থাৎ এখানে সকল বালিকাকেই বুঝানো হয়েছে। Farida হচ্ছে praper Noun.

৭৭. মা থেকে মেয়ে 18 বছরের ছোট। 6 বছর পর তাদের বয়সের সমষ্টি 54 বছর হলে, মেয়ের বর্তমান বয়স কত?
ক. 9 বছর খ. 10 বছর
গ. 12 বছর ঘ. 13 বছর উত্তর গ

৭৮. $15 - 5x = 24 - 8x$ কে সমাধান করলে x-এর মান হবে–
ক. 0 খ. 2
গ. 3 ঘ. – 3
উত্তর✓ গ ব্যাখ্যা $15 - 5x = 24 - 8x$
$\Rightarrow 8x - 5x = 24 - 15 \Rightarrow 3x = 9 \therefore x = 3$

৭৯. 'মেঘনা নদী দেবো পাড়ি
কল-অলা এক নায়ে।
আবার আমি যাবো আমার
পাড়াতলী গাঁয়ে।'–
উপরোক্ত পঙক্তিটি কোন কবির রচনা?
ক. সুফিয়া কামাল খ. জসীমউদ্‌দীন
গ. আহসান হাবীব ঘ. শামসুর রাহমান
উত্তর✓ ঘ ব্যাখ্যা উদ্ধৃত পঙক্তিটি কবি শামসুর রাহমান রচিত 'প্রিয় স্বাধীনতা' কবিতার অংশবিশেষ।

৮০. 'কাটাকুঞ্জে বসি তুই গাঁথিবি মালিকা দিয়া গেনু ভালে তোর বেদনার টীকা'– এই উদ্ধৃতাংশটি কোন কবির রচনা?
ক. কাজী নজরুল ইসলাম খ. সুকান্ত ভট্টাচার্য
গ. বিদ্যাপতি ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর
উত্তর✓ ক ব্যাখ্যা উক্ত উদ্ধৃতাংশটি কবি কাজী নজরুল ইসলাম রচিত 'সিন্ধু-হিন্দোল' কাব্যের 'দারিদ্র্য' কবিতার অংশবিশেষ।

www.examb.net